
व्यक्ति विज्ञान

অন্তাদ্যশ শশ্ভ

Als Jahrens Des



রবীক্র-রচনাবলী

Debanson



52,228.

বিশ্বভারতী

২, বঞ্চিম চাটুজ্যে স্থীট, কলিকাতা

প্রকাশক—জীপুলিনবিহারী সেন বিশ্বভারতী, ৬০ ধারকানাথ ঠাকুর গলি, কলিকাতা

প্রথম প্রকাশ—শ্রাবণ, ১৩৫১
মূল্য ৪॥০, ৬৸০, ৭৸০ ও ১০১

মূত্রাকর—শ্রীরামকৃষ্ণ ভট্টাচার্য প্রাস্থ্য প্রেস, ৩০ কর্মপ্রজ্ঞালিস স্থীট, কলিকাভা

সূচী

চিত্রসূচী	s/°
কবিতা ও গান	
শেষ সপ্তক	3
সংযোজন	<u>-</u> ٥ • ۵
নাটক ও প্রহসন	
শেষ বৰ্ষণ	520
নটীর পৃক্জা	\\$ @
নটরাজ	८८८
উপস্থাস ও গল্প	
গল্পগ্ৰহ	२०১
প্রবন্ধ	
म्बर्	৩২৭
পরিচয়	8২৩
কর্তার ইচ্ছায় কর্ম	480
গ্রন্থ-পরিচয়	৫৬৭
ৰ্ণাসুক্ৰমিক সূচী	690
	6 th 2

চিত্রসূচী

আমার শেষবেলাকার ঘরখানি	٠
ঘট ভরা	>>0

কবিতা ও গান

শেষ সপ্তক

শেষ সপ্তক

山本

শ্বির জেনেছিলেম, পেয়েছি তোমাকে,

মনেও হয়নি

তোমার দানের মূল্য যাচাই করার কথা।

তুমিও মূল্য করনি দাবি।

দিনের পর দিন গেল, রাতের পর রাত,

দিলে ভালি উজ্ঞাড় ক'রে।

আড়চোথে চেয়ে

আনমনে নিলেম তা ভাগুরে;

পরদিনে মনে রইল না।

নববসস্থের মাধবী

যোগ দিয়েছিল তোমার দানের সঙ্গে,

শরতের পূর্ণিমা দিয়েছিল তাকে স্পার্ণ।

ভোমার কালো চুলের বন্তার
আমার ত্ই পা ঢেকে দিয়ে বলেছিলে
"ভোমাকে যা দিই
ভোমার রাজকর ভার চেরে অনেক বেশি;
আরো দেওরা হল না
আরো যে আমার নেই।"
বলতে বলতে ভোমার চোর এল ছলছলিয়ে।

আজ তুমি গেছ চলে, দিনের পর দিন জাসে, রাতের পর রাড, তুমি জাস না।

त्रवीख-त्रव्यावनी

এতদিন পরে ভাতার খুলে
দেখছি তোমার রত্মালা,
নিয়েছি তুলে বুকে।
যে গর্ম আমার ছিল উদাসীন
সে হুয়ে পড়েছে সেই মাটিতে
যেখানে তোমার ছটি পারের চিহ্ন আছে আঁকা

তোমার প্রেমের দাম দেওয়া হল বেদনায়, হারিয়ে তাই পেলেম তোমায় পূর্ণ ক'রে।

শান্তিনিকেতন ১ অগ্রহারণ, ১০৬৯

তুই

একদিন তুচ্ছ আলাপের ফাঁক দিয়ে
কোন্ অভাবনীয় স্মিতহাস্তে
আমার আত্মবিহ্বল যৌবনটাকে
দিলে তুমি দোলা;
হঠাৎ চমক দিয়ে গেল তোমার মুখে
একটি অমৃতরেখা;
আর কোনোদিন তার দেখা মেলেনি।
জোয়ারের তরকলীলায় গভীর থেকে উৎক্ষিপ্ত হল
চিরত্লভের একটি রত্বকণা
শতলক্ষ ঘটনার সমুত্র-বেলায়।

এমনি এক পলকে বুকে এসে লাগে
অপরিচিত মুহুর্তের চকিত বেদনা
প্রাণের আধ্বোলা জ্বালনার
দূর বনাস্ত থেকে
পথ-চলতি গানে।

অভূতপূর্বের অদৃশ্র অঙ্গুলি বিরহের মীড় লাগিয়ে যায় হাদয়-তারে

বৃষ্টিধারাম্থর নির্জন প্রবাসে, সন্ধ্যায়্থীর কম্প্র প্রিম্ব গল্পে, রেখে দিয়ে যায় কোন্ অলক্ষ্য আকস্মিক আপন স্থালিত উত্তরীয়ের স্পর্ম।

ভার পরে মনে পড়ে

একদিন সেই বিশ্বয়-উন্মনা নিমেষটিকে

অকারণে অসময়ে;

মনে পড়ে শীভের মধ্যাহে,

যথন গোরুচরা শস্তবিক্ত মাঠের দিকে

চেয়ে চেয়ে বেলা যায় কেটে;

মনে পড়ে, যথন সঙ্গারা সায়াহের অন্ধকারে

স্থান্ডের ওপার থেকে বেজে ওঠে

ধ্বনিহীন বীণার বেদনা।

তিন

ফুরিয়ে গেল পৌষের দিন;
কৌতৃহলী ভোরের আলো
কুয়াশার আবরণ দিলে সরিয়ে।
হঠাং দেখি শিশিরে-ভেজা বাতাবি গাছে
ধরেছে কচি পাতা;
সে যেন আপনি বিশ্বিত
একদিন তমসার কুলে বাল্মীকি
আপনার প্রথম নিশ্বসিত ছন্দে
চকিত হরেছিলেন নিজে,—
তেমনি দেখলেম ওকে।

অনেকদিনকার নিঃশব্দ অবহেলা থেকে

অরুণ-আলোতে অকুন্তিত বাণী এনেছে

-এই কয়টি কিললয়;

সে যেন সেই একটুখানি কথা

যা তুমিই বলতে পারতে,

কিন্তু না খ'লে গিয়েছ চলে।

সেদিন বসস্ত ছিল অনতিদ্রে;
তোমার আমার মাঝখানে ছিল
আখ-চেনার যবনিকা;
কেঁপে উঠল সেটা মাঝে মাঝে;
মাঝে মাঝে তার একটা কোণ গেল উড়ে;
ত্রস্ত হয়ে উঠল দক্ষিণ বাতাস,
তবু সরাতে পারেনি অস্তরাল।
উচ্চুখ্যল অবকাশ ঘটল না;
ঘন্টা গেল বেজে,
সায়াহে তুমি চলে গেলে অব্যক্তের অনালোকে।

চার

যৌবনের প্রান্তসীমায়

জড়িত হয়ে আছে অরুণিমার শ্লান অবশেষ;

যাক কেটে এর আবেশটুকু;

অস্পান্তের মধ্যে জেগে উঠুক

আমার ঘোর-ভাঙা চোধ

শ্বতিবিশ্বতির নানা বর্ণে রঞ্জিত

ত্থেক্সধের বাপাধনিমা

স'রে যাক সন্ধ্যামেষের মতো

আপনাকে উপেক্ষা ক'রে।

খরে-পড়া ফুলের খনগজে আবিষ্ট আমার প্রাণ, চারদিকে ভার স্বপ্ন মৌমাছি

> গুন গুন করে বেড়ায়, কোন্ অলক্ষ্যের সৌরভে।

এই ছাম্বার বেড়ায় বন্ধ দিনগুলো থেকে

বেরিয়ে আস্থক মন

শুভ্র আলোকের প্রাঞ্জলতার।

অনিমেষ দৃষ্টি ভেসে যাক কথাহীন ব্যথাহীন চিন্তাহীন

স্ষ্টির মহাসাগরে।

यांव मकाशीन भरष,

সহজে দেখব সব দেখা,

শুনব সব স্থর,

চলস্থ দিনবাত্রির

कलाद्वालात भावाचान निष्य ।

আপনাকে মিলিয়ে নেব

শস্তাশেষ প্রান্তরের

ञ्चमूत्रविखीर्व देवद्रारभा।

शांनरक निविष्ठे कवव

ঐ নিস্তন্ধ শালগাছের মধ্যে ষেখানে নিমেষের অস্তরালে

সহস্রবৎসরের প্রাণ নীরবে রয়েছে সমাহিত

কাক ডাকছে তেঁতুলের ডালে,

हिम यिमित्र श्रम त्रोज्ञ शाल्य उप्र वीमियां र ।

विरामत्र ज्याम वीध विराध

ডিঙি নিয়ে মাছ ধরছে জেলে।

বিলের পরপারে পুরাতন গ্রামের আভাস,

कित्क ब्राउव नौमायदवव स्थार्ख

বেগনি রঙের खाँচमा।

গাঙচিল উড়ে বেড়াছের পরকার আকাশে।
মাছধরা জ্বালের উপরকার আকাশে।
মাছরাঙা শুরু বসে আছে বাঁশের খোঁটায়,
ভার স্থির ছায়া নিস্তরক জলে।
ভিজে বাতাসে শ্রাওলার ঘন স্থিয়ান্ধ।

চারদিক থেকে অন্তিত্বের এই ধারা
নানা শাখায় বইছে দিনেরাজে।
অতি পুরাতন প্রাণের বছদিনের নানা পণ্য নিয়ে
এই সহজ প্রবাহ,—
মানব-ইতিহাসের নৃতন নৃতন
ভাঙনগড়নের উপর দিয়ে
এর নিত্য যাওয়া স্থাসা।

চঞ্চল বসস্তের অবসানে
আজ আমি অলস মনে
আকণ্ঠ ডুব দেব এই ধারার গভীরে;
এর কলধ্বনি বাজবে আমার বুকের কাছে
আমার রক্তের মৃত্তালের ছন্দে।
এর আলো ছায়ার উপর দিয়ে
ভাসতে ভাসতে চলে যাক আমার চেতনা
চিস্তাহীন তর্কহীন শাস্ত্রহীন
মৃত্যু-মহাসাগরসংগ্মে।

পাঁচ

বর্ষা নেমেছে প্রাস্তরে অনিমন্ত্রণে;

ঘনিয়েছে সার-বাঁধা ভালের চূড়ায়,

রোমাঞ্চ দিয়েছে বাঁধের কালো জলে।

বর্ষা নামে হৃদরের দিগস্তে

ধধন পারি ভাকে আহ্বান ক্রভে।

কিছুকাল ছিলেম বিদেশে।

সেধানকার প্রাবণের ভাষা

আমার প্রাণের ভাষার সঙ্গে মেলেনি।

ভার অভিষেক হল না

আমার অন্তরপ্রান্ধণে।

সঞ্চল মেঘ-শ্রামলের
সঞ্চরণ থেকে বঞ্চিত জীবনে
কিছু শীর্ণতা রয়ে গেল।
বনস্পতির অঙ্গের আয়তি
ঐ তো দেয় বাড়িয়ে
বছরে বছরে;
ভার কাষ্ঠফলকে চক্রচিহ্নে স্বাক্ষর যায় রেখে

তেমনি ক'রে প্রতি বছরে বর্ধার আনন্দ
আমার মজ্জার মধ্যে রসসম্পদ
কিছু যোগ করে।
প্রতিবার রঙের প্রলেপ লাগে
জীবনের পটভূমিকার
নিবিড়তর ক'রে;
বছরে বছরে শিল্পকারের
অন্ধূলি-মুদ্রার গুপ্ত সংকেত
অন্ধিত হয় অস্কর-ফলকে।

নিরালায় জানলার কাছে বসেছি যখন
নির্দা প্রহরগুলো নিঃশব্দ চরণে
কিছু দান রেখে গেছে আমার দেছলিতে;
জীবনের গুপ্ত ধনের ভাতারে
পুঞ্জিত হয়েছে বিশ্বত মূহুর্তের সঞ্চয়।

বহু বিচিত্তের কারুকলার চিত্রিত
এই আমার সমগ্র সম্ভা
ভার সমস্ত সঞ্চয় সমস্ত পরিচয় নিয়ে
কোনো যুগে কি কোনো দিবাদৃষ্টির সম্মুখে
পরিপূর্ণ অবারিত হবে ?

তার সকল তপস্থায় সে চেয়েছে
গোচরতাকে;
বলেছে, যেমন বলে গোধ্লির অস্ফুট তারা,
বলেছে, যেমন বলে নিশাস্থের অরুণ আভাস,—
"এস প্রকাশ, এস।"

কবে প্রকাশ হবে পূর্ব,
আপনি প্রত্যক্ষ হব আপনার আলোতে
বধ্ যেমন সত্য ক'রে জানে আপনাকে,
সত্য ক'রে জানায়,
যখন প্রাণে জাগে তার প্রেম,
যখন হংথকে পারে সে গলার হার করতে,
যখন দৈক্তকে দেয় সে মহিমা,
যখন মৃত্যুতে ঘটে না তার অসমাপ্তিন

ছয়

দিনের প্রাস্থে এসেছি
গোধুলির ঘাটে।
পথে পথে পাত্র ভরেছি
ভানেক কিছু দিয়ে।
ভেবেছিলেম চিরপথের পাথের সেগুলি;
দাম দিয়েছি কঠিন ত্রংখে।

অনেক করেছি সংগ্রহ মান্তবের কথার হাটে,
কিছু করেছি সঞ্চর প্রেমের সদাব্রতে।
শেষে তৃলেছি সার্থকভার কথা,
অকারণে কৃড়িয়ে বেড়ানোই হয়েছে অন্ধ অভ্যাসে বাঁধা;
ফুটো ঝুলিটার শুক্ত ভরাবার জ্বস্তে
বিশ্রাম ছিল না।

আজ সামনে যথন দেখি

ফুরিয়ে এল পথ,

পাথেয়ের অর্থ আর রইল না কিছুই।

যে প্রদীপ জলেছিল মিলন-শ্যার পাশে

সেই প্রদীপ এনেছিলেম হাতে ক'রে।

তার শিখা নিবল আজ,

সেটা ভাসিয়ে দিতে হবে প্রোতে।

সামনের আকাশে জলবে একলা সন্ধ্যার তারা।

যে বাঁশি বাজিয়েছি

ভোরের আলোয়, নিশীথের অক্কারে,

তার শেষ স্থরটি বেজে থামবে

রাতের শেষ প্রহরে।

ভার পরে?

ষে জীবনে আলো নিবল,
সুর পামল,
সে যে এই আজকের সমস্ত কিছুর মতোই
ভরা সভ্য ছিল,
সে-কথা একেবারেই ভূলবে জানি,
ভোলাই ভালো।
ভবু ভার আগে কোনো একদিনের জন্ম
কেউ একজন
সেই শৃশ্যটার কাছে একটা ফুল রেখো
বসজের যে ফুল একদিন বেসেছি ভালো।

আমার এতদিনকার যাওয়া-আসার পথে
শুকনো পাতা ঝরেছে,
সেধানে মিলেছে আলোক ছায়া,
রুষ্টিধারায় আমকাঠালের ডালে ডালে
জেগেছে শব্দের শিহরণ,
সেধানে দৈবে কারো সঙ্গে দেখা ছয়েছিল
জল-ভরা ঘট নিয়ে যে চলে গিয়েছিল
চকিত পদে।

এই সামাশ্য ছবিটুক্
আর সব কিছু থেকে বেছে নিয়ে
কেউ একজন আপন ধ্যানের পটে এঁকো
কোনো একটি গোধ্লির ধ্সরম্ভূর্তে।

আর বেশি কিছু নয়।
আমি আলোর প্রেমিক;
প্রাণরক্ত্মিতে ছিলুম শাশি-বাজিয়ে।
পিছনে কেলে যাব না একটা নীরব ছায়া
দীর্ঘনিঃখাসের সঙ্গে জড়িয়ে।

যে পথিক অন্তস্থের

মায়মান আলোর পথ নিয়েছে
সে তো ধুলোর হাতে উজাড় করে দিলে
সমস্ত আপনার দাবি;
সেই ধুলোর উদাসীন বেদীটার সামনে
রেখে যেয়ো না তোমার নৈবেত;
কিরে নিয়ে যাও অন্নের থালি,
থেখানে তাকিয়ে আছে ক্ষ্মা,
থেখানে অভিথি বসে আছে ছারে,
ধেখানে প্রহরে প্রহরে বাজছে ঘণ্টা
জীবনপ্রবাহের সঙ্গে কালপ্রবাহের
মিলের মাত্রা রেখে।

সাত

অনেক ছাজার বছরের

মঙ্গ-ধ্বনিকার আচ্ছাদন

যখন উৎক্ষিপ্ত হল,
দেখা দিল তারিখ-হারানো লোকালয়ের

বিরাট কন্ধাল;

ইতিহাসের অলক্ষ্য অস্তরালে

ছিল তার জীবনক্ষেত্র।
তার ম্থরিত শতাবী
আপনার সমন্ত কবিগান
বাণীহীন অতলে দিয়েছে বিসর্জন।
আর, যে-সব গান তথনো ছিল অঙ্কুরে, ছিল ম্কুলে,
যে বিপুল সম্ভাব্য
সেদিন অনালোকে ছিল প্রচ্ছন্ন
অপ্রকাশ থেকে অপ্রকাশেই গেল মগ্ন হয়ে—
যা ছিল অপ্রজ্জ ধোঁওয়ার গোপন আচ্ছাদনে
তাও নিবল।

যা বিকাল, আর যা বিকাল না,—

ত্ই-ই সংসারের হাট থেকে গেল চলে

একই মূল্যের হাপ নিয়ে।

কোথাও রইল না ভার ক্ষত,

কোথাও বাজল না ভার ক্ষতি।

ঐ নির্মল নিঃশব্দ আকাশে

অসংখ্য কল্প-কল্লান্তরের

হয়েছে আবর্তন।

নৃতন নৃতন বিশ্ব

অক্ষকারের নাড়ি ছি'ড়ে

অক্ষ নিয়েছে আলোকে,

ভেসে চলেছে আলোড়িত নক্ষত্রের ক্ষেনপুঞ্জ ;

অবশেষে যুগান্তে তারা তেমনি করেই গেছে

যেমন গেছে বর্ষণলান্ত মেঘ,

যেমন গেছে ক্ষণজীবী পতক।

মহাকাল, সন্নালী তুমি।
তোমার অতলম্পর্ন ধ্যানের তরক্স-নিধরে
উচ্চুত হয়ে উঠছে স্বাষ্ট
আবার নেমে যাচ্ছে ধ্যানের তরক্ষতলে।
প্রচণ্ড বেগে চলেছে ব্যক্ত অব্যক্তের চক্রনৃত্য,
তারি নিস্তন্ধ কেন্দ্রমূলে
তুমি আছ অবিচলিত আনন্দে
হে নির্মা, দাও আমাকে তোমার ঐ সন্নাসের দীক্ষা।
জীবন আর মৃত্যু, পাওরা আর হারানোর মাঝধানে
যেধানে আছে অক্স্ন শাস্তি
সেই সৃষ্টি-ইোমাগ্রিনিধার অন্তর্তম
স্তিমিত নিভ্তে

দাও আমাকে আপ্রয়।

३३ टेडब, ३०८३

আট

মনে মনে দেখলুম সেই দূর অতীত যুগের নিঃশব্দ সাধনা যা মুখর ইতিহাসকে নিষিদ্ধ রেখেছে আপন তপস্থার আসন থেকে।

> দেখলেম তুর্গম গিরিব্রজ্ঞে কোলাহলী কৌতূহলী দৃষ্টির অস্তরালে অসুর্যস্পশু নিভূত্তে

ছবি আঁকছে গুণী
গুহান্তিত্তির 'পরে,
যেমন অন্ধকার পটে
স্প্রীকার আঁকছেন বিশ্বছবি।

সেই ছবিতে ওরা আপন আনন্দকেই করেছে সত্য,
আপন পরিচয়কে করেছে উপেক্ষা,
দাম চায়নি বাইরের দিকে হাত পেতে,
নামকে দিয়েছে মুছে।
ছে অনামা, হে রূপের ভাপস,
প্রণাম করি ভোমাদের।
নামের মায়াবন্ধন থেকে মৃক্তির স্বাদ পেরেছি
ভোমাদের এই যুগান্তরের কীর্তিতে।

নাম-ক্ষালন যে পবিত্র অন্ধকারে ডুব দিয়ে
তোমাদের সাধনাকে করেছিলে নির্মল,
সেই অন্ধকারের মহিমাকে
আমি আব্দ বন্দনা করি।
তোমাদের নিঃশব্দ বাণী
রয়েছে এই গুহায়,
বলছে—নামের পূজার অর্ঘ্য,
ভাবীকালের খ্যাতি,
সে তো প্রেতের অন্ন;
ভোগশক্তিহীন নির্ম্বকের কাছে উৎসর্গ-করা।
ভার পিছনে ছুটে
সন্ম বর্তমানের অন্নপূর্ণার
পরিবেষণ এড়িরে যেয়ো না, মোহান্ধ।

আজ আমার ছারের কাছে শক্তনে গাছের পাতা গেল ঝ'রে, ভালে ভালে দেখা দিয়েছে
কচি পাভার রোঁমাঞ্চ;
এখন প্রোঢ় বসস্তের পারের ধেয়া
চৈত্রমাসের মধ্যম্রোতে;
মধ্যাহের তপ্ত হাওয়ায়
গাছে গাছে দোলাছলি;
উড়তি ধুলোয় আকাশের নীলিমাতে
ধুসরের আভাস,

নানা পাধির কলকাকলিতে বাতাসে আঁকছে শব্দের অফুট আলপনা।

এই নিত্য-বহমান অনিত্যের স্রোতে
আত্মবিশ্বত চলতি প্রাণের হিল্লোল;
তার কাঁপনে আমার মন ঝলমল করছে
কৃষ্ণচূড়ার পাতার মতো।
অঞ্জলি ভরে এই তো পাচ্ছি
সত্য মুহুর্তের দান,
এর সত্যে নেই কোনো সংশ্বর, কোনো বিরোধ।
যথন কোনোদিন গান করেছি রচনা,
সেও তো আপন অন্তরে
এইরকম পাতার হিল্লোল,
হাওয়ার চাঞ্চল্য,
রোদ্রের ঝলক,

প্রকাশের হ্ববেদনা।
সেও তো এসেছে বিনা নামের অভিথি,
গর-ঠিকানার পথিক।
ভার ষেটুকু সভা
ভা সেই মৃহুর্ভেই পূর্ণ হয়েছে,
ভার বেশি আর বাড়বে না একটুও,
নামের পিঠে চড়ে।

বর্তমানের দিগস্তপারে

যে-কাল আমার লক্ষ্যের অতীত সেধানে অজানা অনাত্মীয় অসংখ্যের মাঝধানে যধন ঠেলাঠেলি চলবে

नक नक नाय नाय,

তথন তারি সঙ্গে দৈবক্রমে চলতে থাকবে বেদনাহীন চেতনাহীন ছায়ামাত্রসার আমারো নামটা, ধিক থাক্ সেই কাঙাল কল্পনার মরীচিকার।

জীবনের অল্প কয়দিনে বিশ্বব্যাপী নামহীন আনন্দ দিক আমাকে নিরহকোর মৃক্তি।

সেই অন্ধকারকে সাধনা করি

যার মধ্যে স্তব্ধ বসে আছেন

বিশ্বচিত্রের রূপকার, যিনি নামের অতীত,
প্রকাশিত যিনি আনন্দে।

) ৪।৩৫ শাস্তিনিকেডন

नग्र

ভালোবেসে মন বললে—

"আমার সব রাজন্ব দিলেম তোমাকে।"

অব্থা ইচ্ছাটা করলে অন্ত্যুক্তি;

দিতে পারবে কেন?

সবটার নাগাল পাব কেমন ক'রে?

ও যে একটা মহাদেশ,

সাত সমৃদ্রে বিচ্ছিন।

ওধানে বহুদ্র নিয়ে একা বিরাজ করছে

নির্বাক্ অন্তিক্রমণীয়।

তার মাথা উঠেছে মেখে-ঢাকা পাহাড়ের চূড়ায়, তার পা নেমেছে আঁধারে-ঢাকা গহারে।

এ যেন অগম্য গ্রন্থ এই আমার সন্তা, বাষ্প-আবরণে ফাঁক পড়েছে কোণে কোণে, ত্রবীনের সন্ধান সেইটুকুতেই। যাকে বলতে পারি আমার স্বটা,

ভার নাম দেওয়া হয়নি,
ভার নকশা শেষ হবে কবে ?
ভার সঙ্গে প্রভাক্ষ ব্যবহারের সম্পর্ক হবে কার ?
নামটা রয়েছে যে-পরিচয়টুকু নিয়ে,
টুকরো-জ্বোড়া দেওয়া ভার রূপ,
অনাবিশ্বতের প্রাস্ত থেকে সংগ্রহ-কয়া।

চারিদিকে ব্যর্থ ও সার্থক কামনার
আলোয় ছায়ায় বিকীর্ণ আকাশ।
সেধান থেকে নানা বেদনার রঙিন ছায়া নামে
চিক্তভূমিতে;

হাওয়ায় লাগে শীত বসস্তের ছোঁওয়া; সেই অদৃশ্রের চঞ্চল লীলা

কার কাছেই বা স্পষ্ট হল ?

ভাষার অঞ্জলিতে

কে ধরতে পারে তাকে ? জীবনভূমির এক প্রাস্ত দৃঢ় হয়েছে

কর্মবৈচিত্ত্যের বন্ধুরতার,

আর এক প্রান্তে অচরিতার্থ সাধনা বাল্প হয়ে মেঘায়িত হল শৃষ্টে, মরীচিকা হয়ে আঁকছে ছবি।

এই ব্যক্তিজগৎ মানবলোকে দেখা দিল জন্মমৃত্যুর সংকীর্ণ সংগমস্থলে। ভার আলোকহীন প্রদেশে
বৃহৎ অগোচরভার পুঞ্জিত আছে
আত্মবিশ্বত শক্তি,
মূল্য পার্যনি এমন মহিমা,
অনন্থবিত সক্ষলভার বীজ মাটির ভলার।
সেধানে আছে ভারুর লক্ষা,
প্রচন্তর আত্মাবমাননা,
অধ্যাত ইতিহাস,
আছে আত্মাভিমানের
ছদ্মবেশের বহু উপকরণ,—
সেধানে নিগৃড় নিবিড় কালিমা
অপেক্ষা করছে মৃত্যুর হাতের মার্জনা।

এই অপরিণত অপ্রকাশিত আমি,

এ কার জন্যে, এ কিসের জন্যে?

যা নিয়ে এল কত স্চনা, কত ব্যঞ্জনা,

বহু বেদনায় বাধা হতে চলল যার ভাষা,

পৌছল না যা বাণীতে,

তার ধ্বংস হবে অকমাং নির্ব্বভার অতলে,

সইবে না স্প্রীর এই ছেলেমাস্থায়।

অপ্রকাশের পর্দা টেনেই কাজ করেন গুণী;

ফুল পাকে কুঁড়ির অবগুঠনে,

শিল্পী আড়ালে রাখেন অসমাপ্ত শিল্পপ্রয়াসকে;

কিছু কিছু আভাস পাওয়া যায়,

নিষেধ আছে সমস্তটা দেখতে পাওয়ার পথে।

আমাতে তাঁর ধ্যান সম্পূর্ণ হয়নি, তাই আমাকে বেষ্টন ক'রে এতথানি নিবিড় নিশুৰুতা। তাই আমি অপ্রাপ্য, আমি অচেনা; অজ্ঞানার বেরের মধ্যে এ সৃষ্টি রয়েছে তাঁরি ছাতে.
কারো চোধের সামনে ধরবার সময় আসেনি,
সবাই রইল দ্রে,—
যারা বললে "জানি", তারা জানল না।

২৭|৩|৩৫ শাস্তিনিকেতন

ज्ञा

মনে হয়েছিল আজ সব-কটা তুর্গ্রহ

চক্র ক'রে বসেছে তুর্মগ্রণায়।
অদৃষ্ট জাল ফেলে অস্তরের শেষ তলা থেকে
টেনে টেনে তুলছে নাড়ি-ছেঁড়া যন্ত্রণাকে।
মনে হয়েছিল, অস্তরীন এই তুঃধ;
মনে হয়েছিল, পম্বরীন নৈরাক্ষের বাধায়
শেষ পর্যস্ত এমনি ক'রে
অন্ধ্রনার হাতড়িয়ে বেড়ানো।
ভিতক্ষম বাসা গেছে তুবে,
ভাগ্যের ভাঙনের অপ্যাতে

এমন সময়ে সন্তবর্তমানের
প্রাকার ডিভিয়ে দৃষ্টি গোল

দ্র অতীতের দিগস্তলীন

বাগ্বাদিনীর বাণীসভায়।

যুগাস্তরের ভগ্নদেবের ভিভিছোয়ায়

ছায়ামৃতি বাজিয়ে তুলেছে কল্লবীনায়
প্রাণখ্যাত কালের কোন্ নিষ্ঠ্র আখ্যায়িকা।

ত্ব:সহ ত্বংবের স্মরণতস্ক দিয়ে গাঁধা সেই দারুণ কাহিনী। কোন্ তুর্দাম সর্বনাশের বক্সঝঞ্চনিত মৃত্যুমাতাল দিনের হুহুংকার,

যার আতত্তের কম্পনে ঝংস্কৃত করছে বীণাপাণি আপন বীণার ভীত্রতম ভার।

मिथए (भरमभ

কতকালের তৃংধ লজ্জা গানি, কত যুগের জলংধারা মর্মনিঃস্রাব সংহত হয়েছে,

ধরেছে দহনহীন বাণীমূর্তি

অতীতের স্ষ্টিশালায়।

আর তার বাইরে পড়ে আছে
নির্বাপিত বেদনার পর্বতপ্রমাণ ভশ্মরাশি,
জ্যোতিহীন বাক্যহীন অর্থশৃক্য।

এগারো

ভোরের আলো-আঁথারে
থেকে থেকে উঠছে কোকিলের ডাক
যেন ক্ষণে ক্ষণে শঙ্গের আতশবাজি।
ট্রেড়া মেদ ছড়িয়েছে আকাশে
একটু একটু সোনার লিখন নিয়ে।

হাটের দিন,

মাঠের মাঝখানকার পথে

চলেছে গোক্ষর গাড়ি।

কলসীতে নতুন আখের গুড়, চালের বস্তা,
গ্রামের মেরে কাঁখের ঝুড়িভে নিয়েছে

কচুশাক, কাঁচা আম, শব্দনের ডাঁটা।

ছটা বাজল ইন্ধলের ঘড়িতে।

ঐ ঘণ্টার শব্দ আর সকাল বেলাকার কাঁচা রোদ রের রং

মিলে গেছে আমার মনে।
আমার ছোটো বাগানের পাঁচিলের গায়ে
বসেছি চৌকি টেনে
করবীগাছের ভলায়।
প্রদিক থেকে রোদ রের ছটা
বাঁকা ছায়া হানছে ঘাসের পরে।
বাতাসে অস্থির দোলা লেগেছে
পাশাপাশি ছটি নারকেলের শাখায়।
মনে হচ্ছে যমজ শিশুর কলরবের মতো।
কচি দাড়িম ধরেছে গাছে
চিকন সবুজের আড়ালে।

চৈত্রমাস ঠেকল এসে শেষ হপ্তায়।
আকাশে ভাসা বসন্তের নৌকায়
পাল পড়েছে ঢিলে হয়ে।
দূর্বাবাস উপবাসে শীর্ন;
কাঁকর-ঢালা পথের ধারে
বিলিতি মৌস্থমি চারায়
ফুলগুলি রং হারিয়ে সংকৃচিত।
হাওয়া দিয়েছে পশ্চিম দিক থেকে,—
বিদেশী হাওয়া চৈত্রমাসের আঙিনাতে।
গামে দিভে হল আবরণ অনিচ্ছায়।
বাঁধানো জলকুতে জল উঠছে শির্মারিয়ে,
টলমল করছে নালগাছের পাতা,
লাল মাছ কটা চঞ্চল হয়ে উঠল।

নেবৃদাস ঝাঁকড়া হয়ে উঠেছে খেলা-পাহাড়ের গায়ে। ভার মধ্যে থেকে দেখা যায়
গেরুয়া পাথরের চতুমুখ মৃতি।
সে আছে প্রবহমান কালের দূর তীরে
উদাসীন;

শুকুর ম্পর্ল লাগে না তার গারে।
- শিল্পের ভাষা তার,
গাছপালার বাণীর সঙ্গে কোনো মিল নেই।
ধরণীর অস্তঃপুর থেকে যে শুক্রষা
দিনে রাতে সঞ্চারিত হচ্ছে
সমস্ত গাছের ডালে ডালে পাতায় পাতায়,
ঐ মৃতি সেই বৃহৎ আত্মীয়তার বাইরে।
মান্ন্র আপন গৃঢ় বাক্য অনেক কাল আগে
বক্ষের মৃত ধনের মতো
ওর মধ্যে রেখেছে নিরুদ্ধ ক'রে,

সাতটা বাজল ঘড়িতে।

ছড়িয়ে-পড়া মেঘগুলি গেছে মিলিয়ে।

সূৰ্য উঠল প্ৰাচীরের উপরে,

ছোটো হয়ে গেল গাছের যত ছায়া।

থিড়কির দরজা দিয়ে

মেয়েটি চুকল বাগানে।

পিঠে হুলছে ঝালরওআলা বেণী,

ছাতে কঞ্চির ছড়ি;

চরাতে এনেছে

একজোড়া রাজহাঁস,

আর ভার ছোটো ছোটো ছানাগুলিকে।

হাস হুটো দাম্পত্য দায়িত্বের মর্যাদায় গন্ডীর,

সকলের চেয়ে গুরুতর ঐ মেরেটির দায়িত্ব

রবীজ্র-রচনাবলী

ত্থীবপ্রাণের দাবি স্পন্দমান ছোট্ট ঐ মাতৃমনের স্নেহরসে।

আজকের এই সকালটুকুকে
ইচ্ছে করেছি রেখে দিতে।
ও এসেছে জুনায়াসে,
জনায়াসেই যাবে চলে।
যিনি দিলেন পাঠিয়ে
তিনি আগেই এর মূল্য দিয়েছেন শোধ ক'রে
জাপন আনন্দ-ভাণ্ডার থেকে।

বারো

কেউ চেনা নয়

সব মাহ্ববই অব্দানা।

চলেছে আপনার রহস্তে

আপনি একাকী।

সেখানে তার দোসর নেই।

সংসারের ছাপমারা কাঠামোয়

মাহ্বের সীমা দিই বানিয়ে।

সংজ্ঞার বেড়া-দেওয়া বস্তির মধ্যে

বাধা মাইনেয় কাব্দ করে সে।

থাকে সাধারণের চিক্ত নিয়ে ললাটে।

এমন সময় কোথা থেকে
ভালোবাসার বসস্ক-হাওয়া লাগে,
সীমার আড়ালটা যায় উড়ে,
বেরিয়ে পড়ে চির-অচেনা।
সামনে ভাকে দেখি স্বয়ংস্বভন্ত, অপূর্ব, অসাধারণ,
ভার জুড়ি কেউ নেই।

ভার সঙ্গে যোগ দেবার বেলার বাঁধতে হয় গানের সেত্, ফুলের ভাষার করি ভার অভ্যর্থনা।

চোগ বলে, যা দেখলুম, ভূমি আছ তাকে পেরিয়ে। মন বলে

> চোখে-দেখা কানে-শোনার ওপারে যে রহস্ত তুমি এসেছ সেই অগমের দ্ত,— রাত্রি যেমন আসে পৃথিবীর সামনে নক্ষত্রলোক অবারিত ক'রে। তথন হঠাং দেখি আমার মধ্যেকার অচেনাকে, তথন আপন অম্ভবের তল থুঁজে পাইনে, সেই অম্ভব "তিলে তিলে নৃতন হোর।"

> > তেরে

বান্তায় চলতে চলতে
বান্তল এসে থামল
তোমার সদর দরজায়।
গাইল, "অচিন পাধি উড়ে আসে থাচায়":
দেখে অবুঝ মন বলে—
অধরাকে ধরেছি।

তুমি তথন স্বানের পরে এলোচুলে
দাড়িয়েছিলে জানলার।
অধরা ছিল তোমার দূরে-চাওরা চোথের
পল্লবে,
অধরা ছিল তোমার কাকন-পরা নিটোল হাতের
মধুরিমার।

20

রবীজ্র-রচনাবলী

ওকে ভিক্কে দিলে পাঠিয়ে,

७ राजन हरन ;

জানলে না এইগানে ভোমারই কথা।

ভূমি রাগিণীর মতো আস যাও একভারার তারে ভারে।

> সেই যন্ত্র তোমার রূপের থাচা, দোলে বসন্তের বাতাসে।

ভাকে বেড়াই বুকে ক'রে;

ওতে রং লাগাই, ফুল কাটি
আপন মনের সঙ্গে মিলিয়ে।
যখন বেজে ওঠে, ওর রূপ যাই ভূলে,

কাঁপতে কাঁপতে ওর তার হয় অদৃশ্র

অচিন তখন বেরিয়ে আসে বিশ্বভূবনে,

খেলিয়ে যায় বনের সরুজে

यिनिएय यात्र मानगर्गेशांत्र शक्त।

অচিন পাধি তুমি,

মিলনের খাঁচায় থাক,

নানা সাক্ষের থাঁচা।

সেখানে বিরহ নিত্য থাকে পাধির পাখার,

স্থকিত ওড়ার মধ্যে।

ভার ঠিকানা নেই,

তার অভিসার দিগস্তের পারে

সকল দুশ্তের বিলীনতায়।

कारका

কালো অশ্বকারের ওলার পাখির শেষ গান গিয়েছে ডুবে। বাতাস থমথমে,

গাছের পাতা নড়ে না,

স্বচ্ছরাত্রের ভারাগুলি যেন নেমে আসছে

পুরাভন মহানিম গাছের

बिहि-बःकुछ छक् बरूट्यव काहाकाहि।

এযন সময়ে হঠাং আবেগে
আমার হাত ধরলে চেপে;
বঙ্গলে, "ভোমাকে ভুলব না কোনোদিনই।"
দীপহীন বাভায়নে
আমার মৃতি ছিল অস্পষ্ট,
দেই ছায়ার আবরণে

সেই মৃহুর্তে তোমার প্রেমের অমরাবতী ব্যাপ্ত হল অনন্ত শ্বতির ভূমিকার।

সেই মৃহূর্তের আনন্দবেদনা বেজে উঠল কালের বীণার,

ভোমার অম্বরতম আবেদনের

मः काठ शिर्मिष्ट्र करहे।

প্রসারিত হল আগামী জন্মজনাস্করে।

সেই মৃহুর্তে আমার আমি

তোমার নিবিড় অমুভবের মধ্যে

(भम निःमीम्जा।

ভোমার কম্পিত কঠের বাণীটুকুতে সার্থক হয়েছে আমার প্রাণের সাধনা,

সে পেয়েছে অমৃত।

ভোমার সংসারে অসংখ্য যা-কিছু আছে ভার সবচেয়ে অত্যম্ভ ক'রে আছি আমি,

অভ্যম্ভ বেঁচে।

এই নিমেষটুকুর বাইরে আর বা-কিছু সে গৌণ। এর বাইরে আছে মরণ, একদিন রূপের আলো-জালা রলমঞ্চ থেকে সরে যাবে নেপ্রো।

প্রভাক্ষ স্থধহংখের জগতে

মৃতিমান অসংখ্যভার কাছে
আমার শ্বরণচ্ছায়া মানবে পরাভব।
তোমার হারের কাছে আছে যে ক্বক্চ্ডা

যার তলায় হবেলা জল দাও আপন হাতে,

সেও প্রধান হয়ে উঠে'
তার ডালপালার বাইরে

সরিয়ে রাখবে আমাকে
বিশ্বের বিরাট অগোচরে।
ভা হ'ক,

এও গৌণ।

পনেরো শ্রীমতী রানী দেবী কল্যাণীয়াহ

5

আমি বদল করেছি আমার বাসা।

তৃটিমাত্র ছোটো ঘরে আমার আঞ্রয়।

ছোটো ঘরই আমার মনের মতো।

তার কারণ বলি তোমাকে।

বড়ো দর বড়োর ভান করে মাত্র, আসল বড়োকে বাইরে ঠেকিয়ে রাখে অবজ্ঞায়। আমার ছোটো দর বড়োর ভান করে না। অসীমের প্রতিযোগিভার স্পর্ধা ভার নেই ধনী দরের মৃঢ় ছেলের মভো। আকাশের শব ববে মেটাতে চাইনে; তাকে পেতে চাই তার স্বস্থানে, পেতে চাই বাইরে পূর্বভাবে।

দ্ব আমার কাছেই এসেছে।

জালনার পাশেই বসে বসে ভাবি —

দ্ব ব'লে যে পদার্থ সে স্থলর।

মনে ভাবি স্থলবের মধ্যেই দ্র।

পরিচমের সীমার মধ্যে থেকেও

স্থলর যায় সব সীমাকে এড়িয়ে

প্রােজনের সঙ্গে লেগে থেকেও থাকে আলগা,
প্রভিদিনের মাঝ্যানে থেকেও সে চিরদিনের।

মনে পড়ে এক দিন মাঠ বেরে চলেছিলেম পালকিতে অপরায়ে; কাহার ছিল আটজন। তার মধ্যে একজনকে দেখলেম যেন কালো পাধরে কাটা দেবতার মূর্তি; আপন কর্মের অপমানকে প্রতিপদে সে চলছিল পেরিয়ে ছিন্ন শিকল পায়ে নিয়ে পাধি ষেমন যার উড়ে। দেবতা তার সৌন্দর্যে তাকে দিয়েছেন স্থান্বতার সম্মান।

এই দ্র আকাশ সকল মান্তবেরই অস্তরতম;
জানলা বন্ধ, দেখতে পাইনে।
বিষয়ীর সংসার, আসক্তি তার প্রাচীর,
যাকে চার তাকে ক্ষম করে কাছের বন্ধনে।
ভূলে যার আসক্তি নষ্ট করে প্রেমকে,
জাগাছা যেমন কসলকে মারে চেপে।

प्यामि निथि कविछा, खाँकि ছवि। मूबदक निया मिरे पामान योगाः দ্রকে সাজাই নানা সাজে, আকাশের কবি ষেমন দিগস্তকে সাজায় সকালে সন্ধ্যায়।

> কুছু কাজ করি তাতে লাভ নেই, তাতে লোভ নেই, তাতে আমি নেই। যে কাজে আছে দুরের ব্যাপ্তি তাতে প্রতিমূহুর্তে আছে আমার মহাকাশ। এই সঙ্গে দেখি মৃত্যুর মধুর রূপ, স্তর্ন নিঃশব্দ স্থান্য, জীবনের চারদিকে নিস্তর্গ মহাসম্জ; সকল স্থানের মধ্যে আছে তার আসন, তার মৃক্তি।

> > २

অন্ত কথা পরে হবে।
গোড়াতেই বলে রাখি তুমি চা পাঠিয়েছ, পেয়েছি।
এতদিন খবর দিইনি সেটা আমার স্বভাবের বিশেষত্ব।
যেনন আমার ছবি আঁকা, চিঠি লেখাও তেমনি।
ঘটনার ডাকপিওনগিরি করে না সে।
নিজেরই সংবাদ সে নিজে।

জগতে রূপের আনাগোনা চলছে,
সেই সঙ্গে আমার ছবিও এক-একটি রূপ,
অজানা থেকে বেরিয়ে আসছে জানার ছারে।
সে প্রতিরূপ নয়।
মনের মধ্যে ভাঙাগড়া কত, কতই জোড়াভাড়া,
কিছু বা তার ঘনিয়ে ওঠে ভাবে,
কিছু বা তার ফুটে ওঠে চিজে;
এতদিন এই সব আকাশবিহারীদের ধ্রেছি কথার ফালে।

মন তথন বাতাসে ছিল কান পেতে, যে ভাব ধ্বনি থোঁজে ভারি থোঁজে। আজকাল আছে সে চোধ মেলে। রেধার বিশ্বে ধোলা রাস্তার বেরিয়ে পড়েছে, দেখবে ব'লে। সে ভাকার, আর বলে, দেখলেম।

সংসারটা আকারের মহাযাত্রা।
কোন্ চির-জাগরুকের সামনে দিয়ে চলেছে,
ভিনিও নীরুবে বলছেন, দেখলেম।

আদি যুগে রক্ষমঞ্চের সম্মুখে সংকেত এল,
"খোলো আবরণ।"
বাম্পের যবনিকা গেল উঠে,
রূপের নটারা এল বাহির হয়ে;
ইন্দ্রের সহস্র চন্দু, তিনি দেখলেন।
তাঁর দেখা আর তাঁর স্পষ্ট একই।
চিত্রকর তিনি।
তাঁর দেখার মহোৎসব দেশে দেশে কালে কালে।

माश्चिक मास्त्रिकिटक उम

9

অসীম আকালে কালের তরী চলেছে
রেখার যাত্রী নিয়ে,
অন্ধকারের ভূমিকায় তাদের কেবল
আকারের নৃত্য;
নির্বাক অসীমের বাণী
বাক্যহীন সীমার ভাষায়, অস্কহীন ইন্ধিতে।
অমিতার আনন্দসম্পদ
ভালিতে সাজিয়ে নিয়ে চলেছে স্থমিতা,
সে ভাব নয়, সে চিস্কা নয়, বাক্য নয়,
ভধু রূপ, আলো দিল্ম গড়া।

আজ আদিস্টার প্রথম মৃহুর্তের ধানি পৌছল আমার চিত্তে,— যে ধানি জনাদি রাত্রির যবনিক। সরিয়ে দিয়ে
বলেছিল, "দেখো।"
এতকাল নিভূতে
আপনি ষা বলেছি আপনি তাই শুনেছি,
সেধান থেকে এলেম আর-এক নিভূতে,
এখানে আপনি যা আঁকছি, দেখছি তাই আপনি।
সমস্ত বিশ্ব জুড়ে দেবতার দেখবার আসন,
আমিও বসেছি তাঁরই পাদপীঠে,
রচনা করছি দেখা।

ষোলো

श्रीयुक्त स्थी सनाथ पत कना। गिरम्

۵

পড়েছি আজ রেখার মারায়। कथा धनीचदात्र भारत्र, অর্থ জানে সঙ্গে করে, মুখরার মন রাখতে চিস্তা করতে হয় বিস্তর। রেখা অপ্রগল্ভা, অর্থহীনা, ভার সঙ্গে আমার যে ব্যবহার সবই নির্থক। গাছের শাখায় ফুল ফোটানো ফল ধরানো, সে কাজে আছে দায়িত্ব; গাছের তলায় আলোছায়ার নাট-বসানো সে আর-এক কাও। সেইখানেই শুকনো পাভা ছড়িয়ে পড়ে, প্ৰজাপতি উড়তে থাকে, জোনাকি ঝিকমিক করে রাভের জ্বলা। বনের আসরৈ এরা সব রেখা-বাহন श्राका हात्मन सम, कादा काष्ट्र खवाविष्टि त्वहे।

কথা আমাকে প্রশ্রম দেয় না, তার কঠিন শাসন; রেখা আমার যথেছাচারে হাসে, ভর্জনী ভোগে না।

কাজকর্ম পড়ে থাকে, চিঠিপত্র হারিয়ে কেলি,

ফাক পেলেই ছুটে যাই রূপ-ফলানোর অন্দরমহলে।

এমনি করে, মনের মধ্যে

অনেকদিনের যে-লন্দ্রীছাড়া লুকিয়ে আছে

ভার সাহস গেছে বেড়ে।

সে আঁকছে, ভাবছে না সংসারের ভালোমন্দ,
গ্রাহ্ম করে না লোকম্থের নিন্দাপ্রশংসা।

मनिं। आह्य आत्रारम । আমার ছবি-আঁকা কলমের মুখে খ্যাতির লাগাম পড়েনি। নামটা আমার খুশির উপরে সদারি করতে আসেনি এখনো, ছবি-আঁকার বুক জুড়ে আগেভাগে নিজের আসনটা বিছিয়ে বসেনি ; र्छमा मिरम मिरम वमाइ ना "নাম রক্ষা ক'রো।" व्यवह के नामहो निरम्ब साही मंत्रीत निरम স্বয়ং কোনো কাজই করে না। সব কীভির মুখ্য ভাগটা আদায় করবার অন্তে দেউড়িতে বসিয়ে রাথে পেয়াদা; ছাজার মনিবের পিণ্ড-পাকানো ক্রমাশটাকে বেদী বানিয়ে ভূপাকার ক'রে রাখে कार्बन्न ठिक मायत।

এখনো সেই নামটা অবজ্ঞা ক'রেই রয়েছে অমুপস্থিত।
আমার তুলি আছে মুক্ত
যেমন মুক্ত আজ ঋতুরাজের লেখনী।
ব এপ্রিল, ১৯৬৪

সতেরো

শ্রীমান ধ্রুটিপ্রসাদ মুখোপাধ্যার কল্যাণীরেণ্ আমার কাছে শুনতে চেয়েছ গানের কথা : বলতে ভন্ন লাগে, তবু কিছু বলব।

মান্থবের জ্ঞান বানিয়ে নিয়েছে

আপন সার্থক ভাষা।

মান্থবের বোধ অবুঝ, সে বোবা,

যেমন বোবা বিশ্বব্রহ্মাও।

সেই বিরাট বোবা

আপনাকে প্রকাশ করে ইন্সিতে,
ব্যাখ্যা করে না।
বোবা বিশ্বের আছে ভক্তি, আছে ছন্দ,
আছে নৃত্য আকালে আকালে।

অনুপরমাণ অসীম দেশে কালে
বানিয়েছে আপন আপন নাচের চক্র,
নাচছে সেই সীমায় সীমায়;
গড়ে তুলছে অসংখ্য রূপ।
ভার অস্তরে আছে বহিন্তেজের চুর্দাম বোধ
সেই বোধ খুঁজছে আপন ব্যক্তনা,
ঘাসের ফুল থেকে শুক্ত ক'রে
আকালের ভারা পর্যন্ত।

মান্তবের বোধের বেগ যখন বাঁধ মানে না,
বাহন করভে চার কথাকে,—
তখন ভার কথা হয়ে যায় বোবা,
সেই কথাটা থোজে ভঙ্গি, থোজে ইশারা,
থোঁজে নাচ, থোজে স্কর,
দেয় আপনার অর্থকে উলটিয়ে,
নিয়মকে দেয় বাঁকা ক'রে।
মান্তব্য রচে বোবার বাণী।

মাস্থ্যের বোধ ধবন বাহন করে স্থরকে
তথন বিদ্যুচ্চঞ্চল পরমাণুপুঞ্জের মতোই
স্থরসংঘকে বাঁধে সীমায়,
ভিন্নি দেয় ভাকে,
নাচায় ভাকে বিচিত্র আবর্তনে।
সেই সীমায়-বন্দী নাচন
পায় গানে-গড়া রূপ।
সেই বোবা রূপের দল মিলতে থাকে
স্পির অন্দরমহলে,
সেখানে যভ রূপের নটী আছে
ছন্দ মেলায় সকলের সঙ্গে
নৃপুর-বাঁধা চাঞ্চল্যের

আমি যে জানি

এ-কথা যে-মাছ্ম জানায়
বাক্যে হ'ক স্থরে হ'ক, রেথায় হ'ক,
সে পণ্ডিত।
আমি ষে রস পাই, ব্যথা পাই,
ক্ষপ দেখি,

मिगराक्याय ।

এ-কথা যার প্রাণ বলে
গান তারি জন্মে,
শাস্ত্রে সে আনাড়ি হলেও
তার নাড়িতে বাজে স্থর।

যদি শ্বযোগ পাও

কথাটা নারদম্নিকে শুধিয়ো, ঝগড়া বাধাবার জন্মে নয়, তত্ত্বের পার পাবার জন্মে সংক্ষার অতীতে।

আঠারো

শ্রীযুক্ত চার্লচন্দ্র ভটোচার্গ হরন্ধরেন্থ
আমরা কি সভাই চাই শোকের অবসান ?
আমাদের গর্ব আছে নিজের শোককে নিয়েও।
আমাদের অভি তীত্র বেদনাও
বহন করে না স্থায়ী সভ্যকে—
সাম্বনা নেই এমন কথায়;
এতে আঘাত লাগে আমাদের হুংখের অহংকারে।

জীবনটা আপন স্কল সঞ্চয়

ছড়িয়ে রাখে কালের চলাচলের পথে ;
তার অবিরাম-ধাবিত চাকার তলায়

ভক্ষতর বেদনার চিহ্নও যায়
জীর্ণ হয়ে, অম্পাষ্ট হয়ে।
আমাদের প্রিয়তমের মৃত্যু

একটিমাত্র দাবি করে আমাদের কাছে
সে বলে—"মনে রেখো।"

কিন্তু সংখ্যা নেই প্রাণের দাবির,
তার আহ্বান আসে চারিদিক থেকেই "
মনের কাছে;

সেই উপস্থিত কালের ভিড়ের মধ্যে অভীতকালের একটিমাত্র আবেদন কথন হয় অগোচর।

বদি বা তার কথাটা থাকে
তার ব্যথাটা যায় চলে।
তর শোকের অভিমান
জীবনকে চায় বঞ্চিত করতে।
স্পর্ধা ক'রে প্রাণের দৃতগুলিকে বলে—
থুলব না ধার।
প্রাণের কসলবেত বিচিত্র শক্তে উর্বর,
অভিমানী শোক তারি মাঝখানে
থিরে রাখতে চায় শোকের দেবত্র জমি,—
সাধের মক্তুমি বানায় সেধানটাতে,
তার ধাজনা দেয় না জীবনকে।

স্ত্য সঞ্চঞ্জলি নিয়ে
কালের বিরুদ্ধে তার অভিযোগ।
সেই অভিযোগে তার হার হতে থাকে দিনে দিনে।
কিন্তু চায় না সে হার মানতে;
মনকে স্মাধি দিতে চায়
ভার নিজয়ত কবরে।

সকল অহংকারই বন্ধন,
কঠিন বন্ধন আপন শোকের অহংকার।
ধন জন মান সকল আসক্তিতেই মোহ,
নিবিড় মোহ আপন শোকের আসক্তিতে।

উনিশ

তথন বয়স ছিল কাঁচা;

কতদিন মনে মনে এঁকেছি নিজের ছবি,

বুনো ঘোড়ার পিঠে সওয়ার,

জ্বিন নেই, লাগাম নেই,

ছুটেছি ভাকাত-হানা মাঠের মাঝখান দিয়ে
ভরসন্ধ্যেবেলায়;

ঘোড়ার খুরে উড়েছে খুলো

ধরণী যেন পিছু ভাকছে আঁচল ছুলিয়ে।

আকাশে সন্ধ্যার প্রথম তারা

দ্রে মাঠের সীমানায় দেখা যায়

একটিমাত্র ব্যগ্র বিরহী আলো একটি কোন্ ঘরে
নিজাহীন প্রতীক্ষায়।

থে ছিল ভাবীকালে

থাগে হতে মনের মধ্যে

ফিরছিল তারি আবছারা,

থেমন ভাবী আলোর আভাস আসে

ভোরের প্রথম কোকিল-ডাকা অক্কারে।

তথন অনেকথানি সংসার ছিল অঞ্চানা,
আধ্জানা।
তাই অপরপের রাঙা রংটা
মনের দিগস্ত রেখেছিলে রাঙিয়ে;
আসন্ন ভালোবাসা
এনেছিল অঘটন-ঘটনার স্বপ্ন।
তথন ভালোবাসার যে কল্পরপ ছিল মনে
তার সঙ্গে মহাকাব্যযুগের
হংসাহসের আনন্দ ছিল মিলিভ।

এখন অনেক ধবর পেয়েছি জগতের, মনে ঠাওরেছি সংসারের অনেকটাই মার্কামারা থবরের মাল্যানা।

মনের রগনা থেকে

অঞ্চানার স্বাদ গেছে মরে,

অঞ্চানে পাইনে
ভালোবাসায় সম্ভবের মধ্যে

নিয়ভই অসম্ভব,

জানার মধ্যে অঞ্চানা,
কথার মধ্যে রগকথা।

ভূলেছি প্রিয়ার মধ্যে আছে সেই নারী, যে থাকে সাত সম্ভের পারে, সেই নারী আছে বৃঝি মায়ার ঘূমে, যার জন্তে খুঁজতে হবে সোনার কাঠি।

বিশ

দেদিন আমাদের ছিল পোলা সভা
আকাশের নিচে
রাঙামাটির পথের ধারে।
বাসের 'পরে বসেছে স্বাই।
দক্ষিণের দিকে শালের গাছ সারি সারি,
দীর্ঘ, ঝজু, পুরান্তন,—
শুজ দাড়িয়ে,

শুদুনবমীর মারাকে উপেক্ষা ক'রে;—

দূরে কোন্ধিলের ক্লান্ত কাকলিতে বনম্পতি উদাসীন

ও যেন শিবের তপোবন-ঘারের নন্দী,

দুচু নির্মম ওর ইন্ধিত।

সভার লোকেরা বললে,—

"একটা কিছু শোনাও, কবি,

রাত গভীর হয়ে এল।"

খুললেম পুঁ থিখানা,

যত পড়ে দেখি

সংকোচ লাগে মনে।

এরা এত কোমল, এত স্পর্শকাতর,

এত যত্তের ধন।

এদের কঠম্বর এত মৃত্র,

এত কুঠিত।

এরা সব অন্ত:পুরিকা,
রাঙা অবগুঠন মুবের 'পরে;
তার উপরে ফুলকাটা পাড়,
সোনার স্থতোয়।
রাজহংসের গতি ওদের,
মাটিতে চলতে বাধা।
প্রাচীন কাবো এদের বলেছে জীক,
বলেছে, বরবর্ণিনী।
বিদিনী ওরা বহু সম্মানে।
ওদের নূপুর ঝংকুত হয় প্রাচীরঘেরা ঘরে,
অনেক দামের আশুরণে।
বাধা পায় তারা নৈপুণ্যের বন্ধনে।
এই পথের ধারের সভার,

এই পথের ধারের সভার,
আসতে পারে তারাই
সংসারের বাঁধন যাদের খসেছে,
খুলে কেলেছে হাতের কাঁকন
মুছে কেলেছে সিঁত্র;
যারা ফিরবে না ঘরের মায়ায়,
যারা ভীর্থাতী;

যাদের অসংকোচ অক্লান্ত গভি,
ধূলিধূদর গামের বসন ;

যারা পথ খুঁজে পায় আকাশের তারা দেখে; কোনো দায় নেই যাদের

কারো মন জুগিয়ে চলবার ; কত রৌদ্রতপ্ত দিনে

কত অশ্বকার অর্ধরাত্ত্রে

যাদের কণ্ঠ প্রতিধ্বনি জাগিরেছে

অজানা শৈলগুহায়,—

জনহীন মাঠে,

পথহীন অরণ্যে।

কোণা থেকে আনব ভাদের নিন্দা প্রশংসার ফাঁদে টেনে।

একুশ

ন্তন কল্পে

স্বাহির আরম্ভে আঁকা হল অসীম আকাশে

কালের সীমানা

আলোর বেড়া দিয়ে।

সব চেমে বড়ো ক্বেত্রটি

অযুত নিযুত কোটি কোটি বংসরের মাপে।

সেধানে ঝাঁকে ঝাঁকে

জ্যোতিছ-পত্ত দিয়েছে দেখা,
গণনায় শেষ করা যায় না।

ভারা কোন্ প্রথম প্রত্যুবের আলোকে
কোন্ গুছা থেকে উড়ে বেরোল অসংখ্য,
পাখা মেলে ঘুরে বেড়াতে লাগল চক্রপথে
আকাশ থেকে আকাশে।

অব্যক্তে তারা ছিল প্রচ্ছর,
ব্যক্তের মধ্যে ধেয়ে এল
মরণের ওড়া উড়তে;
তারা জানে না কিসের জন্মে
এই মৃত্যুর তুর্দাস্ত আবেগ।

কোন্ কেন্দ্রে জ্বলছে সেই মহা আলোক

যার মধ্যে বাঁপে দিয়ে পড়বার জ্বন্থে

হয়েছে উন্নত্তের মতো উৎস্ক।

আয়ুর অবসান খুঁজছে আয়ুহীনের অচিস্তা রহস্তে

একদিন আসবে ক্রমস্কাা,

আলো আসবে মান হয়ে,

ওড়ার বেগ হবে ক্লাস্ক

পাখা যাবে খসে,

লুপ্ত হবে ওরা

চিরদিনের অদৃশ্য আলোকে।

ধরার ভূমিকায় মানব-যুগের
সীমা আঁকা হয়েছে
ছোটো মাপে
আলোক-আঁধারের পর্বায়ে
নক্ষত্রলোকের বিরাট দৃষ্টির
অগোচরে।
সেধানকার নিমেষের পরিমাণে
এধানকার সৃষ্টি ও প্রবায়।

হাটো ছোটো কালের পরিমণ্ডল
কাঁকা হচ্ছে মোছা হচ্ছে।
বৃদ্দের মডো উঠল মহেন্দজারো,
মক্ষবালুর সমৃত্রে, নিঃশব্দে গেল মিলিয়ে।
স্থমেরিয়া, আসীরিয়া, ব্যাবিলন, মিসর,
দেখা দিল বিপুল বলে
কালের ছোটো-বেড়া-দেওয়া
ইতিহাসের রক্ষয়লীতে,
কাঁচা কালির লিখনের মডো
লুপ্ত হয়ে গেল
অপ্পষ্ট কিছু চিহ্ন রেখে।

ভাদের আকাজ্ঞাগুলো ছুটেছিল পভদের মভো
অসীম হুর্লক্ষ্যের দিকে।
বীরেরা বলেছিল
অমর করবে সেই আকাজ্ঞার কীর্ভিপ্রতিমা;
ভূলেছিল জয়ন্তন্ত।
কবিরা বলেছিল, অমর করবে
সেই আকাজ্ঞার বেদনাকে,
রচেছিল মহাকবিতা।

সেই মুহুর্তে মহাকাশের অগণ্য-যোজন পত্রপটে
লেখা হচ্ছিল
ধাবমান আলোকের জলদক্ষরে
স্বৃদ্ধ নক্ষত্রের
হোমহতাগ্লির মন্ত্রবাণী।
সেই বাণীর একটি একটি ধ্বনির
উচ্চারণ কালের মধ্যে
ভেঙে পড়েছে যুগের জয়স্তন্ত,

নীরব হয়েছে কবির মহাকাব্য, বিলীন হয়েছে আত্মগোরবে স্পর্ধিত জ্বাতির ইতিহাস।

আৰু রাত্তে আমি সেই নক্ষত্রলোকের
নিমেষহীন আলোর নিচে
আমার লভাবিভানে বসে
নমস্কার করি মহাকালকে।

অমরতার আয়োজন শিশুর শিপিল মৃষ্টিগত

> থেলার সামগ্রীর মতো ধুলায় পড়ে বাতাসে যাক উড়ে। আমি পেয়েছি ক্ষণে ক্ষণে অমৃতভরা মুহূর্তগুলিকে,

তার সীমা কে বিচার করবে ? তার অপরিমেয় সত্য অযুত নিযুত বংসরের

> নক্ষত্রের পরিধির মধ্যে ধরে না ,

কল্পান্ত যথন তার সকল প্রদীপ নিবিয়ে
স্পৃষ্টির রঙ্গমঞ্চ দেবে আন্ধকার করে
তথনো সে থাকবে প্রলম্মের নেপথ্যে
কল্পান্তরের প্রতীক্ষায়।

বাইশ

শুক্ত হতেই ও আমার সন্ধ ধরেছে,

ঐ একটা অনেক কালের বুড়ো,
আমাতে মিশিয়ে আছে এক হয়ে।
আৰু আমি ওকে জানাছি—
পূধক হব আমরা।

ও এসেছে কতলক পূর্বপুরুষের
রক্তের প্রবাহ বেয়ে;
কত যুগের ক্ষ্ণা ওর, কত তৃষ্ণা;
সে সব বেদনা বহু দিনরাত্রিকে মথিত করেছে
স্থার্থ ধারাবাহী অতীত কালে;
তাই নিয়ে ও অধিকার করে বসল
নবজাত প্রাণের এই বাহনকে,
ঐ প্রাচীন, ঐ কাঙাল।

আকাশবাণী আসে উর্ধেলোক হতে,

শুর কোলাহলে সে যায় আবিল হয়ে।
নৈবেছ সাঞ্জাই পূজার থালায়,

শু হাত বাড়িয়ে নেয় নিজে।

জীর্থ করে ওকে দিনে দিনে পলে পলে,
বাসনার দহনে,
ওর জরা দিয়ে আচ্ছন্ন করে আমাকে
যে-আমি জরাহীন।
মৃহূর্তে ও জিতে নিয়েছে আমার মমতা,
তাই ওকে যখন মরণে ধরে
ভর লাগে আমার
যে-আমি মৃত্যুহীন।

আমি আজ পৃথক হব।
ও থাক্ ঐ থানে বারের বাহিরে,
ঐ রৃদ্ধ, ঐ রৃভুক্ষণ
ও ভিক্ষা কঙ্কক, ভোগ কঙ্কক,
ভাগি দিক্ বসে বসে
ওর হেঁড়া চাদরধানাতে;

জন্মমরণের মাঝখানটাতে যে আল-বাধা থেতটুকু আছে সেইখানে কক্ষক উঞ্চুবৃত্তি।

আমি দেখৰ ওকে জানলায় ব'সে,

ঐ দ্রপথের পণিককে,

দীর্ঘকাল ধরে যে এসেছে

বহু দেহম্নের নানা পথের বাঁকে বাঁকে

মৃত্যুর নানা ধেয়া পার হয়ে।

উপরের তলায় বদে দেখব ওকে ওর নানা খেয়ালের আবেশে, আশা-নৈরাশ্যের ওঠা-পড়ায় স্থবহুংখের আলো আঁধারে। দেখব যেমন করে পুত্লনাচ দেখে;

হাসব মনে মনে।

মুক্ত আমি, স্বচ্ছ আমি, স্বতন্ত্র আমি,
নিত্যকালের আলো আমি,
সৃষ্টি-উংসের আনন্দধারা আমি,
অকিঞ্চন আমি,
আমার কোনো কিছুই নেই
অহংকারের প্রাচীরে বেরা।

তেইশ

আজ শরতের আলোর এই যে চেরে দেখি
মনে হয় এ যেন আমার প্রথম দেখা।
আমি দেখলেম নবীনকে,
প্রতিদিনের ক্লান্ত চোখ
যার দর্শন হারিয়েছে।

कन्ननां कदि ,---

অনাগত যুগ থেকে তীৰ্থবাত্ৰী আমি

ভেসে এসেছি মন্ত্ৰবলে।

উজান স্বপ্নের স্রোতে পৌছলেম এই মৃহুর্তেই

বৰ্তমান শভাৰীর ঘাটে।

কেবলি ভাকিয়ে আছি উৎস্ক চোখে।

আপনাকে দেখছি আপনার বাইরে,—

অন্তযুগের অজানা আমি

অভ্যন্ত পরিচয়ের পরপারে।

তাই তাকে নিম্নে এত গভীর কৌতৃহল

যার দিকে তাকাই

চক্ষ্ তাকে আঁকড়িয়ে থাকে পুপলগ্ন ভ্রমন্বের মতো।

আমার নয়চিত্ত আজ মগ্ন হয়েছে
সমস্তের মাঝে।
জনশ্রুতির মলিন হাতের দাগ লেগে
যার রূপ হয়েছে অবলুপ্ত,

যা পরেছে তুচ্ছতার মলিন চীর
তার সে জীর্ন উত্তরীয় আজ্ঞা গেল খ'সে।
দেখা দিল সে অন্তিত্বের পূর্ণ মূল্যে।
দেখা দিল সে অনির্বচনীয়তায়।
বে বোবা আজ্ঞা পর্বন্ধ ভাষা পায়নি
ক্রগভের সেই অতি প্রকাণ্ড উপেক্ষিত
আমার সামনে খুলেছে ভার অচল মৌন,
ভোর-হয়ে-ওঠা বিপুল রাত্তির প্রান্থে
প্রথম চঞ্চল বাণী জ্ঞাগল যেন।

আমার এতকালের কাছের জগতে
আমি ভ্রমণ করতে বেরিয়েছি দ্রের পণিক।
তার আধুনিকের ছিন্নতার ফাঁকে ফাঁকে
দেখা দিয়েছে চিরকালের রহস্ত।
সহমরণের বধ্
বৃঝি এমনি ক'রেই দেখতে পায়
মৃত্যুর ছিন্নপর্দার ভিতর দিয়ে
নৃতন চোখে
চিরজীবনের অমান স্বরূপ।

চ বিবশ

আমার ফুলবাগানের ফুলগুলিকে বাঁধব না আজ ভোড়ায়, রংবেরঙের স্থতোগুলো থাক্, থাক্ পড়ে ঐ জ্বরির ঝালর।

শুনে ঘরের লোকে বঙ্গে,

"যদি না বাঁধ জ্ঞাড়িয়ে জ্ঞাড়িয়ে

ওদের ধরব কী করে,

ফুলদানিতে সাজাব কোন্ উপায়ে ?"

আমি বলি,

"আজকে ওরা ছুটি-পাওরা নটী, ওদের উচ্চহাসি অসংযত, ওদের এলোমেলো হেলাদোলা বকুলবনে অপরাক্তে, চৈত্রমাসের পড়স্থ রোজে। আজ দেখো ওদের যেমন-তেমন খেলা, শোনো ওদের যথন-তথন কলধানি, তাই নিয়ে খুলি থাকো।" বন্ধু বললে,

"এলেম ভোমার ঘরে ভরা পেয়ালার ভৃষ্ণা নিয়ে। ভূমি খ্যাপার মতো বললে, আজকের মতো ভেঙে ফেলেছি ছন্দের সেই পুরোনো পেয়ালাখানা। আডিখ্যের ক্রটি ঘটাও কেন ?"

আমি বলি, "চলো না ঝরনাতলায়,
ধারা সেধানে ছুটছে আপন পেয়ালে,
কোপাও মোটা, কোপাও সক।
কোপাও পড়ছে শিধর পেকে শিধরে,
কোপাও লুকোল গুহার মধ্যে।
ভার মাঝে মাঝে মোটা পাপর
পথ ঠেকিয়ে দাড়িয়ে পাকে বর্বরের মতো,
মাঝে মাঝে গাছের শিকড়
কাঙালের মতো ছড়িয়েছে আঙু লগুলো,
কাকে ধরতে চায় ঐ জলের ঝিকিমিকির মধ্যে?"

শভার লোকে বললে,

"এ যে তোমার আবাধা বেণীর বাণী,

বন্দিনী সে গেল কোথায় ?"
আমি বলি, "তাকে তুমি পারবে না আজ চিনতে,

তার সাভনলী হারে আজ ঝলক নেই,

চমক দিছেে না চুনি-বসানো কম্বনে।"
ভরা বললে, "তবে মিছে কেন ?

কী পাবে ভর কাছ থেকে ?"

আমি বলি, "যা পাওয়া যায় গাছের ফুলে ভালে পালায় সব মিলিয়ে। পাতার ভিতর থেকে
তার রং দেখা যায় এখানে সেখানে,
গন্ধ পাওয়া যায় হাওয়ার ঝাপটার।
চারদিকের খোলা বাতাসে
দেয় একটুখানি নেশা লাগিয়ে।
মুঠোয় করে ধরবার জ্বন্মে সে নয়,
তার অসাজানো আটপছরে পরিচয়কে
অনাসক্ত হয়ে মানবার জ্বন্মে
তার আপন স্থানে।"

अं किथा

नौहित्नत्र अधादत क्लका हो हित्तव है दव সাজানো গাছ স্থসংযত। ফুলের কেয়ারিতে কাঁচিছাটা বেগনি গাছের পাড়। भौिित्वत्र शास्त्र शास्त्र বনী-করা লতা। अद्रो भव हारम मध्द करत, উচ্চহাস্ত নেই এখানে ; হাওয়ায় করে দোলাত্বলি किस साम्रा तारे प्रस नाटन , এরা আভিজাত্যের স্থাসনে বাঁধা। বাগানটাকে দেখে মনে হয় মোগল বাদশার জেনেনা, वाष-चामरव चामः इंड. किन्छ পाष्ट्रां व्यविष्क,

চরের দৃষ্টি আছে ব্যবহারের প্রতি।

পাঁচিলের ওপারে দেখা যায়

একটি স্থদীর্ঘ যুক্তলিপটাস

যাড়া উঠেছে উর্ধের।
পাশেই ঘূটি ভিনটি সোনাঝুরি

প্রচুর পল্লবে প্রগল্ভ।
নীল আকাশ অবারিত বিস্তার্ন

ওদের মাধার উপরে।

অনেকদিন দেপেছি অন্তমনে,
আজ হঠাং চোধে পড়ল
ওদের সমূরত স্বাধীনতা,
দেবলেম, সৌন্দর্যের মর্যাদা
আপন মৃক্তিতে।
ওরা ব্রাত্যা, আচারমূক্ত, ওরা সহজ;
সংযম আছে ওদের মজ্জার মধ্যে
বাইরে নেই শৃন্ধলার বাঁধাবাঁধি।

প্তদের আছে শাধার দোলন
দীর্ঘ লয়ে;
পল্লবগুচ্ছ নানা ধেয়ালের;
মর্মরধ্বনি হাওয়ার ছড়ানো।

আমার মনে লাগল ওদের ইন্সিত;
বললেম, "টবের কবিতাকে
রোপণ করব মাটিতে,
ওদের ডালপালা যথেচ্ছ ছড়াতে দেব
বেড়াভাঙা ছন্দের অরণ্যে।"

ছাবিবশ

আকাশে চেয়ে দেখি

অবকাশের অস্ত নেই কোথাও।

দেশকাশের সেই স্থবিপুল আমুকুলো

তারায় তারায় নিঃশন্ধ আলাপ,

তাদের ক্রতবিচ্ছুরিত আলোক-সংক্রেত

তপশ্বিনী নীরবভার ধ্যান কম্পমান।

অসংখ্যের ভারে পরিকীর্ণ আমার চিত্ত ;
চারদিকে আন্ত প্রয়োজনের কাঙালের দল ;
অসীমের অবকাশকে খণ্ড খণ্ড করে
ভিড় করেছে তারা

छे कर्श को नाइएन।

সংকীর জীবনে আমার স্বর তাই বিজড়িত, সত্য পৌছয় না অঞ্চলল বাণীতে। প্রতিদিনের অভ্যন্ত কথার মৃল্য হল দীন; অর্থ রেল মৃছে।

আমার ভাষা যেন
কুয়াশার জড়িমায় অবমানিত
হেমজের বেলা,
তার স্থ্র পড়েছে চাপা।
সুস্পষ্ট প্রভাতের মতো
মন অনায়াসে মাথা জুলে বলতে পারে না"ভালোবাসি।"
সংকোচ লাগে কঠের কুপণভায়।

ভাই ওগো বনম্পতি, ভোমার সম্মুখে এসে বসি সকালে বিকালে, ভামিচ্ছায়ায় সহজ করে নিতে চাই

আমার বাণী।

দেখি চেয়ে, ভোমার পরবস্তবক

অনায়াসে পার হয়েছে,

শাখাবৃহহের জটিলতা,

জয় করে নিয়েছে চারদিকে নিশুক অবকাশ।
ভোমার নিংশক উচ্ছাস সেই উদার পথে
উত্তীর্ণ হয়ে যায়

স্র্যোদয়-মহিমার মাঝে।

সেই পথ দিয়ে দক্ষিণ বাভাসের স্রোতে

অনাদি প্রাণের মন্ত্র

ভোমার নবকিসলয়ের মর্মে এসে মেলে—
বিশ্বস্থদয়ের সেই আনন্দমন্ত্র—

"ভালোবাসি।"

বিপুল 🗟 শুকা আমাকে বহন করে নিয়ে ধায় শুদ্রে;

বর্তমান মৃহুর্তগুলিকে

অবলুপ্ত করে কালহীনতায়।

মেন কোন্ লোকাস্তরগত চক্ষ্

জন্মাস্তর থেকে চেয়ে থাকে

আমার মুখের দিকে,—

চেতনাকে নিক্ষারণ বেদনায়

সকল সীমার পরপারে দেয় পাঠিয়ে।

উর্ধলোক থেকে কানে আসে

সৃষ্টির শাশ্তবাণী—

"ভালোবাসি।"

যেদিন যুগাস্ভের রাত্তি হল অবসান আলোকের রশ্মিদ্ত विकोर्ग करबहिन এই आमिमवानी आकार्य आकार्य ।

স্টিযুগের প্রথম লগ্নে প্রাণসমূদ্রের মহাপ্লাবনে তরক্ষে তরক্ষে ত্লেছিল এই মন্ত্র-বচন।

এই বাণাই দিনে দিনে রচনা করেছে
স্বৰ্ণচ্চীয় মানসী প্রতিমা
আমার বিরহ-গগনে
অন্তসাগরের নির্জন ধ্সর উপকৃলে।

আজ দিনাস্তের অন্ধকারে

এজন্মের যত ভাবনা যত বেদনা

নিবিড় চেতনায় সম্মিলিত হয়ে

সন্ধ্যাবেলার একলা তারার মতো

ভাবনের শেষবাণাতে হ'ক উদ্ভাসিত"ভালোবাসি।"

সাভাশ

আমার এই ছোটো কলসিটা পেতে রাখি ঝরনাধারার নিচে।

বদে থাকি

কোমরে আঁচল বেঁধে,
সারা সকালবেলা,
শেওলা-ঢাকা পিছল পাধরটাভে
পা ঝুলিয়ে।

এক নিমেবেই ঘট বার ভরে ভার পরে কেবলি ভার কানা ছাপিয়ে ওঠে, জ্ঞল পড়তে থাকে ফেনিয়ে ফেনিয়ে বিনা কাজে বিনা ছয়ায়;

ঐ যে স্থের আলোর

छेला एक खान करन छू हिंद रचना, जाभाद रचना के माम हे हमा कि खा कि मान कि स्टिंग भाग कि स्टिंग कि

সবুজ বনের মিনে-করা

উপত্যকার নীল আকাশের পেয়ালা, তারি পাহাড়-বেরা কানা ছাপিয়ে পড়ছে ঝরঝরানির শব্দ।

> ভোরের ঘুমে তার ডাক শুনতে পায় গাঁয়ের মেয়েরা।

खरनद श्वनि

বেগনি রঙের বনের সীমানা যার পেরিয়ে, নেমে যায় যেখানে ঐ বুনোপাড়ার মান্ত্র হাট করতে আসে,

তরাই গ্রামের রাস্তা ছেড়ে বাকে বাঁকে উঠতে থাকে চড়াই পথ বেয়ে, ভার বঙ্গদের গলায় ক্ষুমুমু ঘণ্টা বাজে,

তার বলদের পিঠে

७कत्ना कार्छत्र चाँ वि त्वावारे-कता।

্ এমনি করে প্রথম প্রাহর গেল কেটে।

রাঙা ছিল সকালবেলাকার
নতুন রোজের রঙ,
উঠল সাদা হরে।
বক উড়ে চলেছে পাছাড় পেরিয়ে
জ্ঞলার দিকে,

শব্দচিল উড়ছে একলা ঘন নীলের মধ্যে, উর্ধ্বমূথ পর্বতের উথাও চিত্তে নিঃশক্ষ জ্বসমন্ত্রের মতো

বেলা হল,

ভাক পড়ল ঘরে।

গুরা রাগ করে বললে,

"দেরি করলি কেন ?"

চুপ করে থাকি নিক্তরে।

ঘট ভরতে দেরি হয় না সে তো সবাই জানে ;

> বিনাকাজে উপচে-পড়া-সময় খোওয়ানো, তার খাপছাড়া কথা ওদের বোঝাবে কে ?

আটাশ

অ্নি প্রভাতের শুক্তারা
আপন পরিচয় পালটিয়ে দিয়ে কখনো বা তুমি দেখা দাও
গোধূলির দেহলিতে,
এই কথা বলে জ্যোতিষী।
স্বাস্তবেলায় মিলনের দিগস্তে
রক্ত-অবগুঠনের নিচে
শুর্ভদৃষ্টির প্রদীপ তোমার জ্ঞাল
শাহানার স্করে।
সকালবেলায় বিরহের আকাশে
শৃক্ত বাসর্বরের খোলা ঘারে
ভৈরবীর তানে লাগাও
বৈরাগ্যের মূর্ছনা।

ভ্রমন্ত্রের এপারে ওপারে

চিরজীবন

ত্থাত্ব:খের আলোয় অন্ধকারে

মনের মধ্যে দিয়েছ

আলোকবিন্দুর স্বাক্ষর।

যখন নিভূতপুলকে রোমাঞ্চ লেগেছে মনে

গোপনে রেখেছ তার 'পরে

ত্রাবাকের সম্বতি,

ইন্দ্রাণীর মালার একটি পাপড়ি,

তোমাকে এমনি করেই জেনেছি

আমাদের সকালসন্ধ্যার সোহাগিনী।

পণ্ডিত ভোমাকে বলে শুক্রগ্রহ;

গদে, আপন স্থাগ্র কক্ষে
তুমি বৃহৎ, তুমি বেগবান,
তুমি মহিমান্বিত;

শ্রহ্মনার প্রদক্ষিণপথে
তুমি পৃথিবীর সহ্যাত্রী,
ববিরন্মিগ্রথিত-দিনরত্বের মালা
তুলছে ভোমার কঠে।

বে মহাযুগের বিপুল ক্ষেত্রে
ভোমার নিগৃচ জগন্তাপার
সেধানে জুমি শুভন্ন, সেধানে সুদ্র,
সেধানে লক্ষকোটিবংসর
আপনার জনহীন রহস্তে জুমি অবস্তৃতিত।
আজ আসন্ন রজনীর প্রান্তে
কবিচিত্তে যথন জাগিয়ে জুলেছ
নিঃশ্রম্ম শান্তিবাণী

রবীন্দ্র-রচনাবলী

সেই মৃহুর্তেই
আমাদের অজ্ঞাত ঋতুপর্যায়ের আবর্তন
তোমার জলে হলে বাষ্পমগুলীতে
রচনা করছে স্থাষ্টবৈচিত্রা।
ভোমার সেই একেশ্বর যজ্ঞে
আমাদের নিমন্ত্রণ নেই,
আমাদের প্রবেশ্বার কন্ধ।

হে পণ্ডিতের গ্রহ,
তুমি জ্যোতিষের সত্য
সে-কথা মানবই,
সে সত্যের প্রমাণ আছে গণিতে।
কিন্তু এও সত্য, তার চেয়েও সত্য
যেখানে তুমি আমাদেরি
আপন শুক্তারা, সন্ধ্যাতারা,
যেখানে তুমি ছোটো, তুমি স্থন্দর,
যেখানে আমাদের হেমস্কের শিশিরবিন্দুর সঙ্গে তোমার তুলনা,
যেখানে শরতের শিউলি ফ্লের উপমাশ্ত্মি,
যেখানে কালে কালে

প্রভাতে মানব-পথিককে
নিঃশব্দে সংকেত করেছ
জীবনযাত্রার পথের মৃথে,
সন্ধ্যার ফিরে ডেকেছ
চরম বিশ্রামে।

উনত্রিশ

অনেককালের একটিমাত্র দিন কেমন করে বাধা পড়েছিল একটা কোনো ছন্দে, কোনো গানে, কোনো ছবিতে। কালের দৃত তাকে সরিরে রেখেছিল
চলাচলের পথের বাইরে।

যুগের ডাসান থেলার

অনেক কিছু চলে গেল ঘাট পেরিরে,

সে কখন ঠেকে গিয়েছিল বাকের মুখে
কেউ জানতে পারেনি।

মাধ্যের বনে

আমের ক্ত বোল ধরল,

ক্ত পড়ল ঝরে;

কাস্কনে ফুটল পলাশ,

গাছতলার মাটি দিল ছেয়ে;

চৈত্রের রোম্রে আর সর্বের খেতে

কবির লড়াই লাগল ঘেন

মাঠে আর আকালে।

আমার সেই আটকে-পড়া দিনটির গারে

কোনো ঋতুর কোনো তুলির

চিক্ত লাগেনি।

একদা ছিলেম ঐ দিনের মাঝখানেই।

দিনটা ছিল গা ছড়িরে

নানা কিছুর মধ্যে;

তারা সমস্তই ঘেষে ছিল আন্দেপালে সামনে।

তাদের দেখে গেছি সবটাই

কিন্তু চোখে পড়েনি সমস্তটা।

ভালোবেসেছি,

ভালো করে জানিনি

কতথানি বেসেছি।

অনেক গেছে কেলাছড়া;

আনমনার রসের পেয়ালার

বাকি ছিল কত।

সেদিনের যে পরিচয় ছিল আমার মনে

আল্ল দেখি তার চেহারা অক্স ছাঁদের।

কত এলোমেলো, কত ষেমন-তেমন

সব গেছে মিলিয়ে।
তার মধ্যে থেকে বেরিয়ে পড়েছে যে

তাকে আল্ল দ্রের পটে দেখছি যেন
সেদিনকার সে নববধু।

তমু তার দেহলতা,

ধৃপছায়া রঙের আঁচলটি

মাধায় উঠেছে খোপাটুকু ছাড়িয়ে।
ঠিকমতো সময়টি পাইনি

তাকে সব কথা বলবার,

অনেক কথা বলা হয়েছে যথন-তথন,
সে-সব বুথা কথা।

আজ দেখা দিয়েছে তার মূর্তি,—
ন্তন্ধ সে দাড়িয়ে আছে
ছায়া-আলোর বেড়ার মধ্যে,
যনে হচ্ছে কী একটা কথা বলবে,
বলা হল না,—
ইচ্ছে করছে ফিরে যাই পাশে,
ফেরার পথ নেই।

হতে হতে বেলা গেছে চলে।

ত্রিশ যথন দেখা হল তার সলে চোখে চোখে তথন আমার প্রথম বরেস; সে আমাকে শুধাল,

"ভূমি খুঁজে বেড়াও কাকে ?"

আমি বলসেম,
"বিশ্বকবি তাঁর অসাম ছড়াটা বেকে
একটা পদ ছিঁড়ে নিলেন কোন্ কোতুকে,
ভাসিয়ে দিলেন
পৃথিবীর হাওয়ার স্থোতে,
বেধানে ভেসে বেড়ায়
ফুলের থেকে গছ,

বাঁশির থেকে ধ্বনি।
ফিরছে সে মিলের পদটি পাবে ব'লে;
ভার মৌমাছির পাধার বাজে
খুঁজে কেড়াবার নীরব গুঞ্জরণ।"

শুনে সে রইল চুপ করে

অন্ত দিকে মৃথ কিরিরে।

আমার মনে লাগল ব্যথা,

বললেম, "কী ভাবছ তুমি ?"

ফুলের পাপড়ি ছিঁড়তে ছিঁড়তে সে বললে,—

"কেমন করে জানবে তাকে পেলে কিনা,

ভোমার সেই অসংখ্যের মধ্যে

একটিমান্তকে।"

व्यामि यमरमम,

"আমি বে খুঁজে বেড়াই
সৈতো আমার ছিন্ন জীবনের
স্বচেয়ে গোপন কথা;
ও-কথা ছঠাং আপনি ধরা পড়ে
যার আপন বেদনার,
আমি জানি
আমার গোপন মিল আছে তারি ভিতর।"

क्लांको कथा (म वनन ना।

त्रवीख-त्रहनावनी

কচি স্থামল তার রওটি;
গলায় সরু সোনার ছারগাছি,
শরতের মেঘে লেগেছে
কীণ রোদের রেখা।

চোখে ছিল একটা দিশাহারা ভরের চমক পাছে কেউ পালায় ভাকে না ব'লে

তার ছটি পায়ে ছিল বিধা, ঠাহর পায়নি

কোন্ধানে সীমা ভার আঙিনাতে।

रम्था इस।

সংসারে আনাগোনার পথের পাশে আমার প্রতীক্ষা ছিল শুধু ঐটুকু নিয়ে।

ভার পরে সে চলে গেছে।

একত্রিশ

পাড়ার আছে ক্লাব,
আমার একতলার ঘরখানা
দিয়েছি ওদের ছেড়ে।
কাগজে পেয়েছি প্রশংসাবাদ,
ওরা মীটিং করে আমাকে পরিয়েছে মালা।

আৰু আট বছর থেকে
শৃক্ত আমার ঘর।
আপিস থেকে ফিরে এসে দেখি
সেই ঘরের একটা ভাগে

টেবিলে পা ভূলে
কেউ পড়ছে ধবরের কাগজ,
কেউ ধেলছে ভাস,
কেউ করছে ভূম্ল ভর্ক।
ভামাকের ধোঁয়ার
ধনিরে ওঠে বন্ধ হাওয়া,
ছাইদানিভে জমতে থাকে,
ছাই, দেশলাইকাঠি,
পোড়া সিগারেটের টুকরো।

এই প্রচ্র পরিমাণ ঘোলা আলাংপর
গোলমাল দিয়ে

দিনের পর দিন
আমার সন্ধ্যার শৃক্তা দিই ভরে।
আবার রান্তির দশটার পরে
বালি হয়ে যায়
উপুড়-করা একটা উচ্ছিন্ত অবকাশ।
বাইরে থেকে আনেস ট্র্যামের শব্দ,
কোনোদিন আপন মনে শুনি
গ্রামোন্টোনের গান,
যে কয়টা রেকর্ড আছে

ত্রুরে ক্ষিরে ভারি আর্ডি।

আৰু ওয়া কেউ আসে নি ; গেছে ছাবড়া স্টেশনে অভাৰ্থনায় ;

কে সন্থ এনেছে
সমূজপারের ছাভভালি
আপন নামটার সংক থেঁথে।

निविद्य मिस्बिक् वाणि।

বাকে বলে 'আজকাল'
অনেকদিন পরে

সেই আজকালটা, সেই প্রতিদিনের নকীব
আজ নেই সন্ধ্যার আমার ঘরে।
আটবছর আগে
এবানে ছিল হাওয়ায়-ছড়ানো যে স্পর্শ,
চুলের যে অস্পন্ত গন্ধ,
তারি একটা বেদনা লাগল
ঘরের সব কিছুতেই।
যেন কী শুনব বলে
রইল কান পাতা;
সেই ফুলকাটা ঢাকাওআলা

পিতামছের আমলের পুরোনো মৃচকুন্দ গাছ দাড়িয়ে আছে জানলার সামনে

পুরোনো খালি চৌকিটা

ষেন পেয়েছে কার থবর।

কৃষ্ণ রাত্তির অন্ধকারে।
রাস্তার ওপারের বাড়ি
আর এই গাছের মধ্যে যেটুকু আকাশ আছে
সেধানে দেখা যাঁয়
শুলক্ষণ করছে একটি ভারা।

ভাকিষে রইলেম তার দিকে চেমে,
টনটন করে বুকের ভিতরটা।

যুগল জীবনের জোয়ার জলে

কত সন্ধ্যায় তুলেছে ঐ ভারার ছায়া।

অনেক কথার মধ্যে মনে পড়ছে ছোট্ট একটি কথা। সেদিন সকালে

কাগজ পড়া হয়নি কাজের ভিড়ে;
সজ্যেবেলায় সেটা নিয়ে
বসেছি এই ঘরেতেই,
এই জানলার পাশে
এই কেদারায়।

চুপি চুপি সে এল পিছনে
কাগজখানা ক্রন্ত কেড়ে নিল হাত থেকে।
চলস কাড়াকাড়ি

উচ্চ হাসির কলরোলে।
উদ্ধার করপুম পুঠের জিনিস,
স্পর্ধা করে আবার বসপুম পড়তে।
হঠাৎ সে নিবিয়ে দিল আলো।
আমার সেদিনকার
সেই হার-মানা অন্ধকার
আক্ত আমাকে সর্বাক্তে ধরেছে বিরে,

যেমন করে সে আমাকে ঘিরেছিল

হুয়ো-দেওয়া নীরব হাসিতে ভরা

বিজ্ঞনী তার হুই বাছ দিয়ে,

সেদিনকার সেই আলো-নেবা নির্জনে।

হঠাৎ ঝরঝরিয়ে উঠল হাওয়া গাছের ডালে ডালে, জানলাটা উঠল শব্দ করে, দরজার কাছের পর্দাটা উড়ে বেড়াতে লাগল অস্থির হয়ে।

আমি বলে উঠলেম,

"ওগো, আৰু তোমার ঘরে তুমি এসেছ কি

মরণলোক থেকে
ভোমার বাদামি রঙের শাড়িখানি পরে ?"

একটা নিংখাস লাগল আমার গায়ে, শুনলেম অশ্রুতবাণী, "কার কাছে আসব ?" আমি বললেম,

"एतश्रं कि शिम ना आमारक ?"

खनत्मम,

শৃথিবীতে এসে

যাকে জেনেছিলেম একান্তই,
সেই আমার চিরকিশোর বঁধু
তাকে তো আর পাইনে দেখতে
এই ঘরে।"
ভাষালেম, "সে কি নেই কোথাও?"
মৃত্ব শান্তমুরে বললে.
"সে আছে সেইখানেই
যেখানে আছি আমি।
আর কোথাও না।"

দরজার কাছে শুনলেম উত্তেজিত কলরব, হাবড়া স্টেশন থেকে ওরা ফিরেছে।

বত্রিশ

পিলস্জের উপর পিডলের প্রদীপ,

থড়কে দিয়ে উসকে দিছে থেকে থেকে।

হাতির দাঁতের মতো কোমল সাদা

পদ্ধের কাজ-করা মেজে;

ভার উপরে খান-ত্রেক মাতৃর পাতা।

ছোটো ছেলেরা জড়ো হরেছি যরের কোপে

মিটমিটে আলোর।

বুড়ো মোহন স্পার

মশকালো হং,

চোথ ত্টো যেন বেরিরে আসছে,

শিথিল হরেছে মাংস,

হাতের পারের হাড়গুলো দীর্ঘ,

কণ্ঠস্বর সক্ষ-মোটার ভাঙা।

রোমাঞ্চ লাগবার মতো তার পূর্ব-ইতিহাস।

বসেছে আমাদের মাঝখানে,

বলছে রোঘো ডাকাতের কথা।

আমরা সবাই গল্প আঁকড়ে বসে আছি।

দক্ষিণের হাওরা-লাগা ঝাউডালের মতো

ত্লছে মনের ভিতরটা।

ধোলা জ্বানলার সামনে দেখা বার গলি,

একটা হলদে গ্যাসের আলোর খুটি

দীড়িয়ে আছে একচোখো ভূতের মতো।

পথের গাঁ ধারটাতে জ্বমেছে ছায়া।

গলির মোড়ে সদর রাস্তার

বেলড়লের মালা হেঁকে গেল মালী।

পালের বাড়ি থেকে

কুকুর ডেকে উঠল জ্বারণে।

নটার ঘন্টা বাজ্বল দেউড়িতে।

ব্দবাক হয়ে শুনছি রোঘোর চরিতকথা।

ভন্তরপ্রের ছেন্সের পৈতে, রোঘো বলে পাঠাল চরের মৃখে, "নমো নমো করে সারলে চলবে না ঠাকুর, ভেবো না খরচের কথা।" মোড়লের কাছে পত্র দেয় পাঁচ হাজার টাকা দাবি ক'রে প্রাক্ষণের জ্ঞান্তে।

রবীজ্র-রচনাবলী

রাজার খাজনা-বাকির দায়ে
বিধবার বাড়ি যায় বিকিয়ে.
হঠাৎ দেওয়ানজির ঘরে হানা দিয়ে
দেনা লোধ ক'রে দেয় রঘু।
বলে—"অনেক গরিবকে দিয়েছ ফাঁকি,
কিছু হালকা হ'ক তার বোঝা।"

একদিন তথন মাঝরান্তির,

ক্ষিরছে রোধাে লুঠের মাল নিয়ে,
নদীতে তার ছিপের নৌকাে

অন্ধকারে বটের ছায়ায়।
পথের মধ্যে শোনে—
পড়ােয় বিয়েবাড়িতে কায়ার ধ্বনি,
বর ফিরে চলেছে বচসা করে;
কনের বাপ পা আঁকড়ে ধরেছে বরকর্তায়।
এমন সময় পথের ধারে
ঘন বাঁশ বনের ভিতর থেকে
ইাক উঠল, রে রে রে রে রে রে রে

আকাশের তারাগুলো

বেন উঠল ধরধরিয়ে।

সবাই জানে রোঘো ডাকাতের

পাজর-ফাটানো ডাক।

বরস্থ পালকি পড়ল পথের মধ্যে;

বেহারা পালাবে কোথার পায় না জেবে।

ছুটে বেরিয়ে এল মেয়ের মা

অম্কারের মধ্যে উঠল তার কারা—

"দোহাই বাবা, আমার মেয়ের জাত বাঁচাও।"

রোঘো দাঁড়াল যমদূতের মজো—
পালকি থেকে টেনে বের করলে বরকে,

বরকর্তার গালে মারল একটা প্রচ্ও চড়, পড়ল সে মাধা ঘুরে।

ঘরের প্রান্ধণে আবার শাঁথ উঠল বেজে,
জাগল হলুধ্বনি;
দলবল নিয়ে রোঘো দাঁড়াল সভায়,
শিবের বিয়ের রাতে ভূতপ্রেতের দল যেন।
উলজ্প্রায় দেহ সবার, ভেলমাখা সর্বাজে,
মুথে ভূসোর কালি।

বিষে হল সারা।
ভিন প্রহর রাতে

যাবার সময় কনেকে বললে ডাকাত

"তুমি আমার মা,

তৃ:খ যদি পাও কখনো

শ্বরণ ক'রো রঘুকে।"

তারপরে এসেছে যুগান্তর।
বিদ্যুত্তের প্রশর আলোতে
ছেলেরা আজ্ঞ থবরের কাগজে
পড়ে ডাকাতির থবর।
রূপকথা-শোনা নিভূত সন্ধ্যেবেলাগুলো
সংসার থেকে গেল চলে,
আমাদের শ্বতি
আর নিবে-যাওয়া তেলের প্রদীপের সঙ্গে সঙ্গে।

ভেত্রিশ

বাদশাছের ছকুম,—
সৈক্ষদল নিয়ে এল আফ্রাসায়েব খাঁ, মুজফ ফর খাঁ,
মহম্মদ আমিন খাঁ,
সঙ্গে এল রাজা গোপাল সিং ভদৌরিয়া,
উদইৎ সিং বুন্দেলা।

গুরুদাসপুর দেরাই করল মোগল সেনা।
শিখদল আছে কেলার মধ্যে,
বন্দা সিং তাদের সদার।
ভিতরে আসে না রসদ,
বাইরে যাবার পথ সব বন্ধ।

থেকে থেকে কামানের গোলা পড়ছে
প্রাকার ডিঙিয়ে,—
চারদিকের দিক্সীমা পর্যস্ত
রাত্রির আকাশ মশালের আলোয় রক্তবর্ণ।

ভাগুরে না রইল গম, না রইল যব,
না রইল জোয়ারি;—
জ্ঞালানি কাঠ গেছে ফুরিয়ে।
কাঁচা মাংস খায় ওরা অসহ্য ক্ষ্ধায়,
কেউ বা খায় নিজের জভ্যা থেকে মাংস কেটে।
গাছের ছাল, গাছের ডাল গুঁড়ো ক'রে
তাই দিয়ে বানায় কটি।

নরক-যন্ত্রণায় কাটল আট মাস,
মোগলের হাতে পড়ল
গুরদাসপুর গড়।
মৃত্যুর আসর রক্তে হল আকণ্ঠ পঙ্কিল,
বন্দীরা চাংকার করে
"ওয়াহি গুরু, ওয়াহি গুরু,"
আর শিবের মাধা শ্বলিত হয়ে পড়ে
দিনের পর দিন।

নেহাল সিং বালক;
স্বচ্ছ ভক্ষণ সোমামূখে
অন্তরের দীপ্তি পড়েছে ফুটে।

চোখে যেন শুদ্ধ আছে সকালবেলার তীর্ববাত্রীর গান। স্কুমার উচ্ছল দেহ,

দেবশিল্পী কুঁদে বের করেছে
বিহাতের বাটালি দিয়ে।
বরস ভার আঠারো কি উনিশ হবে,
শালগাছের চারা,
উঠেছে ঋদু হয়ে,

তবু এখনো

ছেলতে পারে দক্ষিণের হাওয়ার।

প্রাণের অঞ্জন্ততা

দেহে মনে রয়েছে কানায় কানায় ভরা।

বেধি আনলে তাকে।
সভার সমস্ত চোধ
প্র মুখে তাকাল বিশ্বরে কক্ষণার।
ক্ষণেকের জন্মে
যাতকের থড়া যেন চায় বিমুখ হতে
প্রমন সময় রাজধানী থেকে এল দৃত,
হাতে সৈয়দ আবহুলা থাঁয়ের
শাক্ষর-করা মৃক্তিপত্ত।

यथन थूटन निटम जोत्र शांखत रहन,
वानक ख्यान, जामात्र क्रांख टकन এই विठात ?
खनन, विथवा मा जानित्रह्ह
निथथर्म नत्र जोत्र ह्हिलत,
वानह्ह, निर्थत जोटक द्यांत करत्र द्यार्थिहन
वान्तिक क्रिंग क्रिंग क्रिंग क्रिंग क्रिंग क्रिंग

ক্ষোভে লজ্জায় রক্তবর্গ হল
বালকের মৃথ।
বলে উঠল, "চাইনে প্রাণ মিধ্যার রূপায়,
সভ্যে আমার শেষ মৃক্তি,
আমি শিখ।"

চৌত্রিশ

পথিক আমি।
পথ চলতে চলতে দেখেছি
পুরাণে কীর্তিত কত দেশ আব্দ কীর্তি-নিঃশ্ব।
দেখেছি দর্পোদ্ধত প্রতাপের
অবমানিত ভগ্নশেষ,
তার বিজয় নিশান
বক্সাঘাতে হঠাং স্তব্ধ অট্টহাসির মতো
গেছে উড়ে;

বিরাট অহংকার
হয়েছে সাষ্টাঙ্গে ধুলায় প্রণত,
সেই ধুলার 'পরে সন্ধ্যাবেলায়
ভিক্ক তার জীর্ণ কাঁথা মেলে বসে,
পথিকের শ্রান্ত পদ
সেই ধুলায় ফেলে চিহ্ন,—
অসংখ্যের নিত্য পদপাতে
সে চিহ্ন যায় লুপ্ত হয়ে।

দেখেছি স্থান যুগান্তর
বালুর ভাষে প্রচায়,
যেন হঠাং ঝঞার ঝাপটা লেগে
কোন্ মহাভারী
হঠাং ডুবল ধ্সর সম্ভাতলে,
সকল আশা নিয়ে, গান নিয়ে, শ্বভি নিয়ে

এই অনিত্যের মাঝখান দিয়ে চলতে চলতে অমুভব করি আমার হুংম্পন্দনে অসীমের শুদ্ধতা।

পঁয়ত্রিশ

আকের বাঁধনে বাঁধাপড়া আমার প্রাণ
আকম্মিক চেতনার নিবিড়তার
চঞ্চল হয়ে ওঠে ক্ষণে ক্ষণে,
তথন কোন্ কথা জানাতে তার এত অধৈর্য।
—যে কথা দেছের অতীত।

থাচার পাধির কঠে যে বাণী সে তো কেবল খাঁচারি নয়, তার মধ্যে গোপনে আছে স্থানুর অগোচরের অরণ্য-মুর্মর, আছে করুণ বিশ্বতি।

সামনে তাকিয়ে চোখের দেখা দেখি—

এ তো কেবলি দেখার জাল-বোনা নয়।—

বস্তুরা তাকিয়ে থাকেন নির্নিমেষে

দেল-পারানো কোন্ দেশের দিকে,

দিখলয়ের ইকিডলীন

কোন্ কল্পলাকের অদুশ্র সংকেতে।

দীর্ঘপথ ভালোমনার বিকীর্ণ,

রাত্রিদিনের যাত্রা হংশক্ষণের বন্ধ্র পথে।

ভগু কেবল পথ চলাভেই কি এ পথের লক্ষ্য ?
ভিডের কলরব পেরিয়ে আসছে গানের আহ্বান,
ভার সভ্য মিলবে কোন্ধানে ?

মাটির ভলায় সুপ্ত আছে বীজ।
তাকে স্পর্ল করে চৈত্রের তাপ,
মাঘের হিম, প্রাবণের রুষ্টিধারা।
অন্ধকারে সে দেখছে অভাবিভের স্বপ্ন।
স্বপ্নেই কি তার শেষ?
উষার আলোয় তার ফুলের প্রকাশ;
আজ নেই, তাই বলে কি নেই কোনোদিনই?

ছত্রিশ.

শীতের রোদ্র।
সোনা-মেশা সব্জের তেউ
স্তুন্তিত হয়ে আছে সেগুন বনে।
বেগনি-ছায়ার ছোঁওয়া-লাগা
ঝুরি-নামা বৃদ্ধ বট
ভাল মেলেছে রাস্তার ওপার পর্যন্ত।
কলসাগাছের ঝরা পাতা
হঠাৎ হাওয়ায় চমকে বেড়ায় উড়ে
ধুলোর সাঙাত হয়ে।

কাজ-ভোলা এই দিন
উধাও বলাকার মতো
লীন হয়ে চলেছে নিঃসীম নীলিমায়।
ঝাউগাছের মর্মরধ্বনিতে মিশে
মনের মধ্যে এই কথাটি উঠছে বেজে,
"আমি আছি।"

কুয়োভলার কাছে
সামান্ত ঐ আমের গাছ;
সারা বছর ও থাকে আতাবিশ্বত,
বনের সাধারণ সব্জের আবরণে
ও থাকে ঢাকা।

ত্রমন সময় মাবের শেষে
হঠাৎ মাটির নিচে
শিকড়ে শিকড়ে তার শিহর লাগে,
শাধায় শাধায় মৃকুলিত হয়ে ওঠে বাণী—
"আমি আছি,"
চক্রমর্বের আলো আপন ভাষায়
শ্বীকার করে তার সেই ভাষা।

ভাসেন মনের শির্রে দাঁড়িয়ে
হাসেন অন্তর্থামী,
হঠাং দেন ঠেকিয়ে সোনার কাঠি
প্রিয়ার মৃশ্ধ চোবের দৃষ্টি দিয়ে,
কবির গানের স্থর দিয়ে
ভখন যে-আমি ধৃলিধুসর সামান্ত দিনগুলির
মধ্যে মিলিয়ে ছিল,
সে দেখা দেয় এক নিমেষের অসামান্ত আলোকে।
সে-সব তুর্মূল্য নিমেষ
কোনো রত্বভাগ্রারে থেকে যায় কি না জানিনে;
এইটুকু জানি—
ভারা এসেছে আমার আত্মবিশ্বতির মধ্যে,
জাগিয়েছে আমার মর্মে
বিশ্বমর্মের নিত্যকালের সেই বাণী
"আমি আছি।"

সাঁইত্রিশ

विश्वनकी,

ভূমি একদিন বৈশাবে বসেছিলে দারুণ তপস্থায় ক্ষন্তের চরণতলে। তোমার তমু হল উপবাসে শীর্ণ, পিঙ্গল তোমার কেশপাশ।

দিনে দিনে তু:খকে তুমি দম্ব করলে তু:খেরি দহনে,
ভক্ষকে জালিয়ে ভন্ম করে দিলে পূজার পুণাধূপে।
কালোকে আলো করলে,
ভেজ দিলে নিস্তেজকে,
ভোগের আবর্জনা লুপ্ত হল
ভ্যাগের হোমাগিতে।

দিগন্তে রুদ্রের প্রসমতা
ঘোষণা করলে মেঘগর্জনে,
অবনত হল দাক্ষিণ্যের মেঘপুঞ্জ
উংকটিতা ধরণীর দিকে।
মরুবক্ষে তৃণরাজ্জি
শ্রাম আন্তরণ দিল পেতে,
স্থলরের করুণ চরণ
নেমে এল তার 'পরে।

আটত্রিশ

হে যক্ষ, সেদিন প্রেম তোমাদের বন্ধ ছিল আপনাতেই পদ্মকুঁড়ির মতো।

সেদিন সংকীর্ণ সংসারে

একান্তে ছিল ভোমার প্রের্সী

ব্গলের নির্জন উৎসবে,

সে ঢাকা ছিল ভোমার আপনাকে দিরে,

শ্রোবণের মেখ্যালা

যেমন হারিয়ে ক্ষেলে চাদকে আপনারি আলিজনের আক্রাদনে।

অমন সময়ে প্রভুর লাপ এল।
বর হয়ে,
কাছে থাকার বেড়া-জাল গেল ছি ডে।
খুলে গেল প্রেমের আপনাতে-বাঁধা
পাপড়িগুলি,
সে-প্রেম নিজের পূর্ণ রূপের দেখা পেল
বিখের মাঝখানে।
বৃষ্টির জলে ভিজে' সন্ধাবেলাকার জুঁই
ভাকে দিল গন্ধের অঞ্চলি।
বেগুর ভারে মন্ধর বাভাস
ভাকে জানিয়ে দিল
নীপ-নিকুল্লের আকৃতি।

সেদিন অশ্রুংধীত সৌম্য বিষাদের
দীক্ষা পেলে তুমি;
নিজের অস্তর-আঙিনার
গড়ে তুললে অপূর্ব মৃতিধানি
স্বর্গীর গরিমার কান্তিমতী।
বে ছিল নিভ্ত ঘরের সন্ধিনী
তার রসন্ধপটিকে আসন দিলে
অনস্তের আনন্দমন্দিরে
ছন্দের শন্ধ বাজিরে।

আজ তোমার প্রেম পেরেছে ভাষা, আজ ভূমি হয়েছ কবি, ধ্যানোম্ভবা প্রিয়া

বক্ষ ছেড়ে বসেছে তোমার মর্মন্তলে
বিরহের বীণা ছাতে।
আজ সে তোমার আপন সৃষ্টি
বিশ্বের কাছে উৎসর্গ-করা

উনচল্লিশ

ওরা এসে আমাকে বলে, কবি, মৃত্যুর কথা শুনতে চাই তোমার মুখে। আমি বলি,

> মৃত্যু যে আমার অস্তরঙ্গ, জড়িয়ে আছে আমার দেহের সকল তস্তু। তার ছন্দ আমার হংস্পন্ননে, আমার রক্তে তার আনন্দের প্রবাহ। वल एड तम, -- हत्ना हत्ना, চলো বোঝা ফেলতে ফেলতে, চলো মরতে মরতে নিমেষে নিমেষে আমারি টানে, আমারি বেগে। বলছে, চুপ করে বস যদি যা-কিছু আছে সমস্তকে আঁকড়িয়ে ধরে তবে দেখবে, তোমার জগতে कून राम वामि रुष, পাंक प्रथा मिल छक्ता नमीएछ, মান হল ভোমার ভারার আলো। वनष्ट, "(श्रामा ना, (श्रामा ना, পিছনে ফিরে তাকিয়ো না, পেরিয়ে যাও পুরোনোকে জীর্ণকে ক্লান্তকে অচলকে। "আমি মৃত্যু-রাখাল रुष्टित्क छत्रित्य छतित्य नित्य छत्निष्टि

> > যুগ হতে যুগাস্তরে

वव वव ठांबन-एक्टब

"ষধন বইল জীবনের ধারা
আমি এসেছি তার পিছনে পিছনে,
দিইনি তাকে কোনো গর্তে আটক ধাকতে।
তীরের বাঁধন কাটিয়ে কাটিয়ে
ভাক দিয়ে নিয়ে গেছি মহাসমুদ্রে,
সে সমুক্ত আমিই।

"বর্তমান চায় বর্তিয়ে থাকতে।
সে চাপাতে চায়
তার সব বোঝা ভোমার মাথায়,
বর্তমান গিলে কেলতে চায়
ভোমার সব কিছু আপন জঠরে।
তার পরে অবিচল থাকতে চায়
আকণ্ঠপূর্ব দানবের মতো
জাগরণহীন নিদ্রায়।
তাকেই বলে প্রলয়।
এই অনস্ক অচঞ্চল বর্তমানের হাত থেকে
আমি সৃষ্টিকে পরিত্রাণ করতে এসেছি,

অন্তহীন নব নব অনাগতে।"

চল্লিশ

পরি ভাষা পৃথিবী সম্ভ জারুম্ উপাতিষ্ঠে প্রথমজাস্ভক্ত। — অথব্বেদ

শ্বি কবি বলেছেন—

থ্রলেন ভিনি আকাশ পৃথিবী,

শেষকালে এসে দাঁড়ালেন
প্রথমজাত অমৃতের সমূথে।

কে এই প্রথমজাত অমৃত,
কী নাম দেব তাকে ?
তাকেই বলি নবীন,
সে নিত্যকালের ৷

কত জরা কত মৃত্যু
বারে বারে ঘিরল তাকে চারদিকে,
সেই কুরাশার মধ্যে থেকে
বারে বারে সে বেরিয়ে এল,
প্রতিদিন ভোরবেলার আলোতে
ধ্বনিত হল তার বাণী—
"এই আমি প্রথমজাত অমৃত।"

দিন এগোতে থাকে,
তপ্ত হয়ে ওঠে বাতাস,
আকাশ আবিল হয়ে ওঠে ধুলোয়,
বৃদ্ধ সংসারের কর্কশ কোলাহল
আবর্তিত হতে থাকে
দূর হতে দূরে।

কখন দিন আদে আপন শেষপ্রান্তে, পেমে যায় তাপ, নেমে যায় ধুলো, শাস্ত হয় কর্কণ কঠের পরিণামহীন বচসা, আলোর যবনিকা সরে যায় দিক্সীমার অস্তরালে।

অস্তহীন নক্ষত্রলোকে, দ্রানিহীন অন্ধকারে

> জেগে ওঠে বাণী— "এই আমি প্রথমজাত অমৃত।"

শতাধীর পর শতাধী আপনাকে ঘোষণা করে মামুষের তপস্থায়;

সে-তপস্থা

ক্লাস্ত হয়, হোমাগ্নি যায় নিবে, মন্ত্ৰ হয় অৰ্থহীন,

জীর্ণ সাধনার শতছিত্র মলিন আচ্ছাদন থ্রিয়মাণ শতাব্দীকে ক্ষেলে ঢেকে।

অবশেষে কথন
শেষ স্থান্তের তোরণদ্বারে
নিঃশন্ধচরণে আসে
যুগান্তের রাত্রি,
অন্ধকারে জপ করে শান্তিমন্ত্র
শ্বাসনে সাধকের মতো।
বহুবর্ষব্যাপী প্রাহর যায় চলে,

নবযুগের প্রভাত শুল্র শব্দ হাতে দাড়ায় উদয়াচলের স্বর্ণশিখরে,

रम्था यात्र,

ভিমিরধারার ক্ষালন করেছে কে

ধূলিশারী শতাব্দীর আবর্জনা;

ব্যাপ্ত হয়েছে অপরিসীম ক্ষমা

অস্তবিত অপরাধের

কলন্ধচিহ্নের 'পরে।

পেতেছে শাস্ত জ্যোভির আসন
প্রথমজাত অমৃত।

বালক ছিলেম, নবীনকে তথন দেখেছি আনন্দিত চোধে ধরণীর সবুজে, আকাশের নীলিমায়।

দিন এগোল।
চলল জীবনধাত্রার রথ
এ-পথে ও-পথে।
ক্ষ অস্তরের ভাপতপ্ত নিংশাস
ভকনো পাতা ওড়াল দিগকে।
চাকার বেগে
বাতাস ধুলায় হল নিবিড়।
আকাশচর কল্পনা
উড়ে গেল মেঘের পথে,
ক্ষাতুর কামনা
মধ্যাহ্বের রেডিল

খুরে বেড়াল ধরাতলে
ফলের বাগানে ফসলের খেতে
আহত অনাহত।
আকাশে পৃথিবীতে

এ জন্মের ভ্রমণ হল সারা
পথে বিপথে।
আজ এসে দাঁড়ালেম
প্রথমজাত অমুতের সম্মুখে।

১ বৈশাধ, ১৩৪২ শান্তিনিকেতন

> একচল্লিশ হালকা আমার স্বভাব, মেষের মতো না হ'ক গিরিনদীর মতো।

আমার মধ্যে হাসির কলরব
আজও থামল না।
বেদীর থেকে নেমে আসি,
রক্ষমঞ্চে বসে বাধি নাচের গান,
ভার বায়না নিয়েছি প্রভূর কাছে।
কবিভা লিখি,

তার পদে পদে ছন্দের ভঙ্গিমায় তারুণ্য ওঠে মুখর হয়ে, ঝিঁঝিট খাম্বাব্দের ঝংকার দিতে আজো সে সংকোচ করে না।

আমি স্প্রীকর্তা পিতামছের
রহস্ত-সধা।
তিনি অর্বাচীন নবীনদের কাছে
প্রবীণ বয়সের প্রমাণ দিতে
ত্রন্থই গেছেন।
তর্মণের উদ্ধুখন হাসিতে
উত্তরোল তাঁর কোতুক,

তাদের উদাম নৃত্যে
বাজান তিনি জততালের মৃদক।
তাঁর বক্সমন্ত্রিত গান্ধীর্য মেঘমেত্র অম্বরে,
অন্তর তাঁর পরিহাস
বিকশিত কাশবনে,
শরতের অকারণ হাস্তহিলোলে।
তাঁর কোনো লোভ নেই
প্রধানদের কাছে মর্যাদা পাবার;
তাড়াভাড়ি কালো পাধর চাপা দেন না
চাপল্যের ঝরনার মৃধে।
তাঁর বেলাভূমিতে
ভদুর সৈকতের ছেলেমাছ্যি
প্রতিবাদ করে না সমুদ্রের।

আমাকে চান টেনে রাখতে তাঁর বয়স্তদলে,
তাই আমার বার্ধক্যের শিরোপা
হঠাৎ নেন কেড়ে
কেলে দেন ধুলোয়—
তার উপর দিয়ে নেচে নেচে
চলে যায় বৈরাগী
পাঁচ রভের তালি-দেওয়া আলখালা পরে।
যারা আমার মূল্য বাড়াতে চায়,
পরায় আমাকে দামি সাজ,
তাদের দিকে চেয়ে
তিনি ওঠেন হেসে,
ও সাজ আর টি কতে পায় না
আনমনার অনবধানে।

আমাকে তিনি চেয়েছেন নিব্দের অবারিত মজ্ঞানে, তাই ভেবেছি যাবার বেলায় যাব মান খুইয়ে, কপালের তিলক মৃছে, কৌতুকে রসোল্লাসে।

এস আমার অমানী বন্ধুরা
মন্দিরা বাজিয়ে—
তোমাদের ধুলোমাখা পায়ে
যদি মুঙুর বাঁধা থাকে
শক্ষা পাব না

বিয়াল্লিশ শ্রীবৃক্ত চাক্তচন্দ্র দত্ত প্রিরবরেণ

ত্মি গল্প জমাতে পার।
বসো তোমার কেদারার,

ধীরে ধীরে টান দাও গুড়গুড়িতে,
উছলে ওঠে আলাপ
ভোমার ভিতর থেকে
হালকা ভাষার,
যেন নিরাসক্ত ঔংস্ক্কো,
ভোমার কোতৃকে-ক্ষেনিল মনের
কোতৃহলের উৎস থেকে।

ঘুরেছ নানা জায়গায়, নানা কাজে,
আপন দেশে, অন্ত দেশে।
মনটা মেলে রেখেছিলে চারদিকে,
চোখটা ছিলে খুলে।
মাম্বের যে-পরিচয়
তার আপন সহজভাবে,
যেমন-তেমন অখ্যাত ব্যাপারের ধারায়
দিনে দিনে যা গাঁথা হয়ে ওঠে,
সামান্ত হলেও যাতে আছে
সত্যের ছাপ,
অকিঞ্চিংকর হলেও যার আছে বিশেষত্ব,
সেটা এড়ায়নি তোমার দৃষ্টি।
সেইটে দেখাই সহজ নয়,
পণ্ডিতের দেখা সহজ্ঞ।

শুনেছি তোমার পাঠ ছিল সায়ান্দে, শুনেছি শাস্ত্রও পড়েছ সংস্কৃত ভাষায় ; পার্সি জ্বানিও জানা আছে। গিয়েছ সমুত্রপারে,
ভারতে রাজ্সরকারের
ইম্পীরিয়ল রথযাত্রায় লম্বা দড়িতে
'হেঁইয়ো' ব'লে দিতে হয়েছে টান।
অর্থনীতি রাষ্ট্রনীতি
মগজে বোঝাই হয়েছে কম নয়,
পূঁথির থেকেও কিছু,
মান্তবের প্রাণযাত্রা থেকেও বিশ্বর।

তবু সব-কিছু নিয়ে
তোমার যে পরিচয় মৃখ্য
সে তোমার আলাপ-পরিচয়ে।
তুমি গল্প জমাতে পার।
তাই যখন-তখন দেখি,
তোমার ঘরে মাছ্র্য লেগেই আছে,
কেউ তোমার চেয়ে বয়সে ছোটো
কেউ বয়সে বেশি।

গল্প করতে গিয়ে মাস্টারি কর না,
এই তোমার বাছাত্রি।
তুমি মাহ্মযকে জান, মাহ্মযকে জানাও,
জীবলীলার মাহ্মযকে।

একে নাম দিতে পারি সাহিত্য,—
সব-কিছুর কাছে-থাকা।
তুমি জমা করেছ তোমার মনে
নানা লোকের সঙ্গ,
সেইটে দিতে পার সবাইকে
অনায়াসে,—

সেইটেকে জ্ঞানবিজ্ঞানের তক্ষা পরিয়ে পণ্ডিত-পেয়াদা সাজাও না থমকিয়ে দিতে ভালোমাসুষকে।

ভোষার জ্ঞানবিজ্ঞানের ভাগ্ডারটা
পূর্ব আছে যথাস্থানেই।
সেটা বৈঠকখানাকে কোণ-ঠেসা করে রাখেনি।
ধেখানে আসন পাত
গল্পের ভোজে
সেখানে ক্ষ্ডিভের পাতের থেকে ঠেকিয়ে রাখ
লাইব্রেরি ল্যাবরেটরিকে।

একটিযাত্র কারণ,—

যান্তবের 'পরে আছে ভোমার দরদ,—

যে-মান্ত্র চলতে চলতে হাঁপিয়ে ওঠে

স্থবহংথের তুর্গম পথে,

বাঁধা পড়ে নানা বন্ধনে

ইচ্ছায় অনিচ্ছায়,—

ষে-মাত্র বাঁচে,

ষে-মান্ত্র মরে

অদৃষ্টের গোলকধাদার পাকে।

সে-মান্ত্র রাজাই হ'ক ভিবিরিই হ'ক
ভার কথা শুনতে মান্তবের অসীম আগ্রহ।

ভার কথা ষে-লোক পারে বলতে সহজেই সে-ই পারে,

অক্টে পারে না।
বিশেষ এই হাল-আমলে।
আজ মাছবের জানাশোনা
ভার দেখাশোনাকে
দিয়েছে আপাদমন্তক ঢেকে।

একটু ধাকা পেলে
ভার মুখে নানা কথা অনর্গল ছিটকে পড়ে
নানা সমস্তা, নানা তর্ক,
একাস্ত মাহুষের আসল কথাটা
যায় খাটো হয়ে।

আজ বিপুল হল সমস্তা, বিচিত্র হল তর্ক, হুর্ভেগ্য হল সংশয়,—

ত্তেন্ত হল সংশয়,—
আজকের দিনে
সেইজন্তেই এত করে বন্ধুকে থুঁজি,
মান্থবের সহজ বন্ধুকে
থে গল্প জমাতে পারে।
এ তুর্দিনে
মান্টারমশায়কেও অত্যন্ত দরকার।
তাঁর জন্মে ক্লাস আছে
পাড়ায় পাড়ায়—
প্রায়মারি, সেকেণ্ডারি।
গল্পের মজলিস জোটে দৈবাং।

সমুদ্রের ওপারে

একদিন ওরা গল্পের আসর খুলেছিল,

তথন ছিল অবকাল ;

ওরা ছেলেদের কাছে শুনিয়েছিল,

রবিন্সন্ জুসো,

সকল বয়সের মান্তবের কাছে

তন্ কুইক্সোট্।

ত্রহ ভাবনার আঁধি লাগল দিকে দিকে; লেক্চারের বান ভেকে এল, জলে স্থলে কাদার পাঁকে গেল ঘুলিয়ে।

অগত্যা

অধ্যাপকেরা জানিয়ে দিলে একেই বলে গল্প।

বন্ধু,

তুংৰ জ্বানাতে এলুম ভোমার বৈঠকে। আজকাল-এর ছাত্রেরা দেয় আজকাল-এর দোহাই। আজকাল-এর ম্বরতায় ভাদের অটুট বিশ্বাস।

হার বে আজকাল

কত তুবে গেল কালের মহাপ্লাবনে

মোটাদামের মার্কা-মারা।

পসরা নিয়ে।

যা চিরকাল-এর

তা আজ যদি বা ঢাকা পড়ে

কাল উঠবে জেগে।

তথন মান্ত্র আবার বলবে খুশি হয়ে,—
গল্প বলো।

ভেডাল্লিশ

শীমান অমিয়চক্র চক্রবর্তা কল্যানীয়ের
পঠিশে বৈজাপ চলেছে
জন্মদিনের ধারাকে বহন করে
মৃতুদিনের দিকে।

সেই চলতি আসনের উপর বসে
কোন্ কারিগর গাঁপছে
ছোটো ছোটো জন্মমৃত্যুর সীমানায়
নানা রবীক্রনাধের একখানা মালা।

রপে চড়ে চলেছে কাল ;
পদাতিক পথিক চলতে চলতে
পাত্র তুলে ধরে,
পায় কিছু পানীয় ;—
পান সারা হলে
পিছিয়ে পড়ে অন্ধকারে ;
চাকার তলায়
ভাঙা পাত্র ধুলায় যায় গুড়িয়ে ।
তার পিছনে পিছনে
নতুন পাত্র নিয়ে যে আসে ছুটে.
পায় নতুন রস,
একই তার নাম,
কিন্তু সে বুঝি আর-একজন ।

একদিন ছিলেম বালক।

কমেকটি জন্মদিনের ছাঁদের মধ্যে

সেই যে-লোকটার মূর্তি হয়েছিল গড়া

তোমরা তাকে কেউ জান না।

সে সভ্য ছিল যাদের জানার মধ্যে

কেউ নেই ভারা।

সেই বালক না আছে আপন স্বন্ধপে
না আছে কারো শ্বভিতে।
সে গেছে চলে তার ছোটো সংসারটাকে নিয়ে;
তার সেদিনকার কান্না-হাসির
প্রতিধানি আসে না কোনো ছাওয়ায়।

তার ভাঙা খেলনার টুকরোগুলোও দেখিনে ধুলোর 'পরে।

সেদিন জীবনের ছোটো গবাক্ষের কাছে
সে বসে থাকত বাইরের দিকে চেয়ে।
তার বিশ্ব ছিল
সেইটুকু ফাঁকের বেষ্টনীর মধ্যে।
তার অবোধ চোখ-মেলে চাওয়া
ঠেকে যেত বাগানের পাঁচিলটাতে
সারি সারি নারকেল গাছে।
সন্ধ্যেবেলাটা রূপকথার রসে নিবিড়;

বিশ্বাস অবিশ্বাসের মাঝখানে

বেড়া ছিল না উচ্, মনটা এদিক থেকে ওদিকে

ডিঙিয়ে যেত অনায়াসেই।

প্রদোবের আলো-আঁধারে বস্তুর সঙ্গে ছায়াগুলো ছিল জড়িয়ে, হুইই ছিল একগোত্রের।

সে-কয়দিনের জন্মদিন একটা দ্বীপ,

কিছুকাল ছিল আলোতে,
কাল-সমুদ্রের তলায় গেছে ডুবে।
ভাটার সময় কখনো কখনো
দেখা যায় তার পাছাড়ের চূড়া,
দেখা যায় প্রবালের রক্তিম তটরেখা।

পঁচিলে বৈশাখ তার পরে দেখা দিল আয়-এক কালান্তরে, কান্তনের প্রভারে অস্পষ্টভার। রঙিন আভার অস্পষ্টভার। তঙ্গণ যৌবনের বাউল স্থর বেঁধে নিল আপন একডারাতে, ডেকে বেড়াল

> নিকদেশ মনের মান্ত্রক অনির্দেশ্য বেদনার খ্যাপা স্থরে।

সেই শুনে কোনো-কোনোদিন বা

বৈকৃঠে লক্ষীর আসন টলেছিল,

তিনি পাঠিয়ে দিয়েছেন
তাঁর কোনো কোনো দৃতীকে
পলাশবনের রংমাতাল ছায়াপথে
কাজ-ভোলানো সকাল বিকালে।

তথন কানে কানে মৃত্ গলায় তাদের কথা শুনেছি,
কিছু ব্ঝেছি কিছু ব্ঝিনি।

দেখেছি কালো চোধের পক্ষরেধায়
জলের আভাস;

দেখেছি কম্পিত অধরে নিমীলিত বাণীর

বেদনা:

শুনেছি কণিত কমণে চঞ্চল আগ্রহের চকিত ঝংকার।

ভারা রেখে গেছে আমার অজ্ঞানিতে পঁচিশে বৈশাখের প্রথম ঘুমভাঙা প্রভাতে নতুন ফোটা বেলফুলের মালা; ভোরের স্থপ্র

সেদিনকার জন্মদিনের কিলোর জগং ছিল রূপকথার পাড়ার গায়ে-গায়েই, জানা না-জানার সংশব্ধে। সেখানে রাজকন্যা আপন এলোচুলের আবরণে
কথনো বা ছিল ঘুমিয়ে,
কখনো বা জেগেছিল চমকে উঠে'
সোনার কাঠির পরশ লেগে।

দিন গেল।
সেই বসন্তীরভের পচিশে বৈশাখের
বং-করা প্রাচীরগুলো
পড়ল ভেঙে।

যে পথে বকুলবনের পাতার দোলনে ছায়ায় লাগত কাঁপন,

হাওয়ায় জাগত মর্মর,
বিরহী কোকিলের
কুইরবের মিনতিতে
আত্র হত মধ্যাহ্ন,
মৌমাছির ডানায় লাগত গুল্পন
ফুলগন্ধের অদৃশ্য ইশারা বেয়ে,
সেই ত্ন-বিছানো বীধিকা
পৌছল এসে পাধরে-বাধানো রাজপথে।

সেদিনকার কিশোরক
স্থার সেধেছিল যে-একতারায়
একে একে তাতে চড়িয়ে দিল
তারের পর নতুন তার।
সেদিন পটিশে বৈশাধ
আমাকে আনল ডেকে
বন্ধুর পথ দিয়ে
ভরক্ষমক্রিড জনসমূত্রভারে।

বেলা-অবেলায়
ধ্বনিতে ধ্বনিতে গেঁপে
জাল ফেলেছি মাঝদরিয়ায়;
কোনো মন দিয়েছে ধরা,
ছিন্ন জালের ভিতর পেকে
কেউ বা গেছে পালিয়ে।

কখনো দিন এসেছে স্নান হয়ে, সাধনায় এসেছে নৈরাশ্র, শ্লানিভারে নত হয়েছে মন। এমন সময়ে অবসাদের অপরাল্পে অপ্রত্যাশিত পথে এসেছে অমরাবতীর মর্ত্যপ্রতিমা; সেবাকে তারা স্থন্দর করে, তপঃক্লান্ডের জ্বে তারা আনে স্থার পাত্র; ভয়কে তারা অপমানিত করে উল্লোল হাস্তের কলোজ্বাসে; তারা জাগিয়ে তোলে ত্র:সাহসের শিখা ভত্মে-ঢাকা অঙ্গারের থেকে; তারা আকাশবাণীকে ডেকে আনে প্রকাশের ভপস্তায়। তারা আমার নিবে-আসা দীপে कामित्य श्रिष्ट् भिया. শিপিল-হওয়া তারে दौर्ध मिरब्राइ च्यूत्र, পঁচিশে বৈশাখকে वद्यवभागा भदिएयटह

আপন হাতে গেঁৰে।

শেষ সপ্তক

ভাদের পরশমণির ছোঁওয়া আব্দো আছে আমার গানে আমার বাণীতে।

मिषिन कीयरनय वर्षाकरक

দিকে দিকে জেগে উঠল সংগ্রামের সংঘাত শুরু গুরু মেঘমন্ত্রে।

একতারা ফেলে দিয়ে
কখনো বা নিতে হল ভেরী।
খর মধ্যাহের তাপে
ছুটভে হল

জন্মপরাজ্বের আবর্তনের মধ্যে।

পায়ে বি ধৈছে কাঁটা,

ক্ষত বক্ষে পড়েছে রক্তধারা।
নির্মম কঠোরতা মেরেছে তেউ
আমার নৌকার ডাইনে বাঁয়ে,
ভাবনের পণ্য চেয়েছে ডুবিয়ে দিতে
নিন্দার ভলায়, পঙ্কের মধ্যে।

বিষেষে অমুরাগে

দ্বায় মৈত্রাতে,
সংগীতে পঞ্চয় কোলাহলে
আলোড়িত তপ্ত বাম্পনি:শ্বাসের মধ্য দিয়ে
আমার জগং গিয়েছে তার কক্ষপথে।
এই চুর্গমে, এই বিরোধ-সংক্ষোভের মধ্যে
পঁচিলে বৈশাখের প্রোচ প্রহরে
ভোমরা এসেছ আমার কাছে।
জেনেছ কি,
আমার প্রকাশে

অনেক আছে অসমাপ্ত

অনেক ছিন্ন বিচ্ছিন্ন অনেক উপেক্ষিত ?

অস্তরে বাহিরে
সেই ভালো মন্দ,
ভান্ত অম্পান্ত,
ব্যর্থ চরিতার্থের জটিল সন্মিশ্রণের মধ্য থেকে
যে আমার মৃতি
ভোমাদের শ্রহায়, ভোমাদের ভালোবাসায়,

ভোমাদের ক্ষমায়
আজ প্রতিফলিত,
আজ যার সামনে এনেছ ভোমাদের মালা,
তাকেই আমার পচিলে বৈলাখের
শেষবেলাকার পরিচয় বলে
নিলেম স্বীকার করে,
আর রেখে গেলেম ভোমাদের জন্মে

व्यागात्र व्यागीवीम ।

ষাবার সময় এই মানসী মূর্তি রইল তোমাদের চিত্তে, কালের হাতে রইল বলে করব না অহংকার।

ভার পরে দাও আমাকে ছুটি
জীবনের কালো-সাদা স্থত্রে গাঁথা
সকল পরিচয়ের অন্তরালে;
নির্জন নামহীন নিস্তৃতে;
নানা স্থরের নানা ভারের যন্ত্রে
স্থর মিলিয়ে নিভে দাও
এক চরম সংগীভের গভীরভার।

চুয়াল্লিশ আমার শেষবেলাকার বরধানি বানিয়ে রেখে যাব মাটিতে, তার নাম দেব শ্রামলী। ও যধন পড়বে ডেঙে

সে হবে ঘ্মিয়ে পড়ার মতো,
মাটির কোলে মিশবে মাটি;
ভাঙা থামে নালিশ উচু করে
বিরোধ করবে না ধরণীর সঙ্গে;
ফাটা দেয়ালের পাজ্ব বের ক'রে
তার মধ্যে বাধতে দেবে না
মৃতদিনের প্রেতের বাসা।

সেই মাটিতে গাঁথব
আমার শেষ বাড়ির ভিত
থার মধ্যে সব বেদনার বিশ্বতি,
সব কলঙ্কের মার্জনা,
থাতে সব বিকার সব বিজ্ঞপকে
তেকে দেয় দ্বাদলের স্নিশ্ব সোজতো;
থার মধ্যে শত শত শতান্দীর
রক্তলোলুপ হিংশ্র নির্ঘোষ
গেছে নিঃশন্ধ হয়ে।

সেই মাটির ছাদের নিচে বসব আমি
রোজ সকালে লৈশবে যা ভরেছিল
আমার গাঁটবাঁধা চাদরের কোনা
এক-একমুঠো টাপা আর বেল ফুলে।
মাধের শেষে যার আমের বোল
দক্ষিণের ছাওয়ায়
অলক্ষ্য দুরের দিকে ছড়িরেছিল
ব্যথিত যৌবনের আমন্ত্রণ।

ववीक्त-बच्नावली

আমি ভালোবেসেছি
বাংলাদেশের মেয়েকে;
যে-দেখায় সে আমার চোথ ভূলিয়েছে
তাতে আছে যেন এই মাটির শ্রামল অঞ্জন,
প্রর কচি ধানের চিকন আভা।
তাদের কালো চোখের করুণ মাধুরীর উপমা দেখেছি
ঐ মাটির দিগস্থে
নীল বনসীমায় গোধুলির শেষ আলোটির
নিমীলনে।

প্রতিদিন আমার ঘরের স্থপ্ত মাটি
সহজে উঠবে জ্বেগে
ভোরবেলাকার সোনার কাঠির
প্রথম ছোঁওয়ায়;
ভার চোখ-জুড়ানো স্থামলিমায়
স্মিত হাসি কোমল হয়ে ছড়িয়ে পড়বে
চৈত্ররাতের চাঁদের
নিদ্রাহারা মিতালিতে।

চিরদিন মাটি আমাকে ডেকেছে
পদ্মার ভাঙনলাগা
থাড়া পাড়ির বনঝাউবনে,
গাঙলালিকের হাজার থোপের বাসায়;
সর্বে-তিসির ছইরঙা খেতে
গ্রামের সম্ব বাঁকা পথের ধারে,
পুকুরের পাড়ির উপরে।
আমার ছ-চোথ ভরে
মাটি আমার ভাক পাঠিরেছে
শীতের খুনু ভাকা ছপুরবেলায়,
রাঙা পথের ওপারে,

যেখানে শুক্নো ঘাণের হলদে মাঠে
চরে বেড়ায় চ্টি-চারটি গোরু
নিরুংস্থ ক আলত্তে,
লেজের ঘারে পিঠের মাছি তাড়িয়ে।
থৈখানে সাধিবিহীন
ভালগাচের মাথায

ভালগাছের মাথায় সঙ্গ-উদাসীন নিভ্ত চিলের বাসা।

আজ আমি তোমার ডাকে
ধরা দিয়েছি শেষবেলায়।

এসেছি ভোমার ক্ষমান্নিগ্ধ বুকের কাছে,
যেখানে একদিন রেথেছিলে অহল্যাকে,
নবদূর্বাভ্যামলের
কঙ্কন পদস্পর্শে
চরম মৃক্তি-জাগরণের প্রতীক্ষায়,
নবজীবনের বিশ্মিত প্রভাতে।

প্রীষ্ক্ত প্রমধনাথ চৌধুরী কল্যাণীয়ের
ভখন আমার আয়ুর তরণী
ধৌবনের ঘাট গেছে পেরিয়ে।
বে-সব কাঞ্চ প্রবীণকে প্রাক্তকে মানায়
ভাই নিয়ে পাকা করছিলেম
পাকা চুলের মর্বাদা।

পঁয়তাল্লিশ

এমন সমরে আমাকে ডাক দিলে
তোমার সর্জ্বপত্তের আসরে।
আমার প্রাণে এনে দিলে পিছুডাক,
খবর দিলে
নবীনের দ্ববারে আমার ছুটি মেলেনি।

ষিধার মধ্যে মুখ ফিরালেম পেরিয়ে-আসা পিছনের দিকে।

পর্যাপ্ত ডাঁক্লণ্যের পরিপূর্ণ মৃতি দেখা দিল আমার চোখের সম্মুখে। ভরা যৌবনের দিনেও

যৌবনের সংবাদ

এমন জোয়ারের বেগে এসে লাগেনি আমার লেখনীতে। আমার মন বুঝল

যৌবনকে না ছাড়ালে যৌবনকে যায় না পাওয়া।

> আজ এসেছি জীবনের শেষ ঘাটে। পুবের দিক থেকে হাওয়ায় আসে পিছু ডাক,

দাড়াই মুথ কিরিয়ে।
আজু সামনে দেখা দিল

এ জুরোর সমস্তটা।

যাকে ছেড়ে এলেম তাকেই নিচ্ছি চিনে।

সরে এসে দেখছি

আমার এতকালের স্থুখ ত্ংখের ঐ সংসার, আর তার সঙ্গে

সংসারকে পেরিয়ে কোন্ নিক্নদিষ্ট।

श्वि-কবি প্রাণপুরুষকে বলেছেন
"ভূবন সৃষ্টি করেছ
ভোমার এক অর্ধেককে দিয়ে,-

বাকি আধ্খানা কোথায়

তা কে জানে।"

সেই একটি-আধ্থানা আমার মধ্যে আব্দ ঠেকেছে আপন প্রাস্তরেখায়; তুই দিকে প্রসারিত দেখি তুই বিপুল নিঃশব্দ,
তুই বিরাট আধ্যানা,—
ভারি মাঝ্যানে দাঁড়িয়ে
শেষকথা ব'লে যাব—
তুঃখ পেয়েছি অনেক,
কিন্তু ভালো লেগেছে,
ভালোবেসেছি।

ছেচল্লিশ

তথন আমার বয়স ছিল সাত।
ভোরের বেলায় দেখতেম জানলা দিয়ে
অন্ধকারের উপরকার ঢাকা খুলে আসছে,
বেরিয়ে আসছে কোমল আলো
নতুন কোটা কাঁটালিটাপার মতো।

বিছানা ছেড়ে চলে যেতেম বাগানে
কাক ডাকবার আগে,
পাছে বঞ্চিত হই
কম্পান নারকেল শাখাগুলির মধ্যে
সুর্বোদয়ের মঞ্চাচরণে।

তথন প্রতিদিনটি ছিল স্বতন্ত্ব, ছিল নতুন।

যে প্রভাত পূর্বদিকের সোনার ঘট থেকে

আলোতে স্নান করে আসত

রক্তচন্দনের তিলক এঁকে ললাটে,

সে আমার জীবনে আসত নতুন অভিধি,

হাসত আমার মুথে চেম্বে।—

আগেকার দিনের কোনো চিহ্ন ছিল না ভার উত্তরীয়ে

ভারপরে বয়স হল

কাজের দায় চাপল মাথার 'পরে। দিনের পরে দিন তথন হল ঠাসাঠাসি।

তারা হারাল আপনার স্বতন্ত্র মর্যালা। একদিনের চিস্তা আর-একদিনে হল প্রসারিত, একদিনের কাজ আর-একদিনে পাতল আসন। সেই একাকার-করা সময় বিস্তৃত হতে থাকে

একটানা বয়েস কেবলি বেড়ে ওঠে,

क्तत्व कत्व ज्ञा क्रम

চিরদিনের ধুয়োটির কাছে

ফিরে ফিরে পায় না আপনাকে

আজ আমার প্রাচীনকে নতুন ক'রে নেবার দিন এসেছে। ওঝাকে ডেকেছি, ভূতকে দেবে নামিয়ে।

গুণীর চিঠিখানির জন্মে

প্রতিদিন বসব এই বাগানটিতে, তাঁর নতুন চিঠি

ঘুম-ভাঙার জানলাটার কাছে।

প্রভাত আসবে

আমার নতুন পরিচয় নিতে, আকাশে অনিমেষ চক্ষু মেলে আমাকে গুধাবে

"তুমি কে ?"

আজকের দিনের নাম

शांदित ना कामक्त्र मिता।

সৈন্তদলকে দেখে সেনাপতি,
দেখে না সৈনিককে;—
দেখে আপন প্রয়োজন,
দেখে না সত্য,

দেখে না শ্বভন্ত মান্তবের
বিধাভাক্কত আশ্চর্যরূপ।
এতকাল তেমনি করে দেখেছি স্বষ্টকে,
বন্দিদলের মতো
প্রয়োজনের এক শিকলে বাধা।
ভার সলে বাধা পড়েছি
সেই বন্ধনে নিজে।

আজ নেব মৃক্তি।
সামনে দেখছি সমৃদ্র পেরিয়ে
নতুন পার।
তাকে জড়াতে যাব না
এ পারের বোঝার সঙ্গে
এ নৌকোর মাল নেব না কিছুই
যাব একলা
নতুন হয়ে নতুনের কাছে।

সংযোজন

স্মৃতি-পাথেয়

একদিন কোন্ ভূচ্ছ আলাপের ছিন্ন অবকাশে
সে কোন্ অভাবনীয় স্মিডহাসে
অক্তমনা আত্মভোলা
ধৌবনেরে দিয়ে ঘন দোলা
মৃথে তব অকস্মাৎ প্রকাশিল কী অমৃত-রেখা,
কভূ যার পাই নাই দেখা,
ভূর্লভ সে প্রিয়
অনির্বচনীয়।

হে মহা অপরিচিত

এক পলকের লাগি হয় সচকিত

গভীর অন্তরতর প্রাণে
কোন্ দ্র বনাস্তের পথিকের গানে;
সে অপূর্ব আসে ঘরে
পথহারা মৃহুর্তের তরে।
ইটিধারাম্থরিত নিজন প্রবাসে
সন্ধ্যাবেলা বৃথিকার সকল্প সিশ্ব গন্ধশাসে,
চিত্তে রেখে দিয়ে গেল চিরম্পর্শ সীয়
ভাহারি অলিত উত্তরীয়।

সে বিশ্বিত ক্ষণিকেরে পড়ে মনে
কোনোদিন অকারণে ক্ষণে ক্ষণে
শীতের মধ্যাহ্কালে গোরুচরা শস্তরিক্ত মাঠে
চেরে চেরে বেলা ধবে কাটে।
সক্ষারা সারাহের অক্কারে সে শ্বতির ছবি
শ্বান্তের পার ছতে বাজার পুরবী।

পেয়েছি ষে-সব ধন যার মৃশ্য আছে
ফেলে যাই পাছে
সেই যার মৃশ্য নাই, জানিবে না কেও
সঙ্গে থাকে অখ্যাত পাথেয়।

শেষ সম্ভাব্যে মুই-সংখ্যক কবিতা তুলনীয়।

বাতাবির চারা

একদিন শাস্ত হলে আযাঢ়ের ধারা বাতাবির চারা আসন্ন-বৰ্ষণ কোন্ প্ৰাবণ প্ৰভাতে রোপণ করিলে নিজহাতে আমার বাগানে। বছকাল গেল চলি; প্রথর পৌষের অবসানে क्ट्लि घूठान यत्व कोजूहनी ভোরের আলোক, সহসা পড়িল চোখ,---হেরিমু শিশিরে ভেজা সেই গাছে কচিপাতা ধরিয়াছে, যেন কী আগ্ৰহে कथा करश, যে-কথা আপনি শুনে পুলকেতে ঘুলে; যেমন একদা কবে তমসার কুলে সহসা বাদ্মীকি মুনি আপনার কণ্ঠ হতে আপন প্রথম ছন্দ শুনি' আনন্দ সঘন গভীর বিশ্বয়ে নিমগন।

কোপায় আছ না-জানি এ সকালে
কী নিষ্ঠ্য অন্তরালে,—

সেধা হতে কোনো সম্ভাবন
পরশে না এ প্রাস্তের নিভ্ত আসন।
হেনকালে অকমাৎ নি:শব্দের অবহেলা হতে
প্রকাশিল অরুণ আলোতে
এ কয়টি কিশলয়।
এরা যেন সেই কথা কয়
বলিতে পারিতে যাহা তবু না বলিয়া
চলে গেছ প্রিয়া।

সেদিন বসস্ক ছিল দ্বে

আকাশ জাগেনি স্বরে,

অচেনার ষবনিকা কেঁপেছিল ক্ষণে ক্ষণে
তথনো যায়নি সরে ত্রস্ক দক্ষিণ সমীরণে।
প্রকাশের উচ্চ্ শ্রুল অবকাশ না ঘটতে,
পরিচয় না রটিতে,
ঘন্টা গেল বেজে

অব্যক্তের অনালোকে সায়াহে গিয়েছ সভা ত্যেজে।

ভিন-সংখ্যক কৰিত। তুলনীয়।

শেষ পর্ব

যেথা দূর যোবনের প্রান্থসীমা সেথা হতে শেষ অরুণিমা শীর্ণপ্রায় আজি দেখা যায়।

সেধা হতে ভেসে আসে
চৈত্রদিবসের দীর্ঘাসে
অক্ট মর্মর,
কোকিদের ক্লান্ত অন্ধ,

রবীশ্র-রচনাবলী

ক্ষীণশ্রোত তটিনীর অঙ্গস কলোল,— রক্তে লাগে মৃত্যুক্ত দোল।

এ আবেশ মৃক্ত হ'ক;
বোরভাঙা চোধ
ভব্র স্থান্তের মাঝে জাগিয়া উঠুক।
রঙকরা তৃ:ধ স্থধ
সন্ধ্যার মেবের মভো যাক সরে
আপনারে পরিহাস করে।
মৃছে যাক সেই ছবি—চেয়ে থাকা পথপানে,
কথা কানে কানে,
মৌনমুখে হাতে হাত ধরা,
রজনীগন্ধায় সাজি ভরা,
চোধে চোধে চাওয়া
তৃক তৃক বক্ষ নিয়ে আসা আর যাওয়া।

বে-বেলা আপনা সাথে সকালে বিকালে

হায়া-অন্তরালে,

সে থেলার বর হতে

হল আসিবার বেলা বাহির-আলোতে।
ভাঙিব মনের বেড়া কুস্থমিত কাঁটালতা বেরা,

থেলা স্বপনেরা

মধুগন্ধে মরে ঘুরে ঘুরে

শুন শুন স্থরে।

নেব আমি বিপুল বৃহৎ
আদিম প্রাণের দেশ— তেপান্তর মার্ঠের সে-পথ

সাত সমুদ্রের তটে তটে

বেখানে ঘটনা ঘটে,

নাই তার দার,

যেতে যেতে দেখা যায়, শোনা যার,

দিনরাত্তি যায় চলে নানা ছন্দে নানা কলরোলে।

থাক্ মে'র তরে
আপক থানের থেত অজ্ঞানের দীপ্ত বিপ্রহরে;
সোনার তরক্ষদোলে
মৃগ্র দৃষ্টি যার 'পরে তেসে যার চলে
কথাহীন ব্যথাহীন চিম্বাহীন স্পষ্টির সাগরে,
যেথায় অদৃশ্র সাথি লীলাভরে
সারাদিন ভাসায় প্রহর যত
ধেলার নৌকার মতো।
দ্রে চেম্বে রব আমি স্থির

বিস্তীর্ণ বক্ষের কাছে
ধেথা শাল গাছে
সহস্র বর্ষের প্রাণ সমাহিত রয়েছে নীয়বে
নিস্তন্ধ গৌরবে।
কেটে যাক আপনা-ভোলানো মোহ,
কেটে যাক আপনার বিক্ষন্ধে বিদ্রোহ,
প্রতি বংসরের আয়ু কর্তব্যের আবর্জনাভার
না কক্ষক স্থূপাকার,—
নির্ভাবনা তর্কহীন শাল্পহীন পথ বেম্বে বেয়ে
যাই চলে অর্থহীন গান গেয়ে গেয়ে।

প্রাণে আর চেতনার এক হয়ে ক্রমে
আনারাসে মিলে যাব মৃত্যুমহাসাগর-সংগমে,
আলো-আঁথারের হল হরে ক্রীণ
গোধুলি নিঃশক রাত্রে বেমন অতলে হয় লীন।

স্বোড়াসাঁকো ৫ এপ্রিল, ১৯৩৪

চার-সংখাক কবিতা তুলনীয়।

মর্মবাণী

শিল্পীর ছবিতে যাহা মৃতিমতী,
গানে যাহা ঝরে ঝরনায়,
সে বাণী হারায় কেন জ্যোতি,
কেন তা আচ্ছন্ন হয়ে যায়
মৃথের কথায়
সংসারের মাঝে
নিরস্তর প্রয়োজনে জনতার কাজে ?
কেন আজ পরিপূর্ণ ভাষা দিয়ে
পৃথিবীর কানে কানে বলিতে পারিনে "প্রিয়ে ভালোবাসি" ?

কেন আজ স্বরহারা হাসি যেন সে কুয়ালা মেলা হেমস্তের বেলা ?

অনস্ত অম্বর

অপ্রয়োজনের সেখা অখণ্ড প্রকাণ্ড অবসর,
তারি মাঝে এক তারা অন্ত তারকারে
জানাইতে পারে
আপনার কানে কানে কথা।
তপষিনী নীরবতা
আসন বিন্তীর্ণ যার অসংখ্য যোজন দূর ব্যেপে
অস্তরে অস্তরে উঠে কেঁপে
আলোকের নিগৃঢ় সংগীতে।
খণ্ড খণ্ড দণ্ডে পলে ভারাকীর্ণ চিত্তে
নাই সেই অসীমের অবসর;
ভাই অবক্ষম তার শ্বর,
ক্ষীণসত্য ভাষা তার।

প্রত্যহের অভ্যন্ত কথার মূল্য যায় ঘুচে, অর্থ যায় মুছে।

তাই কানে কানে
বলিতে সে নাহি জানে
সহজে প্রকালি'
"ভালোবাসি"।
আপন হারানো বাণী, খুঁ জিবারে,
বনস্পতি, আসি তব হারে।
ভোমার পল্লবপুঞ্জ শাখাব্যহভার
অনায়াসে হয়ে পার
আপনার চতুর্দিকে মেলেছে নিস্তব্ধ অবকাশ।
সেধা তব নিঃশন্ধ উচ্ছাস
স্বর্ঘাদয় মহিমার পানে
আপনারে মিলাইতে জানে।

জ্ঞানা সাগর পার হতে

দক্ষিণের বায়ুস্রোতে

অনাদি প্রাণের যে বারতা
তব নব কিশাসরে রেখে বার কানে কানে কথা,—
ভোমার জন্তরতম—
সে কথা জাগুক প্রাণে মম;—
জামার ভাবনা ভরি উঠুক বিকাশি'
"ভালোবাসি"।
ভোমার ছারার বসে বিপুল বিবহু মোরে বেরে;
বর্তমান মুহুর্তেরে

অবলুপ্ত করি দের কালহীনভার।
জন্মান্তর হতে যেন লোকান্তরগত জাঁথি চার
মোর মুখে।

নিকারণ তুখে

পাঠাইয়া দেয় মোর চেডনারে সকল সীমার পারে।

দীর্ঘ অভিসারপথে সংগীতের স্থর

ভাহারে বহিয়া চলে দূর হতে দূর।

কোথায় পাথেয় পাবে ভার

क्षा शिशांमाव,

এ সভ্য বাণীর তরে তাই সে উদাসী

. "ভালোবাসি"।

ভোর হয়েছিল ধবে যুগাস্তের রাভি

আলোকের রশ্মিগুলি খুঁজি সাধি

এ जानिम वानी

क्रबिष्ट्रिंग कानाकानि

গগনে গগনে।

নব সৃষ্টি যুগের লগনে

মহাপ্রাণ-সমুদ্রের কুল হতে কুলে

उत्रम मिरिग्रह जूरम

এ মন্ত্ৰবচন।

এই বাণী করেছে রচন

স্থবৰ্ কিরণ বৰ্ণে স্থপ্ন-প্রতিমা

আমার বিরহাকাশে যেখা অন্তশিখরের সীমা।

'অবসাদ-গোধ্লির ধ্লিজাল তারে

ঢাকিতে কি পারে?

নিবিড় সংহত করি এ-জ্মের সকল ভাবনা

সকল বেদনা


দিনাস্ভের অন্ধকারে মম

সম্ভ্যাতারা সম

শেষবাণী উঠুক উদ্ভাসি—

"ভালোবাসি"।

. शांतिम-সংবाक कविकां पूजनीत ।



'ঘট ভরা' কবিতার পাঞ্লিপি

ঘট ভরা

আমার এই ছোটো কলস্থানি
সারা সকাল পেতে রাখি
বরনাধারার নিচে।
বসে থাকি একটি খারে
শেওলাঢাকা পিছল কালো পাধরটাতে।
ঘট ভরে যায় বারে বারে—
কেনিয়ে ওঠে, ছাপিয়ে পড়ে কেবলি।

সবৃজ্ঞ দিয়ে মিনে-করা

শৈলভোণীর নীল আকাশে

ঝরঝরানির শব্দ ওঠে দিনে রাতে।
ভোরের ঘুমে ডাক শোনে তার

গাঁরের মেরেরা।
জলের শব্দ যায় পেরিয়ে

বেগনি রঙের বনের সীমানা,
পাহাড়ভলির রান্ডা ছেড়ে

ধেখানে ঐ হাটের মান্ত্র্য
ধীরে ধীরে উঠছে চড়াইপথে,
বলদ হুটোর পিঠে বোঝাই
ভকনো কাঠের আঁটি;
ক্যুবুছু ঘন্টা গলার বাঁধা।

ঝরঝরানি আকাশ ছাপিরে
ভাবনা জামার ভাসিরে নিয়ে কোণার চলে
পথছারানো দ্র বিদেশে।
রাঙা ছিল সকালবেলার প্রথম রোদের রং,
উঠল সাদা ছয়ে।

त्रवोख-त्रव्यावनी

বক উড়ে যায় পাছাড় পেরিয়ে।
বেলা হল ভাক পড়েছে ঘরে।
ওরা আমায় রাগ ক'রে কয়
"দেরি করলি কেন !"
চূপ করে সব শুনি;
ঘট ভরতে হয় না দেরি সবাই জানে,
উপচে-পড়া জ্বলের কথা
ব্রুবে না ভো কেউ।

[আশ্বিন, ১৩৪৩]

সাতাশ-সংখ্যক কবিতা তুলনীর।

প্র

দেহের মধ্যে বন্দী প্রাণের ব্যাকুল চঞ্চলতা দেহের দেহলীতে জাগায় দেহের অতীত কথা। থাঁচার পাখি যে বাণী কয় দে তো কেবল খাঁচারি নয়, তারি মধ্যে করুণ ভাষায় স্থানুর অগোচর বিশারণের ছায়ায় আনে অরণ্য মর্মর।

চোখের দেখা নয় তো কেবল দেখারি জালবোনা,
কোন্ অলক্ষ্যে ছাড়িয়ে সে যায় সকল দেখাশোনা।
শীতের রোম্রে মাঠের শেষে
দেশ-ছারানো কোন্ সে দেশে
বস্থন্ধরা তাকিয়ে থাকে নিমেষ-ছারা চোথে
দিগলয়ের ইন্ধিত-লীন উধাও কল্পলোকে।

ভালোমন বকীণ এই দীর্ঘ পথের বুকে রাত্র-দিনের যাত্রা চলে কত তঃখে প্রথে। পথের লক্ষ্য পথ-চলাতেই শেষ হবে কি ? আর কিছু নেই ? দিগতে যার স্বর্ণ লিখন, সংগীতের আহ্বান, নির্বাকের গহবরে তার ছঠাৎ অবসান ?

নানা ঋতুর ডাক পড়ে বেই মাটির গহন তলে
চৈত্রতাপে, মাঘের হিমে, শ্রাবণ বৃষ্টিজ্ঞলে,
স্থা দেখে বীজ সেখানে
অভাবিতের গভীর টানে,
অজাবি এই যে ধেয়ান স্থাপ্ন কি তার শেষ ?
উষার আলোয় ফুলের প্রকাশ, নাই কি সে উদ্দেশ ?
১৫ নবেশ্বর, ১৯৩৪

পঁয়ত্রিশ-সংখ্যক কবিত। তুলনীর।

আমি

এই যে সবার সামান্য পথ, পারে হাঁটার গলি
সেপথ দিয়ে আমি চলি
সুথে তৃ:থে লাভ ক্ষতিতে,
রাতের আঁধার নের জ্যোতিতে।
প্রতি তৃচ্ছ মৃহুর্তেরই বর্জনা করি আমি জড়ো,
কারো চেন্মে নইকো আমি বড়ো।
চলতে পথে কখনো বা বি ধছে কাঁটা পায়ে,
লাগছে ধুলো গায়ে
হ্বাসনার এলোমেলো হাওয়া,
তারি মধ্যে কভই চাওয়া পাওয়া,
কভই বা হারানো,
থেয়া ধরে ঘাটে আঘাটায়
নদী পায়ানো।

এমনি করে দিন কেটেছে, হবে সে-দিন সারা বেয়ে সর্বসাধারণের ধারা। শুধাও যদি সবশেষে ভার রইল কী ধন বাকি,
পাই ভাষায় বলতে পারি ভা কি।
জানি, এমন নাই কিছু যা পড়বে কারো চোথে,
শরণ-বিশারণের দোলায় তুলবে বিশ্বলোকে।
নয় সে মানিক, নয় সে সোনা,—
যায় না ভারে বাচাই করা, যায় না ভারে গোনা।

এই দেখো-না, শীতের রোদে দিনের স্বপ্নে বোনা সেগুন বনে সবুজ-যেশা সোনা, मक्त गां इ मांगम फूलंब दिन, হিমঝুরির হৈমন্তী পালা হয়েছে নি:শেষ। বেগনি ছায়ার ছোঁওয়া-লাগা শুরু বটের শাখা ঘোর রহস্তে ঢাকা। ফলসা গাছের ঝরা পাতা গাছের তলা জুড়ে হঠাৎ হাওয়ায় চমকে বেড়ায় উড়ে। গোৰুর গাড়ি মেঠো পথের তলে উড়তি ধুলোয় দিকের আঁচল ধুসর ক'রে চলে। নীরবভার বুকের মধ্যধানে দূর অজানার বিধুর বাঁশি ভৈরবী স্থর আনে। কাজভোলা এই দিন নীল আকাশে পাধির মতো নি:সীমে হয় লীন। এরি মধ্যে আছি আমি, সব হতে এই দামি।

কেননা আব্দ বুকের কাছে যায় যে জানা, আরেকটি সেই দোসর আমি উড়িয়ে চলে বিরাট ভাছার ডানা জগতে জগতে অস্কবিহীন ইভিহাসের পথে।

> ঐ যে আমার কুরোতলার কাছে সামান্ত ঐ আমের গাছে

কথনো বা রেজি থেলায়, কভু প্রাবণধারা,
সারা বরষ থাকে আপন হারা
সাধারণ এই অরণ্যানীর সবুজ আবরণে,
মাঘের শেষে অকারণে
কণকালের গোপন মন্ত্রবল
পঞ্জীর মাটির তলে
শিকড়ে তার শিহর লাগে,
শাখায় শাখায় হঠাৎ বাণী জাগে,—
"আছি. আছি, এই যে আমি আছি।"
প্লোচ্ছাসে ধার সে বাণী স্বর্গলোকের কাছাকাছি
দিকে দিগস্করে।
চক্র স্থা তারার আলো তারে বরণ করে।

এমনি করেই মাঝে মাঝে সোনার কাঠি আনে

—কভু প্রিয়ার মৃষ্ণ চোখে, কভু কবির গানে—
ভালদু মনের শিয়রেতে কে দে অন্তর্গামী;

নিবিড় সভ্যে জেগে ওঠে সামান্ত এই আমি।

ষে আমিরে ধ্সর ছায়ায় প্রতিদিনের ভিড়ের মধ্যে দেখা
সেই আমিরে এক নিমেধের আলোয় দেখি একের মধ্যে একা।
সে-সব নিমেষ রয় কি না রয় কোনোখানে,
কেউ তাছাদের জানে বা না-ই জানে,
তবু তারা জীবনে মোর দেয় তো জানি
ক্ষণে ক্ষণে পরম বাণী
অনস্তকাল যাহা বাজে
বিশ্বচরাচরের মর্মমাঝে
"আছি আমি আছি"—
যে বাণীতে উঠে নাচি
মহাগগন-সভাজনে আলোক-অঙ্গরী
ভারায় মাল্য পরি।

ছত্তিশ-সংখ্যক কবিতা তুলনীর।

আষাঢ়

নব বরষার দিন
বিশ্বলন্দ্ধী তুমি আজ নবীন গোরবে সমাসীন
রিক্ত তপ্ত দিবসের নীরব প্রহরে
ধরণীর দৈন্ত 'পরে
ছিলে তপস্থায় রত
করের চরণতলে নত।
উপবাসশীর্ণ তন্ত, পিন্দল জটিল কেশপাশ,
উত্তপ্ত নিঃশাস।
হংখেরে করিলে দগ্ধ হংখেরি দহনে
অহনে অহনে;
ভক্ষেরে জালায়ে তীত্র অগ্নিশিধারূপে
ভন্ম করি দিলে তারে তোমার পূজার পুণ্যধূপে।
কালোরে করিলে আলো,
নিস্তেজ্বের করিলে তেজালোঁ;

সম্ভোগের আবর্জনা লুপ্ত হয়ে গেল পলে । অবশেষে দেখা দিল ক্রন্তের উদার প্রসন্মতা,

নিৰ্মম ত্যাগের হোমানলে

বিপুল দাক্ষিণ্যে অবনতা উৎক্ষিতা ধরণীর পানে।

নিৰ্মল নবীন প্ৰাণে

व्यवगानी।

লভিল আপন বাণা।

দেবতার বর

মূহুর্তে আকাশ বিরি রচিল সঞ্জল মেবন্তর।

মক্লবক্ষে তৃণরা। জ

পেতে দিল আজি

শ্রাম আন্তরণ,

নেমে এল তার 'পরে স্থলরের করণ চরণ।

সফল ভপস্থা তব
ভীণতারে সমর্পিল রূপ অভিনব ;
মলিন দৈল্পের লজ্জা ব্চাইয়া
নব ধারাজ্ঞলে তারে লাভ করি দিলে মুছাইয়া
কলঙ্কের প্লানি ;
দীপ্ততেজে নৈরাশ্রেরে হানি
উদ্বেল উৎসাহে
বিক্ত বত নদীপথ ভরি দিলে অমৃতপ্রবাহে।
ভন্ন তব জয়
ভন্নভন্ন মেবগর্জে ভরিয়া উঠিল বিশ্বময়।

সাঁইত্রিশ-সংখ্যক কবিতা তুলনীর।

यक

হে যক্ষ ভোমার প্রেম ছিল বন্ধ কোরকের মতো,
একান্তে প্রের্মী তব সঙ্গে ঘবে ছিল অনিরত
সংকীর্ণ ঘরের কোণে, আপন বেষ্টনে তৃমি ঘবে
ক্ষম রেখেছিলে তারে তৃ-জনের নির্জন উংসবে
সংসারের নিভ্ত সীমার, প্রাবণের মেঘজাল
ক্ষপণের মতো যথা শশান্তের রচে অস্তরাল
আপনার আলিজনে আপনি হারায়ে কেলে তারে,
সম্পূর্ণ মহিমা তার দেখিতে পার না একেবারে
আদ্ধ মোহাবেশে। বর তৃমি পেলে ঘবে প্রভূশাপে,
সামীপার বন্ধ ছির হ'ল, বিরহের তৃঃখতাপে
প্রেম হ'ল পূর্ণ বিকশিত; জানিল সে আপনারে
বিশ্বধরিত্রীর মাঝে। নির্বাধে তাহার চারিধারে
সাদ্ধা অর্ঘা করে দান বৃষ্টিজলে সিক্ত বনস্থী
গল্পের অঞ্জলি; নীপনিকৃত্রের জানাল আকৃতি

त्त्रपूषात्त्र यस्त्र भवन । উঠে श्रिन स्वनिका আত্মবিশ্বভির, দেখা দিল দিকে দিগুন্তরে লিখা छेमात्र वर्षात्र वानी, याजायत्र विष्क्षलिएकत्र মেবধ্বজে আঁকা, দিয়ধু-প্রাত্তণ হতে নির্ভীকের শৃক্তপথে অভিসার। আষাঢ়ের প্রথম দিবসে দীক্ষা পেলে অশ্রুখোড সৌমা বিষাদের; নিতারসে আপনি করিলে সৃষ্টি রূপসীর অপূর্ব মুর্জি অস্তহীন গরিমার কান্তিমরী। এক দিন ছিল সেই সতী গৃহের সন্ধিনী, তারে বসাইলে ছন্দশম রবে অলোক-আলোকদীপ্ত অলকার অমর গৌরবে অনম্ভের আনন্দ-মন্দিরে। প্রেম তব ছিল বাকাহীন, আজ্ব সে পেয়েছে তার ভাষা, আজ্ব তার রাত্রিদিন সংগীত ভরক্ষে আন্দোলিত। তুমি আজ হলে কবি, মুক্ত তব দৃষ্টিপথে উদ্বারিত নিখিলের ছবি শ্রামমেদে স্নিগ্ধক্ষায়া। বক্ষ ছাড়ি মর্মে অধ্যাসীনা প্রিয়া তব ধ্যানোদ্ভবা লয়ে তার বিরহের বীণা। অপরপ রূপে রচি বিচ্ছেদের উন্মুক্ত প্রাঞ্চন তোমার প্রেমের সৃষ্টি উৎসর্গ করিলে বিশ্বজ্ঞনে।

मार्जिनिः ১৮ जिष्ठे, ১৩৪०

षाठेखिष-मःशक कविछ। षूमनीय।

দ্বঃখ যেন জাল পেতেছে

ত্বংশ ষেন জাল পেভেছে চারদিকে;
চেরে দেখি যার দিকে
সবাই যেন তুর্গ্রহদের মন্ত্রণার
শুমরে কাঁদে বন্ধণার।
লাগছে মনে এই জীবনের মূল্য নেই,
আজকে দিনের চিন্তদাহের তুল্য নেই।
যেন এ তুথ অস্কহীন,
ঘরছাড়া মন ঘুরবে কেবল পদ্বহীন।

এমন সময় অকম্বাৎ মনের মধ্যে হানল চমক তড়িদ্ঘাত, এক নিমেষেই ভাঙল আমার বন্ধ দার, घूठम ह्या अक्कात । স্থুদুর কালের দিগন্তলীন বাগ্বাদিনীর পেলেম সাড়া, শিবায় শিবায় লাগল নাড়া। यू गास्त्र व जश्रामा य ভিত্তিছায়ায় ছায়ামৃতি মৃক্তকেশে ्वांबाय वीवा ; পूर्वकालात की व्याथा। व উদার স্থরের তানের তম্ভ গাঁথছে গানে ; ত্বংসহ কোন্ দাবল ত্ৰের অৱন-গাঁপা कक्ष भाषा ; ত্ৰিম কোন্ সৰ্বনাশের ঝঞ্চাঘাতের মৃত্যুমাভাল বন্ত্রপাডের গর্জয়বে व्रख्नविक त्य-छे श्राट्य

क्खरम्दव चूर्निन्टा छेर्रम माजि

প্রলম্মনাডি,

त्रवीख्य-त्रहनावनी

ভাহারি ঘোর শঙ্কাকাঁপন বারে বারে অংকারিয়া কাঁপছে বীণার ভারে ভারে।

জ্ঞানিয়ে দিলে জামায়, অয়ি

অতীতকালের হৃদয়পদ্মে নিত্য-জাসীন ছায়ায়য়ী,

আজকে দিনের সকল লজ্জা সকল মানি

পাবে যখন তোমার বাণী,

বর্ষলতের ভাসান-খেলার নোকা যবে

অদৃশ্যেতে ময় হবে,

মর্মদহন তুঃখনিখা

হবে তখন জ্ঞলনবিহীন আখ্যায়িকা,

বাজবে তায়া অসীম কালের নীরব গীতে

শাস্ত গভীর মাধুরীতে;

ব্যথার ক্ষত মিলিয়ে যাবে নবীন ঘাসে,

মিলিয়ে যাবে স্থদ্র যুগের শিশুর উচ্চছাসে।

২৮ আষাঢ়, ১৩৪১

শেষ সপ্তকের দশ-সংখ্যক কবিতা তুলনীর।

नार्क ७ शक्रान

लिय वर्षन

लास वर्षन

ताका, পातिषमवर्ग, नहेताक, नाहेगाहार्थ ७ गायक-गायिका

গান আরম্ভ

রাজা। ওছে থামো তোমরা, একটু থামো। আগে ব্যাপারখানা বুঝে নিই। নটরাজ, তোমাদের পালাগানের পুঁথি একখানা হাতে দাও না।

निवाक । (भूषि निया) এই निन महाबाक ।

রাক্ষা। তোমাদের দেশের অক্ষর ভাল ব্যতে পারিনে। কী লিখছে ? "শেষবর্ষণ"। নটরাক্ষ। হা মহারাক্ষ।

রাজা। আচ্ছা বেশ ভালো। কিন্তু পালাটা যার লেখা সে লোকটা কোপার?

নটরাজ। কাটা ধানের সঙ্গে সঙ্গে খেডটাকে ভো কেউ ঘরে আনে না। কাব্য লিখেই কবি ধালাস, তার পরে জগতে তার মতো অদরকারি আর কিছু নেই। আখের রসটা বেরিষে গেলে বাকি যা থাকে তাকে ঘরে রাখা চলে না। তাই সে পালিয়েছে।

রাজ্ঞা। পরিহাস বলে ঠেকছে। একটু সোজা ভাষায় বলো। পালাল কেন? নটরাজ্ঞ। পাছে মহারাজ্ঞ বলে বসেন, ভাব অর্থ স্থুর তান লয়, কিছুই বোঝা যাজেই না সেই ভয়ে। লোকটা বড়ো ভিজু।

রাজকবি। এ তো বড়ো কৌডুক। পাজিতে দেখা গেল তিপিটা পূর্ণিমা, এদিকে চাঁদ মেরেছেন দৌড়, পাছে কেউ ব'লে বদে তাঁর আলো ঝাপসা।

রাজা। তোমাদের কবিশেধরের নাম শুনেই মধুকপন্তনের রাজার কাছ থেকে তাঁর গানের দলকে, আনিয়ে নিলেম, আর তিনি পালালেন ?

নটরাজ। ক্ষতি হবে না, গানগুলো ত্বন্ধ পালাননি। অগুত্র্য নিজে লুকিয়েছেন কিন্তু মেদে মেদে রং ছড়িয়ে আছে।

রাজকবি। জুমি বৃঝি সেই মেদ ? কিন্তু ভোমাকে দেখাচ্ছে বড়ো সাদা।
নটরাজ। ভয় নেই, এই সাদার ভিতর থেকেই ক্রমে ক্রমে রং খুলতে থাকবে।
রাজা। কিন্তু আমার রাজবৃদ্ধি, কবির বৃদ্ধির সজে বদি না মেলে? আমাকে
বোঝাবে কে?

नहेवाकः। त्म ভाव आभाव छेलवः। हेमावात्र वृक्षित्व त्मवः।

রাজা। আমার কাছে ইশারা চলবে না। বিদ্যুতের ইশারার চেয়ে বঞ্জের বাণী স্পাষ্ট, তাতে ভুল বোঝার আশহা নেই। আমি স্পাষ্ট কথা চাই। পালাটা আরম্ভ হবে কী দিয়ে?

নটরাজ। বর্ধাকে আহ্বান ক'রে।

वाका। वर्षाक बास्तान? এই बाचिन मारम ?

রাজকবি। ঋতু-উৎসবের শবসাধনা ? কবিশেধর ভূতকালকে থাড়া ক'রে ভূলবেন। অভূত রসের কীর্তন।

নটরাজ। কবি বলেন, ব্র্বাকে না জানলে শর্থকে চেনা ধার না। জাগে আবরণ তার পরে আলো।

রাজা। (পারিষদের প্রতি) মানে কী ছে?

পারিষদ। মহারাজ, আমি ওঁদের দেশের পরিচয় জানি। ওঁদের হেঁয়ালি বরঞ্চ বোঝা যায় কিন্তু যথন ব্যাখ্যা করতে বসেন তথন একেবারেই হাল ছেড়ে দিতে হয়।

वाक्कि । यन जीभनीव वज्रह्व । होनल व्यावस्थ वाष्ट्र शास्त्र ।

নটরাজ। বোঝবার কঠিন চেষ্টা করবেন না মহারাজ, তাহলেই সহজে ব্ঝবেন।

কুঁই ফুলকে ছিঁড়ে দেখলে বোঝা যায় না, চেয়ে দেখলে বোঝা যায়। আদেশ কর্মন

এখন বর্ষাকে ডাকি।

রাজা। রসোরসো। বর্ষাকে ডাকা কী রকম ? বর্ষা তো নিজেই ডাক দিয়ে আসে।

নটরাজ। সে তো আসে বাইরের আকাশে। অন্তরের আকাশে তাকে গান গেরে ডেকে আনতে হয়।

वाका। गानव ऋवछला कि कवित्मश्रवव नित्कवरे वांश ?

निवास । दे। महादास ।

বাজা। এই আর এক বিপদ।

রাজকবি। নিজের অধিকারে পেয়ে কাব্যরসের হাতে কবি রাগিণীর দুর্গতি ঘটাবেন। এখন রাজার কর্তব্য গীতসরস্বতীকে কাব্যপীড়ার হাত থেকে রক্ষা করা। মহারাজ, ভোজপুরের গন্ধর্বদলকে খবর দিন না। দুই পক্ষের লড়াই বাধুক তা হলে কবির পক্ষে ক্ষেষ্ বর্ষণ" নামটা সার্থক হবে।

নটরাজ। রাগিণী যভাদিন কুমারী ভভাদিন ভিনি স্বভন্তা, কাব্যরসের সঙ্গে পরিণর ঘটলেই তথন ভাবের রসকেই পতিব্রতা মেনে চলে। উলটে, রাগিণীর হকুমে ভাষ যদি পারে পারে নাকে থত দিয়ে চলতে থাকে সেই দ্রোণতা অসহ। অন্তত আমার দেশের চাল এ রকম নয়।

রাজা। ওছে নটরাজ, রস জিনিসটা স্পষ্ট নয়, রাগিণী জিনিসটা স্পষ্ট। রসের নাগাল যদি বা না পাই, রাগিণীটা বৃঝি। ভোমাদের কবি কাব্যশাসনে তাকেও যদি বেঁধে ফেলেন তা হলে তো আমার মতো লোকের মুশকিল।

নটরাজ। মহারাজ, গাঁঠছড়ার বাঁধন কি বাঁধন ? সেই বাঁধনেই মিলন। তাতে উভয়েই উভয়কে বাঁধে। কথায় সুরে হয় একাত্মা।

পারিষদ। অলমতিবিশুরেণ। তোমাদের ধর্মে যা বলে তাই করো, আমরা বীরের মতো সন্থ করব।

নটরাজ। (গায়কগায়িকাদের প্রতি) ঘনমেঘে তাঁর চরণ পড়েছে। শ্রাবণের ধারায় তাঁর বাণী কদম্বের বনে তাঁর গদ্ধের অদৃষ্ঠ উত্তরীয়। গানের আসনে তাঁকে বসাও, স্বরে তিনি রূপ ধরুন, হৃদয়ে তাঁর সভা জমুক। তাকো—

এস নীপবনে ছায়াবীপিতলে,
এস করো সান নবধারাজ্ঞলে।
দাও আকুলিয়া ঘন কালো কেশ,
পরো দেহ ঘেরি মেঘনীল বেশ;
কাজল নমনে যুপীমালা গলে
এস নীপবনে ছায়াবীপিতলে।
আজি ক্ষণে ক্ষণে হাসিখানি, স্থী,
অধরে নমনে উঠুক চমকি।
মল্লারগানে তব মধ্সরে
দিক্ বাণী আনি বনমর্মরে।
ঘন বরিষনে জল-কলকলে
এস নীপবনে ছায়াবীপিতলে।

নটরাজ। মহারাজ, এখন একবার ভিতরের দিকে তাকিয়ে দেখুন, 'রজনী শাওন খন, ঘন দেয়া গরজন, রিমঝিম শবদে বরিষে'।

রাজা। ভিতরের দিকে ? সেই দিকের পথই ভো সব চেরে তুর্গম।

নটরাজ। গানের শ্রোভে হাল ছেড়ে দিন, স্থাম হবে। অন্নভব করছেন কি প্রাণের আকালের পুব হাওয়া মুখর হয়ে উঠল। বিরছের অন্ধকার ঘনিয়েছে। ওগো সব গীতরসিক, আকাশের বেদনার সঙ্গে হৃদয়ের রাগিণীর মিল করো। ধরো ধরো, 'বারে বার বার'।

বারে বার বার ভাদর বাদর,
বিরহকাতর শর্বরী।
ক্বিরিছে এ কোন অসীম রোদন
কানন কানন মর্মরি।
আমার প্রাণেশ্ব রাগিণী আজি এ
গগনে গগনে উঠিল বাজিয়ে।
ক্বদয় একি রে ব্যাপিল তিমিরে
সমীরে সমীরে সঞ্চরি।

নটরাজ। শ্রাবণ ঘরছাড়া উদাসী। আলুধালু তার জ্বটা, চোথে তার বিছাং। অশ্রাম্ভ ধারায় একতারায় একই স্থর সে বাজিয়ে বাজিয়ে সারা হল। প্রধারা তার সব কথা বলে শেষ করতে পারলে না। ওই শুরুন মহারাজ্ব মেঘমল্লার।

কোথা যে উধাও হল মোর প্রাণ উদাসী

আজি ভরা বাদরে।

ঘন ঘন গুৰু গুৰু গৰজিছে, বাৰঝৰ নামে দিকে দিগস্তে জ্বলধাৰা, মন ছুটে শুন্তে শৃত্যে অনস্তে জ্ঞাস্তি বাতাসে।

ব্লাজা। পুব দিকটা আলো হয়ে উঠল ষে, কে আসে? নটরাজ। শ্রাবণের পূর্ণিমা।

রাজকবি। শ্রাবণের পূর্ণিমা! হা: হা: । কালো খাপটাই দেখা ঘাবে, তলোয়ারটা রইবে ইশারায়।

রাজা। নটরাজ, শ্রাবণের প্রিমায় পূর্ণতা কোপায় ? ও তো বসজের প্রিমা নয়।
নটরাজ। মহারাজ, বসস্তপ্রিমাই তো অপূর্ণ। তাতে চোথের জল নেই কেবলমাত্র হাসি। শ্রাবণের শুরু রাতে হাসি বলছে আমার জিত, কারা বলছে আমার।
ফুল কোটার সলে ফুল ঝরার মালাবদল। ওলো কলম্বরা, প্রিমার ডালাটি খুলে দেখো,
ও কী আনলে।

আজ প্রাবণের প্রিমাতে কী এনেছিস বল্, হাসির কানায় কানায় ভরা কোন্ নয়নের জল। বাদল হাওয়ার দীর্থবাসে

ব্বীবনের বেদন আসে,

ফ্ল-ফোটানোর খেলায় কেন ফ্ল-ঝরানোর হল।

কী আবেশ হেরি চাঁদের চোখে,

ফেরে সে কোন স্থানলোকে।

মন বসে রয় পথের ধারে,

জানে না সে পাবে কারে,

আসা-যাওয়ার আভাস ভাসে বাভাসে চঞ্চল।

রাজা। বেশ, বেশ, এটা মধুর লাগল বটে। নটরাজ। কিন্তু মহারাজ, কেবলমাত্র মধুর ? সেও তো অসম্পূর্ণ ?

রাজা। এই দেখো, যেমনি আমি বলেছি মধ্র অমনি তার প্রতিবাদ। তোমাদের দেশে সোজা কথার চলন নেই বৃষি ?

নটরাজ। মধুরের সঙ্গে কঠোরের মিলন হলে তবেই হয় হরপার্বতীর মিলন। সেই মিলনের গানটা ধরো।

বন্ধ-মানিক দিয়ে গাঁথা

থাষাচ় তোমার মালা।
তোমার শ্রামল শোভার বুকে
বিদ্যুতেরি জ্বালা।
তোমার মন্ত্রবলে
পাষাণ গলে, ফলল ফলে,
মক্ষ বহে আনে তোমার পায়ে ফুলের ডালা।
মরমর পাতায় পাতায়
ঝরঝর বারির রবে,
গুরু গুরু মেদের মাদল
বাজে ডোমার কী উৎসবে।
সর্জ স্থার ধারায় ধারায়
প্রাণ এনে দাও তপ্ত ধ্রায়,
বামে রাখ ভয়ংকরী
বক্তা মরণ-ঢালা।

রাজা। সব রকমের খ্যাপামিই তো হল। হাসির সজে কারা, মধুরের সজে কঠোর, এখন বাকি রইল কী ?

নটরাজ। বাকি আছে অকারণ উৎকণ্ঠা। কালিদাস বলেন, মেদ দেখলে ত্বধী মাত্র্যও আনমনা হয়ে যায়। এইবার সেই যে "অগ্রথার্ত্তি চেতঃ", সেই যে পথ-চেয়ে-থাকা আনমনা, তারই গান হবে। নাট্যাচার্য, ধরো ছে—

পুব হাওয়াতে দেয় দোলা আজ মরি মরি।

হদয়-নদীর কুলে কুলে জাগে লহরী।

পথ চেয়ে তাই একলা ঘাটে

বিনা কাজে সময় কাটে,
পাল তুলে ওই আসে তোমার স্বরেরই তরী।

ব্যথা আমার কুল মানে না বাধা মানে না,
পরান আমার ঘুম জানে না জাগা জানে না।

মিলবে যে আজ অকুল পানে,
তোমার গানে আমার গানে,
ভেসে যাবে রসের বানে আজ বিভাবরী।

নটরাজ। বিরহীর বেদনা রূপ ধ'রে দাঁড়াল, ঘনবর্ধার মেঘ আর ছায়া দিয়ে গড়া সজল রূপ। অশাস্ত বাতাসে ওর সূর পাওয়া গেল কিন্তু ওর বাণীট আছে ভোমার কঠে, মধুরিকা।

অশুভরা বেদনা দিকে দিকে জাগে।
আজি শ্রামল মেঘের মাঝে
বাজে কার কামনা।
চলিছে ছুটিয়া অশাস্ত বায়,
ক্রন্দন কার তার গানে ধ্বনিছে,
করে কে সে বিরহী বিফল সাধনা।

রাজা। আর নয় নটরাজ, বিরহের পালাটাই বড়ো বেশি হয়ে উঠল, ওজন ঠিক থাকছে না।

নটরাজ। মহারাজ, রসের ওজন আয়তনে নয়। সমস্ত গাছ একদিকে, একটি ফুল একদিকে, তবু ওজন ঠিক থাকে। অসীম জন্ধকার একদিকে, একটি ভারা এক-দিকে, তাতেও ওজনের ভূল হয় না। ভেবে দেখুন, এ সংসারে বিরহের সরোবর চারিদিকে ছলছল করছে, মিলনপদ্মটি ভারই বুকের একটি তুর্লভ ধন।

রাজকবি। তাই না হয় হল কিন্তু অশ্রুবাশের কুয়ালা ঘনিয়ে দিয়ে সেই পদ্মটিকে একেবারে লুকিয়ে কেললে তো চদবে না।

নটরাজ। মিলনের আন্নোজনও আছে। খুব বড়ো মিলন, অবনীর সঙ্গে গগনের। নাট্যাচার্য একবার শুনিয়ে দাও তো।

ধরণীর গগনের মিলনের ছন্দে
বাদল বাতাস মাতে মালতীর গন্ধে।
উৎসবসভা মাঝে
প্রাবণের বীণা বাজে,
শিহরে শ্রামল মাটি প্রাণের আনন্দে।
তৃই কৃল আকুলিয়া অধীর বিভক্তে
নাচন উঠিল জেগে নদীর তরকে।
কাঁপিছে বনের হিয়া
বরষনে মুখরিয়া,
বিজ্ঞালি ঝলিয়া উঠে নবঘন মজে।

রাজা। আ:, এতক্ষণে একটু উৎসাহ লাগল। থামলে চলবে না। দেখো না, ভোমাদের মাদলওআলার হাত ত্টো অস্থির হয়েছে, ওকে একটু কাজ দাও।

নটরাজ। বলি ও ওস্তাদ, ওই যে দলে দলে মেঘ এসে জুটল, ওরা যে খ্যাপার মতো চলেছে। ওদের সঙ্গে পাল্লা দিয়ে চলো না, একেবারে মৃদক্ষ বাজিয়ে বুক ফুলিয়ে যাত্রা জ্বমে উঠুক না স্থার কথায় মেঘে বিত্যুতে ঝড়ে।

পৰিক মেঘের দল জোটে ঐ প্রাবণ-গগন-অন্ধনে।
মন রে আমার, উধাও হয়ে নিরুদ্দেশের সন্ধ নে।
দিক-হারানো হু:সাহসে
সকল বাধন পড়ুক খসে,
কিসের বাধা ঘরের কোণের শাসন-সীমা লক্ষনে।
বেদনা ভোর বিজুলশিখা জলুক জন্ধরে;
সর্বনাশের করিস সাধন বজ্ঞ-মন্ধরে।
জন্ধানাতে করবি গাহন,
বাড় সে পথের হবে বাহন,
শেষ করে দিস জ্ঞাপনারে তুই প্রলয়রাতের ক্রন্সনে।

রাজকবি। ওই বে আবার ঘুরে ফিরে এজেন সেই 'অজানা' সেই ডোমার 'নিক্লদেশ'। মহারাজ, আর দেরি নেই, আবার কালা নামল বলে।

নটরাজ। ঠিক ঠাউরেছ। বোধ হচ্ছে চোধের জলেরই জিড। বর্ধার রাতে সাধিহারার স্বপ্নে অজানা বন্ধ ছিলেন অন্ধকার ছায়ায় স্বপ্নের মডো; আজ বৃঝি বা শ্রাবণের প্রাতে চোথের জলে ধরা দিলেন। মধুরিকা, ভৈরবীতে কঙ্কণ স্বর লাগাও, তিনি তোমার হৃদয়ে কথা কবেন।

বন্ধু, রহো রহো সাথে
আজি এ সদন জ্ঞাবণপ্রাতে।
ছিলে কি মোর স্থপনে
সাথিহারা রাতে।
বন্ধু, বেলা বুধা যায় রে
আজি এ বাদলে আকুল হাওয়ায় রে।
কথা কও মোর হৃদয়ে
হাত রাখো হাতে।

রাজা। কালা হাসি বিরহ মিলন সব রকমই তো খণ্ড খণ্ড করে হল, এইবার বর্ষার একটা পরিপূর্ণ মৃতি দেখাও দেখি।

নটরাজ। ভালো কথা মনে করিয়ে দিলেন মহারাজ। নাট্যাচার্য, তবে ওইটে শুরু করো।

ঐ আসে ঐ অতি ভৈরব হরবে,
জলসিঞ্চিত ক্ষিতি-সৌরভ-রভসে,
ঘনগৌরবে নবযৌধনা বরধা,
স্তাম গন্তীর সরসা।
শুক্ষ গর্জনে নীল অরণ্য শিহরে
উতলা কলাপী কেকা-কলরবে বিহরে;
নিধিল-চিন্ত-হরধা
ঘনগৌরবে আসিছে মন্ত ব্রধা।
কোপা তোরা অরি তর্লনী প্রিক-ললনা,
জনপদবধ্ তড়িৎ-চক্তি-নয়না,
মালতী-মালিনী কোপা প্রিক-পরিচারিকা,
কোপা ভোরা অভিসারিকা।

ঘনষনতলে এস ঘননীলবসনা,
ললিত নৃত্যে বাজুক শ্বর্ণনানা,
আনো বীণা মনোহারিকা।
কোণা বিরহিণী, কোণা তোরা অভিসারিকা।
আনো মৃদল, ম্রজ, ম্রলী মধুরা,
বাজাও শব্দ, ছলুরব করো বধুরা,
এসেছে বরষা, ওগো নব অল্পরাগিণী,
ওগো প্রিয়ন্থভাগিনী।
ক্রক্টিরে, অয়ি ভাবাকুললোচনা,
ভর্জপাভায় করো নবগীত রচনা

ভূ**র্জপাতার করে।** নবগীত রচনা মেঘমল্লার রাগিণী।

এসেছে বরষা, ওগো নব অহুরাগিণী।
কেতকীকেশরে কেশপাশ করো স্থরভি,
ক্ষীণ কটিতটে গাঁথি লয়ে পরো করবী,
কদমরেণু বিছাইয়া দাও শয়নে,

অঞ্জন আঁকো নয়নে।
তালে ভালে হৃটি কদ্বণ কনকনিয়া,
ভবনশিধীরে নাচাও গনিয়া গনিয়া

শ্বিত-বিকসিত বয়নে;
কদম্বরেণু বিছাইয়া ফুল-শ্বনে।
এসেছে বরষা, এসেছে নবীনা বরষা,
গগন ভরিয়া এসেছে ভূবন-ভরসা,
ছুলিছে প্রনে সন সন বনবীধিকা,

গীতময় ভক্লতিকা।

শতেক যুগের কবিদলে মিলি আকাশে
ধ্বনিয়া ভূলিছে মন্তমদির বাতাসে

শতেক যুগের গীতিকা,

শত শত গীত-মুধরিত বনবীধিকা।

রাজা। বাং, বেশ জমেছে। আমি বলি আজকের মতো বাদলের পালাই চলুক। নটরাজ। কিন্তু মহারাজ দেখছেন না, মেদে মেদে পালাই-পালাই ভাব। শেষ কেরাফুলের গন্ধে বিদায়ের স্থর ডিজে হাওরায় ভরে উঠল। ওই যে 'এবার আমার গেল বেলা' বলে কেতকী।

একলা বসে বাদলনেষে শুনি কত কী।

'এবার আমার গেল বেলা' বলে কেতকী।

বৃষ্টি-সারা মেদ দে তারে

ডেকে গেল আকাশপারে,

তাই তো সে যে উদাস হল

নইলে যেত কি।

ছিল সে যে একটি ধারে বনের কিনারায়,

উঠত কেঁপে তড়িং-আলোর চকিত ইশারায়।

শ্রাবণ-দন অন্ধকারে

গন্ধ যেত অভিসারে,

সন্ধ্যাতারা আড়াল থেকে

খবর পেত কি।

রাজা। নটরাজ, বাদলকে বিদায় দেওয়া চলবে না। মনটা বেশ ভরে উঠেছে। নটরাজ। তাহলে কবির সঙ্গে বিরোধ বাধবে। তাঁর পালায় বর্ধা এবার ধাব যাব করছে।

রাজা। তুমি তো দেখি বিদ্রোহী দলের একজন, কবির কথাই মান, রাজার কথা মান না ? আমি যদি বলি ষেতে দেব না ?

নটরাজ। তাহলে আমিও তাই বলব। কবিও তাই বলবে। ওগো রেবা, ওগো করুণিকা, বাদলের শ্রামল ছায়া কোন্ লজ্জায় পালাতে চায় ?

नांगां । नांद्रांक, ७ वन ६ ७व मभग्र भिन।

নটরাজ। গেলই বা সময়। কাজের সময় যখন যায় তখনই তো শুরু হয় অকাজের খেলা। শরতের আলো আসবে ওর সঙ্গে খেলতে। আকাশে হবে আলোয় কালোয় যুগল মিলন।

শ্বামল শোভন প্রাবণ-ছারা, নাই বা গেলে
সঞ্জল বিলোল আঁচল মেলে।
পুব হাওয়া কয়, 'ওর যে সময় গেল চলে',
শর্থ বলে, 'ভয় কী সময় গেল বলে,

বিনা কাজে আকাশ মাঝে কাটবে বেলা
'অসময়ের থেলা থেলে"।
কালো মেষের আর কি আছে দিন।
ও ষে হল সাথিহীন।
প্র হাওয়া কর, "কালোর এবার যাওয়াই ভালো",
শরৎ বলে, "মিলবে যুগল কালোয় আলো,
সাজবে বাদল সোনার সাজে আকাশ মাঝে
কালিমা ওর ঘূচিয়ে কেলে"।

নটরাজ। শরতের প্রথম প্রভাবে ওই যে শুকতারা দেখা দিল অদ্ধকারের প্রান্তে। মহারাজ দয়া করবেন, কথা কবেন না।

রাজা। নটরাজ, ভূমিও তো কথা কইতে কল্মর কর না। নটরাজ। আমার কথা যে পালারই অঙ্গ।

রাজা। আর আমার হল তার বাধা। তোমার যদি হয় জলের ধারা, আমার না হয় হল ছড়ি, তুইয়ে মিলেই তো ঝরনা। স্পষ্টতে বাধা যে প্রকাশেরই অল। যে বিধাতা রসিকের স্পষ্ট করেছেন অরসিক তাঁরই স্পষ্টি, সেটা রসেরই প্রয়োজনে।

নটরাজ। এবার ব্ঝেছি আপনি ছন্মরসিক, বাধার ছলে রস নিংড়ে বের করেন। আর আমার জয় রইল না। গীভাচার্ব গান ধরো।

দেখো শুকভারা আঁখি মেলি চার
প্রভাতের কিনারার।
ভাক দিয়েছে রে শিউলি ফুলেরে
আর আর আর আর।
ও যে কার লাগি জালে দীপ,
কার ললাটে পরার টিপ,
ও যে কার আগমনী গায়—
আর আর আর।
আগো জাগো, স্বী,
কাহার আশার আকাশ উঠিল পুলকি।
মালভীর যনে বনে
ওই শুন ক্ষণে ক্ষণে
কৃহিছে শিশিরবায়
'আর আর আর।

নটরাজ। ওই দেখুন শুকভারার ভাক পৃথিবীর বনে পোঁছেছে। আকাশের আলোকের যে লিপি সেই লিপিটিকে ভাষান্তরে লিখে দিল ওই শেকালি। সে লেখার শেষ নেই, ভাই বারে বারেই অপ্রান্ত বারা আর কোটা। দেবভার বাণীকে যে এনেছে মর্ভো, ভার বাধা কজন বোঝে? সেই কঞ্চণার গান সন্ধ্যার স্থবে ভোমরা ধরো।

প্রলো শেকালি,

সর্জ ছায়ার প্রদোবে তুই জালিস দীপালি।

তারার বাণী আকাশ থেকে

তোমার রূপে দিল এঁকে

জামল পাতার থরে থরে আখর রূপালি।

বুকের খসা গন্ধ-আঁচল রইল পাতা সে

কাননবীধির গোপন কোণের বিবশ বাতাসে।

সারাটা দিন বাটে বাটে

নানা কাজে দিবস কাটে,

আমার সাঁবো বাজে তোমার করুণ ভূপালি।

রাজা। নটরাজ, জ্মন শুক্তারাতে শেকালিতে ভাগ করে করে শরৎকে দেখাবে কেমন করে ?

নটরাজ। আর দেরি নেই, কবি ফাদ পেতেছে। যে মাধুরী হাওয়ায় হাওয়ায় আভাসে ভেসে বেঁড়ায় সেই ছায়ারূপটিকে ধরেছে কবি আপন গানে। সেই ছায়ারূপিণীয় নৃপুর বাজ্ঞল, কম্বণ চমক দিল কবির স্থরে, সেই স্থরটিকে ভোমাদের কঠে জাগাও ভো।

বে-ছায়ারে ধরব বলে করেছিলেম পণ
আজ সে মেনে নিল আমার গানেরি বন্ধন।
আকালে যার পরল মিলার
লবং মেদের ক্ষণিক লীলার
আপন করে আজ শুনি তার নৃপ্রক্তমন।
অলস দিনের হাওরার
গঙ্কণানি মেলে যেত গোপন আসায়াওয়ার।
আজ শরতের ছারানটে
মোর রাগিণীর মিলন ঘটে
সেই মিলনের তালে তালে বাজার সে ক্রমণ।

निवास । एस मासित पूर्णि धरत এইবার আত্মন महरू । मसम हास्त्रांत माम

थिय यांक—चांकात्म चांत्माक-मजनत्मत छेन छिनि हत्रन वाष्त्र, नितक निनस्य त्म विक्रमिल इत्य छेर्ट्रक।

এস ধরতের অমল মছিমা,
এস হে ধীরে।

চিত্ত বিকাশিবে চরণ বিরে।

বিরহ-ভরকে অকুলে সে বে লোলে

দিবাধামিনী আকুল সমীরে।

वामननन्त्रीत প্रবেশ

রাজা। ও কী হল নটরাজ, সেই বাদললন্ধীই তো ফিরে এলেন; মাধার সেই অবগুঠন। রাজার মানই তো রইল, কবি তো শর্মকে আনতে পারলেন না।

নটরাজ। চিনতে সময় লাগে মহারাজ। ভোররাজ্রিকেও নিশীধরাত্তি বলে ভূল হয়। কিন্তু ভোরের পাধির কাছে কিছুই লুকোনো থাকে না; অন্ধকারের মধ্যেই সে আলোর গান গেরে ওঠে। বাদলের ছলনার জিতর থেকেই কবি শরৎকে চিনেছে, তাই আমন্ত্রণের গান ধরল।

ওগো শেকালিবনের মনের কামনা,

কেন স্থার গগনে গগনে

আছ মিলায়ে পবনে পবনে

क्ति किव्रत किव्रत क्षेत्रिया

यां अ विविद्य विविद्य शिवा

কেন চপল আলোতে ছায়াতে

আছ পুকারে আপন মায়াতে

जूमि भ्रां धिवा हिल्ड बारमा ना।

জি মাঠে মাঠে চলো বিহুন্নি, ভূণ উঠুক শিহুন্নি শিহুন্নি।

बांच्या जामभद्भववीष्यत्व,

वारमा ज्यान हात्राहित रखत्न,

এস সৌরভ ভরি জাঁচলে,

আঁথি আঁকিয়া শুনীল কাজলে,

मम - ट्रांट्यन नम्ट्य व्यन्तक बारमा ना ॥-

সোনার স্থপন সাধের সাধনা। षाकुन शनि ७ तामत्न, वाटि पियरम चर्मान त्यांधरन, कांगि' (जानांकि अमेश-मानिका, নিশীপ-তিমির পালিকা, ভবি প্রাতে কুত্মমের সাজি সাজায়ে, बिल्लि-बाँबन वाकारम, नात्व করেছে তোমার স্ততি-আরাধনা। ওগো সোনার স্থপন, সাধের সাধনা। ७इ বসেছ শুভ্ৰ আসনে নিথিলের সম্ভাষণে। আজি আহা শ্বেতচন্দনতিলকে আজি তোমারে সাজায়ে দিল কে ? আহা বরিল তোমারে কে আজি তুঃখ-শয়ন তেয়াজি', ভার

তুমি ঘুচালে কাহার বিরহ-কাদনা।

নটরাজ। প্রিয়দর্শিকা, সময় হয়েছে, এইবার বাদললক্ষীর অবগুঠন খুলে দেখো। চিনতে পারবে সেই ছদ্মবেশিনীই শরংপ্রতিমা। বর্ষার ধারায় যায় কণ্ঠ গদগদ, শিউলিবনে তাঁরই গান, মালতী বিতানে তাঁরই বাশির ধ্বনি।

এবার অবগুঠন থোলো।
গহন মেঘমায়ায় বিজ্ঞন বনছায়ায়
তোমার আলসে অবলুঠন সারা হল।
শিউলি-সুরভি রাতে
বিকশিত জ্যোৎস্নাতে
মৃত্ মর্মর গানে তব মর্মের বাণী ব'লো।
গোপন অঞ্জলে মিলুক শ্রম-হাসি--মালভীবিতানতলে বাজ্ক বধুর বালি।

শিশিরসিক্ত বামে বিশ্বড়িত আলোছায়ে

বিরহ্মিলনে গাঁধা নব প্রাণয়দোলায় দোলো। [অবভঠন মোচন

নটরাজ। অবগ্রন্থ তো খুল্ল। কিন্তু এ কী দেখলুম। এ কি স্থপ, না বাণী? এ কি আমার মনেরই মধ্যে, না আমার চোধেরই সামনে?

ভোমার নাম জানিনে স্থর জানি।
ভূমি লরৎপ্রাভের আলোর বাণী।
গারাবেলা লিউলিবনে
আছি মগন আপন মনে,
কিসের ভূলে রেখে গেলে
আমার বুকে ব্যথার বালিখানি।
আমি যা বলিভে চাই হল বলা,
ওই লিলিরে লিলিরে অম্রুগলা।
আমি যা দেখিভে চাই প্রাবের মাঝে
সেই মুরভি এই বিরাজে,
ছায়াভে আলোভে জাঁচল গাঁথা
আমার অকারণ বেদনার বীণাপাণি।

রাজা। শরৎশী কাকে ইশারা করে ডাকছে? বলো ভো এবার কে আসবে? নটরাজ। উনি ডাকছেন স্থলরকে। যা ছিল ছারার কুঁড়ি তা ফুটল আলোর ফুলে। গানের ভিতর দিয়ে ডাকিয়ে দেখুন।

युन्दत्रम् প্रবেশ

কার বাঁশি নিশিভোরে বাজিল মোর প্রাণে ?
ফুটে দিগজে অঙ্গণ-ক্ষিরণ-ক্ষিত্রণ।
শরতের আলোতে স্থলর আলে,
ধরণীর আঁখি যে শিশিরে ভাসে
হাদয়কুঞ্জবনে মঞ্জবিল

यधुत्र त्यकामिका।

রাজা। নটরাজ, শরংগজীর সহচরটি এরই মধ্যে চঞ্চল হরে উঠলেন কেন?
নটরাজ। শিশির শুকিয়ে যার, শিউলি করে পড়ে, আখিনের সালা মেব আলোর
যার মিলিয়ে। ক্ষবিকের অভিধি ঘর্গ থেকে মর্ড্যে আলোন। কাঁদিরে দিয়ে চলে যান।
এই বাওরাজাসার স্বর্গমর্ভ্যের মিলনপথ বিরহের ভিতর দিয়ে পুলে যার।

হে ক্ষণিকের অতিথি,

এলে প্রভাতে কারে চাছিয়া,

ঝরা শেকালিয় পথ বাছিয়া।

কোন্ অমরার বিরহিণীরে

চাছনি কিরে,

কার বিষাদের শিশিরনীরে

এলে নাছিয়া।

ওগো অকরুণ, কী মায়া জান,

মিলনছলে বিরহ আন।

চলেছ পথিক আলোক-যানে
আঁধারপানে,

মন-ভ্লানো মোহন ভানে

গান গাছিয়া।

নটরাজ। এইবার কবির বিদায় গান। বাঁশি হবে নীরব। যদি কিছু বাকি থাকে সে থাকবে শ্বরণের মধ্যে।

আমার রাত পোহাল শারদ প্রাতে।
বাঁশি, তোমার দিরে যাব কাহার হাতে।
তোমার বৃকে বাজ্ঞল ধরনি
বিদারগাণা, আগমনী, কত যে,
কাস্তনে শ্রাবণে, কত প্রভাতে রাতে।
যে কথা কর প্রাণের ভিতর অগোচরে
গানে গানে নিরেছিলে চুরি করে।
সময় যে তার হল গত
নিশিশেষের তারার মতো
তারে শেষ করে দাও শিউলিফ্লের মন্ত্রণ সালে।

রাজা। ও কী। একেবারে শেষ হয়ে পেল নাকি? কেবল মুদণ্ডের জন্তে গান বাঁধা হল, গান সারা হল। এত সাধনা, এত আয়োজন, এত উৎকণ্ঠা—তার পরে?

নটরাজ। 'তার পরে' প্রশ্নের উত্তর নেই সব চুপ। এই তো স্পান্তর লীলা এ তো ক্বপণের পুঁজি নয়। এ যে আনন্দের অমিতব্যয়। মৃকুল ধরেও হেমন বারেও তেমনি। বালিতে যদি গান বেজে থাকে সেই তো চরম। তার পরে ? কেউ চুপ করে লোনে, কেউ গলা ছেড়ে ভর্ক করে। কেউ মনে রাখে, কেউ ভোলে, কেউ ব্যক্ত করে। ভাতে কী আসে বার ?

গান আমার যার ভেসে যার,
চাসনে কিরে দে তারে বিদার।
সে যে দখিন হাওয়ার মুক্ল করা,
ধুলার আঁচল হেলায় ভরা,
সে যে লিনিরফোটার মালা গাঁথা বনের আঙিনায়।
কাদন-হাসির আলোছায়া সারা অলস বেলা,
মেষের গায়ে রঙের মায়া খেলার পরে খেলা
ভূলে যাওয়ার বোঝাই ভরি
গেল চলে কভই তরী
উজ্ঞানবায়ে কেরে যদি কে রয় সে আশায়।

রাজা। উত্তম হয়েছে। রাজকবি। আরও অনেক উত্তম হতে পারত।

निति श्का

নাট্যোলিখিত পাত্ৰীগণ

লোকেশ্বরী

মলিকা

वागवी, नना, ब्रष्टावनी, व्यक्तिण, छजा

उर्भमभर्गा

শ্রীমতী

মালতী

वाक्षकिः करो ७ विक्नीशन

वाक्यश्रितो, यहावाक विविजादाव পत्री

महातानी लाक्यतीय महत्ती

वाष्ट्रमात्रीगन

বৌদ্ধ ভিক্ৰী

বৌদ্ধর্যবৃতা নটী

বৌদ্ধর্যাত্রপাণিণী পল্লীবালা, শ্রীমতীর সহচরী

সূচনা

ভিক্ষু উপালির প্রবেশ

গান

পূর্বগগনভাগে

দীপ্ত হইল স্প্রপ্রভাত
তরুণারুণরাগে।
ভ্র শুভ মৃহুর্ত আজি
সার্থক কর রে,
অমৃতে ভর রে

অমিত পুণ্যভাগী কে

खाल, क खाल।

কে আছ ? ভিক্ষা চাই, ভগবান বুদ্ধের নামে ভিক্ষা আমার।

নটীর প্রবেশ ও প্রণাম

ভভন্তবৰ্তু কল্যাণম্। বংসে, তুমি কে ?
নটী। আমি এই রাজবাড়ির নটী।
উপালি। এই পুরীতে আজ একা কেবল তুমিই জেগে ?
নটী। রাজকল্যারা সকলেই ঘূমিয়ে আছেন।
উপালি। ভগমান বুদ্ধের নামে ভিক্ষা চাই।
নটী। প্রভু, অহুম ত কল্পন, রাজকল্যাদের ভেকে আনি।
উপালি। আজ ভোমারই কাছে ভিক্ষা জানাতে এসেছি।
নটী। আমি যে অভাগী। প্রভুর ভিক্ষাপাত্রে আমার দান কৃষ্টিত হবে। কা দেব

উপালি। ভোমার যা শ্রেষ্ঠ দান।
নটী। আমার মধ্যে শ্রেষ্ঠ কী সে ভো আমি জানিনে।
উপালি। না, ভগবান ভোমাকে দরা করেছেন, ভিনি জানেন।
নটী। প্রাস্থ্য, ভাহলে ভিনি স্বয়ং ভুলে নিন যা আছে আমার।

উপালি। তাই নেবেন, তোমার পূজার ফুল। ঋতুরাজ বসস্ত যেমন করে পূজা-বনের আত্মদানকে আপনিই জাগিয়ে তোলেন। তোমার সেইদিন এসেছে আমি তোমাকে জানিয়ে গেলুম। তুমি ভাগ্যবতী।

নটী। আমি অপেকা করে থাকব।

[প্রস্থান

রাজকন্তাদের প্রবেশ

প্রভু, জিক্ষা নিয়ে যান। কিরে যাবেন না, কিরে যাবেন না। এ কী হল ? চলে গেলেন ?

রত্বাবলা। ভয় কা ভোমাদের, বাসবা ? ভিক্ষা নেবার লোকের অভাব নেই— ভিক্ষা দেবার লোকই কম।

নদা। নারত্না, ভিক্ষা নেবার লোককেই সাধনা করে খুঁজে পেতে হয়। আজকের দিন বার্থ হল।

निव श्का

श्रिका लक्ष

মগধপ্ৰাদাদ কুঞ্জৰনে

यहात्रांनी लाक्यत्री, जिन्नुनी उंद्रभन्भनी

लाक्ष्मत्रो। महात्राच विश्विनात्र व्याच व्यामाक श्वतन करत्रह्न ?

जिन्द्री। है।।

লোকেশরী। আজ তাঁর জলোকচৈত্যে পূজা আয়োজনের দিন— সেইজন্তেই বৃঝি ? ভিক্ষী। আজ বসম্বপূর্ণিমা।

लात्कचतो। भूका १ कात्र भूका १

किक्नी। आक क्रगवान वृत्कत क्रामारमव – काँव छेक्त भूका।

লোকেশ্বরী। আর্থপুত্রকে ব'লো গিয়ে আমার সব পূজা নিংশেষে চুকিয়ে দিয়েছি। কেউ বা ফুল দেয় দীপ দেয়—আমি আমার সংসার শৃশু করে দিয়েছি।

जिक्नी। को वनइ महातानी ?

লোকেশরী। আমার একমাত্র ছেলে, চিত্র—রাজপুত্র আমার,— তাকে ভূলিরে নিরে গেল ভিক্করে। তবু বলে পূজা দাও। লতার মূল কেটে দিলে তবু চার ফুলের মঞ্জরী।

ভিস্ণী। বাকে দিয়েছ তাকে ছারাওনি। কোলে বাকে পেয়েছিলে আজ বিখে তাকেই পেয়েছ।

লোকেশ্বরী। নারী, ভোমার ছেলে আছে ?

जिन्नी। ना।

लांक्यवी। कांत्रांकिन हिन ?

जिन्द्नी। ना। ज्यामि अथमसन्नद्रमष्टे विश्वा।

लांक्यती। जाहल हुन करता। त्य-क्या जान ना मि-क्या व ला ना।

ভিস্পী। সহায়ানী, সভাধৰ্ষকে ভূমিই ভো রাজাভঃপুরে সকলেয় প্রথমে আহ্বান করে এনেছিলে ? ভবে কেন আজ— লোকেশ্বরী। আশ্চর্য—মনে আছে তো দেখি! ভেবেছিলেম সে-কণা বৃষি ভোমাদের শুরু ভূলে গিয়েছেন। ভিন্নু ধর্মক্ষচিকে ভাকিয়ে প্রতিদিন কল্যাণপঞ্চবিংশতিকা পাঠ করিয়ে তবে জল গ্রহণ করেছি, এক-শ ভিন্নুকে অয় দিয়ে তবে ভাঙত আমার উপবাস, প্রতিবংসর বর্ষার শেষে সমস্ত সংঘকে ত্রিচীবর বস্ত্র দেওয়া ছিল আমার ব্রত। বৃদ্ধের ধর্মবৈরী দেবদন্তের উপদেশে যেদিন এখানে সকলেরই মন টলমল, একা আমি অবিচলিত নিষ্ঠায় ভগবান তথাগতকে এই উত্যানের অশোকতলায় বসিয়ে সকলকে ধর্মতন্ত্ব শুনিয়েছি। নিষ্ঠুর, অক্বতজ্ঞা, শেষে এই পুরস্কার আমারই! যে-মহিষীয়া বিদ্ধেষে জলেছিল, আমার অয়ে বিষ মিলিয়েছে যারা, তাদের তো কিছুই হল না, তাদের ছেলেরা তো রাজভোগে আছে।

ভিক্ণী। সংসারের মূল্যে ধর্মের মূল্য নয় মহারানী। সোনার দাম আর আলোর দাম কি এক ?

লোকেশ্বরী। যেদিন দেবদন্তের কাছে আত্মসমর্পণ করেছিলেন কুমার অঞ্চাতশক্র, আমি নির্বোধ সেদিন হেসেছিলেম। ভেবেছিলেম ভাঙা ভেলায় এরা সমূল পার হতে চায়। দেবদত্তের শক্তির জোরে পিতা থাকতেই রাজা হবেন এই ছিল তাঁর আশা। আমি নির্ভয়ে সগর্বে বললেম, দেবদত্তের চেয়েও যে-গুরুর পুণ্যের জোর বেশি তাঁর প্রসাদে অমঙ্গল কেটে যাবে। এত বিশ্বাস ছিল আমার। ভগবান বৃদ্ধকে— শাক্যসিংহকে—আনিয়ে তাঁকে দিয়ে আর্থপুত্রকে আশীর্বাদ করালেম। তবু জয় হল কার?

ভিক্নী। তোমারই। সেই জয়কে অস্তর থেকে বাইরে ফিরিয়ে দিয়ো না। লোকেশরী। আমারই!

ভিশ্বী। নয় তো কী! পুত্রের রাজ্যলোভ দেখে মহারাজ বিশ্বিসার স্বৈচ্ছায় ষেদিন সিংহাসন ছেড়ে দিতে পারলেন সেদিন তিনি ষে রাজ্য জয় করেছিনেন—

লোকেশরী। সে রাজ্য মৃথের কথা, ক্ষত্রিয় রাজার পক্ষে সে বিজ্ঞপ। আর আমার দিকে তাকাও দেখি। আমি আজ স্বামীসন্তে বিধবা, পুত্রসন্তে পুত্রহীনা, প্রাসাদের মাঝখানে থেকেও নির্বাসিতা। এটা তো মৃথের কথা নয়। যারা তোমাদের ধর্ম কোনো দিন মানেনি তারা আজ আমাকে দেখে অবজ্ঞায় হেসে চলে যাছে। তোমরা যাকে বল শ্রীবক্সসন্ত, আজ কোথায় তিনি—পভূক না তাঁর বক্স এদের মাধার।

ভিক্ণী। মহারানী, এর মধ্যে সভ্য আছে কোপায়। এ ভো ক্ষণকালের স্থপ— যাক না ওরা হেসে।

लाक्यती। यथ वर्ष ! ज এह यथें जामि हाहरन। आमि हाहे अश यथें।,

यात्क यत्न विख, यात्क यत्न भूख, यात्क यत्न मान। त्मरे अत्य विकश्चिष्ठ रूप्त अरेपितक यात्रा माथा केंद्र करत्र त्यकात्क्वन, यत्ना ना काल्यत्र भिरत्र भूत्वा पिन ना कांद्रा।

- जिम्मी। याहे छदर।

লোকেশরী। যাও, কিন্তু আমার মতো নির্বোধ নয় ওরা। ওদের কিছুই হারাবে না, সবই ধাকবে,—ওরা ভো বৃদ্ধকে মানেনি, শাক্যসিংছের দয়া ভো ওদের উপর পড়েনি, তাই বেঁচে গেল, বেঁচে গেল ওরা। অমন স্তব্ধ হরে দাঁড়িয়ে আছ কেন? ধৈর্বের ভান করতে শিখেছ?

লোকেশ্রী। ধৈর্ঘ ভন্ধ হয় তবু মনে মনে কেবল আমাদের ক্ষাই করছ। তোমাদের এই নীরব স্পর্ধা অসহা। যাও। _____ [ভিক্নীর প্রস্থানোগ্রম

শোনো শোনো, ভিন্দুণী। চিত্ৰ কী একটা নতুন নাম নিয়েছে। জ্বান তুমি? ভিন্দুণী। জ্বানি, কুশলশীল।

লোকেশরী। যে-নামে তার মা তাকে ডেকেছে সেটা আব্দ তার কাছে অশুচি! তাই ফেলে দিয়ে চলে গেল।

ভিক্ষণী। মহারানী ধদি ইচ্ছা কর তাঁকে একদিন ভোমার কাছে আনতে পারি। লোকেশ্বরী। আমি ইচ্ছা করতে যাব কোন্ লক্ষায়। আর আজ তুমি আনবে তাকে আমার কাছে, বে প্রথম এনেছে তাকে এই পৃথিবীতে!

जिक्नी। ज्रात जात्म करता जामि गाँह।

লোকেশরী। একটু থামো। তোমার সঙ্গে তার দেখা হয়?

जिक्नी। इय।

लाक्षित्री। व्याक्रा, व्कवाद ना इत्र जाक-वित्र मना, शाक्।

ভিক্ষী। আমি তাঁকে বলব। হয়তো তাঁর সঙ্গে তোমার দেখা হবে। প্রশ্বান লোকেশরী। হয়তো, হয়তো, হয়তো! নাড়ীর রক্ত দিয়ে তাকে তো পালন করেছিলাম, তার মধ্যে 'হয়তো' ছিল না। এতদিনের সেই মাতৃষ্ণণের দাবি আজ এই একটু খানি হয়তো-য় এসে ঠেকল। একেই বলে ধর্ম! মল্লিকা।

মল্লিকার প্রবেশ

मिका। (मरी।

लांक्यती। क्यांत्र ज्ञांक ज्ञांक अर्वाप लाल ?

মলিকা। পেয়েছি। দেবদন্তকে আনতে গেছেন। এ-রাজ্যে ত্রিরত্ব-পূজার কিছুই বাকি থাকবে না। লোকেশ্বরী। ভীক্ষ! রাজার সাহস নেই রাজত্ব করতে। বৃদ্ধ-ধর্মের কত যে শক্তি তার প্রমাণ তো আমার উপর দিয়ে হয়ে গেছে। তবু ওই অপদার্থ দেবদত্তের আড়ালে না দাঁড়িয়ে এই মিধ্যাকে উপেক্ষা করতে ভরসা হল না।

মিলকা। মহারানী যাদের অনেক আছে তাদেরই অনেক আশহা। উনি রাজ্যেশ্বর, তাই তরে ভয়ে সকল শক্তির সম্বেই সন্ধির চেষ্টা। বৃদ্ধশিয়ের সমাদর যথন বেশি হয়ে যায় অমনি উনি দেবদত্ত শিশ্বদের ভেকে এনে তাদের আরও বেশি সমাদর করেন। ভাগ্যকে হই দিক থেকেই নিরাপদ করতে চান।

লোকেশ্বরী। আমার ভাগ্য একেবারে নিরাপদ। আমার কিছুই নেই, তাই মিধ্যাকে সহায় করবার তুর্বলবৃদ্ধি ঘুচে গেছে।

মন্নিকা। দেবী, ভিক্ষ্ণী উৎপলপর্ণার মতোই তোমার এ কথা। তিনি বলেন, লোকেশ্বরী মহারানীর ভাগ্য ভালো, মিথ্যা যে সব থোঁটায় মাহ্ম্যকে বাঁধে, ভগবান মহাবোধির রূপায় সেই সব থোঁটাই তাঁর ভেঙে গেছে।

লোকেশ্বরী। দেখো ওই সব বানানো কথা শুনলে আমার রাগ ধরে। তোমাদের অতিনির্মল ফাঁকা সত্য নিয়ে তোমরা থাকো, আমার ওই মাটিতে মাথা খুঁটি কটা আমাকে কিরিয়ে দাও। তাহলে আবার না হয় অশোকচৈত্যে দ্বীপ জালব, এক-শ শ্রমণকে অন্ন দেব, ওদের যত মন্ত্র আছে সব একধার থেকে আবৃত্তি করিয়ে যাব। আর তা যদি না হয় তো আস্থন দেবদন্ত, তা তিনি সাঁচচাই হ'ন আর ঝুঁটোই হ'ন। যাই, একবার প্রাসাদ শিখরে গিয়ে দেখিগে এঁরা কতদ্রে।

বীণা হস্তে শ্রীমতীর প্রবেশ

শ্রীমতী। (লতাবিতানতলে আসন বিছাইয়া, দুরে চাছিয়া) সময় হল, এস তোমরা।

আপন মনে গান
নিশীপে কী কয়ে গেল মনে,
কী জানি কী জানি।
সে কি খুমে সে কি জাগরণে,
কী জানি কী জানি।
মালতীর প্রবেশ

মালতী। তুমি শ্রীমতী ? শ্রীমতী। হাঁ গো, কেন বলো ভো। মালতা। প্রতিহারী পাঠিয়ে দিলে ভোমার কাছে গান শিখতে।

শ্ৰীমতী। প্ৰাসাদে ভোমাকে ভো পূৰ্বে কথনো দেখিনি।

মালতী। নতুন এসেছি গ্রাম থেকে, আমার নাম মালতী।

শ্রীমতী। কেন এলে বাছা ? সেধানে কি দিন কাটছিল না ? ছিলে পৃজার ফুল, দেবতা ছিলেন খুলি; ছবে ভোগের মালা, উপদেবতা হাসবে। বার্থ হবে তোমার বসস্ত। গান শিখতে এসেছ ? এইটুকু তোমার আশা ?

মালতী। সতি৷ বলব ? তার চেয়ে অনেক বড়ো আশা। বলতে সংকোচ হয়। প্রীমতী। ও, ব্ঝেছি। রাজরানী হবার ত্রাশা। পূর্বজন্মে যদি অনেক ত্ত্তৃতি করে থাক তো হতেও পার। বনের পাধি সোনার বাঁচা দেখে লোভ করে, যখন তার তানায় চাপে তৃষ্টবৃদ্ধি। যাও, যাও, ফিরে যাও, এখনো সময় আছে।

মালতা। কা তুমি বলছ, দিদি, ভালো বুঝতে পারছিনে। শ্রীমতা। আমি বলছি—

গান

বাঁধন কেন ভূষণবেশে তোরে ভোলায়, হায় অভাগী।

মরণ কেন মোহন হেলে তোরে দোলায়,

হায় অভাগী।

মালতী। তুমি আমাকে কিছুই বোঝনি। তবে স্পষ্ট করে বলি। শুনেছি একদিন ভগবান বৃদ্ধ বসেছিলেন এই আরাম-বনে অশোকভলায়। মহারাজ বিশ্বিসার সেইখানেই নাকি বেদা গড়ে দিয়েছেন।

শ্রীমতা। হা, সতা।

মালতী। রাজবাড়ির মেয়েরা সজ্জাবেলায় সেখানে পূজা দেন।—আমার যদি সে, অধিকার না থাকে আমি সেখানে ধূলা ঝাঁট দেব এই আশা করে এখানে গায়িকার দলে ভরতি হয়েছি।

শ্বীমতী। এস এস বোন, ভালো হল। রাজকন্তাদের হাতে পূজার দীপে ধোঁওয়া দেয় বেশি, আলো দেয় কম। তোমার নির্মল হাতত্থানির জন্তে অপেক্ষা ছিল। কিন্তু এ কথা তোমাকে মনে করিয়ে দিলে কে ?

মালতী। কেমন করে বলব, দিদি। আজ বাতাসে বাতাসে যে আঞ্চনের মতো কী এক মন্ত্র লেগেছে। সেদিন আমার ভাই গেল চলে। তার বরস আঠারো। হাত ধরে জিজ্ঞাসা করলেম, "কোধার বাচ্ছিস ভাই", সে বললে, "ধুঁজভে।" শ্রীমতী। নদীর সব ঢেউকেই সমূদ্র আজ্ব একডাকে ডেকেছে। পূর্ব চাঁদ উঠল।—
এ কী। তোমার হাতে যে আংট দেখি। কেমন লাগছে যে। স্বর্গের মন্দারকুঁড়ি
তো ধুলোর দামে বিকিয়ে গেল না ?

भागजी। তবে খুলে বলি—তুমি সব কথা বুঝবে।

শ্রীমতী। অনেক কেঁদে বোঝবার শক্তি হয়েছে।

মালতী। তিনি ধনী, আমরা দরিস্তা। দুর থেকে চুপ করে তাঁকে দেখেছি। একদিন নিজে এসে বললেন "মালতীকে আমার ভালো লাগে।" বাবা বললেন, "মালতার সোভাগ্য।" সব আয়োজন সারা হল যেদিন এলেন তিনি ঘারে। বরের বেশে নয় ভিক্র বেশে। কাষায়বস্তা, হাতে দণ্ড। বললেন, "যদি দেখা হয় ভো মৃক্তির পথে, এখানে নয়।"—দিদি, কিছু মনে ক'রো না—এখনো চেখে জল আসছে, মন যে ছোটো।

শ্রীমতী। চোখের জল বয়ে যাক না। মৃক্তিপথের ধুলো ওই জলে মরবে।

মালতী। প্রণাম করে বললেম, "আমার তো বন্ধন ক্ষয় হয়নি। যে আংটি পরাবে কথা দিয়েছিলে সেটি দিয়ে যাও।" এই সেই আংটি। ভগবানের আরতিতে এটি যেদিন আমার হাত থেকে তাঁর পায়ে খসে পড়বে সেইদিন মুক্তির পথে দেখা হবে।

শ্রীমতী। কত মেয়ে ঘর বেঁধেছিল, আজ তারা ঘর ভাঙল। কত মেয়ে চীবর পরে পথে বৈরিয়েছে, কে জানে সে কি পথের টানে, না পথিকের টানে ? কতবার হাত জোড় করে মনে মনে প্রার্থনা করি—বলি, "মহাপুরুষ, উদাসীন থেকে। না। আজ ঘরে ঘরে নারীর চোধের জলে তুমিই বক্তা বইয়ে দিলে, তুমিই তাদের শাস্তি দাও।" রাজবাড়ির মেয়েরা ওই আসছেন।

বাসবী নন্দা রত্নাবলী অজিত৷ মল্লিকা ভদ্রার প্রবৈশ

বাসবা। এ মেয়েট কে, দেখি দেখি। চুল চূড়া করে বেঁধেছে, অলকে দিয়েছে জবা। নন্দা, দেখে যাও, আকন্দের মালা দিয়ে বেণী কা করম উচু করে জড়িয়েছে। গলায় বৃঝি কুঁচফলের হার? শ্রীমতা, এ কোথা থেকে এল ?

শ্রীমতী। গ্রাম থেকে। ওর নাম মালতী।

রত্নাবলী। পেয়েছ একটি শিকার! ওকে শিয়া করবে বৃঝি ? আমাদের উদ্ধার করতে পারলে না, এখন গ্রামের মেয়ে ধরে মৃক্তির ব্যবসা চালাবে!

শ্রীমতী। গ্রামের মেয়ের মৃক্তির ভাবনা কী। ওখানে স্বর্গের হাভের কাজ ঢাকা পড়েনি—না ধুলায়, না মণিমাণিক্যে—স্বর্গ ভাই আপনি ওলের চিনে নেয়।

রত্বাবলী। স্বর্গে ধদি না যাই সেও ভালো কিন্তু ভোমার উপদেশের জোরে থেতে চাইনে। গণেশের ইত্রের কুপায় সিদ্ধিলাভ করতে আমার উৎসাহ নেই, বরঞ্চ যমরাজের মহিষটাকে মানতে রাজি আছি।

নন্দা। রত্মা তোমার বাহন তো তৈরিই আছে,—লন্দীর পেঁচা। দেখো তো অঞ্জিতা, শ্রীমতীকে নিয়ে কেন বিজ্ঞাপ। ও তো উপদেশ দিতে আসে না।

वागवी। अब চूপ करा थाकारे তো बानोक्ट छेलान। अरे पारथा ना, চूलि চूलि हामहा। अरो कि छेलानन हम ना ?

রত্নাবলী। মহৎ উপদেশ। অর্থাৎ কিনা, মধুরের ধারা কটুকে জয় করবে, হাস্তের ধারা ভাষ্যকে।

বাসবী। একটু ঝগড়া কর না কেন. শ্রীমতী ? এত মধুর কি সহু হয় ? মাহ্রুষকে লক্ষা দেওয়ার চেয়ে মাহ্রুষকে রাগিয়ে দেওয়া যে ঢের ভালো।

শ্রীমতী। ভিতরে তেমন ভালো যদি হতেম বাইরে মন্দর ভান করলে সেটা গামে লাগত না। কলম্বের ভান করা চাদকেই লোভা পায়। কিন্তু অমাবস্থা! সে যদি মেঘের মুখোল পরে ?

অঞ্জিতা। ওই দেখো, গ্রামের মেরেটি অবাক হয়ে ভাবছে, রাজবাড়ির মেরেগুলোর রসনায় রস নেই কেবল ধারই আছে। কী ভোমার নাম ভূলে গেছি।

मानजी। मानजी।

অব্বিতা, কী ভাবছিলে বলো না।

मामजो। पिपिटक ভालादिएमिह, जांदे वाषा मांशिक।

অজিতা। আমরা যাকে ভালোবাসি তাকেই বাধা দেবার ছল করি। রাজবাড়ির অলংকারশাস্ত্রের এই নিয়ম। মনে রেখো।

ভদ্রা। মালতী, কী একটা কথা খেন বলতে যাচ্ছিলে। বলেই ফেলোনা। আমাদের তুমি কী ভাব জানতে ভারি কোতৃহল হয়।

মালতী। আমি বলতে চাচ্ছিলেম, "হাঁ গা, ভোমরা নিজের কথা শুনতেই এত ভালোবাস, গান শোনবার সময় বয়ে যায়।"

সকলের উচ্চহাস্থ

বাসবী। হাঁ গা, হাঁ গা। রাজবাড়ির ব্যাকরণচকুকে ডাকো, ভাঁর শিক্ষা সংখাধনের শেষ পর্যস্ত পৌছয়নি।

त्रशावली। है। गा वामवी, है। गा बाखकूलमूक्टेमिनियालिका।

বাসবী। হাঁ গা রত্বাবলী, হাঁ গা ভ্ৰনমোছনলাবণ্যকোম্দী—ব্যাকরণের এ কী নৃতন সম্পদ। সম্বোধনে হাঁ গা।

मानजी। मिनि, এँ ता कि आमात्र छे भरत तां न करत्रहिन ?

নন্দা। ভয় নেই তোমার মালতী। দিগ্বালিকারা শিউলিবনে যখন শিল বৃষ্টি করে তথন রাগ ক'রে করে না, তাদের আদর করবার প্রথাই ওই।

অজিতা। ওই দেখো, শ্রীমতী মনে মনেই গান গেরে যাচছে। আমাদের কথা ওর কানেই পৌছচ্ছে না। শ্রীমতী, গলা ছেড়ে গাও না, আমরাও যোগ দেব।

শ্রীমতীর গান

নিশীপে কী করে গেল মনে, কী জানি, কী জানি। সে কি ঘুমে সে কি জাগরণে কী জানি কী জানি।

নানাকাজে নানামতে ফিরি ঘরে, ফিরি পথে

সে-কথা কি অগোচরে বাচ্ছে ক্ষণে ক্ষণে

की कानि, की कानि।

म क्षां कि ज्ञांत्रण वाशिष्ट श्रम् ,

একি ভয়, একি জয়।

সে-কথা কি কানে কানে বারে বারে কয়

"আর নয়, আর নয়।"

সে-কথা কি নানাস্থরে

वरन भारत, "हरना मृद्रत,"

সে কি বাজে বুকে মম, বাজে কি গগনে,

की जानि, की जानि।

বাসবী। মালতী, ভোমার চোখে যে জ্বল ভরে এল। এ-গানের মধ্যে কী ব্যালে বলো ভো।

মালতী। শ্রীমতী ডাক শুনেছে।

বাসবী। কার ডাক ?

মালতী। যার ভাকে আমার ভাই গেল চলে। যার ভাকে আমার---

বাসবী। কে, কে ভোমার ?

শ্রীমতী। মালতী, বোন আমার, চুপ, আর বলিসনে। চোধ মুছে ফেল্, এ কাঁদবার জারগা নয়।

বাসবী। শ্রীমন্তী, ওকে বাধা দিলে কেন? ভূমি কি মনে ভাব আমরা কেবল হাসতেই জানি?

ভন্তা। আমরা কি একেবারেই জানিনে হাসি কোন্ জারগার নাগাল পার না ? মালতী। রাজকুমারী, আজ ভৌবাতাসে বাতাসে কথা চলছে তোমরা লোননি ? নন্দা। সকালের আলোভে পদ্মের পাপড়ি খুলে যার, কিন্তু রাজপ্রাসাদের দেয়াল তো খোলে না।

लाक्षित्रीत्र প্রবেশ। সকলের প্রণাম

লোকেশ্বরী। আমি সহু করতে পারছি নে। ওই শুনছ না রাস্তার রাস্তার স্থবের ধ্বনি—ও নমো বুকার গুরবে, নম: সংঘার মহন্তমার। শুনলে এখনো আমার বুকের ভিতর তুলে ওঠে।

(कात्न हां जिया) जां बहे पामित्य (मध्या हां है। अवनहें, अपनहें। मिल्लि। (मदी भास ह'न।

লোকেশ্বরী। শাস্ত হব কিসে? কোন্ মন্ত্রে শাস্ত করবে? সেই, নমং পরমশাস্তার মহাকাক্ষণিকার—এ মন্ত্র আর নয়, আর নয়। আমার মন্ত্র, নমো বজ্রক্রোধডাকিলৈ, নমং শ্রীবক্সমহাকালায়। অন্তর দিয়ে আগুন দিয়ে রক্ত দিয়ে অগতে শাস্তি আসবে। নইলে মার কোল ছেড়ে ছেলে চলে যাবে, সিংহাসন থেকে রাজমহিমা জীর্ণপত্রের মতো ধসে ধসে পড়বে।—ডোমরা কুমারীরা এখানে কী করছ?

রত্বাবলী। (হাসিয়া) অপেক্ষা করছি উদ্ধারের। মলিন মনকে নির্মল করে এই শ্রীমতীর শিয়া হ্বার পথে একটু একটু করে এগোচ্ছি।

বাসবী। অপ্রাব্য তোমার এই অত্যক্তি।

লোকেশ্বনী। এই নচীর শিক্ষা। শেষকালে তাই ঘটাবে, সেই ধর্মই এসেছে। পতিতা আসবে পরিত্রাণের উপদেশ নিয়ে। শ্রীমতী বৃঝি আজ হঠাৎ সাধনী হয়ে উঠেছে। যেদিন ভগবান বৃদ্ধ আশাকবনে এসেছিলেন রাজপুরীর সকলেই তাঁকে দেখতে এল, একেও দরা করে ভাকতে পাঠিরেছিলেম। পাপিষ্ঠা এলই না। তব্ আজ নাকি জিক্ উপালি রাজবাড়িতে একমাত্র ওর ছাতেই জিক্ষা নিতে আসে, রাজ-ইমারীদের এড়িরে যার। মৃছে, রাজবংলের মেরে হয়ে ভোরা এই ধর্মকে অভার্থনা করতে বসেছিল, উচ্চ আসনকে ধুলার টেনে কেলবা্র এই ধর্ম। বেখানে রাজার

প্রভাব ছিল সেথানে ভিক্সর প্রভাব ছবে—একে ধর্ম বলিস ভোরা আত্মবাতিনীরা? উপালি তোকে কী মন্ত্র দিয়েছে উচ্চারণ কর্ দেখি নটা। দেখি কতবড়ো সাহস। পাপরসনার পক্ষাঘাত ছবে না?

শ্রমতী। (করজোড়ে, উঠিয়া দাঁড়াইয়া)

ওঁ নমো বৃদ্ধায় গুরুবে নমো ধর্মায় তারিবে **
নম: সংঘার মহত্তমার নম:।

लाकि अती। उँ नत्मा त्काम श्वत्य—शाक शाक शाम शाम।

শ্রমতী। মন্ধিতায় অনাথায় অত্নকম্পায় যে বিভো-

লোকেশ্বরী। (বক্ষে করাঘাত করিয়া) ওরে জ্ঞনাধা, জ্ঞনাধা। শ্রীমতী একবার বলো তো, মহাকাঞ্চণিকো নাধো—

উভয়ে আবৃত্তি

মহাকারুণিকো নাথো হিতায় স্বপাণিনং প্রেত্বা পার্মী স্বা পত্তো সম্বোধিমৃত্ত্যম্।

लाक्यतो। रायाह, रायाह, थाक् व्यात नय। नामा वङ्गाका किरेश।

অমুচরীর প্রবেশ

অন্নচরী। মহারানী, এইদিকে আস্থন নিভূতে।

(জনান্তিকে) রাজকুমার চিত্র এসেছেন জননীর সঙ্গে সাক্ষাং করতে।

লোকেশ্বরী। কে বলে ধর্ম মিধ্যা। পুণামদ্বের ষেমনি উচ্চারণ অমনি গেল অমন্তল। প্রের বিশ্বাসহীনারা, তোরা আমার ত্বংধ দেখে মনে মনে হেসেছিল। মহাকার্মণিকো নাথো, তাঁর করণার কতবড়ো শক্তি। পাধর গলে যায় এই আমি তোদের স্বাইকে বলে যান্ধি, পাব আবার পুত্রকে, পাব আবার সিংহাসন। যারা ভগবানকে অপমান করছে দেখব তাদের দর্প কতদিন ধাকে।

বৃদ্ধং সরণং গচ্ছামি ধশ্মং সরণং গচ্ছামি

गःषः गद्र**ाः श**ष्टामि । [विनिष्ट विनिष्ट ष्यष्ट्रहत्री ग्रह श्राम

त्रष्ट्रांवनी। मिल्लका, हा ध्या धावात कान्तिक (बदक वहेन ?

মলিকা। আজকাল আকাশ জুড়ে এ যে পাগলামির হাওরা, এর কি গতির

শ্বিরতা আছে ? হঠাৎ কাকে কোন্দিকে নিমে যায় কেউ বলতে পারে না। সেই যে কলন্দক আজ চলিল বছর জুয়ো খেলে কাটালে, সে হঠাৎ শুনি নাকি ওদের অর্হৎ হয়ে উঠেছে। আবার নন্দিবর্ধন, যজে যে সর্বন্ধ দিতে পণ করলে আজ রান্ধণ দেখলে সে মারতে যায়।

त्रपारणी। जाश्ल बाक्क्यात हिन्द किरत अलन।

मिला। प्राची ना भिष्ठ भ्रवेश की हत्।

মালতী। ভগবান দয়াবভার বেদিন এখানে এসেছিলেন সেদিন শ্রীমতীদিদি তাঁকে দেখতে যাওনি, একি সভ্য ?

শ্রমতী। সতা। তাঁকে দেখা দেওয়াই যে পূজা দেওয়া। আমি মলিন, আমার মধ্যে তো নৈবেছ প্রস্তুত ছিল না!

गांगजी। हाम्र हाम, जरत की हम मिनि।

শ্রীমতী। অত সহজে তাঁর কাছে গেলে যে যাওয়া ব্যর্থ হয়। তাঁকে কি চেয়ে দেখলেই দেখি, তাঁর কথা কানে শুনলেই কি শোনা যায় ?

রত্নাবলী। ইস, এটা আমাদের 'পরে কটাক্ষপাত হল। একটু প্রশ্রের হাওয়াতেই নটীর সৌজন্মের আবরণ উড়ে যায়।

শ্রমতী। কৃত্রিম সৌব্দক্তের দিন আমার গেছে। মিগ্যা শুব করব না, স্পষ্টই বলব, তোমাদের চোধ থাকে দেখেছে তোমরা তাঁকে দেখনি।

রত্বাবলী। বাসবী, ভন্তা, এই নচীর পর্ধা সহু করছ কেমন করে ?

বাসবা। বাহির থেকে সভ্যকে যদি সহু করতে না পারি ভাহলে ভিতর থেকে মিধ্যাকে সহু করতে হবে। এমভী আর-একবার গাও ভো ভোমার মন্ত্রটি, আমার মনের কাঁটাগুলোর ধার থয়ে যাক।

শ্ৰীমতী।

खं नत्या वृद्धात्र श्वत्रत्व

नत्या धर्माय जावित

नमः সংবার মহত্তমার नमः।

ননা। ভগবানকে দেখতে গিয়েছিলেম আমরা, ভগবান নিজে এসে দেখা দিয়েছেন শ্রীমতীকে. ওর অশ্বরের মধ্যে।

वजावनी। विनय जूलाइ नहीं! अ-क्षांत्र श्रिजाम क्यार ना ?

শীমতী। কেন করব রাজকুমারী? তিনি যদি আমারও অস্তরে পা রাখেন তাতে কি আমার গৌরব, না তাঁরই?

वागवी। वाक वाक मृत्वत कवात्र कवा त्वर्फ वात्र। कृभि गान गान।

শ্রীমতীর গান

তুমি কি এসেছ মোর দ্বারে

খুঁজিতে আমার আপনারে?

তোমারি যে ডাকে

কুসুম গোপন হতে বাহিরায় নগ্ন শাপে শাপে,

সেই ডাকে ডাকো আজি তারে।

তোমারি সে-ডাকে বাধা ভোলে,

খ্যামল গোপন প্রাণ ধৃলি-অবগুঠন খোলে।

সে-ডাকে তোমারি

সহসা নবীন উষা আসে হাতে আলোকের ঝারি,

দেয় সাড়া ধন অন্ধকারে।

নেপথ্যে। ওঁ নমো রত্ত্রয়ার বোধিসন্তার মহাসন্তার মহাকারুণিকার।

উৎপলপর্ণার প্রবেশ

সকলে। ভগবতী, নমস্কার।

ভিক্ষী। ভবতু সক্ষমঙ্গলং রক্ষম্ভ সক্ষেত্রতা

সব্ববৃদ্ধাহভাবেন সদা সোধী ভবস্ক তে।

ত্রীমতী।

শ্ৰীমতী। কী আদেশ ?

ভিক্ণী। আজ বসস্তপূর্ণিমায় ভগবান বোধিসত্ত্বের জ্বনোৎসব। অশোকবনে তাঁর আসনে পূজা-নিবেদনের ভার এমতীর উপর।

वक्रावनी। वाध रम ज्न खनलम। कान् देम कोव कथा वनहान ?

ভিক্ষা। এই যে, এই শ্রীমতী।

त्रपावनी। त्राष्ट्रवाज़ित्र এই निते ?

िक्नी। दां, वह नहीं।

- त्रजावनो । ऋविदापत्र काष्ट्र छेशप्तम निष्द्रह्म १

जिक्नी। जात्रवे धरे जातम।

রত্নাবলী। কে তাঁরা । নাম গুনি।

ভিক্ষণী। একজন তো উপালি।

রত্বাবল্টা। উপালি ভো নাপিত।

ভিক্নী। স্থনদও ব:লছেন।

রত্বাবলী। ডিনি গোরালার ছেলে।

किमृगी। अभीएउर७ এই आएम।

রত্বাবলী। ভিনি নাকি জাভিতে পুৰুস।

ভিক্ষী। রাজক্মারী, এরা জাতিতে সকলেই এক। এঁদের আভিজাত্যের সংবাদ তুমি জান না।

রত্নাবলী। নিশ্চর জানিনে। বোধ হয় এই নটী জানে। বোধ হয় এর সঙ্গে জাতিতে বিশেষ প্রভেদ নেই। নইলে এত মমতা কেন?

ভিক্ষী। সে-কথা সত্য। রাজপিতা বিশ্বিসার রাজগৃহ-নগরীর নির্জনবাস থেকে স্বয়ং আজ এসে ব্রতপালন করবেন। তাঁকে সংবর্ধনা করে আনিগে। প্রস্থান

অবিতা। কোপায় চলেছ শ্রীমতী?

बीमजी। जःभाकवत्नत्र जामनत्वमो (भोज कद्राज याव।

मानजी। मिनि आमात्क मत्म निरम्।

नना। व्यामिश्र गाव।

অঞ্চিতা। ভাবছি গেলে হয়।

বাসবী। আমিও দেখিগে, তোমাদের অনুষ্ঠানটা কী রকম।

রত্নাবলী। কী শোভা! শ্রীমতী করবে পূজার উদ্যোগ, তোমরা পরিচারিকার দল করবে চামরবীজন।

বাসবী। আর এখান থেকে তৃমি অভিশাপের উষ্ণ নিশাস কেলবে। তাতে অশোকবনও দয় হবে না, শ্রীমতীর শান্তিও থাকবে অক্র।

রত্নাবলী ও মল্লিকা ব্যতীত আর সকলের প্রস্থান

রত্বাবলী। সইবে না! সইবে না! এ একেবারে সমন্তর বিরুদ্ধ। মল্লিকা, পুরুষ হয়ে জন্মাল্ম না কেন। এই কম্বণপরা হাতের 'পরে ধিক্কার হয়। যদি পাকত তলোয়ার! তুমিও তো মল্লিকা সমন্তক্ষণ চুপ করে বসে ছিলে, একটি কথাও কওনি। তুমিও কি ওই নটীর পরিচারিকার পদ কামনা কর ?

मिल्लिका। कदरमञ्ज भाव ना। निष्ठ व्यामारक श्व रहरन।

রত্বাবলী। চুপ করে সহু কর কী করে বুঝতে পারিনে। ধৈর্য নিরুপায় ইতর লোকের অন্তর, রাজার মেরেদের না।

মল্লিকা। আমি জানি প্রতিকার আসন্ন, তাই শক্তির অপব্যর করিবেশ

व्रष्ट्रावनी। निन्छि जान १

मिसका। निक्छ।

রত্বাবলী। গোপন কথা যদি হয় ব'লো না। কেবল এইটুকু জানতে চাই ওই নটী কি আজ সন্ধ্যাবেলায় পূজা করবে আর রাজকয়ারা জোড়হাতে দাঁড়িয়ে থাকবে ?

मिका। ना कि हूट उरे ना। जामि कथा पि कि।

রত্নাবলী। রাজগৃহলন্দ্রী ভোমার বাণীকে সার্থক কর্মন।

দ্বিতীয় অস্ক

রাজোতান

লোকেখরী ও মল্লিকা

মল্লিকা। পুত্রের সঙ্গে ভো দেখা হল মহারানী। তবে এখনো কেন— লোকেখরী। পুত্রের সঙ্গে? পুত্র কোধায়? এ যে মৃত্যুর চেয়ে বেশি। আগে বুঝতে পারিনি।

मिलका। धमन कथा किन वलाइन।

লোকেশরী। পুত্র যথন অপুত্র হয়ে মার কাছে আসে তার মতো দুংথ আর নেই।
কী রকম করে সে চাইলে আমার দিকে। তার মা একেবারে লুগু হরে গেছে—
কোণাও কোনো তার চিহ্নও নেই। নিজের এতবড়ো নিংশেষে সর্বনাশ কর্মনাও
করতে পারত্ম না।

মল্লিকা। রক্তমাংসের জন্মকে সম্পূর্ণ ঘূচিয়ে কেলে এঁরা যে নির্মল নৃতন জন্ম লাভ করেন।

লোকেশরী। হায় রে রক্তমাংস। হায় রে অসহ স্কৃধা, অসহ বেদনা। রক্তমাংসের তপস্থা এদের এই শৃষ্টের তপস্থার চেয়ে কি কিছুমাত্র কম!

মল্লিকা। কিন্তু যাই বল দেবী, তাঁকে দেখলেম, সে কী রূপ। আলো দিয়ে ধোওয়া যেন দেবমৃতিখানি।

লোকেশরী। ওই রূপ নিয়ে তার মাকে সে লক্ষা দিয়ে গেল। যে মায়ের প্রাণ আমার নাড়ীতে, যে মায়ের স্নেহ আমার হালয়ে, তাকে ওই রূপ থিকুকার দিলে। যে-জন্ম তাকে দিয়েছি আমি, সে-জন্মের সঙ্গে তার এ জন্মের কেবল যে বিচ্ছেদ তা নর, বিরোধ। দেখু মল্লিকা আজ খুব স্পষ্ট করে বৃঞ্জে পারলেম এ ধর্ম পুরুষের তৈরি।

এ ধর্মে মা ছেলের পক্ষে অনাবশুক; জ্রীকে স্বামীর প্রয়োজন নেই। যারা না পুত্র না স্বামী না ভাই সেই সব স্বরছাড়াদের একটুথানি ভিক্ষা দেবার জ্বন্তে সমস্ত প্রাণকে শুকিরে কেলে আমরা শুক্ত স্বরে পড়ে থাকব! মল্লিকা, এই পুরুবের ধর্ম আমাদের মেরেছে, আমরাও একে মারব।

লোকেশ্বরী। মৃঢ় ওরা, ভক্তি করবার ক্ষার ওদের অস্ক নেই। যা ওদের সব চেয়ে মারে ভাকেই ওরা সব চেয়ে বেশি করে দেয়। এই মোছকে আমি প্রশ্রের দিইনে।

মলিকা। মুধে বলছ, মহারানী। নিশ্চয় জানি, তোমার ওই পুত্র আজ তোমার দেবাকক্ষের হার দিয়ে বেরিয়ে এসে ভোমার পূজাকক্ষের হার দিয়ে ভিতরে প্রবেশ করেছে। ভোমার মানব-পুত্র কোল থেকে নেমে আজ দেবভা-পুত্র হয়ে ভোমার হদয়ের পূজাবেদীতে চড়ে বসেছে।

লোকেশরী। চূপ চূপ। বলিসনে। আমি হাত জ্বোড় করে তাকে অহুরোধ করলেম, বললেম, "একরাত্রির জ্বল্যে তোমার মাতার ঘরে থেকে যাও।" সে বললে, "আমার মাতার ঘরের উপরে ছাদ নেই—আছে আকাশ।" মল্লিকা, যদি মা হতিস তো ব্যুতিস কতবড়ো কঠিন কথা। বছ্র দেবতার হাতের কিন্তু সে তো বছ্র। বুক বিদীর্ণ হয়ে যায়নি! সেই বিদীর্ণ বুকের ছিদ্রের ভিতর দিয়ে ওই যে রাস্তার শ্রমণদের গর্জন আমার পাঁজ্বরগুলোর ভিতরে প্রতিধানিত হয়ে বেড়াচ্ছে—বৃদ্ধং সরণং গচ্ছামি, ধশ্বং সরণং গচ্ছামি, সংঘং সরণং গচ্ছামি।

মলিকা। একি মহারানী, মম্লোচ্চারণের সঙ্গে সঙ্গে আজো আপনি যে নমস্বার করেন!

লোকেশরা। এই তো বিপদ। মলিকা, তুর্বলের ধর্ম মামুষকে তুর্বল করে। তুর্বল করাই এই ধর্মের উদ্দেশ্য। যত উচু মাধাকে সব হোঁট করে দেবে। আন্ধাকে বলবে সেবা করো, ক্ষত্রিয়কে বলবে ভিক্ষা করো। এই ধর্মের বিষ অনেকদিন স্বেচ্ছায় নিজের বজের মধ্যে পালন করেছি। সেইজ্বন্ধে আজ আমিই একে সব চেয়ে ভয় করি। ওই কে আসছে?

মল্লিকা। রাজকুমারী বাসবী। পূজাস্থলে যাবার জন্তে প্রস্তত হয়ে এসেছেন। বাসবীয় প্রবেশ

लाक्ष्यते। भृष्याय हत्मह ? यामवी। हो। लांक्यती। जांगान्त्र जा त्रम हरम्ह।

বাসবী। আমাদের ব্যবহারে তার কি কোনো বৈলক্ষণ্য দেখছেন?

লোকেশরী। শিশু। ভোমরা নাকি বলে বেড়াচ্ছ, অহিংসা পরমো ধর্মঃ!

বাসবী। আমাদের চেয়ে যাঁদের বয়স অনেক বেশি তাঁরাই বলে বেড়াচ্ছেন, আমরা তো কেবল মুখে আবৃত্তি করি মাত্র।

লোকেশ্বরী। নির্বোধকে কেমন করে বোঝাব অহিংসা ইতরের ধর্ম। হিংসা
ক্ষত্রিয়ের বিশাল বাহতে মাণিক্যের অঞ্চল, নিষ্ঠুর তেজে দীপ্যমান।

বাসবী। শক্তির কি কোমল রূপ নেই ?

লোকেশ্বরী। আছে, যখন সে ভোবায়। যখন সে দৃঢ় করে বাঁধে তখন না। পর্বতকে স্ষ্টিকর্তা নির্দিয় পাধর দিয়ে গড়েছেন, পাঁক দিয়ে নয়। ভোমাদের গুরুর রূপায় উপর থেকে নিচে পর্যন্ত সবই কি হবে পাঁক? বাজবাড়িতে মাহ্র্য হয়েও এই কথাটা মানতে দ্বুণা হয় না? চুপ করে রইলে যে?

বাসবী। ভেবে দেখছি, মহারানী।

লোকেশরী। ভাববার কা আছে। চোখের সামনে দেখলে তো রাজপুত্র একমুহুর্তে রাজা হতে ভূলে গেল। বলে গেল চরাচরকে দয়া করবার সাধনা করব। শোননি, বাসবী?

বাসবী। শুনেছি।

লোকেশ্রী। তাহলে নির্দয়তা করবার গুরুতর কাজ গ্রহণ করবে কে? কেউ যদি না করে তবে বীরভোগ্যা বস্তম্বরার কী হবে গতি? যত সব মাধা হেঁট করা উপবাসজীর্ণ ক্ষীণকণ্ঠ মন্দাগ্রিয়ান নির্জীবের হাতে তার ত্র্গতির কি সীমা থাকবে? তোরা ক্ষব্রিয়ের মেয়ে, কথাটা তোদের কাছে এত নতুন ঠেকছে কেন বাসবী?

বাসবী। এই পুরানো কথাটা হঠাং আজ যেন একদিনে ঢাকা পড়ে গেছে বসস্তে নিষ্পত্র কিংশুকের শাখা যেমন করে ফুলে ঢেকে যায়।

লোকেশ্বরী। কখনো কখনো বৃদ্ধিন্রংশ হয়ে পুরুষ আপন পৌরুষধর্ম ভূলে যায় কিন্তু
নারীরা যদি তাকে সেটা ভূলতে দেয় তাহলে মরণ যে সেই নারীর। মহালতার জ্ঞান্তে
কি মহারক্ষের দরকার নেই? সব গাছই গুলা হয়ে গেলে কি তার পক্ষে ভালো?
বল না। মুখে যে উত্তর নেই।

वागवी। महावृक्ष ठाई वह कि।

লোকেখরী। কিন্ধ বনম্পতি নিমূল করবার জন্তই এসেছেন তোমাদের গুরু। ভাও যে পরগুরামের মতো কুঠার হাতে করবেন এমন শক্তি নেই। কোমল শাস্ত্রবাক্যের পোকা তলার তলার লাগিরে দিরে মহস্তান্তের মক্ষাকে জীর্ণ করবেন, বিনা যুদ্ধে পৃথিবীকে নি:ক্ষত্রিয় করে দেবেন। তাঁদেরও কাজ সারা হবে আর তোমরা রাজার মেয়েরা মাথা মৃড়িয়ে ডিক্ষাপাত্র হাতে পথে পথে ফিরবে। তার আগেই যেন মর, আমার এই আশীর্বাদ। কী ভাবছ? কথাটা মনে লাগছে না?

বাসবী। ভালো করে ভেবে দেখি।

লোকেশ্বরী। ভেবে দেখবার দরকার নেই, প্রমাণ দেখো। আর্বপুত্র বিমিসার, ক্ষত্রির রাজা, রাজত্ব ভো তাঁর ভোগের জিনিস নয়, তাতেই তাঁর ধর্মসাধনা। কিন্তু কোন্ মঙ্কর ধর্ম কানে মন্ত্র দিল অমনি কত সহজেই রাজত্ব থেকে তিনি থসে পড়লেন—অন্ত্র হাতে না, রণক্ষেত্রে না, মৃত্যুর মুখে না। বাসবী, একদিন তুমিও রাজার মহিষী হবে এ আশা কি ত্যাগ করেছ?

বাসবী। কেন জাগ করব ?

লোকেশ্বরী। তাহলে জিজ্ঞাসা করি দয়া-মন্তের হাওয়ায় যে-রাজা সিংহাসনের উপর কেবল টলমল করে. রাজদণ্ড যার হাতে শিধিল, জয়তিলক যার ললাটে মান তাকে শ্রন্ধা করে বরণ করতে পারবে ?

বাসবী। না।

লোকেশরী। আমার কথাটা বলি। মহারাজ বিশ্বিসার সংবাদ পাঠিয়েছেন তিনি আজ আসবেন। তাঁর ইচ্ছা আমি প্রস্তুত গাকি। তোমরা ভাবছ ওঁর জল্মে সাজব! যে মাহ্ব রাজাও নয় ভিক্ত নয়, যে-মাহ্ব ভোগেও নেই তাকে অভার্থনা! কখনো না। বাসবী তোমাকে বার বার বলছি, এই পৌরুষহীন আত্মাব্যাননার ধর্মকে কিছুতে শ্বীকার ক'রো না।

मिलका। वांखक्मांबी, कांबाब हत्नह ?

वागवी। घदा।

मिलका। अमिरक निष्ठी स श्रेष्ठ एस अन।

वामवी। शाक शाक।

[প্রস্থান

मिसका। महात्रांनी अन्दर्भ शास्त्र ?

लाक्यती। अनिह वहे कि। विषय कोलाएन।

यक्तिका। निक्तत्र अँदा अरम शर्फरहन।

लारक भवी। किन्न अहे त्य अथरना छन्छि, नत्मा-

মন্ত্রিকা। স্থার বদলেছে। 'নমো বৃদ্ধায়' গর্জন আরও প্রবল হয়ে উঠেছে আঘাত পেয়েই। সঙ্গে সঙ্গে ওই শোনো—'নমঃ পিনাকহন্তায়'। আর ভয় নেই। সোকেশ্বরী। ভাঙল রে ভাঙল। যথন সব ধুলো হয়ে যাবে তথন কে জানবে ওর মধ্যে আমার প্রাণ কতথানি দিয়েছিলেম। হায় রে, কত ভক্তি। মলিকা, ভাঙার কাজটা শীঘ্র হয়ে গেলে বাঁচি—ওর ভিতরটা যে আমার বুকের মধ্যে।

রত্নাবলীর প্রবেশ

বত্না, তুমিও চলেছ পূজায় ?

রত্বাবলী। ভ্রমক্রমে পূজাকে পূজা না করতে পারি কিন্তু অপূজাকে পূজা করার অপরাধ আমার দ্বারা ঘটে না।

লোকেশ্বরী। তবে কোপায় যাচ্ছ ?

वक्रावनी। महावानीव काष्ट्रे এখान এসেছि। আবেদন আছে।

लांक पत्री। की, वरना।

রত্নাবলী। ওই নটী যদি এখানে পূজার অধিকার পায় তাহলে এই অশুচি রাজ-বাড়িতে বাস করতে পারব না।

লোকেশ্বরী। আশাস দিচ্ছি আব্দ এ পূজা ঘটবে না।

द्रवावनी। आख ना र'क काम घटेत।

লোকেশ্বরী। ভয় নেই, কন্তা, পূজাকে সমূলে উচ্ছেদ করব।

রত্নাবলী। যে অপমান সহ্ করেছি তাতেও তার প্রতিকার হবে না।

লোকেশ্বরী। তুমি রাজার কাছে অভিযোগ করলে নটার নির্বাসন, এমন কি, প্রাণদণ্ডও হতে পারে।

রত্বাবলী। তাতে ওর গৌরব বাড়িয়ে দেওয়া হবে।

লোকেশরী। তবে তোমার কী ইচ্ছা?

রত্নাবলী। ও যেখানে পূজারিনী হয়ে পূজা করতে যাচ্ছিল সেখানেই ওকে নটী হয়ে নাচতে হবে। মল্লিকা, চুপ করে রইলোবে। তুমি কী বল ?

মল্লিকা। প্রস্তাবটা কৌতুকজনক।

लाक्यती। जामात्र मन मात्र पिट्ह ना त्रजा।

वजावनी। अहे निवेद 'शद महावानीव अथदना पदा प्यां प्यां हि।

লোকেশ্বরী। দয়া! কুকুর দিয়ে ওর মাংস ছিঁড়ে পাওয়াতে পারি। আমার দয়া। অনেকদিন ওথানে নিজের হাতে পূজা দিয়েছি। পূজার বেদী ভেঙে পড়বে সেও সইতে পারি। কিন্তু রাজরানীর পূজার আসনে আজ নটীর চরণাঘাত।

রত্নাবলী। প্রগণ্ভতা মাপ করবেন। ওইটুকু ব্যথাকে যদি প্রশ্রেয় দেন ভবে ওই ব্যথার উপরেই ভাঙা পূজার বেদী বারেষারে গড়ে উঠবে। লোকেশ্বরী। সে-ভয় মনে একেবারে নেই ভা নম।

রত্নাবলী। মোহে পড়ে বে-মিধ্যাকে মান দিয়েছিলেন তাকে দূরে সরিরে দিলেই মোহ কাটে না। সেই মিধ্যাকে অপমান কম্পন তবে মৃক্তি পাবেন।

লোকেশরী। মলিকা, ওই শোনো। উত্থানের উত্তর দিক থেকে শব্দ আসছে। ভেঙে ফেললে, সব ভেঙে ফেললে। ওঁ নমো—যাক যাক ভেঙে যাক।

द्रञ्जावनी। हतना ना, महादानी, त्रार्थ व्यानि त्र।

লোকেশ্বরী। যাব যাব, কিন্তু এখনো না।

त्रप्रावनी। आमि प्राप्त आमि रा।

[প্রস্থান

লোকেশরী। মল্লিকা, বাঁধন ছিঁড়তে বড়ো বাজে।

মল্লিকা। তোমার চোধ দিয়ে যে জ্বল পড়ছে।

লোকেশরী। ওই শোনো না, 'জন্ম কালী করালী'—অক্ত ধ্বনিটা ক্ষীণ হয়ে এল, এ আমি সইতে পারছি নে।

মল্লিকা। বুদ্ধের ধর্মকে নির্বাসিত করলে আবার ফিরে আসবে—অক্ত ধর্ম দিয়ে চাপা না দিলে শাস্তি নেই। দেবদত্তের কাছে যখন নৃতন মন্ত্র নেবে তখনই সাম্থনা পাবে।

লোকেশ্বরী। ছি ছি, ব'লো না, ব'লো না, মুধে এনো না। দেবদন্ত কুর সর্প, নরকের কীট। ধধন অহিংসাত্রত নিয়েছিলেম তথনো মনে মনে তাকে প্রতিদিন দশ্ধ করেছি, বিদ্ধ করেছি। আর আঞ্চ! যে-আসনে আমার সেই পরমনির্মল জ্যোতির্ভাসিত মহাগুরুকে নিজে এনে বসিয়েছি তাঁর সেই আসনেই দেবদন্তকে ডেকে আনব! (জামু পাতিয়া) ক্ষমা করো প্রভু, ক্ষমা করো। ছারত্রশ্বেণ কৃতং সর্বং অপরাধং ক্ষমতু মে প্রডো।

উঠিয়া। ভয় নেই, মল্লিকা, ভিতরে উপাসিকা আছে সে ভিতরেই থাক্, বাইুরে আছে নিষ্ঠুরা, আছে রাজকুলবধ্ ভাকে কেউ পরাস্ত করতে পারবে না। মলিকা, আমার নির্জন ঘরে গিয়ে বসি গে, যখন ধুলার সমূত্রে আমার এডকালের আরাধনার তরণী একেবারে ভূবে যাবে তথন আমাকে ভেকো। ভিতরের প্রস্থান

ধূপ দীপ গন্ধ মাল্য মঙ্গলঘট প্রভৃতি পুঞ্জোপকরণ লইয়া রাজবাটীর একদল নারীর প্রবেশ। পুষ্পপাত্রকে ঘিরিয়া সকলে

> यक्ष-शक्ष-छरणारभेखः এতः कृष्यममञ्जिः भृज्यमामि म्निन्मम् मिवि-भाग-मरम्राक्रस्य ।

প্রণাম ও শঙ্কাধ্বনি। ধূপপাত্রকে ঘিরিয়া

त्रवीख-त्रहमायमी

গন্ধ-সম্ভার-মুত্তেন ধৃপেনাহং স্থান্ধিনা পৃক্তয়ে পৃক্তনেয়ান্তাং পূকাভাকনমূত্যং।

শঙ্খধ্বনি ও প্রণাম

গ্রীমতী প্রদীপের থালা ঘেরিয়া

ঘনসারপ্লদিন্তেন দীপেন তমধংসিনা ভিলোকদীপং সমূদ্ধং পূজ্যামি ভমোম্থদং। শঙ্খধননি ও প্রণাম। আহার্য নৈবেছা ঘেরিয়া অধিবাসেতু নো ভক্তে ভোজনং পরিকপ্লিতং অমুকস্পং উপাদায় পতিগণ হাতুমুন্তমং। শঙ্খধননি ও প্রণাম। জ্বানু পাতিয়া

যো সন্নিসিন্ধো বরবোধিমৃলে

মারং সসেনং মহতিং বিজেত্বা

সম্বোধিমাগন্ধি অনস্কঞাণো
লোক্তমো তং পণমামি বৃদ্ধং।

বনের প্রবেশপথে পূজা সমাধা হল। এবার চলো স্থূপমূলে।
মালতী। কিন্তু শ্রীমতীদিদি ওই দেখো, এদিকের পথ বেড়া দিয়ে বন্ধ
শ্রীমতী। বেড়া ডিঙিয়ে যেতে পারব, চলো।
নন্দা। বাধ হচ্ছে রাজার নিষেধ।
শ্রীমতী। কিন্তু প্রভূর আদেশ আছে।
সন্দা। কী ভয়ংকর গর্জন। একি রাষ্ট্রবিপ্লব ?
শ্রীমতী। গান ধরো।

গান

বাঁধন-ছেড়ার সাধন হবে।
ছেড়ে বাব ভীর মাভৈঃ রবে।
বাঁহার হাভের বিজয়মালা
কলদাহের বহিজালা,
নমি নমি নমি সে ভৈরবে।
কাল-সমূত্রে আলোর যাত্রী।
শুল্যে যে ধার দিবসরাত্রি।

नित भूषा

ডাক এল ভার ভরছেরি, বাজুক বঙ্গে বজ্ঞানী

ष्यकृत প্রাণের দে উৎসবে।

একদল অন্তঃপুররক্ষিণীর প্রবেশ

রক্ষিণী। কেরে। ভোমরা এখান থেকে।

শ্রীমতী। আমরা প্রভুর পূজার চলেছি।

विक्ती। शृकातक।

মালতী। আজ প্রভুর জমোৎসব।

व्यक्तिगा। शृक्ता वद्या।

শ্ৰীমতী। এও কি সম্ভব?

রক্ষিণী। পূজা বন্ধ। আমি আর কিছু জানিনে। দাও তোমাদের অর্ঘা। পূজার থালা প্রভৃতি ছিনাইয়া লইল

শ্রীমতী। এ কী পরীক্ষা আমার। অপরাধ কি ঘটেছে কিছু?

উত্তমক্ষেন বন্দেহং পাদপংস্থ বন্ধতমং।

বুদ্ধে যো খলিতো দোলো বুদ্ধো খমতু তং মম।

विक्ति। वह करवा खत।

শ্রমতী। द्यादाর কাছেই অবরোধ! প্রবেশ আমার ঘটল না ঘটল না ।

মালতী। কাঁদ কেন জীমতীদিদি। বিনা অর্ঘ্যে বিনা মন্ত্রে কি পূজা হর না ? ভগবান ভো আমাদের মনের ভিতরেও জন্মলাভ করেছেন।

শ্রীমতী। শুধু তাই নয় মালতী, তাঁর জন্মে আমরা স্বাই জন্মেছি। আজ স্বারই জন্মেংস্ব।

नना। क्रीमजी, हर्राए अक्ष्रहूर्ए आब्द अमन कृषिन चनिए अन क्वन ?

শ্রীমতী। ত্র্দিনই যে ত্মদিন হয়ে ওঠবার দিন আজ্ঞ। যা ভেঙেছে তা জোড়া লাগবে, যা পড়েছে তা উঠবে আবার।

অজিতা। দেখো শ্রীমতী, এখন আমার মনে হচ্ছে তোমাকে বে পূজার ভার দেওয়া হয়েছিল ভার মধ্যে নিশ্চয় ভূল আছে। সব তাই নষ্ট হল। গোড়াতেই আমাদের বোঝা উচিত ছিল।

শ্রীমতী। আমি ভর করিনে। জানি প্রথম থেকেই কেউ মন্দিরে ছার খোলা পার না। ক্রমে হার আগল খুলে। তর আমার বলতে কোনো সংকোচ নেই যে, প্রভু আহ্বান করেছেন আমাকে। বাধা হাবে কেটে। আজই হাবে। ভদ্রা। রাজার বাধাও সরাতে পারবে ? শ্রীমতী। সেধানে রাজার রাজদণ্ড পৌছয় না।

त्रकावलोत श्राटिक

রত্নাবলী। কী বলছিলে, শুনেছি শুনেছি। তুমি রাজার বাধাও মান না এতবড়ো তোমার সাহস।

শ্ৰীমতী। পূজাতে রাজার বাধাই নেই।

রত্নাবলী। নেই রাজার বাধা ? সত্যি নাকি ? যেয়ো তুমি পূজা করতে, আমি দেখব তুই চোখের আশ মিটিয়ে।

শ্রীমতী। যিনি অস্কর্যামী তিনিই দেখবেন। বাহির থেকে সব সরিয়ে দিলেন, তাতে আড়াল পড়ে। এখন

> বচসা মনসা চেব বন্দামেতে তথাগতে সয়নে আসনে ঠানে গমনে চাপি সক্ষদা।

রত্নাবলী। তোমার দিন এবার হয়ে এসেছে, অহংকার ঘূচবে।

শ্রীমতী। তা ঘূচবে। কিছুই বাকি থাকবে না, কিছুই না।

রত্নাবলী। এখন আমার পালা, আমি প্রস্তুত হয়ে আসছি। প্রস্থান

ভদ্রা। কিছুই ভালো লাগছে না। বাসবী বৃদ্ধিমতী, সে আগেই কোপায় সরে পড়েছে।

অঞ্চিতা। আমার কেমন ভর করছে।

উৎপলপর্ণার প্রবেশ

ননা। ভগবতী, কোপায় চলেছেন?

উৎপলপর্ণা। উপত্রব এসেছে নগরে, ধর্ম পীড়িত, শ্রমণেরা শক্ষিত, আমি পৌরপর্বে রক্ষামন্ত্র পড়তে চলেছি।

শ্রীমতী। ভগবতী, আমাকে সঙ্গে নিয়ে যাবে না ?

উৎপলপর্ণা। কেমন করে নিয়ে যাই ? তোমার উপরে যে পৃঞ্জার আদেশ আছে। শ্রীমতী। পৃঞ্জার আদেশ এখনো আছে দেবী ?

উৎপলপর্ণ। সমাধান না হওয়া পর্যস্ত সে আদেশের তো অবসান নেই।

মালতী। মাত, কিন্তু রাজার বাধা আছে যে।

উৎপলপর্ণা। তয় নেই, ধৈর্ব ধরো। সে বাধা আপনিই পথ করে দেবে। প্রস্থান ভরা। শুনছ অজিতা, রাস্তায় ও কি ক্রন্সন, না গর্জন। নন্দা। আমার তো মনে হচ্ছে উদ্ভানের ভিত্রেই কারা প্রবেশ করে ভাঙচুর করছে। শ্রীমতী, শীদ্র চলো রাজমহিবী মাতার ঘরের মধ্যে আশ্রের নিইগে। প্রস্থান ভ্রমা। এস অঞ্চিতা, সমস্তই যেন একটা তুঃস্বপ্ন বলে বোধ হচ্ছে।

[রাজকুমারী প্রভৃতির প্রস্থান

মালতী। দিদি, বাইবে ওই যেন মরণের কান্না শুনতে পাচ্ছি। আকাশে দেখছ ওই শিখা! নগরে আগুন লাগল বুঝি। জন্মোৎসবে এই মৃত্যুর তাওব কেন।

শ্রীমতী। মৃত্যুর সিংহদ্বার দিয়েই ক্ষরোর ক্ষর্যাতা।

মালতী। মনে ভয় আসছে বলে বড়ো লক্ষা পাছিছ দিদি। পূজা করতে যাব ভয় নিয়ে যাব এ আমার সহা হচ্ছে না।

শ্রীমতী। তোর ভয় কিসের বোন।

মালতী। বিপদের ভয় না। কিছুই যে বুঝতে পারছিনে, অন্ধকার ঠেকছে; তাই ভয়।

শ্রীমতী। আপনাকে এই বাইরে দেখিসনে। আজু যাঁর অক্ষয় জন্ম তাঁর মধো আপনাকে দেখু, তোর ভয় ঘুচে যাবে।

মালতী। তুমি গান করো দিদি, আমার ভয় যাবে।

শ্রীমতীর গান

जात दारथा ना काँधाद जामात्र दाथा ना । राधाद मार्थ जामात्र जाभनादत्र जामात्र दाथा ना । कांमां कांमां विकास विवाद, ज्ञामां मां कांमां विवाद, श्राम ना ध्राम नत्र ना त्य जात्र, श्राम ना ध्राम नत्र ना त्य जात्र, श्राम ना ध्राम नत्र ना त्य जात्र, ज्ञामधाद्य,

আমায় দেখতে দাও।
ভানি না তো কোন্ কালো এই ছায়া,
আপন ব'লে ভূলায় যখন
ঘনায় বিষম মায়া।
ভাগতারে জমল বোঝা,
চিরজীবন খুল্ল থোজা,

ষে মোর আলো লুকিরে আছে রাভের পারে আমায় দেখতে দাও।

একজন অন্তঃপুররক্ষিণীর প্রবেশ

রক্ষিণী। শোনো, শোনো, শ্রীমতী।

মালতী। কেন নিষ্ঠুর হচ্ছ ভোমরা। আর আমাদের যেতে ব লো না। আমরা ঘূটি মেয়ে এই উত্থানের কাছে মাটির 'পরে বসে থাকি না—ভাতে ভোমাদের কী ক্ষতি হবে।

রক্ষিণী। তোমাদেরই বা কী তাতে প্রয়োজন।

মালতী। ভগবান বৃদ্ধ যে-উত্যানে একদিন প্রবেশ করেছিলেন তার শেষপ্রাস্থেও তাঁর পদধূলা আছে। তোমরা যদি ভিতরে না ষেতে দাও তাহলে আমরা এইখানে সেই ধূলায় বলে মনের মধ্যে তাঁর জন্মোৎসব গ্রহণ করি—মন্ত্রও বলব না, অর্ঘ্যও দেব না।

রক্ষিণী। কেন বলবে না মন্ত্র। বলো, বলো। শুনভেও পাব না এন্ত কী পাপ করেছি। অন্ত রক্ষিণীরা দ্রে আছে, এইবেলা আজ্ঞ পুণাদিনে শ্রীমতী তোমার মধুর কণ্ঠ থেকে প্রভুর শুব শুনে নিই। ভুমি জেনো আমি তাঁর দাসী। যেদিন তিনি এসেছিলেন অশোকছায়ায় সেদিন আমি যে তাঁকে এই পাপচোথে দেখেছি তার পর থেকে আমার অস্তরে তিনি আছেন।

শ্রীমতী।

নমো নমো বৃদ্ধ দিবাকরার

নমো নমো গোতম-চন্দিমার,

নমো নমো নম্বগুণরবার,

নমো নমো সাকিরনন্দনার ॥

রক্ষিণী, ভূমিও আমার সঙ্গে সঙ্গে বঙ্গো।

বিক্ষিণী। আমার মুখে কি পুণামন্ত্র বের হবে।

শ্রীমতা। ভক্তি আছে হদয়ে, যা বলবে তাই পুণা হবে। বলো

नामा नामा तूक मिवांकताय। [काम काम चात्रिक कताहेया महेम।

विक्नि। व्यागांत वृत्कत त्वांया न्याय त्राम अन्य अपनी, व्याव्यत्वत निन व्यागांत मार्थक

হল। যে-কথা বলতে এসেছিলেম এবার বলে নিই। ভূমি এখান থেকে পালাও, আমি তোমাকে পথ করে দিছি।

শ্ৰীমতী। কেন।

রক্ষিণী। মহারাজ অজাতশক্র দেবদন্তের কাছে দীক্ষা নিয়েছেন। তিনি অশোকতলে প্রভুর আসন ভেঙে দিয়েছেন।

মালতী। হার হার দিদি, হার হার, আমার দেখা হল না। আমার ভাগ্য মন্দ, ভেঙে গেল সব।

শ্রীমতী। কী বলিস মালতী। তাঁর আসন অক্ষয়। মহারাজ বিশিসার ষা গড়েছিলেন তাই ভেঙেছে। প্রভুর আসনকে কি পাণর দিয়ে পাকা করতে হবে। ভগবানের নিজের মহিমাই তাকে বক্ষা করে।

রক্ষিণী। রাজা প্রচার করেছেন সেখানে যে-কেউ আরভি করবে, স্তবমন্ত্র পড়বে, তার প্রাণদণ্ড হবে। শ্রীমতী, তাহলে তুমি আর কী করবে এখানে।

শ্রমতী। অপেকা করে থাকব।

विक्ति। कछिन।

শ্রীমতী। যতদিন না পূজার ডাক আসে। যতদিন বেঁচে আছি ততদিনই।

রক্ষিণী। পূর্ব হতে আজ তোমার কাছে ক্ষমা চাচ্ছি শ্রীমতী।

এমতী। কিসের ক্ষমা।

বিক্ষিণী। হয়তো রাজার আদেশে তোমাকেও আঘাত করতে হবে।

শ্রমতী। ক'রো আঘাত।

রক্ষিণী। সে আঘাত হয়তো বাজবাড়ির নটার উপরে পড়বে, কিন্তু প্রভুর ভক্ত সেবিকাকে আজও আমার প্রণাম, সেদিনও আমার প্রণাম, আমাকে ক্ষমা করো।

শ্রমতী। আমার প্রভু আমাকে সকল আঘাত ক্ষমা করবার বর দিন। বৃদ্ধো থমতু, বৃদ্ধো থমতু।

অশ্য রক্ষিণীর প্রবেশ

षिजीय विक्नी। द्यापिनी।

श्रथम विक्ति। को शावेनो।

পাটলী। ভগবভী উৎপলপর্ণাকে এরা মেরে কেলেছে।

त्रापिनी। की गर्रनाम !

श्रेमजी। (क मांत्राम।

भाष्ट्री। स्वम्ट्डिय भिट्याया।

রোদিনী। রক্তপাত তবে শুরু হল। তাই যদি হলই তাহলে আমাদের হাতেও অন্ত আছে। এ পাপ সইব না। এ বে প্রভূর সংঘকে মারলে। শ্রীমতী ক্ষমা চলবে না, অল্প ধরো।

শ্রীমতী। লোভ দেখিয়ো না রোদিনী। আমি নটী, তোমার এই তলোরার দেখে আমার এই নাচের হাতও চঞ্চল হয়ে উঠল।

পাটলী। তাহলে এই নাও। [তরবারি দান

শ্রমতী। (শিহরিয়া হাত হইতে তলোয়ার পড়িয়া গেল) না, না। প্রভুর কাছ থেকে অন্ত্র পেয়েছি। চলছে আমার যুদ্ধ, মার পরাস্ত হ'ক, প্রভুর জয় হ'ক।

शांग्नी। **हम् द्रामिनी, जगवजीव एम्ट वष्ट्रन कदा निर्द्रा या**ज स्ट्र यामारन।

িউভয়ের প্রস্থান

কয়েকজন রক্ষিণী সহ রত্নাবলীর প্রবেশ

त्रज्ञावनी। এই यে এशान्तरे चाह्य। अक त्राक्षारमम स्वनित्य माछ।

রক্ষিণী। মহারাজের আদেশ এই যে, তুমি নটা ভোমাকে অশোকবনে নাচতে ষেতে হবে।

শ্ৰীমতী। নাচ! আৰু!

মালতী। তোমরা এ কী কথা বলছ গো। মহারাজের ভয় হল না এমন আদেশ করতে?

রত্নাবলী। ভয় হবারই ডো কথা। সেই দিনই তো এসেছে। তাঁর নটাদাসাকেও ভয় করবেন রাজেশর! গ্রাম্য বর্বর।

खैमजै। क्थन नां हरवं ?

রত্নাবলী। আজ আরতির বেলায়।

শ্রীমতী। প্রভুর আসনবেদির সামনে ?

त्रपायमी। है।

শ্ৰীমতী। তবে ডাই হ'ক।

[সকলের প্রস্থান

ভিক্সদের প্রবেশ ও গান
হিংসায় উন্মন্ত পৃথী, নিত্য নিঠুর হল্ব
লোর কুটিল পদ তার লোভজটিল বন্ধ।
ন্তন তব জন্ম লাগি কাতর সব প্রাণী
কর ত্রাণ মহাপ্রাণ, জান অমৃতবাণী.

বিকশিত কর প্রেমপদ্ম চির-মধ্নিশ্বন।

শাম্ভ হে, মৃক্ত হে, হে অনম্পূণ্য, कक्ष्माचन, ध्रमीलम कत्र कमस्मुख। धम मानवीत्र माछ छा। कठिन मीका, মহাভিক্ লও সবার অহংকার ভিকা। লোক লোক ভূলুক শোক খণ্ডন কর মোহ, উष्ट्रम ए'क खान-पूर्व छेनद-ममादार, প্ৰাণ পভ্ৰ সকল ভূবন নয়ন অভূক অভা। শাস্ত হে, মৃক্ত হে, হে অনম্ভপুণ্য, কঙ্গণাঘন, ধরণীতল কর কলস্বশৃন্ত। कम्मनमन् निश्रिण श्रम्य जाश्रमहनशीश, विषयविष-विकात्रकोर्न मोर्न व्यनविष्ध । राम राम भविन जिनकं वक कनूर भागि, ডব মঙ্গলশন্ধ আন ডব দক্ষিণপাণি, তব শুভসংগীতরাগ তব স্থন্দর ছন। শাস্ত হে, মৃক্ত হে, হে অনম্বপুণ্য, कक्षणांचन, भव्रगीखन कव कनक्ष्मा।

রাজোতান

মালতী ও শ্রীমতী

यामछी। पिपि, भास्ति शास्ति।

निमजे। को श्राह।

মালতী। তোমাকে ষথন ওরা নাচের সাজ্ঞ করাতে নিয়ে গেল আমি চুলি চুলি ওই প্রাচীরের কাছে গিরে রান্তার দিকে চেরে দেখলেম। দেখি ভিক্ষ্ণী উৎপলপর্ণার মৃতদেহ নিয়ে চলেছে আর,—

শ্ৰীমতী। পামলে কেন। বলো।

गांगडी। वांश कवार ना मिनि । व्यापि वर्षा प्रवंग।

78-50

चिमणी। किছूएण्डे ना।

মালতী। দেখলেম অস্ত্যেষ্টিমন্ত্র পড়তে পড়তে শবদেহের সঙ্গে সঙ্গে যাচ্ছিলেন।

শ্ৰীমতী। কে যাচ্ছিলেন।

মালতী। দুর থেকে মনে হল যেন তিনি।

क्षेत्रजै। जम्ख्य तिहै।

यांगाजी। अन कर्त्राहिलाय, मुक्ति यजिन ना शाहे जाँक पृत्र (परक्ष प्रथव ना ।

শ্রীমতী। রক্ষা করিস সেই পদ। সমুদ্রের দিকে অনিমেষ তাকিয়ে থাকলেই তো পার দেখা যায় না। তুরাশায় মনকে প্রশ্রেয় দিসনে।

মালতী: তাঁকে দেখবার আশায় মনকে আকৃল করছি মনে ক'রো না। ভয় হচ্ছে ওঁকে তারা মারবে তাই কাছে থাকতে চাই। পণ রাখতে পারছিনে বলে আমাকে অবজ্ঞা ক'রো না দিদি।

শ্রীমতী। আমি কি তোর ব্যধা বুঝিনে।

মালতী। তাঁকে বাঁচাতে পারব না কিন্তু মরতে তো পারব। আর পারলুম না দিদি, এবারকার মতো সব ভেঙে গেল। এ-জীবনে হবে না মৃক্তি।

শ্রীমতী। যার কাছে যাচ্ছিস তিনিই তোকে মৃক্তি দিতে পারেন। কেননা তিনি মৃক্ত। তোর কথা শুনে আজ একটা কথা বৃহতে পারলুম।

यांनजी। की त्यांन मिषि।

শ্রীমতী। এখনো আমার মনের মধ্যে পুরানো ক্ষত চাপা আছে সে আবার ব্যথিয়ে উঠল। বন্ধনকে বাইরে থেকে যতই তাড়া করেছি ততই সে ভিতরে গিয়ে লুকিয়েছে।

মালতী। রাজবাড়িতে তোমার মতো একলা মাস্থ্য আর কেউ নেই তাই তোমাকে ছেড়ে যেতে বড়ো কষ্ট পাচ্ছি। কিন্তু যেতে হল। যখন সময় পাবে আমার জ্বস্থে ক্ষমার মন্ত্র প'ড়ো।

ঞ মতী। বুদ্ধে যো খলিতো দোসো, বুদ্ধো খমতু তং মম।

মালতী। প্রণাম করিতে করিতে) 'বুদ্ধো খমতু তং মম।' ধাবার মুখে একটা গান শুনিয়ে দাও। তোমার ওই মৃক্তির গানে আঞ্চ একটুও মন দিতে পারব না। একটা পথের গান গাও।

শ্রীমতীর গান

পথে যেতে ডেকেছিলে মোরে। পিছিয়ে পড়েছি আমি যাব যে কী করে।

এসেছে নিবিড় নিশি পধরেখা গেছে মিশি', সাড়া দাও, সাড়া দাও আধারের যোরে। ভয় হয় পাছে ঘুরে ঘুরে यल व्यामि बारे जल बारे हता मृद्र । ' মনে করি আছ কাছে তবু ভয় হয় পাছে

আমি আছি তুমি নাই কালি নিশিভোৱে।

मानजी। त्यांता पिषि, व्यावाद शर्कता पद्मा तारे, कारता पद्मा तारे। व्यनस-কাঞ্চণিক বৃদ্ধ তো এই পৃথিবীতেই পা দিয়েছেন তবু এখানে নরকের শিখা নিবল না। আর দেরি করতে পারিনে। প্রণাম, দিদি। মৃক্তি যখন পাবে আমাকে একবার ডাক দিয়ো, একবার শেষ চেষ্টা করে দেখো।

শ্রীমতী। চল্, তোকে প্রাচীরদ্বার পর্যন্ত পৌছিয়ে দিয়ে আসিগে। [উভয়ের প্রস্থান

রত্নাবলী ও মল্লিকার প্রবেশ

রত্নাবলী। দেবদত্তের শিশ্বেরা ভিক্ষ্ণীকে মেরেছে। তা নিয়ে এত ভাবনা কিসের ? ও তো ছিল সেই ক্ষেত্রপালের মেয়ে।

মলিকা। কিন্তু আৰু যে ও ভিক্ষী।

वज्रावनी। यत्र পড़ कि वक्त वमन इय ?

মলিকা। আজকাল তো দেপছি মন্ত্রের বদল রক্তের বদলের চেয়ে ঢের বড়ো।

রত্নাবলী। রেখে দে ও-সব কথা। প্রজারা উত্তেজিত হয়েছে বলে রাজার ভাবনা! এ আমি সইতে পারিনে। তোমার ভিক্ষ্ধর্ম রাজ্ধর্মকে নষ্ট করছে।

মিলক। উত্তেজনার আরও একটু কারণ আছে। মহারাজ বিষিসার পূজার জন্য যাত্রা করে বেরিয়েছেন কিন্তু এখনো পৌছননি, প্রজারা সন্দেহ করছে।

রত্নাবলী। কানাকানি চলছে আমিও শুনেছি। ব্যাপারটা ভালো নয় ভা মানি। কিন্ধ কর্মফলের মূর্তি ছাতে ছাতে দেখা গেল।

मिका। की कर्यकन स्मातन १

রত্নাবলী। মহারাজ বিশ্বিসার পিভার বৈদিক ধর্মকে বিনাশ করেছেন। সে কি পিতৃহত্যার চেমে বেনি নম ? ব্রাহ্মণয়া তো তখন খেকেই বলছে, যে যজের আগুন উनि निविद्यद्विन त्मारे कृषिण व्याधन এक प्रिन अंदक थार्व।

মল্লিকা। চুপ চুপ, আন্তে। জান তো, অভিশাপের ভয়ে উনি কী রকম অবসর হয়ে পড়েছেন।

রত্বাবলী। কার অভিশাপ ?

.मिला। वृत्कता मन मन महाताक उत्क छात्रि छत्र करतन।

রত্নাবলী। বৃদ্ধ তো কাউকে অভিশাপ দেন না। অভিশাপ দিতে জ্বানে দেবদন্ত।

মল্লিকা। তাই তার এত মান। দয়ালু দেবতাকে মাছ্রম মূপের কথার ফাঁকি দেয়, হিংসালু দেবতাকে দেয় দামি অর্ঘা।

রত্নাবলী। ষে-দেবতা হিংসা করতে জানে না, তাকে উপবাসী পাকতে হয়, নখদস্তহীন বৃদ্ধ সিংছের মতো।

मिल्ला। याहे र'क এই বলে याछि, আজ मह्हादनात्र अरे जामाकरेटाला भूष्ट्या रुदरे।

রত্নাবলী। তা হয় হ'ক কিন্তু নাচ তার আগেই হবে এও আমি বলে দিছি। [মলিকার প্রস্থান

বাসবীর প্রবেশ

বাসবী। প্রস্তুত হয়ে এলেম।

রত্বাবলী। কিসের জন্মে?

वामवी। भाष जूनव वला। ज्यानक नक्का मिरम्राह् छहे नही।

तजावनी। छेन्दान नित्र ?

বাসবী। না, ভক্তি করিয়ে।

রত্বাবলী। তাই ছুরি হাতে এসেছ?

বাসবী। সেজক্যে না। রাষ্ট্রবিপ্লবের আশকা ঘটেছে। বিপদে পড়ি ভো নিরন্ত্র মরব রা।

वजावनो। निव छेलव स्नाथ जूनत्व को पिरव ?

वामवी। (हाद प्रथाहेया) এই हाद मिष्टा।

বতাবলী। ভোমার হীরের হার!

বাসবী। বছমূল্য অবমাননা, রাজকুলের উপযুক্ত। ও নাচবে ওর গারে পুরস্কার চুঁড়ে ফেলে দেব।

রত্নাবলী। ও যদি তিরস্কার ক'রে ফিরে ফেলে দের তোমার গারে। যদি না নের।

বাসবী। (ছুরি দেখাইয়া) তখন এই আছে।

वक्रावनी। नीख एएक चाना महावानी लाक्यबीत्क, जिनि धूव चामां नात्व।

বাসবী। আসবার সময় খুঁজেছিলেম তাঁকে। শুনলেম ঘরে দার দিয়ে আছেন। একি রাষ্ট্রবিপ্লবের ভয়ে না স্বামীর 'পরে অভিমানে ? বোঝা গেল না।

রত্নাবলী। কিন্তু আজ হবে নটীর নতিনাট্য, তাতে মহারানীর উপস্থিত থাকা চাই।

বাসবী। নটার নতিনাট্য। নামটি বেশ বানিয়েছ।

মল্লিকার প্রবেশ

মলিকা। যা মনে করেছিলেম তাই ঘটেছে। রাজ্যে যেখানে যত বুদ্ধের শিশ্ব আছে মহারাজ অজাতশক্র সবাইকে ডাকতে দৃত পাঠিয়েছেন। এমনি করে গ্রহপূজা চলছেই, কখনো বা শনিগ্রহ কখনো বা রবিগ্রহ।

্রতাবলী। ভালোই হয়েছে। বৃদ্ধের সব-কটি শিশ্বাকেই দেবদত্তের শিশ্বাদের হাতে একসঙ্গে সমর্থণ করে দিন। ভাতে সময়-সংক্ষেপ হবে।

মল্লিকা। সেজন্যে নয়। ওরা রাজ্ঞার হয়ে অহোরাত্র পাপমোচন মন্ত্র পড়তে আসছে। মহারাজ একেবারে অভিভূত হয়ে পড়েছেন।

বাসবী। তাতে কী হয়েছে?

মল্লিকা। কী আশ্চর্য। এখনো জনশ্রুতি তোমার কানে পৌছয়নি! সবাই অহুমান করছে, পথের মধ্যে ওরা বিশ্বিসার মহারাজকে হত্যা করেছে।

বাসবী। সর্বনাশ। এ কখনো সভ্য হতেই পারে না।

মল্লিকা। কিন্তু এটা সত্য যে, মহারাজকে যেন আগুনের জালা ধরিয়ে দিয়েছে। তিনি কোন্ একটা অহুশোচনায় ছটফট করে বেড়াচ্ছেন।

वामवी। हाय, हाय, এ की मःवाम।

রত্নাবলী। লোকেশ্বরী মহারানী কি শুনেছেন ?

মল্লিকা। অপ্রিয় সংবাদ তাঁকে যে শোনাবে তাকে তিনি তুথানা করে ফেলবেন। কেউ সাহস পাচ্ছে না।

বাসবী। সর্বনাশ হল। এতবড়ো পাপের আঘাত থেকে রাজবাড়ির কেউ বাঁচবে না। ধর্মকে নিয়ে যা খুশি করতে গে্লে কি সন্থ হয় ?

রত্বাবলী। ওই রে ! বাসবী আবার দেখছি নটীর চেলা ছবার দিকে ঝুঁকছে। ভয়ের তাড়া খেলেই ধর্মের মৃঢ়তার পিছনে মাহ্ম্য লুকোতে চেষ্টা করে।

বাসবী। কখনোনা। আমি কিছু ভয় করিনে। ভজাকে এই খবরটা দিয়ে আসিগে।

রত্নাবলী। মিধ্যা ছুতো করে পালিয়ো না। ভয় তুমি পেয়েছ। তোমাদের এই অবসাদ ক্লেখলে আমার বড়ো লজ্জা করে। এ কেবল নীচসংসর্গের ফল।

বাসবী। অক্সায় বলছ তুমি, আমি কিছুই ভয় করিনে।

রত্নাবলী। আছা তাহলে অশোকবনে নাচ দেখতে চলো।

বাসবী। কেন যাব না। তুমি ভাবছ আমাকে জ্বোর করে নিয়ে যাচ্ছ?

রত্নাবলী। আর দেরি নয়, মল্লিকা, শ্রীমতীকে এখনই ডাকো, সাজ হ'ক বা না হ'ক। রাজকক্যারা যদি না আসতে চায় রাজকিংকরীদের স্বাইকে চাই। নইলে কৌতুক অসম্পূর্ণ থাকবে।

বাসবী। এই যে শ্রীমতী আসছে। দেখো, দেখো, ষেন চলছে স্বপ্নে। ষেন মধ্যাহের দীপ্ত মরীচিকা, এর মধ্যে ও ষেন একটুও নেই।

ধীরে ধীরে শ্রীমতীর প্রবেশ ও গান

হে মহাজীবন, হে মহামরণ, লইমু শরণ, লইমু শরণ। আধার প্রদীপে জালাও শিখা, পরাও, পরাও জ্যোতির টিকা, করো হে আমার লজ্জা হরণ।

त्रप्रावनो। এই দিকে পথ। आभाष्मत्र कथा कि कान शिष्ट्रष्ट ना ? এই य এই দিকে।

শ্রীমতী। পরশরতন তোমারি চরণ,
লইমু শরণ লইমু শরণ,
যা-কিছু মলিন, যা কিছু কালো
যা-কিছু বিরূপ হোক তা ভালো,
যুচাও যুচাও সব আবরণ।

वंशायनी। वागवी, मां फिरम बहेरन क्वन ? ज्ला।

वामवी। ना, ष्यामि शाव ना।

त्रप्रांवनी। दकन शांद ना ?

বাসবী। তবে সত্য কথা বলি। আমি পারব না।

त्रष्ट्रांवनी। ७ म क ब रह ?

वागवी। शे ७ म कवरह।

রত্বাবলী। ভয় করতে লব্দা করছে না ?

वांगवी। এक ऐमां ज भा । श्रीमजी, त्मरे कमांत्र महो।।

প্রীমতী। উত্তমক্ষেন বন্দেহং পাদপংস্থ-বন্ধত্তমং

বুকে যো খলিতো দোসো বুদ্ধো খমভূ তং মম।

বাসবী। বুকো খমজু তং মম, বুদ্ধো খমজু তং মম,
বুদ্ধো খমজু তং মম।

শ্রীমতীর গান

रांत्र मानात्म, ভाঙित्म अভिमान।

কীণ হাতে জালা

मान मीलिय थाना

रुण थान थान।

এবার ভবে জালো

আপন তারার আলো,

রঙিন ছায়ার এই গোধুলি ছ'ক অবসান।

এস পারের সাথি।

वहेल পথের হাওয়া, নিবল ঘরের বাতি।

षांचि विक्रम वाटि,

অন্ধকারের ঘাটে

সব হারানো নাটে

এনেছি এই গান।

ভিক্লদের প্রবেশ ও গান

সকল কলুষ তামস হয়,

জয় হ'ক তব জয়,

অমৃতবারি সিঞ্চন কর

निश्रिण पूर्वनभन्।

महाबाखि महात्क्य

महाभूना महात्थ्य ।

জ্ঞানস্থৰ-উদন্বভাতি

ध्वः म कक्क जिमित्र-वाजि।

ি সকলের প্রস্থান

হু:সহ হু:স্বপ্ন ঘাতি'

অপগত কর ভয়।

মহাশান্তি মহাক্ষেম মহাপুণ্য মহাপ্রেম।

মোহমলিন অতিত্বদিন
শক্তি চিত পাছ,
ভাটিল-গহন পথসংকট
সংশ্বয় উদ্ভাস্ত।
করুণাময় মাগি শরণ
ত্ব্যতিভয় করহ হরণ,
দাও তৃংখবন্ধত্বণ
মৃক্তির পরিচয়।
মহাশান্তি মহাক্ষেম
মহাপুণা মহাপ্রেম।

ठबुर्थ षक्ष

অশোকতল। ভাঙা স্তৃপ। ভগ্নপ্রায় আসনবেদি রত্বাবলী। রাজকিংকরীগণ। একদল রক্ষিণী

প্রথম কিংকরী। রাজকুমারী, আমাদের প্রাসাদের কাজে বিলম্ব হচ্ছে। রত্নাবলী। আর একটু অপেক্ষা করো। মহারানী লোকেশ্বরী স্বয়ং এসে দেখতে চান। তিনি না এলে নাচ আরম্ভ হতে পারে না।

ষিতীয় কিংকরী। আপনার আদেশে এসেছি। কিন্তু অধর্যের ভয়ে মন ব্যাকুল।
তৃতীয় কিংকরী। এইখানেই প্রভুকে পূজা দিয়েছি, আজ এখানেই নটীর নাচ
দেখা। ছি ছি, কেমন করে এ পাপের ক্ষালন হবে?

চতুর্ধ কিংকরী। এতবড়ো বীভৎস ব্যাপার এবানে হবে জানতেম না। পাকতে পারব না আমরা, কিছুতে না।

त्रष्ट्रायणी। यम्पाणिनो जादा खनिमनि, तृष्कद भूका এ-दांख्या निविक रुप्तरह।

চতুর্থ কিংকরী। রাজাকে অমাক্ত করা আমাদের সাধ্য নেই। ভগবানের পূজা নাই করলেম কিন্তু তাই বলে তাঁর অপমান করতে পারিনে।

প্রথম কিংকরী। রাজবাড়ির নটীর নাচ রাজকন্তা রাজবধ্দেরই জন্তে। এ সভাষ আমাদের কেন ? চলো ভোমরা, আমাদের যেখানে স্থান সেখানে যাই।

রত্নাবলী। (রক্ষিণীদের প্রতি) যেতে দিরো না ওদের। এইবার শীব্র নটীকে তেকে নিয়ে এস।

প্রথম কিংকরী। রাজকুমারী, এ পাপ নটীকে স্পর্শ করবে না। এ পাপ ভোমারই।

রত্নাবলী। ভোরা ভাবিস ভোদের নভুন ধর্মের নভুন-গড়া পাপকে ক্সামি গ্রাহ্থ করি।

षिতীর কিংকরী। মান্থবের ভক্তিকে অপমান করা এ তো চিরকালের পাপ।

রত্বাবলী। এই নটীসাধ্বীর হাওয়া ভোমাদের স্বাইকে লাগল দেখছি। আমাকে পাপের ভয় দেখিয়ো না, আমি শিশু নই।

রক্ষিণী। (প্রথম কিংকরীর প্রতি) বস্থমতী, আমরা শ্রীমতীকে ভক্তি করেছি কিন্তু ভূল করেছি তো। সে তো নাচতে রাজি হল।

त्रष्ट्रावनी। त्रांकि रूरव ना ? त्रांकात्र व्यारम्भरक छत्र कत्रस्य ना १

রক্ষিণী। ভয় ভো আমরাই করি, কিছ-

রত্বাবলী। নটীর পদ কি ভোমাদেরও উপরে ?

প্রথম কিংকরী। আমরা তো ওকে নটা বলে আর ভাবভূম না। আমরা ওর মধ্যে স্বর্গের আলো দেখেছি।

রত্বাবলী ৷ নটী স্বর্গে গিয়েও নাচে তা জানিসনে !

বন্দিণী। শ্রীমতীকে পাছে রাজার আদেশে আঘাত করতে হয় এই ভয় ছিল কিন্তু আজ মনে হচ্ছে রাজার আদেশের অপেক্ষা করবার দরকার নেই।

প্রথম কিংকরী। ও পাপীয়সীদের কথা থাক্। কিন্তু এই পাপদৃশ্যে তুই চোধকে কলন্ধিত করলে আমাদের গতি হবে কী ?

রত্নাবলী। এখনো নটার সাজ্ব শেষ হল না। দেখছ ভো ভোমাদের নটাসাধীর সাজের আনন্দ কভ।

अथम किःकरी। अहे (य अन! हेन, म्हार्याह्न सममम कराह । विजीय किःकरी। भाभरम्ह अक-म वाजित जाला जानियाह ।

শ্রীমতীর প্রবেশ

প্রথম কিংকরী। পাপিষ্ঠা, শ্রীমতী। ভগবানের আসনের সম্মুখে, নিলক্ষ, তুই শু আৰু নাচবি! তোর ত্থানা পা শুকিয়ে কাঠ হয়ে গেল না এখনো ?

শ্রীমতী। উপায় নেই, আদেশ আছে।

বিতীয় কিংকরী। নরকে গিয়ে শতলক্ষ বংসর ধরে জ্বসম্ভ অক্ষারের উপরে তোকে দিনরাত নাচতে হবে এ আমি বলে দিলেম।

তৃতীয় কিংকরী। দেখো একবার। পাতকিনী আপাদমন্তক অলংকার পরেছে। প্রত্যেক অলংকারটি আগুনের বেড়ি হয়ে তোর হাড়ে মাংসে জড়িয়ে থাকবে, তোর নাড়ীতে নাড়ীতে জালার স্রোত বইয়ে দেবে তা জানিস?

মল্লিকার প্রবেশ

মন্ত্রিকা। (জনস্থিকে, রত্নাবলীকে) রাজ্যে বৃদ্ধপূজার ষে-নিষেধ প্রচার হয়েছিল সে আবার ফিরিয়ে নেওয়া হয়েছে। পথে পথে তৃন্দৃতি বাজিয়ে তাই ঘোষণা চলছে। হয়তো এখনই এখানেও আসবে তাই সংবাদ দিয়ে গেলেম। আরও একটি সংবাদ আছে। আজ মহারাজ অজাতশক্ত স্বয়ং এখানে এসে পূজা করবেন তার জন্তে প্রস্তুত হচ্ছেন।

রত্নাবলী। একবার দোড়ে যাও তাহলে মল্লিকা—শীন্ত মহারানী লোকেশরীকে ডেকে নিয়ে এস।

मिल्रा। अहे य जिनि व्यामहिन।

লোকেশ্বরীর প্রবেশ

वजावनी। महावानो, अहे जाननाव जामन।

লোকেশ্বরী। থামো। শ্রীমতীর সঙ্গে নিভূতে আমার কথা আছে। (শ্রীমভাকে জনান্তিকে ডাকিয়া লইয়া) শ্রীমতী।

धिगजी। की महातानी।

लाक्यती। এই मध, जामात्र करमा এनिहि।

खैमछो। को अप्तरहम १

লোকেশরী। অমৃত।

শ্রীমতী। বুঝতে পারছিনে।

लाक्यतो। विष। त्थरत्र मत्त्रा, भित्रजान भारत।

শ্রীমতী। পরিত্রাণের আর উপার নেই ভাবছেন ?

লোকেশরী। না। রত্নাবলী আগেই গিয়ে রাজার কাছ থেকে ভোমার জন্তে নাচার আদেশ আনিয়েছে। সে আদেশ কিছুতেই ফিরবে না জানি।

त्रवारनी। महात्रानी, व्यात ममत्र त्रहे, नृष्ण व्यात्रख हे क।

লোকেশরী। এই নে, শীন্ত্র খেষে ফেল। এখানে মলে শুর্গ পাবি, এখানে নাচলে যাবি অবীচি নরকে।

শ্রীমতী। সর্বাগ্রে আদেশ পালন করে নিই।

मार्क्यती। नांচित ?

बीमजी। है। नाहव।

লোকেশরী। ভয় নেই ভোর ?

শ্রীমতী। না, কিছু না।

লোকেশ্বরী। তবে তোমাকে কেউ উদ্ধার করতে পারবে না।

শ্ৰীমতী। বিনি উদ্ধারকর্তা তিনি ছাড়া।

রত্বাবলী। মহারানী, আর একমূহুর্ত দেরি চলবে না। বাইরে গোলমাল শুনছ না? হয়তো বিল্রোহীরা এখনই রাজোভানে ঢুকে পড়বে। নটী, নাচ শুরু হ'ক।

• শ্রীমতীর গান ও নাচ

আমার ক্ষমো হে ক্ষমো, নমো হে নমঃ ভোমার শ্বরি, হে নিরুপম,

न्छात्रम हिख भम

छे इत्य वाद्य ।

আমার সকল দেহের আকুল রবে

মন্ত্রহারা ভোমার স্তবে

ভাহিনে বামে ছন্দ নামে

नव जनस्यव गांत्य।

ভোমার বন্দনা মোর ভলিতে আজ

সংগীতে বিরাজে।

त्रप्रावनी। এ की तकम नाह ? এ তো नाहित छान। आत এই গানের অর্থ কী ? লোকেশ্বরী। না না বাধা দিয়ো না।

শ্রীমতীর গান ও নাচ

এ কী পরম ব্যধার পরান কাঁপার

कैंशिय युष्क मार्श

শান্তিসাগরে তেওঁ থেলে যায়
স্থলর তায় জাগে।
আমার সব চেতনা সব বেদনা
রচিল এ যে কী আরাধনা,
তোমার পারে মোর সাধনা
মরে না যেন লাজে।
তোমার বন্দনা মোর ভঙ্গিতে আজ
সংগীতে বিরাজে।

রত্নবলী। এ কী হচ্ছে ? গয়নাগুলো একে একে তালে তালে ওই ভূপের আবর্জনার মধ্যে ফেলে দিছে। ওই গেল কন্ধণ, ওই গেল কেয়ুর, ওই গেল হার। মহারানী, দেখছেন এ সমস্ত রাজবাড়ির অলংকার—এ কী অপমান! শ্রমতী, এ আমার নিজের গায়ের অলংকার। কুড়িয়ে নিয়ে এসে মাধায় ঠেকাও, যাও এখনই।

লোকেশ্বরী। শাস্ত হও, শাস্ত হও। ওর দোষ নেই, এমনি করে আভরণ ফেলে দেওয়া, এই নাচের এই তো অঙ্গ। আনন্দে আমারও শরীর ত্লে উঠছে। (গলা হইতে হার খুলিয়া ফেলিয়া) শ্রীমতী, থেমো না, থেমো না।

গ্রীমতীর গান ও নাচ

আমি কানন হতে তুলিনি ফুল,
মেলেনি মোরে ফল।
কলস মম শৃক্তসম
ভরিনি তীর্থজন
আমার তম্ম তমুতে বাধনহারা
কাম ঢালে অধরা-ধারা,
তোমার চরনে হ'ক তা সারা
প্রার পুণা কাজে।
তোমার
কলনা মোর ভলিতে আজ
সংগীতে বিরাজে।

রত্বাবলী। এ কী রকম নাচের বিজ্বনা। নটীর বেশ একে একে কেলে দিলে। দেখছ ভো মহারানী, ভিতরে ভিস্থীর পীতবল্প। একেই কি পূজা বলে না ? রক্ষিণী, ভোমরা দেখছ। মহারাজ কী দণ্ড বিধান করেছেন মনে নেই ? রক্ষিণী। শ্রীমতী তো পূজার মন্ত্র পড়েনি।

শ্রীমতী। (জাছ পাতিয়া) বুদ্ধং সরণং গচ্ছামি —

রক্ষিণী। (এমতীর মুখে ছাভ দিয়া) পাম্ পাষ্ তুঃসাহসিকা, এখনো পাষ্।

त्रष्ट्रांच्यो । 'त्राक्यात च्यारम्थ शामन करता।

প্রিমতী।

वृक्षः मद्रगः शच्छामि

ধন্মং সরণং গচ্ছামি-

কিংকরীগণ। সর্বনাশ করিসনে শ্রীমতী, থাম্ থাম্।

विक्ति। याम्यान मद्रत्य मृत्य छेम्रखा।

ষিতীয় রক্ষিণী। আমি করজোড়ে মিনভি করছি আমাদের উপর দয়া করে ক্ষান্ত হ। কিংকরীগণ। চক্ষে দেখতে পারব না, দেখতে পারব না, পালাই আমরা। [পলায়ন

রত্বাবলী। রাজার আদেশ পালন করে।।

শ্ৰীমতী।

वृषः जत्रगः शक्हाभि

धपार সরণং গচ্চামি

मः **ग**र्वः ग्रक्शिय।

লোকেশরী। (জামু পাতিয়া সঙ্গে সঙ্গে)

বৃদ্ধং সরণং গচ্ছামি ধশ্মং সরণং গচ্ছামি সংঘং সরণং গচ্ছামি।

বৃক্ষিণী শ্রীমন্তীকে অস্ত্রাঘাত করিতেই সে আসনের উপর পড়িরা গেল। 'কমা করো ক্ষমা করো', বলিতে বলিতে বৃক্ষিণীরা একে একে শ্রীমতীর পারের ধুলা লইল।

লোকেশ্বরী। (প্রীমতীর মাধা কোলে লইয়া) নটী, ভোর এই ডিস্কুণীর বস্ত্র আমাকে দিয়ে গেলি। (বসনের একপ্রাস্ত মাধার ঠেকাইয়া) এ আমার।

[রত্নাবলী খূলিতে বসিয়া পড়িল

मिका। की खायक ?

रक्षांवणी। (वक्षांकरण मूच व्याक्षत्र कतिया) এইবার আমার ভর হচ্চে।

প্রতিহারিণীর প্রবেশ

প্রতিহারিণী। মহারাজ অজাতশক্ত ভগবানের পূজা নিয়ে কানন্দারে অপেকা ক্রছেন দেবীদের সম্মতি চান। মল্লিকা। চলো, আমি মহারাজকে দেবীদের সম্মতি জানিয়ে আসিগে। প্রেস্থান লোকেশ্বরী। বলো তোমরা স্বাই,

দ্ধং সরণং গচ্ছামি।

রত্বাবলী ব্যতীত সকলে। বুদ্ধং সরণং গচ্ছামি।

(मार्क्यती । धन्त्रः मत्रनः भक्तामि ।

রত্বাবলী ব্যতীত সকলে। ধন্মং সর্থং গচ্ছামি।

लां (कश्रेती। नः मः भवनः भक्तामि।

রত্বাবলী ব্যতীত সকলে। সংঘং সরণং গচ্ছামি।

নখি মে সরণং অঞ্ঞং বৃদ্ধো মে সরণং বরং এতেন সচ্চবজ্জেন হোতু মে জয়মঙ্গলং।

মলিকার প্রবেশ

मिलका। महातां अ अलग ना, किरत शिलन।

लांकियती। किन?

মল্লিকা। সংবাদ শুনে তিনি ভয়ে কম্পিত হয়ে উঠলেন।

লোকেশ্বরী। কাকে তাঁর ভন্ন ?

মল্লিকা। ওই হতপ্ৰাণ নটীকে।

লোকেশ্বরী। চলো পাল্ব নিয়ে আসি। এর দেহকে সকলে বছন করে নিয়ে থেতে হবে। বিশ্বাবলী ছাড়া সকলের প্রস্থান

রত্বাবলী। (শ্রীমতীর পাদম্পর্শ করিয়া প্রণাম। জাম্ব পাতিয়া বসিয়া)

বুদ্ধং সরণং গচ্ছামি ধশ্মং সরণং গচ্ছামি সংঘং সরণং গচ্ছামি

নটরাজ

ঋতুরজশালা

मुद्र सम्। जिस्मीनीमान्यकी भारतः स्थान स्थान

न छेड़ा क

যুক্তিতত্ত্ব

মৃক্তিতম্ব শুনতে শিরিস ভম্বশিরোমণির পিছে ? হায় রে মিছে, হায় রে মিছে

মুক্ত যিনি দেখ-না তাঁরে, আয় চলে তাঁর আপন দারে, তাঁর বাণী কি শুকনো পাভায় হলদে রঙে লেখেন ভিনি।

মরা তালের ঝরা ফুলের সাধন কি তাঁর মৃক্তি-কুলের। মৃক্তি কি পণ্ডিতের হাটে উক্তিরাশির বিকিকিনি।

এই নেমেছে চাঁদের হাসি
এইধানে আর মিলবি আসি,
বীণার ভারে ভারণ-মন্ত্র
শিধে নে ভোর কবির কাছে।

আমি নটরাজের চেলা,
চিন্তাকাশে দেখছি খেলা,
বাধন খোলার শিখছি সাধন
মহাকালের বিপুল নাচে।

দেখছি, ও ধার অসীম বিস্ত স্থার ভার ভ্যাগের নৃত্য, আপনাকে ভার হারিয়ে প্রকাশ আপনাতে ধার আপনি আছে

যে-নটরাজ্ব নাচের খেলায় ভিতরকে তার বাইরে কেলায়, কবির বাণী অবাক মানি' ভারি নাচের প্রসাদ যাচে।

শুনবি রে আর, কবির কাছে ভক্তর মুক্তি ফুলের নাচে, নদীর মুক্তি আঁছাহারা নৃত্যধারার ভালে ভালে।

রবির মৃক্তি দেখু না চেয়ে আলোক-জাগার নাচন পেরে, তারার নৃত্যে শৃষ্ম গগন মৃক্তি যে পায় কালে কালে।

প্রাণের মৃক্তি মৃত্যুরথে
নৃতন প্রাণের ঘাত্রাপথে,
জ্ঞানের মৃক্তি সভ্য-স্থভার
নিভ্য-বোনা চিস্তাজ্ঞালে।

আয় তবে আয় কবির সাথে
মৃক্তি-দোলের শুক্লরাতে,
জলল আলো, বাজল মুদ্ধ্
নটরাজের নাট্যশালে।

উদ্বোধন

मिनतात मस उर राष्ट्र वाकि राष्ट्र, नरेताक, নৃত্যমদে মন্ত করে, ভাঙে চিস্তা, ভাঙে শঙ্কা লাজ, ভুচ্ছ করে সম্মানের অভিমান, চিন্ত টেনে আনে বিশ্বের প্রাঙ্গণতলে তব নৃত্যচ্চনের সন্ধানে। मुक्तित्र প্রয়াসী আমি, শান্তের জটিল তর্কজালে योवन श्रम् वन्नी वात्कात्र पूर्णत्र ज्ञाल ; স্বচ্ছ আলোকের পথ ক্ষম করি ক্ষম শুল আবতিয়া উঠে প্রাণে অন্ধতার জয়ধ্বজা তুলি **ह्यू दिया । बहेबाब, जूमि बाब्द करबा शा छेद्राव** इः माश्मी योयत्वद्य, भए भए भए भण्क जामाद চঞ্চল চরণভঙ্গি, রক্ষেশ্বর, সকল বন্ধনে উত্তাল নৃত্যের বেগে,—যে নৃত্যের অশাস্ত স্পন্দনে ध्नियन्तिभाग। इटल भूकि भाग्न नयभागन ; পুলকে কম্পিড হয় প্রাণের ত্রম্ভ কৌতৃহল, আপনারে সন্ধানিতে ছুটে যায় দূর কালপানে, তুর্গম দেশের পথে, জন্মমরণের তালে তানে, স্ষীর রহস্থারে নৃভাের আঘাত নিতা হানে, (य-नृष्णाय व्यांक्शिनाना मक्त शक्षत कम्ल व्यांन, ক্ষ হয় ভড়ভার সজাহীন লজাহীন সাদা, উচ্ছিন্ন করিতে চান্ন জড়জের কন্ধবাক্ বাধা, বন্ধাভার অন্ধ ঘু:শাসন; ভ্রামলের সাধনাতে দীক্ষা ভিক্ষা করে মঞ্চ তব পারে; যে নৃত্য আঘাতে विक्वाण्य-मदबायदब छिमि ब्यार्ग श्रव्य हक्त, অতল আবর্তবক্ষে গ্রহনক্ষরের শঙ্গল প্রকৃটিয়া ক্রে নিত্যকাল; ধ্মকেডু অকম্বাৎ উড়ার উন্তরী হাস্তবেগে, করে ক্ষিপ্র পদপাত

তোমার ভম্মতালে, পূজা-নৃত্য করি দেয় সারা স্থের মন্দির-সিংহ্লারে, চলে যায় লক্ষ্যহারা গৃহশ্যু পান্থ উদাসীন।

নটরাজ, আমি তব
কবি-শিশ্ব, নাটের অঞ্চনে তব মুক্তিমন্ত্র লব।
তোমার তাণ্ডবতালে কর্মের বন্ধনগ্রন্থিলি
ছন্দবেগে স্পন্দমান পাকে পাকে সন্থ যাবে খুলি;
সর্ব অমঙ্গল-সর্প হীনদর্প অবনম্র কণা
আন্দোলিবে শাস্ত লবে।

প্রভু, এই আমার বন্দনা নৃত্যগানে অর্পিব চরণতলে, তুমি মোর গুরু, আজিকে আনন্দে ভয়ে বক্ষ মোর করে হুক্ষ হুক্ষ। পূর্ণচন্দ্রে লিপি তব, হে পূর্ব, পাঠালে নিমন্ত্রণে বসস্তদোলের নৃত্যে, দক্ষিণবায়ুর আলি খন, মল্লিকার গন্ধোল্লাসে, কিংশুকের দীপ্ত রক্তাংশুকে, বকুলের মন্ততায়, অশোকের দোতুল কৌতুকে, বেণুবনবীপিকার নিরম্ভর মর্মরে কম্পনে ইঙ্গিতে ভঙ্গিতে, আম্রমঞ্জরীর সর্বত্যাগপণে, পলাশের গরিমায়। অবসাদে যেন অক্সমনে তাল ভঙ্গ নাহি করি, তব নামে আমার আহ্বান ব্দড়ের স্তব্ধতা ভেদি উৎসারিত করে দিক গান। আমার আহ্বান যেন অভ্রভেদী তব জ্ঞটা হতে উত্তারি আনিতে পারে নির্মন্তিত রসস্থধাম্রোতে ধরিত্রীর তপ্ত বক্ষে নৃত্যচ্ছন্দ মন্দাকিনীধারা, ভশ্ব যেন অগ্নি হয়, প্রাণ যেন পায় প্রাণহারা।

নৃত্য

গাৰ

নৃত্যের তালে তালে, নটরাজ,

ঘূচাও সকল বন্ধ হে।

হুপ্তি ভাঙাও, চিত্তে জাগাও

মৃক্ত হুরের ছন্দ হে।

তোমার-চরণ-পবন-পরশে

সরস্থতীর মানস সরসে

যুগে যুগে কালে কালে,

হুরে হুরে ভালে তালে,

তেউ তুলে দাও মান্ডিয়ে জাগাও

অমল কমল গন্ধ হে।

নমো নমো নমো—

তোমার নৃত্য জ্মিত বিত্ত

ভুক্ক চিত্ত মম।

নৃত্যে তোমার মৃক্তির রূপ,
নৃত্যে ভোমার মায়া।
বিশ্বতহ্বতে অণুতে অণুতে
কাঁপে নৃত্যের ছায়া।
ভোমার বিশ্ব-নাচের দোলায়
বাঁধন পরায়, বাঁধন খোলায়,
য়ুগে মুগে কালে কালে,
স্থারে স্থারে ভালে ভালে;
আন্ত কে ভার সন্ধান পায়
ভাবিতে লাগায় ধন্ম ছে।
নমো নমো নমো—
ভোমার নৃত্য অমিত বিত্ত
ভক্ষক চিত্ত ময়।

ব্জার বশে স্থলর হল
বিজ্ঞাহী পরমান্ত;
পদযুগ বিরে জ্যোতি-মঞ্জীরে
বাজিল চন্দ্রভাম ।
তব নৃত্যের প্রাণবেদনায়
বিবল বিশ্ব জাগে চেডনায়,
যুগে যুগে কালে কালে
স্থরে স্বরে তালে তালে,
স্থে হ্যে তরঙ্গময়
ভোমার পরমানক হে।

নমো নমো নমো--ভোমার নৃত্য অমিত বিত্ত
ভক্ক চিত্ত মম।

মোর সংসারে তাগুব তব,
কম্পিত জ্বটাজালে।
লোকে লোকে ঘূরে এসেছি তোমার
নাচের ঘূর্ণিতালে।
ওগো সন্ন্যাসী, ওগো স্থন্দর,
ওগো শংকর, হে ভয়ংকর,
যুগে যুগে কালে কালে
স্থরে স্থরে তালে তালে,
জীবন-মরণ নাচের ভমক্ষ
বাজাও জ্বলদমক্র হে।
নমো নমো নমো—
ভোমার নৃত্য অমিত বিস্ত

ঋতুনৃত্য বৈশাখ

शान-निमध नीवव नध নিশ্চল ভব চিত্ত; নিঃস্ব গগনে বিশ্ব ভূবনে নি:শেষ স্ব বিভ। রসহীন ভক্ষ, নিৰ্জীব মক্ষ, পবনে গর্জে ক্লন্ত ভমক, ঐ চারিধার করে হাহাকার ধরাভাণ্ডার রিক্ত। তব তপ-তাপে ছেরো সবে কাঁপে, मिवलांक रुग क्रांस। ইন্দ্রের মেদ, নাহি ভার বেগ, रक्ष कक्ष्म भासा प्रिंग्त जात्न निर्मय वायु, সংহার করে কাননের আয়ু, **७** इ इ द द कि निष्ण इत कि अफ़्मानत्वत्र कृछा। कार्शा कृत्न कत्न बर ज्वमत ভাপস, লোচন মেলো ছে। জাগো মানবের আশার ভাষার, नाटिय हेये किला हि। ष्यांका ध्रांच भारत, ष्यांका भारत भारत, चारंगी मःश्रीतम, चारंगी मद्यातम, আখাসহারা উদাস পরানে ৰাগাও উদার নৃত্য। ज्राह इस, जालांत्र मस धकाकात्र छोहे हात्र ता।

কদর্য তাই করিছে বড়াই,
ধরণী লক্ষা পায় রে।
পিনাকে ভোমার দাও টংকার,
ভীষণে মধুরে দিক ঝংকার,
ধুলায় মিশাক যা কিছু ধুলার,
জয়ী হ'ক যাহা নিতা।

বৈশাখ-আবাহন

গান

এস, এস, এস, হে বৈশাধ।

তাপস নিশাস বায়ে মুম্হ্রে দাও উড়ায়ে
বংসরের আবর্জনা দূর হয়ে যাক।

যাক প্রাতন স্থতি যাক ভূলে যাওয়া গীতি,
অশ্রবাপ স্মৃরে মিলাক।

মৃছে যাক সব প্লানি, ঘুচে যাক জরা,
অগ্রিনানে দেহে প্রাণে গুচি হ'ক ধরা।

রসের আবেশরাশি গুদ্ধ করি দাও আসি,
আনো, আনো, আনো তব প্রলয়ের শীব,
মায়ার কুজ্ঝাটি-জাল যাক দূরে যাক।

বৈশাখের প্রবেশ

গান

নমো, নমো, ছে বৈরাগী।
তপোবহির শিখা জালো জালো,
নির্বাণহীন নির্মণ আলো
অস্তরে থাক্ জাগি।
নমো নমো হে বৈরাগী।

সম্বোধন

ধ্সরবসন, ছে বৈশাব, রক্তলোচন, ছে নির্বাক, শুক্ষপথের দানব দস্যা, শুষে নিতে চাও হাসি ও অঞ্র, ইন্সিতে দাও দাৰুণ ডাক। ন্তম্ভিত হল সে ডাকে পৃথী, ভাণ্ডারে তার কাঁপিল ভিত্তি, শ্বায় তার ভকায় তালু, অট্ট হাসিল মক্তর বালু। হুংকার সেই তপ্ত হাওয়ায় প্রাম্বর হতে প্রাম্বরে ধায়, निध्युत्मत्र नीत्रत्व कामात्र, म्ता म्ता छेकात्र ध्नि, বিজয়পতাকা আকাশে তুলি। प्र्िया निष्युष्ट् भगन-१४२ द्व, अवाद्य मित्रष्ट निवीयदवपूदव উদাস করেছ রাখাল-বেণুরে তৃষ্ণাকঙ্গণ সারঙ্-তানে। मीर्व अमीद्र शिन मक्ष्य, विविविविवि क्ल भीवि भीवि वम, আকুলিয়া উঠে কাননের ভয় ভীক কপোতের কাকলি গানে। ধুসরবসন, ছে বৈশাখ, वक्टलाइन ए निर्वाक, শুষ্ক পথের দানব দস্যা, গুয়ে নিভে চাও হাসি ও অঞ্র, हेक्टि मा का मामन जाक।

গান

বাদর আমার, ঐ বৃঝি তোর বৈশাধী ঝড় আসে, বেড়া ভাঙার মাতন নামে উদ্ধাম উল্লাসে। মোহন এল ভীষণ বেশে আকাশ ঢাকা জটিল কেশে, এল ভোমার সাধন-ধন চরম সর্বনাশে। বাডাসে তোর স্থর ছিল না, ছিল ভাপে ভরা। পিপাসাতে বৃক-ফাটা ভোর শুষ্ক কঠিন ধরা। জাগ্ রে হতাশ, আয় রে ছুটে অবসাদের বাধন টুটে, এল ভোমার পথের সাধি বিপুল অট্টহাসে।

कानदेवनाथी

ভাকো বৈশাখ, কালবৈশাখী,
করো ভারে লীলাসন্ধিনী,কেন সম্মাসী রয়েছ একাকী
আহক প্রলম্ব-রন্ধিণী।
হত-নিঃশাস অম্বর ভলে
ক্ষম বাভাস ভাপ-শৃত্যলে,
ঘন ঝম্বার দিক্ ঝংকার
অন্তর ভব চঞ্চলি,
মন্থি আত্মক মর্ত্যন্বর্গ
ভোমার অর্ধ্য-অঞ্জনি

বাজায় ডমক তব তাগুবে

গুক গুক মেঘ-মজিয়া,—

দিশ্বধ্ যত হাহাকায় রবে

হুদাম উঠে ক্রন্মিয়া।

গৈরিক তব জন্ম পতাকায় नक्ता-व्यवित्र तः त्म याचात्र, कूरक वाकाय माथाय माथाय ভাগ-ভমালের ধঞ্জনি। সপ্ততারার লুপ্তির 'পরে नाट म श्रुशि-एश्रनी ॥ তপোডকের দিবে মন্ত্রণা তব শান্ধিরে ভর্জিয়া, তম্ম পরাবে ক্রন্তবীণায় द्रारथिएक यादा विषया। निशस्दाय मध्य ट्रेटि অঞ্চলে মেঘ আনিবে সে লুটি---राष्ट्रिया छेठित्व कम-कङ्गाम वन-अम्बद्ध अम्बद्ध,---শ্রাম উত্তরী নির্মণ করি' সাঞ্চাবে আপন বলভে।

भाधुतौत ध्रान

বাজাও একাকী

সহসা উচ্ছু সি উঠে
ভবিষা আকাশ
ত্যাতপ্ত বিবহের
নিক্ষ নি:খাস।
ভাষর প্রান্তের দ্বে
ভাষর গন্তীর স্থবে
ভাগায় বিদ্যুং-ছন্দে
ভাসন্ন বৈশাধী।
হে রাখাল, বেণু তব
বাজাও একাকী।

পরানে কার ধেয়ান আছে জাগি,
জানি হে জানি, কঠোর বৈরাগী।
স্থদ্র পথে চরণ ঘটি বাজে
পুরব কুলে বকুলবীধিমাঝে,
লুটায়ে-পড়া অমল-নীল সাজে
নবকেতকী-কেশর আছে লাগি।
ভাহারি ধ্যান পরানে তব জাগি।

রাখাল বেণু বান্ধায় তরুতলে
রাগিনী তার তাহারি কথা বলে।
তৃতলে খসি পড়িছে পাতাগুলি
চলিতে পাছে চরনে লাগে ধৃলি,—
রুক্ষচ্ডা রয়েছে খেলা তৃলি
পথে তাহারে হায়া দিবারি লাগি।
তাহারি ধ্যান পরানে আছে জাগি।

কাঁকন-ধানি তপোবনের পারে
চপল বারে আসিছে বারে বারে,
কপোত হুটি ভাঁছারি সাড়া পেরে
চাপার ভালে উঠিছে গেরে গেয়ে,

মরমে তব মৌনী আছে চেয়ে
আপন মাঝে তাছারি বাণী মাগি।
তাছারি ধ্যান পর্যানে আছে জাগি।
কঠোর, তুমি মাধুরী-সাধনাতে
মগন হয়ে রয়েছ দিনে রাতে।
নীরস কাঠে আগুন তুমি জালো,
আধার যাহা করিবে তারে আলো,
অগুচি যাহা, যা-কিছু আছে কালো
দহিবে তারে, স্থদ্রে যাবে ভাগি,—
মাধুরী-ধ্যান পরানে তব জাগি।

ব্যঞ্জনা

ভনিতে কি পাস
এই যে শ্বসিছে ক্ষম্ৰ শ্রে শ্রে স্তপ্ত নিশাস
এর মাঝে দ্বে বাজে চঞ্চলের চকিত গঞ্জনি,
মাধ্রীর মঞ্চীরের মৃত্মন্দ গুঞ্জরিত ধ্বনি ?
রৌশ্রম্ম তপস্তার মৌনন্তর অলক্ষ্য আড়ালে
শ্বপ্লে-রচা অর্চনার পালে
অর্চ্যমাল্য সাম্ব হয় সংগোপনে স্থলরের লাগি।
মর্ম ধেথা ধেয়ানের সর্বশৃন্ত গছনে বৈরাগী,
সেথা কে বৃত্তৃক্ আসে ভিক্ষা-অন্বেয়নে;
জীর্ন পর্ণন্ধ্যা'পরে একা রছে জাগি
কঠিনের শুরু প্রাণে কোমলের পদস্পর্শ মাগি
ভাপিত আকাশে
হঠাৎ নীরবে চলে আসে
একটি কন্ধ্ব ক্ষীণ দ্বিশ্ব বায়্ধারা,
ক্রে অভিসারিণী যেন পথে এসে পায় না কিনারা।

त्रवीख-त्रहमावली

অকস্থাৎ কোমলের কমলমালার স্পর্ল লেগে শাস্কের চিত্তের প্রাপ্ত অহেতু উদ্বেগে ক্রকুটিয়া ওঠে কালো মেনে;

विदा९ विक्वित छेट्ट निशस्त्रत ভात्न,

রোমাঞ্চ-কম্পন লাগে অশ্বথের ত্রস্ত ডালে ডালে; মৃহুর্তে অম্বরক্ষে উলন্ধিনী শ্রামা বাজায় বৈশাধী-সন্ধ্যা ঝঞ্চার দামামা,

> দিখিদিকে নৃত্য করে তুর্বার ক্রন্দন, ছিন্ন ছিন্ন হয়ে যার প্রদাসীক্ত কঠোর বন্ধন।

বৰ্ষার প্রবেশ

গান

নমো, নমো কক্ষণাখন নম হে।
নয়ন স্থিত অমৃতাঞ্জন পরশে,
জীবন পূর্ণ স্থধারস বরষে,
তব দর্শন-ধন-সার্থক মন হে,
অক্ষপণবর্ষণ কক্ষণাখন হে।

প্রত্যাশা

গান

তপের তাপের বাঁধন কাটুক রসের বর্ষণে, হাদয় আমার শ্রামল-বঁধুর করুণ ম্পার্ম নি॥

ঐ কি এলে আকাশ-পারে

দিক্-ললনার প্রিয়,

চিত্তে আমার লাগল ভোমার

ছারার উক্তরীয়

ভাষোর-ঝরণ প্রাবণজ্ঞলে, তিমির-মেত্র বনাঞ্চলে ফুটুক সোনার কদম্ফুল নিবিড় হর্বণে।

মেখের মাঝে মুদঙ্ ভোমার
বাজিরে দিলে কি ও
ঐ তালেতেই মাভিয়ে আমার
নাচিরে দিয়ো দিয়ো।

ভক্ষক গগন, ভক্ষক কানন
ভক্ষক নিখিল ধরা,
দেখুক তুবন মিলন-স্থপন
মধুর বেদন ভরা।
পরান-ভরানো ঘন ছায়াজাল
বাহির আকাশ কক্ষক আড়াল,
নরন তুলুক বিজ্লি ঝলুক
পরম দর্শনে।

আষাঢ়

কোন্ বারতার করিল প্রচার

দ্র আকাশের ইলিতে

ঐরাবতের বৃংহিতে।

নিষ্ঠর তপে আছে নিমগ্ন

ধরণী তপরিনী,

ক্রম্ম অল পাংজ-ধুসর,

ধ্যান-অলন শুফ উষর,

নাহি সধী সলিনী :—

বৃঝি আসন্ন হল তার বর,

শুনি গর্জন রথ-ধর্মর,

বৃঝি আসে কাজ্জিত,

ভাই চিন্ত যে হল চঞ্চল, আঁথিপল্লব বাষ্পদজ্ঞল, ভাই সে রোমাঞ্চিত।

প্রকা বিরহিণী গেল ছুদিন

হংশ ঘূচিবে নিংশেষে,

মনোমাঝে যারে ক্লন্ধ নয়নে

পূজিলে ধ্যানের পূল্প চয়নে,

দেখা দিবে আজি বিশ্বে সে

ঐ বৃঝি আসে আকালে আকালে

সমারোহ তার বিস্তারি,

বিজয়ী সে বীর, প্ররে ভয়ভীতা

যাবে তোর ভয়, প্ররে পিপাসিতা

তৃষা হতে দিবে নিস্তারি :

ললাটে নিপুণ পত্রলেখাটি

আঁকো কৃদ্ধম চন্দনে ।

হলাপ্ত চামেলি অলকে তোমার
কবরী রচিয়া এলো কেশভার

বৈধে ভোলো বেণীবন্ধনে ।

ভঠ ধূলি হতে ওগো হ: থিনী
ছাড়ো গৈরিক উত্তরী।
নীলবসনের অঞ্চলখানি
কম্পিত বুকে লহ লহ টানি'
হাসিমুখে চাহো স্ম্পরী।
বীর মঙ্গল ঘোষুক মন্ত্র
মুখে ভুলে ভোর শহ্ম নে।
কোতৃকস্থা চক্ষে ফুটুক,
বিহাৎ-শিখা কম্পি উঠুক
ভব চঞ্চল কম্বনে।

কুঞ্জনানন জাগ্রত হ'ক আজি বন্দনা সংগীতে— শিহর লাগুক শাধার শাধার, মাতন লাগুক শিধীর পাধার

তব নৃত্যের ভঙ্গিতে।
ভাম বন্ধুরে ভামল ত্ণের
আসনে বসাবি অঙ্গনে।
রাধিবি ত্যারে আল্পনা আঁকি',
চরণের তলে ধুলা দিবি ঢাকি,
টগর করবী রঙ্গনে।
গাও জন্ম জন্ম, গাও জন্মগান
টেউ ভোলো স্বসপ্তকে,
বনপথে আসে মনোরঞ্জন,
নম্বনে পরাবে প্রেম অঞ্জন,

नीना

পুধা দিবে চিরভপ্তকে।

शान

গগনে গগনে আপনার মনে
কী খেলা তব।
তুমি কত খেলে নিমেবে নিমেবে
নিতুই নব।
ভাটার গভীরে লুকালে রবিরে
ছামাপটে আঁক এ কোন্ ছবি রে।
মেষমলারে কী বল আমারে
কেমনে কব।
বৈশাধী ঝড়ে সেলিনের সেই
অট্টহাসি

গুক্ত গুক্ত প্রবে কোন্ দুরে দুরে

যায় যে জাসি।

সে সোনার আলো খ্যামলে মিশাল,
খেত উত্তরী আজ কেন কালো?

লুকালে ছায়ায় মেঘের মায়ায়
কী বৈভব।

বৰ্ষা-মঙ্গল

ওগো সন্ন্যাসী, কী গান ঘনাল মনে। গুরু গুরু গুরু নাচের ডমক

বাজিল ক্ষণে ক্ষণে।
তোমার ললাটে জটিল জ্ঞটার ভার
নেমে নেমে আজি পড়িছে বারম্বার,
বাদল আধার মাতাল ভোমার হিয়া,

বাঁকা বিহাৎ চোখে উঠে চমকিয়া।

চিরজনমের শ্রামলী তোমার প্রিয়া

আজি এ বিরহ-দীপন-দীপিকা পাঠাল ভোমারে এ কোন্ লিপিকা,

निथिन निथिन-छाँथित काक्न मित्रा,

চিরজনমের স্থামলী তোমার প্রিয়া।

মনে পড়িল কি ঘন কালো এলোচুলে

অগুরু ধূপের গন্ধ ?

শিখি-পুচ্ছের পাখা সাথে ছুলে ছুলে
কাকন-দোলন ছুন্দ ?

মনে পড়িল কি নীল নদীজ্বলে,

মন প্রাথনের ছারা ছল ছলে
মিলি মিলি সেই জল-কলকলে
কলালাপ মৃত্যুক্ত;

শ্বনিত-পারের চলা ঘিধাহত, তীক্ষ নয়নের পদ্ধব নত, না-বলা কথার আভাসের মতো নীলাম্বের প্রান্ত ? মনে পড়িছে কি কাঁথে ভুলে ঝারি তক্ষ তলে তলে ঢেলে চলে বারি, সেচন-শিথিল বাহু ঘূটি তারি ব্যথায় আলসে ক্লান্ত ?

ওপো সন্ন্যাসী, পথ ধার ভাসি'

থর ঝর ধারাজ্ঞলে
তমালবনের স্থামল ভিমির তলে।
ছ্যুলোক ভূলোকে দূরে দূরে বলাবলি
চিরবিরহের কথা,
বিরছিণী তার নত আঁখি ছলছলি'
নীপ-অঞ্চলি রচে বসি' গৃহকোণে,
ডেলে ডেলে দেয় ভোমারে শ্বরিয়া মনে,
ডেলে দেয় ব্যাকুলতা।

কতু বাতায়নে অকারণে বেলা বাহি'
আতুর নয়নে ত্-হাতে আঁচল ঝাঁপে ৷
তুমি চিত্তের অন্তরে অবগাহি'
পুঁজিয়া দেখিছ ধৈরজ নাহি নাহি,
মলার রাগে গজিয়া ওঠ গাহি',

বক্ষে ভোমার অক্ষের মালা কাঁপে।

যাক যাক তব মন গলে গলে যাক.

গান ভেলে গিয়ে দূরে চলে চলে যাক,

বেদনার ধারা তুর্দাম দিখাহার।

হখ-হার্দিনে ইই কুল ভার ছাপে। করম্বন চঞ্চল ওঠে হলি, সেইমতো ভব কম্পিড বাহু তুলি টলমল নাচে নাচো সংসার ভুলি,

कांका अवांकी क्रांक जांके कारल क्रांक

खारग-विषाय.

शोन

শ্রাবণ তুমি বাতাসে কার আভাস পেলে ?

পথে তারি সকল বারি।

मिटन ८ एटन।

क्या काँ एक, यात्र यात्र यात्र ।

कम्म अद्भ, हात्र हात्र हात्र।

পুব হাওয়া কয়, ওর তো সময় নাই বাকি আর।
শরৎ বলে, যাক না সময় ভয় কিবা ভার,—
কাটবে বেলা আকাশমাঝে বিনা কাব্দে
অসময়ের খেলা খেলে।

কালো মেঘের আর কি আছে দিন
ও যে হল সাধিহীন।
পূব হাওয়া কয়, কালোর এবার যাওয়াই ভালো,
শরৎ বলে, গেঁথে দেব কালোর আলো।
সাজ্বে বাদল আকাশ মাঝে
সোনার সাজে
কালিমা ওর মুছে কেলে।

যায় রে প্রাবণ কবি রসবর্ষা ক্ষান্ত করি তার,
কদম্বের রেণুপুঞ্জে পদে পদে কুঞ্জবীধিকার
ছায়াঞ্চল ভরি দিল। জানি, রেখে গেল তার দান
বনের মর্মের মাঝে; দিয়ে গেল অভিষেক্ষান
স্প্রসন্ন আলোকেরে; মহেন্দ্রের অদৃশ্র বেদীভে
ভরি গেল অর্ঘাপাত্র বেদনার উৎসর্গ অমৃতে;
সলিল গণ্ডুর দিতে ভটিনী সাগরভীর্ষে চলে,
অঞ্জলি ভরিল তারি; ধরার নিগ্র বক্ষভলে

বেধে গেল তৃষ্ণার সম্বল; অগ্নিতীক্ষ বস্ত্রবাণ দিগন্তের তৃণ ভরি একান্তে করিয়া গেল দান কালবৈশাধীর ভরে; নিজ হল্ডে সর্ব মানভার চিহ্ন মৃছে দিয়ে গেল। আজ শুধু রহিল ভাহার রিক্রবৃষ্টি জ্যোভিঃশুল্ল মেঘে মেঘে মৃক্তির লিখন, আপন পূর্ণভাষানি নিধিলে করিল সমর্পণ।

শেষ মিনতি

গান

কেন পাস্থ এ চঞ্চলতা ? কোন্ শৃত্য হতে এল কার বারতা।

> ষাত্রাবেলার ক্সন্তরবে বন্ধন-ডোর ছিল্ল হবে, ছিল্ল হবে, ছিল্ল হবে।

নশ্বন কিসের প্রতীক্ষা-রত বিদার বিষাদে উদাসমতো, ঘন-কুম্বলভার ললাটে নভ ক্লাস্ক তড়িৎবধৃ তদ্রাগতা।

> मुक्त व्यामि, क्य वादा बन्दी करत क्यामारत। बारे हरण गारे व्यक्तकारत बन्दी वाकास मन्द्रा यस्त।

क्ष्मब्रकोर्न कम्बयत्न मर्भव मृथविन मृष्ट् शयत्न, यर्थन-एर्थछवा धवनीव विवृष्ट् विनिद्धिष्ठ कक्ष्मन कर्षा।

রবীন্দ্র-রচনাবলী

থৈৰ মানো ওগো থৈৰ্য মানো,
ব্ৰমাল্য গলে তব হয়নি মান,
আজো হয়নি মান,
ফুল-গন্ধ-নিবেদন-বেদন-স্থন্দৰ
মাল্ডী তব চরণে প্ৰণতা।

लावन रम यात्र हत्न भाष, কুলতমু ক্লান্ত, উড়ে পড়ে উত্তরী-প্রাস্থ উত্তর-পবনে। य्थीकिन जककन गर् আজি তারে বনে, নীপ্ৰন মৰ্মন্ন ছন্দে জাগে তার স্তবনে। প্রামঘন তমালের কুঞ **श्रवशूद्ध**। আজি শেষ মন্তারে শুম্বে বিচ্ছেদগীতিকা, আজি মেঘ বর্ষণরিক্ত নি:শেষবিত্ত, দিস করি শেষ অভিষিক্ত किः खकरीषिका।

শরৎ

ধ্বনিল গগনে আকাল-বাণীর বীন,
লিলির-বাতাসে দ্রে দ্রে ডাক দিল কে?
আর স্থলগনে, আজ পবিকের দিন,
এঁকে নে ললাট জর্মাত্রার ডিলকে।

গেল খুলি গেল মেষের ছায়ার ষার,
দিকে দিকে ঘোচে কালো আবরণভার,
ভঙ্গণ আলোক মৃক্ট পরেছে তার,
বিজয়শন্ধ বেজে ওঠে তাই জিলোকে।

শরং এনেছে অপরপ রপকথা

নিত্যকালের বালকবীরের মানসে। নবীন রক্তে জাগায় চঞ্চলতা,

বলে,—চলো চলো, অশ্ব তোমার আনো'সে।
ধেয়ে থেতে হবে তুন্তর প্রান্তরে,
বিদনী কোন্ রাজক্যার তরে,
মায়াজাল ভেদি চলো সে কন্ধ ঘরে,
লও কাম্কি, দানবের বুক হানো'সে।

अरव मावमाव व्यवस्थित अरव

বার-গোরবে পার হতে হবে সাগরে। ইচ্ছের শর ভরি নিতে হবে তুণে

রাক্ষসপুরী জ্বিনে নিতে হবে, জাগো রে।

'দেবী শারদার যে প্রসাদ শিরে লয়ি'

দেব সেনাপতি কুমার দৈতাজ্মী,

সে প্রসাদখানি দাও গো অমৃত্যমী',

এই মহা বর চরণে তাঁহার মাগো রে।

আজি আদিনে স্বচ্ছ বিমল প্রাতে

শুভের পারে অমান মনে নমো রে। স্বর্গের রাখি বাঁধো দক্ষিণ হাতে

আঁধারের সাথে আলোকের মহাসমরে।
মেণবিমৃক্ত শরতের নীলাকাশ
ভূবনে ভূবনে দোবিল এ আশাস —
হবে বিলুপ্ত মলিনের নাগপাশ,
জন্মী হবে মবি, মরিবে মরিবে তম রে।

गान्डि

গান

পাগল আজি আগল থোলে
বিদায়রজনীতে,
চরবে ওর বাঁধিবি ডোর,
কী আলা ভোর চিতে।
গগনে তার মেঘ-ছ্রার ঝেঁপে,
বুকেরি ধন বুকেতে ছিল চেপে,
হিম হাওয়ায় গেল সে ছার কেঁপে,
এসেছে ডাক ভোরের রাগিণীতে।
শীতল হ'ক বিমল হ'ক প্রাণ,
হলয়ে শোক রাথুক তার দান।
যা ছিল ঘিরে শৃন্তে সে মিলাল,
সে ফাঁক দিয়ে আত্মক তবে আলো,
বিজ্ঞানে বসি প্রকাঞ্জলি ঢালো
লিলিরে ভরা লিউলি-ঝরা গীতে।

শরতের প্রবেশ

গান

নির্মল কান্ত, নমো ছে নম:
স্থি স্থলান্ত নমো ছে নম:।
বন-অঙ্গনমর রবিকর-রেধা
লেপিল আলিম্পনলিপি লেধা,
আঁকিব তাহে প্রণতি মম।
নমো ছে নম:।

শবং ভাকে বর ছাড়ানো ভাকা
কাজ ভোলানো স্থরে,—
চপল করে হাঁসের ছটি পাখা
ভড়ার ভারে দূরে।
শিউলি কুঁড়ি যেমনি কোটে শাখে
অমনি ভারে ছঠাৎ কিরে ভাকে,
পথের বাণী পাগল করে ভাকে,
ধুলার পড়ে ঝুরে।
শবং ভাকে বর-ছাড়ানে ভাকা
কাজ-পোওয়ানো সুরে।

শবং আজি বাজায় এ কী ছলে
পথ-ভোলানো বাঁশি।
অলস মেঘ ঘায়-যে দলে দলে
গগনতলে ভাসি।
নদীর ধারা অধীর হয়ে চলে
কী নেশা আজি লাগল তার জলে,
ধানের বনে বাডাস কী ষে বলে
বেড়ায় ঘুরে ঘুরে।
শবং ডাকে ঘর-ছাড়ানো ডাকা,
কাজ-খোওয়ানো স্বরে

শরং আজি শুলু আলোকেতে
মন্ত্র দিল পড়ি,
ভূবন তাই শুনিল কান পেতে
বাজে ছুটির দড়ি।
কাশের বনে হাসির লহরীতে
বাজিল ছুটি মর্যবিত গীতে,—

त्रवीख-त्रव्यावली

ছুটির ধ্বনি জানিল মোর চিতে পথিক বন্ধুরে। শরং ডাকে দর-ছাড়ানো ডাকা কাঞ্জ ধোওয়ানো স্মরে।

শরতের ধ্যান

গান

আলোর অমল কমলখানি কে ফুটালে, নীল আকাশের ঘুম ছুটালে।

সেই তো তোমার পথের বঁধু
সেই তো।
দ্ব কুসমের গন্ধ এনে থোজায় মধু—
এই তো।

আমার মনের ভাবনাগুলি বাহির হল পাখা তুলি, ঐ কমলের পথে তাদের সেই জুটালে।

সেই তো ভোমার পথের বঁধু
সেই তো।
এই আলো তার এই তো ঝাঁধার
এই মাছে এই নেই জো।

শরৎ-বাণীর বীণা বাজে
কমলদলে।
ললিত রাগের ত্বর ঝরে ভাই
লিউলিতলে।
তাই তো বাভাস বেড়ায় মেতে
কচি ধানের সবুজ থেতে,
বনের প্রানে মরমরানির
চেউ উঠালে।

শরতের বিদায়

কেন গো যাবার বেলা গোপনে চরণ কেলা, যাওয়ার ছায়াটি পড়ে যে হৃদয় মাঝে, অজানা ব্যধার ভপ্ত আভাস রক্ত আকাশে বাজে।

> স্থাব্দ বিশ্বহুতাপে বাডাসে কী যেন কাঁপে,

পাথির কণ্ঠ করুণ ক্লান্তি জরা,

হারাই হারাই মনে করে তাই সংশন্ধ-মান ধরা।

জানিনে গছন বনে

শিউলি কী ধ্বনি শোনে,

আনমনে তার ভূষণ ধসায়ে ফেলে।

মালতী আপন সব ঢেলে দেয় শেষ খেলা তার খেলে।

না হতে প্রহর শেষ

हरव कि निकासन,

তোমার নয়নে এখনো রয়েছে হাসি,

বাজায়ে সোহিনা এখনো মোহিনী বাঁশি ওঠে উচ্ছাসি।

এই তব আসা-ষাওয়া

একি খেয়ালের হাওয়া,

মিলন পুলক ভাতেও কি অবছেলা,

व्यांकि व वित्रष्ट-वाथात्र विवास वास करती (थना ?

গান

मिউनि क्न, भिউनि क्न,

रक्यन ज्ल, এयन ज्ल?

রাভের বায় কোন্ মায়ায় আনিল ছায় বনছায়ায়,

ভোরবেশার বারে বারেই

किविवादवरे हिंग वाक्ता ।

কেন য়ে জুই উন্মনা, নম্মনে ভোৱ হিমকণা ? কোন্ ভাষায় চাস বিদায়, গন্ধ তোর কী জানায়, সঙ্গে হায় পলে পলেই দলে দলেই যায় বকুল।

বিলাপ

গান

চরণরেখা তব ষে-পথে দিলে লেখি

চিহ্ন আজি তারি আপনি ঘুচালে কি ?

ছিল তো শেক্ষালিকা

তোমারি লিপি-লিখা

তারে যে তৃণতলে আজিকে লীন দেখি
কাশের শিখা যত কাঁপিছে ধরধরি,
মলিন মালতী যে পড়িছে ঝরি ঝরি।

তোমার ষে-আলোকে

অমৃত দিত চোখে,
শরণ তারে। কি গো মরণে যাবে ঠেকি :

হেমস্তের প্রবেশ

গান

নম, নম, নম।
তুমি ক্থার্ডজন-শরণা,
তামত-তাগ-থক্ত
করো অন্তর মম।
হেমস্তেরে বিভল করে কিলে,
চলিতে পথে হারাল কেন দিলে

ষেন রে ওর আলোর শ্বভিথানি বিশ্বভির বাম্পে নিল টানি,— কণ্ঠ ভাই হারাল ভার বাণী, অঞ্চ কাঁপে নয়ন অনিমিষে। হেমস্কেরে বিভল করে কিসে।

ক্ষণেক তরে লও না ঘরে তাকি,
যাত্রা ওর অনেক আছে বাকি।
শিশিরকণা লাগিবে পায়ে পায়ে,
ফক্ষ কেশ কাঁপিবে হিমবায়ে,
আঁধার-করা ঘনবনের ছায়ে
ভক্ষ পাতা রয়েছে পথ ঢাকি।
ক্ষণেক তরে লও না ঘরে ভাকি।

বাসা যে ওর স্থান হিমাচলে, শেওলা-ঝোলা তিমির গুহাতলে। যে পথ বাহি বলাকা যায় ক্ষিরে সৈকতিনা নদীর তীরে তীরে, সে পথ দিয়ে ধানের খেত ঘিরে হিমের ভারে চলিবে পলে পলে। যেতে যে হবে স্থান হিমাচলে।

চলিতে পথে এল আঁধার রাতি,
নিবিয়া গেল ছিল যে ওর বাতি।
অত্মর দলে গগনে রচে কারা,
ভাই তো শলী হয়েছে জ্যোতিহারা,
আকাশ দেমি ধরিবে যত ভারা
কে যেন জেলে কুছেলি-জাল পাতি।
নিবিয়া গেল ছিল যে ওর বাতি।

त्रवीख-त्रहमावली

বধ্রা যবে সাঁজের জ্যোতি জ্ঞাল

একটি দীপ উহারে দেওয়া ভালো।

দেবতা যারে বিল্প দিয়ে হানে

তোমরা তারে বাঁচায়ো দয়া দানে

কল্যাণী গো তোদেরি কল্যাণে

ছুটিয়া যাক্ কুম্বপন কালো,—

একটি দীপ উহারে দেওয়া ভালো।

গান

শিউলি-ফোটা ফুরাল যেই শীতের বনে, এলে যে সেই শৃগুখনে। তাই গোপনে সাজিয়ে ডালা তুখের স্থরে বরণমালা গাঁথি মনে মনে শৃগু খনে।

দিনের কোলাহলে

ঢাকা সে যে রইবে হৃদয়তলে।

রাতের তারা উঠবে যবে

স্থরের মালা বদল হবে

তথন তোমার সনে

মনে মনে।

হায় হেমন্তলন্ধী, তোমার নয়ন কেন ঢাকা—
হিমের ঘন ঘোমটাথানি ধ্যল রঙে জাঁকা।
সন্ধ্যাপ্রদীপ তোমার হাতে
মলিন হেরি কুয়াশাতে,
কঠে তোমার বাণী যেন করুণ বাম্পে মাথা।
ধরার জাঁচল ভরে দিলে প্রচুর সোনার ধানে।
দিগলনার অলন আজ পূর্ণ তোমার দানে।
আপন দানের আড়ালেতে
রইলে কেন আসন পেতে,
আপনাকে এই কেমন ভোমার গোপন করে রাখা।

হেমন্ত

ছে ছেমস্ক-লন্দ্রী, ভব চক্ষ্ কেন কক্ষ চুলে ঢাকা,
ললাটের চক্রলেখা অয়ত্বে এমন কেন মান ?
হাভে তব সন্ধ্যাদীপ কেন গো আড়াল করে আন
ক্রাশায় ? কঠে বাণী কেন হেন অপ্রবাপে মাথা
গোধ্লিতে আলোতে আঁধারে ? দ্র হিমশৃক ছাড়ি
ওই হেরো রাজহংসপ্রেণী, আকাশে দিয়েছে পাড়ি
উজায়ে উত্তরবায়্য্রোত, শীতে ক্লিষ্ট ক্লাম্ভ পাথা
মাগিছে আতিথ্য তব জাহ্নবীর জনশৃক্ত তটে
প্রচন্তর কাশের বনে। প্রাম্ভরসীমায় ছায়াবটে
মৌনত্রত বউ-কথা-কও। গ্রামপথ আঁকাবীকা
বেণ্তলে পাছ্হীন অবলীন অকারণ ক্রাসে,
কচিং চকিত-ধূলি অক্মাং পবন উচ্ছাসে।
কেন বলো, হৈমন্তিকা, নিজেরে কৃষ্টিত করে রাখা,
মৃথের গুঠন কেন ছিমের ধ্মলবর্ণে আঁকা।

ভরেছ, হেমস্ক-লন্ধী, ধরার অঞ্চলি পক ধানে।
দিগলনে দিগলনা এসেছিল ভিক্ষার সন্ধানে
শীভরিক্ত অরণ্যের শৃক্তপথে। বলেছিল ডাকি,
"কোথায় গো, অরপুর্ণা, ক্ষ্ণার্ডেরে অর দিবে না কি ?
শাস্ক করো প্রাণের ক্রন্দন, চাও প্রসন্ন নয়ানে
ধরার ভাণ্ডার পানে।" শুনিয়া, লুকায়ে হাস্থধানি,
লুকায়ে দক্ষিণ হস্ত দক্ষিণা দিয়েছ তুমি আনি,
ভূমিগর্ভে আপনার দাক্ষিণা ঢাকিলে সাবধানে।

স্বর্গলোক মান করি প্রকাশিলে ধরার রৈভব কোন্ মায়ামজগুণে, দরিজের বাড়ালে গৌরব।

त्रवीख-त्रव्यावनी

অমরার স্বর্ণ নামে ধরণীর সোনার অন্তানে। ভোমার অমৃত-নৃত্য, ভোমার অমৃতন্মিয় হাসি কখন ধৃলির ঘরে সঞ্চিত করিলে রাশি রাশি, আপনার দৈয়চ্চলে পূর্ণ হলে আপনার দানে।

बीभानि

গান

ছিমের রাতে ঐ গগনের দীপগুলিরে হেমস্তিকা করল গোপন

আঁচল বিরে।

বরে বরে ডাক পাঠাল—

"দীপালিকায় জালাও আলো,

জালাও আলো, আপন আলো,

সাজাও আলোয় ধরিত্রীরে।*

ভনাও আলোর জয়বাণীরে।

শৃত্য এখন ফ্লের বাগান,
দোয়েল কোকিল গাছে না গান,
কাশ ঝরে যায় নদীর তীরে।
যাক্ অবসাদ বিষাদ কালো,
দীপালিকায় জালাও আলো,
জালাও আলো, আপন আলো,

দেবভারা আব্দ আছে চেয়ে জাগো ধরার ছেলে মেয়ে

আলোয় জাগাও যামিনীরে। এল আঁধার, দিন ফুরাল, দীপালিকায় জালাও আলো, জালাও আলো, আপন আলো, জম্ম করো এই ভামসীরে।

শীতের উদ্বোধন

ভেকেছ আজি, এসেছি সাজি, ছে মোর লীলাগুরু,
শীতের রাতে ভোমার সাথে কী খেলা হবে শুরু
ভাবিয়াছিছ খেলার দিন
গোধূলি-ছায়ে হল বিলীন,
পরান মন হিমে মলিন
আড়াল ডারে ঘেরি',—
এমন ক্ষণে কেন গগনে বাজিল তব ভেরী ?

উতর-বায় কারে জাগায়, কে বুঝে তার বাণী?

অক্কারে কুঞ্জারে বেড়ায় কর হানি।

কাঁদিয়া কয় কানন-ভূমি—

"কী আছে মোর, কা চাহ ভূমি?

শুদ্ধ শাখা যাও যে চুমি'

কাঁপাও পরপর,

জীর্ণপাতা বিদায়গাপা গাহিছে মরমর।"

বুঝেছি তব এ অভিনব ছলনাভরা খেলা,
ভূলিছ ধানি কী আগমনী আজি যাবার বেলা।
যৌবনেরে ভূষার-ভোরে
রাবিয়াছিলে অসাড় ক'রে;
বাহির হতে বাঁধিলে গুরে
ভূষাশা-বন জালে—

ভিতরে ওর ভাঙালে ঘোর নাচের তালে তালে।

নৃত্যলীলা জড়ের শিলা কক্ষক থানধান,
মৃত্যু হতে অবাধ স্রোতে বহিয়া যাক প্রাণ
নৃত্যু তব ছন্দে তারি
নিত্যু ঢালে অমৃতবারি,

শব্দ কহে হুহুংকারি বাঁধন সে তো মায়া, যা-কিছু ভয়, যা-কিছু ক্ষয়, সে তো ছায়ার ছায়া।

এসেছে শীত গাহিতে গীত বসস্থেরি জয়,—

যুগের পরে যুগাস্তরে মরণ করে লয়।

তাগুবের ঘূর্ণিঝড়ে

শীর্ণ যাহা ঝরিয়া পড়ে,
প্রাণের জয়-তোরণ গড়ে

আনন্দের তানে,

বসস্তের যাত্রা চলে অনস্তের পানে।

বাঁধনে যারে বাঁধিতে নারে, বন্দী করি তারে তোমার হাসি সম্জ্বাসি উঠিছে বারে বারে। অমর আলো হারাবে না যে ঢাকিয়া তারে আঁধার মাঝে, নিশীপ-নাচে ডমক বাজে অক্লান্বার খোলে— জাগে মুরতি, পুরানো জ্যোতি নব উষার কোলে।

জাগুক মন, কাঁপুক বন, উত্মুক ঝরা পাতা,
উঠুক জয়, তোমারি জয়, তোমারি জয়গাণা।
ঝতুর দল নাচিয়া চলে
ভরিয়া ডালি ফুলে ও ফলে,
নৃত্য-লোল চরণতলে
মৃক্তি পায় ধরা,—
ছন্দে মেতে যৌবনেতে রাভিয়ে ওঠে জরা।

আসন্ন শীত

গান

শীতের বনে কোন্ সে কঠিন
আসবে বলে

শিউলিগুলি ভয়ে মলিন
বনের কোলে।

আমলকী ভাল সাজল কাঙাল,
খসিয়ে দিল পল্লবজাল,
কাশের হাসি হাওয়ায় ভাসি

যায় থে চলে।

সইবে না সে পাভায় ঘাসে

চঞ্চলভা,
ভাই ভো আপন রঙ ঘূচাল
বুমকো লভা।

উত্তরবায় জানায় শাসন, পাতস তাপের শুদ্ধ আসন, সাজ থসাবার এই লীলা কার অটুরোলে।

শীত

ওগো শীত, ওগো শুল্র, হে তীত্র নির্মান, তোমার উত্তরবায়ু হরস্ত হর্দম অরণ্যের বক্ষ হানে। বনস্পতি বত বর বর ক্সামান, শীর্ষ করি নত আদেশ-নির্ঘোষ তব মানে। 'জীর্ণভার মোহবন্ধ ছিন্ন করো' এ বাকা ভোমার ফিরিছে প্রচার করি জয়ভরা তব দিকে দিকে। সুঞ্জে মুজ্যের বিপ্লব করিছে বিকীর্ণ দীর্ণ পর্ণ রাশি রাশি শৃত্য নগ্ন করি শাখা, নিঃশেষে বিনাশি অকাল-পুম্পের ত্ঃসাহস।

ছে নিৰ্মল,

সংশয়-উদ্বিয় চিছে পূর্ণ করো বল। মৃত্যু-অঞ্চলিতে ভরো অমৃতের ধারা, ভীষণের স্পর্শিতে করো শঙ্কাহারা, শৃক্ত করি' দাও মন ; সর্বস্বাস্ত ক্ষতি অস্তবে ধকক শাস্ত উদাত্ত মুরতি, হে বৈরাগী। অত্যীতের আবর্জনাভার, সঞ্চিত লাস্থনা গানি শ্রান্তি ভান্তি ভার সম্মার্জন করি দাও। বসস্তের কবি শৃত্যতার শুভ্র পত্রে পূর্ণতার ছবি লেখে আসি', সে-শৃক্ত ভোমারি আয়োজন, সেইমতো মোর চিত্তে পূর্ণের আসন মুক্ত করো রুদ্র-হন্তে; কুজ্টিকারাশি রাখুক পুঞ্জিত করি প্রসঙ্গের হাসি। বাজুক ভোমার শহ্ম মোর বক্ষতলে নিঃশঙ্ক তৃর্জয়। কঠোর উদগ্রবলে তুর্বলেরে করে৷ তিরস্কার; অট্টহাসে নিষ্ঠুর ভাগোরে পরিহাসো; হিমশাসে আরাম কক্ষক ধৃলিসাং। ছে নির্মম, গ্ৰ্বছয়া, সৰ্বনাশা, নমো নমো নমঃ।

নৃত্য

গান

শীতের হাওয়ার লাগল নাচন আমলকীর এই ডালে ডালে। পাভাগুলি শিরশিরিয়ে ঝিরিমে দিল তালে ডালে। উড়িয়ে দেবার মাতন এসে কাঙাল তারে করল লেবে, তথন তাহার কলের বাহার রইল না আর অস্করালে।

শৃশ্য করে ভরে-দেওয়া
যাহার খেলা
ভারি লাগি রইমু বসে
সারা বেলা।
শীভের পরশ থেকে থেকে
যার বৃঝি ঐ ভেকে ডেকে,
সব খোওয়াবার সমর আমার
হবে কখন কোন্ সকালে।

শীভের প্রবেশ

গান

নম, নম, নম নম।
নির্দয় অতি ককণা ভোমার
বন্ধু ভূমি হে নির্মম,
যা কিছু জীর্ণ করিবে দীর্ন
দশু ভোমার তুর্দম।

সর্বনাশার নি:শ্বাস বার
লাগল ভালে।
নাচল চরণ শীভের ছাওয়ায়
মরণ ভালে।
করব বরণ, আত্মক কঠোর,
ঘূচুক অলস ত্মপ্তির ঘোর,
যাক ছিঁড়ে মোর বন্ধনভোর
যাবার কালে।

ভয় ষেন মোর হয় থান থান
ভয়েরি হায়ে,
ভরে ষেন প্রাণ ভেসে এসে দান
ক্ষতির বায়ে।
সংশয়েশন না যেন হলাই,
মিছে ভচিতায় তারে না ভূলাই,
নির্মল হব পথের ধূলাই
লাগিলে পায়ে।

শীত যদি তুমি মোরে দাও ডাক
দাড়ায়ে দারে—
সেই নিমেষেই যাব নির্বাক
জজানা পারে।
নাই দিল আলো নিবে-যাওয়া বাতি,ভকনো গোলাপ ঝরা যুথী জাতী
নির্জন পথ হ'ক মোর সাথি
জক্ষকারে।

জানি জানি, শীত, আমার যে-গীত
বীণায় নাচে
তারে হরিবার কতু কি তোমার
সাধ্য আছে।
দক্ষিণ বায়ে করে যাব দান
রবিরশ্মিতে কাঁপিবে সে তান,
কুসুমে কুসুমে ফুটিবে সে গান
লভায় গাছে।

যাহা-কিছু মোর জুমি, ওগো চোর, হরিয়া লবে, জেনো বারেবারে ফিরে ফিরে ভারে ফিরাভে হবে। যা কিছু ধূলায় চাহিবে চুকান্ডে ধূলা সে কিছুতে নারিবে লুকান্ডে, নবীন করিয়া নবীনের হাতে সঁপিবে কবে।

স্তব

গান

ए ममामी,

হিমগিরি ফেলে নীচে নেমে এলে কিসের জন্ম ? কুন্দমালতী করিছে মিনতি হও প্রসন্ম। যাহা কিছু মান বিরস জীর্ণ দিকে দিকে দিলে করি বিকীর্ণ, বিচ্ছেদভারে বনচ্ছায়ারে করে বিষম্ন।

সাজাবে কি ভালা গাঁথিবে কি মালা
মরণসত্তা ?
তাই উত্তরী নিলে ভরি ভরি
শুকানো পত্তে ?
ধরণী যে তব ভাগুবে সাধি
প্রালম্বেদনা নিল বুকে পাতি,
কল্প এবারে বরবেশে ভারে
করো গো ধস্ত ;
ছও প্রাসম।

শীতের বিদায়

ভূল ভোমার ধবলশৃঙ্গলিরে উদাসীন শীত, যেতে চাও বুঝি ফিরে? চিস্তা কি নাই সঁপিতে রাজ্যভার নবীনের হাতে, চপল চিত্ত যার। ছেলায় যে-জন ফেলায় সকল ভার অমিত দানের বেগে?

> দণ্ড তোমার তার ছাতে বেণু ছবে, প্রতাপের দাপ মিলাবে গানের রবে, শাসন ভূলিয়া মিলনের উৎসবে জাগাবে, রহিবে জেগে।

সে যে মৃছে দিবে ভোমার আঘাতচিহ্ন,
কঠোর বাঁধন করিবে ছিন্ন ছিন্ন।
এতদিন তুমি বনের মঙ্কামাঝে
বন্দী রেখেছ যোবনে কোন্ কাজে,
ছাড়া পেয়ে আজ কত অপরূপ সাজে
বাহিরিবে ফুলে দলে।

তব আসনের সম্মুখে যার বাণী আবদ্ধ ছিল বছকাল ভয় মানি' কণ্ঠ তাহার বাতাসেরে দিবে হানি' বিচিত্র কোলাহলে।

ভোমার নিয়মে বিবর্ণ ছিল সজ্জা,
নয় তরুর শাখা পেত তাই লজ্জা।
তাহার আদেশে আজি নিধিলের বেশে
নীল পীত রাঙা নানা রঙ ফিরে এসে,
আকাশের আঁখি ডুবাইবে রসাবেশে
জাগাইবে মন্ততা।

সম্পদ ভূমি যার যন্ত নিলে হরি² তার বহুগুণ ও যে দিতে চার ভরি, পল্লবে যার ক্ষতি ঘটেছিল ঝরি, ফুল পাবে সেই লতা।

ক্ষয়ের ছঃখে দীক্ষা যাহারে দিলে, সব দিকে যার বাহল্য ঘুচাইলে, প্রাচুর্যে তারি হল আজি অধিকার। দক্ষিণবায় এই বলে বার বার, বাধন-সিদ্ধ যে-জন তাহারি ঘার খুলিবে সকলখানে।

> কঠিন করিয়া রচিলে পাত্রখানি রসভারে তাই হবে না ভাহার হানি, লুঠি লও ধন, মনে মনে এই জানি' দৈশু পুরিবে দানে।

> > বসস্তের প্রবেশ

গান

নম নম নম নম
তুমি স্থলরতম।
দূর হইল দৈয়াক্ত্র,
ছিল্ল হইল তৃঃথবদ্ধ
উৎসবপতি মহানন্দ
তুমি স্থলরতম।

লুকানো রছে না বিপুল মছিমা বিশ্ব ছরেছে চূর্ণ, আপনি রচিলে আপনার সীমা, আপনি করিলে পূর্ণ। ভরেছে পূজার সাজি,
গান উঠিয়াছে বাজি',
নাগকেশরের গন্ধরেগতে
উড়ে চন্দনচূর্ণ।
এ কী লীলা, হে বসস্ত,
মান আবরণ আড়ালে দেখালে
সব দৈন্মের অস্ত।

ছিন্থ পথ চেয়ে বহু দুখ সয়ে,
আজ দেখি এ কী দৃষ্ঠা,
শক্তি ভোমার স্থানর হয়ে
জিনিল কঠিন বিশ।
ভব পুল্পিত ভক্ষ
জয় করি নিল মক্ষ,
মৃক চিত্তের জাগাইলে গান,
কবি হল ভব শিশ্য।

ুএ কী দীলা, ছে বসস্ক, যা ছিল শ্রীহান দীপ্তি-বিহীন করিলে প্রজ্ঞান্ত।

আবাহন

গান
তোমার আসন পাতব কোথায়,
হে অভিথি।
ছেয়ে গেছে শুকনো পাতায়
কাননবাথি।
ছিল ফুটে মালতী ফুল, কুন্দকলি,
উত্তরবায় লুঠ করে তায় গেল চলি,
হিমে বিবল বনস্থলী
বিরলগীতি,
হে অভিথি।

সুর-ভোলা ঐ ধরার বাঁশি
লুটায় ভূঁয়ে,
মর্মে তাহার তোমার হাসি
দাও না ছুঁয়ে।
মাতবে আকাশ নবীন রঙের তানে তানে,
পলাশ বকুল ব্যাকুল হবে আত্মদানে,
জাগবে বনের মৃশ্ব মনে
মধুর শ্বতি,
হে অভিথি।

বসস্ত

হে বসন্ধ, হে স্থলার, ধরণীর ধ্যান-ভরা ধন, বংসরের শেষে শুধু একবার মর্ভ্যে মৃতি ধর ভ্রনমোহন নব বরবেশে। ভারি লাগি তপস্থিনী কী তপস্থা করে জ্মক্ষণ, আপনারে তপ্ত করে, খোত করে, ছাড়ে আভরণ, ভ্যাগের সর্বস্থ দিয়ে ফল-অর্ঘ্য করে আহরণ ভোমার উদ্দেশে।

স্থ প্রদক্ষিণ করি' ফিরে সে প্জার নৃত্যতালে
ভক্ত উপাসিকা।
নম্র ভালে আঁকে তার প্রতিদিন উদয়ান্তকালে
রক্তরশ্মিটিকা।
সম্প্রতরক্ষে সদা মন্ত্রস্বরে মন্ত্র পাঠ করে,
উচ্চারে নামের শ্লোক অরণ্যের উচ্ছাসে মর্মরে,
বিচ্ছেদের মরুশুন্তে স্বপ্নচ্ছবি দিকে দিগন্তরে
রচে মরীচিকা।

আবর্তিয়া ঋতুমালা করে জপ, করে আরাধন
দিন গুনে গুনে।
সার্থক হল যে তার বিরহের বিচিত্র সাধন
মধুর ফাস্কনে।
হেরিছ উত্তরী তব, হে তরুণ, অরুণ আকাশে,
শুনিছ চরণধ্বনি দক্ষিণের বাতাসে বাতাসে,
মিলনমান্সল্য-হোম প্রজ্ঞলিত পলাশে পলাশে,
রক্তিম আগুনে।

তাই আজি ধরিত্রীর যত কর্ম, যত প্রয়োজন
হল অবসান।
বৃক্ষণাথা রিক্তভার, ফলে তার নিরাসক্ত মন,
থেতে নাই ধান।
বক্লে বক্লে ভ্রু মধুকর উঠিছে ভ্ঞারি
অকারণ আন্দোলনে চঞ্চলিছে অশোক্ষপ্তরী,
কিপলয়ে কিপলয়ে নৃত্য উঠে দিবস্পর্বরী
বনে জাগে গান।

ছে বসন্ত, হে স্থার, হার হার, ভোমার করণা
ক্ষণকাল তরে।
মিলাইবে এ উৎসব, এই হাসি, এই দেখাগুনা
খুক্ত নীলাম্বরে।
নিক্জের বর্ণছটা একদিন বিচ্ছেদবেলার
ভেসে বাবে বংসরাস্তে রক্তসন্ধ্যাম্বপ্লের ভেলার,
বনের মঞ্জীরধ্বনি অবসর হবে নিরালার
ভাস্তিক্লান্তিভরে।

- ভোমারে করিবে বন্দী নিত্যকাল মৃত্তিকাশৃথ্যলৈ
শক্তি আছে কার ?
ইচ্ছায় বন্ধন লও, সে বন্ধন ইক্সকাল বলে
কর অলংকার।
সে বন্ধন দোলরজ্জ্, স্বর্গে মর্ড্যে দোলে ছন্দভরে,
সে বন্ধন শেভপন্ম, বাণীর মানসসরোবরে,
সে বন্ধন বীণাভন্ত, স্বরে স্থরে সংগীতনিঝারে
বর্ষিছে ঝংকার।

নন্দনে আনন্দ তুমি, এই মর্ত্যে, হে মর্ত্যের প্রিয়
নিত্য নাই হলে।
ত্বন্ধ মাধুর্যপানে তব স্পর্ল, অনির্বচনীয়,
দার যদি খোলে,
ক্ষণে ক্ষণে সেধা আসি নিস্তন্ধ দাঁড়াবে বস্থন্ধরা,
লাগিবে মন্দাররের শিরে তার উর্ধ্ব হতে ঝরা,
মাটির বিচ্ছেদপাত্র স্বর্গের উচ্ছ্যুসরসে ভরা
ববে ভার কোলে।

রাগরঙ্গ

গান

রঙ লাগালে বনে বনে, ডেউ জাগালে সমীরণে। আজ ভ্বনের ঘ্যার খোলা, দোল দিয়েছে বনের দোলা, কোন্ ভোলা সে ভাবে ভোলা খেলায় প্রাঙ্গণে।

জান্ বাশি তোর জান্ রে,
লাগল স্থারের বান রে,
বাতাসে আজ দে ছড়িয়ে
শেষ বেলাকার গান রে
সন্ধ্যাকাশের বৃককাটা স্থর
বিদায় রাতি করবে মধুর,
মাতল আজি অন্তসাগর
স্থারের প্লাবনে।

বদভের বিদায়

মৃথখানি কর মলিন বিধুর

যাবার বেলা,
জানি আমি জানি সে তব মধুর

ছলের খেলা।
জানি গো বন্ধু, ফিরে আসিবাব পথে
গোপন চিহ্ন এঁকে যাবে তব রথে,
জানি তুমি তারে তুলিবে না কোনোমতে,
যার সাথে তব হল একদিন
মিলন-মেলা।

জানি আমি যবে আঁথিজন ভরে
রসের লানে
মিলনের বীজ অজুর ধরে
নবীন প্রাণে।
খনে খনে এই চিরবিরহের ভান,
খনে খনে এই ভর্রোমাঞ্চ দান,
ভোমার প্রণয়ে সফ্রা সোহাগে
মিধ্যা হেলা।

প্রার্থনা

গান

জ্ঞানি ভূমি কিবে জ্ঞাসিবে জ্ঞাবার, জ্ঞানি,
তরু মনে মনৈ প্রবোধ নাছি ষে মানি।
বিদায়লগনে ধরিয়া ত্রার
তরু যে ভোমায় বলি বারবার
"কিবে এসো, এসো, বন্ধু জ্ঞামার"
বাষ্পবিভল বাণী।

যাবার বেলায় কিছু মোরে দিয়ো দিয়ো
গানের স্থরেতে তব আখাস, প্রিয়।
বনপথে যবে যাবে সে-ক্ষণের
হয়তো বা কিছু রবে শ্বরণের,
তুলি লব সেই তব চরণের
দলিত কুসুমধানি।

অহৈতৃক

গান

মনে রবে কি না রবে আমারে
সে আমার মনে নাই গো।
ক্ষণে ক্ষণে আসি তব ত্য়ারে,

ত্ৰ অকারণে গান গাই গো।

চলে যায় দিন, যতখন আছি
পথে যেতে যদি আসি কাছাকাছি
তোমার ম্খের চকিত স্থথের

হাসি দেখিতে যে চাই গো, তাই অকারণে গান গাই গো।

কাগুনের ফুল যায় ঝরিয়া কাগুনের অবসানে। ক্ষণিকের মৃঠি দেয় ভরিয়া,

আর কিছু নাছি জানে।
ফুরাইবে দিন, আলো হবে ক্ষীণ, "
গান সারা হবে, থেমে যাবে বীন,
যতখন থাকি ভরে দিবে না কি

এ খেলারি ভেলাটাই গো। ভাই অকারণে গান গাই গো।

মনের মাত্য'

কত-না দিনের দেখা
কত-না রূপের মাঝে,
সে কার বিহনে একা
মন লাগে নাই কাজে।

এই ছল্দ চৌপদীজাতীয় নছে। ইহার বতিবিভাগ নিয়লিবিত য়েপে:
কত-না দিনের । দেবা ॥ কত-না রূপের । খাঝে ॥

দে কার বিহনে । একা ॥ বন লাগে নাই । কাজে ॥

কার নয়নের চাওয়া পালে দিয়েছিল হাওয়া, কার অধরের হাসি

ष्यायात्र वीनात्र वाटक ।

কত কাগুনের দিনে চলেছিম পথ চিনে, কত আবণের রাতে

লাগে স্বপনের ছোঁওয়া।
চাওয়া-পাওয়া নিম্নে খেলা,
কেটেছিল কভ বেলা,
কখনো বা পাই পালে

কখনো বা ষাম্ম খোওয়া শরতে এসেছে ভোরে ফুলসান্দি হাতে ক'রে, শীতে গোধ্নির বেলা

कानाद्यदह मीनिया।

কখনো কক্ষণ স্থবে গান গোয়ে গোছে দ্বে, যেন কাননের পথে

वाशिवीव यदी िक।।

मिन् जिल्ला कि कामा, वीयन व्यामा कि वीथा, व्यानक मिरनेत्र मधू,

অনেক দিনের মায়া— আজ এক হয়ে ভারা

মোরে করে মাতোয়ারা, এক বীণাক্ষপ ধরি

এক গানে কেলে ছারা।

নানা ঠাই ছিল নানা, আজ ভারে হল জানা, রবীন্দ্র-রচনাবলী

বাহিরে সে দেখা দিত

মনের মাহ্ম মম—

আজ নাই আধাআধি,
ভিতর বাহির বাধি

এক দোলাতেই দোলে

মোর অস্তরতম।

5खन

প্রেল প্রজাপতি, মায়া দিয়ে কে ষে
পরশ করিল তোরে।
অন্তরবির তুলিখানি চুরি ক'রে।
বাতাসের বুকে যে-চঞ্চলের বাসা
বনে বনে তুই বহিস তাহারি ভাষা,
অপ্সরীদের দোল-খেলা ফুলরেণু
পাঠায় কে তোর ত্থানি পাধায় ভ'রে

যে-গুণী তাহার কীর্তিনাশার নেশার চিকন রেখার লিখন শৃষ্টে মেশার, সুর বাঁধে আর স্থর যে হারার ভূলে, গান গেয়ে চলে ভোলা রাগিণীর স্কুলে, তার হারা স্থর নাচের হাওয়ার বেগে ভানাতে ভোমার কখন পড়েছে ঝরে।

উৎদব

সন্মাসী যে জাগিল ঐ, জাগিল ঐ, জাগিল।
হাস্তভরা দখিন বামে
অঙ্গ হতে দিল উড়ায়ে
শ্বানাচিতাভম্মরাশি, ভাগিল কোথা, ভাগিল।

মানসলোকে শুস্ত আলো

চূর্গ হয়ে রঙ জ্ঞাগাল,

মদির রাগ লাগিল তারে,

হদয়ে তার লাগিল।

আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে।
রঙের ধারা ঐ যে বহে যায় রে।

রঙের ঝড় উদ্ধৃসিল গগনে,
রঙের ঢেউ রসের প্রোতে মাতিরা ওঠে সম্বনে;
ভাকিল বান আজি সে কোন্ কোটালে।
নাকাড়া বাজে, কানাড়া বাজে বাঁশিতে,
কান্নাধারা মিলিয়া গেছে হাসিতে,
প্রাণের মাঝে কোরারা তার ছোটালে।
এসেছে হাওয়া বাণীতে দোল-দোলানো,
এসেছে পথ-ভোলানো,
এসেছে ভাক ম্বের দ্বার-খোলানো।
আয় রে তোরা, আয় রে ভোরা, আয় রে।
রঙের ধারা ঐ যে বহে মায় রে।

जिनस्वित य बाडा बड बाडाय পূर्वाहरण निरम्र एक् प्र डाडाय व्यञ्जति त्म बाडा बत्म बिम्म, हिन्न श्रात्म विक्रस्वांगी स्वावित्म; व्यक्तवींगा य-क्ष्म नित्म बनिमा मक्षाकार्ण त्म क्ष्म छेर्छ चनिम्ना, नीमन निगीविनीय वृत्क निश्ति श्वनि श्वनिम्ना। व्यास त्म जात्मा, व्यास त्म त्वास व्यास त्म। वीश्यनहामा बर्डस श्वास के या वर्ष साम त्म।

শেষের রঙ

গান

রাঙিয়ে দিয়ে যাও গো এবার যাবার আগে,—

আপন রাগে, গোপন রাগে, তক্ষণ হাসির অক্ষণ রাগে অঞ্চক্ষলের কক্ষণ রাগে।

> রঙ যেন মোর মর্মে লাগে, আমার সকল কর্মে লাগে, সন্ধাদীপের আগায় লাগে, গভীর রাভের জাগায় লাগে।

যাবার আগে যাও গো আমায় জাগিয়ে দিয়ে

রক্তে ভোমার চরণদোলা

লাগিয়ে দিয়ে। আধার নিশার বক্ষে যেমন তারা জাগে, পাষাণগুহার কক্ষে নিঝরধারা জাগে,

মেষের বুকে ষেমন মেষের মন্ত্র জাগে,
বিশ্বনাচের কেন্দ্রে ষেমন ছন্দ জাগে,
তেমনি আমায় দোল দিয়ে ষাও
যাবার পথে আগিয়ে দিয়ে,
কাঁদন বাঁধন ভাগিয়ে দিয়ে।

(मान

আলোকরসে মাতাল রাতে বাজিল কার বেণু। দোলের হাওয়া সহসা মাতে, ছড়ায় ফুলরেণু। আমলক্ষতি মেষের দলে
আনিল ডাকি গগনতলে,
উদাস হয়ে ওরা যে চলে
শৃক্তে-চরা ধেছু।

দোলের নাচে সে বৃঝি আছে

অমরাবতীপুরে ?
বাজায় বেণু বৃকের কাছে,

বাজায় বেণু দৃরে।

শরম ভয় সকলি ত্যেজে

মাধবী ভাই আসিল সেজে,
ভাধায় ভধু 'বাজায় কে যে

মধুর মধু স্মুরে'।

গগনে শুনি এ কী এ কথা,
কাননে কী যে দেখি!
এ কি মিলনচঞ্চলতা।
বিরহব্যথা এ কি।
আঁচল কাঁপে ধরার বুকে,
কী জানি ভাছা স্থথে না হুখে।
ধরিতে যারে না পারে ভারে
স্থপনে দেখিছে কি।

লাগিল দোল জলে স্থলে,
জাগিল দোল কলে স্থলে,
পোহাগিনীর হৃদর্ভলে,
বিরহিণীর মনে।
মধুর মোরে বিধুর করে
স্থান্থ ভার বেণুর স্থরে,
নিধিলছিয়া কিসের ভরে
স্থানিছি স্কারণে।

আনো গো আনো ভরিয়া ভালি
করবীমালা লয়ে,
আনো গো আনো সাজায়ে পালি
কোমল কিললয়ে।
এস গো পীত বসনে সাজি,
কোলেতে বীণা উঠুক বাজি,
ধানেতে আর গানেতে আজি
যামিনী যাক বয়ে।

এস গো এস দোলবিলাসী,
বাণীতে মোর দোলো।
ছন্দে মোর চকিতে আসি
মাতিয়ে তারে তোলো।
অনেক দিন বুকের কার্ছে
রসের স্রোভ থমকি আছে,
নাচিবে আজি তোমার নাচে
সময় তারি হল।

কিশোর, আজি ভোমার ঘারে
পরান মম জাগে।
নবীন কবে করিবে ভারে
রঙিন তব রাগে।
ভাবনাগুলি বাঁধনখোলা
রচিয়া দিবে ভোমার দোলা,
দাঁড়িয়ো আসি হে ভাবে-ভোলা,
আমার জাঁবি আগে।

উপगाम ७ গল

গল্পশুচ্চ

গল্পগুচ্চ

সম্পাদক

আমার দ্রী-বর্তমানে প্রভা সমজে আমার কোনো চিস্তা ছিল না। তখন প্রভা অপেক্ষা প্রভার মাতাকে লইয়া কিছু অধিক বাস্ত ছিলাম।

তখন কেবল প্রভার বেলাটুকু হাসিটুকু দেখিয়া, তাহার আধো আধো কবা শুনিয়া এবং আদরটুকু লইয়াই তৃপ্ত বাকিতাম; যডক্ষণ ভালো লাগিত নাড়াচাড়া করিতাম, কালা আরম্ভ করিলেই তাহার মার কোলে সমর্পণ করিয়া সত্তর অব্যাহতি লইতাম। তাহাকে যে বহু চিন্তা ও চেষ্টায় মান্ত্র করিয়া তুলিতে হইবে, এ-কবা আমার মনে আলে নাই।

অবশেষে অকালে আমার দ্রীর মৃত্যু হইলে একদিন মারের কোল হইতে পসিয়া মেয়েটি আমার কোলের কাছে আসিয়া পড়িল, তাহাকে বুকে টানিয়া লইলাম।

কিন্তু মাতৃহীনা ছৃহিতাকে দিওল শ্লেছে পালন করা আমার কর্তব্য এটা আমি বেলি চিন্তা করিয়াছিলাম, না, পত্নাহীন পিতাকে পরম যত্নে রক্ষা করা তাহার কর্তব্য এইটে সে বেলি অমুভব করিয়াছিল, আমি ঠিক ব্ঝিতে পারি না। কিন্তু ছয় বৎসর বয়স হইতেই সে গিন্তীপনা আরম্ভ করিয়াছিল। বেল দেখা গেল ওইটুকু মেয়ে তাহার বাবার একমাত্র অভিভাবক হইবার চেষ্টা করিতেছে।

আমি মনে মনে হাসিয়া তাহার হস্তে আদ্মসমর্পণ করিলাম। দেখিলাম বড়ই আমি অকর্মণা অসহার হই ডড়ই তাহার লাগে ডালো; দেখিলাম, আমি নিজে কাপড়টা হাডাটা পাড়িয়া লইলে সে এমন ভাব ধারণ করে, বেন ডাহার অধিকারে হস্তক্ষেপ করা হইডেছে। বাবার মড়ো এড়বড়ো পুতুল সে ইডিপূর্বে কখনো পায় নাই, এইজন্ম বাবাকে ধাওয়াইয়া পরাইয়া বিছানায় গুয়াইয়া সে সমস্ত দিন বড়ো আনন্দে আছে। কেবল ধারাপাড় এবং পশুপাঠ প্রথমভাগ অধ্যাপনের সময় আমার পিতৃত্বকে কিঞ্ছিৎ সচেডন ক্রিয়া ভূলিতে হইড।

কিন্তু মাঝে মাঝে ভাষনা ছইড মেয়েটিকে সংপাত্তে শিবাছ দিতে হইলে অনেক অর্থের আবশ্রক—আমার এও টাকা কোথার। মেরেকে ভো সাধ্যমতো লেখাপড়া শিবাইতেছি কিন্তু একটা পরিপূর্ণ মূর্থের হাতে পড়িলে ভাহার কী মুলা হইবে। উপার্জনে মন দেওয়া গেল। গবর্মেন্ট আপিসে চাকরি করিবার বয়স গেছে, অক্ত আপিসে প্রবেশ করিবারও ক্ষমতা নাই। অনেক ভাবিয়া বই লিখিতে লাগিলাম।

বাঁশের নল ফুটা করিলে ভাহাতে তেল রাধা ধায় না, জল রাধা বায় না, তাহার ধারণাশক্তি মূলেই থাকে না; ভাহাতে সংসারের কোনো কাজই হয় না, কিন্তু ফুঁ দিলে বিনা ধরতে বাঁশি বাজে ভালো। আমি স্থির জানিতাম, সংসারের কোনো কাজেই যে-ছতভাগ্যের বৃদ্ধি খেলে না, সে নিশ্চয়ই ভালো বই লিখিবে। সেই সাহসে একখানা প্রহুসন লিখিলাম, লোকে ভালো বলিল এবং রক্ত্মিতে অভিনয় হইয়া গেল।

সহসা যশের আশাদ পাইয়া এমনি বিপদ হইল, প্রহসন আর কিছুতেই ছাড়িতে পারি না। সমস্তদিন ব্যাকুল চিম্ভান্থিত মুখে প্রহসন লিখিতে লাগিলাম।

প্রভা আসিয়া আদর করিয়া স্লেহসহাস্তে জিজ্ঞাসা করিল, "বাবা, নাইতে যাবে না ?"

व्यामि इंकांत्र निम्ना छेठिनाम, "এখন या, এখন या, এখন বিরক্ত করিসনে।"

বালিকার ম্থখানি বোধ করি একটি ফুৎকারে নির্বাপিত প্রদীপের মতো অন্ধকার ছইয়া গিয়াছিল; কখন সে অভিমানবিক্ষারিত-হৃদয়ে নীরবে ঘর ছইতে বাহির ছইয়া গেল আমি জানিতেও পারি নাই।

দাসীকে তাড়াইয়া দিই, চাকরকে মারিতে যাই, ভিক্ক স্থর করিয়া ভিক্ষা করিতে আসিলে তাহাকে লাঠি লইয়া তাড়া করি। পণপার্শ্বেই আমার দর হওয়াতে যথন কোনো নিরীহ পাদ্ব জানলার বাহির হইতে আমাকে পণ জিজ্ঞাসা করে, আমি তাহাকে জাহারম নামক একটা অস্থানে যাইতে অস্থরোধ করি। হায়, কেহই বৃঝিত না, আমি খ্ব একটা মজার প্রহসন লিখিতেছি।

কিছ যতটা মজা এবং যতটা যশ হইতেছিল সে পরিমাণে টাকা কিছুই হয় নাই। তথ্য টাকার কথা মনেও ছিল না। এদিকে প্রভার যোগ্য পাত্রগুলি অক্ত ভদ্রলোকদের কন্তাদায় মোচন করিবার জন্ত গোকুলে বাড়িতে লাগিল, আমার ভাহাতে খেরাল ছিল না।

পেটের জালা না ধরিলে চৈতক্ত হইত না, কিছু এমন সময় একটা সুষোগ জুটিয়া গেল। জাহিরগ্রামের এক জমিদার একখানি কাগজ বাহির করিয়া জামাকে ভাছার বেতনভোগী সম্পাদক হইবার জক্ত অন্ধরোধ করিয়া পাঠাইয়াছেন। কাজটা স্থীকার করিলাম। দিনকতক এমনি প্রতাপের সহিত লিখিতে লাগিলাম যে, পথে বাহির হইলে লোকে আমাকে জন্লি নির্দেশ করিয়া দেখাইত এবং আপনাকে মধ্যাহতপনের মতো গুনিরীক্ষা বলিয়া বোধ হুইত। জাহিরগ্রামের পার্ষে আহিরগ্রাম। তুই গ্রামের জমিদারে ভারি দলাদলি। পূর্বে কথার কথার লাঠালাঠি হইত। এখন উভর পক্ষে ম্যাজিস্টেটের নিকট মূচলেকা দিরা লাঠি বন্ধ করিরাছে এবং ক্ষকের জীব আমাকে পূর্ববর্তী খুনি লাঠিরালদের স্থানে নিযুক্ত করিরাছে। সকলেই বলিতেছে আমি পদম্বাদা রক্ষা করিরাছি।

আমার লেধার জালার আছিরগ্রাম আর মাধা তুলিতে পারে না। তাহাদের জাতিকুল পূর্বপুরুবের ইতিহাস সমস্ত আতোপাস্ত মসীলিগু করিরা দিয়াছি।

এই সময়টা ছিলাম ভালো। বেল মোটাসোটা হইয়া উঠিলাম। মুখ সর্বদা প্রসন্ন
হাস্তময় ছিল। আহিবগ্রামের পিতৃপুরুষদের প্রতি লক্ষ্য করিয়া এক একটা মর্যান্তিক
বাক্যন্দেল ছাড়িভাম; আর সমন্ত জাহিবগ্রাম হাসিতে হাসিতে পাকা ফুটর মভো
বিদীর্ণ হইয়া যাইত। বড়ো আনন্দে ছিলাম।

শ্বশেষে আহিরগ্রামও একধানা কাগজ বাহির করিল। সে কোনো কথা ঢাকিয়া বলিত না। এমনি উৎসাহের সহিত অবিমিশ্র প্রচলিত ভাষার গাল পাড়িত যে, ছাপার অক্ষরগুলা পর্যন্ত যেন চক্ষের সমক্ষে চীৎকার করিতে থাকিত। এই জন্ত তুই গ্রামের লোকেই ভাহার কথা খুব স্পষ্ট বৃষিতে পারিত।

কিন্ত আমি চিরাভ্যাসবশত এমনি মজা করিয়া এত কুটকোশল সহকারে বিপক্ষ-দিপকে আক্রমণ করিতাম ধে, শক্র মিত্র কেহই বুঝিতে পারিত না আমার কথার মর্মটা কী।

তাহার কল হইল এই, জিত হইলেও সকলে মনে করিত আমার হার হইল। দারে পড়িয়া স্থকটি সমম্ভ একটি উপদেশ লিখিলাম। দেখিলাম ভারি ভূল করিয়াছি; কারণ, ষণার্থ ভালো জিনিসকে ষেমন বিদ্রাপ করিবার স্থবিধা, এমন উপহাস্থ বিষয়কে নহে। হস্থবংশীয়েরা মস্থবংশীয়েরে ষেমন সহজে বিদ্রাপ করিতে পারে, মস্থবংশীয়েরা হস্থবংশীয়িরিরা কখনো তেমন ক্বতকার্য হইতে পারে না। স্তরাং স্থানিকে তাহারা দজোরীলন করিয়া দেশছাড়া করিল।

আমার প্রভূ আমার প্রতি আর তেমন সমাদর করেন না। সভাস্থলেও আমার কোনো সম্মান নাই। পথে বাহির হইলে লোকে গায়ে পড়িয়া আলাপ করিতে আসে না। এমন কি আমাকে দেখিয়া কেহ কেহ হাসিতে আরম্ভ করিয়াছে।

ইভিমধ্যে আমার প্রহসনগুলার কথাও লোকে সম্পূর্ণ ভূলিয়া গিয়াছে। হঠাৎ বোধ হইল, আমি বেন একটা দেশালারের কাঠি; মিনিটখানেক জ্ঞালিয়া একেবারে শেষ পর্যন্ত পুড়িয়া গিয়াছি।

মন এমনি নিক্লংসাহ ছইয়া গেল মাথা খুঁ ড়িয়া মরিলে এক লাইন লেখা বাহির হয় না। মনে ছইভে লাগিল বাঁচিয়া কোনো স্থুখ নাই। প্রভা আমাকে এখন ভয় করে। বিনা আহ্বানে সহসা কাছে আসিতে সাহস করে না। সে বৃথিতে পারিয়াছে, মজার কথা লিখিতে পারে এমন বাবার চেমে মাটির পুরুল ঢের ভালো সজী।

একদিন দেখা গেল আমাদের আহিরগ্রামপ্রকাশ অমিদারকে ছাড়িয়া আমাকে
লইয়া পড়িয়াছে। গোটাকডক অভ্যস্ত কুৎসিত কথা লিখিয়াছে। আমার পরিচিত
বন্ধুবান্ধবেরা একে একে সকলেই সেই কাগজখানা লইয়া হাসিতে হাসিতে আমাকে
ভানাইয়া গেল। কেহ কেহ বলিল, ইহার বিষয়টা যেমনই হইক, ভাষার বাহাছ্রি
আছে। অর্থাৎ গালি যে দিয়াছে ভাহা ভাষা দেখিলেই পরিকার বুঝা যায়। সমস্ত
দিন ধরিয়া বিশক্ষনের কাছে ওই এক কথা ভানিলাম।

আমার বাসার সমুখে একটু বাগানের মতো ছিল। সন্ধাবেলায় নিতান্ত পীড়িতচিত্তে সেইখানে একাকী বেড়াইতেছিলাম। পাখিরা নীড়ে ফিরিয়া আসিয়া বখন কলরব বন্ধ করিয়া স্বচ্ছন্দে সন্ধ্যার শান্তির মধ্যে আস্মসমর্পন করিল, তখন বেশ বুঝিতে পারিলাম পাখিদের মধ্যে রসিক লেখকের দল নাই, এবং স্থক্ষচি লইয়া তর্ক হয় না।

মনের মধ্যে কেবলই ভাবিতেছি কী উত্তর দেওয়া যায়। ভত্রতার একটা বিশেষ অস্থবিধা এই যে, সকল স্থানের লোকে তাহাকে বৃঝিতে পারে না। অভদ্রতার ভাষা অপেক্ষাকৃত পরিচিত, তাই ভাবিতেছিলাম সেই রকম ভাবের একটা মৃষের মতো জ্বাব লিখিতে হইবে। কিছুতেই হার মানিতে পারিব না। এমন সময়ে সেই সন্ধ্যার অন্ধকারে একটি পরিচিত কৃত্র কঠের স্বর শুনিতে পাইলাম এবং তাহার পরেই আমার করতলে একটি কোমল উষ্ণ স্পর্শ অম্ভব করিলাম। এত উদ্বেশ্বিত অক্তমনন্ধ ছিলাম যে, সেই মৃহুর্তে সেই স্বর ও সেই স্পর্শ জানিয়াও জ্বানিতে পারিলাম না।

কিন্ত এক মুহূর্ত পরেই সেই স্বর ধীরে ধীরে আমার কর্পে জাগ্রত, সেই স্থাম্পর্শ আমার করতলে সঞ্জীবিত হইয়া উঠিল। বালিকা একবার জাল্ডে জাল্ডে কাছে আসিয়া মুহুস্বরে ডাকিয়াছিল, "বাবা"। কোনো উত্তর না পাইয়া আমার দক্ষিণ হন্ত তুলিয়া ধরিয়া একবার আপনার কোমল কপোলে বুলাইয়া আবার ধীরে ধীরে গৃহে কিরিয়া ষাইতেছে।

বছদিন প্রভা আমাকে এমন করিয়া ভাকে নাই এবং স্বেচ্ছাক্রমে আসিয়া আমাকে এতটুকু আদর করে নাই। ভাই আজ সেই স্বেচ্ম্পর্শে আমার হাদয় সহসা অভ্যন্ত ব্যাকুল হইয়া উঠিল।

কিছুক্ষণ পরে দরে ফিরিয়া গিয়া দেখিলাম প্রভা বিছানার শুইয়া আছে। শ্রীর ক্লিষ্টক্ছবি, নয়ন ঈষৎ নিমীলিত; দিনশেষের ঝরিয়া-পড়া ফুলের মতো পড়িয়া আছে। মাধার হাত দিয়া দেখি অত্যম্ভ উষ্ণ; উত্তপ্ত নিশ্বাস পড়িতেছে; কপালের শির দপ দপ করিতেছে।

বৃষিতে পারিলাম, বালিকা আসন্ন রোগের তাপে কাতর হইয়া পিপাসিত হৃদরে একবার পিতার ক্ষেহ পিতার আদর লইতে পিয়াছিল, পিতা তখন জাহিরপ্রকাশের জন্ত খুব একটা কড়া জবাব কল্পনা করিতেছিল।

পাশে আসিয়া বসিলাম। বালিকা কোনো কথা না বলিয়া ভাছার তুই জরতপ্ত করতলের মধ্যে আমার হন্ত টানিয়া লইয়া ভাছার উপরে কপোল রাখিরা চুপ করিয়া শুইয়া রহিল।

জাহিরগ্রাম এবং আহিরগ্রামের যত কাগজ ছিল সমস্ত পুড়াইয়া ফেলিলাম। কোনো জবাব লেখা হইল না। হার মানিয়া এতস্থধ কখনো হয় নাই।

বালিকার যখন মাতা মরিয়াছিল তখন তাছাকে কোলে টানিয়া লইয়াছিলাম, আব্দ তাছার বিমাতার অন্ত্যেষ্টক্রিয়া সমাপন করিয়া আবার তাছাকে বুকে ভুলিয়া লইয়া দরে চলিয়া পেলাম।

देवमाथ, ১৩००

মধ্যব্তিনী

প্রথম পরিচেছদ

নিবারণের সংসার নিতান্তই সচরাচর রকমের, তাহাতে কাব্যরসের কোনো নামগন্ধ
ছিল না। জীবনে উক্ত রসের যে কোনো আবশ্রক আছে, এমন কথা তাহার মনে
কখনো উদর হয় নাই। যেমন পরিচিত পুরাতন চটি-জোড়াটার মধ্যে পা ছটো দিব্য
নিশ্চিস্তভাবে প্রবেশ করে, এই পুরাতন পৃথিবীটার মধ্যে নিবারণ সেইরপ আপনার
চিরাভ্যন্ত স্থানটি অধিকার করিয়া থাকে, সে সম্বন্ধে ভ্রমেও কোনোরপ চিন্তা তর্ক বা
তত্থালোচনা করে না।

নিবারণ প্রাত্তংকালে উঠিয়া গলির ধারে গৃহদারে খোলাগায়ে বসিরা অত্যন্ত নিক্ষদ্বিয়ভাবে হঁকাটি লইয়া ভামাক খাইতে থাকে। পথ দিয়া লোকজন যাভায়াত করে, গাড়ি ঘোড়া চলে, বৈক্ষব-ভিষারি গান গাহে, প্রান্তন যোভল সংগ্রহকারী হাঁকিয়া চলিয়া যায়; এই সমস্ত চঞ্চল দৃশ্য মনকে লযুভাবে স্থাপৃত রাখে এবং বেরিন কাঁচা আম অথবা তপসি-মাছওয়ালা আসে, সেদিন অনেক দরদাম করিয়া কিঞ্চিৎ
বিশেষরূপ রন্ধনের আয়োজন হয়। তাহার পর যথাসময়ে তেল মাধিয়া সান করিয়া
আহারাস্কে দড়িতে ঝুলানো চাপকানটি পরিয়া এক ছিলিম তামাক পানের সহিত
নিংশেষ্প্রক আর একটি পান মুখে পুরিয়া, আপিসে যাত্রা করে। আপিস হইতে
কিরিয়া আসিয়া সন্ধ্যাবেলাটা প্রতিবেশী রামলোচন ঘোষের বাড়িতে প্রশাস্ত গন্তীর
ভাবে সন্ধ্যাযাপন করিয়া আহারাস্তে রাত্রে শয়নগৃহে দ্রী হরস্কলরীর সহিত সাক্ষাৎ হয়।

সেধানে মিত্রদের ছেলের বিবাহে আইবড় ভাত পাঠানো, নবনিযুক্ত ঝির অবাধ্যতা, ছেঁচকিবিশেষে ফোড়নবিশেষের উপযোগিতা সম্বন্ধে যে সমস্ত সংক্ষিপ্ত সমালোচনা চলে তাহা এ পর্যন্ত কোনো কবি ছন্দোবদ্ধ করেন নাই, এবং সেজন্য নিবারণের মনে কখনো ক্ষোভের উদয় হয় নাই।

ইতিমধ্যে কান্ধন মাসে হরস্থলরীর সংকট পীড়া উপস্থিত হইল। জব আর কিছুতেই ছাড়িতে চাহে না। ডাক্তার যতই কুইনাইন দেয়, বাধাপ্রাপ্ত প্রবল স্রোত্তের ন্থায় জরও তত উধের্ব চড়িতে থাকে। এমনি বিশ দিন, বাইশ দিন, চল্লিশ দিন পর্বস্ত ব্যাধি চলিল।

নিবারণের আপিস বন্ধ; রামলোচনের বৈকালিক সভায় বছকাল আর সে যায় না; কী যে করে তাহার ঠিক নাই। একবার শয়নগৃহে গিয়া রোগীর অবস্থা জানিয়া আসে, একবার বাহিরের বারান্দায় বসিয়া চিস্তিত মুখে তামাক টানিতে থাকে। তুইবেলা ডাক্তার বৈদ্য পরিবর্তন করে এবং যে যাহা বলে সেই সেই ঔষধ পরীক্ষা করিয়া দেখিতে চাহে।

ভালোবাসার এইরপ অব্যবস্থিত শুশ্রষা সন্তেও চল্লিল দিনে হরস্করী ব্যাধিমুক্ত হইল। কিন্তু এমনি তুর্বল এবং শীর্ণ হইরা গেল যে, শরীরটি ষেন বহুদূর হইতে অতি ক্ষীণস্বরে 'আছি' বলিয়া সাড়া দিতেছে মাত্র।

তথন বসস্তকালে দক্ষিণের হাওয়া দিতে আরম্ভ করিয়াছে এবং উষ্ণ নিশীথের চক্রালোকও সীমন্তিনীদের উন্মুক্ত শর্মকক্ষে নি:শব্দ পদস্কারে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

হরস্পরীর ঘরের নিচেই প্রতিবেশীদের থিড়কির বাগান। সেটা যে বিশেষ কিছু স্থান্ত রমণীর স্থান তাহা বলিতে পারি না। এক সময় কে একজন শশ করিয়া গোটাকতক কোটন রোপণ করিয়াছিল, তার পরে আর সেদিকে বড়ো একটা দৃক্পাত করে নাই। শুক্ক ডালের মাচার উপর ক্যাওলতা উঠিয়াছে; বৃদ্ধ ক্লুগাছের ভলায় বিষম জন্ম; রান্নাঘরের পাশে প্রাচীর ভাঙিয়া কতকগুলো ইট জড়ো হইয়া

আছে এবং ভাহারই সহিত দশ্ধাবনিষ্ট পাথ্বে কয়লা এবং ছাই দিন দিন বালীকৃত ছইয়া উঠিতেছে।

কিন্ধ বাতায়নতলে শয়ন করিয়া এই বাগানের দিকে চাহিয়া হরক্ষনী প্রতিমূহুর্তে বে একটি আনন্দরস পান করিতে লাগিল, তাহার জকিঞ্চিৎকর জীবনে এমন সে আর কথনো করে নাই। গ্রীম্বকালে প্রোভোবেগ মন্দ হইয়া ক্ষুদ্র গ্রাম্যনদীটি বখন বালুশ্যার উপরে শীর্ণ হইয়া আসে তখন সে যেমন অত্যন্ত স্বচ্ছতা লাভ করে; তখন যেমন প্রভাতের ক্ষালোক তাহার তলদেশ পর্যন্ত কম্পিত হইতে থাকে, বায়ুস্পর্শ তাহার সর্বাহ্ম প্র্লাকত করিয়া তোলে, এবং আকাশের তারা তাহার ফটিকদর্পণের উপর ক্ষেম্বতির লায় অতি ক্ষুম্প্রভাবে প্রতিবিধিত হয়, তেমনি হরক্ষন্তীর ক্ষীণ জীবনতন্ত্রর উপর আনন্দময়ী প্রস্কৃতির প্রভাবে অক্তিবিধিত হয়, তেমনি হরক্ষন্তীর ক্ষীণ জীবনতন্ত্রর উপর আনন্দময়ী প্রস্কৃতির প্রভাবে অক্তিবিধিত হার তিক ভাবতি সে সম্পূর্ণ বৃঝিতে পারিল না।

এমন সময় তাহার স্বামী যখন পাশে বসিয়া জিজ্ঞাসা করিত 'কেমন আছ', তখন ভাহার চোখে যেন জল উছলিয়া উঠিত। রোগশীর্ন মৃথে তাহার চোখ ঘৃটি অত্যন্ত বড়ো দেখায়, সেই বড়ো বড়ো প্রেমার্দ্র সক্তক্ত চোখ স্বামীর মৃথের দিকে তুলিয়া শীর্ণহন্তে স্বামীর হন্ত ধরিয়া চুপ করিয়া পড়িয়া থাকিত, স্বামীর অন্তরেও যেন কোথা হইতে একটা নৃতন অপরিচিত আনন্দরশ্মি প্রবেশ লাভ করিত।

এই ভাবে কিছুদিন যায়। একদিন রাত্রে ভাঙা প্রাচীরের উপরিবর্তী ধর্ব অশপগাছের কম্পমান শাখাস্তরাল হইতে একধানি বৃহৎ চাঁদ উঠিতেছে এবং সন্ধাবেলাকার
শুমট ভাঙিয়া হঠাৎ একটা নিশাচর বাতাস জাগ্রত হইয়া উঠিয়াছে, এমন সময়
নিবারণের চুলের মধ্যে অঙ্গুলি বৃলাইতে বৃলাইতে হরস্থন্দরী কহিল, "আমাদের তো
ছেলেপুলে কিছুই হইল না, তুমি আর একটি বিবাহ করো।"

হরস্থলরী কিছুদিন হইতে এই কথা ভাবিডেছিল। মনে যখন একটা প্রবাদ আনন্দ, একটা বৃহৎ প্রেমের সঞ্চার হয় তখন মাছ্য মনে করে আমি সব করিতে পারি। তখন হঠাৎ একটা আত্মবিসর্জনের ইচ্ছা বলবতী হইরা উঠে। শ্রোতের উচ্ছাস যেমন কঠিন তটের উপর আপনাকে সবেগে মূর্ছিত করে, ভেমনি প্রেমের আবেগ, আনন্দের উদ্ধাস একটা মহৎ ত্যাগ একটা বৃহৎ ত্বংখের উপর আপনাকে যেন নিক্ষেপ করিতে চাছে।

সেইরপ অবস্থার অভাস্ত প্লকিড চিত্তে একদিন হরত্বনরী স্থির করিল, আমার স্বামীর জন্ত আমি ধুব বড়ো একটা কিছু করিব। কিন্তু ছান্ন, যতথানি সাধ ভতথানি माथा काशा बाहि। हाराज्य कार्ह की बाहि, की मिश्रा शाय। अवर्ष नाहे, वृषि नाहे, कमछा नाहे, अध् এको। श्रान बाहि, मोशेश यि काशाश मियाय शांक अथनहे मिया स्मिन, किश्व छाहायहे वा मृना की।

আর স্বামীকে যদি চ্ছাক্ষেনের মতো গুল, নবনীর মতো কোমল, শিশুকন্দর্পের মতো স্থানর একটি স্নেহের পুত্রলি সম্ভান দিতে পারিভাম। কিছু প্রাণপণে ইচ্ছাকরিয়া মরিয়া গেলেও ভো সে হইবে না। তখন মনে হইল, স্বামীর একটি বিবাহ দিতে হইবে। ভাবিল, স্ত্রীরা ইহাতে এত কাতর হয় কেন, এ কাজ ভো কিছুই কঠিন নহে। স্বামীকে যে ভালোবাসে, সপত্রীকে ভালোবাসা ভাহার পক্ষে কী এমন অসাধ্য। মনে করিয়া বক্ষ ফ্টাত হইয়া উঠিল।

প্রস্তাবটা প্রথম যথন শুনিল, নিবারণ হাসিয়া উড়াইয়া দিল, বিতীয় এবং তৃতীয়বারও কর্ণপাত করিল না। স্বামীর এই অসমতি এই অনিচ্ছা দেখিয়া হরস্থনরীর বিশাস এবং সুখ ষতই বাড়িয়া উঠিল তাহার প্রতিজ্ঞাও ততই দৃঢ় হইতে লাগিল।

এদিকে নিবারণ যত বারংবার এই অমুরোধ শুনিল, ততই ইহার অসম্ভাব্যতা তাহার মন হইতে দূর হইল এবং গৃহদ্বারে বসিয়া তামাক খাইতে খাইতে সম্ভানপরিবৃত গৃহের স্থমর চিত্র তাহার মনে উচ্ছল হইয়া উঠিতে লাগিল।

একদিন নিজেই প্রসন্ধ উখাপন করিয়া কহিল, "বুড়াবয়সে একটি কচি খুকীকে বিবাহ করিয়া আমি মাহ্য করিতে পারিব না।"

হরস্বনরী কহিল, "সেজ্ব তোমাকে ভাবিতে হইবে না। মাস্থ করিবার ভার আমার উপর রহিল।" বলিতে বলিতে এই সম্ভানহীনা রমণীর মনে একটি কিশোর বয়ন্তা, স্কুমারী, লজ্জাশীলা, মাতৃক্রোড় হইতে সজোবিচ্যুতা নববধ্র মুধচ্চবি উদয় হইল এবং হদর মেহে বিগলিত হইয়া গেল।

নিবারণ কহিল, "আমার আপিস আছে, কাজ আছে, ভূমি আছ, কচি মেরের আবদার শুনিবার অবসর আমি পাইব না।"

হরস্পরী বারবার করিয়া কহিল, তাহার জন্ম কিছুমাত্ত সময় নষ্ট করিতে হইবে না এবং অবশেষে পরিহাস করিয়া কহিল, "আচ্ছা গো, তথন দেখিব কোণায় বা ভোমার কাজ থাকে, কোণায় বা আমি থাকি, আর কোণায় বা তুমি থাক।"

নিবারণ সে-কথার উত্তরমাত্র দেওয়া আবশ্রক মনে করিল না, শান্তির শ্বরূপ হরস্বনরীর কপোলে হাসিয়া তর্জনী আঘাত করিল। এই ভো গেল ভূমিকা।

षिखीत्र भत्रिटम्ह

একটি নোলকপরা অশ্রুভরা ছোটোখাটো মেয়ের সহিত নিবারণের বিবাহ হইল, ভাছার নাম শৈলবালা।

নিবারণ ভাবিল, নামটি বড়ো মিষ্ট এবং মুখবানিও বেল ঢলোঢলো। ভাহার ভাবখানা, ভাহার চেহারাখানি, ভাহার চলান্দেরা একটু বিলেষ মনোবোগ করিরা চাহিরা দেখিতে ইচ্ছা করে, কিন্তু সে আর কিছুতেই হইরা উঠে না। উল্টিয়া এমন ভাব দেখাইতে হয় যে, ওই ভো একফোঁটা মেয়ে, উহাকে লইয়া ভো বিষম বিপদে পড়িলাম, কোনোমভে পাল কাটাইয়া আমার বয়সোচিত কর্ডব্যক্ষেত্রের মধ্যে গিয়া পড়িলে যেন পরিত্রাণ পাওয়া য়ায়।

্ হরস্থলরী নিবারণের এই বিষম বিপদগ্রস্ত ভাব দেখিয়া মনে মনে বড়ো আমোদ বোধ করিত। এক একদিন হাত চাপিয়া ধরিয়া বলিত, "আহা, পালাও কোধায়। ওইটুকু মেয়ে, ও তো আর ভোমাকে খাইয়া ফেলিবে না।"

নিবারণ দ্বিশুণ শশবাস্ত ভাব ধারণ করিয়া বলিত, "আরে রসো রসো, আমার একটু বিশেষ কাজ আছে।" বলিয়া যেন পালাইবার পথ পাইত না। হরস্থন্দরী হাসিয়া বার আটক করিয়া বলিত, আজ ফাঁকি দিতে পারিবে না। অবশেষে নিবারণ নিতাস্কই নিরুপায় হইয়া কাতরভাবে বসিয়া পড়িত।

হরস্পরী তাহার কানের কাছে বলিত, "আহা পরের মেয়েকে দরে আনিয়া অমন হতপ্রকা করিতে নাই।"

এই বলিয়া শৈলবালাকে ধরিয়া নিবারণের বাম পাশে বসাইয়া দিত এবং জোর করিয়া ঘোমটা খুলিয়া ও চিনুক ধরিয়া তাছার আনত মুধ তুলিয়া নিবারণকে বলিত, "আছা কেমন চাঁদের মতো মুধধানি দেখো দেখি।"

কোনোদিন বা উভয়কে বরে বসাইয়া কাজ আছে বলিয়া উঠিয়া যাইত এবং বাছির হইতে ঝনাৎ করিয়া দরজা বন্ধ করিয়া দিত। নিবারণ নিশ্চর জানিত চ্টি কৌতৃহলী চক্ষ্ কোনো-না-কোনো ছিল্রে সংলগ্ন হইয়া আছে—অতিশর উদাসীনভাবে পাশ কিরিয়া নিদ্রার উপক্রম করিত, শৈলবালা ঘোষটা টানিয়া গুটিস্টি মারিয়া মৃথ কিরাইয়া একটা কোণের মধ্যে মিলাইয়া থাকিত।

व्यवस्था हिन क्षेत्र क्षेत्र

इत्रक्षतीय यथन हान हाफिन, उथन चत्रः नियात्रव हान यतिन। এ यद्धा क्लिक्स,

এ বড়ো রহন্ত। এক টুকরা হারক পাইলে তাহাকে নানাভাবে নানাদিকে কিরাইয়া দেখিতে ইচ্ছা করে, আর এ একটি কৃত্র স্থলর মান্ত্যের মন—বড়ো অপূর্ব। ইহাকে কভরকম করিরা স্পর্শ করিয়া সোহাগ করিয়া অস্তরাল হইতে, সমূব হইতে, পার্ম হইতে দেখিতে হয়। কখনো একবার কানের তুলে দোল দিয়া, কখনো ঘোমটা একটুখানি টানিয়া তুলিয়া, কখনো বিত্যুতের মতো সহসা সচকিতে, কখনো নক্ষত্রের মতো দ্বিকাল একদৃষ্টে নব নব সোল্বার্মের সীমা আবিষ্কার করিতে হয়।

ম্যাক্মোরান্ কোপানির আপিদের হেডবাব্ শ্রীযুক্ত নিবারণচন্দ্রের অদৃষ্টে এমন অভিজ্ঞতা ইতিপূর্বে হয় নাই। দে যখন প্রথম বিবাহ করিয়াছিল তখন বালক ছিল, যখন যৌবন লাভ করিল তখন স্ত্রী ভাহার নিকট চিরপরিচিত, বিবাহিত জীবন চিরাভ্যস্ত। হরস্করীকে অবশ্রই দে ভালোবাসিত, কিন্তু কখনোই ভাহার মনে ক্রমে প্রেমের সচেতন সঞ্চার হয় নাই।

একেবারে পাকা আদ্রের মধ্যেই যে পতঙ্গ জন্মগাভ করিয়াছে, যাহাকে কোনো কালে রস অন্নেষণ করিতে হয় নাই, অল্পে অল্পে রসাম্বাদ করিতে হয় নাই, তাহাকে একবার বসম্ভকালের বিকশিত পূপাবনের মধ্যে ছাড়িয়া দেওয়া হউক দেখি — বিকচোমুখ গোলাপের আধ্যোলা মুখটির কাছে ঘুরিয়া ঘুরিয়া তাহার কী আগ্রহ। একটুকু ষে সৌরভ পায়, একটুকু যে মধুর আশ্বাদ লাভ করে তাহাতে তাহার কী নেশা।

নিবারণ প্রথমটা কখনো বা একটা গাউনপরা কাঁচের পুজুল কখনো বা এক নিশি এসেল, কখনো বা কিছু মিষ্টদ্রব্য কিনিয়া আনিয়া নৈলবালাকে গোপনে দিয়া ষাইত। এমনি করিয়া একটুখানি ঘনিষ্ঠতার স্বত্রপাত হয়। অবশেষে কখন একদিন হরস্বন্ধী গৃহকার্যের অবকাশে আসিয়া ঘারের ছিন্ত দিয়া দেখিল, নিবারণ এবং শৈলবালা বসিয়া কড়ি লইয়া দশ-পঁচিশ খেলিতেছে।

বুড়াবয়সের এই খেলা বটে। নিবারণ সকালে আহারাদি করিয়া ষেন আলিসে বাহির হইল কিন্তু আলিসে না গিয়া অস্তঃপুরে প্রবেশ করিয়াছে। এ প্রবঞ্চনার কী আবশুক ছিল। হঠাৎ একটা জ্ঞান্ত বক্রশলাকা দিয়া কে যেন হরস্পরীর চোখ খুলিয়া দিল, সেই তীব্রতাপে চোখের জ্ঞল বাষ্প হইয়া শুকাইয়া গেল।

হরস্বনরী মনে মনে কহিল, আমিই তো উহাকে বরে আনিলাম, আমিই তো মিলন করাইয়া দিলাম, তবে আমার সঙ্গে এমন ব্যবহার কেন—হেমন আমি উহাদের স্থ্রের কাটা।

হরস্বারী শৈলবালাকে গৃহকার্য শিখাইত। একদিন নিবারণ মূখ ফুটিয়া বলিল,"ছেলে-মান্ত্র্য, উহাকে তুমি বড়ো বেশি পরিশ্রম করাইতেছ, উহার শরীর ভেমন সবল নছে।" বড়ো একটা ভীত্র উদ্ভব হরস্বারীর মৃথের কাছে আসিয়াছিল; কিন্তু বিলল না, চুপ করিয়া গেল।

সেই অবধি বউকে কোনো গৃহকার্ধে হাত দিতে দিত না; বাঁধাবাড়া দেখান্তনা সমন্ত কাজ নিজে করিত। এমন হইল, শৈলবালা আর নড়িয়া বসিতে পারে না, হরত্বনরী দাসীর মতো ভাহার সেবা করে এবং স্বামী বিদ্যকের মতো ভাহার মনোরঞ্জন করে। সংসারের কাজ করা, পরের দিকে ভাকানো যে জীবনের কর্তব্য এ শিক্ষাই ভাহার হইল না।

হরস্বারী যে নীরবে দাসীর মতো কাজ করিতে লাগিল তাহার মধ্যে ভারি একটা গর্ব আছে। তাহার মধ্যে ন্যনতা এবং দীনতা নাই। সে কহিল, তোমরা তুই শিশুতে মিলিয়া খেলা করো, সংসারের সমস্ত ভার আমি লইলাম।

कृषीय भविदम्ह

হায়, আজ কোপায় সে বল, যে বলে হরস্করী মনে করিয়াছিল স্বামীর জক্ত চিরজীবনকাল সে আপনার প্রেমের দাবির অর্থেক অংশ অকাতরে ছাড়িয়া দিতে পারিবে। হঠাং একদিন পূর্ণিমার রাত্রে জীবনে যখন জোয়ার আসে, তখন তুই কুল প্রাবিত করিয়া মাক্তম মনে করে, আমার কোপাও সীমা নাই। তখন যে একটা বৃহং প্রতিজ্ঞা করিয়া বসে, জীবনের স্থদীর্ঘ ভাঁটার সময় সে প্রতিজ্ঞা রক্ষা করিতে তাহার সমস্ত প্রাণে টান পড়ে। হঠাং ঐশ্বর্ষের দিনে লেখনীর এক আঁচড়ে যে দানপত্র লিখিয়া দেয়, চির দারিস্রোর দিনে পলে পলে তিল তিল করিয়া তাহা শোধ করিতে হয়। তখন বৃষ্ধা যায় মাক্স্য বড়ো দীন, হলম বড়ো তুর্বল, তাহার ক্ষমতা অতি ধৎসামান্ত।

দীর্ঘ বোগাবসানে ক্ষীণ, রক্তহান, পাঙ্ কলেবরে হরস্করা সেদিন শুক্ল বিতীয়ার চাঁদের মডো একটি শীর্ণ রেবামাত্র ছিল; সংসারে নিভাস্ত লঘু হইরা ভাসিভেছিল। মনে হইয়াছিল আমার যেন কিছুই না হইলেও চলে। ক্রমে শরীর বলী হইরা উঠিল, রক্তের ডেজ বাড়িডে লাগিল, তখন হরস্ক্রীর মনে কোথা ছইতে একলল শরিক আসিয়া উপস্থিত হইল, তাহারা উঠৈচঃম্বরে কহিল, তুমি ভো ভ্যাগপত্র লিখিয়া বসিয়া আছ কিস্কু আমাদের দাবি আমরা ছাড়িব না।

হরস্পরী যেদিন প্রথম পরিকাররপে আপন অবস্থা বৃদ্ধিতে পারিল, সেদিন নিবারণ ও শৈশবালাকে আপন শন্তনগৃহ ছাড়িয়া দিয়া ভিন্ন সৃহ্ছে একাকিনী গিন্না শন্তন করিল। আট বংসর বয়সে বাসররাত্তে যে-শ্যার প্রথম শয়ন করিয়াছিল, আজ সাতাশ বংসর পরে সেই শ্যা তাগা করিল। প্রদীপ নিভাইয়া দিয়া এই সধ্বা রমণী যখন অসম স্বর্গার লইয়া তাহার নৃতন বৈধ্বাশ্যার উপরে আসিয়া পড়িল, তখন গলির অপর প্রান্থে একজন শৌখিন যুবা বেহাগ রাগিণীতে মালিনীয় গান গাহিভেছিল; আর একজন বায়া-তবলায় সংগত করিতেছিল এবং প্রোত্বয়্গণ সমের কাছে হা:-হা: করিয়া চাংকার করিয়া উঠিতেছিল।

তাহার সেই গান সেই নিস্তন্ধ জ্যোৎস্নারাত্রে পার্যের ঘরে মন্দ শুনাইতেছিল না। তথন বালিকা শৈলবালার ঘূমে চোখ ঢ়লিয়া পড়িতেছিল, আর নিবারণ তাহার কানের কাছে মুখ রাখিয়া ধারে ধীরে ডাকিতেছিল, সই।

লোকটা ইভিমধ্যে বৃদ্ধিমবাব্র চক্রশেশর পড়িয়া ফেলিয়াছে এবং দুই-একজন আধুনিক কবির কাব্যও শৈলবালাকে পড়িয়া ভনাইয়াছে।

নিবারণের জীবনের নিয়ন্তরে যে একটি যৌবন-উৎস বরাবর চাপা পড়িয়া ছিল, আঘাত পাইয়া হঠাৎ বড়ো অসময়ে তাহা উচ্চুসিত হইয়া উঠিল। কেহই সেজল প্রস্তুত ছিল না, এই হেতু অকমাৎ তাহার বৃদ্ধিশুদ্ধি এবং সংসারের সমস্ত বন্দোবন্ত উলটাপালটা হইয়া গেল। সে বেচারা কোনোকালে জানিত না মাহ্মের ভিতরে এমন সকল উপত্রবজনক পদার্থ থাকে, এমন সকল তুর্দাম ত্রক্ত শক্তি, যাহা সমস্ত হিসাবকিতাব শৃথালা-সামঞ্জ একেবারে নয়ছ্য় করিয়া দেয়।

কেবল নিবারণ নহে, হরস্করীও একটা নৃতন বেদনার পরিচয় পাইল। এ কিসের আকাজ্ঞা, এ কিসের হংসহ যশ্রণা। মন এখন যাহা চায়, কখনো তো তাহা চাহেও নাই, কখনো তো তাহা পায়ও নাই। যখন ভদ্রভাবে নিবারণ নিয়মিত আপিসে যাইত, যখন নিদ্রার পূর্বে কিয়ংকালের জন্ম গয়লার হিসাব, দ্রব্যের মহার্ঘতা এবং লৌকিকভার কর্তব্য সম্বন্ধে আলোচনা চলিত, তখন তো এই অম্বর্ধিসবের কোনো স্ত্রপাতমাত্র ছিল না। ভালোবাসিত বটে, কিম্ব তাহার তো কোনো উচ্ছলতা কোনো উত্তাপ ছিল না। সে ভালোবাসা অপ্রক্ষলিত ইম্বনের মতো ছিল মাত্র।

আজ তাহার মনে হইল, জীবনের সক্ষলতা হইতে বেন চিরকাল কে তাহাকে বঞ্চিত্ত করিয়া আসিয়াছে। তাহার হৃদয় বেন চিরদিন উপবাসী হইয়া আছে। তাহার এই নারীজীবন বড়ো দারিজ্যেই কাটিয়াছে। সে কেবল হাটবাজার পানমসলা তরিভরকারির ঝয়াট লইয়াই সাতালটা অমৃল্য বংসর দাসীর্ত্তি করিয়া কাটাইল, আর আজ জীবনের মধ্যপথে আসিয়া দেখিল ভাহারই শয়নকক্ষের পার্শ্বে এক গোপন মহামহৈশ্বভাগ্রারের স্কুলুপ খুলিয়া একটি কৃত্ত বালিকা একেবারে রাজরাজেশ্বী হইয়া বসিল। নারী দাসী

ঘটে, কিন্তু সেই সঙ্গে নারী রানাও বটে। কিন্তু ভাগাভাগি করিয়া একজন নারী হইল দাসী, আর একজন নারী হইল রানী; ভাহাতে দাসীর গৌরব গেল, রানীর স্থ্য রহিল না।

কারণ, লৈলবালাও নারী-জীবনের যথার্থ স্থাধের স্বাদ পাইল না। এত অবিশ্রাম আদর পাইল বে, ভালোবাসিবার আর মৃহুর্ত অবসর রহিল না। সমৃদ্রের দিকে প্রবাহিত হইয়া, সমৃদ্রের মধ্যে আত্মবিসর্জন করিয়া বোধ করি নদীর একটি মহৎ চরিতার্থতা আছে, কিন্তু সমৃদ্র যদি জোয়ারের টানে আক্সন্ত হইয়া ক্রমাগতই নদীর উন্মুখীন হইয়া রহে, তবে নদী কেবল নিজের মধ্যেই নিজে ফ্টাভ হইতে থাকে। সংসার তাহার সমস্ত আদর সোহাগ লইয়া দিবারাত্রি লৈলবালার দিকে অগ্রসর হইয়া রহিল, তাহাতে লৈলবালার আত্মাদর অভিলয় উন্তুক্ত হইয়া উঠিতে লাগিল, সংসারের প্রতি তাহার ভালোবাসা পড়িতে পাইল না। সে জানিল, আমার জন্মই সমস্ত এবং আমি কাহার জন্মও নহি। এ অবস্থায় যথেষ্ট অহংকার আছে কিন্তু পরিতৃথ্যি কিছুই নাই।

हजूर्च श्रीब्रदम्हण

একদিন ঘনঘোর মেঘ করিয়া আসিয়াছে। এমনি অন্ধকার করিয়াছে যে, ঘরের মধাে কাজকর্ম করা অসাধা। বাছিরে ঝুপ ঝুপ করিয়া বৃষ্টি হইতেছে। কুলগাছের ডলায় লভাগুলার জলল জলে প্রায় নিমগ্র হইয়া গিয়াছে এবং প্রাচীরের পার্শ্ববর্তী নালা দিয়া ঘোলা জললোভ কলকল শব্দে বহিয়া চলিয়াছে। হরস্করী আপনার নৃতন শ্বনগৃহের নির্জন অন্ধকারে জানলার কাছে চুপ করিয়া বসিয়া আছে।

এমন সময় নিবারণ চোরের মতো ধীরে ধীরে ধারের কাছে প্রবেশ করিল, ফিরিয়া
যাইবে কি অগ্রসর হইবে ভাবিয়া পাইল না। হরস্থনারী ভাহা লক্ষ্য করিল কিন্তু
একটি কথাও কহিল না।

তখন নিবারণ হঠাং একেবারে ভীরের মতো হরপুলরীর পার্বে গিরা এক নিশাসে বলিয়া কেলিল, "গোটাকতক গহনার আবশ্যক হইয়াছে। জ্ঞান তো অনেকগুলো দেনা হইয়া পড়িয়াছে, পাওনাদার বড়োই অপমান করিতেছে—কিছু বন্ধক রাখিতে হইবে—শীন্তই ছাড়াইয়া লইতে পারিব।"

হরস্থারী কোনো উত্তর দিল না, নিবারণ চোরের মতো দাড়াইরা রহিল। অবশেষে পুনশ্চ কহিল, "ভবে কি আজ হইবে না।"

एकप्रभन्ने किएम, "ना।"

দরে প্রবেশ করাও দেমন শক্ত, দর হইতে অবিলম্বে বাছির হওয়াও তেমনি কঠিন।
নিবারণ একটু এদিকে ওদিকে চাছিয়া ইভন্তত করিয়া বলিল, "ভবে অম্বত্ত চেষ্টা দেখিগে যাই", বলিয়া প্রস্থান করিল।

ক্ষণ কোপায় এবং কোপায় গছনা বন্ধক দিতে ছইবে ছরত্মনারী তাছা সমন্তই বৃধিল। বৃঝিল, নববধ্ পূর্বরাত্তে তাহার এই হতবৃদ্ধি পোষা পুরুষটিকে অত্যন্ত বাংকার দিয়া বলিয়াছিল, "দিদির সিন্দুকভরা গহনা, আর আমি বৃঝি একখানি পরিতে পারি না।"

নিবারণ চলিয়া গেলে ধীরে ধীরে উঠিয়া লোহার সিন্দুক খুলিয়া একে একে সমস্ত গহনা বাহির করিল। শৈলবালাকে ডাকিয়া প্রথমে আপনার বিবাহের বেনারসি শাড়িখানি পরাইল, তাহার পর তাহার আপাদমন্তক এক-একখানি করিয়া গহনার ভরিয়া দিল। ভালো করিয়া চুল বাঁধিয়া দিয়া প্রদীপ জালিয়া দেখিল, বালিকার মুখখানি বড়ো স্থমিষ্ট, একটি সন্তঃপক স্থগদ্ধ কলের মতো নিটোল রসপূর্ণ। শৈলবালা খখন ঝমঝম শব্দ করিয়া চলিয়া গেল, সেই শব্দ বহুক্ষণ ধরিয়া হরস্থলরীর শিরার রক্তের মধ্যে বিমবিম করিয়া বাজিতে লাগিল। মনে মনে কহিল, আব্দ আর কী লইয়া তোতে আমাতে তুলনা হইবে। কিন্তু এক সময়ে আমারও তো ওই বয়স ছিল, আমিও তো অমনি যৌবনের শেষরেখা পর্যন্ত ভরিয়া উঠিয়াছিলাম, তবে আমাকে সে কথা কেহ জানায় নাই কেন। কখন সেদিন আসিল এবং কখন সেদিন গেল তাহা একবার সংবাদও পাইলাম না। কিন্তু কী গর্বে, কী তর্ম্ব ভূলিয়া শৈলবালা চলিয়াছে।

'হরস্থদরী যথন কেবলমাত্র ঘরকলাই জানিত তথন এই গছনাগুলি তাহার কাছে কত দামি ছিল। তথন কি নির্বোধের মতো এ সমস্ত এমন করিয়া একমূহুর্তে হাতছাড়া করিতে পারিত। এখন ঘরকলা ছাড়া আর একটা বড়ো কিসের পরিচর পাইয়াছে, এখন গহনার দাম ভবিশ্বতের হিসাব সমস্ত তুচ্ছ হইয়া গিয়াছে।

আর শৈলবালা সোনামানিক ঝকমক করিয়া শয়নগৃহে চলিয়া গেল, একবার মুহুর্তের তরে ভাবিলও না হরত্মনারী তাহাকে কতথানি দিল। সে জ্বানিল চতুর্দিক হইতে সমস্ত সেবা, সমস্ত সম্পদ, সমস্ত সোভাগ্য স্বাভাবিক নিয়মে তাহার মধ্যে আসিয়া পরিসমাপ্ত হইবে, কারণ, সে হইল শৈলবালা, সে হইল সই।

शक्य भद्रिटक्छ

এক-একজন লোক শ্বপাবস্থার নির্ভীকভাবে অভ্যন্ত সংকটের পথ দিয়া চলিয়া যার মুহূর্তমাত্র চিন্তা করে না। অনেক জাগ্রভ মাহুষেরও ভেমনি চিরশ্বপাবস্থা উপস্থিত হয়, কিছুমাত্র জ্ঞান থাকে না, বিপদের সংকীর্ণ পথ দিয়া নিশ্চিস্তমনে অগ্রসর হইড়ে থাকে, অবশেষে নিদান্ত্রণ সর্বনাশের মধ্যে পিয়া জাগ্রভ হইয়া উঠে।

আমাদের ম্যাক্মোরান কোম্পানির হেডবাব্টিরও সেই দুশা। শৈলবালা তাহার জীবনের মাঝখানে একটা প্রবল আবর্ডের মডো ব্রিডে লাগিল এবং বহুদ্র হইতে বিবিধ মহার্ঘ্য পদার্থ আরুট হইয়া তাহার মধ্যে বিলুপ্ত হইতে লাগিল। কেবল যে নিবারণের মহাত্ম এবং মাসিক বেডন, হরস্থলরীর স্থবসৌভাগ্য এবং বসনভূষণ, তাহা নহে, সঙ্গে সঙ্গে ম্যাক্মোরান কোম্পানির ক্যাশ তহবিলেও গোপনে টান পড়িল। তাহার মধ্য হইতেও তুটা-একটা করিয়া ভোড়া অদৃশ্য হইতে লাগিল। নিবারণ হির করিত আগামী মাসের বেডন ইইতে আন্তে আন্তে শোধ করিয়া রাখিব। কিছ আগামী মাসের বেডনটি হাতে আসিবামাত্র সেই আবর্ড ইইতে টান পড়ে এবং শেষ ত্-আনিটি পর্বন্ধ চকিতের মডো চিকমিক করিয়া বিত্যংবেগে অন্তর্হিত হয়।

শেষে একদিন ধরা পড়িল। পুরুষামূক্রমের চাকুরি। সাহেব বড়ো ভালোবাসে, তহবিল পূরণ করিয়া দিবার জন্ম ত্ইদিনমাত্র সময় দিল।

কেমন করিয়া সে ক্রমে ক্রমে আড়াই হাজার টাকার তহবিল ভাঙিয়াছে ভাহা নিবারণ নিজেই বৃঝিতে পারিল না। একেবারে পাগলের মতো হইয়া হরস্থন্দরীর কাছে গেল, বলিল, "সর্বনাল হইয়াছে।"

इद्रम्पदी ममख छनियां अक्किराद भारखवर्व इहेयां शिन ।

নিবারণ কহিল, "শীদ্র গছনাগুলো বাহির করো।" হরস্করী কহিল, "সে তো আমি সমস্ত ছোটোবউকে দিয়াছি।"

নিবারণ নিভাস্ক শিশুর মতো অধীর ছইয়া বলিতে লাগিল, "কেন দিলে ছোটো-বউকে। কেন দিলে। কে ভোমাকে দিভে বলিল।"

হরস্পরী ভাছার প্রকৃত উত্তর না দিয়া কহিল, "ভাছাতে ক্ষতি কী ছইয়াছে। সে ভো আর জলে পড়ে নাই।"

छोक्न नियायन काजयबदा कहिन, "ज्राय यमि जूमि कान्ता हूज। कतिया जाहाय काह हहेर्ड वाहिय कविर्ड भाष। किन्ह ज्यामाय माथा थां विन्हायां ना त्य, ज्यामि हाहिर्डिह किश्या की जन्न हाहिर्डिह।" তথ্ন হরত্মন্দরী মর্মান্তিক বিরক্তি ও ঘুণাভবে বলিয়া উঠিল, "এই কি তোমার ছলছুতা করিবার, লোহাগ দেখাইবার সময়। চলো।" বলিয়া স্বামীকে লইয়া ছোটোবউরের ঘরে প্রবেশ করিল।

ছোটোবউ কিছু ব্ঝিল না। সে সকল কথাতেই বলিল, "সে আমি কী জানি।"
সংসারের কোনো চিন্তা যে তাহাকে কথনো ভাবিতে হইবে এমন কথা কি তাহার
সহিত ছিল। সকলে আপনার ভাবনা ভাবিবে এবং সকলে মিলিয়া শৈলবালার আরাম
চিন্তা করিবে, অকলাৎ ইহার ব্যতিক্রম হয়, এ কী ভয়ানক অন্তায়।

তখন নিবারণ শৈলবালার পায়ে ধরিয়া কাঁদিয়া পড়িল। শৈলবালা কেবলই বলিল, "সে আমি জানি না। আমার জিনিস আমি কেন দিব।"

নিবারণ দেখিল ওই ত্র্বল ক্ষুদ্র স্থান্দর স্কুমারী বালিকাটি লোহার দিন্দ্রের অপেক্ষাও কঠিন। হরস্থারী সংকটের সময় স্বামীর এই ত্র্বলভা দেখিয়া ঘুণায় জর্জবিত হইয়া উঠিল। লৈল্বালার চাবি বলপূর্বক কাড়িয়া লইতে গেল। লৈল্বালা তৎক্ষণাৎ চাবির গোছা প্রাচীর লজ্মন করিয়া পুষ্করিণীর মধ্যে ক্ষেলিয়া দিল।

হরস্বনরী হতবৃদ্ধি স্বামীকে কহিল, "তালা ভাঙিয়া ফেলো না।" শৈলবালা প্রশান্তমুখে বলিল, "তাহা হইলে আমি গলায় দড়ি দিয়া মরিব।"

নিবারণ কহিল, "আমি আর একটা চেপ্তা দেখিতেছি", বলিয়া এলোথেলো বেশে বাহির হইয়া গেল।

নিবারণ তুই ঘণ্টার মধ্যেই পৈতৃক বাড়ি আড়াই হাজার টাকায় বিক্রেয় করিয়া আসিল।

বছকটে হাতে বেড়িটা বাঁচিল, কিন্তু চাকরি গেল। স্থাবর-জলমের মধ্যে রহিল কেবল হুটিমাত্র স্ত্রী। তাহার মধ্যে ক্লেকাতর বালিকা স্ত্রীট গর্ভবতী হইয়া নিতান্ত স্থাবর হইয়াই পড়িল। গলির মধ্যে একটি ছোটো স্যাতসেঁতে বাড়িতে এই ক্ষ্তু পরিবার আশ্রয় গ্রহণ করিল।

यर्छ श्रीब्रद्रम्

ছোটো বউয়ের অসম্ভোষ এবং অস্থাধের আর শেষ নাই। সে কিছুতেই ব্ঝিতে চায় না তাহার স্বামীর ক্ষমতা নাই। ক্ষমতা নাই যদি তো বিবাহ করিল কেন।

উপরের তলায় কেবল হুটিমাত্র ঘর। একটি ঘরে নিবারণ ও শৈলবালার শয়নগৃহ।
আর একটি ঘরে হরস্নারী থাকে। শৈলবালা খুঁতখুঁত করিয়া বলে, "আমি দিনরাত্তি শোবার ঘরে কাটাইতে পারি না।" নিবারণ মিধ্যা আখাস দিয়া বলিত, "আমি আর একটা ভালো বাড়ির সন্ধানে আছি, শীন্ত বাড়ি বদল করিব।"

শৈলবালা বলিত, "কেন, ওই তো পাশে আর একটা ঘর আছে।"

শৈলবালা তাহার পূর্ব-প্রতিবেশিনীদের দিকে কথনো মূথ ভূলিয়া চাহে নাই।
নিবারণের বর্তমান হ্রবন্থায় ব্যথিত হইয়া তাহারা একদিন দেখা করিতে আসিল;
শৈলবালা ঘরে বিল দিয়া বসিয়া রহিল, কিছুতেই দার খুলিল না। তাহারা চলিয়া
গেলে রাগিয়া, কাঁদিয়া, উপবাসী থাকিয়া, হিন্টিরিয়া করিয়া পাড়া মাথায় করিল।
এমনতরো উৎপাত প্রায় ঘটতে লাগিল।

অবশেষে শৈলবালার শারীরিক সংকটের অবস্থায় গুরুতর পীড়া হইল, এমন কি, গর্ভপাত হইবার উপক্রম হইল।

নিবারণ হরস্করীর দুই হাত ধরিয়া বলিল, "তুমি শৈলকে বাঁচাও।"

হরস্থলরী দিন নাই রাত্রি নাই শৈলবালার সেবা করিতে লাগিল। তিলমাত্র ক্রটি হইলে শৈল ভাহাকে হুর্বাক্য বলিভ, সে একটি উত্তরমাত্র করিভ না।

শৈল কিছুতেই সাগু খাইতে চাহিত না, বাটিস্থদ্ধ ছু ড়িয়া কেলিত, জরের সময় কাচা আমের অমল দিয়া ভাত খাইতে চাহিত। না পাইলে রাগিয়া কাদিয়া অনর্থপাত করিত। হরসুন্দরী তাহাকে "লক্ষী আমার," "বোন আমার," "দিদি আমার" বলিয়া শিশুর মতো ভুলাইতে চেষ্টা করিত।

কিন্ত শৈলবালা বাঁচিল না। সংসারের সমস্ত সোহাগ আদর লইয়া পরম অসুথ ও অসম্ভোষে বালিকার ক্ষুত্র অসম্পূর্ণ ব্যর্থ জীবন নষ্ট হইয়া গেল।

সপ্তম পরিচ্ছেম

নিবারণের প্রথমে খুব একটা আঘাত লাগিল, পরক্ষণেই দেখিল তাছার একটা মন্ত বাঁধন ছিঁ ডিয়া গিয়াছে। শোকের মধ্যেও হঠাৎ তাছার একটা মুক্তির আনন্দ বােধ হইল। হঠাৎ মনে হইল এতদিন ডাহার বুকের উপর একটা ফু:ম্বপ্ল চাপিয়া ছিল। চৈতন্ম হইয়া মুহুর্তের মধ্যে জীবন নিরতিশয় লঘু হইয়া গেল। মাধবীলতাটির মতাে এই যে কোমল জীবনপাশ ছিঁ ডিয়া গেল, এই কি তাহার আদরের শৈলবালা। হঠাৎ নিশাল টানিয়া দেখিল, না, লে ভাছার উষদ্ধনরক্ষ্।

আর তাহার চিরজীবনের সঙ্গিনী হরস্করী? দেখিল, সেই তো তাহার সমস্ত সংসার একাকিনী অধিকার করিয়া তাহার জীবনের সমস্ত সুখহুংখের শ্বতিমন্দিরের মাঝখানে বসিয়া আছে—কিন্তু তবু মধ্যে একটা বিচ্ছেদ। ঠিক বেন একটি ক্ত্র উজ্জ্বল স্থানর নিষ্ঠুর ছুরি আসিয়া একটি কংপিতের দক্ষিণ এবং বাম অংশের মাঝখানে বেদনাপূর্ণ বিদারণরেখা টানিয়া দিয়া গেছে।

একদিন গভীর রাত্রে সমস্ত শহর যখন নিজিত, নিবারণ ধীরে ধীরে ছরস্থলরীর
নিভ্ত শয়নকক্ষে প্রবেশ করিল। নীরবে সেই পুরাতন নিয়মমতো সেই পুরাতন
শাষ্যার দক্ষিণ অংশ গ্রহণ করিয়া শয়ন করিল। কিন্তু এবার তাহার সেই চির
অধিকারের মধ্যে চোরের মতো প্রবেশ করিল।

হরত্মনরীও একটি কথা বলিল না, নিবারণও একটি কথা বলিল না। উহার। পূর্বে যেরপ পাশাপাশি শয়ন করিত এখনও সেইরপ পাশাপাশি ভইল, কিন্তু ঠিক মাঝখানে একটি মৃত বালিকা ভইয়া বহিল, তাহাকে কেহ লঙ্খন করিতে পারিল না।

रेखार्छ, ५७००

অসম্ভব কথা

এক যে ছিল রাজা।

তখন ইহার বেশি কিছু জানিবার আবশুক ছিল না। কোথাকার রাজা, রাজার নাম কী, এ সকল প্রশ্ন জিজাসা করিয়া গল্পের প্রবাহ রোধ করিতাম না। রাজার নাম শিলাদিতা কি শালিবাহন, কাশী কাঞ্চি কনোজ কোশল অঙ্গ বন্ধ কলিজের মধ্যে ঠিক কোন্খানটিতে তাঁহার রাজত্ব, এ সকল ইতিহাস-ভূগোলের তর্ক আমাদের কাছে নিতান্তই তুচ্ছ ছিল,—আসল যে-কথাটি ভনিলে অস্তর পুলকিত হইয়া উঠিত এবং সমস্ত হৃদয় একম্হূর্তের মধ্যে বিত্যুদ্ধেগে চুম্বকের মতো আক্রষ্ট হইত সেটি হইতেছে—এক যে ছিল রাজা।

এখনকার পাঠক যেন একেবারে কোমর বাঁধিয়া বসে। গোড়াতেই ধরিয়া লয় লেখক মিথাা কথা বলিতেছে। সেইজন্ম অত্যন্ত সেয়ানার মতো মুখ করিয়া জিজ্ঞাসা করে, "লেখকমহাশয়, তুমি যে বলিতেছ এক যে ছিল রাজা, আছ্যা বলো দেখি কে ছিল সে রাজা।"

লেখকেরাও সেয়ানা হইয়া উঠিয়াছে; ভাহারা প্রকাণ্ড প্রস্তুত্তত্ব-পণ্ডিভের মতো মুখমণ্ডল চতুগুর্ন মণ্ডলাকার করিয়া বলে, "এক যে ছিল রাজা, ভাহার নাম ছিল জ্বজাতশক্ত।" পাঠক চোৰ্য টিপিয়া ক্সিজ্ঞাসা করে, "অজাতশক্ত। ভালো, কোন্ অজাতশক্ত বলো দেখি।"

লেখক অবিচলিত মুখভাব ধারণ করিয়া বলিয়া যার, "অজাতশক্ত ছিল তিনজন। একজন প্রীস্টলনের তিন সহস্র বংসর পূর্বে জন্মগ্রহণ করিয়া তুই বংসর আট মাস বর্যক্রম কালে মৃত্যুমুখে পতিত হন। তৃংখের বিষয়, তাঁহার জীবনের বিস্তারিত বিবরণ কোনো গ্রহেই পাওয়া যায় না।" অবশেষে দিতীয় অজাতশক্ত সম্বন্ধে দশক্তন ঐতিহাসিকের দশ বিভিন্ন মত সমালোচনা লেখ করিয়া যখন গ্রন্থের নায়ক তৃতীয় অজাতশক্ত পর্যন্ত আসিয়া পৌছায় তখন পাঠক বলিয়া উঠে, "ওরে বাস রে, কী পাত্তিতা। এক গল্প শুনিতে আসিয়া কত শিক্ষাই হইল। এই লোকটাকে আর অবিশাস করা ঘাইতে পারে না। আছ্বা লেখকমহালয়, তার পরে কী হইল।"

হায় রে হায়, মাছ্রষ ঠিকিতেই চায়, ঠিকিতেই ভালবাসে, অথচ পাছে কেহ নির্বোধ মনে করে এ ভয়টুকুও যোলো আনা আছে; এইজন্ত প্রাণপণে সেয়ানা হইবার চেষ্টা করে। তাহার কল হয় এই যে, সেই শেষকালটা ঠকে, কিন্তু বিস্তর আড়ম্বর করিয়া ঠকে।

ইংরেজিতে একটি প্রবাদ আছে "প্রশ্ন জিজ্ঞানা করিও না, তাহা হইলে মিধ্যা জ্বাব শুনিতে হইবে না।" বালক সেইটি বোঝে, সে কোনো প্রশ্ন করে না। এইজন্ম রূপকথার স্থান্য মিধ্যাটুকু শিশুর মতো উলল, সভ্যের মতো সরল, সভ্য উৎসারিত উৎসের মতো ক্ষন্ত; আর এখনকার দিনের স্থাচতুর মিধ্যা ম্বোশ-পরা মিধ্যা। কোথাও যদি ভিলমাত্র ছিন্ত থাকে অমনি ভিতর হইতে সমন্ত ফাঁকি ধরা পড়ে, পাঠক বিমৃথ হয়, লেখক পালাইবার পথ পায় না।

শিশুকালে আমরা যথার্থ রসজ্ঞ ছিলাম, এই জন্ম যথন গল্প শুনিতে বসিয়াছি, তথন জ্ঞানলাভ করিবার জন্ম আমাদের ভিলমাত্র আগ্রহ উপস্থিত হইত না এবং অশিক্ষিত সরল হাদয়টি ঠিক বৃষিত আসল কথাটা কোন্টুকু। আর এখনকার দিনে এত বাছল্য কথাও বকিতে হয়, এত অনাবশ্রক কথারও আবশ্রক হইয়া পড়ে। কিন্তু স্বশেষে সেই আসল কথাটিতে গিয়া দাঁড়ায়— এক যে ছিল রাজা।

বেশ মনে আছে সেদিন সন্ধ্যাবেলা ঝড়বৃষ্টি হইডেছিল। কলিকাতা শহর একেবারে ভাসিয়া গিয়াছিল। গলিয় মধ্যে একহাটু জল। মনে একান্ত আশা ছিল, আজ আর মাস্টার আসিবে না। কিন্তু তবু তাঁছার আসার নির্দিষ্ট সময় পর্যন্ত ভীতিচিত্তে পথের দিকে চাছিয়া বারান্দায় চৌকি লইয়া বসিয়া আছি। যদি বৃষ্টি একটু ধরিয়া আসিবার উপক্রম হয় তবে একাগ্রচিন্তে প্রার্থনা করি, হে দেবতা আর একটুখানি। কোনোমতে সন্ধ্যা সাড়ে সাতটা পার করিয়া দাও। তথন মনে হইত পৃথিবীতে বৃষ্টির আর কোনো আবশুক নাই, কেবল একটিমাত্র সন্ধ্যার নগরপ্রান্তের একটিমাত্র ব্যক্তির বালককে মাস্টারের করাল হন্ত হইতে রক্ষা করা ছাড়া। প্রাকালে কোনো একটি নির্বাসিত যক্ষও তো মনে করিয়াছিল, আযাতে মেঘের বড়ো একটা কোনো কাব্দ নাই, অতএব রামগিরিশিখরের একটিমাত্র বিরহীর তৃঃধকণা বিশ্ব পার হইয়া অলকার সৌধবাতারনের কোনো একটি বিরহিণীর কাছে লইয়া যাওয়া তাহার পক্ষে কিছুমাত্র গুরুতর নহে, বিশেষত পথটি যখন এমন স্থরম্য এবং তাহার হাদয়বেদনা এমন তৃঃসহ।

বালকের প্রার্থনামতে না হউক, ধূম-জ্যোতিঃ-সলিল-মন্ধতের বিশেষ কোনো
নিয়মাত্মারে বৃষ্টি ছাড়িল না। কিন্তু হায় মাস্টারও ছাড়িল না। গলির মোড়ে
ঠিক সময়ে একটি পরিচিত ছাতা দেখা দিল, সমস্ত আশাবাষ্প একমুহুর্তে ফাটয়া
বাহির হইয়া আমার বৃকটি যেন পঞ্চরের মধ্যে মিলাইয়া গেল। পরপীড়ন পা পর যদি
যথোপযুক্ত শাস্তি থাকে তবে নিশ্চয় পরজন্মে আমি মাস্টার হইয়া এবং আমার
মাস্টারমহাশয় ছাত্র হইয়া জন্মিবেন। তাহার বিক্তম্বে কেবল একটি আপত্তি এই যে,
আমাকে মাস্টারমহাশয়ের মাস্টার হইতে গেলে অভিশয় অকালে ইহসংসার হইতে
বিদায় লইতে হয়, অতএব আমি তাঁহাকে অস্তরের সহিত মার্জনা করিলাম।

ছাতাট দেখিবামাত্র ছুটিয়া অস্তঃপুরে প্রবেশ করিলাম। মা তখন দিদিমার সহিত মুধোমুখি বসিয়া প্রদীপালোকে বিস্তি খেলিতেছিলেন। ঝুপ করিয়া একপাশে শুইয়া পড়িলাম। মা জিজ্ঞাসা করিলেন, "কী হইয়াছে।" আমি মুখ হাঁড়ির মতো করিয়া কহিলাম, "আমার অসুখ করিয়াছে, আজ আর আমি মাস্টারের কাছে পড়িতে যাইব না।"

আশা করি, অপ্রাপ্তবর্গ কেছ আমার এ লেখা পড়িবে না, এবং স্থলের কোনো সিলেকশন-বহিতে আমার এ লেখা উদ্ধৃত হইবে না। কারণ, আমি যে কাজ করিয়াছিলাম তাহা নীতিবিক্ষ এবং সেজন্ত কোনো শান্তিও পাই নাই। বর্গ আমার অভিপ্রায় সিদ্ধ হইল।

मा চাকরকে বলিয়া দিলেন, "আজ তবে থাক্, মাস্টারকে যেতে বলে দে।"

কিন্ত তিনি যেরপ নিম্নবিয়ভাবে বিন্তি খেলিতে লাগিলেন, ভাছাতে বেল বোঝা গেল যে মা তাঁহার পুত্রের অসুখের উৎকট লক্ষণগুলি মিলাইয়া দেখিয়া মনে মনে হাসিলেন। আমিও মনের সুখে বালিলের মধ্যে মুখ গুঁজিয়া খুব হাসিলাম—আমাদের উভরের মন উভয়ের কাছে অগোচর রহিল না। কিন্ত সকলেই জানেন, এ প্রকারের অত্বৰ অধিকক্ষণ স্থারী করিয়া রাধা রোগীর পক্ষে বড়োই হন্ধর। মিনিটধানেক না যাইতে যাইতে দিদিমাকে ধরিয়া পড়িলাম, "দিদিমা, একটা গল্প বলো।" হুই-চারিবার কোনো উত্তর পাওয়া গেল না। মা বলিলেন, "র'স্ বাছা, ধেলাটা আগে শেষ করি।"

আমি কহিলাম, "না, খেলা তুমি কাল শেষ ক'রো, আজ দিদিমাকে গল বলতে বলো না।"

মা কাগজ ফেলিয়া দিয়া কছিলেন, "যাও খুড়ি, উহার সজে এখন কে পারিবে।" মনে মনে হয়তো ভাবিলেন, আমার তো কাল মাস্টার আসিবে না, আমি কালও খেলিতে পারিব।

আমি দিদিমার হাত ধরিয়া টানিয়া লইয়া একেবারে মশারির মধ্যে বিছানার মধ্যে গিয়া উঠিগাম। প্রথমে থানিকটা পাশবালিশ জড়াইয়া, পা ছুড়িয়া, নড়িয়াচড়িয়া মনের আনন্দ সংবরণ করিতে গেল—তার পরে বলিলাম, "গল্প বলো।"

তখনও ঝুপ ঝুপ করিয়া বাহিরে বৃষ্টি পড়িতেছিল—দিদিমা মৃত্যুরে আরম্ভ করিলেন—এক যে ছিল রাজা।

ভাহার এক রানী। আঃ, বাঁচা গেল। স্থয়ো এবং ছুয়ো রানী শুনিলেই বুকটা কাঁপিয়া উঠে—বুঝিতে পারি ছুয়ো হতভাগিনীর বিপদের আর বিলম্ব নাই। পূর্ব হুইতে মনে বিষম একটা উৎকণ্ঠা চাপিয়া থাকে।

যখন শোনা গেল আর কোনো চিস্তার বিষয় নাই, কেবল রাজার পুত্রসন্তান হয় নাই বলিয়া রাজা ব্যাকুল হইয়া আছেন এবং দেবতার নিকট প্রার্থনা করিয়া কঠিন তপস্থা করিবার জন্ত বনগমনে উত্তত হইয়াছেন, তথন হাঁপ ছাড়িয়া বাঁচিলাম। পুত্রসন্তান না হইলে যে, হংখের কোনো কারণ আছে তাহা আমি ব্ঝিতাম না; আমি জানিতাম যদি কিছুর জন্ত বনে যাইবার কখনো আবশুক হয় সে কেবল মান্টারের কাছ হইতে পালাইবার অভিপ্রান্ত।

বানী এবং একটি বালিকা কন্তা ঘরে কেলিয়া রাজা তপস্তা করিতে চলিয়া গেলেন। এক বংসর তুই বংসর করিয়া ক্রমে বারো বংসর হইয়া যায় তবু রাজার আর দেখা নাই।

এদিকে রাজকন্যা যোড়শী ছইয়া উঠিয়াছে। বিবাহের বয়স উত্তীর্ণ হইয়া গেল কিন্তু রাজা ফিরিলেন না।

মেরের মুখের দিকে চার, আর রানীর মুখে অরজন কচে না। "আহা আমার এমন

সোনার মেয়ে কি চিরক্সল আইবুড়ো হইয়া থাকিবে। ওগো, আমি কী কপাল করিয়াছিলাম।"

অবশেষে রানী রাজাকে অনেক অমুনয় করিয়া বলিয়া পাঠাইলেন, "আমি আর কিছু চাহি না, তুমি একদিন কেবল আমার ঘরে আসিয়া খাইয়া যাও।"

वाका विषयन, "आक्रा।"

রানী তো সেদিন বছষত্বে চৌষট্ট ব্যঞ্জন স্বহস্তে রাঁধিলেন এবং সমস্ত সোনার পালে ও রুপার বাটিতে সাজাইয়া চন্দনকাষ্ঠের পিঁড়ি পাতিয়া দিলেন। রাজক্তা চামর হাতে করিয়া দাঁড়াইলেন।

রাজা আজ বারো বংসর পরে অস্তঃপুরে ফিরিয়া আসিয়া খাইতে বসি লন। রাজকন্মা রূপে আলো করিয়া দাঁড়াইয়া চামর করিতে লাগিলেন।

মেয়ের মুখের দিকে চান আর রাজার থাওয়া হয় না। শেষে রানীর দিকে চাহিয়া তিনি জিজ্ঞাসা করিলেন, "হা গো রানী, এমন সোনার প্রতিমা লক্ষ্মীঠাকর্মনটির মতো এ মেয়েটি কে গা। এ কাহাদের মেয়ে।"

রানী কপালে করাঘাত করিয়া কহিলেন, "হা আমার পোড়া কপাল। উহাকে চিনিতে পারিলে না? ও যে তোমারই মেয়ে।"

রাজা বড়ো আশ্চর্য হইয়া বলিলেন, "আমার সেই সেদিনকার এতটুকু মেয়ে আজ এত বড়োট হইয়াছে ?"

রানী দীর্ঘনিশাস ফেলিয়া কহিলেন, "তা আর হইবে না! বল কী, আজ বারো বংসর হইয়া গেল।"

রাজা জিজ্ঞাসা করিলেন, "মেয়ের বিবাহ দাও নাই ?"

রানী কহিলেন, "তুমি ঘরে নাই উহার বিবাহ কে দেয়। আমি কি নিজে পাত্র খুঁজিতে বাহির হইব।"

রাজা শুনিয়া হঠাৎ ভারি শশবাস্ত হইয়া উঠিয়া বলিলেন, "রসো আমি কাল সকালে উঠিয়া রাজহারে যাহার মুখ দেখিব তাহারই সহিত উহার বিবাহ দিয়া দিব।"

রাজকন্যা চামর করিতে লাগিলেন। তাঁহার হাতের বালাতে চুড়িতে ঠুং ঠাং শব্দ হইতে লাগিল। রাজার আহার হইয়া গেল।

পরদিন ঘুম হইতে উঠিয়া বাহিরে আসিয়া রাজা দেখিলেন, একটি ব্রাহ্মণের ছেলে রাজবাড়ির বাহিরে অঙ্গল হইতে শুকনা কাঠ সংগ্রহ করিতেছে। ভাহার বরুস বছর সাত-আট হইবে।

রাজা বলিলেন, ইহারই সহিত আমার মেয়ের বিবাহ দিব। রাজার ছকুম কে

লভ্যন করিতে পারে, তথনই ছেলেটিকে ধরিয়া তাহার সহিত রাজকল্যার মালা বদল করিয়া দেওয়া হইল।

আমি এই জারগাটাতে দিদিমার খুব কাছ বেঁবিয়া খুব নির্মাণ্ড উৎস্বক্যের সহিত জিল্লাসা করিলাম —তার পরে ? নিজেকে সেই সাত-আট বৎসরের সোঁভাগ্যবান কাঠকুড়ানে ব্রান্ধণের ছেলের স্থাভিবিক্ত করিতে কি একটুবানি ইচ্ছা বায় নাই। বধন সেই রাত্রে ঝুপ ঝুপ বৃষ্টি পড়িতেছিল, মিট মিট করিয়া প্রদীপ জ্বলিতেছিল এবং গুন গুন বাবির মুধ্যে গল্প বলিতেছিলেন, তখন কি বালক-হাদরের বিশাসপরায়ণ রহস্তময় অনাবিকৃত এক কৃত্র প্রান্তে এমন একটি অত্যন্ত সম্ভবপর ছবি জাগিয়া উঠে নাই য, দেও একদিন সকালবেলায় কোণায় এক র জার দেশে রাজার দরকায় কাঠ কুড়াইতেছে, হঠাং একটি সোনার প্রতিমা লক্ষ্মীঠাকক্ষনটির মতো রাজকন্তার সহিত তাহার মালা বদল হইয়া গেল; মাথায় তাহার সিঁথি, কানে তাহার ত্বল, গলায় তাহার কন্তি, হাতে তাহার কাকন, কটিতে তাহার চক্রহার, এবং আলতাপরা ঘটি পায়ে নৃপুর রম রম করিয়া বাজিতেছে।

কিন্তু আমার সেই দিনিমা ধদি লেখকজন্ম ধারণ করিয়া আজকালকার সেয়ানা পাঠকদের কাছে এই গল্প বলিতেন তবে ইতিমধ্যে তাঁহাকে কত হিসাব দিতে হইত। প্রথমত রাজা যে বারো বংসর বনে বসিয়া থাকেন এবং ততদিন রাজকল্যার বিবাহ হয় না, একবাকো সকলেই বলিত ইহা অসম্ভব। সেটুকুও ধদি কোনো গতিকে গোল-মালে পার পাইয়া যাইত, কিন্তু কল্যার বিবাহের জ্বায়গায় বিষম একটা কলরব উঠিত। একে তো এমন কখনো হয় না, দ্বিতীয়ত, সকলেই আশ্বনা করিত ব্রাহ্মণের ছেলের সহিত ক্ষত্রিয়কল্যার বিবাহ দটাইয়া লেখক নিশ্চরই ফাঁকি দিয়া সমাজবিরুদ্ধ মত প্রচার করিতেছেন। কিন্তু পাঠকেরা তেমন ছেলেই নয়, তাহারা তাঁহার নাতি নয় যে সকল কথা চুপ করিয়া শুনিয়া যাইবে? তাহারা কাগজে সমালোচনা করিবে। অতএব একান্তমনে প্রার্থনা করি, দিদিমা যেন পুনর্বার দিদিমা হইয়াই জন্মগ্রহণ করেন, হতভাগ্য নাতিটার মতো তাঁহাকে গ্রহদোধে যেন লেখক হইতে না হয়।

আমি একেবারে পুলকিত কম্পান্থিত হৃদয়ে জিক্সাসা করিলাম, ভারপরে ?

দিদিমা বলিতে লাগিলেন, ভার পরে রাজকন্তা মনের ত্বংথে ছাহার সেই ছোটো স্বামীটিকে লইয়া চলিয়া গেল।

অনেক দ্যদেশে গিয়া একটি বৃহৎ অট্টালিকা নির্মাণ করিয়া সেই ব্রাহ্মণের ছেলেটিকে, আপনার সেই অভি কুত্র স্বামীটিকে বড়ো ষম্বে মাস্থ্য করিতে লাগিল। আমি একটুখানি নড়িয়া-চড়িয়া পাশবালিশ আরও একটু সবলে জড়াইয়া ধরিয়া কহিলাম, তার পরে ?

मिनिया कहित्मन, जात्र পরে ছেলেটি পু'वि হাতে প্রতিদিন পাঠশালে যায়।

এমনি করিয়া গুরুমহাশয়ের কাছে নানা বিছা শিধিয়া ছেলেট ক্রমে যত বড়ো হইয়া উঠিতে লাগিল তড়ই তাহার সহপাঠীরা তাহাকে জিজ্ঞাসা করিতে লাগিল, ওই যে সাত্মহলা বাড়িতে তোমাকে লইয়া থাকে সেই মেয়েটি তোমার কে হয়।

ব্রাহ্মণের ছেলে তো ভাবিয়া অস্থির, কিছুতেই ঠিক করিয়া বলিতে পারে না, মেরেটি তাহার কে হয়। একটু একটু মনে পড়ে একদিন সকালে রাজ্বাড়ির ন্বারের সম্মুখে শুকনা কাঠ কুড়াইতে গিয়াছিল—কিছ সেদিন কী একটা মশু গোলমালে কাঠ কুড়ানো হইল না। সে অনেক দিনের কথা, সে কি কিছু মনে আছে। এমন করিয়া চারি-পাঁচ বংসর যায়। ছেলেটিকে রোজই তাহার সন্ধীরা জিক্সাসা করে, "আছ্লা ওই যে সাতমহলা বাড়িতে পরমারপেসী মেয়েটি থাকে ও তোমার কে হয়।"

ব্রাহ্মণ একদিন পাঠশালা হইতে মৃথ বড়ো বিমর্থ করিয়া আসিয়া রাজকদ্যাকে কহিল, "আমাকে আমার পাঠশালার প'ড়োরা প্রতিদিন জিজ্ঞাসা করে—ওই ষে সাতমহলা বাড়িতে যে পরমাস্থন্দরী মেয়েটি থাকে সে তোমার কে হয়। আমি তাহার কোনো উত্তর দিতে পারি না। তুমি আমার কে হও, বলো।"

রাজকন্যা বলিল, "আজিকার দিন থাক্, সে-কথা আর একদিন বলিব।"

ব্রান্ধণের ছেলে প্রতিদিন পাঠশালা হইতে আসিয়া জিজ্ঞাসা করে, "তুমি আমার কী হও।"

রাজকন্যা প্রতিদিন উত্তর করে, "সে-কথা আজ পাক, আর একদিন বলিব।"

এমনি করিয়া আরও চার-পাঁচ বংসর কাটিয়া যায়। শেষে ব্রাহ্মণ একদিন আসিয়া বড়ো রাগ করিয়া বলিল, "আজ যদি তুমি না বল তুমি আমার কে হও, ভবে আমি তোমার এই সাতমহলা বাড়ি ছাড়িয়া চলিয়া যাইব।"

उथन त्रांष्यक्या कहिलान, "बाफ्डा काम निक्त्रहे विमित्।"

পরদিন ব্রাহ্মণতনয় পাঠশালা হইতে ঘরে আসিয়াই রাজকন্তাকে বলিল, "আজ বলিবে বলিয়াছিলে, তবে বলো।"

রাজকন্তা বলিলেন, "আজ রাত্রে আহার করিয়া ভূমি যখন শহুন করিবে তখন বলিব।"

ব্রাহ্মণ বলিল, "আছে।" বলিয়া স্থান্তের অপেক্ষায় প্রহর পনিতে লাগিল।

এদিকে রাজকন্তা সোনার পালতে একটি ধবধবে ফ্লের বিছানা পাতিলেন, ঘরে সোনার প্রদীপে স্থাত তেল দিয়া বাতি আলাইলেন এবং চুলটি বাঁধিয়া নীলাম্বরী কাপড়টি পরিয়া সাজিয়া বসিয়া প্রহর গনিতে লাগিলেন, কখন রাত্রি আসে।

রাত্রে তাঁহার স্বামী কোনোমতে আহার শেষ করিয়া শরনগৃহে সোনার পালঙ্কে ফুলের বিছানার গিয়া শয়ন করিলেন। ভাবিতে লাগিলেন, আজ শুনিতে পাইব এই সাতমহলা বাড়িতে যে স্থলরীটি থাকে সৈ আমার কে হয়।

রাজকন্তা ভাহার স্বামীর পাত্রে প্রসাদ খাইয়া ধীরে ধীরে শর্মগৃহে প্রবেশ করিলেন। আজ বছদিন পর প্রকাশ করিয়া বলিতে হইবে, সাত্মহলা বাড়ির একমাত্র অধীশরী। আমি ভোমার কে হই।

বলিতে গিয়া বিছানায় প্রবেশ করিয়া দেখিলেন, ফুলের মধ্যে সাপ ছিল, তাঁহার স্বামীকে কখন দংশন করিয়াছে। স্বামীর মৃতদেহখানি মলিন হইয়া সোনার পালঙ্কে পুশেশ্যায় পড়িয়া আছে।

আমার যেন বক্ষ: স্পন্দন হঠাং বন্ধ হইয়া গেল। আমি কন্ধবরে বিবর্ণমূখে জিজ্ঞাসা করিলাম, তার পরে কী হইল।

দিদিমা বলিতে লাগিলেন, তার পরে—। কিন্তু সে-কথার আর কাজ কী। সে যে আরও অসন্তব। গরের প্রধান নায়ক সর্পাদাতেই মারা গেল, তব্ও তার পরে ? বালক তখন জানিত না, মৃত্যুর পরেও একটা 'তারপরে' থাকিতে পারে বটে, কিন্তু সে 'তার-পরে'র উত্তর কোনো দিদিমার দিদিমাও দিতে পারে না। বিখাসের বলে সাবিত্রী মৃত্যুরও অহুগমন করিয়াছিলেন। নিশুরও প্রবল বিখাস। এইজন্ম সে মৃত্যুর অঞ্চল ধরিয়া ক্লিরাইতে চায়, কিছুতেই মনে করিতে পারে না রে, তাহার মান্টারবিহীন এক সন্ধাবেলাকার এত সাধের গল্পটি হঠাৎ একটি সর্পাদতেই মারা গেল। কাজেই দিদিমাকে সেই মহাপরিণামের চিরক্লম্ব গৃহ হইতে গল্পটিকে আবার ক্লিরাইয়া আনিতে হয়। কিন্তু এত সহজে সেটি সাধন করেন, এমন অনায়াসে—কেবল হয়তো একটা কলার ভেলার ভাসাইয়া দিয়া গুটি ছই মন্ত্র পড়িয়া মাত্র—বে সেই ঝুপ ঝুপ বৃষ্টির রাজে ভিমিত প্রদীপে বালকের মনে মৃত্যুর মূর্তি অত্যন্ত অকঠোর হইয়া আসে, তাহাকে এক রাজের ত্বুধনিস্রার চেয়ে বেশি মনে হয় না। গল্প বধন ফ্লাইয়া যায়, আরামে প্রান্ত চন্তু আপনি মৃদিয়া আসে, তথনও তো শিশুর ক্লে প্রাণটিকে একটি নিয় নিভন্ধ নিভরক ব্রোভের মধ্যে অ্যুপ্তির ভেলার করিয়া ভাসাইয়া দেওয়া হয়, তার পরে ভোরের বেলায় কে ছটি মায়ামন্ত্র পড়িয়া তাহাকে এই জগতের মধ্যে জাগ্রত করিয়া তোলে।

কিন্ত যাহার বিশ্বাস নাই, যে ভাল্প এ সোন্দর্বরসাম্বাদনের জন্তও এক ইঞ্চি পরিমাণ অসম্ভবকে লব্দন করিতে পরাবাধ হয়, তাহার কাছে কোনো কিছুর আর 'ভার পরে' নাই, সমন্তই হঠাৎ অসময়ে এক অসমাপ্তিতে সমাপ্ত হইয়া গেছে। ছেলেবেলায় সাত সমূত্র পার হইয়া মৃত্যুকেও লব্দন করিয়া গল্পের যেথানে যথার্থ বিরাম, সেধানে ক্ষেহ্ময় স্থুমিষ্ট শ্বরে শুনিভাম —

আমার কথাটি ফুরোল, ন'টে গাছটি মুড়োল।

এখন বয়স হইয়াছে, এখন গল্পের ঠিক মাঝখানটাতে হঠাং থামিয়া গিয়া একটা নিষ্ঠুর কঠিন কঠে শুনিতে পাই—

আমার কথাটি ফুরোল না,
ন'টে গাছটি মুড়োল না।
কেন রে নটে মুড়োলিনে কেন।
তোর গঙ্গতে—

দূর হউক গে, ওই নিরীহ প্রাণীটির নাম করিয়া কাজ নাই। আবার কে কোন্-দিক হইতে গায়ে পাতিয়া লইবে।

আষাঢ়, ১৩০০

गाखि

প্রথম পরিচেছ্দ

ত্বিরাম কই এবং ছিলাম কই তুই ভাই সকালে বথন দা হাতে লইয়া জন খাটিতে বাহির হইল তথন তাহাদের তুই জীর মধ্যে বকাবকি চেঁচামেচি চলিতেছে। কিন্তু প্রকৃতির অক্সান্ত নানাবিধ নিত্য কলরবের স্থায় এই কলহ-কোলাহলও পাড়ামুদ্ধ লোকের অভ্যান হইয়া গেছে। তীব্র কণ্ঠশ্বর গুনিবামান্ত লোকে পরম্পরকে বলে—"ওই রে বাধিয়া গিয়াছে," অর্থাৎ বেমনটি জালা করা যায় ঠিক তেমনিটি ঘটিয়াছে, আজও স্বভাবের নিয়মের কোনোরূপ ব্যত্যয় হয় নাই। প্রভাতে প্র্বিদকে পূর্ব উঠিলে বেমন কেহ তাহার কারণ জিজ্ঞানা করে না, তেমনি এই ক্রিদের বাড়িতে ঘূই জায়ের মধ্যে যখন একটা হৈ-হৈ পড়িয়া যায় তথন তাহার কারণ নির্ণয়ের জন্ম কাহারও কোনোরূপ কোতৃহলের উত্তেক হয় না।

অবশ্ব এই কোন্দল আন্দোলন প্রতিবেশীদের অপেকা তুই স্বামীকে বেনি ম্পর্শ করিত সন্দেহ নাই, কিন্তু সেটা তাহারা কোনোরূপ অস্থবিধার মধ্যে গণ্য করিত না। তাহারা তুই ভাই ষেন দীর্ঘ সংসারপথ একটা একাগাড়িতে করিয়া চলিয়াছে, তুই দিকের তুই স্পিংবিহীন চাকার অবিশ্রাম ছড়ছড় বড়বড় শক্ষটাকে জীবনরথবাত্রার একটা বিধিবিহিত নিয়মের মধ্যেই ধরিয়া লইয়াছে।

বরঞ্চ খরে ষেদিন কোনো শব্দমাত্র নাই, সমস্ত থমথম ছমছম করিতেছে, সেদিন একটা আসর অনৈদর্গিক উপদ্রবের আশহা জ্বন্সিত, সেদিন ষে ক্থন কী হইবে তাহা কেছ হিসাব করিয়া বলিতে পারিত না।

আমাদের গল্পের ঘটনা যেদিন আরম্ভ হইল, সেদিন সন্ধ্যার প্রাক্তালে তুই ভাই যখন জ্বন খাটিয়া প্রান্তদেহে ঘরে ফিরিয়া আসিল, তখন দেখিল, শুন্ধ গৃহ গমগম করিতেছে।

বাহিরেও অত্যন্ত গুমট। তুই-প্রহরের সময় খুব একপসলা বৃষ্টি হইয়া গিয়াছে। এখনও চারিদিকে মেদ্ব জ্বমিয়া আছে। বাডাসের লেশমাত্র নাই। বর্ষায় দরের চারিদিকে জ্বল এবং আগাছাগুলা অত্যন্ত বাড়িয়া উঠিয়াছে, সেখান হইতে এবং জ্বলময় পাটের খেত হইতে সিক্ত উদ্ভিজ্জের দন গন্ধবাষ্প চতুর্দিকে একটি নিক্তল প্রাচীরের মতো জ্বমাট হইয়া দাড়াইয়া আছে। গোয়ালের পশ্চাম্বর্তী ডোবার মধ্য হইতে ভেক ডাকিতেছে এবং ঝিলিরবে সন্ধ্যার নিস্তন্ধ আকাশ একেকারে পরিপূর্ণ।

অদ্বে বর্বার পদ্মা নবমেঘচ্ছায়ায় বড়ো স্থির ভয়ংকর ভাব ধারণ করিয়া চলিয়াছে।

শক্তক্ষেত্রের অধিকাংশই ভাঙিয়া লোকালয়ের কাছাকাছি আসিয়া পড়িয়াছে। এমন

কি ভাঙনের ধারে তুই-চারিটা আম-কাঠালগাছের শিক্ত বাহির হইয়া দেখা দিয়াছে,

যেন ভাছাদের নিরূপায় মৃষ্টির প্রসারিত অপুলিগুলি শৃত্যে একটা-কিছু অস্তিম অবলম্বন

আঁকড়াইয়া ধরিবার চেষ্টা করিতেছে।

তৃষিরাম এবং ছিদাম সেদিন জমিদারের কাছারি-দরে কাজ করিতে গিয়াছিল।
ওপারের চরে জলিধান পাকিয়াছে। বর্ষায় চর ভাসিয়া ষাইবার পূর্বেই ধান কাটিয়া
লইবার জল্ঞ দেশের দরিত্র লোক মাত্রেই কেহ বা নিজের থেতে, কেহ বা পাট থাটতে
নিযুক্ত হইয়াছে; কেবল কাছারি হইতে পেয়াদা আসিয়া এই তৃই ভাইকে জবরদন্তি
করিয়া ধরিয়া লইয়া গেল। কাছারি-দরে চাল ভেদ করিয়া স্থানে স্থানে জল পড়িতেছিল
তাহাই সারিয়া দিতে এবং গোটাকতক ঝাঁপ নির্মাণ করিতে তাহারা সমস্তদিন
থাটিয়াছে। বাড়ি আসিতে পায় নাই, কাছারি হইতেই কিঞ্চিৎ জলপান খাইয়াছে।
মধ্যে মধ্যে বৃষ্টিতেও ভিজিতে হইয়াছে, — উচিতমতো পাওনা মন্ধ্রের পায় নাই, এবং

ভাহার পরিবর্তে যে-সকল অক্যায় কটু কথা শুনিতে হইয়াছে, সে তাহাদের পাওনার অনেক অতিশিক্ত।

পথের কাদা এবং জল ভাঙিয়া সন্ধাবেলায় বাড়ি ফিরিয়া আসিয়া তুই ভাই দেখিল, ছোটো জা চন্দরা ভূমিতে অঞ্চল পাতিয়া চুপ করিয়া পড়িয়া আছে,— আজিকার এই মেঘলা দিনের মতো সে-ও মধ্যাহ্নে প্রচুর অশ্রুবর্ষণপূর্বক সায়াহ্নের কাছাকাছি ক্ষাম্ভ দিয়া অত্যন্ত গুমট করিয়া আছে, আর বড়ো জা রাধা মুখটা মন্ত করিয়া দাওয়ায় বিসিয়া ছিল—তাহার দেড় বংসরের ছোটো ছেলোট কাঁদিতেছিল, তুই ভাই যখন প্রবেশ করিল, দেখিল উলঙ্গ শিশু প্রাঙ্গণের এক পার্শ্বে চিং হইয়া পড়িয়া ঘুমাইয়া আছে।

ক্ষিত ত্থিরাম আর কালবিলম্ব না করিয়া বলিল, "ভাত দে।"

বড়ো বউ বারুদের বস্তায় ফুলিঙ্গপাতের মতো একম্হুর্তেই তীত্র কণ্ঠশ্বর আকাশ-পরিমাণ করিয়া উঠিল, "ভাত কোথায় যে ভাত দিব। তৃই কি চাল দিয়া গিয়াছিলি। আমি কি নিজে রোজগার করিয়া আনিব।"

সারাদিনের শ্রান্তি ও লাঞ্ছনার পর অয়হীন নিরানন্দ অম্বকার ঘরে প্রজ্ঞানিত ক্ষ্ণানলে গৃহিণীর কক্ষবচন বিশেষত শেষ কথাটার গোপন কুৎসিত শ্লেষ তৃথিরামের হঠাৎ কেমন একেবারেই অসহ হইয়া উঠিল। ক্রুদ্ধ ব্যান্তের ক্যায় গন্তীর গর্জনে বলিয়া উঠিল, "কী বললি।" বলিয়া মুহুর্তের মধ্যে দা লইয়া কিছু না ভাবিয়া একেবারে শ্রীর মাধায় বসাইয়া দিল। রাধা তাহার ছোটো জায়ের কোলের কাছে পড়িয়া গেল এবং মৃত্যু হইতে মুহুর্ত বিলম্ব হইল না।

চন্দরা রক্তসিক্ত বন্ধে "কী হল গো" বলিয়া চীংকার করিয়া উঠিল। ছিদাম তাহার মৃথ চাপিয়া ধরিল। ত্থিরাম দা কেলিয়া মৃথে হাত দিয়া হতবৃদ্ধির মতো ভূমিতে বসিয়া পড়িল। ছেলেটা জাগিয়া উঠিয়া ভয়ে চাংকার করিয়া কাঁদিতে লাগিল।

বাহিরে তথন পরিপূর্ণ শাস্তি। রাখালবালক গোরু লইয়া গ্রামে ক্রিয়া আদিতেছে। পরপারের চরে ধাহারা নৃতনপর্ক ধান কাটিতে গিয়াছিল, তাহারা পাঁচ-সাতজনে এক-একটি ছোটো নৌকায় এপারে ক্রিয়া পরিশ্রমের পুরস্কার ত্ই-চারি আঁটি ধান মাথায় লইয়া প্রায় সকলেই নিজ নিজ ঘরে আসিয়া পৌছিয়াছে।

চক্রবর্তীদের বাড়ির রামলোচন থুড়ো গ্রান্ধের ডাক্বরে চিঠি দিয়া বরে ফিরিয়া নিশ্চিস্তমনে চুপচাপ তামাক খাইতেছিলেন। হঠাৎ মনে পড়িল, তাঁহার কোক্ষা প্রজা ছবির অনেক টাকা খাজনা বাকি; আজ কিয়দংশ শোধ করিবে প্রতিশ্রুত হইয়াছিল। এতক্ষণে তাহারা বাড়ি ফিরিয়াছে দ্বির করিয়া চাদরটা কাঁধে ফেলিয়া ছাতা লইয়া বাহির হইলেন।

কুরিদের বাড়িতে চুকিয়া তাঁহার গা ছম ছম করিয়া উঠিল। দেখিলেন ঘরে প্রদীপ আলা হয় নাই। অন্ধনার দাওয়ায় ছই-চারিটা অন্ধনার মৃতি অস্পষ্ট দেখা বাইতেছে। রহিয়া রহিয়া লাওয়ার এক কোণ হইডে একটা অস্ট রোদন উদ্পুসিত হইয়া উঠিতেছে— এবং ছেলেটা যত মা মা বলিয়া কাদিয়া উঠিতে চেষ্টা করিতেছে ছিদাম তাহার মৃথ চাপিয়া ধরিতেছে।

রামলোচন কিছু ভীত হইয়া জিজাসা করিলেন, "তুখি, আছিস নাকি।"

ত্থি এতক্ষণ প্রস্তরমৃতির মতো নিশ্চল হইয়া বসিয়া ছিল, তাছার নাম ধরিয়া ভাকিবামাত্র একেবারে অবোধ বালকের মতো উচ্ছুসিত হইয়া কাঁদিয়া উঠিল।

ছিদাম তাড়াতাড়ি দাওয়া হইতে অঙ্গনে নামিয়া চক্রবর্তীর নিকটে আসিল।
চক্রবর্তী জিজ্ঞাসা করিলেন, "মাগীরা বুঝি ঝগড়া করিয়া বসিয়া আছে? আজ তো
সমস্তদিনই টাংকার শুনিয়াছি।"

এতক্ষণ ছিদাম কিংকর্তব্য কিছুই ভাবিয়া উঠিতে পারে নাই। নানা অসম্ভব গল্প তাহার মাণায় উঠিতেছিল। আপাতত স্থির করিয়াছিল, রাত্রি কিঞ্চিৎ অধিক হইলে মৃতদেহ কোথাও সরাইয়া ফেলিবে। ইতিমধ্যে যে চক্রবর্তী আসিয়া উপস্থিত হইবে এ সে মনেও করে নাই। ক্ষম করিয়া কোনো উত্তর জোগাইল না। বলিয়া ফেলিল, "হাঁ, আজ খুব ঝগড়া হইয়া গিয়াছে।"

চক্রবর্তী দাওয়ার দিকে অগ্রসর হইবার উপক্রম করিয়া বলিল, "কিন্তু সে জ্বন্ত তুর্থি কাঁদে কেন রে।"

ছিদাম দেবিল আর রক্ষা হয় না, হঠাৎ বলিয়া ফেলিল, "ঝগড়া করিয়া ছোটোবউ বড়ো বউয়ের মাথায় এক দায়ের কোপ বসাইয়া দিয়াছে।"

উপস্থিত বিপদ ছাড়া যে আর কোনো বিপদ থাকিতে পারে এ-কথা সহজে মনে হয় না। ছিদাম তথন ভাবিতেছিল, ভাষণ সত্যের হাত হইতে কা করিয়া রক্ষা পাইব। মিথাা যে তদপেক্ষা ভাষণ হইতে পারে তাহা তাহার জ্ঞান হইল না। রামলোচনের প্রশ্ন শুনিবামাত্র তাহার মাথায় তংক্ষণাৎ একটা উত্তর জ্ঞোগাইল এবং তৎক্ষণাৎ বিলয়া ফেলিল।

শ্বামলোচন চমকিয়া উঠিয়া কছিল, "আঁ।! বলিস কী। মরে নাই তো!" ছিদাম কছিল, "মরিয়াছে।" বলিয়া চক্রবর্তীর পা জড়াইয়া ধরিল।

চক্রবর্তী পালাইবার পথ পার না। ভাবিল, রাম রাম, সন্ধাবেলার এ কী বিপদেই পড়িলাম। আদালতে সাক্ষা দিতে দিতেই প্রাণ বাহির হুইয়া পড়িবে। ছিদাম কিছুতেই তাঁহার পা ছাড়িল না, কহিল, "দাদাঠাকুর, এখন আমার বউকে বাঁচাইবার কী উপায় করি।"

মামলামোকদমার পরামর্শে রামলোচন সমস্ত গ্রামের প্রধান মন্ত্রী ছিলেন। তিনি একটু ভাবিয়া বলিলেন, "দেখ ইহার এক উপার আছে। তুই এখনই থানার ছুটিয়া যা—বল্গে, তোর বড়ো ভাই ছখি সন্ধ্যাবেলার দরে আসিয়া ভাত চাহিয়াছিল, ভাত প্রস্তুত ছিল না বলিয়া দ্রীর মাথায় দা বসাইয়া দিয়াছে। আমি নিশ্চয় বলিভেছি এ-কথা বলিলে ছুঁড়িটা বাঁচিয়া যাইবে।"

ছিদামের কণ্ঠ শুষ্ক হইয়া আসিল, উঠিয়া কহিল, "ঠাকুর, বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।" কিন্তু যথন নিজ্ঞের খ্রীর নামে দোষারোপ করিয়াছিল তথন এ সকল কথা ভাবে নাই। তাড়াতাড়িতে একটা কাজ করিয়া ফেলিয়াছে, এখন অলক্ষিতভাবে মন আপনার পক্ষে যুক্তি এবং প্রবোধ সঞ্চয় করিতেছে।

চক্রবর্তীও কথাটা যুক্তিসংগত বোধ করিলেন, কহিলেন, "তবে যেমনটি ঘটয়াছে তাই বলিস, সকল দিক রক্ষা করা অসম্ভব।"

বলিয়া রামলোচন অবিলম্বে প্রস্থান করিল এবং দেখিতে দেখিতে গ্রামে রাষ্ট্র ছইল বে, ক্রিদের বাড়ির চন্দরা রাগারাগি করিয়া তাহার বড়ো জায়ের মাধায় দা বসাইয়া দিয়াছে।

বাঁধ ভাঙিলে ষেমন জল আসে গ্রামের মধ্যে তেমনি হন্তঃ শব্দে পুলিস আসিয়া পড়িল; অপরাধী এবং নিরপরাধী সকলেই বিষম উদ্বিয় হইয়া উঠিল।

দ্বিভীয় পরিচেছ্দ

ছিলাম ভাবিল, যে পথ কাটিয়া কেলিয়াছে সেই পথেই চলিতে হইবে। সে চক্রবর্তীর কাছে নিজম্থে এক কথা বলিয়া কেলিয়াছে সে-কথা গাঁহুদ্ধ রাই হইয়া পড়িয়াছে, এখন আবার আর-একটা কিছু প্রকাশ হইয়া পড়িলে কী জানি কী হইতে কী হইয়া পড়িবে সে নিজেই কিছু ভাবিয়া পাইল না। মনে করিল কোনোমতে সে-কথাটা রক্ষা করিয়া তাহার সহিত আর পাঁচটা গল্প ফুড়িয়া দ্রীকে রক্ষা করা ছাড়া আর কোনো পথ নাই।

ছিদাম তাহার শ্রী চন্দরাকে অপরাধ নিজ ক্ষে লইবার জন্ম অমুরোধ করিল। দে তো একেবারে বজ্ঞাহত হইয়া গেল। ছিদাম তাহাকে আশ্বাস দিয়া কহিল, "ধাহা বলিতেছি তাই কব্ তোর কোনো ভয় নাই, আমরা তোকে বাঁচাইয়া দিব"—আখাস দিল বটে কিন্তু গলা গুকাইল, মুধ পাংগুবর্ণ হইরা গেল।

চন্দরার বয়স সতেরো-আঠারোর অধিক হইবে না। মৃথধানি হাইপুট পোলগাল শরীরটি অনতিদীর্ঘ আঁটসাঁট সুস্থসবল, অঞ্চপ্রতাঞ্জের মধ্যে এমন একটি সেষ্ঠিব আছে যে, চলিতে কিরিতে নড়িতে চড়িতে দেহের কোথাও যেন কিছু বাবে না। একখানি ন্তন-তৈরি নোকার মতো; বেল ছোটো এবং সুডোল, অত্যন্ত সহজে সরে এবং তাহার কোথাও কোনো গ্রন্থি লিখিল হইরা যার নাই। পৃথিবীর সকল বিষয়েই তাহার একটা কোতুক এবং কোতুহল আছে; পাড়ার গল্প করিতে যাইতে ভালোবাসে; এবং কুত্তকক্ষে ঘাটে যাইতে আসিতে তুই অনুলি দিয়া ঘোমটা ক্ষথ কাঁক করিয়া উজ্জ্বল চঞ্চল খনকৃষ্ণ চোধ ঘূটি দিয়া পথের মধ্যে দর্শনযোগ্য যাহা কিছু সমস্ত দেখিয়া লয়।

বড়োবউ ছিল ঠিক ইহার উলটা; অত্যন্ত এলোমেলো তিলেটালা অগোছালো।
মাধার কাপড়, কোলের শিশু, ঘরকরার কাজ কিছুই সে সামলাইতে পারিত না। হাতে
বিশেষ একটা কিছু কাজও নাই অবচ কোনো কালে যেন সে অবসর করিয়া উঠিতে
পারে না। ছোটো জা তাহাকে অধিক কিছু কথা বলিত না, মৃত্ত্বরে তুই-একটা তীক্ষ্
দংশন করিত, আর সে হাউ হাউ দাউ দাউ করিয়া রাগিয়া মাগিয়া বকিয়া ঝিকরা সারা
হইত এবং পাড়াস্থদ্ধ অশ্বির করিয়া তুলিত।

এই তুই জুড়ি স্বামী-স্ত্রীর মধ্যেও স্বভাবের একটা আশ্চর্য ঐক্য ছিল। তুথিরাম মাস্থ্যটা কিছু বৃহদায়তনের—হাড়গুলা খুব চওড়া, নাসিকা ধর্ব, ঘুটি চক্ষু এই দৃশ্বমান সংসারকে যেন ভালো করিয়া বোঝে না, অথচ ইহাকে কোনোরূপ প্রশ্ন করিতেও যার না। এমন নিরীহ অথচ ভীষণ, এমন সবল অথচ নিরুপার মাস্থ্য অতি তুর্লভ।

আর ছিদামকে একখানি চকচকে কালো পাধরে কে যেন বছযত্নে কুঁদিয়া গড়িয়া ভূলিয়াছে। লেশমাত্র বাছল্যবজিত এবং কোথাও যেন কিছু টোল খায় নাই। প্রত্যেক অলটি বলের সহিত নৈপুণাের সহিত মিশিয়া অত্যম্ভ সম্পূর্ণতা লাভ করিয়াছে। নদীর উচ্চপাড় হইতে লাফাইয়া পভুক, লগি দিয়া নৌকা ঠেলুক, বাঁশগাছে চড়িয়া বাছিয়া বাছিয়া কঞ্চি কাটিয়া আহুক, সকল কাজেই ভাহার একটি পরিমিত পারিপাট্য, একটি অরলীলাক্বত শোভা প্রকাশ পায়। বড়ো বড়ো কালো চুল তেল দিয়া কপাল হইতে যত্তে আঁচড়াইয়া ভূলিয়া কাঁধে আনিয়া কেলিয়াছে - বেশভূষা-সাজ্যক্ষায় বিলক্ষণ একটু বন্ধ আছে।

অপরাপর আমবৃধ্দিগের সৌন্দর্যের প্রতি বদিও তাছার উদাসীন দৃষ্টি ছিল না, এবং তাছাদের চক্ষে আপনাকে মনোরম করিয়া ভুলিবার ইচ্ছাও তাছার যথেষ্ট ছিল-তব্ ছিলাম তাহার যুবতী দ্রীকে একটু বিশেষ ভালোবাসিত। উভরে ঝগড়াও হইত, ভাবও হইত, কেহ কাহাকেও পরাস্ত করিতে পারিত না। আর একটি কারণে উভরের মধ্যে বন্ধন কিছু স্বৃদ্ ছিল। ছিলাম মনে করিত চন্দরা যেরপ চটুল চঞ্চল প্রকৃতির দ্রীলোক তাহাকে ষথেষ্ট বিশাস নাই, আর চন্দরা মনে করিত আমার স্বামীটির চত্র্দিকেই দৃষ্টি, তাহাকে কিছু ক্যাক্ষি করিয়া না বাঁধিলে কোন্দিন হাতছাড়া হইতে আটক নাই।

উপস্থিত ঘটনা ঘটবার কিছুকাল পূর্বে হইতে দ্রী-পুরুষের মধ্যে ভারি একটা গোল্যোগ চলিভেছিল। চন্দরা দেখিয়াছিল তাহার স্বামী কাজ্বের ওজর করিয়া মাঝে মাঝে দুরে চলিয়া যায়, এমন কি তুই-একদিন অতীত করিয়া আসে, অথচ কিছু উপার্জন করিয়া আনে না। লক্ষ্ণ মন্দ দেখিয়া সে-ও কিছু বাড়াবাড়ি দেখাইতে লাগিল। যখন-তখন ঘাটে যাইতে আরম্ভ করিল এবং পাড়া পর্যটন করিয়া আসিয়া কাশী মজুম্দারের মেজো ছেলেটির প্রচুর ব্যাখ্যা করিতে লাগিল।

ছিদামের দিন এবং রাত্রিগুলির মধ্যে কে যেন বিষ মিশাইয়া দিল। কাজেকর্মে কোথাও একদণ্ড গিয়া স্থান্থির হইতে পারে না। একদিন ভাজকে আসিয়া ভারি ভংগনা করিল। সে হাত নাড়িয়া ঝংকার দিয়া অমুপস্থিত মৃত পিতাকে সম্বোধন করিয়া বলিল, "ও মেয়ে ঝড়ের আগে ছোটে উহাকে আমি সামলাইব! আমি জ্বানি ও কোন্দিন কী সর্বনাশ করিয়া বসিবে।"

চন্দরা পাশের ঘর হইতে আসিয়া আন্তে আন্তে কহিল, "কেন দিদি তোমার এত ভয় কিসের।" এই চুই জায়ে বিষম দ্ব বাধিয়া গেল।

ছিদাম চোখ পাকাইয়া বলিল, "এবার যদি কখনো শুনি তুই একলা ঘাটে গিয়াছিস তোর হাড় গুঁড়াইয়া দিব।"

চন্দরা বলিল, "তাহা হইলে তো হাড় জুড়ায়।" বলিয়া তৎক্ষণাৎ বাহিরে যাইবার উপক্রম করিল।

ছিদাম এক লন্ফে তাহার চুল ধরিয়া টানিয়া দরে পুরিয়া বাহির হইতে দার ক্ষ

কর্মস্থান হইতে সন্ধ্যাবেলায় ফিরিয়া আসিয়া দেখে দর খোলা, দরে কেহ নাই। চন্দরা তিনটে গ্রাম ছাড়াইয়া একেবারে তাহার মামার বাড়ি গিয়া উপস্থিত হইয়াছে।

ছিদাম দেখান হইতে বছকটে অনেক সাধ্যসাধনায় তাহাকে ঘরে কিরাইয়া আনিল, কিন্তু এবার পরাস্ত মানিল। দেখিল এক অঞ্জলি পারদকে মৃষ্টির মধ্যে শক্ত করিয়া ধরা যেমন হংসাধ্য এই মৃষ্টিমেয় জ্রীটুকুকেও কঠিন করিয়া ধরিয়া রাখা তেমনি অসম্ভব— ও যেন দশ আঙুলের ফাঁক দিয়া বাহির হইয়া পড়ে। আর কোনো অবরদন্তি করিল না,—কিন্তু বড়ো অপান্তিতে বাস করিতে লাগিল।
তাহার এই চঞ্চলা যুবতী প্রীর প্রতি সদাপদ্ধিত ভালোবাসা উগ্র একটা বেদনার মতো
বিষম টনটনে হইয়া উঠিল। এমন কি, এক-একবার মনে হইত এ যদি মরিয়া যায়
তবে আমি নিশ্চিত্ত হইয়া একটুখানি শান্তিলাভ করিতে পারি।— মান্তবেরী উপরে
মান্তবের যতটা ইবা হয় যমের উপরে এতটা নহে।

धमन जमम चरत राहे विशव चरिन।

চন্দরাকে যথন তাহার স্বামী খুন স্বীকার করিয়া লইতে কহিল, সে শুন্তিত হইয়া চাহিয়া রহিল; তাহার কালো ছটি চন্দু কালো অগ্নির ক্রায় নীরবে তাহার স্বামীকে দশ্ধ করিতে লাগিল। তাহার সমন্ত শরীর মন যেন ক্রমেই সংকৃচিত হইয়া স্বামীরাক্ষসের হাত হইতে বাহির হইয়া আসিবার চেষ্টা করিতে লাগিল। তাহার সমন্ত অন্তরাত্মা একান্ত বিমুখ হইয়া দাঁড়াইল।

ছিদাম আশ্বাস দিল, "তোমার কিছু ভর নাই।" বলিরা পুলিসের কাছে ম্যাজিস্ট্রেটের কাছে কী বলিতে হইবে বারবার শিখাইয়া দিল। চন্দরা সে সমস্ত দীর্ঘ কাহিনী কিছুই শুনিল না; কাঠের মূর্তি হইয়া বসিয়া রহিল।

সমস্ত কাজেই ছিদামের উপর ত্থিরামের একমাত্র নির্তর। ছিদাম যথন চন্দরার উপর দোষারোপ করিতে বলিল, ত্থি বলিল, "তাহা হইলে বউমার কী হইবে।" ছিদাম কহিল, "উহাকে আমি বাঁচাইয়া দিব।" বৃহৎকায় ত্থিরাম নিশ্চিম্ভ হইল।

ভূঙীর পরিচ্ছেদ

ছিদাম তাহার দ্রীকে শিখাইয়া দিয়াছিল যে, ভূই বলিস বড়ো জা আমাকে বঁটি
লইয়া মারিতে আসিয়াছিল, আমি তাহাকে দা লইয়া ঠেকাইতে গিয়া হঠাৎ কেমন
করিয়া লাগিয়া গিয়াছে। এ-সমস্তই রামলোচনের রচিত। ইহার অমুকুলে যে যে
আলংকার এবং প্রমাণ প্রয়োগের আবশ্রক তাহাও সে বিস্তারিতভাবে ছিদামকে
শিখাইয়াছিল।

পুলিস আসিরা তদন্ত করিতে লাগিল। চন্দরাই যে তাহার বড়ো জাকে খুন করিয়াছে গ্রামের সক্ল লোকের মনে এই বিশাস বন্ধস্ল হইরা গিরাছে। সকল সাক্ষীর ঘারাই সেইরপ প্রমাণ হইল। পুলিস যথন চন্দরাকে প্রশ্ন করিল, চন্দরা কহিল, "হাঁ আমি খুন করিয়াছি।"

কেন পুন করিয়াছ।

আমি ভাছাকে দেখিতে পারিতাম না।

कांचा वज्जा इहेग्राहिन ?

मा।

म তोगांक अथरम मादिए जानियाहिन ?

म।

ভোমার প্রতি কোনো অত্যাচার করিয়াছিল ?

म।

এইরপ উত্তর শুনিয়া সকলে অবাক হইয়া গেল।

ছিদাম তো একেবারে অন্থির হইয়া উঠিল। কহিল, "উনি ঠিক কথা বলিভেছেন না। বড়োবউ প্রথমে—"

দারোগা খুব এক তাড়া দিয়া তাছাকে থামাইয়া দিল। অবশেষে তাছাকে বিধিমতে জ্বেরা করিয়া বার বার সে-ই একই উত্তর পাইল—বড়োবউয়ের দিক হইতে কোনোরূপ আক্রমণ চন্দরা কিছুতেই স্বীকার করিল না।

এমন একগুঁরে মেয়েও তো দেখা যায় না। একেবারে প্রাণপণে ফাঁসিকাঠের দিকে ঝুঁকিয়াছে, কিছুতেই তাহাকে টানিয়া রাখা যায় না। এ কী নিদারুণ অভিমান। চন্দরা মনে মনে স্বামীকে বলিতেছে, আমি তোমাকে ছাড়িয়া আমার এই নবযৌবন লইয়া ফাঁসিকাঠকে বরণ করিলাম—আমার ইহজনের শেষবন্ধন তাহার সহিত।

বন্দিনী হইয়া চন্দরা, একটি নিরীহ ক্ষুত্র চঞ্চল কোতুকপ্রিয় গ্রামবধ্, চিরপরিচিত গ্রামের পথ দিয়া, রথতলা দিয়া, হাটের মধ্য দিয়া, ঘাটের প্রান্ত দিয়া, মজুমদারদের বাড়ির সম্মুথ দিয়া, পোস্টাপিস এবং ইস্কুলঘরের পার্য দিয়া, সমস্ত পরিচিত লোকের চন্দের উপর দিয়া কলক্ষের ছাপ লইয়া চিরকালের মতো গৃহ ছাড়িয়া চলিয়া গেল। একপাল ছেলে পিছন পিছন চলিল এবং গ্রামের মেয়েরা, তাহার সইসাঙাতরা কেহ কেহ ঘোমটার ফাঁক দিয়া, কেহ ঘারের প্রান্ত হইতে, কেহ বা গাছের আড়ালে দাঁড়াইয়া পুলিস-চালিত চন্দরাকে দেখিয়া লক্ষায় ঘুণায় ভরে কণ্টকিত হইয়া উঠিল।

ভেপ্টি ম্যাজিস্টেটের কাছেও চন্দরা দোষ স্বীকার করিল। এবং খুনের সময় বড়োবউ যে তাহার প্রতি কোনোরূপ অত্যাচার করিয়াছিল তাহা প্রকাশ হইল না।

কিন্তু সেদিন ছিদাম সাক্ষান্তলে আসিয়াই একেবারে কাঁদিয়া জ্বোড়হন্তে কহিল, "দোহাই ছজুর, আমার শ্রীর কোনো দোষ নাই।" হাকিম ধমক দিয়া ভাহার উচ্ছাস নিবারণ করিয়া তাহাকে প্রশ্ন করিতে লাগিলেন, সে একে একে সভ্য ঘটনা প্রকাশ করিল।

शंकिम जाशंत्र कथा विश्वाम कत्रित्मन न। कात्रंन, द्धथान विश्वक क्रममाश्री

বামলোচন কহিল, "খুনের অনতিবিল্য আমি ঘটনান্তলে উপস্থিত হইয়াছিলাম। সাক্ষী ছিলাম আমার নিকট সমস্ত স্থীকার করিয়া আমার পা জড়াইয়া ধরিয়া কহিল, 'বউকে কী করিয়া উদ্ধার করিব আমাকে যুক্তি দিন।' আমি ভালো মন্দ্র কিছুই বলিলাম না। সাক্ষী আমাকে বলিল, আমি বদি বলি আমার বড়ো ভাই ভাত চাহিয়া ভাত পার নাই বলিয়া রাগের মাধায় স্ত্রীকে মারিয়াছে, ভাহা হইলে সে কি রক্ষা পাইবে।' আমি কহিলাম, 'ধবরদার হারামজাদা, আদালতে একবর্ণও মিধ্যা বলিস না—এতবড়ো মহাপাপ আর নাই' ইত্যাদি।

রামলোচন প্রথমে চলারাকে রক্ষা করিবার উদ্দেশে অনেকগুলা গল্প বানাইরা ভূলিয়াছিল, কিন্তু যখন দেখিল, চলারা নিজে বাঁকিয়া দাড়াইরাছে, তখন ভাবিল, ওরে বাপ রে শেষকালে কি মিখ্যা সাক্ষ্যের দায়ে পড়িব। ষেটুকু জানি সেটুকু বলা ভালো, এই মনে করিয়া রামলোচন যাহা জানে ভাহাই বলিল। বরঞ্চ ভাহার চেয়েও কিছু বেলি বলিতে ছাড়িল না।

ए भूषि गां किए हैं ए स्थान हो मान पिर्वा ।

ইতিমধ্যে চাষবাস হাটবাজার হাসিকায়া পৃথিবীর সমস্ত কাজ চলিতে লাগিল। এবং পূর্ব পূর্ব বৎসরের মতো নবীন ধাস্তক্ষেত্রে প্রাবণের অবিরল বৃষ্টিধারা বর্ষিত হইতে লাগিল।

পুলিস আসামী এবং সাক্ষী লইয়া আদালতে হাজির। সমুধবর্তী মুন্দেকের কোটে বিশুর লোক নিজ নিজ মোকদমার অপেক্ষায় বসিয়া আছে। রন্ধনশালার পশ্চারতী একটি ডোবার অংশ-বিভাগ লইয়া কলিকাতা হইতে এক উকিল আসিয়াছে এবং ভত্বলক্ষে বাদীর পক্ষে উনচল্লিশজন সাক্ষী উপস্থিত আছে। কতশত লোক আপন আপন কড়াগণ্ডা হিসাবের চুলচেরা মীমাংসা করিবার জন্ম ব্যগ্র হইয়া আসিয়াছে, জগতে আপাতত ভদপেক্ষা গুৰুত্ব আর কিছুই উপস্থিত নাই এইরপ তাহাদের ধারণা। ছিদাম বাভায়ন হইতে এই অত্যন্ধ ব্যন্তসমন্ত প্রতিদিনের পৃথিবীর দিকে একদৃষ্টে চাহিয়া আছে, সমন্তই স্বপ্নের মতো বোধ হইতেছে। কম্পাউণ্ডের বৃহৎ বটগাছ হইতে একটি কোকিল ভাকিতেছে—ভাহাদের কোনোরপ আইন-আদালত নাই।

চন্দরা জজের কাছে কহিল, "ওগো সাহেব, এক কথা আরু বারবার কওবার করিব্রা বলিব।"

অঅসাছেব তাছাকে বুঝাইয়া বলিলেন, "তুমি বে অপরাধ স্বীকার করিতেছ তাছার শান্তি কী জানো ?"

ज्या किएण, "ना।"

জ্জসাহেব কছিলেন, "তাহার শান্তি ফাঁসি।"

চন্দরা কহিল, "প্রগো ভোমার পায়ে পড়ি ভাই দাওনা সাহেব। ভোমাদের যাহা খুশি করো, আমার ভো আর সহু হয় না।"

ধখন ছিদামকে আদালতে উপস্থিত করিল, চন্দরা মুখ ফিরাইল। জব্দ কহিলেন, "সাক্ষীর দিকে চাহিয়া বলো এ তোমার কে হয়।"

उसदा दूरे हाटल मूच जिक्का कहिन, "ও आमाद सामी हय।"

প্রশ্ন হইল – ও ডোমাকে ভালোবাসে না ?

উত্তর। উ: ভারি ভালোবাসে।

প্রশ্ন। তুমি উহাকে ভালোবাস না ?

উত্তর। খুব ভালোবাসি।

ছিদামকে যখন প্রশ্ন হইল, ছিদাম কহিল, "আমি খুন করিয়াছি।"

প্রখ। কেন।

ছিদাম। ভাত চাহিয়াছিলাম বড়োবউ ভাত দেয় নাই।

ত্বিরাম সাক্ষ্য দিতে আসিয়া, মূর্ছিত হইয়া পড়িল। মূর্ছাভক্ষের পর উত্তর করিল, "সাহেব, খুন আমি করিয়াছি।"

क्न।

ভাত চাহিয়াছিলাম ভাত দেয় নাই।

বিশুর জেরা করিয়া এবং অক্সান্ত সাক্ষা শুনিয়া জজসাহেব স্পষ্ট বৃঝিতে পারিলেন, ঘরের দ্রীলোককে ফাঁসির অপমান হইতে বাঁচাইবার জন্ম ইহারা দুই ভাই অপরাধ শীকার করিতেছে। কিন্তু চন্দরা পুলিস হইতে সেশন আদালত পর্যন্ত বরাবর এককথা বলিয়া আসিতেছে, তাহার কথার তিলমাত্র নড়চড় হর নাই। দুইজন উকিল স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া তাহাকে প্রাণদণ্ড হইতে রক্ষা করিবার জন্ম বিশুর চেষ্টা করিয়াছে, কিন্তু অবশেষে তাহার, নিকট পরান্ত মানিয়াছে।

যেদিন একরতি বয়সে একটি কালোকোলো ছোটোখাটো মেয়ে ভাহার গোলপাল
ম্বটি লইয়া খেলার পুতৃল ফেলিয়া বাপের ঘর হইতে শশুরঘরে আসিল, সেদিন রাজে
শুভলগ্রের সময় আজিকার দিনের কথা কে কল্পনা করিতে পারিত। ভাহার বাপ
মরিবার সময় এই বলিয়া নিশ্চিস্ত হইয়াছিল যে, যাহা হউক আমার মেয়েটির একটি
সালাতি করিয়া গেলাম।

জেলধানায় ফাঁসির পূর্বে দয়ালু সিভিল সার্জন চন্দরাকে জিজ্ঞাসা করিল, "কাহাকেও দেখিতে ইচ্ছা কর ?" **इन्मदा कहिल, "এकवाद आमाद्र माटक द्विए** हारे।"

ভাক্তার কৃছিল "ভোমার স্থামী ভোমাকে দেখিতে চার, ভাহাকে কি ভাকিরা আনিব।"

हमात्रा कहिल, "यदन I---'

্ৰাবণ, ১৩০০

একটি ক্ষুদ্র পুরাতন গণপ

গল্প বলিতে হইবে? কিন্তু আর তো পারি না। এখন এই পরিপ্রান্ত আক্ষম ব্যক্তিটিকে ছুটি দিতে হইবে।

এ পদ আমাকে কে দিল বলাঁ কঠিন। ক্রমে ক্রমে একে একে তোমরা পাঁচজন আসিয়া আমার চারিদিকে কথন জড়ো হইলে, এবং কেন যে তোমরা আমাকে এত জহুগ্রহ করিলে এবং আমার কাছে এত প্রত্যাশা করিলে, ভাহা বলা আমার পক্ষেহংসাধ্য। অবশ্বই সে ভোমাদের নিজ্ঞানে; শুভাদৃষ্টক্রমে আমার প্রতি সহসা ভোমাদের অহুগ্রহ উদয় হইয়াছিল। এবং যাহাতে সে অহুগ্রহ রক্ষা হয় সাধ্যমতো সে চেষ্টার ক্রটি হয় নাই।

কিন্তু পাঁচজনের অব্যক্ত অ নির্দিষ্ট সম্বতিক্রমে বে কর্ণব্রার আমার প্রতি অপিত ছইয়া পড়িয়াছে আমি তাহার যোগ্য নহি। ক্ষমতা আছে কি না তাহা লইয়া বিনয় বা অহংকার করিতে চাহি না কিন্তু প্রধান কারণ এই বে, বিধাতা আমাকে নির্দ্রনচর জীবরপেই গঠিত করিয়াছিলেন। খ্যাতি বল জনতার উপযোগী করিয়া, আমার গাত্রে কঠিন চর্মাবরণ দিয়া দেন নাই; তাঁহার এই বিধান ছিল বে, বদি তুমি আত্মরক্ষা করিতে চাও তো একটু নিরালার মধ্যে বাস করিয়ো। চিন্তও সেই নিরালা যাস্থানটুকুর জন্তু সর্বদাই উৎকট্টিত ছইয়া আছে। কিন্তু পিতামহ অনুষ্ট পরিহাস করিয়াই হউক অথবা ভূল ব্রিয়াই হউক, আমাকে একটি বিপুল জনসমাজের মধ্যে উত্তীর্ণ করিয়া এক্ষনে মুখে কাপড় দিয়া হাক্ত করিতেছেন; আমি তাঁহার সেই হাক্তে যোগ দিবার চেন্তা কয়িতেছি কিন্তু জিন্তুতেই রুডকার্য হইতে পারিতেছি না।

পদারন করাও আমার কর্তব্য বলিয়া মনে হয় না। সৈঞ্জালের মধ্যে এমন অনেক ব্যক্তি আছে বাছারা স্বভাবতই মুদ্ধের অপেকা শান্তির মধ্যেই অধিকতর ক্তৃতি পাইতে পারিত কিন্তু বধন সে নিজের এবং পরের অমক্রমে মুক্তকের মারাধানে আসিয়া দীড়াইয়াছে তথন হঠাৎ দল ভাঙিয়া পলায়ন করা তাছাকে শোভা পায় না। অদৃষ্ট স্বিবেচনাপূর্বক প্রাণিগণকে ষধাসাধ্য কর্মে নিয়োগ করেন না, কিন্তু তথাপি নিযুক্ত কার্য দৃচ্ নিষ্ঠায় সহিত সম্পন্ন করা মান্ত্রের কর্তব্যু।

জোমরা আবশ্যক বোধ করিলে আমার নিকট আসিয়া থাক, এবং সন্মান দেখাইতেও ক্রটি কর না। আবশ্যক অতীত হইয়া গেলে সেবকাধমের প্রতি অক্তা প্রকাশ করিয়া কিছু আত্মগোরব অমুভব করিবারও চেষ্টা করিয়া থাক। পৃথিবীতে সাধারণত ইহাই স্বাভাবিক এবং এই কারণেই "সাধারণ" নামক একটি অমুভক্ত অব্যবস্থিতিতিও রাজ্বাকে ভাছার অমুচরবর্গ সম্পূর্ণ বিশ্বাস করে না কিন্তু অমুগ্রহ-নিগ্রহের দিকে ভাকাইলে সকল সময় কাজ করা হইয়া উঠে না। নিরপেক্ষ হইয়া কাজ না করিলে কাজ্বের গোরব আর থাকে না।

অভএব যদি কিছু শুনিতে ইচ্ছা করিয়া আসিয়া থাক তো কিছু শুনাইব। শ্রান্তি মানিব না এবং উৎসাহেরও প্রত্যাশা করিব না।

আজ কিন্তু অতি কৃত্ৰ এবং পৃথিবীর অত্যন্ত পুরাতন একটি গল্প মনে পড়িতেছে। মনোহর না হইলেও সংক্ষেপবশত শুনিতে ধৈৰ্যচুতি না হইবার সম্ভাবনা।

পৃথিবীর একটি মহানদীর তীরে একটি মহারণা ছিল। সেই অরণ্যে এবং সেই নদীতীরে এক কাঠঠোকরা এবং একটি কাদার্থোচা পক্ষী বাস করিত।

ধরাতলে কীট যথন স্থলভ ছিল তখন ক্ষানিবৃত্তিপূর্বক সম্ভট্টিত্তে উভয়ে ধরাধামের যশোকীর্তন করিয়া পুষ্টকলেবরে বিচরণ করিত।

कामकाम दिवसारा शृषिवीए की हिन्द्याना हरेया छेतिन।

তখন নদীতীবস্থ কাদাথোঁচা শাখাসীন কাঠঠোকরাকে কহিল, "ভাই কাঠঠোকরা, বাহির হইতে অনেকের নিকট এই পৃথিবী নবীন শ্রামল স্থন্মর বলিয়া মনে হয় কিছ আমি দেখিডেছি ইহা আত্যোপাস্ত জীর্ণ।"

শাধাসীন কঠিঠোকরা নদীতটন্থ কাদাথোঁচাকে বলিল, "ভাই কাদাথোঁচা, আনেকে এই অরণ্যকে সভেজ শোভন বলিয়া বিশ্বাস করে, কিন্তু আমি বলিভেছি ইহা একেবারে অন্তঃস্থারবিহীন।"

তথন উভরে মিলিয়া তাহাই প্রমাণ করিয়া দিতে ক্বতসংকল্প হইল। কাদাথোঁচা নদীতীরে লক্ষ দিয়া, পৃথিবীর কোমল কর্দমে অন্যর্গুই চঞ্ বিদ্ধ করিয়া বস্তুদ্ধার জীর্ণতা নির্দেশ করিতে লাগিল এবং কাঠঠোক্রা বনস্পতির কঠিন শাখার যারংবার চঞ্চ্ আঘাত করিয়া অরণ্যের অন্তঃশৃষ্ণতা প্রচার করিতে প্রবৃত্ত হইল। বিধিবিড়খনায় উক্ত ছুই অধ্যবসায়ী পক্ষী সংগীতবিক্ষার বঞ্চিত। অতএব কোঞ্চিল বখন ধরাতলে নব নব বসস্কসমাগম পঞ্চম স্বারে ঘোষণা করিতে লাগিল, এবং ক্সামা যখন অরণ্যে নব নব প্রভাতোদর কীর্তন করিতে নিযুক্ত রহিল, তখন এই ছুই ক্ষ্ বিভ অসম্ভাই মৃক পক্ষী অপ্রান্ত উৎসাহে আপন প্রতিক্ষা পালন করিতে লাগিল।

এ গল্প ভোষাদের ভালো লাগিল না ? ভালো লাগিবার কথা নহে। কিন্তু ইছার স্বাপেক্ষা মহৎ গুৰ এই যে, পাঁচ-সাভ প্যায়াগ্রাফেই সম্পূর্ব।

এই গল্পটা বে পুরাতন ভাষাও ভোমাদের মনে হইতেছে না? তাছার কারণ পৃথিবীর ভাগ্যদোবে এ গল্প অভিপুরাতন হইয়াও চিরকাল নৃতন রছিয়া গেল। বছদিন হইতেই অকৃতক্ষ কাঠঠোকরা পৃথিবীর দৃঢ় কঠিন অমর মহন্তের উপর ঠক ঠক শব্দে চক্ষ্পাত করিতেছে, এবং কাদাথোঁচা পৃথিবীর সরস উর্বর কোমলন্তের মধ্যে খচ খচ শব্দে চক্ষ্ বিদ্ধ করিতেছে—আজও ভাষার শেষ হইল না, মনের আক্ষেপ এখনও রহিয়া গেল।

গল্পটার মধ্যে স্থবহৃংবের কথা কা আছে বিজ্ঞাসা করিতেছ। ইহার মধ্যে হৃংবের কথাও আছে স্থবের কথাও আছে। হৃংবের কথা এই যে, পৃথিবা ষতই উদার এবং অরণ্য যতই মহৎ হউক, ক্ত্র চঞ্চু আপনার উপযুক্ত খান্ত না পাইবামাত্র ভাহাদিগকে আঘাত করিয়া আদিতেছে। এবং স্থবের বিষয় এই যে, তথাপি শত সহস্র বংসর পৃথিবী নবান এবং অরণ্য শ্রামল রহিয়াছে। যদি কেহ মরে তো সে ৬ই হুটি বিশ্বেষ-বিষক্ষর্য হতভাগ্য বিহন্ধ, এবং জগতে কেহ সে সংবাদ জানিতেও পার না।

ভোমরা এ গল্পের মধ্যে মাথামুপু অর্থ কী আছে কিছু বৃঝিতে পার নাই ? ভাৎপর্য বিশেষ কিছুই অটিল নহে, হয়ভো কিঞ্ছিং বয়সপ্রাপ্ত হইলেই বৃঝিতে পারিবে।

ষাহাই হউক সৰ্বস্থদ জিনিসটা ভোমাদের উপযুক্ত হয় নাই ? ভাহার ভো কোনো সন্দেহমাত্র নাই।

ভাষ্ট্র, ১৩০০

সমাস্থি

প্রথম পরিচেত্র

অপূর্বকৃষ্ণ বি এ. পাস করিয়া কলিকাতা হইতে দেশে ফিরিয়া আসিভেছেন।
নদীটি কৃত্র। বর্বা অস্তে প্রায় শুকাইয়া যায়। এখন শ্রাবণের শেষে জলে ভরিষ উঠিয়া একেবারে গ্রামের বেড়া ও বাঁশঝাড়ের তলদেশ চুম্বন করিয়া চলিয়াছে।

বছদিন ঘন বর্ষার পরে আজ মেঘমুক্ত আকাশে রৌদ্র দেখা দিয়াছে।

নৌকায় আসীন অপূর্বক্ষকের মনের ভিতরকার একধানি ছবি যদি দেখিতে পাইতা। তবে দেখিতাম সেধানেও এই যুবকের মানস-নদী নববর্বায় কৃলে কৃলে ভরিয়া আলোথে জনজন এবং বাতাসে ছলছল করিয়া উঠিতেছে।

নোকা যথাস্থানে বাটে আসিয়া লাগিল। নদীতীর হইতে অপ্বদের বাড়ির পাক ছাদ গাছের অন্তরাল দিয়া দেখা যাইতেছে। অপ্বের আগমন সংবাদ বাড়ির কেয় জানিত না সেইজন্ম ঘাটে লোক আসে নাই। মাঝি ব্যাগ লইতে উন্থত হইলে অপ্ব ডাহাকে নিবারণ করিয়া নিজেই ব্যাগ হাতে লইয়া আনন্দভরে তাড়াতাড়ি নামিয় পড়িল।

নামিবামাত্র, তারে ছিল পিছল, ব্যাগসমেত ২পূর্ব কাদার পড়িয়া গেল। ষেমন পড়া, অমনি,—কোথা হইতে এক স্থমিষ্ট উচ্চকণ্ঠে তরল হাস্তলহনী উচ্ছুসিত হইর নিকটবর্তী অলথগাছের পাবিগুলিকে সচকিত করিয়া দিল।

অপূর্ব অত্যন্ত লক্ষিত হইয়া তাড়াতাড়ি আত্মসংবরণ করিয়া চাহিয়া দেখিল দেখিল, তীরে মহাজনের নৌকা হইতে নৃতন ইট রাশীক্ষত করিয়া নামাইয়া রাখা হইয়াছে তাহারই উপরে বসিয়া একটি মেয়ে হাস্তবেগে এখনই শতধা হইয়া যাইবে এমনি মতে হইতেছে।

অপূর্ব চিনিতে পারিল তাহাদেরই নৃতন প্রতিবেশিনীর মেরে মৃদ্মরী। দূরে বড়ে নদীর ধারে ইহাদের বাড়ি ছিল, সেখানে নদীর ভাঙনে দেশ ত্যাগ করিয়া বছর ছুই-ডিন হইল এই গ্রামে আসিয়া বাস করিভেছে।

এই মেয়েটির অধ্যাতির কথা অন্নেক শুনিতে পাওয়া যায়। পুরুষ গ্রামবাসীরা স্নেছভরে ইহাকে পাগলী বলে, কিন্তু গ্রামের গৃহিণীরা ইহার উল্লেখন সভাবে সর্বদা ভীড চিন্তিত শকান্বিত। গ্রামের যত ছেলেদের সহিতই ইহার থেলা; সমবয়সী মেয়েদের প্রতি অবজ্ঞার সীমা নাই। শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটোখাটো বর্গির উপত্রব বলিলেই হয়।

वारमा जानता करने कियो, त्रिक्ष हेशांच अछी पूर्वाच अछान। अहे मदान वक्षण विक्रित क्षण कर्नित कर्नित क्षणि या, जन्म वक्षण कर्नित कर्नित क्षणि या, जन्म वान हेशांक कारणांवारम, वान कारक वाक्षिण मुम्नीत (ठारमंद कारणांवारम, वान करने वक्षण मुम्नीत (ठारमंद कारणांवारम कारणांवारम करने वक्षणेवारम कर्नित करने विक्रा कर्नित करने विक्रा करने विक्रा करने कारणांवारम करने वक्षणेवारम करने विक्रा करने कारणांवारम करने विक्रा करने कारणांवारम करने कारणांवारम करने विक्रा करने कारणांवारम कारणांवारम करने कारणांवारम कारणांवारम करने कारणांवारम करने कारणांवारम क

মুমারী দেখিতে ভামবর্ণ। ছোটো কোঁকড়া চুল পিঠ পর্যন্ত পড়িয়াছে। ঠিক বেন বালকের মতো মুখের ভাব। মন্ত মন্ত ছাঁট কালো চক্ষ্তে না আছে লক্ষা, না আছে ভর, না আছে হাবভাবলীলার লেশমাত্র। শরীর দীর্ঘ পরিপুষ্ট কুন্তু সবল, কিন্তু তাহার বন্ধস অধিক কি অল্প সে প্রশ্ন কাহারও মনে উদর হর না; বদি হইত, তবে এখনও অবিবাহিত আছে বলিরা লোকে ভাহার পিভামাভাকে নিন্দা করিত। গ্রামে বিদেশী অমিদারের নোকা কালক্রমে বেদিন ঘাটে আসিয়া লালে সেদিন গ্রামের লোকেরা সম্প্রমেশ শশব্যন্ত হইরা উঠে, ঘাটের মেরেদের মুখ-রক্তুমিতে অক্ষাৎ নাসাগ্রভাগ পর্যন্ত বব-নিকাপতন হয়, কিন্তু স্বামী কোথা হইতে একটা উলল্প শিশুকে কোলে লইয়া কোঁকড়া চুলগুলি পিঠে দোলাইয়া ছুটিয়া ঘাটে আসিয়া উপস্থিত। বে দেশে ব্যাধ নাই বিপদ নাই সেই দেশের ছরিণশিশুর মতো নির্ভীক কোঁতুহলে দাড়াইয়া চাহিয়া চাহিয়া দেখিতে থাকে, অবশেষে আপন দলের বালকস্থীদৈর নিকট ফিরিয়া গিয়া এই নবাগত প্রাণীর আচারব্যবহার সম্বন্ধে বিন্তর বাহলা বর্ণনা করে।

আমাদের অপূর্ব ইতিপূর্বে ছুটি উপলক্ষে বাড়ি আসিয়া এই বছনবিহীন বালিকাটিকে ছুই-চারিবার দেবিয়াছে এবং অবকালের সময়, এমন কি, অনবকালের সময়ও ইহার সহছে চিন্তা করিরাছে। পৃথিবীতে অনেক মুখ চোখে পড়ে কিন্তু এক একটি মুখ বলাকহা নাই একেবারে মনের মধ্যে গিয়া উত্তীর্ণ হয়। সে কেবল সৌন্দর্বের জন্ত নহে, আর একটা কা গুণ আছে। সে গুণটি বোধ করি ঘছতা। অধিকাংশ মুখের মধ্যেই মছন্ত্রপ্রকৃতিটি আপনাকে পরিন্দুটরূপে প্রকাশ করিতে পারে না; যে-মুখে সেই অন্তর্ব-গুহাবাসী রহস্তমন্ন লোকটি অবাধে বাহির হইরা দেখা দেয়, সে মুখ সহন্দের মধ্যে চোখে পড়ে এবং এক পলকে মনে মুক্রিত হইরা যায়। এই বালিকার মুখে চোখে একটি ছুরগ্ধ অবাধ্য নারীপ্রকৃতি উন্মুক্ত বেগবান অরণ্যমূপের মতো সর্বদা দেখা দেয়, ধেলা করে, সেইজন্ত এই জীবনচঞ্চল মুখ্বানি একবার দেখিলে আরু সহজে ভোলা যায় না 1

পাঠকদিগকে বলা বাছলা, মুন্মনীর কোতুকহাক্তমনি বভই অনিষ্ট হউক তুর্ভাগা অপূর্বর পক্ষে কিঞ্চিৎ ক্লেলায়ক হইয়াছিল। সে ভাড়াডাড়ি মাঝির হাডে ব্যাগ সমর্পণ করিয়া রক্তিমন্ত্রণ জভবেগে গৃহ অভিমূপে চলিছে লাগিল। আরোজনটি অভি ক্ষর হইরাছিল। নদীর তীর, গাছের ছারা, পাধির গান, প্রভাতের রোজ, কুড়ি বংগর বরস; অবশ্ব ইটের স্থুপটা তেমন উল্লেখযোগ্য নহে, কিছ যে ব্যক্তি তাহার উপর বসিয়া ছিল সে এই শুষ্ক কঠিন আসনের প্রতিও একটি মনোরম শ্রী বিস্তার করিয়াছিল। হার, এমন দৃশ্বের মধ্যে প্রথম পদক্ষেপমাত্রেই যে সমস্ত কবিত্ব প্রহুসনে পরিণত হর ইহা অপেক্ষা অদৃষ্টের নিষ্ঠ্রতা আর কী হইতে পারে।

विजीय भविदम्हण

সেই ইষ্টকশিপর হইতে প্রবহমান হাস্তধ্বনি শুনিতে শুনিতে চাদরে ও ব্যাগে কাদা মাধিয়া গাছের ছায়া দিয়া অপূর্ব বাড়িতে গিয়া উপস্থিত হইল।

অকস্মাৎ পুত্রের আগমনে তাহার বিধবা মাতা পুলকিত হইরা উঠিলেন। তৎক্ষণাৎ ক্ষীর-দধি-ক্ষইমাছের সম্ভানে দূরে নিকটে লোক দৌড়িল এবং পাড়াপ্রতিবেশীর মধ্যেও একটা আন্দোলন উপস্থিত হইল।

আহারান্তে মা অপূর্বর বিবাহের প্রতাব উত্থাপন করিলেন। অপূর্ব সেজক প্রতাত হইয়া ছিল। কারণ প্রতাব অনেক পূর্বেই ছিল, কিন্তু পূত্র নব্যতদ্রের নৃতন ধুয়া ধরিয়া জেদ করিয়া বিসিয়া ছিল যে, বি এ পাস না করিয়া বিবাহ করিব না। এতকাল জননী সেইজক অপেক্ষা করিয়া ছিলেন, অত্এব এখন আর কোনো ওজর করা মিধ্যা। অপূর্ব কহিল, "আগে পাত্রী দেখা হউক, তাহার পর দ্বির হইবে।" মা কহিলেন, "পাত্রী দেখা হইয়াছে, সেজক তোকে ভাবিতে হইবে না।" অপূর্ব ওই ভাবনাটা নিজে ভাবিতে প্রস্তুত হইল এবং কহিল, "মেরে না দেখিয়া বিবাহ করিতে পারিব না।" মা ভাবিলেন, এমন সৃষ্টিছাড়া কথাও কখনো শোনা য়ায় নাই, কিন্তু সন্মত হইলেন।

সে-রাত্রে অপূর্ব প্রদীপ নিবাইয়া বিছানার শয়ন করিলে পর বর্বানিশীশের সমন্ত শয় এবং সমন্ত নিন্তর্কতার পরপ্রাস্থ হইতে বিজন বিনিত্র শয়ায় একটি উচ্চুসিত উচ্চ মধুর কণ্ঠের হাস্থবনি তাহার কানে আসিয়া ক্রমাগত বাজিতে লাগিল। মন নিজেকে কেবলই এই বলিয়া পীড়া দিতে লাগিল যে, সকালবেলাকার সেই পদখলনটা যেন কোনো একটা উপায়ে সংশোধন করিয়া লওয়া উচিত। বালিকা জানিল না যে, আমি অপূর্বকৃষ্ণ অনেক বিল্লা উপার্জন করিয়াছি, কলিকাতার বহুকাল যাপন করিয়া আসিয়াছি, দৈবাৎ পিছলে পা দিয়া কালার পড়িয়া গেলেও আমি উপছাস্থ উপেক্ষণীয় একজন যে-সে গ্রামা যুবক নহি।

পরদিন অপূর্ব কনে দেখিতে যাইবে। অধিক দূরে নছে, পাড়াভেই ভাছাদের বাড়ি। একটু বিশেষ বত্বপূর্বক সাজ করিল। ধুতি ও চাদর ছাড়িয়া সিঙ্কের চাপকান জোকা, মাধায় একটা গোলাকার পাগড়ি, এবং বার্নিশকরা একজোড়া জুভা পাষে দিয়া সিক্ষের ছাভা হল্কে প্রাভঃকালে বাহির হইল।

সম্ভাবিত শশুরবাড়িতে পদার্পণ করিবামাত্র মহা সমারোছ-সমাদরের ঘটা পড়িয়া ला। ज्ञवानार व्याकाल क्ष्णिङ्क्षम्य म्यादिक वाष्ट्रिया यूहिया दः कदिया योशाय রাংতা অড়াইয়া একধানি পাতলা রঙিন কাপড়ে মুড়িয়া বরের সন্মুধে আনিয়া উপস্থিত कवा ष्ट्रेण। त्म अक काल नोयत्व याथा लाय हाँ हेव कां ए र्क्रकारेया विभाग यहिल धवः এक त्थों। मानो जाशांक नाश्न मिवाब षण পन्ठांत्छ छेनच्छि बश्नि। कत्बब এक वानक छारे छारादित भिवादित मध्या এर এक न्छन व्यनिकात প্রবেশোশভ লোকটির পাগড়ি, বড়ির চেন এবং নবোদগত শ্বশ্রু একমনে নিরীক্ষণ করিতে লাগিল। অপূর্ব কিয়ৎকাল গোঁকে তা দিয়া অবলেষে গম্ভীরভাবে জিঞ্জাসা করিল, "তুমি কী পড়।" বসনভূষণাচ্ছ দক্ষান্ত পের নিকট ছইতে ভাহার কোনো উত্তর পাওয়া গেল ना। इरे-जिनवात क्षत्र वर क्षीज़ मानोत निकर रहेट शृक्ष्रिय विश्वत छेरनार्यनक করভাড়নের পর বালিকা মৃত্রুরে একনিংশাসে অভ্যম্ভ ক্রভ বলিয়া গেল, চারুপাঠ দিভীয় ভাগ, ব্যাকরণসার প্রথম ভাগ, ভূগোলবিবরণ, পাটিগণিত, ভারতবর্ষের ইতিহাস। এমন मभन्न विहिर्मित्न এक है। ज्यां क शिवन धून धान व्यान विका अवर मूहर्स्वत मर्था मिष्रिया रांभारेया निर्द्धत हुन मानारेया मन्त्रयी चरत व्यानिया श्राटक करिन। অপূর্বস্বফের প্রতি দৃক্পাত না করিয়া একেবারে কনের ভাই রাখালের হাত ধরিয়া টানাটানি আরম্ভ করিয়া দিল। রাধাল ভখন আপন পর্যবেক্ষণশক্তির চর্চায় একাস্তমনে नियुक्त हिन, मि कि हूर्रिं छेंद्रिए हाहिन ना। मानीपि छाहात्र मः येख कश्चरत्र मृद्छा রক্ষার প্রতি দৃষ্টি রাধিয়া যথাসাধ্য ভীব্রভাবে মুন্ময়ীকে ভংসনা করিতে লাগিল। অপূর্বকৃষ্ণ আপনার সমস্ত গান্তীর্ধ এবং গোরব একত্র করিয়া পাগড়িপরা মস্তকে অপ্রভেষী হইয়া বসিয়া বছিল এবং পেটের কাছে ঘড়ির চেন নাড়িতে লাগিল। অবশেষে সদীটিকে কিছুতেই বিচলিত করিতে না পারিয়া ভাছার পিঠে একটা সামৰ চপেটাম্বাভ कवित्रा এवः চট कवित्रा कत्वव मांचाव चामठा ठानिवा चूलिवा निवा साएव मार्छ। मृत्रावी ষর ছইতে বাহির' ছইরা গেল। দাসীটি শুমরিরা গর্জন করিতে লাগিল এবং ভরীর व्यक्षार व्यवश्रेन पांत्रन दाधान थिन थिन वर्ष शंजिए व्याद्रश्र कविन। निष्यद পृष्टित क्षरण চপেটাঘাভটি সে ज्युष्टांत्र क्षाणा यत कविल मा, कांत्रव, এक्रभ स्वमा भाषना ভাছাদের মধ্যে সর্বদাই চলিভেছে। এমন कि, পূর্বে মৃত্মীর চুল কাঁধ ছাড়াইরা পিঠের मायामावि जानिया পफिछ ; बाधान है अक्तिन होर' ल्ला है हरे जानिया छाहाव सू हिन्न मत्या काहि हानाहेमा तम्म । "मुनामी उपन व्याज्य साम कतिमा जाहान हाज स्हेरज

কাঁচিটি কাড়িরা লইরা নিজের অবশিষ্ট পশ্চাতের চুল কাঁচি কাঁচি শব্দে নির্মন্তাবে কাটিয়া। কেলিল, ভাহার কোঁকড়া চুলের শুবকঞ্লি শাখাচ্যুত কালো আঙুরের স্থুপের মতো গুল্ম গুল্ম মাটিভে পড়িয়া গেল। উভয়ের মধ্যে এরপ শাসনপ্রণালী প্রচলিভ ছিল।

অন্তর্পের এই নীরব পরীক্ষাসভা আর অধিকক্ষণ স্থায়ী হইল না। পিগুাকার কল্পাটি কোনোমতে পুনন্দ দীর্ঘাকার হইয়া দাসী সহকারে অন্তঃপুরে চলিয়া গেল। অপূর্ব পরম গন্ধীরভাবে বিরল গুদ্ধরেপায় তা দিতে দিতে উঠিয়া ধরের বাহিরে যাইতে উন্মত হইল। হারের নিকটে গিয়া দেখে, বার্নিল-করা নৃতন জুতাজোড়াটি ষেধানে ছিল সেধানে নাই, এবং কোপায় আছে তাহাও বহুচেষ্টায় অবধারণ করা গেল না।

বাড়ির লোক সকলেই বিষম বিত্রত হইয়া উঠিল এবং অপরাধীর উদ্দেশে গালি ও ভংগনা অজ্ঞ বর্ষিত হইতে লাগিল। অনেক থোঁজ করিয়া অবশেষে অনস্তোপায় হইয়া বাড়ির কর্তার পুরাতন ছিন্ন ঢিলা চটিজোড়াটা পরিয়া প্যান্টলুন চাপকান পাগড়ি সমেত স্থসজ্জিত অপুর্ব কর্দমাক্ত গ্রামপথে অত্যক্ত সাবধানে চলিতে লাগিল।

পুষরিণীর ধারে নির্জন পথপ্রান্তে আবার হঠাং দেই উচ্চকণ্ঠের অজত্র হাস্ত-কলোচ্ছাস। যেন ডক্লপল্লবের মধা হইতে কৌতুকপ্রিয়া বনদেবী অপূর্বর ওই অসংগড চটিজুতাক্ষোড়ার দিকে চাহিয়া হঠাং আর হাসি ধারণ করিয়া রাধিতে পারিল না।

অপূর্ব অপ্রতিভভাবে ধমকিয়া দাঁড়াইয়া ইতস্তত নিরীক্ষণ করিতেছে এমন সময় ঘন বন হইতে বাহির হইয়া একটি নির্লজ্ঞ অপরাধিনী তাহার সম্মুখে নৃতন জুভাজোড়াট রাখিয়াই পলায়নোগত হইল। অপূর্ব ক্রভবেগে ছুই হাত ধরিয়া তাহাকে বন্দী করিয়া ক্লেলল।

মুনারী আঁকিয়া বাঁকিয়া হাত ছাড়াইয়া পলাইবার চেষ্টা করিল, কিন্তু পারিল না। কোঁকড়া চুলে বেষ্টিত তাহার পরিপূই সহাক্ত চুই মুখখানির উপরে শাধান্তরালচ্যুত পূর্ব-কিরণ আসিয়া পড়িল। রোজোজ্জল নির্মল চঞ্চল নির্মারিনীর দিকে অবনত হইয়া কোঁত্হলী পধিক থেমন নিবিইদৃষ্টিতে তাহার তলদেশ দেখিতে থাকে, অপূর্ব ডেমনি করিয়া গভীর গন্তীর নেত্রে মুনারীর উর্দের্গাংক্তিপ্ত মূখের উপর, তড়িজ্করল চুটি চক্ত্র মধ্যে চাহিয়া দেখিল এবং অত্যন্ত ধীরে ধীরে মুষ্টি শিথিল করিয়া যেন যথাকর্তব্য অসম্পান রাখিয়া বন্দিনীকে ছাড়িয়া দিল। অপূর্ব ধিদ রাগ করিয়া মুনারীকে ধরিয়া মারিত ভাহা হইলে সে কিছুই আশ্চর্ব হইড না, কিন্তু নির্জন পথের মধ্যে এই অপক্ষপ নারব শান্তির সে কোনো অর্থ ব্রিত্তে পারিল না।

নৃত্যময়ী প্রকৃতির নৃপ্রনিশ্বণের স্থায় চঞ্চল হাস্তধ্বনিটি সমস্ত আকাশ ব্যাপিয়া বাজিতে লাগিল এবং চিস্তানিময় অপূর্বক্রফ অভাস্ত ধীরপদক্ষেপে বাড়িতে আসিয়া উপস্থিত হইল।

ভূতীয় পরিচ্ছেদ

অপূর্ব সমন্তদিন নানা ছুতা করিয়া অন্তঃপুরে মার সহিত সাক্ষাৎ করিতে গেল না! বাহিরে নিমন্ত্রণ ছিল, খাইয়া আসিল। অপূর্বর মতো এমন একজন কতবিত্ব পঞ্জীর ভাবুক লোক একটি সামান্ত অনিক্ষিতা বালিকার কাছে আপনার লুগু গৌরব উদ্ধার করিবার, আপনার আন্তরিক মাহাজ্যের পরিপূর্ণ পরিচন্ধ-দিবার জন্তু কেন যে এতটা বেলি উৎকৃত্তিত হইয়া উঠিবে ভাহা বুঝা কঠিন। একটি পাড়াগাঁরের চঞ্চল মেরে তাঁহাকে সামান্ত লোক মনে করিলই বা। সে যদি মুহুর্তকালের জন্তু তাঁহাকে হাজ্যাম্পদ করিয়া তার পর তাঁহার অন্তিম্ব বিশ্বত হইয়া রাখাল নামক একটি নির্বোধ নিরক্ষর বালকের সহিত খেলা করিবার জন্তু বাগ্রতা প্রকাশ করে ভাহাতেই বা তাঁহার ক্ষতি কা। ভাহার কাছে প্রমাণ করিয়া থাকেন, এবং তাঁহার তোরকের মধ্যে এসেন্দা, জুতা, ক্ষবিনির ক্যাক্ষর, রতিন চিঠির কাগজ এবং "হারমোনিয়ম শিক্ষা" বহির সজে একখানি পরিপূর্ণ থাতা নিশীধের গর্ভে ভারী উষার ল্লায় প্রকাশের প্রতীক্ষায় রহিয়াছে। কিন্তু মনকে ব্যানো কঠিন এবং এই পরিবাসিনা চঞ্চলা মেয়েটির কাছে প্রীযুক্ত অপূর্বকৃষ্ণ রায় বি. এ কিছুতেই পরাভব স্বাকার করিতে প্রস্তুত্ত নহে।

সন্ধ্যার সময়ে অন্তঃপুরে প্রবেশ করিলে মা তাছাকে জিজ্ঞাসা করিলেন, "কেমন রে অপু, মেরে কেমন দেখলি। পছন্দ হয় তো ?"

অপূর্ব কিঞ্চিং অপ্রতিভভাবে কহিল, "মেয়ে দেখেছি মা, ওর মধ্যে একটিকে আমার পছন্দ হয়েছে।"

मा जाक्र हरेया कहिलान, "जूरे जावाय करि प्राप्त प्रथिता!"

অবশেষে অনেক ইতন্ততম পর প্রকাশ পাইল প্রতিবেশিনী শরতের মেরে মৃন্যমীকে ভাঁছার ছেলে পছন্দ করিয়াছে। এত লেখাপড়া শিখিয়া এমনি ছেলের পছন্দ।

প্রথমে অপূর্বর পক্ষে অনেকটা পরিমাণ লক্ষা ছিল, অবলেবে মা বখন প্রবল আপত্তি করিছে লাগিলেন তখন তাহার লক্ষা ভাত্তিরা গেল। সে রোখের মাখার বলিয়া বসিল, মুম্মরীকে ছাড়া আর কাছাকেও বিবাহ করিব না। অন্ত অভুপুত্তলি মেয়েটিকে লে যতই কল্পনা করিতে লাগিল ভতই বিবাহ-সম্বন্ধে তাহার বিষ্ঠা বিভূকার উদ্রেক হইল।

प्रे-जिनित उष्टरभएक मान-व्यक्तिमान, व्यनाशात-व्यनिसात भव व्यभूवरे व्यती हरेन। या मनएक व्यावाहरूनन व्य, मृत्रात्री ह्लामाञ्चर এवः सुन्नत्रीत्र मा उभव्क विकाशात অসমর্থ, বিবাহের পর উাহার হাতে পড়িলেই তাহার শ্বভাবের পরিবর্তন হইবে। এবং ক্রমশ ইহাও বিশ্বাস করিলেন বে, মৃদ্ময়ীর মুখখানি শুন্দর। কিন্তু তথনই আবার তাহার ধর্ব কেশরাশি ভাঁহার কল্পনাপণে উদিত হইয়া হালয় নৈরাশ্রে পূর্ব করিতে লাগিল. তথাপি আশা করিলেন, দৃঢ় করিয়া চুল বাঁধিয়া এবং জবজ্ববে করিয়া ভেল লেপিয়া কালে এ ক্রটিও সংশোধন হইতে পারিবে।

পাড়ার লোকে সকলেই অপূর্বর এই পছনটিকে অপূর্ব-পছন বলিয়া নামকরণ করিল। পাগলী মুন্ময়ীকে অনেকেই ভালোবাসিত কিছু তাই বলিয়া নিজের পুত্রের বিবাহযোগ্যা বলিয়া কেহু মনে করিত না।

মুন্মন্ত্রীর বাপ ঈশান মজুমদারকে ধথাকালে সংবাদ দেওয়া হইল। সে কোনো একটি স্টীমার কোম্পানির কেরানিরূপে দূরে নদীতীরবর্তী একটি ক্ষুদ্র স্টেশনে একটি ছোটো টিনের ছাদবিশিষ্ট কৃটিরে মাল ওঠানো-নাবানো এবং টিকিট বিক্রম্নকার্ধে নিযুক্ত ছিল।

ভাছার মৃন্মরীর বিবাহপ্রস্তাবে তুই চক্ষ্ বহিয়া জল পড়িতে লাগিল। ভাহার মধ্যে কভধানি তুঃব এবং কভধানি আনন্দ ছিল পরিমাণ করিয়া বলিবার কোনো উপায় নাই।

কলার বিবাহ উপলক্ষে ঈশান হেড আপিসের সাহেবের নিকট ছুটি প্রার্থনা করিয়া দরখান্ত দিল। সাহেব উপলক্ষটা নিতাস্কই তুচ্ছজ্ঞান করিয়া ছুটি নামপ্ত্র করিয়া দিলেন। তখন, প্রার সময় এক সপ্তাহ ছুটি পাইবার সম্ভাবনা জানাইয়া সে পর্যন্ত বিবাহ স্থগিত রাখিবার জন্ম দেশে চিঠি লিখিয়া দিল, কিন্তু অপূর্বর মা কহিল, এই মাসে দিন ভালো আছে আর বিলম্ক করিতে পারিব না।

উভয়তই প্রার্থনা অগ্রাহ্ম হইলে পর ব্যবিতহ্বদয় ঈশান আর কোনো আপত্তি না করিয়া পূর্বমতো মাল ওজন এবং টিকিট বিক্রেয় করিতে লাগিল।

অতংপর মূনারীর মা এবং পর্রীর বত বর্ষীরসীগণ সকলে মিলিয়া ভাবী কর্তব্য সম্বন্ধে মূনারীকে অহনিলি উপদেশ দিতে লাগিল। ক্রীড়াসক্তি, ক্রভগমন, উচ্চহাস্ত্র, বালকদিগের সহিত আলাপ এবং ক্র্ধা অহুসারে ভোজন সম্বন্ধে সকলেই নিষেধ-পরামর্শ দিয়া বিবাহটাকে বিভীষিকারণে প্রতিপন্ন করিতে সম্পূর্ণ ক্রভকার্য হইল। উৎক্ষিত শহিতহানর মূনারী মনে করিল ভাহার যাবজ্জীবন কারাদণ্ড এবং ভদবসানে ফাসির হতুম হইয়াছে।

সে হট পোনি যোড়ার মতো ঘাড় বাঁকাইরা পিছু হটিরা বলিরা বসিল, "আমি বিবাহ করিব না।"

ठजुर्ब शब्दिक्ष

কিছ ভথাপি বিবাহ করিতে ছইল।

ভার পরে শিক্ষা আরম্ভ হইল। একরাত্তির মধ্যে মৃদ্মরীর সমস্ত পৃথিবী অপূর্বর মার অক্তঃপুরে আসিয়া আবদ্ধ হইরা গেল।

শান্তড়ী সংশোধনকার্ধে প্রবৃত্ত হইলেন। অত্যন্ত কঠিন মুখ করিয়া কহিলেন, "দেখো বাছা, তুমি কিছু আর কচি খুকী নও, আমাদের দরে অমন বেহায়াপনা করিলে চলিবে না।"

শান্ত দী ষে-ভাবে বলিলেন মুমারী সেভাবে কথাটা গ্রহণ করিল না। সে ভাবিল এমরে যদি না চলে তবে বৃঝি অক্তর মাইতে ছইবে। অপরাষ্ট্রে তাহাকে আর দেখা গেল না। কোথায় গেল কোথায় গেল থোঁজ পড়িল। অবশেষে বিশ্বাসঘাতক রাধাল তাহাকে তাহার গোপন স্থান ছইতে গরাইয়া দিল। সে বটতলায় রাধাকান্ত ঠাকুরের পরিতাক্ত ভাঙা রথের মধ্যে গিয়া বসিয়া ছিল।

শান্তড়ী, মা এবং পাড়ার সমস্ত ছিতৈষিণীগণ মুমায়ীকে ষেরূপ লাজনা করিল তাহা পাঠকগণ এবং পাঠিকাগণ সহজ্বেই কল্পনা করিতে পারিবেন।

রাত্রে ঘন মেঘ করিয়া ঝুপ ঝুপ শব্দে বৃষ্টি হইতে আরম্ভ হইল। অপূর্বকৃষ্ণ বিছানার মধ্যে অতি ধারে ধারে মুশ্মরীর কাছে ঈষং অগ্রসর হইয়া তাহার কানে কানে মৃত্যুরে কহিল, "মুশ্মরী, তুমি আমাকে ভালোবাস না ?"

মুন্মনী সতেকে বলিয়া উঠিল, "না। আমি তোমাকে কক্ধনোই ভালোবাসৰ না।" ভাহার যত রাগ এবং যত শান্তিবিধান সমন্তই পুঞ্জীভূত বক্সের তায় অপূর্বর মাধার উপর নিক্ষেপ করিল।

অপূর্ব স্থুর ছইয়া কহিল, "কেন, আমি তোমার কাছে কী দোব করেছি।" মুন্ময়ী কছিল, "ভূমি আমাকে বিয়ে করলে কেন।"

এ অপরাধের সম্ভোষজনক কৈন্দিরত দেওরা কঠিন। কিন্তু অপূর্ব মনে মনে কহিল, বেমন করিয়া হউক এই চুর্বাধ্য মনটিকে বল করিতে হইবে।

পরদিন শান্তটা মুমারীর বিদ্রোহী ভাবের সমস্ত লক্ষণ দেখিরা তাহাকে ধরে দরজা বন্ধ করিরা রাখিরা দিল। সে নৃতন পিঞ্জরাবন্ধ পাখির মতো প্রথম অনেকক্ষণ বরের মধ্যে ধড়কড় করিরা বেড়াইতে লাগিল। অবশেষে কোখাও পালাইবার কোনো পথ না দেখিরা নিক্ষল কোথে বিছানার চাদরধানা দাত দিরা ছিঁড়িরা কুটকুট করিরা কেলিল, এবং মাটির উপর উপুড় হইরা পড়িরা মনে মনে বাবাকে ভাকিতে ভাকিতে কাদিতে লাগিল।

এমন সমরে ধীরে ধীরে কে ভাছার পালে আসিয়া বসিল। সম্বেহে ভাছার ধ্লিল্নিড চ্লগুলি কপোলের উপর হইতে ভূলিয়া দিবার চেষ্টা করিল। মৃদ্ময়ী সবলে মাঝা নাড়িয়া ভাছার ছাভ সরাইয়া দিল। অপূর্ব কানের কাছে ম্থ নভ করিয়া মৃদ্ধরে কহিল, "আমি লুকিয়ে দরজা খুলে দিয়েছি। এস আমরা থিড়কির বাগানে পালিয়ে মাই।" সৃদ্ময়ী প্রবলবেগে মাঝা নাড়িয়া সতেজে সরোদনে কহিল, "না।" অপূর্ব ভাছার চিব্ক ধরিয়া মৃধ ভূলিয়া দিবার চেষ্টা করিয়া কহিল, "একবার দেখো কে এসেছে।" রাঝাল ভূপভিত মৃদ্ময়ীর দিকে চাছিয়া হতবৃদ্ধির স্থায় লারের কাছে দাঁড়াইয়া ছিল। মৃদ্ময়ী মৃধ না ভূলিয়া অপূর্বর ছাত ঠেলিয়া দিল। অপূর্ব কহিল, "রাঝাল ভোমার সজে খেলা করতে এসেছে, খেলতে ধাবে দু" সে বিরক্তি-উচ্ছুসিত শ্বরে কহিল, "না।" রাঝালও শ্বিধা নয় বৃঝিয়া কোনোমতে ঘর হইতে পালাইয়া হাঁপ ছাড়িয়া বাঁচিল। অপূর্ব চূপ করিয়া বসিয়া রহিল। মৃদ্ময়ী কাঁদিতে কাঁদিতে শ্রাম্ব হইয়া ঘুমাইয়া পড়িল, তথন অপূর্ব পা টিপিয়া বাহির হইয়া লারে শিকল দিয়া চলিয়া গেল।

তাহার পরদিন মৃন্মরী বাপের কাছ হইতে এক পত্র পাইল। তিনি তাঁহার প্রাণ-প্রতিমা মৃন্মরীর বিবাহের সময় উপস্থিত থাকিতে পারেন নাই বলিয়া বিলাপ করিয়া নবদম্পতীকে অস্করের আশীর্বাদ পাঠাইয়াছেন।

মুনারী শাগুড়ীকে গিয়া কহিল, "আমি বাবার কাছে যাব।" শাগুড়ী অকমাং এই অসম্ভব প্রার্থনায় তাহাকে ভংগনা করিয়া উঠিলেন। "কোণায় ওর বাপ থাকে ভার ঠিকানা নেই, বলে বাবার কাছে যাব। অনাস্ঠি আবদার।" সে উত্তর না করিয়া চলিয়া গেল। আপনার ঘরে গিয়া ছার রুদ্ধ করিয়া নিজান্ত হতাশ্বাস ব্যক্তি যেমন করিয়া দেবতার কাছে প্রার্থনা করে তেমনি করিয়া বলিতে লাগিল, "বাবা, আমাকে তুমি নিয়ে যাও। এখানে আমার কেউ নেই। এখানে থাকলে আমি বাঁচব না।"

গভীর রাত্রে তাহার স্বামী নিজিত হইলে ধীরে ধীরে ধার ধূলিয়া মৃন্ময়ী গৃহের বাহির হইল। বদিও এক-একবার মেঘ করিয়া আসিতেছিল তথাপি জ্যোৎসারাত্রে পথ দেবিবার মতো আলোক যথেষ্ট ছিল। বাপের কাছে ঘাইতে ছইলে কোন্ পথ অবলম্বন করিতে হইবে মৃন্ময়ী তাহার কিছুই জানিত না। কেবল তাহার মনের বিশাস ছিল, যে-পথ দিয়া ভাকের পত্রবাহক 'রানার'গণ চলে সেই পথ দিয়া পৃথিবীর সমস্ত ঠিকানার যাওয়া যায়। মৃন্ময়ী সেই ভাকের পথ ধরিয়া চলিতে লাগিল। চলিতে চলিতে শরীর প্রান্ত হইয়া আসিল, রাত্রিও প্রায় শেব হইল। বনের মধ্যে যথন উসপুস করিয়া অনিশিত স্থরে ত্টো-একটা পাখি ভাকিবার উপক্রম করিতেছে অথচ নিঃসংশ্রে সময় নির্ণর করিতে না পারিয়া ইতন্তত করিতেছে তথন মৃন্ময়ী পথের লেবে নদীর ধারে একটা

বৃহৎ বাজারের মতো স্থানে আসিরা উপস্থিত হইল। অতঃপর কোন্দিকে বাইতে হইবে ভাবিতেছে এমন সময় পরিচিত ঝমঝম শব্দ শুনিতে পাইল। চিঠির খলে কাঁথে করিরা উর্ধবাসে ভাকের রানার আসিরা উপস্থিত হইল। মুমারী ভাড়াভাড়ি ভাছার কাছে নিরা কাতর প্রাক্তমরে কহিল, "কুশীগঞ্জে আমি বাবার কাছে বাব, আমাকে ভূমি সজে নিয়ে চলো না।" সে কহিল, "কুশীগঞ্জ কোণার আমি জানিনে।" এই বলিরা বাটে বাধা ভাকনোকার মাঝিকে জাগাইরা দিরা নোকা ছাড়িয়া দিল। ভাছার দরা করিবার বা প্রশ্ন করিবার সময় নাই।

দেবিতে দেবিতে হাট এবং বাজার সজাগ হইরা উঠিল। মুম্মরী ঘাটে নামিরা একজন মাঝিকে ডাকিরা কহিল, "মাঝি, আমাকে কুশীগঞ্জে নিয়ে যাবে!" মাঝি ভাহার উত্তর দিবার পূর্বেই পাশের নোকা হইতে একজন বলিয়া উঠিল, "আরে কে ও? মিহু মা, তুমি এবানে কোবা বেকে।" মুম্মরী উহ্ন সিড ব্যগ্রভার সহিত বলিয়া উঠিল, "বনমালী, আমি কুশীগঞ্জে বাবার কাছে যাব, আমাকে ভোর নোকার নিয়ে চল্।" বনমালী ভাহাদের গ্রামের মাঝি; সে এই উচ্ছুখ্বলপ্রকৃতি বালিকাটিকে বিলক্ষণ চিনিত, সে কহিল, "বাবার কাছে যাবে? সে ভো বেশ কথা। চলো, আমি ভোমাকে নিয়ে যাজিঃ।" মুম্মরা নোকার উঠিল।

মারি নৌকা ছাড়িয়া দিল। মেদ করিয়া মুষলধারে বৃষ্টি আরম্ভ হইল। ভাত্রমাসের পূর্ব নদী ফুলিয়া ফুলিয়া নৌকা দোলাইতে লাগিল, মুম্ময়ীর সমস্ত শরীর নিদ্রার আচ্ছর ছইয়া আসিল; অঞ্চল পাডিয়া সে নৌকার মধ্যে শয়ন করিল এবং এই ত্রস্ত বালিকা নদী-দোলায় প্রকৃতির মেহপালিত শাস্ক শিশুটির মতো অকাতরে ঘুমাইতে লাগিল।

জাগিয়া উঠিয়া দেবিল, সে তাহার শশুরবাড়িতে থাটে শুইয়া আছে। তাহাকে জাগ্রত দেখিয়া ঝি বকিতে আরম্ভ করিল। ঝির কণ্ঠমরে শাশুড়ী আসিয়া অত্যম্ভ কঠিন কঠিন করিয়া বলিতে লাগিলেন। মুন্ময়ী বিক্ষারিতনেত্রে নীরবে তাঁহার মুখের দিকে চাহিয়া রহিল অবশেষে তিনি যখন তাহার বাপের শিক্ষাদোষের উপর কটাক্ষ করিয়া বলিলেন, তখন মুন্ময়ী ক্রতপদে পাশের ঘরে প্রবেশ করিয়া ভিতর হইতে শিকল বন্ধ করিয়া দিল।

व्यपूर्व मच्चार माथा थाहेश मारक व्यामिया विनन, "मा, वर्छरक छूडे-এक दिन्द व्यक्त अकवार वाजि भाष्टिक विष्ठ क्षित की।"

মা অপূর্বকে 'ন জুতো ন ভবিশ্বতি' ভং সনা করিতে লাগিলেন, এবং দেশে এত মেরে
থাকিতে বাছিয়া বাছিয়া এই অভিনাহকারী দত্মা-মেরেকে বরে আনার অক্স তাহাকে
ববেই গঞ্জনা করিলেন।

शक्षत्र शिद्धाः

সেদিন সমশুদিন বাছিরে ঝড়বৃষ্টি এবং দরের মধ্যেও অমুরূপ তুর্বোগ চলিতে লাগিল।

ভাছার পরদিন গভীর রাত্রে অপূর্ব মৃন্নায়ীকে ধীরে ধীরে জাগ্রভ করিয়া কছিল, "মৃন্নায়ী, ভোমার বাবার কাছে যাবে ?"

মুক্মরী সবেগে অপূর্বর হাত চাপিয়া ধরিয়া সচকিত হইয়া কহিল, "যাব।"

অপূর্ব চুপিচুপি কহিল. "তবে এস আমরা তুজনে আন্তে আন্তে পালিয়ে যাই। আমি ঘাটে নৌকা ঠিক করে রেখেছি।"

মৃনারী অত্যন্ত সক্তজ্ঞ হাদরে একবার স্বামীর মূখের দিকে চাহিল। তাহার পর তাড়াতাড়ি উঠিয়া কাপড় ছাড়িয়া বাহির হইবার জন্ম প্রস্তুত হইল। অপূর্ব তাহার মাতার চিস্তা দূর করিবার জন্ম একখানি পত্র রাবিয়া তুইজনে বাহির হইল।

মৃমীয়ী সেই অন্ধকার রাজে জনশৃত্ত নিন্তক নির্জন গ্রামপথে এই প্রথম স্বেচ্ছায় আন্তরিক নির্ভরের সহিত স্বামীর হাত ধরিল; তাহার হৃদয়ের আনন্দ উদ্বেগ সেই স্থকোমল স্পর্শযোগে তাহার স্বামীর শিরার মধ্যে সঞ্চারিত হইতে লাগিল।

নৌকা সেই রাত্রেই ছাড়িয়া দিল। অশাস্ক হর্বোচ্ছাস সন্ত্বেও অনতিবিলম্বেই মৃন্ময়ী ঘুমাইয়া পড়িল। পরদিন কী মৃক্তি, কী আনন্দ। ছইধারে কত গ্রাম বাজার শক্তক্ষেত্র বন, ছইধারে কত নৌকা বাতায়াত করিতেছে। মৃন্ময়ী প্রত্যেক তুচ্ছ বিষয়ে স্বামীকে সহস্রবার করিয়া প্রশ্ন করিতে লাগিল। ওই নৌকায় কী আছে, উহারা কোথা হইতে আসিয়াছে, এই জায়গার নাম কী, এমন সকল প্রশ্ন বাহার উত্তর অপূর্ব কোনো কলেজের বহিতে পায় নাই এবং বাহা তাহার কলিকাতার অভিক্রতায় কূলাইয়া উঠে না। বন্ধুগণ ভনিয়া লক্ষিত হইবেন, অপূর্ব এই সকল প্রশ্নের প্রত্যেকটারই উত্তর করিয়াছিল এবং অধিকাংশ উত্তরের সহিত সত্যের ঐক্য হয় নাই। বথা, সে তিলের নৌকাকে তিসির নৌকা, পাঁচবেড়েকে রায়নগর এবং মৃনসেক্ষের আদালতকে জমিদারি কাছারি বলিতে কিছুমাত্র কৃত্তিত বোধ করে নাই। এবং এই সমস্ত প্রান্থ উত্তরে বিশ্বস্থক্ষদয় প্রশ্নকারির সস্তোবের তিলমাত্র ব্যাঘাত জন্মায় নাই।

পরদিন সন্ধাবেলায় নৌকা কুলীগঞ্জে গিয়া পৌছিল। টিনের ঘরে একথানি ময়লা চৌকা-কাঁচের লঠনে তেলের বাতি জালাইয়া ছোটো ভেন্ধের উপর একথানি চামড়ায় বাঁধা মন্ত থাতা রাখিয়া গা-খোলা ঈশানচন্দ্র টুলের উপর বসিয়া হিসাব লিখিভেছিলেন। এমন সময় নবদম্পতী ঘরের মধ্যে প্রবেশ করিল। মুন্ময়ী ডাকিল, "বাবা"। সে ঘরে এমন কর্মধনি এমন করিয়া কথনো ধ্বনিত হয় নাই।

দিশানের চোধ দিয়া দরদর করিয়া অল্ল পড়িতে লাগিল। সে কী বলিবে, কী করিবে কিছুই ভাবিয়া পাইল না। ভাহার মেরে এবং জামাই যেন সাল্লাজ্যের যুবরাজ এবং যুবরাজমহিবী; এই সমস্ত পাটের বস্তার মধ্যে ভাহাদের উপযুক্ত সিংহাসন কেমন করিয়া নির্মিত হইতে পারে ইহাই যেন ভাহার দিশাহারা বৃদ্ধি ঠিক করিয়া উঠিতে পারিল না।

তাহার পর আহারের ব্যাপার —সেও এক চিস্কা। দরিদ্র কেরানি নিজ হত্তে ডাল ভাতে ডাত পাক করিয়া খায়—আজ এই এমন আনন্দের দিনে সে কী করিবে, কী খাওয়াইবে। মৃন্ময়ী কহিল, "বাবা, আজ আমরা সকলে মিলিয়া রাঁধিব।" অপূর্ব এই প্রস্তাবে সাতিশয় উৎসাহ প্রকাশ করিল।

দরের মধ্যে স্থানাভাব, লোকাভাব, অয়াভাব, কিন্তু ক্ষ ছিদ্র হইতে কোরারা যেমন চতুগুর্ন বেগে উপ্লিড হয় ডেমনি দরিদ্রোর সংকীর্ন মুখ হইতে আনন্দ পরিপূর্ন ধারায় উচ্চুসিড হইতে লাগিল।

এমনি করিয়া ভিন দিন কাটিল। তুইবেলা নিয়মিভ স্টীমার আসিয়া লাগে, কভ লোক, কভ কোলাহল; সন্ধাবেলায় নদীভীর একেবারে নির্দ্ধন হইয়া য়য়, ভখন কী অবাধ স্বাধীনভা। এবং ভিন জনে মিলিয়া নানাপ্রকার জোগাড় করিয়া, ভূল করিয়া, এক করিতে আর-এক করিয়া ভূলিয়া রাঁধাবাড়া। ভাহার পরে মৃয়য়ীর বলয়ঝংকৃত মেহহত্তের পরিবেশনে মণ্ডর জামাভার একত্রে আহার এবং গৃহিণীপনার সহস্র ক্রটি প্রদর্শনপূর্বক মৃয়য়ীকে পরিহাস ও ভাহা লইয়া বালিকার আনন্দকলহ এবং মৌধিক অভিমান। অবশেষে অপূর্ব জানাইল আর অধিক দিন থাকা উচিত হয় না। মৃয়য়ী করুণয়রে আরও কিছু দিন সময় প্রার্থনা করিল। ঈশান কহিল, "কাজ নাই।"

বিদায়ের দিন কন্তাকে বুকের কাছে টানিয়া তাহার মাধায় হাত রাধিয়া অশ্রুগদ্গদ-কঠে দিনান কহিল, "মা, তুমি খণ্ডরদর উচ্ছল করিয়া লক্ষী হইয়া থাকিয়ো। কেহ যেন আমার মিছুর কোনো দোষ না ধরিতে পারে।"

মৃদ্যরী কাঁদিতে কাঁদিতে স্বামীর সহিত বিদার স্থইল। এবং ঈশান সেই দ্বিগুণ নিরানন্দ সংকার্ণ ঘরের মধ্যে কিরিয়া গিরা দিনের পর দিন, মাসের পর মাস নির্মিত মাল ওজন করিতে লাগিল।

यकं भित्रदण्हण

এই অপরাধিষ্পল গৃহে ফিরিয়া আসিলে মা অজ্যন্ত গন্তীরভাবে রহিলেন, কোনো কথাই কহিলেন না। কাছারও ব্যবহারের প্রতি এমন কোনো ফোষারোপ করিলেন না বাহা সে ক্ষালন করিতে চেষ্টা করিতে পারে। এই নীরব অভিযোগ নিশুক্ক অভিযান লোহভারের মতো সমস্ত বরকলার উপর অট্লভাবে চাপিয়া রহিল।

অবশেষে অসহা হইয়া উঠিলে অপূর্ব আসিয়া কহিল, "মা, কালেজ খুলেছে, এখন আমাকে আইন পড়তে যেতে হবে।"

मा जिलामीन ভाবে कहिलान, "वछेरवद को कदत्व।"

ष्मभूर्व कहिन, "वर्छ এशात्महे थाक्।""

্মা কহিলেন, "না বাপু, কাজ নাই। তৃমি তাকে তোমার সঙ্গেই নিয়ে যাও।" সচরাচর মা অপূর্বকে তুই সম্ভাষণ করিয়া থাকেন।

অপূর্ব অভিমানকুপ্লম্বরে কছিল, "আচ্ছা।"

কলিকাতা ষাইবার আয়োজন পড়িয়া গেল। ষাইবার আগের রাত্তে অপূর্ব বিছানায় আসিয়া দেখিল, মুনায়ী কাঁদিতেছে।

হঠাং তাহার মনে আঘাত লাগিল। বিষয়কঠে কহিল, "মৃন্ময়ী. আমার সঙ্গে কলকাতায় যেতে তোমার ইচ্ছে করছে না ?"

मृत्रायी कहिल, "ना।"

অপূর্ব জিজ্ঞাসা করিল, "তুমি আমাকে ভালোবাস না ?" এ-প্রশ্নের কোনো উত্তর পাইল না। অনেক সময় এই প্রশ্নটির উত্তর অভিশয় সহজ কিন্তু আবার এক-একসময় ইহার মধ্যে মনস্তত্ত্বটিত এত জটিলতার সংশ্রব থাকে যে, বালিকার নিকট হইতে ভাহার উত্তর প্রত্যাশা করা যায় না।

অপূর্ব প্রশ্ন করিল, "রাখালকে ছেড়ে যেতে তোমার মন কেমন করছে?" মুন্ময়ী অনায়াদে উত্তর করিল, "হাঁ।"

বালক রাধালের প্রতি এই বি. এ পরীক্ষোত্তীর্ণ ক্কৃতবিশ্ব যুবকের স্টের মতো অতিসুদ্ধ অবচ অতি স্থতীক্ষ ইবার উদয় হইল। কহিল, "আমি অনেককাল আর বাড়ি
আসতে পাব না।" এই সংবাদ সহক্ষে মুন্ময়ীর কোনো বক্তব্য ছিল না। "বোধ হয়
ত্র-বংসর কিংবা তারও বেলি হতে পারে।" মুন্ময়ী আদেশ করিল "তুমি ফিরে আসবার
সময় রাধালের জয়ে একটা তিনমুখো রজাসের ছুরি কিনে নিয়ে এসো।"

অপূর্ব শয়ান অবস্থা হইতে ঈষৎ উভিত হইয়া কহিল, "ভূমি তাহলে এইখানেই ধাকবে?"

मुनायी कहिन, "हा, ष्याभि मारम्य कार्छ शिरम शांकव।"

অপূর্ব নিশ্বাস ফেলিয়া কহিল, "আচ্ছা, তাই থেকো। যতদিন না তুমি আমাকে আসবার জন্মে চিঠি লিখবে, আমি আসব না। খুব খুলি ছলে ?" মুমারী এ-প্রাপ্তের উত্তর দেওরা বাহুল্য বোধ করিরা ঘুমাইতে লাগিল। কিছ অপূর্বর, ঘুমা হইল না, বালিল উচু করিয়া ঠেসান দিয়া বসিয়া রইল।

অনেক বাত্রে হঠাৎ চাঁদ উঠিয়া চাঁদের আলো বিছানার উপর আসিয়া পড়িল। অপূর্ব সেই আলোকে মুমারীর দিকে চাহিন্না দেখিল। চাহিন্না চাহিন্না মনে হইল যেন রাজকলাকে কে রূপার কাঠি ছোঁমাইয়া অচেডন করিয়া রাবিদ্না গিয়াছে। একবার কেবল সোনার কাঠি পাইলেই এই নিজিত আত্মাটিকে জাগাইয়া ভুলিয়া মালা বদল করিয়া লওয়া যায়। রূপার কঠি হাক্ত, আর সানার কাঠি অশুক্তল।

ভোরের বেলায় অপূর্ব মুমায়ীকে জাগাইয়া দিল—কছিল, "মুমায়ী, আমার যাইবার সময় হইয়াছে। চলো ভোমাকে ভোমার মার বাড়ি রাধিয়া আসি।"

মৃন্নন্নী শ্ব্যাত্যাগ করিয়া উঠিয়া দাঁড়াইলে অপূর্ব তাহার ছই হাত ধরিয়া কহিল, "এখন আমার একটি প্রার্থনা আছে। আমি অনেক সময় তোমার অনেক সাহাব্য করিয়াছি আজ যাইবার সময় তাহার একটি পুরস্কার দিবে ?"

मृत्रायौ विश्विष इहेम्रा कहिल, "कौ।"

অপূর্ব কছিল, "ভূমি ইচ্ছা করিয়া ভালোবাসিয়া আমাকে একটি চুম্বন দাও।"

অপূর্বর এই অভুত প্রার্থনা এবং গন্তীর মৃধভাব দেখিরা মৃরায়ী হাসিরা উঠিল। হাস্ত সংবরণ করিয়া মৃধ বাড়াইয়া চ্ছন করিতে উত্যত হইল – কাছাকাছি গিয়া আর পারিল না, থিল থিল করিয়া হাসিয়া উঠিল এমন তুইবার চেষ্টা করিয়া অবশেষে নিরস্ত হইয়া মৃধে কাপড় দিয়া হাসিতে লাগিল। শাসনচ্ছলে অপূর্ব ভাহার কর্ণমূল ধরিয়া নাড়িয়া দিল।

অপূর্বর বড়ো কঠিন পণ। দস্যাবৃত্তি করিয়া কাড়িয়া লুটিয়া লওয়া সে আত্মাবমাননা মনে করে। সে দেবতার ক্যায় সগোরবে থাকিয়া স্বেচ্ছানীত উপহার চায়, নিজের হার্ডে কিছুই তুলিয়া লইবে না।

মৃদ্ময়ী আর হাসিল না। তাহাকে প্রত্যুবের আলোকে নির্দ্ধন পথ দিয়া তাহার মার বাড়ি রাখিয়া অপূর্ব গৃহে আসিয়া মাতাকে কহিল, "ভাবিয়া দেখিলাম, বউকে আমার সঙ্গে কলিকাতার লইয়া গেলে আমার পড়ান্তনার ব্যাঘাত হইব, সেখানে উহারও কেহ সন্ধিনী নাই। তুমি তো তাহাকে এ বাড়িতে রাখিতে চাও না, আমি তাই তাহার মার বাড়িতেই রাখিয়া আসিলাম।"

ञ्गडीत जिल्हा मध्या माजाभूत्वत वित्वत स्वेम।

সপ্তম পরিচেছ

মার বাড়িতে আসিয়া মূরায়ী দেখিল কিছুতেই আর মন লাগিতেছে না। সে বাড়ির আগাগোড়া যেন বদল হইয়া গেছে। সময় আর কাটে না। কী করিবে কোণায় যাইবে কাহার সহিত দেখা করিবে ভাবিয়া পাইল না।

মৃন্মরীর হঠাৎ মনে হইল যেন সমস্ত গৃহে এবং সমস্ত গ্রামে কেছ লোক নাই। যেন
মধ্যাহ্ন স্থগ্রহণ হইল। কিছুতেই বৃঝিতে পারিল না, আজ কলিকাতায় চলিয়া
যাইবার জন্ম এত প্রাণপণ ইচ্ছা করিতেছে, কাল রাত্রে এই ইচ্ছা কোণায় ছিল; কাল
দে জানিত না যে, জীবনের যে-অংশ পরিহার করিয়া যাইবার জন্ম এত মন-কেমন
করিতেছিল তংপ্রেই তাহার সম্পূর্ণ স্বাদ-পরিবর্তন হইয়া গিয়াছে। গাছের প্রপত্রের
ন্যায় আজ সেই বৃস্তচ্যুত অতীত জীবনটাকে ইচ্ছাপ্রক অনায়াসে দ্রে ছু ড়িয়া ফেলিল।

গল্পে শুনা যায়, নিপুণ অন্তকার এমন সৃদ্ধ তরবারি নির্মাণ করিতে পারে যে, তদ্বারা মামুষকে দ্বিশু করিলেও সে জানিতে পারে না, অবশেষে নাড়া দিলে তুই অর্ধশুও ভিন্ন হইয়া যায়। বিধাতার তরবারি সেইরূপ সৃদ্ধ, কখন তিনি মুন্ময়ীর বাল্য ও যৌবনের মাঝখানে আঘাত করিয়াছিলেন সে জানিতে পারে নাই; আজ কেমন করিয়া নাড়া পাইয়া বাল্য-অংশ যৌবন হইতে বিচ্যুত হইয়া পড়িল এবং মুন্ময়ী বিশ্বিত হইয়া ব্যথিত হইয়া চাহিয়া রহিল।

মাতৃগৃহে তাহার সেই পুরাতন শয়নগৃহকে আর আপনার বলিয়া মনে হইল না, সেখানে যে থাকিত সে হঠাং আর নাই। এখন হৃদয়ের সমস্ত শ্বতি সেই আর একটা বাড়ি, আর একটা ঘর, আর একটা শ্যার কাছে শুনগুন করিয়া বেড়াইতে লাগিল।

মৃন্মন্বীকে আর কেহ বাহিরে দেখিতে পাইল না। তাহার হাস্তধনি আর শুনা যায় না। রাধাল তাহাকে দেখিলে ভয় করে। খেলার কথা মনেও আসে না।

মুনায়ী মাকে বলিল, "মা, আমাকে শশুরবাড়ি রেখে আয়।"

এদিকে, বিদায়কালীন পুত্রের বিষয় মৃথ স্মরণ করিয়া অপূর্বর মার হৃদয় বিদীর্ণ হইয়া যায়। সে যে রাগ করিয়া বউকে বেহানের বাড়ি রাখিয়া আসিয়াছে ইহা উাহার মনে বড়োই বিঁধিতে লাগিল।

হেনকালে একদিন মাথায় কাপড় দিয়া মূন্ময়ী ম্লানমূথে শাশুড়ীর পায়ের কাছে পড়িয়া প্রাণম করিল। শাশুড়ী তৎক্ষণাৎ ছলছলনেত্রে ভাহাকে বক্ষে চাপিয়া ধরিলেন। মূহুর্তের মধ্যে উভয়ের মিলন হইয়া গেল। শাশুড়ী বধুর মূখের দিকে চাহিয়া আশ্চর্য ছইরা গেলেন। সে মৃদ্যয়ী আর নাই। এমন পরিবর্তন সাধারণত সকলের সম্ভব নছে। বৃহৎ পরিবর্তনের জন্ত বৃহৎ বলের আবশুক।

শাশুড়ী স্থির করিয়াছিলেন, মৃন্মন্ত্রীর দোষগুলি একটি একটি করিয়া সংশোধন করিবেন, কিন্তু আর একজন অদৃশু সংশোধনকর্তা একটি অ্ক্রান্ত সংক্ষেপ উপার অবশ্বন করিয়া মৃন্মন্ত্রীকে যেন নৃতন জন্ম পরিগ্রন্থ করাইরা দিলেন।

এখন শাশুড়াকেও মৃন্মন্নী বৃঝিতে পারিল, শাশুড়ীও মৃন্মন্নীকে চিনিতে পারিলেন; তরুর সহিত শাখাপ্রশাখার যেরূপ মিল, সমস্ত ঘরকন্না তেমনি পরস্পার অখণ্ডসম্মিলিত হইয়া গেল।

এই বে একটি গন্তার স্নিশ্ব বিশাল রমণীপ্রকৃতি মৃন্ময়ীর সমস্ত শরীরে ও সমস্ত অস্তরে রেখার রেখার ভরিরা ভরিরা উঠিল ইহাতে তাহাকে যেন বেদনা দিতে লাগিল। প্রথমআবাঢ়ের শ্রামসজল নবমেদের মতো তাহার হৃদরে একটি অপ্রপূর্ণ বিস্তীর্ণ অভিমানের
সঞ্চার হইল। সেই অভিমান তাহার চোথের ছারামর স্থার্ম পদ্ধর্ম করের উপর আর একটি
গভীরতর ছারা নিক্ষেপ করিল। সে মনে মনে বলিতে লাগিল, আমি আমাকে বৃঝিতে
পারি নাই বলিরা তুমি আমাকে বৃঝিলে না কেন। তুমি আমাকে শাস্তি দিলে না
কেন। তোমার ইচ্ছাম্পারে আমাকে চালনা করাইলে না কেন। আমি রাক্ষ্পী যথন
তোমার সঙ্গে কলিকাতার হাইতে চাহিলাম না, তুমি আমাকে জাের করিয়া ধরিয়া লইয়া
গেলে না কেন। তুমি আমার কথা শুনিলে কেন, আমার অমুরোধ মানিলে কেন, আমার
অবাধাতা সহিলে কেন।

ভাহার পর, অপূর্ব যেদিন প্রভাতে পৃষ্ধরিণীতীরের নির্ধ্বন পথে তাহাকে বন্দী করিয়া কিছু না বলিয়া একবার কেবল ভাহার মুখের দিকে চাহিয়াছিল সেই পৃষ্ধরিণী সেই পথ সেই ভক্তল সেই প্রভাতের রোদ্র এবং সেই হৃদয়ভারাবনত গভীর দৃষ্টি ভাহার মনে পড়িল এবং হঠাং সে ভাহার সমস্ত অর্থ বৃঝিতে পারিল। ভাহার পর সেই বিদায়ের দিনের যে চুম্বন অপূর্বর মুখের দিকে অগ্রসর হইয়া দিরিয়া আসিয়াছিল, সেই অসম্পূর্ণ চূম্বন এখন মক্রমরীচিকাভিমুখী তৃষার্ত পাধির ফ্রায় ক্রমাগত সেই অতীত অবসরের দিকে ধাবিত হইতে লাগিল, কিছুতেই ভাহার আর পিপাসা মিটিল না। এখন থাকিয়া থাকিয়া মনে ক্ষেবল উদয় হয়, আহা অমূক সময়টিতে ষদি এমন করিভাম, অমূক প্রশ্নের যদি এই উত্তর দিভাম, তথন যদি এমন হইত।

अপ्रंत मत्न এই विषया क्लांड किया हिल त्य, मृत्रयो आभाव मृत्य পविषय भाष नाहे; मृत्रयो आक विषया विषया डात्य, डिनि आभाक की मत्न कितिलन, की विषया तिला अभूव डाहात्क त्य ह्वड ह्यल अवित्वक निर्दाध वालिका विषया

জানিল, পরিপূর্ব হার্যায়তধারার প্রেমপিপাসা মিটাইতে সক্ষম রমণী বলিয়া পরিচয় পাইল না ইহাতেই সে. পরিতাপে লজ্জার ধিকারে পীড়িত হইতে লাগিল। চুমনের এবং সোহাগের সে অবন্ধলি অপূর্বর মাথার বালিশের উপর পরিলোধ করিতে লাগিল। এমনি-ভাবে কতদিন কাটিল।

অপূর্ব বলিয়া গিয়াছিল, তুমি চিঠি না লিখিলে আমি বাড়ি ফিরিব না। য়য়য়ী তাছাই শরণ করিয়া একদিন ঘবে ছার ক্লব্ধ করিয়া চিঠি লিখিতে বসিল। অপূর্ব তাহাকে যে সোনালি পাড় দেওয়া রঙিন কাগজ দিয়াছিল তাহাই বাহির করিয়া বসিয়া ভাবিতে লাগিল। খ্ব য়ত্ব করিয়া ধরিয়া লাইন বাকা করিয়া অকুলিতে কালি মাখিয়া অক্লর ছোটো বড়ো করিয়া উপরে কোনো সম্বোধন না করিয়া একেবারে লিখিল তুমি আমাকে চিঠি লেখ না কেন। তুমি কেমন আছ, আর তুমি বাড়ি এসো। আর কী বলিবার আছে কিছুই ভাবিয়া পাইল না। আসল বক্তব্য কথা সবগুলিই বলা হইয়া গেল বটে, কিন্তু মহয়্মসমাজে মনের ভাব আর একটু বাহল্য করিয়া প্রকাশ কয়া আবেশুক। য়য়য়ীও তাহা বৃঝিল; এইজয়্ম আরও অনেকক্ষণ ভাবিয়া ভাবিয়া আর কয়েবলটি নৃতন কথা যোগ করিয়া দিল—এইবার তুমি আমাকে চিঠি লিখো, আর কয়েবলটি নৃতন কথা যোগ করিয়া দিল—এইবার তুমি আমাকে চিঠি লিখো, আর কয়েবলটি নৃতন কথা গোকর রাছুর হয়েছে। এই বলিয়া চিঠি শেষ করিল। চিঠি লেকাকার মৃড়িয়া প্রত্যেক অক্ষরটির উপর একটি কোঁটা করিয়া মনের ভালোবাসা দিয়া লিখিল, শ্রীমৃক্ত বাব্ অপূর্বকৃষ্ট রায়। ভালোবাসা যতই দিক, তব্ লাইন সোজা, অক্ষর সুচাঁদ এবং বানান গুদ্ধ হইল না।

লেকাকায় নামটুকু বাতীত আরও বে কিছু লেখা আবক্তক মুন্মরীর তাহা জানা ছিলু না। পাছে শান্তড়ী অথবা আর কাহারও দৃষ্টিপথে পড়ে সেই লক্ষায় চিঠিখানি একটি বিশ্বস্ত দাসীর হাত দিয়া ডাকে পাঠাইয়া দিল।

বলা বাছলা এ পত্তের কোনো ফল হইল না, অপূর্ব বাড়ি আসিল না।

ष्मद्रेय পরিচেছ

মা দেখিলেন ছুটি ছইল তব্ অপূর্ব বাড়ি আসিল না। মনে করিলেন এখনও সে তাঁছার উপর রাগ করিয়া আছে।

মুন্মরীও ছির করিল অপূর্ব ভাছার উপর বিরক্ত হইরা আছে, তথন আপনার চিঠি-ধানি মনে করিয়া সে লক্ষার মরিয়া যাইতে লাগিল। সে চিঠিখানা যে কৃত ভূচ্ছ, ভাছাতে যে কোনো কথাই লেখা হয় নাই, ভাহার মনের ভাব যে কিছুই প্রকাশ করা হর নাই, সেটা পাঠ করিয়া অপূর্ব যে মুদ্মরীকে আরও ছেলেমান্থর মনে করিতেছে; মনে মনে আরও অবজ্ঞা করিতেছে, ইহা ভাবিয়া সে শরবিদ্ধের ক্যায় অস্তরে অস্তরে ছটফট করিতে লাগিল। দাসীকে বার বার করিয়া জিজ্ঞাসা করিল, "সে চিঠিখানা তুই কি ভাকে দিয়ে এসেছিস।" দাসী ভাহাকে সহস্রবার আখাস দিয়া কহিল, "হা গো, আমি নিজের হাতে বাজের মধ্যে ফেলে দিয়েছি, বাবু ভা এভদিনে কোন্কালে পেয়েছে।"

অবশেষে অপূর্বর মা একদিন মুনারীকে ভাকিয়া কহিলেন, "বউমা, অপু অনেকদিন তো বাড়ি এল না, তাই মনে করছি কলকাভায় গিয়ে তাকে দেখে আসিয়ে। তুমি সক্ষে যাবে '" মুনারী সম্মতিস্চক বাড় নাড়িল এবং ঘরের মধ্যে আসিয়া বার ক্ষম করিয়া বিছানার উপর পড়িয়া বালিশখানা বুকের উপর চাপিয়া ধরিয়া হাসিয়া নড়িয়া চড়িয়া মনের আবেগ উন্মুক্ত করিয়া দিল; তাহার পর ক্রমে গন্তীর হইয়া বিষয় হইয়া আশকায় পরিপূর্ণ হইয়া বসিয়া কাঁদিতে লাগিল।

অপূর্বকে কোনো ধবর না দিয়া এই ঘৃটি অমৃতপ্তা রমণী তাহার প্রসমতা ভিক্ষা করিবার জম্ম কলিকাভার ঘাত্রা করিল। অপূর্বর মা সেধানে তাঁহার জামাইবাড়িতে গিয়া উঠিলেন।

সেদিন মৃন্যানীর পত্রের প্রত্যাশার নিরাশ হইরা সন্ধাবেলায় অপূর্ব প্রতিজ্ঞা ভক্ষ করিয়া নিজেই তাহাকে পত্র লিখিতে বসিরাছে। কোনো কথাই পছন্দমতো হইতেছে না। এমন একটা সন্ধোধন খুঁজিতেছে যাহাতে ভালোবাসাও প্রকাশ হয় অবচ অভিমানও ব্যক্ত করে; কবা না পাইয়া মাতৃভাষার উপর অপ্রদ্ধা দৃঢ়তর হইতেছে। এমন সময় ভারীপতির নিকট হইতে পত্র পাইল মা আসিয়াছেন, শীদ্র আসিবে এবং রাত্রে এইবানেই আহারাদি করিবে। সংবাদ সমস্ত ভালো।—শেষ আশাস সন্ধেও অপূর্ব অমক্ষলশন্ধার বিমর্ব হইয়া উঠিল। অবিলম্বে ভন্নীর বাড়ি গিয়া উপস্থিত হইল।

সাক্ষাৎমাত্রই মাকে জিজ্ঞাসা করিল, "মা, সব ভালো তো।" মা কছিলেন, "সব ভালো। তুই চুটিতে বাড়ি গেলি না, তাই আমি ভোকে নিতে এসেছি।"

অপূর্ব কহিল, "সেজক এড কট্ট করিয়া আসিবার কী আবশুক ছিল; আইন পরীক্ষার পড়াশুনা" ইত্যাদি।

আহারের সময় ভগ্নী জিজ্ঞাসা করিল, "দাদা, এবার বউকে ভোমার সঙ্গে জানলে না কেন।"

मामा अखीत्रভाবে कहिएल माशिन, "आहेरनत्र পढ़ालना" हेलामि।

ভন্নীপতি হাসিয়া কহিল, "ও-সমন্ত মিথ্যা ওজর। আমাদের ভবে আনতে সাহস হয় না।" --- ভগ্নী কহিল, "ভয়ংকর লোকটাই বটে। ছেলেমাত্ম্ব হঠাৎ দেখলে আচমকা আঁককে উঠতে পারে।"

এই ভাবে হাস্তপরিহাস চলিতে লাগিল, কিন্তু অপূর্ব অতান্ত বিমর্ব হইরা রহিল। কোনো কথা ভাহার ভালো লাগিভেছিল না। ভাহার মনে হইভেছিল, সেই ষধন মা কলিকাতায় আসিলেন তথন মুন্ময়ী ইচ্ছা করিলে অনায়াসে ভাঁহার সহিত আসিতে পারিত। বোধ হয়, মা ভাহাকে সলে আনিবার চেষ্টাও করিয়াছিলেন, কিন্তু সে সমত হয় নাই। এ-সম্বন্ধে সংকোচবশত মাকে কোনো প্রশ্ন করিতে পারিল না—সমস্ত মানবঙ্গীবন এবং বিশ্বরচনাটা আগাগোড়া ভ্রান্তিসংকূল বলিয়া বোধ হইল।

আহারান্তে প্রবলবেগে বাতাস উঠিয়া বিষম বৃষ্টি আরম্ভ হইল।
ভগ্নী কহিল, "দাদা, আজ আমাদের এইবানেই থেকে যাও।"
দাদা কহিল, "না বাড়ি যেতে হবে; কাঞ্চ আছে।"

ভগ্নীপত্তি কহিল, "রাজ্রে তোমার আবার এত কাজ কিদের। এখানে একরাজ্রি থেকে গেলে তোমার তো কারও কাছে জ্বাবদিহি করতে হবে না, তোমার ভাবনা কী।"

অনেক পীড়াপীড়ির পর বিশুর অনিচ্ছাসম্বে অপূর্ব সে-রাত্রি থাকিয়া যাইতে সম্মত

ভগ্নী কহিল, "দাদা তোমাকে শ্রান্ত দেখাচ্ছে, তুমি আর দেরি ক'রো না, চলো শুতে চলো।"

অপূর্বরও সেই ইচ্ছা। শয্যাতলে অন্ধকারের মধ্যে একলা হইতে পারিলে বাঁচে, কথার উত্তরপ্রত্যুত্তর করিতে ভালো লাগিতেছে না।

শয়নগৃহের দ্বারে আসিয়া দেখিল দর অন্ধকার। ভন্নী কহিল. "বাভাসে আলো নিবে গেছে দেখছি, তা আলো এনে দেব কি দাদা।"

অপূর্ব কহিল, "না দরকার নেই, আমি রাজে আলো রাধিনে।" ভগ্নী চলিয়া গেলে অপূর্ব অন্ধকারে সাবধানে খাটের অভিমূখে গেল।

খাটে প্রবেশ করিতে উন্নত হইতেছে এমন সময়ে হঠাৎ বলয়নিক্কণশব্দে একটি পুন্পপূটভূল্য প্রকামল বাহুপাশ তাহাকে স্থকঠিন বন্ধনে বাধিয়া কেলিল এবং একটি পুন্পপূটভূল্য ওঠাধর দন্ম্যর মতো আসিয়া পড়িয়া অবিরল অঞ্চলসাসিক্ত আবেগপূর্ণ চূম্বনে তাহাকে বিশ্বর প্রকাশের অবসর দিল না। অপূর্ব প্রথমে চমকিয়া উঠিল ভাহার পুর ব্বিভে পারিল অনেকদিনের একটি হাস্থবাধায় অসম্পন্ন চেষ্টা আজ অঞ্চলকাধারায় সমাপ্ত হইল।

সমস্খাপুরণ

व्यथम भवित्रकृष

ঝিঁ কড়াকোটার ক্বঞ্গোপাল সরকার জ্যেষ্ঠপুত্তের প্রতি জমিদারি এবং সংসারের ভার দিয়া কালী চলিয়া গেলেন। দেশের যত অনাধ দরিদ্র লোক তাঁহার জন্ম হাহাকার করিয়া কাদিতে লাগিল এমন বদান্তভা, এমন ধর্মনিষ্ঠভা কলিয়গে দেখা যায় না, এই কথা সকলেই বলিতে লাগিল।

তাঁহার পুত্র বিপিনবিহারী আঞ্চলাকার একজন স্থান্দিত বি-এ। দাড়ি রাখেন, চলমা পরেন, কাহারও সহিত বড়ো একটা মিলেন না। অতিশয় সচ্চরিত্র—এমন কি, তামাকটি পর্যন্ত ধান না, তাস পর্যন্ত ধেলেন না। অত্যন্ত ভালোমাস্থ্যের মতো চেহারা, কিন্তু লোকটা ভারি কড়াকড়।

তাঁহার প্রজারা শীন্তই তাহা অমুভব করিতে পারিল। বুড়াকর্তার কাছে রক্ষা ছিল কিন্তু ইহার কাছে কোনো ছুতায় দেনা ধাজনার এক পয়সা রেয়াত পাইবার প্রত্যাশা নাই। নির্দিষ্ট সময়েরও একদিন এদিক-ওদিক হইতে পায় না।

বিপিনবিহারী হাতে কাজ লইয়াই দেখিলেন তাঁহার বাপ বিস্তর ব্রাহ্মণকে জমি বিনা খাজনায় ছাড়িয়া দিয়াছেন এবং খাজনা যে কত লোককে কমি দিয়াছেন তাহার আর সংখ্যা নাই। তাঁহার কাছে কেহ একটা কিছু প্রার্থনা করিলে তিনি তাহা পূর্ণ না করিয়া থাকিতে পারিতেন না—সেটা তাঁহার একটা ছুর্বলতা ছিল।

বিপিনবিহারী কহিলেন, এ কখনোই হইতে পারে না; অধেক জমিদারি আমি লাবেরাজ ছাড়িয়া দিতে পারি না। তাঁহার মনে নিম্নলিখিত তুই যুক্তির উদয় হইল।

প্রথমত, যে-সকল অকর্মণ্য লোক ঘরে বসিয়া এইসব জমির উপস্বত্ব ভোগ করিয়া ফীত হইতেছে তাহারা অধিকাংশই অপদার্থ এবং দয়ার অধোগ্য। এরপ দানে দেশে কেবল আলস্থের প্রশ্রেয় দেওয়া হয়।

বিতীয়ত, তাঁহার পিতৃ-পিতামহের সময়ের অপেক্ষা এখন জীবিকা অত্যন্ত তুর্লভ এবং কুমূল্য হইয়া পড়িয়াছে। অভাব অনেক বাড়িয়া গিয়াছে। এখন একজন ভদ্রলোকের আত্মসম্ভ্রম রক্ষা করিয়া চলিতে পূর্বাপেক্ষা চারগুণ খরচ পড়ে। অতএব তাঁহার পিতা যেরপ নিশ্চিভ্রমনে তুই হল্তে সমস্ভ বিলাইয়া ছড়াইয়া গিয়াছেন এখন আর তাহা ক্রিলে চলিবে না, বরঞ্চ সেগুলি কুড়াইয়া বাড়াইয়া আবার খরে আনিবার চেষ্টা করা কর্তব্য।

কর্তব্যবৃদ্ধি তাঁহাকে যাহা বলিল তিনি তাহাই করিতে আরম্ভ করিলেন। তিনি একটা প্রিন্সিপ্ল্ ধরিয়া চলিতে লাগিলেন।

বর হইতে যাহা বাহির হইয়াছিল, আবার তাহা অল্পে অল্পে বরে কিরিতে লাগিল। পিতার অতি অল্প দানই তিনি বাহাল রাখিলেন, এবং যাহা রাখিলেন তাহাও যাহাতে চিরস্থারী দানের স্বরূপে গণ্য না হয় এমন উপায় করিলেন।

কৃষ্ণগোপাল কাশীতে ধাকিয়া পত্রযোগে প্রজাদিগের ক্রন্দন শুনিতে পাইলেন—এমন কি, কেহ কেহ তাঁহার নিকটে গিয়াও কাদিয়া পড়িল। কৃষ্ণগোপাল বিপিনবিহারীকে পত্র লিখিলেন যে, কাজ্ঞটা গহিত হইতেছে।

বিপিনবিহারী উত্তরে লিখিলেন যে, পূর্বে যেমন দান করা যাইত তেমনি পাওনা নানাপ্রকারের ছিল। তথন জমিদার এবং প্রজা উভয় পক্ষের মধ্যেই দানপ্রতিদান ছিল। সম্প্রতি নৃতন নৃতন আইন হইয়া ন্যায়া থাজনা ছাড়া জ্বন্য পাওনা একেবারে বন্ধ হইয়াছে এবং কেবলমাত্র থাজনা আদায় করা ছাড়া জ্বমিদারের জ্ব্যান্ত গৌরবজনক অধিকারও উঠিয়া গিয়াছে—অতএব এখনকার দিনে যদি আমি আমার ল্যায়া পাওনার দিকে কঠিন দৃষ্টি না রাখি তবে আর থাকে কী। এখন প্রজাও আমাকে অতিরিক্ত কিছু দিবে না আমিও তাহাকে অতিরিক্ত কিছু দিব না—এখন আমাদের মধ্যে কেবলমাত্র দেনাপাওনার সম্পর্ক। দানখররাত করিতে গেলে কত্রর হইতে হইবে, বিষয় রক্ষা এবং কুলসম্ভম রক্ষা করা ত্রেছ হইয়া পড়িবে।

কৃষ্ণগোপাল সময়ের এতাধিক পরিবর্তনে অত্যন্ত চিন্তিত হইয়া উঠিতেন এবং ভাবিতেন এখনকার ছেলেরা এখনকার কালের উপযোগী কাজ করিতেছে আমাদের সেকালের নিয়ম এখন খাটবে না। আমি দ্রে বসিয়া ইহাতে হস্তক্ষেপ করিতে গেলে তাহারা বলিবে, তবে তোমার বিষয় তুমি ফিরিয়া লও, আমরা ইহা রাখিতে পারিব না। কাজ কী বাপু, এ কয়েকটা দিন কোনোমতে হরিনাম করিয়া কাটাইয়া দিতে পারিলে বাঁচি।

দিভীয় পরিচেছদ

এই ভাবে কাজ চলিতে লাগিল। অনেক মকদমা মামলা হান্সামা ফেসাদ করিয়া বিপিনবিহারী সমন্তই প্রায় একপ্রকার মনের মতো গুছাইয়া লইলেন।

অনেক প্রজাই ভয়ক্রমে বশ্বতা স্বীকার করিল, কেবল মির্জা বিবির পুত্র অছিমন্দি বিশ্বাস কিছুতেই বাগ মানিল না।

বিপিনবিছারীর আক্রোশও তাহার উপরে সব চেয়ে বেশি। ব্রাহ্মণের ব্রহ্মব্র

একটা অর্থ বোঝা যায় কিন্তু এই মুসলমান-সন্থান যে কী হিসাবে এভটা জমি নিজর ও স্বল্পকরে উপভোগ করে বুঝা যায় না। একটা সামাস্ত যবন বিধবার ছেলে গ্রামের ছাত্রবৃত্তি স্থলে দুই ছত্র লিখিতে পড়িতে শিধিয়াছে কিন্তু আপনার সৌভাগাপর্বে সে যেন কাছাকেও গ্রাহ্ত করে না।

বিপিন পুরাতন কর্মচারীদের কাছে জানিতে পারিলেন কর্তার আমল হইতে বাস্তবিক ইছারা বহুকাল অমুগ্রহ পাইয়া আসিতেছে। কিন্তু এ অমুগ্রহের কোনো বিশেষ কারণ তাহারা নির্ণয় করিতে পারে না। বোধ করি অনাধা বিধবা নিজ ত্থে জানাইয়া কর্তার দয়া উদ্রেক করিয়াছিল।

কিন্তু বিপিনের নিকট এই অন্থগ্রহ সর্বাপেক্ষা অবোগ্য বলিয়া প্রতিভাত হইল। বিশেষত ইহাদের পূর্বেকার দরিত্র অবস্থা বিপিন দেখেন নাই, এখন ইহাদের সচ্ছলতার বাড়াবাড়ি এবং অপর্যাপ্ত দম্ভ দেখিয়া বিপিনের মনে হইত ইহারা যেন তাঁহার দরাত্বল সরল পিতাকে ঠকাইয়া তাঁহাদের বিষয়ের এক অংশ চুরি করিয়া লইয়াছে।

অছিমদিও উদ্ধৃত প্রক্তার যুবক। সে বলিল, প্রাণ যাইবে তবু আমার অধিকারের এক তিল ছাড়িয়া দিব না। উভয় পক্ষে ভারি যুদ্ধ বাধিয়া উঠিল।

অছিমদির বিধবা মাতা ছেলেকে বার বার করিয়া ব্ঝাইল, অমিদারের সহিত কাজিয়া করিয়া কাজ নাই, এতদিন ঘাঁহার অমুগ্রহে জীবন কাটিল তাঁহার অমুগ্রহের 'পরে নির্ভর করাই কর্তব্য, অমিদারের প্রার্থনামতো কিছু ছাড়িয়া দেওয়া যাক।

ष्याहिमिष कहिन, "मा, जूमि এ-जकन विषय किहूरे वाब ना।"

মকদ্দার অছিমদি একে একে হারিতে আরম্ভ করিল। কিন্তু ষতই হার হইতে লাগিল, ততই তাহার জিদ বাড়িয়া উঠিল। তাহার সর্বস্থের জ্বন্ত সে সর্বস্থই পণ করিয়া বসিল।

মির্জা বিবি একদিন বৈকালে বাগানের তরিতরকারি কিঞ্চিৎ উপহার লইয়া গোপনে বিপিনবাবুর সহিত সাক্ষাৎ করিল। বৃদ্ধা যেন তাহার সকরণ মাতৃদৃষ্টির হারা সম্বেহে বিপিনের সর্বাচ্চে হাত বুলাইয়া কহিল, "তুমি আমার বাপ, আলা তোমার ভাল কর্মন। বাবা, অছিমকে তুমি নট করিয়ো না, ইহাতে তোমার ধর্ম হইবে না। তাহাকে আমি ভোমার হন্তেই সমর্পণ করিলাম—তাহাকে নিতান্তই অবশ্রপ্রতিপাল্য একটি অকর্মণ্য ছোটো ভাইয়ের মতো গ্রহণ করো—সে তোমার অসীম ঐশর্ষের ক্ষুত্র এককণা পাইয়াছে বলিয়া ক্ষুত্র হুইয়ো না বাপ।"

অধিক বয়সের স্বাভাবিক প্রগল্ভতাবশত বৃড়ী তাঁহার সহিত বরকরা পাতাইতে আসিয়াছে দেখিয়া বিপিন ভারি বিয়ক্ত হুইয়া উঠিল। কহিল, "ভূমি মেরেমাছ্র,

এ সমস্ত কথা বোঝ না। যদি কিছু জানাইবার থাকে ডোমার ছেলেকে পাঠাইয়া দিয়ো।"

মিজা বিবি নিজের ছেলে এবং পরের ছেলে উভয়ের কাছেই শুনিল, সে এ বিষয় কিছুই বোঝে না। আল্লার নাম শারণ করিয়া চোধ মুছিতে মুছিতে বিধবা ধরে ফিরিয়া গেল।

ভৃতীয় পরিচ্ছেদ

মকদমা কৌজদারি হইতে দেওয়ানি, দেওয়ানি হইতে জ্বেলা-আদালত, জ্বেলা-আদালত হইতে হাইকোট পর্যস্ত চলিল। বংসর দেড়েক এমনি করিয়া কাটিয়া গেল। অছিমদি যখন দেনার মধ্যে আকণ্ঠ নিমগ্ন হইয়াছে তখন আপিল-আদালতে তাহার আংশিক জ্বয় সাব্যস্ত হইল।

কিন্তু ডাঙার বাঘের মুখ হইতে যেটুকু বাঁচিল জ্ঞানের কুমির তাহার প্রতি আক্রমণ করিল। মহাজন সময় ব্ঝিয়া ডিক্রীজারি করিল। অছিমদির যথাসর্বন্ধ নিলাম হইবার দিন স্থির হইল।

সেদিন সোমবার, হাটের দিন। ছোটো একটা নদীর ধারে হাট। বর্ধাকালে নদী পরিপূর্ণ হইয়া উঠিয়ছে। কতক নৌকায় এবং কতক ডাঙায় কেনাবেচা চলিতেছে, কলরবের অন্ত নাই। পণাদ্রব্যের মধ্যে এই আষাঢ় মাসে কাঁঠালের আমদানিই সব চেয়ে বেশি, ইলিশ মাছও ধবেষ্ট। আকাশ মেঘাছেয় হইয়া রহিয়াছে; অনেক বিক্রেতা বৃষ্টির আশকায় বাঁশ পুতিয়া তাহার উপর একটা কাপড় খাটাইয়া দিয়াছে।

অছিমদিও হাট করিতে আসিয়াছে—কিন্তু তাহার হাতে একটি পয়সাও নাই, এবং তাহাকে আজকাল কেহ ধারেও বিক্রম্ব করে না। সে একটি কাটারি এবং একটি পিতলের থালা হাতে করিয়া আসিয়াছে, বন্ধক রাধিয়া ধার করিবে।

বিপিনবাব বিকালের দিকে হাওয়া খাইতে বাহির ছইয়াছেন, সঙ্গে তুই-ভিনজন লাঠিহন্তে পাইক চলিয়াছে। কলরবে আকৃষ্ট ছইয়া ভিনি একবার হাট দেখিতে ইচ্ছুক ছইলেন।

হাটের মধ্যে প্রবেশ করিয়া দ্বারী কলুকে কোতৃহলবশত তাহার আয়ব্যয় সম্বন্ধে প্রশ্ন করিতেছিলেন, এমন সময় অছিমদ্দি কাটারি তুলিয়া বাদের মতো গর্জন করিয়া বিপিনবাব্র প্রতি ছুটিয়া আসিল। হাটের লোক ভাছাকে অর্ধপথে ধরিয়া ভৎক্ষণাৎ নিরন্ত্র করিয়া ফেলিল—অবিলম্বে তাহাকে পুলিসের হস্তে অর্পণ করা ক্রমল এবং আবার হাটে বেমন কেনাবেচা চলিতেছিল চলিতে লাগিল।

বিপিনবাব এই ঘটনায় মনে মনে যে খুলি হন নাই তাহা বলা যায় না। আমরা যাহাকে লিকার করিতে চাহি সে বে আমাদিগকে থাবা মারিতে আসিবে এরপ বজাতি এবং বে-আদবি অস্ভ। যাহা হউক, বেটা ষেব্লপ বদ্যায়েস সেইরূপ ভাহার উচিত শান্তি হইবে।

বিপিনের অস্তঃপুরের মেরেরা আজিকার ঘটনা শুনিয়া কণ্টকিত হইরা উঠিলেন। সকলেই বলিলেন, মাগো, কোথাকার বজ্জাত হারামজাদা বেটা। তাহার উচিত শান্তির সম্ভাবনায় তাঁহারা অনেকটা সান্তনা লাভ করিলেন।

এদিকে সেই সন্ধাবেলার বিধবার অন্নহীন পুত্রহীন গৃহ মৃত্যুর অপেক্ষাও অন্ধর্ণার হইরা গেল। এই ব্যাপারটা সকলেই ভূলিরা গেল, আহারাদি করিল, শরন করিল, নিদ্রা দিল,—কেবল একটি বৃদ্ধার কাছে পৃথিবীর সমস্ত ঘটনার মধ্যে এইটেই সর্বাপেক্ষা বৃহৎ হইরা উঠিল, অথচ ইহার সহিত যুদ্ধ করিবার অন্ত সমস্ত পৃথিবীতে আর কেহই নাই, কেবল দীপহীন কুটিরপ্রান্তে কয়েকখানি জীর্ণ অন্ধি এবং একটি হতাখাস ভীত হৃদয়।

हजूर्ब भिन्निटम्ब

ইতিমধ্যে দিন তিনেক অতিবাহিত হইয়া গেছে। কাল ডেপুটি ম্যাজিস্টেটের নিকট বিচারের দিন নির্দিষ্ট হইয়াছে। বিপিনকেও সাক্ষ্য দিতে যাইতে হইবে। ইতিপূর্বে জমিদারকে কখনো সাক্ষ্যমঞ্চে দাড়াইতে হয় নাই - কিন্তু বিপিনের ইহাতে কোনো আপন্তি নাই।

পরদিন ধথাসময়ে পাগড়ি পরিয়া ঘড়ির চেন ঝুলাইরা পালকি চড়িয়া মহাসমারোহে বিপিনবার্ কাছারিতে গিয়া উপস্থিত হইলেন। এজলাসে আজ্ব আর লোক ধরে না। এতবড়ো হজুক আদালতে অনেকদিন ঘটে নাই।

যখন মকদ্দমা উঠিতে আর বড়ো বিলম্ব নাই, এমন সময় একজন বরকন্ধাজ আসিয়া বিপিনবাবুর কানে কানে কী একটা কথা বলিয়া দিল—ভিনি ভটস্থ হইয়া আবস্তুক আছে বলিয়া বাহিরে চলিয়া আসিলেন।

বাহিরে আসিয়া দেখিলেন, কিছু দ্রে এক বটতলায় তাঁহার বৃদ্ধ পিতা দাঁড়াইয়া আছেন। ধালি পা, গায়ে একধানি নামাবলি, ছাতে ছরিনামের মালা, ফুল শরীরটি যেন মিয় জ্যোতির্ময়। ললাট ছইতে একটি শাস্ত ক্রুণা বিশ্বে বিকীর্ণ ছইতেছে।

বিশ্বির চাপকান জোকা এবং আঁট প্যান্টলুন লইয়া কটে তাঁহাকে প্রধাম করিলেন। মাধার পাগড়িট নাসাপ্রাক্তে নামিয়া আসিল, ঘড়িট জেব হইতে বাছির হইয়া পড়িল। সেগুলি শশব্যন্তে সারিয়া লইয়া পিতাকে নিকটবর্তী উকিলের বাসায় প্রবেশ করিতে অমুরোধ করিলেন।

ক্ষণোপাল কছিলেন, "না, আমার যাহা বক্তব্য আমি এইথানেই বলিয়া লই।" বিপিনের অমুচরগণ কৌতৃহলী লোকদিগকে দূরে ঠেলিয়া রাখিল।

ক্ষাপোপাল কহিলেন, "অছিম যাছাতে ধালাস পায় সেই চেষ্টা করিতে হইবে এবং উহার যে সম্পত্তি কাড়িয়া লইয়াছ তাহা ফিরাইয়া দিবে।"

বিপিন বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিলেন, "এইজন্মই আপনি কাশী হইতে এডদুরে আসিয়াছেন । উহাদের 'পরে আপনার এত অধিক অন্তগ্রহ কেন।"

কৃষ্ণগোপাল কহিলেন, "সে-কথা শুনিয়া তোমার লাভ কী হইবে বাপু।"

বিপিন ছাড়িলেন না —কহিলেন, "অযোগ্যতা বিচার করিয়া কত লোকের কত দান কিরাইয়া লইয়াছি, তাহার মধ্যে কত ব্রাহ্মণও ছিল, আপনি তাহার কিছুতে হস্তক্ষেপ করেন নাই, আর এই মুসলমান-সম্ভানের জন্ম আপনার এতদূর পর্যন্ত অধ্যবসায়। আজ এত কাণ্ড করিয়া অবশেষে যদি অছিমকে খালাস দিতে এবং সমস্ত ফিরাইয়া দিতে হয় তো লোকের কাছে কী বলিব।"

ক্বফগোপাল কিয়ংক্ষণ চুপ করিয়া রহিলেন। অবশেষে জ্রুতকম্পিত অন্ধূলিতে মালা ফিরাইতে ফিরাইতে কিঞ্চিং কম্পিতস্বরে কহিলেন, "লোকের কাছে যদি সমস্ত খুলিয়া বলা আবশ্যক মনে কর তো বলিয়ো, অছিমদ্দিন তোমার ভাই হয়, আমার পুত্র।"

বিপিন চমকিয়া উঠিয়া কহিলেন, "যবনীর গর্ভে ?"

ক্ষগোপাল কহিলেন, "হাঁ বাপু।"

বিপিন অনেকক্ষণ স্তৰভাবে থাকিয়া কহিলেন, "সে সব কথা পরে হইবে এখন আপনি বরে চলুন।"

কৃষ্ণগোপাল কহিলেন, "না, আমি তো আর গৃছে প্রবেশ করিব না। আমি এখনই এখান হইতে ফিরিয়া চলিলাম। এখন তোমার ধর্মে যাহা উচিত বোধ হয় করিয়ো" বলিয়া আশীর্বাদ করিয়া অম্রুনিরোধপূর্বক কম্পিতকলেবরে ফিরিয়া চলিলেন।

বিপিন কী বলিবে কী করিবে ভাবিয়া পাইল না। চুপ করিয়া দাঁড়াইয়া রছিল।
কিন্তু এটুকু ভাহার মনে উদয় হইল, সে-কালের ধর্মনিষ্ঠা এইরপই বটে। শিক্ষা এবং চরিত্রে আপনাকে আপনার পিতার চেয়ে তের শ্রেষ্ঠ বোধ হইল। শ্বির করিলেন, একটা প্রিন্দিপ্ল্ না থাকার এই ফল।

আদালতে যখন ফিরিলেন, দেখিলেন শীর্ণ ক্লিষ্ট শুষ্ক খেতওঞ্চাধর দীপ্তনেত্র অছিম সুই

পাহারাওয়ালার হত্তে বন্দী হইয়া একধানি মলিন চীর পরিয়া বাহিরে দাঁড়াইয়া রহিয়াছে। সে বিপিনের ভাতা।

ভেপ্টি ম্যাজিস্টেটের সহিত বিপিনের বন্ধুত্ব ছিল। মকদমা একপ্রকার গোলমাল করিয়া ফাঁসিয়া গেল। এবং অছিমও অল্লদিনের মধ্যে পূর্বাবস্থা ফিরিয়া পাইল। কিন্তু ভাহার কারণ সে-ও বুঝিতে পারিল না, অক্ত লোকেও আশ্চর্য হইয়া গেল।

यक प्रमात मगत कुक्छ तो शाम व्यापित्राहित्यन त्म-कथा त्राहे हहेत्छ विषय हहेग ना। मकत्वहे नाना कथा कानाकानि कतित्छ माशिष।

স্ক্রবৃদ্ধি উকিলেরা ব্যাপারটা সমন্তই অন্থমান করিয়া লইল। রামতারণ উকিলকে রক্ষগোপাল নিজের খবচে লেখাপড়া শিখাইয়া মান্থ্য করিয়াছিলেন। সে বরাবরই সন্দেহ করিও, কিন্তু এতদিনে সম্পূর্ণ বৃক্তিতে পারিল বে, ভালো করিয়া অন্থসন্ধান করিলে সকল সাধুই ধরা পড়ে। যিনি যত মালা জপুন পৃথিবীতে আমার মতোই সব বেটা। সংসারে সাধু অসাধুর মধ্যে প্রভেদ এই বে, সাধুরা কপট আর অলাধুরা অকপট। যাহা হউক রক্ষগোপালের জগিছিখাত দ্যাধর্মহন্ত সমন্তই যে কাপটা ইহাই দ্বির করিয়া রামতারণের বেন এতদিনকার একটা তুর্বোধ সমস্ভার পূরণ হইল এবং কী যুক্তি অন্থসারে জানি না, তাহাতে কৃতজ্জতার বোঝাও যেন ক্ষম্ব হইতে লঘু হইয়া গেল। ভারি আরাম পাইল।

অগ্রহায়ণ, ১৩০০

খাতা

লিখিতে শিখিয়া অবধি উমা বিষম উপদ্রব আরম্ভ করিয়াছে। বাড়ির প্রত্যেক বরের দেয়ালে কয়লা দিয়া বাঁকা লাইন কাটিয়া বড়ো বড়ো কাঁচা জক্ষরে কেবলই লিখিতেছে—জল পড়ে, পাভা নড়ে।

তাহার বউঠাকুরানীর বালিশের নিচে 'ছরিদাসের গুপ্তকথা' ছিল, সেটা সন্ধান করিরা বাহির করিয়া তাহার পাতার পাতার পেনসিল দিয়া লিখিয়াছে—কালো জল, লাল ফুল।

বাড়ির সর্বদাব্যবহার্য নৃতন পঞ্জিক। হইতে অধিকাংশ তিথিনক্ষত্র খুব বড়ো বড়ো অক্ষরে একপ্রকার লুপ্ত করিয়া দিয়াছে।

বাবার দৈনিক ছিসাবের ধাতার জ্বমাধরচের মাঝ্যানে লিখিরা রাখিয়াছে—লেখাপড়া করে যেই গাড়িযোড়া চড়ে সেই। এ প্রকার সাহিত্যচর্চায় এ পর্যন্ত সে কোনোপ্রকার বাধা পায় নাই, অবশেষে একদিন একটা গুরুতর তুর্ঘটনা ঘটিল।

উমার দাদা গোবিন্দলাল দেখিতে অত্যন্ত নিরীষ্ট, কিন্তু সে থবরের কাগজে সর্বদাই লিখিয়া থাকে। তাহার কথাবার্তা শুনিলে তাহার আত্মীয়স্বজন কিংবা তাহার পরিচিত প্রতিবেশীরা কেহ তাহাকে চিন্তাশীল বলিয়া কথনো সন্দেহ করে না। এবং বাজ্ঞবিকও সে যে কোনো বিষয়ে কখনো চিন্তা করে এমন অপবাদ তাহাকে দেওরা যায় না, কিন্তু সে লেখে; এবং বাংলার অধিকাংশ পাঠকের সঙ্গে তার মতের সম্পূর্ণ ঐক্য হয়।

শরীরতত্ব সহক্ষে যুরোপীয় বৈজ্ঞানিকমগুলীর মধ্যে কতকগুলি গুরুতর ভ্রম প্রচলিত আছে, সেগুলি গোবিন্দলাল যুক্তির কোনো সাহায্য অবলম্বন না করিয়াও কেবলমাত্র রোমাঞ্চলনক ভাষার প্রভাবে সতেজে ধণ্ডনপূর্বক একটি উপাদেয় প্রবন্ধ রচনা করিয়াছিল।

উমা একদিন নির্জন দিপ্রহরে দাদার কালিকলম লইয়া সেই প্রবন্ধটির উপরে বড়ো বড়ো করিয়া লিখিল—গোপাল বড়ো ভালো ছেলে, ডাছাকে যাহা দেওয়া যায় সে তাহাই থায়।

গোপাল বলিতে সে যে গোবিন্দলালের প্রবন্ধ-পাঠকদের প্রতি বিশ্বেষ লক্ষ্য করিয়াছিল তাহা আমার বিশ্বাস হয় না, কিন্তু দাদার ক্রোধের সীমা ছিল না। প্রথমে
তাহাকে মারিল, অবশেষে তাহার একটি স্বল্লাবশিষ্ট পেনসিল, আত্যোপান্ত মসীলিপ্ত
একটি ভোঁতা কলম, তাহার বছযত্তসঞ্চিত যৎসামান্ত লেখ্যোপকরণের পুঁজি কাড়িয়া
লইল। অপমানিতা বালিকা তাহার এতাদৃশ গুরুতর লাঞ্চনার কারণ সম্পূর্ণ বৃঝিতে না
পারিয়া ঘরের কোণে বসিয়া ব্যথিতহৃদয়ে কাঁদিতে লাগিল।

मागति प्रयोग. उछीर्व इरेल পय গোবিদালাল कि कि प्रमुख्शिति छेगांक छाश्रय लूडिंड गांग शैक्षित कियारेया कि वर छेभय अवश्रीत नारेन-छोना छाला वाधाता थांडा किया वालिकाय समयतिमा प्र कियाय एहं। किया वालिकाय समयतिमा प्र कियाय एहं। किया वालिकाय समयतिमा प्र कियाय एहं। किया वालिकाय समयतिमा प्र कियाय एहं।

উমার ব্যুস তথন সাত বংসর। এখন ছইতে এই খাডাটি রাত্রিকালে উমার বালিশের নিচে ও দিনের বেলা সর্বদা ভাছার কক্ষে ক্রোড়ে বিরাজ করিতে লাগিল।

ছোটো বেণীটি বাঁধিয়া ঝি সঙ্গে করিয়া যখন সে গ্রামের বালিকাবিভালরে পড়িতে যাইত থাডাটি সঙ্গে সঙ্গে যাইত। দেখিয়া মেয়েদের কাছারও বিশ্বর, কাছারও লোভ, কাছারও বা ধেষ হইত।

প্রথম বংসরে অতি যত্ন করিয়া থাতার লিখিল—পাধি সব করে রব, রাতি

পোহাইল। শয়নগৃহের মেঝের উপরে বসিয়া খাতাটি আঁকড়িয়া ধরিয়া উল্লেখ্যরে সূর করিয়া পড়িত এবং विविष्ठ। এমনি করিয়া অনেক গছ পছ সংগ্রহ হইল।

দিতীয় বংসরে মধ্যে মধ্যে ছটি-একটি স্বাধীন রচনা দেখা দিতে লাগিল; অভ্যস্ত সংক্ষিপ্ত কিন্তু অভ্যন্ত সারবান—ভূমিকা নাই, উপসংহার নাই। ছ্টা-একটা উদ্ধৃত ক্রিয়া দেওয়া যাইতে পারে।

খাতার কথামালার ব্যান্ত ও বকের গল্পটা ষেখানে কাপি করা আছে, ভাছার নিচে এক জামগাম একটা লাইন পাওয়া গেল, সেটা কথামালা কিংবা বর্তমান বঙ্গসাহিত্যের ष्पात काथा । इंजिপ्दर्व एक्या यात्र नारे। तम मारेनिए अर्थ-यमित्क ष्पामि भूव ভালোবাসি।

কেছ না মনে করেন আমি এইবার একটা প্রেমের গল্প বানাইতে বসিয়াছি। যশি পাড়ার কোনো একাদশ কিংবা দ্বাদশবর্ষীয় বালক নছে। বাড়ির একটি পুরাতন দাসী, তাহার প্রকৃত নাম যশোদা।

কিন্তু ধৰির প্রতি বালিকার প্রকৃত মনোভাব কী এই এক কথা হইতে ভাহার कारना मृष्ट ख्रमान ना अवा वा वा विवास विनि विश्वान वा विविद्ध ইচ্ছা করিবেন, ভিনি এই খাতাতেই ছ্-পাতা অম্ভরে পূর্বোক্ত কথাটির সুস্পষ্ট প্রতিবাদ मिरिए शाहरवन।

এমন একটা-আধটা নয়, উমার রচনায় পদে পদে পরস্পরবিরোধিতা দোষ লক্ষিত एषा अकम्रल एषा जिल-इतित माल जातात्र माजा जाछि। (इतिहत्व नम् र्श्विमांगो, विद्यानारम् मर्भाठिका ।) जात्र जनिज्ञा अभन कथा जाह् यात्रा रहेरज সহব্দেই বিশ্বাস জন্মে যে, হরির মতো প্রাণের বন্ধু তাহার আর ত্রিভূবনে নাই।

जोशांत्र भववश्माद्व वाणिकांत्र वयम यथन नम्न वश्मत्र, उथन এकिन मकानायमा रहेट जाराष्ट्र वाफिट मानारे वाकिए मानिन। छेमात्र विवार। व्यक्ति नाम পानियाहन, গোবিন্দলালের সহযোগী লেখক। वद्यम यहिन्छ अधिक नम्र এবং লেখাপড়া কিঞিৎ শেখা আছে, তথাপি নবাভাব ভার মনে কিছুমাত্র প্রবেশ করিতে পারে নাই। এইজন্ম পাড়ার লোকেরা তাকে ধন্য ধন্য করিত এবং গোবিন্দলাল তাহার অমুকরণ করিতে চেষ্টা করিত, কিন্তু সম্পূর্ণ ক্বতকার্য হইতে পারে নাই।

উমা বেনারসি শাড়ি পরিয়া ঘোমটায় ক্ষুদ্র মুখখানি আয়ুত করিয়া কাঁদিতে কাঁদিতে मछक्यां ए जिला । या विनिन्ना क्रिका, "वाहा, बाखकीत कथा यानिन्ना छिलान, चत्रकन्नात्र कांच कविम, लिथानेफा नहेग्रा शांकिमत्न।"

গোবিশ্বলাল বলিয়া দিলেন, "দেখিস, সেখানে দেয়ালে আঁচড় কাটিয়া বেড়াসনে; সে

তেমন বাড়ি নয়। আর প্যারীমোহনের কোনো দেখার উপরে খবরদার কলম চালাসনে।"

বালিকার হংকপ উপস্থিত হইল। তখন বৃঝিতে পারিল, সে যেখানে যাইতেছে, লেখানে কেহ তাহাকে মার্জনা করিবে না। এবং ভাহারা কাহাকে দোষ বলে, অপরাধ বলে, ক্রটি বলে, তাহা অনেক ভংসনার পর অনেকদিনে শিখিয়া লইতে হইবে।

সেদিন সকালেও সানাই বাজিতেছিল। কিন্তু সেই ঘোমটা এবং বেনারসি শাড়ি এবং অলংকারে মণ্ডিত ক্ষুদ্র বালিকার কম্পিত হৃদয়টুকুর মধ্যে কী হইতেছিল তাহা-ভালো করিয়া বোঝে এমন একজনও সেই লোকারণ্যের মধ্যে ছিল কি না সন্দেহ।

যশিও উমার সঙ্গে গেল। কিছুদিন থাকিয়া উমাকে স্বগুরবাড়িতে প্রতিষ্ঠিত করিয়া সে চলিয়া আসিবে এমনি কথা ছিল।

সেহনীলা যদি অনেক বিবেচনা করিয়া উমার খাতাটি সঙ্গে লইয়া গিয়াছিল।
এই খাতাটি তাহার পিতৃভবনের একটি অংশ; তাহার অভিক্ষণিক জন্মগৃহবাসের
সেহময় শ্বতিচিহ্ন; পিতামাভার অন্বস্থলীর একটি সংক্ষিপ্ত ইতিহাস, অভ্যন্ত গাঁকাটোরা
কাঁচা অক্ষরে লেখা। তাহার এই অকাল গৃহিণীপনার মধ্যে বালিকাশ্বভাবরোচক
একটুখানি সেহমধুর শ্বাধীনতার আশ্বাদ।

শশুরবাড়ি গিয়া প্রথম কিছুদিন সে কিছুই লেখে নাই, সময়ও পায় নাই। অবশেষে কিছুদিন পরে যশি তাহার পূর্বস্থানে চলিয়া গেল।

সেদিন উমা তুপুরবেলা শয়নগৃহের বার ক্লব্ধ করিয়া টিনের বাক্স হইতে খাতাটি বাহির করিয়া কাঁদিতে কাঁদিতে লিবিল—যশি বাড়ি চলে গেছে আমিও মার কাছে যাব।

আজকাল চারুপাঠ এবং বোধোদয় হইতে কিছু কাপি করিবার অবসর নাই, বোধ করি তেমন ইচ্ছাও নাই। স্থতরাং আজকাল বলিকার সংক্ষিপ্ত রচনার মধ্যে মধ্যে দীর্ঘ বিচ্ছেদ নাই। পূর্বোদ্ধত পদটির পরেই দেখা যায় লেখা আছে—দাদা যদি একবার বাড়ি নিয়ে যায় তাহলে দাদার লেখা আরু কখনো থারাপ করে দেব না।

শুনা যায়, উমার পিতা উমাকে প্রায় মাঝে মাঝে বাড়ি আনিতে চেষ্টা করেন। কিছু গোবিন্দলাল প্যারীমোহনের সঙ্গে যোগ দিয়া তাঁহার প্রতিবন্ধক হয়।

গোবিন্দলাল বলে, এখন উমার পতিভক্তি শিক্ষার সময়, এখন তাছাকে জাঝে মাঝে পতিগৃহ হইতে পুরাতন পিতৃমেহের মধ্যে আনম্বন করিলে তাহার মনকে অনর্থক বিক্ষিপ্ত করিয়া দেওয়া হয়। এই বিষয়ে সে উপদেশে বিদ্রাপে জড়িত এমন স্থার প্রবন্ধ লিখিরাছিল যে, ভাহার একমতবর্তী সকল পাঠকেই উক্ত রচনার অকাট্য সত্য সম্পূর্ণ স্বীকার না করিয়া থাকিতে পারে নাই।

লোকম্থে সেই কথা শুনিয়াই উমা তাহার খাভার লিখিয়াছিল—দাদা, তোমার ঘূটি পারে পড়ি, আমাকে একবার তোমাদের ঘরে নিয়ে যাও, আমি তোমাকে আরু, কখনো রাগাব না।

একদিন উমা দার ক্লক করিয়া এমনি কী একটা অর্থহীন তুক্ত কথা থাতায় লিখিতেছিল। তাহার ননদ তিলকমঞ্জরীর অত্যস্ত কোতৃহল হইল—সে ভাবিল বউদিদি মাঝে মাঝে দরজা বন্ধ করিয়া কী করে দেখিতে হইবে। দারের ছিন্ত দিয়া দেখিল লিখিতেছে। দেখিয়া অবাক। তাহাদের অস্তঃপুরে কখনোই সরশ্বতীর এরপ গোপন সমাগম হয় নাই।

তাহার ছোটো কনকমঞ্জরী, দে-ও আসিয়া একবার উকি মারিয়া দেখিল।

ভাহার ছোটো অনশ্বমশ্বরী, সে-ও পদান্দুলির উপর ভর দিয়া বছকটে ছিত্রপথ দিয়া রুদ্ধগৃহের রহস্ত ভেদ করিয়া লইল।

উমা লিখিতে লিখিতে সহসা গৃহের বাহিরে তিনটি পরিচিত কঠের খিলখিল হাসি শুনিতে পাইল। ব্যাপারটা বৃঝিতে পারিল, খাতাটি তাড়াতাড়ি বাক্সে বন্ধ করিয়া লক্ষায় ভয়ে বিছানায় মুখ লুকাইয়া পড়িয়া রহিল।

প্যারীমোহন এই সংবাদ অবগত হইয়া বিশেষ চিস্তিত হইল। পড়াশুনা আরম্ভ হইলেই নভেল-নাটকের আমদানি হইবে এবং গৃহধর্ম রক্ষা করা দায় হইয়া

তা ছাড়া বিশেষ চিস্তা দ্বারা এ বিষয়ে সে একটি অতি স্ক্ষাতন্থ নির্ণয় করিয়াছিল। সে বলিত, স্ত্রীশক্তি এবং পুংশক্তি উভয় শক্তির সন্মিলনে পবিত্র দাম্পত্যশক্তির উদ্ভব হয়; কিন্তু লেখাপড়া শিক্ষার দ্বারা যদি স্ত্রীশক্তি পরাভূত হইয়া একান্ত পুংশক্তির প্রাত্তবি হয়, তবে পুংশক্তির সাহিত পুংশক্তির প্রতিঘাতে এমন একটি প্রলয়শক্তির উৎপত্তি হয় যদ্বারা দাম্পত্যশক্তি বিনাশশক্তির মধ্যে বিলীনসন্তা লাভ করে, স্ত্তরাং রমণী বিধবা হয়। এ পর্বন্ত এ তত্ত্বের কেছ প্রতিবাদ করিতে পারে নাই।

প্যারীমোহন সন্ধ্যাকালে ঘরে আসিয়া উমাকে যথেষ্ট ভংগনা করিল এবং কিঞ্চিৎ উপহাসও করিল— বলিল, "শামলা ফ্রমাশ দিতে ছইবে, গিন্নী কানে কলম ভঁজিয়া আজিলে যাইবেন।"

উমা ভালো বৃবিতে পারিল না। প্যারীমোহনের প্রবন্ধ সে কধনো পড়ে নাই এই জন্ম ভাহার এখনও ভতদ্র বসবোধ জন্মে নাই। কিছু সে মনে মনে একাস্ক সংকৃচিত হইয়া গেল—মনে হইল পৃথিবী দিধা হইলে তবে সে লব্দা করিতে পারে।

বছদিন আর সে লেখে নাই। কিন্তু একদিন শরৎকালের প্রভাতে একটি গায়িকা ভিখারিনী আগমনীর গান গাহিতেছিল। উমা জানালার গরাদের উপর মুখ রাখিয়া চূপ করিয়া শুনিতেছিল। একে শরৎকালের রোদ্রে ছেলেবেলাকার সকল কথা মনে পড়ে, ভাহার উপরে আগমনীর গান শুনিয়া সে আর থাকিতে পারিল না।

উমা গান গাহিতে পারিত না; কিন্তু লিখিতে শিখিয়া অবধি এমনি তাহার অভ্যাস হইয়াছে যে, একটা গান শুনিলেই সেটা লিখিয়া লইয়া গান গাহিতে না পারার খেদ মিটাইত। আজু কাঙালি গাহিতেছিল—

> "পুরবাসী বলে উমার মা, তোর হারা তারা এল ওই। শুনে পাগলিনীপ্রায়, অমনি রানী ধায়, কই উমা বলি কই। কেঁদে রানী বলে, আমার উমা এলে, একবার আয় মা, একবার আয় মা, একবার আয় মা করি কোলে। অমনি হবাছ পসারি, মায়ের গলা ধরি অভিমানে কাঁদি রানীরে বলে— কই মেয়ে বলে আনতে গিয়েছিলে।"

অভিমানে উমার হৃদয় পূর্ণ ইইয়া চোধে জ্বল ভরিয়া গেল। গোপনে গায়িকাকে
ঢাকিয়া গৃহদার রুদ্ধ করিয়া বিচিত্র বানানে এই গানটি খাতায় লিখিতে আরম্ভ করিল।

তিলকমঞ্জরী, কনকমঞ্জরী এবং অনক্ষমঞ্জরী সেই ছিদ্রযোগে সমস্ত দেখিল এবং সহসা করতালি দিয়া বলিয়া উঠিল, "বউদিদি, কী করছ আমরা সমস্ত দেখেছি।"

তখন উমা তাড়াডাড়ি দ্বার খুলিয়া বাহির হইয়া কাতরম্বরে বলিতে লাগিল, "লক্ষ্মী ভাই, কাউকে বলিসনে ভাই, তোদের দুটি পায়ে পড়ি ভাই—আমি আর করব না, আমি আর লিখব না।"

অবশেষে উমা দেখিল, তিলকমঞ্জরী তাহার খাতাটির প্রতি লক্ষ্য করিতেছে। তথন সে চুটিয়া গিয়া খাতাটি বক্ষে চাপিয়া ধরিল। ননদীরা অনেক বল প্রয়োগ করিয়া সেটা কাড়িয়া লইবার চেষ্টা করিল, কৃতকার্য না হইয়া অনল দাদাকে ডাকিয়া আনিল। প্যারীমোহন আসিয়া গম্ভীরভাবে খাটে বসিল। মেঘমন্ত্রন্থরে বলিল, "থাতা দাও।" আদেশ পালন হইল না দেখিয়া আরও তুই-এক স্থুর গলা নামাইয়া কহিল, "দাও।"

বালিকা খাতাটি বক্ষে ধরিয়া একান্ত অন্ধনমৃদৃষ্টিতে স্বামীর মুখের দিকে চাহিল।

যখন দেখিল প্যারীমোহন খাতা কাড়িয়া লইবার জ্বন্ত উঠিয়াছে, তখন সেটা মাটিতে
কেলিয়া দিয়া তুই বাহুতে মুখ ঢাকিয়া ভূমিতে সুক্তিত হইয়া পড়িল।

প্যারীমোহন খাতাটি লইয়া বালিকার লেখাগুলি উচ্চৈ: স্বরে পড়িতে লাগিল; শুনিয়া উমা পৃথিবীকে উদ্ভরোত্তর গাঢ়তর আলিন্ধনে বন্ধ করিতে লাগিল; এবং অপর তিনটি বালিকা-শ্রোতা খিল খিল করিয়া হাসিয়া অস্থির হইল।

সেই হইতে উমা আর সে থাতা পার নাই। প্যারীমোহনেরও স্ক্রতত্ত্বকন্টকিত বিবিধ প্রবন্ধপূর্ণ একখানি খাতা ছিল কিন্তু সেটি কাড়িয়া লইয়া ধ্বংস করে এমন মানব-হিতিষী কেহ ছিল না।

প্রক

मश्युं

প্রীযুক্ত ডাক্তার ব্রক্ষেদ্রনাথ শীল
মহাশয়ের নামে এই গ্রন্থ উৎসর্গ করিয়া
তাঁহার প্রতি আমার হৃদয়ের
গভীর প্রদানিবেদন
করিলাম।

স্বিথয় রোগীর নববর্ষ

व्यायात्र द्यांगमयात्र छेनत्र नयवरत्रत्र व्यातिन । नयवरत्रद्वत्र अयन नवीन पृष्ठि व्यत्नक मिन पिथि नारे।

একটু দূরে আসিয়া না দাঁড়াইতে পারিলে কোনো বড়ো জিনিসকে ঠিক বড়ো করিয়া प्रथा यात्र ना । यथन विश्व जिल्ला प्रक्रिक इंदेश शांकि **क्रुव निर्द्धत अ**त्रिभार्गाई जिल्ला जिनिम्दि भाष्टि। कित्रिया नहे। जाहा ना कित्रित्न প্রতিদিনের কাচ্ছ চলে ना। माञ्चरवत्र ইতিহাসে যত বড়ো মহৎ ঘটনাই ঘটুক না নিজের পেটের ক্ষাকে উপস্থিতমতো যদি এकाञ्च कतिया ना दिश यात्र छट्ट वीहारे नक रहा। य मक्त कामान राट माहि খুঁড়িভেছে সে লোক মনেও ভাবে না ষে সেই মুহুর্তেই রাজা-মহারাজার মন্ত্রণাসভায় রাজ্যসাম্রাজ্যের ব্যবস্থা লইরা ভুমুল আন্দোলন চলিভেছে। অনাদি অভীত ও অনস্ক ভবিশ্বং যত বড়োই হ'ক, তবু মান্ধবের কাছে এক মুহুর্তের বর্তমান ভাহার চেয়ে ছোটো নয়। এই জন্ম এই সমন্ত ছোটো ছোটো নিমেষগুলির বোঝা মান্স্যের কাছে যত ভারি এমন यूग-यूगास्ट्रवित्र छात्र नष्ट ;—এই स्म छाहात्र চোধের সামনে এই নিমেষের পর্দাটাই जकलात राहे :- प्र-प्रा**खरात अनारात मर्**धा এই প्रमात यूना का क्रम हहेगा যাইতে থাকে। বিজ্ঞানে পড়া ষায় পৃথিবীর গায়ের কাছের বাডাসের আচ্ছাদনটা যত ঘন, এমন তাছায় দূরের আচ্ছাদন নছে,—পৃথিবীর নিচের টানে ও উপরের চাপে তাছার व्यायवन अमन निविष् इहेना छेर्छ। व्यामारमञ्ज छाहे। यङ व्यामारमञ्ज कार्छत मिरक, ততই আমাদের নিজের টানে ও পরের চাপে আমাদের মনের উপরকার পদা অত্যস্ক विश्व निरवि हरेवा माज़व।

मात्व जाहे वरण सामारमय ममन साववन सामकिवहे सर्वार साक्रवरंगवहे वहना। निष्मत्र मिरक यखरे होन मिर निष्मत्र छेनतकात्र हाकाहीरक उखरे पन कतिया जूनिय। **এই টান ছালকা ছইলে ডবেই পদা ফাঁক ছইরা বার।**

मिथिए इ क्रिन् बहीरमम पूर्वमणाम अरे होत्नम श्रीकिंगिक शानिक है। ज्यानना कित्रमा मिश्राट्छ। निरम्ब काविमिरक स्थन व्यत्नकथानि कांका क्रिक्टिक्ट । किছू अक्टी कविए इ ष्ट्रेत, क्ल अक्षा भारेत्उर ष्ट्रेत, व्यायात हात्उ कांक व्याद्ध व्यापि ना ष्ट्रेल जाहा गण्णवर रहेर ना अहे िखाव निष्मा कि अकरे अकरे अवगव स्था वर्ट ना, अवगविश्व एवन

অপরাধ বলিয়া মনে হয়। কর্তব্যের যে অস্ক নাই, জ্বগৎসংসারের দাবির যে বিরাম নাই; এই জ্বন্ত যতক্ষণ শক্তি থাকে ততক্ষণ সমস্ত মন কাজ্বের দিকে ছটফট করিতে থাকে। এই টানাটানি বতই প্রবল হইয়া উঠে ততই নিজের অস্তরের ও বাহিরের মাঝখানে সেই স্বচ্ছ অবকাশটি ঘুচিয়া যায়—যাহা না থাকিলে সকল জিনিসকে যথা-পরিমাণে সত্য আকারে দেখা যার না। বিশ্বজ্ঞগৎ অনস্ক আকাশের উপরে আছে বলিয়াই, অর্থাৎ তাহা থানিকটা করিয়া আছে ও অনেকটা করিয়া নাই বলিয়াই তাহার ছোটো বড়ো নানা আকৃতি আয়তন লইয়া তাহাকে এমন বিচিত্র করিয়া দেখিতেছি। কিন্তু জ্বনং যদি আকাশে না থাকিয়া একেবারে আমাদের চোধের উপরে চাপিয়া থাকিত—তাহা হইলে ছোটোও যা বড়োও তা, বাঁকাও যেমন সোজাও তেমন।

তেমনি যখন শরীর সবল ছিল তখন অবকাশটাকে একেবারে নিংশেষে বাদ দিবার আয়োজন করিয়াছিলাম। কেবল কাজ এবং কাজের চিস্তা; কেবল অন্তবিহীন দারিত্বের নিবিড় ঠেসাঠেসির মাঝখানে চাপা পড়িয়া নিজেকে এবং জগৎকে স্পষ্ট করিয়া ও সত্য করিয়া দেখিবার স্থযোগ যেন একেবারে হারাইয়াছিলাম। কর্তব্যপরতা যত মহৎ জিনিস হ'ক, সে যখন অত্যাচারী হইয়া উঠে তখন সে আপনি বড়ো হইয়া উঠিয়া মাহুষকে খাটো করিয়া দেয়। সেটা একটা বিপরীত ব্যাপার। মাহুষের আত্মা মাহুষের কাজের চেয়ে বড়ো।

এমন সময় শরীর যথন বাঁকিয়া বসিল, বলিল, আমি কোনোমতেই কাঞ্চ করিব না তথন দায়িত্বের বাঁধন কাটিয়া গেল। তথন টানাটানিতে ঢিল পড়িতেই কাঞ্চের নিবিড়তা আলগা হইয়া আসিল—মনের চারিদিকের আকাশে আলো এবং হাওয়া বহিতে লাগিল। তথন দেখা গেল আমি কাঙ্গের মান্ত্য একথাটা যত সত্য, তাহার চেয়ে ঢের বড়ো সত্য আমি মান্ত্য। সেই বড়ো সত্যটির কাছেই জগৎ সম্পূর্ণ হইয়া দেখা দেয়— বিশ্ববীণা স্থন্দর হইয়া বাজ্যে—সমন্ত রূপরসগন্ধ আমার কাছে শীকার করে যে "তোমারই মন পাইবার জন্ম আমরা বিশ্বের প্রাশ্বনে মুখ ভুলিয়া দাঁড়াইয়া আছি।"

আমার কর্মক্ষেত্রকে আমি কৃত্র বলিয়া নিন্দা করিতে চাই না কিন্তু আমার রোগশ্যা আজ দিগন্তপ্রসারিত আকাশের নীলিমাকে অধিকার করিয়া বিস্তীর্ণ হইয়াছে। আজ আমি আপিসের চৌকিতে আসীন নই, আমি বিরাটের ক্রোড়ে শয়ান। সেইধানে সেই অপরিসীম অবকাশের মাঝধানে আজ আমার নববর্ষের অভ্যাদয় হইল—য়ভ্যুর পরিপূর্ণতা যে কী স্থগভীর আমি যেন আজ তাহার আস্বাদন পাইলাম। আজ নববর্ষ অতলম্পর্ল মৃত্যুর স্থনীল শীতল স্থবিপূল অবকাশপূর্ণ শুদ্ধভার মাঝধানে জীবনের পদ্যটিকে যেন বিকলিত করিয়া ধরিয়া দেখাইল।

4

তাই তো আজ বসস্তশেষের সমন্ত ফুলগন্ধ একেবারে আমার মনের উপরে আসিয়া এমন করিয়া ছড়াইয়া পড়িতেছে। তাই তো আমার থোলা জানালা পার হইয়া বিশ্বআকাশের অতিথিরা এমন অসংকোচে আমার ঘরের মধ্যে আসিয়া প্রবেশ করিতেছে।
আলো যে ওই অস্করীক্ষে কী স্থন্দর করিয়া দাঁড়াইয়াছে, আয় পৃথিবী ওই তার পায়ের
নীচে আঁচল বিছাইয়া কী নিবিড় হর্ষে প্লকিড হইয়া পড়িয়া আছে তাহা যেন এভ
কাল দেখি নাই। এই আজ আমি যাহা দেখিতেছি এ যে মৃত্যুর পটে আঁকা জীবনের
ছবি: যেখানে বৃহৎ, যেখানে বিরাম, যেখানে নিভক্ষ পূর্ণতা, তাহারই উপরে দেখিতেছি
এই স্থন্মী চঞ্চলতার অবিরাম নৃপুর্নিক্ষণ, ভাহার নানা রঙের আঁচলগানির এই
উচ্ছুসিত ঘ্র্যাগতি।

আমি দেখিতেছি বাহিরের দরজার লক্ষ লক্ষ চন্দ্রত্বর গ্রহতারা আলো হাতে খুরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, আমি দেখিতেছি মাছ্মধের ইতিহাসে জন্ম-মৃত্যু উপান-পতন খাত-প্রতিঘাত উচ্চকলরবে উত্তলা হইয়া ফিরিতেছে— কিন্তু সেও তো ওই বাহিরের প্রাক্ষণে। আমি দেখিতেছি ওই যে রাজার বাড়ি তাহাতে মহলের পর মহল উঠিয়াছে, তাহার চূড়ার উপরে নিশান মেঘ ভেদ করিয়া কোপায় চলিয়া গিয়াছে সে আরু চোখে দেখা যার না। কিন্তু চাবি যখন লাগিল, দ্বার যখন খুলিল—ভিতর বাড়িতে একি দেখা যায়! সেধানে আলোয় তো চোধ ঠিকরিয়া পড়ে না, সেধানে সৈক্সসামস্তে ধর জুড়িয়া তো দাঁড়ায় নাই! সেধানে মণি নাই মানিক নাই, সেধানে চক্রাতপে ভো মুক্তার ঝালর यूमिएएह ना। मिथान ছেলেরা ধুলাবালি ছড়াইয়া নির্ভয়ে খেলা করিতেছে, ভাহাতে দাগ পড়িবে এমন রাজআন্তরণ তো কোখাও বিছানো নাই। সেখানে যুবকযুবতীরা মালা বদল করিবে বলিয়া আঁচল ভরিয়া ফুল তুলিয়াছে কিন্তু রাজোভানের মালী আসিয়া তো কিছুমাত্র হাঁকডাক করিভেছে না। বৃদ্ধ সেখানে কর্মশালার বহু কালিমাচিহ্নিত অনেক দিনের জীর্ণ কাপড়খানা ছাড়িয়া কেলিয়া পট্টবসন পরিতেছে, কোথাও তো কোনো নিষেধ দেখি না। ইহাই আশ্চর্ষ যে এত ঐশ্বর্ষ এত প্রতাপের মাঝখানটিতে সমস্ত এমন সহজ, এমন আপন! ইহাই আশ্চর্ষ, পা তুলিতে ভয় হয় না, হাত তুলিতে ছাত কাঁপে না। ইছাই আশ্চর্ষ যে এমন অভেন্ত রহস্তময় জ্যোতির্ময় লোকলোকাস্করের মাঝখানে এই অতি কুদ্র মামুষের জন্মভূত স্থাত্বংখ খেলাধুলা কিছুমাত্র ছোটো নয়, সামান্ত নয়, অসংগভ নয়--সে জন্ম কেহ তাহাকে একটুও লজা দিতেছে না। সবাই বলিভেছে ভোমার ওইটুকু খেলা, ওইটুকু হাসিকান্নার জন্তই এত আরোজন—ইহার বডটুকুই ভুমি গ্রহণ করিতে পার ভতটুকুই সে তোমারই;—যতদ্র পর্যম্ভ ভুমি দেখিভেছ সে ভোমারই ছই চক্ষুর ধন,—যতদূর পর্যন্ত ভোমার মন দিয়া বেড়িয়া লইভে পার সে

ভোমারই মনের সম্পত্তি। তাই এত বড়ো জগৎ ব্রহ্মাণ্ডের মাঝখানে আমার গোরব ঘূচিল না —ইহার অস্কবিহীন ভারে আমার মাধা এতটুকুও নত হইল না।

কিন্তু ইহাও বাহিরে। আরও ভিতরে যাও—সেখানেই সকলের চেমে আশ্চর্ব। সেইখানেই ধরা পড়ে, কোটার মধ্যে কোটা, ভাছার মাঝখানে যে রত্নটি সেই ভো প্রেম। কৌটার বোঝা বছিতে পারি না কিন্তু সেই প্রেমটুকু এমনি যে, ভাহাকে গमात्र शांत्र गांषिया त्रकत काष्ट्र ज्यायात्म सूलाहेया वाशिष्ठ भाति। প্रकां अरे জগৎব্রন্ধাণ্ডের মাঝখানে বড়ো নিভূতে ওই একটিপ্রেম আছে – চারিদিকে সুর্বতারা ছুটাছুটি করিতেছে, তাহার মাঝখানকার শুক্কতার মধ্যে ওই প্রেম; চারিদিকে সপ্তলোকের ভাঙাগড়া চলিতেছে, তাহারই মাঝখানকার পূর্ণতার মধ্যে ওই প্রেম। ওই প্রেমের মুল্যে ছোটোও যে সে বড়ো, ওই প্রেমের টানে বড়োও যে সে ছোটো। ওই প্রেমই তো ছোটোর সমস্ত লজ্জাকে আপনার মধ্যে টানিয়া লইয়াছে, বড়োর সমস্ত প্রতাপকে আপনার মধ্যে আচ্ছন্ন করিয়াছে, ওই প্রেমের নিকেডনের মধ্যে প্রবেশ করিলে দেখিতে পাই বিশ্বজগতের সমস্ত স্থর আমারই ভাষাতে গান করিতেছে—সেধানে একি কাণ্ড! সেধানে নির্জন রাত্রির অন্ধকারে রজনীগন্ধার উন্মুখ গুচ্ছ হইতে যে গন্ধ আসিতেছে সে কি সভাই আমারই কাছে নিঃশব্দরণে দুত আসিল! এও কি বিশ্বাস করিতে পারি! হাঁ সভাই। একেবারেই বিশ্বাস করিতে পারিতাম না মাঝখানে যদি প্রেম না থাকিত। সেই তো অসম্ভবকে সম্ভব করিল। সেই তো এতবড়ো জনতের মাঝখানেও এত ছোটোকে বড়ো করিয়া তুলিল। বাহিরের কোনো উপকরণ ভাহার যে আবশুক হয় না, সে যে আপনারই আনন্দে ছোটোকে গৌরব দান করিতে পারে।

এই জন্মই তো ছোটোকে তাহার এতই দরকার। নইলে সে আপনার আনন্দের পরিমাণ পাইবে কী করিয়া? ছোটোর কাছে সে আপনার অসীম বৃহত্তকে বিকাইয়া দিয়াছে; ইহাতেই তাহার আপনার পরিচর, ইহাতেই তাহার আনন্দের পরিমাণ। সেই জন্মই এমন স্পর্ধা করিয়া বলিতেছি, এই তারাধচিত আকাশের নীচে, এই পুস্পবিকশিত বসস্তের বনে, এই তরক্ষম্পরিত সম্দ্র-বেলায় ছোটোর কাছে বড়ো আসিতেছেন। জগতে সমস্ত শক্তির আন্দোলন, সমস্ত নিয়মের বন্ধন, সমস্ত অসংখ্য কাজের মাঝবানে এই আনন্দের লীলাটিই সকলের চেয়ে গভীর, সকলের চেয়ে সত্য। ইহা অভি ছোটো ছইয়াও ছোটো নহে, ইহাকে কিছুতেই আচ্ছয় করিতে পারিল না। দেশকালের মধ্যে তাহার বিহার; প্রত্যেক ভিলপরিমাণ দেশকে ও পলপরিমাণ কালকে অসীমত্তে উন্তাসিত করা তাহার অভাব;—আর, আমার এই ক্ষে আমি টুকুকে নানা আড়ালের ভিতর দিয়া নিবিড় অ্বেতৃংবে আপন করিয়া লওয়া তাহার পরিপূর্ণতা।

खगरलय गलीय मावसानिएल এই यেसान ममन्त्र अत्कवादारे महन्त्र, स्थान वित्यव বিপুল বোঝা আপনার সমস্ত ভার নামাইয়া দিয়াছে, সত্য ষেধানে স্থন্দর, শক্তি বেধানে প্রেম, সেইখানে একেবারে সহজ হইয়া বসিবার জন্ম আজ নববর্ষের দিনে ডাক আসিল। र्यापिक श्रेत्राम, रापिक युक्त मिहे मरमात्र एड। चाह्ये-किन मिहे मिहे थांिक्रा पिन-मर्क्ति महेर्छ इहेरव । मिंहे थात्नहें कि इत्रम पिनांशना ? এहें विभूग ছাটের বাহিরে নিধিল ভূবনের নিভূত ঘরটির মধ্যে একটি জারগা আছে বেখানে হিসাবকিতাব নাই, ষেধানে আপনাকে অনায়াসে সম্পূর্ণ সমর্পণ করিতে পারাই মহন্তম লাভ, ষেখানে ফলাফলের তর্ক নাই, বেতন নাই কেবল আনন্দ আছে; কর্মই ষেখানে সকলের চেয়ে প্রবল নছে, প্রভূ ষেধানে প্রিয় -- সেধানে একবার ষাইতে হইবে, একেবারে ঘরের বেশ পরিয়া, হাসিমুখ করিয়া। নহিলে প্রাণপণ চেষ্টায় কেবলই আপনাকে আপনি बीर्ग कत्रिया आत्र कछिन अमर्न कत्रिया छिनात् ? निस्कत्र मरधा अम नारे ला अम नारे—अमृजरुष रहेरज अम গ্রহণ করিতে रहेरत। मে अम जेशार्करनेत अम नम, म প্রেমের অন্ন – হাত খালি করিয়া দিয়া অঞ্চলি পাতিয়া চাহিতে পারিলেই হয়। সহজ ছইয়া সেইখানে চল্—আজ নববর্ষের পাধি সেই ডাক ডাকিতেছে, বেলফুলের গন্ধ সেই সছক্ষ কথাটিকে বাতাসে অঘাচিত ছড়াইয়া দিতেছে। নববৰ্ষ যে সছক্ষ কথাটি জানাইবার च्यम প্রতিবংসর দেখা দিয়া যায়, রোগের শ্যাায় কাব্য ছিল না বলিয়া সেই কথাটি আৰু ত্মৰ হইয়া শুনিবার সময় পাইলাম—আৰু প্ৰভাতের আলোকের এই নিমন্ত্রণ-পত্রটিকে প্রণাম করিয়া মাপায় করিয়া গ্রহণ করি।

7073

রূপ ও অরূপ

জগং বলিয়া আমরা যাহা জানিতেছি সেই জানাটাকে আমাদের দেশে মায়া বলে।
বন্ধত তাহার মধ্যে যে একটা মায়ার ভাব আছে তাহা কেবল তত্ত্বজ্ঞান বলে না আধুনিক
বিজ্ঞানও বলিয়া থাকে। কোনো জিনিস বন্ধত দ্বির নাই, তাহার সমন্ত অণু পরমাণ্
নিয়ত কম্পমান অথচ জানিবার বেলায় এবং ব্যবহারকালে আমরা তাহাকে দ্বির বলিয়াই
জানিতেছি। নিবিড়তম বন্ধও জালের মতো ছিন্তবিশিষ্ট অথচ জানিবার বেলায় তাহাকে
আমরা অচ্ছিত্র বলিয়াই জানি। ফটিক জিনিসটা যে কঠিন জিনিস তাহা ফুর্বোধন
একদিন ঠেকিয়া শিধিয়াছিলেন অথচ আলোকের কাছে যেন সে জিনিসটা একেয়ারে নাই
বলিলেই হয়। এদিকে যে মহাপ্রবল আকর্ষণ স্থা ছইতে পৃথিবী ও পৃথিবী হইতে স্থা

প্রসারিত, যাহা লক্ষ কোটি হাতির বলকে পরান্ত করে আমরা তাহার ভিতর দিরা চলিতেছি কিন্তু মাকড়সার জালটুকুর মতোও তাহা আমাদের গারে ঠেকিতেছে না। আমাদের সম্বন্ধ যেটা আছে এবং যেটা নাই অন্তিপ্ররাজ্যে যমজ ভাইরের মতো তাহারা হয়তো উভরেই পরমান্দ্রীয়; তাহাদের মাঝখানে হয়তো একেবারেই ভেদ নাই। বস্তুমাত্রই একদিক থেকে দেখিতে গেলে বাষ্প—সেই বাষ্প ঘন হইয়া আছে বলিয়াই তাহাকে দৃঢ় আকারে বন্ধ করিয়া প্রত্যক্ষ দেখি কিন্তু উত্তাপের তাড়ায় তাহা আলগা হইয়া গেলেই মরীচিকার মতো তাহা ক্রমলই দৃষ্টির অগোচর হইবার উপক্রম করিতে থাকে। বস্তুত হিমালয় পর্বতের উপরকার মেঘের সহিত হিমালয়ের প্রভেদকে আমরা গুরুত্রর বলি বটে কিন্তু সেই গুরুত্রর ভাবিরা দেখিলেই লঘু হইয়া পড়ে। মেদ যেমন অদৃশ্য বাষ্পের চেরে নিবিভৃতর, হিমালয়ও সেইরূপ মেঘের চেরে নিবিভৃতর।

তার পর কালের ভিতর দিয়া দেখো সমস্ত জিনিসই প্রবহমান। তাই আমাদের দেশে বিশ্বকে জগৎ বলে—সংসার বলে; তাহা মুহূর্তকাল স্থির নাই, তাহা কেবলই চলিতেছে, সরিতেছে।

যাহা কেবলই চলে, সরে. তাহার রূপ দেখি কা করিয়া ? রূপের মধ্যে তো একটা স্থিরত্ব আছে। যাহা চলিতেছে, তাহাকে, ষেন চলিতেছে না, এমন ভাবে না দেখিলে আমরা দেখিতেই পাই না। লাটিম ধখন জ্বতবেগে ঘুরিতেছে তখন আমরা তাহাকে স্থির দেখি। মাটি ভেদ করিয়া যে অঙ্কুরটি বাহির হইয়াছে প্রতি নিমেষেই ভাহার পরিবর্তন হইতেছে বলিয়াই ভাহার পরিণতি ঘটে। কিন্তু ধখন তাহার দিকে তাকাই সে কিছু মাত্র ব্যস্ততা দেখায় না; যেন অনস্তকাল সে এই রক্ম অঙ্কুর হইয়াই খুলি থাকিবে, ষেন তাহার বাড়িয়া উঠিবার কোনো মতলবই নাই। আমরা ভাহাকে পরিবর্তনের ভাবে দেখি না, স্থিতির ভাবেই দেখি।

এই পৃথিবীকে আমরা ক্লকালের মধ্যে বন্ধ করিয়া দেখিতেছি বলিয়াই ইহাকে এব বলিয়া বর্ণনা করিতেছি—ধরণী আমাদের কাছে ধৈর্যের প্রতিমা। কিন্তু বৃহৎকালের মধ্যে ইহাকে দেখিতে গেলে ইহার এবরপ আর দেখি না তখন ইহার বহরপী মৃতি ক্রমেই ব্যাপ্ত হইতে হইতে এমন হইয়া আসে যে, আমাদের ধারণার অগোচর হইয়া যায়। আমরা বীজকে ক্লকালের মধ্যে বীজরূপে দেখিতেছি কিন্তু বৃহংকালে তাহাকে দেখিতে গেলে তাহা গাছ হইয়া অরণ্য-পরস্পরার মধ্য দিয়া নানা বিচিত্ররূপে ধাবিত হইয়া পাপ্রে কয়লার খনি হইয়া আগুনে পুড়িয়া ধোঁয়া হইয়া ছাই হইয়া ক্রমে যে কী হইয়া ধার তাহার আর উদ্দেশ পাওয়াই শক্ত।

ष्णामत्रा क्ष्मवेकात्मत्र मध्या वक्ष कित्रा धित्रत्रा साहात्क ष्णमां कित्रत्रा सिथ वख्र छ

তাহার সে রূপ নাই কেননা সতাই তাহা বন্ধ হইয়া নাই এবং ক্ষণকালেই ভাহার শেষ নহে। আমরা দেখিবার জন্ম জানিবার জন্ম ভাহাকে দ্বির করিয়া স্বতম করিয়া তাহাকে যে নাম দিতেছি সে নাম তাহার চিরকালের সত্য নাম নহে। এই জন্মই আমরা যাহা কিছু দেখিতেছি জানিতেছি বলিয়া দ্বির করিয়াছি ভাহাকে মারা বলা হইয়াছে। নাম ও রূপ যে লাশত নহে একথা আমাদের দেশের চাষারাও বলিয়া থাকে।

কিন্ত গজিকে এই যে শ্বিভিন্ন মধ্য দিয়া আমনা জানি এই স্থিভিন্ন ভন্ধটা তো আমাদের নিজের গড়া নহে। আমাদের গড়িবার ক্ষমতা কিসের? অভএব, গভিই সত্য, স্থিভি সত্য নহে, একথা বলিলে চলিবে কেন? বস্তুত সত্যকেই আমনা ধ্রব বলিয়া থাকি, নিত্য বলিয়া থাকি। সমস্ত চঞ্চলতার মাঝবানে একটি স্থিভি আছে বলিয়া সেই বিশ্বভিস্তত্তে আমনা যাহা কিছু জানিতেছি নহিলে সেই জানার বালাইমাত্র থাকিত না— যাহাকে মানা বলিভেছি ভাহাকে মানাই বলিতে পারিভাম না যদি কোনোখানে সভ্যের উপলব্ধি না থাকিত।

সেই সতাকে লক্ষ্য করিয়াই উপনিষ্থ বলিভেছেন—

"এতক্ত বা অক্ষয়ত প্রশাসনে গাগি নিষেষা মুহুর্তা অছোরাত্রধ্যার্থামাসা মাসা গতবঃ সংবৎসরা ইতি বিধৃতান্তিষ্ঠন্তি।"

সেই নিডা পুরুষের প্রশাসনে, ছে গার্নি নিমেষ মুহুর্ত অহোরাত্র অর্ধমাস মাস ঋতু সংবৎসর সকল বিধৃত হইয়া শ্বিতি করিতেছে।

অর্থাৎ এই সমন্ত নিমের মূহুর্তগুলিকে আমরা একদিকে দেখিতেছি চলিতেছে কিন্তু আর একদিকে দেখিতেছি তাহা একটি নিরবচ্ছিন্নতাস্ত্রে বিধৃত হইরা আছে। এই জন্তই কাল বিশ্বচরাচরকে ছিন্ন ছিন্ন করিয়া যাইতেছে না, তাহাকে সর্বত্র জুড়িয়া গাঁধিরা চলিতেছে। তাহা জগৎকে চক্মকি ঠোকা ফুলিঅপরস্পরার মতো নিক্ষেপ করিতেছে না, আছন্ত যোগযুক্ত শিধার মতো প্রকাশ করিতেছে। তাহা যদি না হইত তবে আমরা মূহুর্তকালকেও জানিতাম না। কারণ আমরা এক মূহুর্তকে অক্ত মূহুর্তের সঙ্গে যোগেই জানিতে পারি বিচ্ছিন্নতাকে জানাই যার না। এই যোগের তত্ত্বই দ্বিতির তত্ত্ব। এইখানেই সত্যা, এইখানেই নিত্য।

যাহা অনম্ভ সত্য, অর্থাৎ অনম্ভ শ্বিভি, ভাষা অনম্ভ গতির মধ্যেই আপনাকে প্রকাশ করিভেছে। এই জন্ম সকল প্রকাশের মধ্যেই ছুই দিক আছে। ভাষা একদিকে বছ, নভুবা প্রকাশই ছন্ন না, আন্ন একদিকে মৃক্ত, নভুবা অনম্ভেন্ন প্রকাশ হইতে পারে না। একদিকে ভাষা হইয়াছে আন্ন একদিকে ভাষার ছন্ত্রা শেষ হন্ন নাই, ভাই সে কেবলই চলিভেছে। এই জন্মই অগৎ জন্মৎ, সংসার সংসার। এই জন্ম

কোনো বিশেষরূপ আপনাকে চরমভাবে বন্ধ করে না—যদি করিত তবে সে আনস্কের প্রকাশকে বাধা দিত।

তাই বাঁহারা অনম্বের সাধনা করেন, বাঁহারা সত্যকে উপলব্ধি করিতে চান, তাঁহাদিগকে বারবার একথা চিম্বা করিতে হয়, চারিদিকে বাহা কিছু দেখিতেছি জ্বানিতেছি ইহাই চরম নহে, শ্বতম্ব নহে, কোনো মুহুর্তেই ইহা আপনাকে আপনি পূর্ব করিয়া প্রকাশ করিতেছে না বাদি তাহা করিত তবে ইহারা প্রত্যেকে শ্বয় শ্বপ্রকাশ হইয়া শ্বির হইয়া থাকিত। ইহারা অম্বহীন গতি দ্বারা যে অম্বহীন স্থিতিকে নির্দেশ করিতেছে সেইখানেই আমাদের চিত্তের চরম আশ্রয় চরম আনন্দ।

অতএব আধ্যাত্মিক সাধনা কর্ধনোই রূপের সাধনা হইতে পারে না। তাহা সমস্ত রূপের ভিতর দিয়া চঞ্চল রূপের বন্ধন অতিক্রম করিয়া প্রত্ব সত্যের দিকে চলিতে চেষ্টা করে। ইন্দ্রিয়গোচর যে কোনো বস্তু আপনাকেই চরম বলিয়া স্বতম্ব বলিয়া ভান করিতেছে, সাধক তাহার সেই ভানের আবরণ ভেদ করিয়া পরম পদার্থকে দেখিতে চায়। ভেদ করিতেই পারিত না যদি এই সমস্ত নাম রূপের আবরণ চিরস্তন হইত। যদি ইহারা অবিশ্রাম প্রবহমান ভাবে নিয়তই আপনার যেড়া আপনিই ভাঙিয়া না চলিত তবে ইহারা ছাড়া জ্মার কিছুর জন্ম কোনো চিস্কাও মাহ্মবের মনে মুহুর্তকালের জন্ম স্থান পাইত না তবে ইহাদিগকেই সত্য জানিয়া আমরা নিশ্চিম্ভ হইয়া বিসমা থাকিতাম—তবে বিজ্ঞান ও তত্ত্ত্তান এই সমস্ত অচল প্রতাক্ষ সত্যের ভীষণ শৃত্মলে বাধা পড়িয়া একেবারে মৃক হইয়া মূর্ছিত হইয়া থাকিত। ইহার পিছনে কিছুই দেখিতে পাইত না। কিন্তু সমস্ত বন্ধ রন্ধ কেবলই চলিতেছে বলিয়াই, সারি সারি দাড়াইয়া পর্য রোধ করিয়া নাই বলিয়াই আমরা অবন্ধ সত্যের, অক্ষর পুরুষের সন্ধান পাইতেছি। সেই সত্যকে জানিয়া সেই পুরুষের কাছেই আপনার সমস্তকে নিবেদন করিয়া দেওয়াই আধ্যাত্মিক সাধনা। স্মৃতরাং তাহা সত্যের দিক হইতে রূপের দিকে কোনো মতে উজ্ঞান পথে চলিতে পারে না।

এই তো আধ্যাত্মিক সাধনা। শিল্প-সাহিত্যের সাধনাটা কী ? এই সাধনার
মান্তবের চিত্ত আপনাকে বাহিরে রূপ দিয়া সেই রূপের ভিতর হইতে পুনশ্চ আপনাকেই
ফিরিয়া দেখিতেছে।

সৌন্দর্শের মধ্যে আনন্দ আপনাকেই বাহিরে দেখিতে পায় - সেইজগুই সৌন্দর্শের গোরব। মাহ্য আপনার সৌন্দর্শ-স্থার মধ্যে আপনারই আনন্দময় স্বর্নপকে দেখিতে পায়—শিল্পীর শিল্পে কবির কাব্যে মাহ্যুষের সেইজগুই এত অন্তর্মাণ। শিল্পে সাহিত্যে মাহ্যুষ কেবলই যদি বাহিরের রূপকেই দেখিত আপনাকে না দেখিত অবে সে শিল্প-সাহিত্য ভাহার পক্ষে একেবারে ব্যর্থ ছইত।

এই बन्नरे बिन्न-गाहिएं। ভাবব্যঞ্জনার (suggestiveness) এত আদর। এই ভাববাঞ্চনার দ্বারা ব্লপ আপনার একাস্ক ব্যক্তভা যথাসম্ভব পরিহার করে বলিয়াই অব্যক্তের অভিমূবে আপনাকে বিলীন করে বলিয়াই মান্থবের হৃদয় তাহার দ্বারা প্রতিহত রাজোভানের সিংহ্ছারটা কেমন? ডাহা যতই অহভেদী হ'ক, তাহার कांक्रेंनिश्रा यखेरे थाक, खरू मि बरण ना धामारक धामित्रारे ममख भष स्थि रहेण। আসল গন্ধব্য স্থানটি যে তাহাকে অতিক্রম করিয়াই আছে এই কথাই তাহার জানাইবার कथा। এই व्यक्त मिटे छाउन कठिन भाषत पित्रा ये पुर कित्रारे छिति रूछेक ना त्कन, म जाननाव मध्य ज्यानकथानि कांक वाथिया प्रमा वश्चल मिहे कांकिंग विकास করিবার জন্তু সে থাড়া হইয়া দাঁড়াইয়া আছে। সে ষতটা আছে তাহার চেয়ে নাই অনেক বেশি। ভাছার সেই "নাই" অংশটাকে যদি সে একেবারে ভরাট করিয়া দেয় তবে সিংহোতানের পথ একেবারেই বন্ধ। তবে তাহার মতো নিষ্ঠুর বাধা আর নাই। ভবে সে দেয়াল হইয়া উঠে এবং ধাহারা মৃঢ় ভাহারা মনে করে এইটেই দেখিবার क्षिनिम, रेशा अन्हार जाद किहूरे नारे; এবং याशादा महान कान जारादा रेशाक অতি বুল একটা মূর্তিমান বাছল্য জানিয়া অন্তব্ৰ পথ খুঁজিতে বাহির হয়। রূপমাত্রই **এইরপ সিংহছার। সে আপনার ফাঁকটা লইরাই গৌরব করিতে পারে।** व्यापनारकरे निर्मिष कविरम वक्षन करव, अथ निर्मिष कविरमरे मछा कथा वरम। स्म जूगारक मिथारेरव, जानमरक প্রकाम कत्रिरव, की मिल्ल गाहिरछा की क्षां९-एष्टिरछ এই তাহার একমাত্র কাজ। কিন্তু সে প্রার মাঝে মাঝে তুরাকাক্ষাগ্রপ্ত দাসের মতো আপনার প্রভূর সিংহাসনে চড়িয়া বসিবার আয়োজন করে। তথন তাহার সেই স্পর্ধায় আমরা যদি যোগ দিই তবে বিপদ ঘটে—তথন ভাছাকে নষ্ট করিয়া ফেলাই তাহাব সম্বন্ধে व्यामात्मत्र कर्जवा — छ। तम वजहे लिय ह'क, अमन कि, तम यमि व्यामात्र निस्कत्रहे অহংক্লপটা হয় তবুও। বন্ধত ক্লপ ধাহা তাহাকে তাহার চেয়ে বড়ো করিয়া জানিলেই সেই বড়োকে ছারানো ছয়।

মনে করা যাক পূর্ণিয়া রাত্রির গুল্র সৌন্দর্ব দেখিয়া কোনো কবি বর্ণনা করিতেছেন যে, স্থরলোকে নালকান্তমণিময় প্রাক্তনায়া নালনের নবমন্ত্রিকায় ফুলশ্যা রচনা করিতেছেন। এই বর্ণনা যথন আমরা পড়ি ডখন আমরা জানি পূর্ণিমা রাত্রিসমূদ্ধে এই क्थांने একেবারে শেষ কথা নছে—অসংখ্য ব্যক্ত ও অব্যক্ত কথার মধ্যে এ একটা কথা;—এই উপমাটিকে গ্রছণ করার দারা অস্তু অগণ্য উপমার পথ বন্ধ করা হয় না, বর্ঞ পথকে প্রশন্তই করা হয়।

किन यनि ज्यानः कात्रिक वन्नभूर्वक नियम कतिया एमन एव, भूर्निमा त्राजि मचरक नमन्त्र यानवनाहिएछ। এই এकियां छेनमा ছाफ़ा ब्याव कारना छेनमां हेहरे लाख ना-যদি কেহ বলে, কোনো দেবতা রাত্রে স্বপ্ন দিয়াছেন ষে এই রূপই পূর্ণিমার সভ্য রূপ— এই क्रशक्ट क्वन भाग कविष्ठ हहेत्व, श्रकाम कविष्ठ हहेत्व, कात्वा भूवात्व এই রপেরই আলোচনা করিতে হইবে, তবে পূর্ণিমা সম্বন্ধে সাহিত্যের খার ক্ষ হইয়া यारेरा। তবে আমাদিগকে স্বोকার করিতে হইবে এরপ চরম উপমার দৌরাস্মা একেবারে অসহা—কারণ ইহা মিধ্যা। যভক্ষণ ইহা চরম ছিল না তভক্ষণই ইহা সভ্য ছিল। বস্তুত এই কথাটাই সতা যে পূর্ণিমা সম্বন্ধে নিতা নব নব রূপে মাহুষের আনন্দ আপনাকেই প্রকাশ করে। কোনো বিশেষ একটিমাত্র রূপই যদি সভা হয় তবে সেই আনন্দই মিথ্যা হইয়া যায়। জগৎ-সষ্টভেও ষেমন স্টিকর্ডার আনন্দ কোনো একটিমাত্র রূপে আপনাকে চিরকাল বন্ধ করিয়া শেষ করিয়া ক্লেলে नारे,—अनानिकान रहेरा छाराव नव नव विकास छिना आंत्रिएए, राज्यनि সাহিত্যশিল্প স্পষ্টতেও মাছ্যের আনন্দ কোনো একটিমাত্র উপমায় বর্ণনায় আপনাকে চিরকালের মতো বন্দী করিয়া থামিয়া যায় নাই, সে কেবলই নব নব প্রকাশের মধ্যে লীলা করিভেছে। কারণ, রূপ জিনিসটা কোনো কালে বলিভে পারিবে না ষে, আমি এইখানেই থামিয়া দাঁড়াইলাম, আমিই শেষ—দে যদি চলিতে না পারে তবে তাহাকে বিক্বত হইয়া মরিতে হইবে। বাতি ষেমন ছাই হইতে হইতে শিখাকে প্রকাশ করে, রূপ তেমনি কেবলই আপনাকে লোপ করিতে করিতে একটি শক্তিকে আনন্দকে প্রকাশ ুক্রিতে থাকে। বাতি যদি নিজে জক্ষয় হইতে চায় তবে শিথাকেই গোপন করে---রূপ যদি আপনাকেই ধ্রুব করিতে চায় তবে সত্যকে অশ্বীকার করা ছাড়া ভাছায় উপায় নাই। এইজন্ম রূপের অনিত্যতাই রূপের সার্থকতা, তাছাই ভাছার গৌরব। রূপ নিত্য হইবার চেষ্টা করিলেই ভয়ংকর উৎপাত হইয়া ওঠে। শ্রুরের অমৃত অশ্বর পান করিলে স্বর্গলোকের বিপদ তখন বিধাভার হাতে ভাহার অপঘাত মৃত্যু ঘটে। পৃথিবীতে ধর্মে কর্মে সমাজে সাহিত্যে নিয়ে সকল বিষয়েই আমর। ইছার প্রমাণ পাই। মান্থবের ইতিহাসে যত কিছু ভীষণ বিপ্লব ঘটিয়াছে তাহার মূলেই রূপের এই অসাধু চেষ্টা আছে। রপ যখনই একান্ত হইয়া উঠিতে চাম তখনই তাহাকে মূপান্তরিত করিয়া মানুষ ভাছার অভ্যাচার হইতে মহয়ত্বকে বাঁচাইবার জন্ম প্রাণপণ লড়াই করিতে প্রবৃত্ত হর।

वर्जमानकारण जामारमय जिक्किं लारकता यथन প্রতিমাপ্জার সমর্থন করেন তথন তাঁহারা বলেন প্রতিমা জিনিসটা আর কিছুই নছে, উহা ভাবকে রূপ দেওরা। অর্থাৎ মাসুবের মধ্যে যে বৃত্তি শিল্পসাহিত্যের সৃষ্টি করে ইহাও সেই বৃত্তির কাব্দ। किन अक है जीविया पिथिलारे वृक्षा यारेट कथाने मजा नहा। प्रवश्कित जेशानक क्षरनाष्ट्रे माहिला हिमार्य (मर्थन ना। कार्यन, माहिरला आमर्या कन्ननारक मुक्ति पियार चम्रहे ऋপের रुष्टि कति দেবমৃতিতে আমরা কল্পনাকে বন্ধ করিবার জন্মই চেষ্টা করিয়া থাকি। আমরা কল্পনাকে ডখনই কল্পনা বলিয়া জ্বানি যখন ভাছার প্রবাহ थारक, यथन छाष्टा এक ष्टेरा जाय-এरक्य पिरक हरण, यथन छाष्टाव मौमा कठिन शास्क না ; তথনই কল্পনা আপনার সত্য কাজ করে। সে কাজটি কী, না, সত্যের অনস্ত রূপকে निर्मि कदा। कद्मना यथन शामिया शिवा कियमगात এकि क्रांभव मरशा अकास्टिजार দেহধারণ করে তথন সে আপনার সেই রূপকেই দেখার, রূপের অতীতকে অনস্ক সত্যকে আর দেখার না। সেইজন্ম বিশব্দগতের বিচিত্র ও নিভাপ্রবাহিত রূপের চির-পরিবর্তনশীল অস্তহান প্রকাশের মধ্যেই আমরা অনস্ভের আনন্দকে মৃতিমান দেখিতে পাই। জগতের রূপ কারাপ্রাচীরের মভো অটল অচল হইয়া আমাদিগকে দিরিয়া থাকিলে কখনোই ভাহার মধ্যে আমরা অনস্তের আনন্দকে জানিবার অবকাশমাত্র পাইতাম না। किन्ह यथनरे जामदा विष्ये एक्पर्युटिक भूजा कदि उथनरे मिरे क्रांभद প্রতি আমরা চরমসতাতা আরোপ করি। রূপের স্বাভাবিক পরিবর্তনশীল ধর্মকে লোপ कविद्रा मिष्टे क्रांश्रेक एक्सन कविद्रा प्रिथितामां के छाहारक मिथा। कविद्रा प्रश्रेष हन्न, সেই মিখ্যার দ্বারা কখনোই সভ্যের পূজা হইতে পারে না।

ভবে কেন কোনো কোনো বিদেশী ভাবুকের মুখে আমরা প্রতিমা-পূজার সম্বন্ধ ভাবের কথা শুনিতে পাই? তাহার কারণ তাঁহারা ভাবুক, তাঁহারা পূজক নহেন। তাঁহারা বজকণ ভাবুকের দৃষ্টিতে কোনো মূর্তিকে দেখিতেছেন ততক্ষণ তাঁহারা চরম করিয়া দেখিতেছেন না। একজন প্রীস্টানও তাঁহার কাব্যে সরস্বতীর বন্দনা করিতে পারেন; কারণ সরস্বতী তাঁহার কাছে ভাবের প্রকাশমাত্র - গ্রীসের এবেনীও তাঁহার কাছে যেমন, সরস্বতীও তেমনি। কিন্তু সরস্বতীর বাঁহারা পূজক তাঁহারা এই বিশেষ মূর্তিকেই বিশেষভাবে অবলম্বন করিয়াছেন, জ্ঞানম্বরূপ অনম্বের এই একটিমাত্র রূপকেই তাঁহারা চরম করিয়া দেখিতেছেন—তাঁহাদের ধারণাকে তাঁহাদের ভক্তিকে এই বিশেষ রূপের বন্ধন হইতে তাঁহারা মৃক্ত করিতেই পারেন না।

এই বছন মান্ত্ৰকে এতদ্র পর্যন্ত বনী করে থে, গুনা যায় শক্তি-উপাসক কোনো একজন বিখ্যাত ভক্ত মহাত্মা আলিপুর পশুলালার সিংহকে বিশেষ করিয়া দেখিবার জন্ত

অতিশয় ব্যাকুলতা প্রকাশ করিয়াছিলেন—কেননা "সিংছ মায়ের বাছন"। শক্তিকে সিংছরপে কয়না করিতে দোষ নাই—কিছ সিংছকেই শক্তিরপে ষদি দেখি তবে কয়নার মহত্তই চলিয়া যায়। কারণ, যে কয়না সিংছকে শক্তির প্রতিরপ করিয়া দেখায় সেই কয়না সিংছে আসিয়া শেষ হয় না বলিয়াই আময়া তাহার রপ-উ্ভাবনকে সত্য বলিয়া গ্রহণ করি—যদি তাহা কোনো এক জায়গায় আসিয়া বদ্ধ হয় তবে তাহাঁ মিখা, তবে তাহা মাছষের শক্ত।

যাহা স্বভাবতই প্রবহমান তাহাকে কোনো একটা জায়গায় রুদ্ধ করিবামাত্র তাহা যে মিপা। হইয়া উঠিতে পাকে সমাজে তাহার অনেক দৃষ্টাস্ক আছে। আচার জিনিসটা অনেক স্থলেই সেই বন্ধন-আকার ধারণ করে। তাহার সময় উত্তীর্ণ হইলেও অভ্যাসের আসক্তিবশত আমরা তাহাকে ছাড়িয়া দিতে চাই না। যাহার মুখ্য উদ্দেশ্য চলা এবং চালানো, এক সময়ে তাহাকেই আমরা খোঁটার মডো ব্যবহার করি, অপচ মনে করি যেন তাহার উদ্দেশ্য সিদ্ধি হইতেছে।

একটা উদাহরণ দিই। জগতে বৈষম্য আছে। বস্তুত বৈষম্য স্পষ্টির ম্লতত্ত্ব। কিন্তু সেই বৈষম্য গ্রুব নহে। পৃথিবীতে ধনমান বিত্যাক্ষমতা একজামগায় স্থির নাই, তাহা আবতিত হইতেছে। আজ বে ছোটো কাল সে বড়ো, আজ বে ধনী কাল সে দরিত্র। বৈষম্যের এই চলাচল আছে বলিয়াই মানবসমাজে স্বাস্থ্য আছে। কেননা বৈষম্য না থাকিলে গতিই থাকে না—উচু-নিচু না থাকিলে নদী চলে না, বাতাসে তাপের পার্বক্য না থাকিলে বাতাস বহে না। যাহা চলে না এবং যাহা সচল পদার্বের সঙ্গে যোগ রাধে না তাহা দ্যিত হইতে থাকে। অতএব, মানবসমাজে উচ্চ নীচ আছেই, থাকিবেই এবং থাকিলেই ভালো, একথা মানিতে হইবে।

কিন্তু এই বৈষম্যের চলাচলকে যদি বাঁধ দিরা বাঁধিয়া কেলি, যদি একশ্রেণীর লোককে পুরুষাস্থক্রমে মাধার করিয়া রাখিব এবং আর এক শ্রেণীকে পারের তলার কেলিব এই বাঁধা নিরম একেবারে পাকা করিয়া দিই তবে বৈষম্যের প্রকৃতিগত উদ্দেশ্তই একেবারে মাটি করিয়া কেলি। যে বৈষম্য চাকার মতো আবর্তিত হয় না, সে বৈষম্য নিদারণ ভাবে মাস্থককে চাপিয়া রাখে, তাহা মাস্থককে অগ্রসর করে না। জগতে বৈষম্য ততক্ষণ সত্য যতক্ষণ তাহা চলে, যতক্ষণ তাহা মুক্ত—জগতে লক্ষী যতক্ষণ চঞ্চলা ততক্ষণ তিনি কল্যাণদারিনী। লক্ষীকে এক জারগার চিরকাল বাঁধিতে গেলেই তিনি অলক্ষী হইয়া উঠেন। কারণ, চঞ্চলভার ঘারাই লক্ষী বৈষম্যের মধ্যে সাম্যকে আনেন। হংশী চিরদিন হংশী নয়, সুখী চিরদিন সুখী নয়—এইখানেই সুখীতে হংশীতে সাম্য আহে। স্বৰ্থ হংশের এই চলাচল আছে বলিয়াই সুখ হংশের ঘন্ধে মাস্ক্রমের মঞ্চল ঘটে।

তাই বলিতেছি, সত্যকে, সুন্দরকে, মঞ্চলকে, বে রূপ বে সৃষ্টি ব্যক্ত করিতে থাকে তাছা বছরুল নহে, তাছা একরুল নহে, তাছা প্রবহমান এবং তাছা বহু। এই সত্যস্কলর মঞ্চলের প্রকাশকে যথনই আমরা বিশেষ দেশে কালে পাত্রে বিশেষ আকারে বা আচারে বন্ধ করিতে চাই তথনই তাছা সত্যস্কলর মঞ্চলকে বাধাগ্রন্ত করিয়া মানবসমান্তে তুর্গতি আনরন করে। রূপমাত্রের মধ্যেই বে একটি মারা আছে, অর্থাৎ বে চঞ্চলতা অনিত্যতা আছে, যে অনিত্যতাই সেই রূপকে সত্য ও সৌন্দর্য দান করে, বে অনিত্যতাই তাছার প্রাণ, সেই কল্যাণমরী অনিত্যতাকে কী সংসারে, কী ধর্মসমান্তে, কী শিল্পসাহিত্যে, প্রধার পিশ্বরে অচল করিয়া বাঁধিতে গেলে আমরা কেবল বন্ধনকেই লাভ করি, গতিকে একেবারেই ছারাইয়া ফেলি। এই গতিকে বদি ছারাই তবে শিকলে বাঁধা পাবি যেমন আকাশকে ছারায় তেমনি আমরা অনন্তের উপলব্ধি হইতে বঞ্চিত হই স্কতরাং সত্যের চিরমুক্ত পথ রুদ্ধ হইয়া যায় এবং চারিদিক হইতে নানা অত্তৃত আকার ধারণ করিয়া অসংখ্য প্রমাদ আমাদিগকে মারাবী নিশাচরের মতো আক্রমণ করিতে থাকে। তত্ত্ব হুইয়া জড়বং পড়িয়া থাকিয়া আমাদিগকে তাছা সন্থ করিতে হয়।

7074

নামকরণ

এই আনন্দর্রপিণী কন্তাটি একদিন কোণা হইতে তাহার মারের কোলে আসিরা চক্ষ্ মেলিল। তথন তাহার গারে কাপড় ছিল না, দেহে বল ছিল না, মুথে কথা ছিল না, কিছু দে পৃথিবীতে পা দিয়াই এক মুহূর্তে সমন্ত বিশ্ববন্ধাণ্ডের উপর আপনার প্রবল দাবি জানাইয়া দিল। সে বলিল আমার এই জল, আমার এই মাটি, আমার এই চক্ষ্র প্রহতারকা। এত বড়ো জগৎচরাচরের মধ্যে এই অতি ক্ষুল্ত মানবিকাটি নৃতন আসিয়াছে বলিয়া কোনো হিধা সংকোচ সে দেখাইল না। এখানে যেন ভাহার চির কালের অধিকার আছে, যেন চিরকালের পরিচয়।

বড়লোকের কাছ হইতে ভালোরকমের পরিচয়পত্র সংগ্রহ করিয়া আনিতে পারিলে নৃতন আয়গার রাজপ্রাসাদে আদর অভ্যর্থনা পাইবার পণ পরিকার হইয়া যায়। এই মেয়েটিও বেদিন প্রথম এই পৃথিবীতে আসিল উছার ছোটো মৃঠির মধ্যে একখানি অনুশ্র

১৮৩० चक ज्रा कास्त्र वृहणां छ्वात्र मास्त्रियिक्छन स्थाप्त श्रीयुक्त स्विष्ठकूरात्र हक्ष्मजेत्र कस्त्रात्र नामकत्वन स्वन्नात्रका कविस्त रक्ष्मजात्र नात्रवर्ष । পরিচয়পত্র ছিল। সকলের চেয়ে ঘিনি বড়ো তিনিই নিজের নামসইকরা একথানি চিঠি ইহার হাতে দিয়াছিলেন তাহাতে লেখা ছিল, এই লোকটি আমার নিতান্ত পরিচিত, তোমরা বদি ইহাকে যত্ন কর তবে আমি থুশি হইব।

তাহার পরে কাইছি সাধা ইহার দার রোধ করে। সমস্ত পৃথিবী তথনই বলিয়া উঠিল, এস, এস, আমি ভোমাকে বুকে করিয়া রাধিব—দূর আকাশের তারাগুলি পর্বস্ত ইহাকে হাসিয়া অভার্থনা করিল—বলিল, তুমি আমাদেরই একজন। বসস্তের ফুল বলিল, আমি ভোমার জন্ত ফলের আয়োজন করিতেছি; বর্ষার মেদ বলিল, ভোমার জন্ত অভিষেকের জল নির্মল করিয়া রাধিলাম।

এমনি করিয়া জন্মের আরম্ভেই প্রস্কৃতির বিশ্বদরবারের দরজা খুলিয়া গেল। মা বাপের যে সেহ সেও প্রস্কৃতি প্রস্তুত করিয়া রাখিয়াছে। শিশুর কান্না যেমনি আপনাকে ঘোষণা করিল অমনি সেই মুহুর্তেই জলস্থল আকাশ সেই মুহুর্তেই মা বাপের প্রাণ সাড়া দিল, তাহাকে অপেক্ষা করিতে হইল না।

কিন্তু আরও একটি জন্ম ইহার বাকি আছে, এবার ইহাকে মানবসমাজের মধ্যে জন্ম লইতে হইবে। নামকরণের দিনই সেই জন্মের দিন। একদিন রূপের দেহ ধরিয়া এই কল্পা প্রকৃতির ক্ষেত্রে আসিয়াছিল, আজ্ব নামের দেহ ধরিয়া এই কল্পা সমাজের ক্ষেত্রে প্রথম পদার্পণ করিল। জন্মমাত্রে পিতামাতা এই লিগুকে স্থীকার করিয়া লইয়াছে, কিন্তু এ যদি কেবলই ইহার পিতামাতারই হইত তবে ইহার আর নামের দরকার হইত না, তবে ইহাকে নিত্য নৃতন নৃতন নামে ডাকিলেও কাহারও ক্ষতিবৃদ্ধি ছিল না। কিন্তু এ মেয়েটি নাকি শুধু পিতামাতার নহে, এ নাকি সমন্ত মানবসমাজের, সমন্ত মামুবের জ্ঞান প্রেম কর্মের বিপুল ভাগুরে নাকি ইহার জন্ম প্রস্তুত আছে, সেইজন্ত মানবসমাজ ইহাকে একটি নামদেহ দিয়া আপনার করিয়া লইতে চায়।

মান্থবের যে শ্রেষ্ঠরূপ যে মঞ্চারপ তাহা এই নামদেহটির ন্বারাই আপনাকে চিহ্নিত করে। এই নামকরণের মধ্যে সমস্ত মানবসমাজের একটি আশা আছে, একটি আশীর্বাদ আছে—এই নামটি যেন নই না হয় মান না হয়, এই নামটি যেন ধন্ত হয়, এই নামটি যেন মাধুর্যে ও পবিত্রতায় মান্থবের স্থান্থের মধ্যে অমরতা লাভ করে। যথন ইহার রূপের দেহটি একদিন বিদায় লাইবে তথনও ইহার নামের দেহটি মানবসমাজের মর্ম-স্থানটিতে যেন উজ্জ্বল ইইয়া বিরাজ করে।

আমরা সকলে মিলিরা এই কক্তাটির নাম দিয়াছি, অমিতা। অমিতা বলিতে ব্ঝার এই যে, যাহার সীমা নাই। এই মামটি তো বার্প নহে। আমরা যেখানে মাছ্যের সীমা দেখিতেছি সেইখানেই তো তাহার সীমা নাই। এই যে কলভাবিণী কল্পাটি জানে না বে আজ আমরা ইহাকে লইয়াই জানন্দ করিতেছি, জানে না বাঁহিরে কী ঘটিতেছে, জানে না ইহার নিজের মধ্যে কী আছে—এই অপরিফুটভার মধ্যেই তো ইহার সীমা নছে। এই কন্তাটি বখন একদিন রমণীরূপে বিকসিত হইয়া উঠিবে তখনই কি এ আপনার চরমকে লাভ করিবে? তখনও এই মেয়েটি নিজেকে বাহা বলিয়া জানিবে এ কি তাহার চেয়েও অনেক বড়ো নহে! মাহুষের মধ্যে এই যে একটি অপরিমেরতা আছে যাহা তাহার সীমাকে কেবলই অতিক্রম করিয়া চলিয়াছে তাহাই কি তাহার সকলের চেয়ে শ্রেষ্ঠ পরিচয় নছে? মাহুষ বেদিন নিজের মধ্যে আপনার এই সত্য পরিচয়টি জানিতে পারে সেই দিনই সে ক্রুতার জাল ছেদন করিবার শক্তিপায়, সেই দিনই সে উপস্থিত স্বার্থকৈ লক্ষ্য বলিয়া স্বাকার করে না. সেই দিনই সে চরিস্তন মন্দলকেই আপনার বলিয়া বরণ করিয়া লয়। যে মহাপুরুষেরা মানুষকে সত্য করিয়া চিনিয়াছেন তাঁহারা তো আমাদের মর্ত্য বলিয়া জানেন না, তাঁহারা আমাদের ডাক দিয়া বলেন, তোমরা "অমৃতক্ত পুত্রা:।"

আমরা অমিতা নামে সেই অমৃতের পুত্রীকেই আমাদের সমাজে আহ্বান করিলাম। এই নামটি ইহাকে আপন মানবজন্মের মহত্ত চিরদিন শ্বরণ করাইয়া দিক আমরা ইহাকে এই আশীর্বাদ করি।

আমাদের দেশে নামকরণের সক্তে আর একটি কাজ আছে সেটি অরপ্রাধন। তুটির মধ্যে গভার একটি বোগ রহিরাছে। শিশু যে দিন একমান্ত্র মারের কোল অধিকার করিয়া ছিল সেদিন তাহার অর ছিল মাতৃত্তন্ত। সে অর কাহাকেও প্রস্তুত করিতে হয় নাই—রের একেবারে তাহার একলার জিনিস, তাহাতে আর কাহারও অংশ ছিল না। আজু সে নাম দেহ ধরিয়া মান্তবের সমাজে আসিল তাই আজু তাহার ম্বে মানবসাধারণের অরকণাটি উঠিল। সমন্ত পৃথিবীতে সমন্ত মান্তবের পাতে পাতে বে অরের পরিবেষণ চলিতেছে তাহারই প্রথম অংশ এই কলাটি আজু লাভ করিল। এই অর সমন্ত সমাজে মিলিয়া প্রস্তুত্ত করিয়াছে—কোন্ দেশে কোন্ চাবা রোজবৃষ্টি মাধার করিয়া চাষ করিয়াছে, কোন্ বাহক ইহা বহন করিয়াছে, কোন্ মহাজন ইহাকে হাটে আনিয়াছে, কোন্ কেতা ইহা ক্রের করিয়াছে, কোন্ পাচক ইহা রন্ধন করিয়াছে, তবে এই কলার মুবে ইহা উঠিল। এই মেয়েটি আজু মানবসমাজে প্রথম আতিখ্য লইতে আসিয়াছে, এই জল্প সমাজ আপনার অর ইহার মুবে ভূলিয়া দিয়া অতিথিসংকার করিল। এই আরটি ইহার মুবে ভূলিয়া দেওরার মধ্যে মন্ত একটি কথা আছে। মাছ্র ইহার ছারাই জানাইল আমার বাহা কিছু আছে তাহাতে তোমার অংশ আমি বীকার করিলাম। আমার জানীরা বাহা জানিয়াছেন ভূমি তাহা জানিবে,

4 14

আমার মহাপুরুষেরা যে ভপত্থা করিয়াছেন তুমি তাহার কল পাইবে, আমার বারেরা যে জীবন দিয়াছেন তাহাতে তোমার জীবন পূর্ণ হইয়া উঠিবে, আমার কর্মীরা যে পথ নির্মাণ করিয়াছেন তাহাতে তোমার জীবনযাত্রা অব্যাহত হইবে। এই শিশু কিছুই না জানিয়া আজ একটি মহৎ অধিকার লাভ করিল—অগুকুর এই শুভদিনটি তাহার সমস্ত জীবনে চিরদিন সার্থক হইয়া উঠিতে থাক্।

অগু আমরা ইহাই অহভব করিতেছি মাহুষের জন্মক্ষেত্র কেবল একটিমাত্র নহে, ভাহা কেবল প্রকৃতির ক্ষেত্র নহে, ভাহা মঞ্চলের ক্ষেত্র। ভাহা কেবল জীবলোক নহে তাহা মেহলোক, তাহা আনন্দলোক। প্রকৃতির ক্ষেত্রটিকে চোখে দেখিতে পাই, তাহা জ্বেন্থলে ফলেফুলে সর্বত্রই প্রত্যক্ষ—অপচ তাহাই মাহুষের সর্বাপেক্ষা সত্য আশ্রম নছে। যে জ্ঞান, যে প্রেম, যে কল্যাণ অদৃশ্র হইয়া আপনার বিপুল স্পষ্টিকে বিস্তার করিয়া চলিয়াছে—সেই জ্ঞানপ্রেম-কল্যাণের চিন্ময় আনন্দময় জ্ঞাৎই মাছষের যথার্থ জগং। এই জগতের মধ্যেই মাতুষ যথার্থ জন্মলাভ করে বলিয়াই সে একটি আশ্চর্ষ সন্তাকে আপনার পিতা বলিয়া অমুভব করিয়াছে, যে সন্তা অনিবচনীয়। এমন একটি সভাকেই পরম সতা বলিয়াছে যাহাকে চিম্বা করিতে গিয়া মন ফিরিয়া আসে। এইজ্যাই এই শিশুর জন্মদিনে মামুষ জলস্থলঅগ্নিবায়ুর কাছে কুভজ্ঞতা নিবেদন করে नारे, जनश्नवाद्यापूर वरुत मिलकाल विनि व्यन्त विदाक्यान, उंशिकरे अगाम করিয়াছে। সেইজন্মই আৰু এই শিশুর নামকরণের দিনে মাশুষ মানবসমাৰুকে অর্ঘ্য সাজাইয়া পূজা করে নাই কিন্তু যিনি মানবসমাজের অন্তরে প্রীতিরূপে কল্যাণরূপে অধিষ্ঠিত তাঁহারই আশীর্বাদ সে প্রার্থনা করিতেছে। বড়ো আশুর্য মামুষের এই উপলব্ধি এই পূজা, বড়ো আশ্চর্ষ মাহুষের এই অধ্যাত্মলোকে জন্ম, বড়ো আশ্চর্য মাহুষের এই দুক্ত জগতের অন্তর্বতী অদৃশ্য নিকেতন। মাহুষের কৃধাতৃষ্ণা আশুর্ব নছে, মাহুষের ধনমান দইয়া কাড়াকাড়ি আশ্চর্ষ নহে, কিন্তু বড়ো আশ্চর্য—জন্ম হইতে মৃত্যু পর্যন্ত জীবনের পর্বে পর্বে মান্নবের সেই অদৃশুকে পূজা বলিয়া প্রণাম, সেই অনম্ভকে আপন বলিয়া আহ্বান। অভ এই শিশুটকৈ নাম দিবার বেলায় মাহুষ সকল নামরপের আধার ও সকল নাম-রূপের অতীতকে আপনার এই নিতান্ত ঘরের কাজে এমন করিয়া আমন্ত্রণ করিতে ভরুসা পাইল ইহাতেই মাত্রষ সমস্ত জীবসমাজের মধ্যে ক্তক্তার্থ ছইল,— ধন্য ছইল এই क्गारि, এবং ध्रु इहेमाम व्यामता।

ধর্মের নবযুগ

সংসারের ব্যবহারে প্রতিদিন আমরা ছোটো ছোটো সীমার মধ্যে আপনাকে ক্লম্ব করিয়া থাকি। এমন অবস্থায় মাসুষ স্বার্থপরভাবে কাজ করে, গ্রাম্যভাবে চিন্ধা করে, ও সংকীর্ন সংস্থারের অন্ত্সরন করিয়া অত্যন্ত অন্ত্লারভাবে নিজের রাগন্থেকে প্রচার করে। এইজন্মই দিনের মধ্যে অন্তত একবার করিয়াও নিজেকে অসীমের মধ্যে প্রতিষ্ঠিত করিয়া দেখিবার উপদেশ আছে। অন্তত একবার করিয়াও এ কথা ব্রিতে হইবে যে কোনো ভৌগোলিক ভূমিখণ্ডেই আমার চিরকালের দেশ নহে, সমন্ত ভূভূবিঃ স্বঃ আমার বিরাট আশ্রয়; অন্তত একবার করিয়াও অন্তরের মধ্যে এই কথাটিকে ধ্যান করিয়া লইতে হইবে যে, আমার ধীশক্তি আমার হৈতন্ত কোনো একটা কলের জিনিসের মতো আমার মধ্যেই উৎপন্ন ও আমার মধ্যেই বন্ধ নহে, জগদ্বাপী ও জগতের অতীত অনস্ত হৈতন্ত হুতিই তাহা প্রতিমূহুর্তে আমার মধ্যে বিকীর্ণ হুইতেছে।

এইরপে নিজেকে ষেমন সমন্ত আবরণ হইতে মুক্তি দিয়া সত্য করিয়া দেখিতে হইবে নিজের ধর্মকেও তেমনি করিয়া তাহার সত্য আধারের মধ্যে দেখিবার সাধনা করা চাই। আমাদের ধর্মকেও ঘখন সংসারে আমরা প্রতিদিন ব্যবহার করিতে থাকি তখন কেবলই তাহাকে নিজের নানাপ্রকার ক্ষুত্রতার দ্বারা বিজ্ঞতি করিয়া কেলি। মুখে যাহাই বলি না কেন, ভিতরে ভিতরে তাহাকে আমাদের সমাজের ধর্ম আমাদের সম্প্রদায়ের ধর্ম করিয়া কেলি। সেই ধর্মসম্বন্ধ আমাদের সমস্ত চিন্তা সাম্প্রদায়িক সংস্কারের দ্বারা অন্থরঞ্জিত হইয়া উঠে। অন্থান্থ বৈষয়িক ব্যাপারের ন্যায় আমাদের ধর্ম, আমাদের আত্মাভিমান বা দলীয় অভিমানের উপলক্ষ্য হইয়া পড়ে; ভেদবৃদ্ধি নানাপ্রকার ছদ্মবেল ধরিয়া জাগিতে থাকে; এবং আমরা নিজের ধর্মকে লইরা অন্থান্থ দলের সহিত প্রতিযোগিতার উত্তেজনার হারজিতের ঘোড়দৌড় থেলিয়া থাকি। এই সমস্ত ক্ষুত্রতা যে আমাদেরই স্বভাব, তাহা যে আমাদের ধর্মের স্বভাব নহে সে কথা আমরা ক্রমে ক্রমে' ভূলিয়া যাই এবং একদিন আমাদের ধর্মের উপরেই আমাদের নিজের সংকীর্ণতা আরোপ করিয়া তাহাই লইয়া গোরব করিতে লক্ষ্ম বোধ করি না।

এইজন্মই আমাদের ধর্মকে অস্কৃত বৎসরের মধ্যে একদিনও আমাদের স্বর্গিত সমাজের বেষ্টন হইতে মৃক্তি দিয়া সমন্ত মাহ্মষের মধ্যে তাহার নিত্য প্রতিষ্ঠার তাহার সত্য আত্মরে প্রত্যক্ষ করিয়া দেখিতে হইবে; দেখিতে হইবে, সকল মাহ্মষের মধ্যেই তাহার সামঞ্জক্ত আছে কিনা, কোথাও তাহার বাধা আছে কিনা—ব্ঝিতে হইবে তাহা সেই পরিমাণেই সত্য যে পরিমাণে তাহা সকল মাহ্মষেরই।

কিছুকাল হইতে মান্থবের সভ্যতার মধ্যে একটা খুব বড়ো রকমের পরিবর্তন দেখা দিতেছে—তাহার মধ্যে সমুদ্র হইতে যেন একটা জোয়ার আসিয়াছে। একদিন ছিল যখন প্রত্যেক জাতিই ন্যুনাধিক পরিমাণে আপনার গণ্ডির মধ্যে আবদ্ধ হইরা বসিয়াছিল। নিজের সঙ্গে সমস্ত মানবেরই যে একটা গৃঢ়গভীর যোগ আছে ইহা সে ব্ঝিডই না। সমস্ত মান্থবকে জানার ভিতর দিয়াই যে নিজেকে সত্য করিয়া জানা যায় একথা সে খীকার করিতেই পারিত না। সে এই কথা মনে করিয়া নিজের চৌকিতে খাড়া হইয়া মাথা তুলিয়া বসিয়াছিল যে, তাহার জাতি, ভাহার সমাজ, ভাহার ধর্ম যেন ঈশবের বিশেষ সৃষ্টি এবং চরম সৃষ্টি—অক্ত জাতি, ধর্ম, সমাজের সঙ্গে ভাহার মিল নাই এবং মিল থাকিতেই পারে না। স্বধর্মে এবং পরধর্মে যেন একটা অটল জলজ্য ব্যবধান।

এদিকে তখন বিজ্ঞান বাহিরের বিষয়ে আমাদের জ্ঞানের বেড়া ভাঙিয়া দিতে আরম্ভ করিয়াছে। এই একটা মন্ত ভূল সে আমাদের একে একে ঘুচাইতে লাগিল যে, জগতে কোনো বস্তুই নিজের বিশেষত্বের ঘেরের মধ্যে একেবারে স্বতন্ত্র হইয়া নাই। বাহিরে তাহার বিশেষত্ব আমরা যেমনই দেখি না কেন, কতকগুলি গৃঢ় নিয়মের ঐক্য-জালে সে বন্ধাণ্ডের দূরতম অণু-পরমাণুর সহিত নাড়ির বাধনে বাধা। এই বৃহৎ বিশ্বগোলীর গোপন কুলজিখানি সন্ধান করিয়া দেখিতে গেলে তখনই ধরা পড়িয়া যায় যে যিনি আপনাকে যত বড়ো কুলান বলিয়াই মনে কর্মন না কেন গোল্তা সকলেরই এক। এইজল্ঞ বিশের কোনো একটি কিছুর তত্ত্ব সত্য করিয়া জানিতে গেলে সবকটির সঙ্গে তাহাকে বাজাইয়া দেখিতে হয়। বিজ্ঞান সেই উপায় ধরিয়া সত্যের পর্য করিতে লাগিয়া গেছে।

কিন্তু ভেদবৃদ্ধি সহজে মরিতে চায় না। কেননা জন্মকাল হইতে আমরা ভেদটাকেই চোখে দেখিতেছি, সেইটেই আমাদের বৃদ্ধির সকলের চেয়ে পুরাতন অভ্যাস। তাই মামুষ বলিতে লাগিল জড়পর্বায়ে ঘেষনই হ'ক না কেন, জীবপর্বায়ে বিজ্ঞানের ঐক্যতন্ত্র খাটে না; পৃথিবীতে ভিন্ন ভিন্ন জীবের ভিন্ন ভিন্ন বংশ; এবং মাছুষ, আরম্ভ হইতে শেষ পর্যন্ত, সকল জীব হইতে একেবারেই পৃথক। কিন্তু বিজ্ঞান এই অভিমানের সীমানাটুক্কেও বজায় রাখিতে দিল না; জীবের সঙ্গে জীবের কোণাও বা নিকট কোণাও বা দূর কুট্ছিতার সম্পর্ক আছে এ সংবাদটিও প্রকাশ হইয়া পড়িল।

এদিকে মানবসমাজে যাহারা পরস্পরকে একেবারে নিঃসম্পর্ক বলিয়া সমৃদ্রের ভিন্ন ভিন্ন পারে স্বভন্ন হইয়া বসিয়া ছিল, ভাষাভব্যের গুরে তাহাদের পুরাতন সমন্ধ উদ্বাটিত হইতে আরম্ভ হইল। তাহাদের ধর্ম ও সামাজিক ইভিহাসের নানা শাবা প্রশাধায় উজান বাছিয়া মাহুষের স্থান অবশেষে এক দ্ব গলোত্রীতে এক মৃল প্রস্তাব্যর কাছে উপনীত হইতে লাগিল।

এইরপে জড়ে জীবে সর্বত্রই একের সঙ্গে আরের যোগ এমনি স্থান্থবিস্থাত এমনি বিচিত্র করিয়া প্রত্যন্থ প্রকাশ হইতেছে; যেখানেই সেই যোগের সীমা আমরা স্থাপন করিতেছি সেইখানেই সেই সীমা এমন করিয়া পুপ্ত হইয়া যাইতেছে যে, মাস্থবের সকল জ্ঞানকেই আজ্ঞ পরস্পর তুলনার দ্বারা তৌল-করিয়া দেখিবার উদ্যোগ প্রবল হইয়া উঠিয়াছে। দেহগঠনের তুলনা, ভাষার তুলনা, সমাজের তুলনা, ধর্মের তুলনা,— সমস্তই তুলনা। সত্যের বিচারসভায় আজ্ঞ জগৎ ছুড়িয়া সাক্ষীর তলব পড়িয়াছে; আজ্ঞ একের সংবাদ আরের মুখে না পাইলে প্রমাণ সংশ্রাপন্ন হইতেছে; নিজের পক্ষের কথা একমাত্র যে নিজের জ্বানিতেই বলে, যে বলে আমার শাস্ত্র আমার মধ্যেই, আমার তত্ত্ব আমাতেই পরিসমাপ্ত, আমি আর কারও ধার ধারি না — তৎক্ষণাৎ তাহাকে অবিশাস করিতে কেহ মুহুর্তকাল দ্বিধা করে না।

তবেই দেখা যাইতেছে মাহ্য বেদিকটাতে অতি দীর্ঘকাল বাঁধা ছিল আজ যেন একেবারে তাহার বিপরীত দিকে আসিয়া পড়িয়াছে। এতদিন সে নিশ্চয় জানিত যে, সে থাঁচার পাথি, আজ জানিতে পারিয়াছে সে আকালের পাথি। এতকাল তাহার চিস্তা, ভাব ও জাঁবনযাত্রার সমস্ত ব্যবস্থাই ওই থাঁচার লোহশলাকাগুলার প্রতি লক্ষ্য করিয়াই রচিত হইয়ছিল। আজ তাহা লইয়া আয় কাজ চলে না। সেই আগেকার মতো ভাবিতে গেলে সেই রকম করিয়া কাজ করিতে বসিলে সে আর সামঞ্জপ্ত খুঁজিয়া পায় না। অথচ অনেক দিনের অভ্যাস অন্থিমজ্জায় গাঁথা হইয়া রহিয়াছে। সেইজলুই মাম্বরের মনকে ও ব্যবহারকে আজ বহতর অসংগতি অত্যপ্ত পীড়া দিতেছে। পুরাতনের আসবাবগুলা আজ তাহার পক্ষে বিষম বোঝা হইয়া উঠিয়াছে, অথচ এত দিন তাহাকে এত মূল্য দিয়া আসিয়াছে যে তাহাকে ফেলিতে মন সরিতেছে না; সেগুলা যে অনাবশ্বক নহে, তাহারা যে চিরকালই সমান মূল্যবান এই কথাই প্রাণপণে নানাপ্রকার স্বযুক্তি ও কুযুক্তির হায়া সে প্রমাণ করিতে চেষ্টা করিতেছে।

যতদিন থাঁচায় ছিল ততদিন সে দৃঢ়ক্বপেই জানিত তাহার বাসা চিরকালের জন্মই কোনো এক বৃদ্ধিমান পুরুষ বহুকাল হইল বাঁধিয়া দিয়াছে; আর কোনো প্রকার বাসা একবারে হইতে পারে না, নিজের শক্তিতে ভো নহেই;—সে জানিত ভাহার প্রতিদিনের খাত্য-পানীয় কোনো একজন বৃদ্ধিমান পুরুষ চিরকালের জন্ম বরাদ করিয়া দিয়াছে, জন্ম আর কোনো প্রকার খাত্য সম্ভবপরই নছে, বিশেষত নিজের চেষ্টার স্বাধীন-ভাবে জন্মপানের সন্ধানের মতো নিষিদ্ধ ভাহার পক্ষে আর কিছুই নাই। এই নির্দিষ্ট

খাঁচার মধ্য দিয়া যেটুকু আকাশ দেখা যাইতেছে তাহার বাহিরেও যে বিধাতার স্ঠান্ত আছে একথা একেবারেই অশ্রদ্ধেয় এবং সীমাকে লঙ্খন করার চেষ্টামাত্রই গুরুতর অপরাধ।

আধুনিক পৃথিবীতে সেই পুরাতন ধর্মের সহিত নৃতন বোধের বিরোধ খুবই প্রবল হইয়া উঠিয়াছে। সে এমন একটি ধর্মকে চাহিতেছে যাহা কোনো একটি বিশেষ জাতির বিশেষ কালের বিশেষ ধর্ম নহে; যাহাকে কতকগুলি বাহ্ম পূজাপদ্ধতির দ্বারা বিশেষ দ্বপের মধ্যে আবদ্ধ করিয়া কেলা হয় নাই; মান্থবের চিত্ত ষতদূরই প্রসারিত হউক যে ধর্ম কোনো দিকেই তাহাকে বাধা দিবে না, বরঞ্চ সকল দিকেই তাহাকে মহানের দিকে অগ্রসর হইতে আহ্বান করিবে। মান্থবের জ্ঞান আজ্ব যে মৃক্তির ক্ষেত্রে আসিয়া দাড়াইয়াছে সেইখানকার উপযোগী হদমবোধকে এবং ধর্মকে না পাইলে তাহার জীবন সংগীতের স্কর মিলিবে না, এবং কেবলই তাল কাটিতে থাকিবে।

আজ মামুষের জ্ঞানের সম্মুধে সমস্ত কাল জুড়িয়া, সমস্ত আকাশ জুড়িয়া একটি চিরধাবমান মহাযাত্রার লীলা প্রকাশিত হইয়া পড়িয়াছে—সমস্তই চলিতেছে সমস্তই কেরল উন্মেষিত হইয়া উঠিতেছে। প্রকাশ কোনো জায়গাতেই স্থির হইয়া ঘুমাইয়া পড়ে নাই, এক মুহূর্ত তাহার বিরাম নাই; অপরিক্টতা হইতে পরিক্টতার অভিমুখে क्विनारे त्म व्यापनात व्यापा पापिएक धकि धकि कित्रा थूनिया पिक पिक প্রসারিত করিয়া দিতেছে। এই পর্মাশ্চর্য নিতাবহুমান প্রকাশব্যাপারে মাহুষ যে কবে বাহির হইল তাহা কে জানে— সে যে কোন্ বাষ্পসমূদ্র পার হইয়া কোন্ প্রাণরহস্তের উপকুলে আসিয়া উত্তীর্ণ হইল তাহার ঠিকানা নাই। যুগে যুগে বন্দরে বন্দরে তাহার তরী লাগিয়াছিল, সে কেবলই আপনার পণ্যের মূল্য বাড়াইয়া অগ্রসর হইয়াছে; কেবলই "শব্দের বদলে মুকুতা," সুলের বদলে স্ক্রাটকে সংগ্রহ করিয়া ধনপতি হইয়া উঠিয়াছে এ সংবাদ আব্দু আর তাহার অগোচর নাই। এইজন্ত যাত্রার গানই আব্দু তাহার গান, এইজন্ম সমৃদ্রের আনন্দই আজ তাহার মনকে উৎস্ক করিয়া তুলিয়াছে। একণা আজ সে কোনোমতেই মনে করিতে পারিতেছে না যে, নোঙরের শিকলে মরিচা পড়াইয়া হাজার হাজার বংসর ধরিয়া চুপ করিয়া কুলে পড়িয়া থাকাই তাহার সনাতন সত্যধর্ম! বাতাস আজ তাহাকে উভলা করিতেছে, বলিতেছে, ওরে মহাকালের যাত্রী, সবকটা পাল তুলিয়া দে,—ধ্ব নক্ষত্ৰ আৰু ভাহার চোধের সন্মুখে জ্যোতির্ময় তর্জনী তুলিয়াছে, বলিতেছে, ওরে বিধাকাতর, ভয় নাই অগ্রসর হইতে থাকু। আজ পৃথিবীর মান্তুষ সেই কর্ণারকেই ডাকিতেছে—ধিনি ভাঁছার পুরাতন গুরুভার নোঙরটাকে গভীর भक्ष्यल **इ**ष्टेर जूनिया ज्यानस्**रक्ष्म खदालव भाष हान धविया वित्रा वि**त्र क्

আশ্চর্যের বিষয় এই যে ভারতবর্ষের পূর্বপ্রাস্তে এই বাংলাদেশে আজ্ঞ প্রায় শতবংসর
পূর্বে রামমোহন রায় পৃথিবীর সেই বাধাম্ক ধর্মের পালটাকেই ঈশরের প্রসাদবায়র
সন্মুখে উন্মুক্ত করিয়া ধরিয়াছেন। ইহাও আশ্চর্যের বিষয় যে মান্তবের সঙ্গে মান্তবের
যোগ, ধর্মের সঙ্গে ধর্মের ঐক্য, তখন পৃথিবীর অক্য কোণাও মানবের মনে পরিস্ফুট
হইয়া প্রকাশ পায় নাই। সেদিন রামমোহন রায় যেন সমস্ত পৃথিবীর বেদনাকে হৃদরে
লইয়া পৃথিবীর ধর্মকে খুঁজিতে বাহির হইয়াছিলেন।

তিনি যে সময়ে ভারতে জনগ্রহণ করিয়াছিলেন তথন এদেশের সর্বশ্রেষ্ঠ ধর্ম আচ্ছন্ন উঠিয়াছিলেন। কিন্তু এই বছকালব্যাপী সংস্কার ও দেশব্যাপী অভ্যাসের নিবিভূতার মধ্যে থাকিয়াও এই বিপুল এবং প্রবল এবং প্রাচীন সমাজের মধ্যে কেবল একলা রামঘোহন মৃতিপুঞ্জাকে কোনোমতেই স্বাকার করিতে পারিলেন না। তাহার কারণ এই, তিনি আপনার হৃদয়ের মধ্যে বিশ্বমানবের হৃদয় লইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন। मृजिপृक्षा मिहे व्यवस्थात्रहे भूका । य व्यवस्थात्र मासूष विस्मित प्रमादक विस्मित क्षांजित्क বিশেষ বিধিনিষেধসকলকে বিশ্বের সহিত অত্যম্ভ পৃথক করিয়া দেখে;— যখন সে বলে যাহাতে আমারই বিশেষ দীক্ষা তাহাতে আমারই বিশেষ মন্সল; ষধন দে বলে আমার এই সমন্ত বিশেষ শিক্ষাদীক্ষার মধ্যে বাহিরের আর কাহারও প্রবেশ করিয়া ফল नारे এবং প্রবেশ করিতে দিবই না। "তবে বাহিরের লোকের কী গতি হইবে" এ প্রশ্ন জিজ্ঞাসা করিলে মাত্র্য উত্তর দেয় পুরাকাল ধরিয়া সেই বাহিরের লোকের যে বিশেষ শিক্ষাদীক্ষা চলিয়া আসিতেছে তাহাতেই অচলভাবে আবদ্ধ থাকিলেই তাহার পক্ষে শ্রেয়; অর্থাৎ যে সময়ে মাহুষের মনের এইরূপ বিশ্বাস যে, বিভায় মাহুষের সর্বত্ত অধিকার, বাণিজ্যে মাহুষের সর্বত্ত অধিকার, কেবলমাত্র ধর্মেই মাহুষ এমনি চিরস্কনরূপে বিভক্ত যে সেধানে পরম্পরের মধ্যে যাতায়াতের কোনো পথ নাই; সেধানে মাহুষের ভक्তित जाखर পृथक, मासूरकत मूक्तित भव भृथक, भूकात मन भृथक; जात मर्वजरे স্বভাবের আকর্ষণেই হউক আর প্রবলের শাসনের দারাই হউক মান্থ্যের এক হইয়া মিলিবার আশা আছে, উপায় আছে; এমন কি নানান্ধাতির লোক পাশাপাশি माँ पृष्किय नाम कविया निमाक्त नवहलाव वाानाविक लोवत्ववं महिल मिर्मिल হইতে পারে, কেবলমাত্র ধর্ষের ক্ষেত্রেই মাতুষ দেশবিদেশ স্বজাতি বিজাতি ভূলিয়া আপন পৃষ্ণাসনের পার্দ্ধে পরস্পারকে আহ্বান করিতে পারিবে না। বস্তুত মৃতিপৃষ্ণা সেইরূপ कारनवरे भूका- यथन माध्य विषय भव्रमापवजाद अकि कारना विषय करन अकि कारना विस्थय स्थारन व्यावक कवित्रा जाशांक है विस्थर महाभूगांक स्था व्यावक विषय निर्देश

করিয়াছে অপচ সেই মহাপুণ্যের দারকে সমস্ত মামুষের কাছে উন্মুক্ত করে নাই, সেখানে विस्मिय ममास्य समाग्रहण हाए। প্রবেশের অশ্য কোনো উপায় রাখা হয় নাই; মৃতিপৃষ্ণা সেই সময়েরই—যখন পাঁচসাত ক্রোল দ্রের লোক বিদেশী, পরদেশের লোক শ্লেচ্ছ, পর-সমাজের লোক অন্তটি, এবং নিজের দলের লোক ছাড়া আর সকলেই অনধিকারী-এক কণায় যখন ধর্ম আপন ঈশরকে সংকৃচিত করিয়া সমস্ত মান্ত্র্যকে সংকৃচিত করিয়াছে এবং জগতে যাহা সকলের চেয়ে বিশ্বজনীন ভাহাকে সকলের চেয়ে গ্রামা করিয়া কেলিয়াছে। সংস্থার যতই সংকীর্ণ হয় তাহা মানুষকে ততই আঁট করিয়া ধরে, তাহাকে ত্যাগ করিয়া বাহির হওয়া ততই অত্যম্ভ কঠিন হয় ;— যাহারা অলংকারকে নির্নতিশয় পিনদ্ধ করিয়া পরে ভাহাদের এই অশংকার ইহজন্মে ভাহারা আর বর্জন করিতে পারে না, সে তাহাদের দেহচর্মের মধ্যে একেবারে কাটিয়া বসিয়া যায় ৷ সেইরূপ ধর্মের সংস্থারকে সংকীর্ণ করিলে তাহা চিরশৃঝলের মতো মান্তুষকে চাপিয়া ধরে,—মান্তুষের সমস্ত আয়তন यथन वाफ़िएउए उथन मिडे धर्म आद वाएं ना, दक्क माठमार वस कि दिया अमरक म ক্লুশ করিয়াই রাধিয়া দেয়, মৃত্যু পর্যন্ত ভাহার হাত হইতে নিম্ভার পাওয়াই কঠিন হয়। সেই অতি কঠিন সংকীর্ণ ধর্মের প্রাচীন বন্ধনকে রামমোহন রায় যে কোনোমভেই আপনার আশ্রয় বলিয়া কল্পনা করিতে পারেন নাই তাহার কারণ এই যে, তিনি সহজেই বুঝিয়াছিলেন, যে সভ্যের ক্ষ্ধায় মান্ত্র ধর্মকে প্রার্থনা করে সে সভ্য ব্যক্তিগত নছে, জাতিগত নহে, তাহা সর্বগত। তিনি বাল্যকাল হইতেই অহুভব করিয়াছিলেন মে, মে দেবতা স্ব্রেশে স্ব্রালে স্কল মানুষের দেবতা না হইতে পারেন, অর্থাং যিনি আমার কল্পনাকে তৃপ্ত করেন অন্তের কল্পনাকে বাধা দেন, যিনি আমার অভ্যাসকে আকর্ষণ করেন অন্তের অভ্যাসকে পীড়িত করেন তিনি আমারও দেবতা হইতে পারেন না, কারণ সকল মামুষের সঙ্গে যোগ কোনোখানে বিচ্ছিন্ন করিয়া মামুষের পক্ষে পূর্ণ সভ্য হওয়া একেবারেই সম্ভব হয় না এবং এই পূর্ব সত্যই ধর্মের সতা।

আমাদের একটি পরম সোভাগ্য এই ছিল যে, মাসুষের শ্রেষ্ঠ ধর্মের মহোচ্চ আদর্শ একদিকে আমাদের দেশে যেমন বাধাগ্রন্ত হইয়াছিল তেমনি আর একদিকে তাহাকে উপলব্ধি করিবার সুযোগ আমাদের দেশে যেমন সহজ্ঞ হইয়াছিল জগতের আর কোবাও তেমন ছিল না। একদিন আমাদের দেশে সাধকেরা ব্রন্ধকে যেমন আশ্বর্ষ উদার করিয়া দেখিয়াছিলেন এমন আর কোনো দেশেই দেখে নাই। তাঁহাদের সেই ব্রন্ধোণপার্কি একেবারে মধ্যাহ্নগগনের স্থর্কের মতো অত্যুক্ত্রল হইয়া প্রকাশ পাইয়াছিল, দেশকালপাত্রগত সংস্কারের লেশমাত্র বান্দ তাহাকে কোবাও স্পর্শ করে নাই। সভ্যং জ্ঞানং অনস্কং ব্রন্ধ যিনি, তাঁহারই মধ্যে মানবচিত্তের এরপ পরিপূর্ণ আনস্ক্রময় মৃক্তির

বার্তা এমন স্থাভীর রহস্তমর বাণীতে অবচ এমন শিশুর মতো অঞ্জান সরল ভাষার উপনিষদ ছাড়া আর কোথার ব্যক্ত হইরাছে? আন্ধ মান্তবের বিজ্ঞান তত্ত্জান বতদূরই অগ্রসর হইতেছে, সেই সনাতন ব্রক্ষোপলদ্ধির মধ্যে তাহার অন্ধরে বাহিরে কোনো বাধাই পাইতেছে না। তাহা মান্তবের সমস্ত জ্ঞানভক্তিকর্মকে পূর্ব সামঞ্জস্তের মধ্যে গ্রহণ করিতে পারে, কোথাও তাহাকে পীড়িত করে না, সমস্তকেই সে উত্তরোত্তর ভূমার দিকেই আকর্ষণ করিতে থাকে, কোথাও তাহাকে কোনো সাময়িক সংকোচের স্বোহাই দিয়া মাথা হেঁট করিতে বলে না।

কিন্তু এই ব্রহ্ম তো কেবল ক্রানের ব্রহ্ম নছেন—রসো বৈ সং—তিনি আনন্দর্নপং অমৃতরূপং। ব্রহ্মই যে রসস্থরূপ, এবং—এয়েক্ত পরম আনন্দঃ—ইনিই আত্মার পরম আনন্দ, আমাদের দেশের সেই চিরলন্ধ সভাটিকে যদি এই নৃতন যুগে নৃতন করিয়া সপ্রমাণ করিতে না পারি তবে ব্রহ্মক্রানকে তো আমরা ধর্ম বলিয়া মাস্থবের হাতে দিতে পারিব না—ব্রহ্মক্রানী তো ব্রহ্মের ভক্ত নছেন। রস ছাড়া তো আর কিছুই মিলাইতে পারে না ভক্তি ছাড়া তো আর কিছুই বাঁধিতে পারে না। জীবনে যর্মন আত্মবিরোধ ঘটে, যখন হাদয়ের এক ভারের সঙ্গে আর এক ভারের অসামগ্রক্রের বেস্থর কর্কণ হইয়া উঠে তখন কেবলমাত্র বৃঞ্জাইয়া কোনো ফল পাওয়া যায় না—মজাইয়া দিতে না পারিলে ফল মিটে না।

ব্রহ্ম যে সভাস্বরূপ তাছা যেমন বিশ্বসভ্যের মধ্যে জানি, তিনি যে জ্ঞানস্বরূপ তাছা যেমন আত্মজানের মধ্যে বৃধিতে পারি, তেমনি তিনি যে রসস্বরূপ তাছা কেবলমাত্র ভক্তের আনন্দের মধ্যেই দেখিতে পাই। ব্রাহ্মধর্মের ইতিহাসে সে দেখা আমরা দেখিরাছি এবং সে দেখা আমাদিগকে দেখাইয়া চলিতে হইবে।

ব্রাহ্মসমাজে আমরা একদিন দেখিরাছি ঐশর্ষের আড়ম্বরের মধ্যে, পূজাজর্চনা ক্রিয়া-কর্মের মহাসমারোহের মারধানে বিলাসলালিত তক্ষণ যুবকের মন ব্রহ্মের জন্ম ব্যাকৃল হইরা উঠিয়াছিল।

তাহার পরে দেখিয়াছি সেই এন্দের আনন্দেই সাংসারিক ক্ষতি-বিপদকে তিনি জক্ষেপ করেন নাই, আত্মীয়স্বঞ্জনের বিচ্ছেদ ও সমাজের বিরোধকে ভর করেন নাই; দেখিয়াছি চিরদিনই ভিনি ভাঁহার জীবনের চিরবরণীয় দেখভার এই অপরূপ বিশ্বমন্দিরের প্রাজণতলে ভাঁহার মন্তক্ষে নভ করিয়া রাখিয়াছিলেন, এবং ভাঁহার আয়ুর অবসানকাল-পর্যন্ত ভাঁহার প্রিয়ভনের বিকশিভ আনন্দক্ষভায়ায় বৃলবুলের মডো প্রহরে প্রহরে গান করিয়া কাটাইয়াছেন।

এমনি করিয়াই ভো আমাদের নবযুগের ধর্মের রসম্বর্ধকে আমরা নিশ্তিত সভ্য ১৮—৪৫ করিয়া দেখিতেছি। কোনো বাহ্যমূতিতে নহে, কোনো ক্ষণকালীন কল্পনায় নহে— একেবারে মান্তবের অম্বরতম আত্মার মধ্যেই সেই আনন্দরূপকে অমৃত্রুপকে অথও করিয়া অসন্দিশ্ব করিয়া দেখিতেছি।

বস্তুত পরমাত্মাকে এই আত্মার মধ্যে দেখার জন্মই মান্থবের চিত্ত অপেক্ষা করিতেছে। কেননা আত্মার সঙ্গেই আত্মার স্বাভাবিক যোগ সকলের চেয়ে সতা; সেইখানেই মান্থবের গভীরতম মিল। আর সর্বত্র নানাপ্রকার বাধা। বাহিরের অচারবিচারঅফ্রান কল্পনাকাহিনীতে পরম্পরের মধ্যে পার্থক্যের অন্ত নাই; কিন্তু মান্থবের আত্মায় আত্মায় এক হইয়া আছে—সেইখানেই যখন পরমাত্মাকে দেখি তখন সমস্ত মানবাত্মার মধ্যে তাঁহাকে দেখি, কোনো বিশেষ জাতিকুল-সম্প্রদায়ের মধ্যে দেখি না।

সেইজন্মই আজ উৎসবের দিনে সেই রসম্বরপের নিকট আমাদের যে প্রার্থনা তাহা ব্যক্তিগত প্রার্থনা নহে, তাহা আমাদের আত্মার প্রার্থনা, অর্থাৎ তাহা একই কালে সমন্ত মানবাত্মার প্রার্থনা। হে বিশ্বমানবের দেবতা, হে বিশ্বসমাজের বিধাতা, একথা যেন আমরা একদিনের জন্মন্ত না ভূলি যে, আমার পূজা সমস্ত মাহুষের পূজারই অঙ্গ, আমার क्षरप्रत्र नित्वज ममन्छ मानवक्षरप्रत्र नित्वलात्रके अकि व्यर्धा। एक व्यन्धरीमी, व्यामात्र অন্তরের বাহিরের, আমার গোচর অগোচর যত কিছু পাপ যত কিছু অপরাধ এই কারণেই অসহা যে আমি তাহার ছারা সমস্ত মামুষকেই বঞ্চনা করিতেছি, আমার সে সকল বন্ধন সমস্ত মাহুষেরই মুক্তির অন্তরায়, আমার নিজের নিজত্বের চেয়ে যে বড়ো মহত্ব আমার উপর ভূমি অর্পণ করিয়াছ আমার সমস্ত পাপ তাহাকেই স্পর্শ করিতেছে; এইজন্মই পাপ এত নিদারুণ, এত দ্বণা; তাছাকে আমরা যত গোপনই করি তাহা গোপনের নছে, কে:ন্ একটি স্থগভীর যোগের ভিতর দিয়া তাহ। সমন্ত মাসুষকে গিয়া আঘাত করিতেছে, সমন্ত মামুষের তপস্তাকেই মান করিয়া দিতেছে। হে ধর্মরাজ, নিজের যতটুকু সাধ্য তাহার ঘারা সর্বমানবের ধর্মকে উচ্ছেল করিতে হইবে, বন্ধনকে মোচন कतिए रहेर्त, मः भग्रक प्र कितिए रहेर्त। मानर्वित ज्ञानाव ज्ञान् वह कित-সংকল্পটিকে তুমি বীর্ষের দ্বারা প্রবল করো, পুণ্যের দ্বারা নির্মল করো, তাহার চারিদিক ছইতে সমস্ত ভয়সংকোচের জাল ছিন্ন করিয়া দাও, ভাছার সম্মুখ ছইডে সমস্ত ভার্থের বিশ্ব ভগ্ন করিয়া দাও। এ যুগ, সমস্ত মাছবে মাছবে কাঁধে কাঁধে মিলাইয়া ছাতে ছাতে ধরিয়া, যাত্রা করিবার যুগ। তোমান্ন ছকুম আসিয়াছে চলিতে ছইবে। আর একটুও বিলছ वा। 'अत्नक मिन मासूरिय धर्मरवाध नाना वक्तन वक रहेया निक्तम रहेया अफिया हिम। সেই খোর নিশ্চলতার, রাত্রি আজ প্রভাত হইয়াছে। তাই আজ দশদিকে তোমার

व्यास्तान एकी वास्त्रिमा छेठिल। व्यत्नक मिन वालाम अमेनि एक हरेमा हिल य मन ছইয়াছিল সমস্ত আকাশ যেন মৃষ্টিত; গাছের পাতাটি পর্যস্ত নড়ে নাই, ঘাসের আগাটি পর্বস্ত কাপে নাই ;—আজ ঝড় আসিয়া পড়িল ; আজ শুক্ষ পাতা উড়িবে, আজ সঞ্চিত धृणि मृत रहेत्रा याहेत् । आक आत्म आत्म आतम श्रियवद्यनभाग हिन्न रहेत्व म्यान মন কৃষ্টিত না হউক। ঘরের, সমাজের, দেশের যে সমন্ত বেড়া-আড়ালগুলাকেই মৃক্তির চেয়ে বেশি আপন বলিয়া ভাহাদিগকে লইয়া অহংকার করিয়া আসিয়াছি সে সমস্তকে ঝড়ের মুখের খড়কুটার মতো শুম্রে বিসর্জন দিতে হইবে সেজন্য মন প্রস্তুত হউক ! সত্যের ছন্মবেশপরা প্রবল অসভ্যের সঙ্গে, ধর্মের উপাধিধারী প্রাচীন অমঞ্চলের সঙ্গে আজ লড়াই করিতে হইবে সেজন্য মনের সমস্ত শক্তি পূর্ণবেগে জাগ্রত হউক! আজ বেদনার দিন আসিল, কেননা আজ চেতনার দিন,—সেজন্য আজ কাপুরুষের মতো নিরানন इहेल हिल्द ना ; जाब जात्रव मिन जानिम, क्निना जाब हिना, जाब क्विनहे পিছনের দিকে ভাকাইয়া বসিয়া থাকিলে দিন বহিয়া যাইবে আৰু কুপণের মতো ক্ষদ্ধ সঞ্চয়ের উপর বুক দিয়া পড়িয়া থাকিলে ঐশর্ষের অধিকার হারাইতে থাকিব। ভীক্ল, व्याक लाक अयुक्ट धर्म अद्याद शान यहि वत्र कत जत अयु व्यान स्थानिन वार्थ इहेरव ;— আজ निमाक्टे ভূষণ, আজ অপ্রিয়কেই প্রিয় করিয়া ভূলিতে হইবে। আজ অনেক अभित्व, अदित्व, जिंदित, क्षेत्र इहेग्रा याहेत्व ;—निक्त्र भन्न कदिवाहिनाम स्वित्व अनी मिरिक र्छा । जालांक क्षकां रहेर्त ; निक्त यस कविषा हिलाय यि । সেদিকে হঠাৎ পথ বাছির হইয়া পড়িবে। হে যুগাস্কবিধাতা, আজ তোমার প্রলয়-मीमाय कर्ण करन मिनस्रमें विमोर्न कतिया कछरे अछावनीय श्रेकाम रहेए बाकिर्व, বীর্ষবান আনন্দের সহিত আমরা ভাহার প্রতীক্ষা করিব;—মাহুষের চিত্তসাগরের অভলম্পর্শ রহস্ত আজ উন্নধিত হইয়া জ্ঞানে কর্মে ত্যাগে ধর্মে কত কত অত্যাশ্রহ অজেয় শক্তি প্রকাশমান হট্য়া উঠিবে, তাহাকে জয়শঋধনিয় সজে জভার্থনা করিয়া লইবার जन जामारात्र ममख वादवाजावन जमश्यकार छेम्वाष्टिज कदिवा पितं। द जनसम्बन्धि, আমাদের ছিসাব ভোমার ছিসাব নছে,—ভূমি অক্ষমকে সক্ষম কর, অচলকে সচল কর, অসম্ভবকে সম্ভব কর এবং মোহমুম্বকে ষধন ভূমি উদ্বোধিত কর তথন তাহার দৃষ্টির সম্প্রে ভূমি যে কোন্ অমৃতলোকের ভোরণ-ছার উদ্ঘাটিত করিয়া দাও ভাহা আমরা कन्नना कविए भावि ना-- अहे कथा निक्ष क्यानिया व्यापता एवन व्यानत्म व्यापत होया উঠি, এবং আমাদের যাহা কিছু আছে সমস্তই পণ করিয়া, ভূমার পথে নিখিল মানবের বিজ্ञস্বাত্রার যেন সম্পূর্ণ নির্ভন্নে যোগদান করিতে পারি।

जग्र जग्र जग्र ए, जग्र वित्यथन,

মানবজাগ্যবিধাতা!

2074

ধর্মের অর্থ

মান্থবের উপর একটা মন্ত সমস্তার মীমাংসাভার পড়িয়াছে। ভাছার একটা বড়োর দিক আছে, একটা ছোটোর দিক আছে। তুইরের মধ্যে একটা ছেদ আছে, অবচ যোগও আছে। এই ছেদটাকেও রাখিতে হইবে অবচ যোগটাকেও বাড়াইতে হইবে। ছোটো থাকিরাও তাছাকে বড়ো হইরা উঠিতে হইবে। এই মীমাংসা করিতে গিয়া মান্থব নানা রকম চেন্তার প্রবৃত্ত হইতেছে কখনো সে ছোটোটাকে মায়া বলিয়া উড়াইয়া দিতে চায়, কখনো বড়োটাকে মপ্র বলিয়া আমল দিতে চায় না। এই তুইরের সামঞ্জ করিবার চেন্তাই ভাছার সকল চেন্তার মূল। এই সামঞ্জ বদি না করিতে পায়া যায় তবে ছোটোরও কোনো অর্থ থাকে না, বড়োটও নির্থক হইয়া পড়ে।

প্রথমে ধরা যাক আমাদের এই শরীরটাকে। এটি একটি ছোটো পদার্থ। ইছার বাহিরে একটি প্রকাণ্ড বড়ো পদার্থ আছে, সেটি এই বিশ্বহ্মাণ্ড। আমরা অন্তমনন্ধ হইয়া এই শরীরটাকে একটা স্বতন্ত্র পদার্থ বিলয়া মনে করি। যেন এ শরীর আপনার মধ্যে আপনি সম্পূর্ণ। কিন্তু তেমন করিয়া বিচ্ছিন্ন করিয়া দেখিলে এ শরীরের কোনো অর্থ ই থু জিয়া পাই না। আপনাকে লইয়া এ শরীর করিবে কী? থাকিবে কোধার? আপনার মধ্যে এই শরীরের প্রয়োজন নাই সমাপ্তি নাই।

বস্তুত আমাদের এই শরীরে যে স্বাভন্তাটুকু আছে, সে আপনাকে লইরা আপনি পাকিতে পারে না। বৃহৎ বিশ্বশরীরের সঙ্গে যে পরিমাণে ভাহার মিল হয় সেই পরিমাণে ভাহার অর্থ পাওয়া যায়। গর্ভের ক্রণ যে নাক কান হাত পা লইয়া আছে গর্ভের বাহিরেই ভাহার সার্থকভা। এইজক্ত জন্মগ্রহণের পর হইতেই চোখের সঙ্গে আকাশবাাপী আলোর, কানের সঙ্গে বাতাসব্যাপী শব্দের, হাত পারের সঙ্গে চারিধিকের নানাবিধ বিষয়ের, সকলের চেরে যেটি ভালো যোগ সেইটি সাধন করিবার জক্ত মাল্লুযের কেবলই চেন্তা চলিতেছে। এই বড়ো শরীরটির সঙ্গে পূর্ণভাবে মিলিবে ইহাই ছোটো শরীরের একাস্থ সাধনা—অবচ আপনার ভেদটুকু যদি না রাখে ভাহা হইলে সে মিলনের কোনো অর্থ ই থাকে না। আমার চোথ আলো হইবে না, চোথক্রপে থাকিয়া আলো পাইবে, দেহ পৃথিবী হইবে না, দেহরূপে থাকিয়া পৃথিবীকে উপলব্ধি করিবে, ইছাই ভাহার সমস্তা।

বিরাট বিশ্বদেহের সঙ্গে আমাদের ছোটো শরীরটি সকল দিক দিয়া এই বে আপনার যোগ অহতে করিবার চেষ্টা করিভেছে এ কি ভাছার প্রয়োজনের চেষ্টা ? পাছে व्यक्कारत क्वांचा थ श्वांका ना का विषय अध्यक्त कि काच कि का विश्व कि कि का विश्व कि का वि

অবশ্ব প্রয়েজন আছে বটে কিন্তু প্রয়েজনের চেরে বেশি জিনিস একটা আছে—প্রয়েজন তাহার অস্তর্ভ । সেটা আর কিছু নহে, পূর্ণতার আনন্দ। চোথ আগোর মধ্যেই পূর্ব হয়, কান শব্দের অমৃত্তিতেই সার্থক হয়। য়ধন আমাদের শরীরে চোথ কান কোটেও নাই তথনও সেই পূর্বতার নিগৃত ইচ্ছাই এই চোথ কানকে বিকশিত করিবার জন্ম অপ্রাপ্ত চেষ্টা করিয়াছে। মারের কোলে শুইয়া য় শিশু কথা কহিবার চেষ্টায় কলম্বরে আকাশকে পুলকিত করিয়া তুলিতেছে কথা কহিবার প্রয়োজন যে কী তাহা সে কিছুই জানে না। কিন্তু কথা কহার মধ্যে য়ে পূর্বতা, সেই পূর্বতা দূর হইতেই তাহাকে আনন্দআহ্বান পাঠাইতেছে, সেই আনন্দে সে বারবার নানা শব্দ উচ্চারণ করিয়া কিছুতেই ক্লান্ত হইতেছে না।

তেমনি করিয়াই আমাদের এই ছোটো শরীরটির দিকে বিরাট বিশ্ব-শরীরের একটি আনন্দের টান কাব্দ করিতেছে। ইহা পূর্ণতার আকর্ষণ, সেইজন্ম যেখানে আমাদের कार्ता अयाक्यन नारे म्यात्म कामात्मत्र कि हूं होत्रा गारे हात्र। এट हस्स তারায় কী আছে ভাহা দেখিবার জন্ত মাত্র্য রাত্রির পর রাত্রি জাগিতে প্রান্ত হয় না। যেখানে ভাছার প্রয়োজনক্ষেত্র সেখান হইতে অনেক দুরে মাত্র্য আপনার ইন্দ্রিয়বোধকে দৃত পাঠাইতেছে। যাহাকে সহচ্ছে দেখা যায় না তাহাকে দেখিবার জন্ত ত্রবীন नव नव यानवाहरनत स्करणहे रा राष्ट्रि कतिराउद्धः अभिन कतिया मासूय जाननात हाउ পাকে বিশ্বে প্রসারিত করিবার চেষ্টা করিতেছে। জলস্থল আকাশের সঙ্গে আপনার रांश व्याति कवियात छेम्याश कछ काम हहेर्छ छिमग्राह । व्यम्भम व्याकारमंत्र श्र দিয়া সমস্ত জগং মান্তবের চোপ কান হাত পাকে কেবলই বে ডাক দিতেছে। বিরাটের এই निमञ्जन त्रकात जम मास्य পृथिवीए भर्मार्गप्तत भंत्रमूहुर्छ इट्रेएडरे जाज भर्यस क्विन हो । इंग्लं के इंग्ल माशियादि। विद्यादित मिरे निमञ्जन প্রয়োজনের निमञ्जन नहि, जारा मिमदनद निमञ्जन, व्यानत्मत्र निमञ्जन ; जाहा कृष्य मत्रीरतत्र महिल वृहरः मत्रीरतत्र भित्रपत्र निमञ्जन ; अह পরিণরে প্রেমণ্ড আছে সংসার্যাত্তাও আছে, আনন্দও আছে প্রয়োজনও আছে; কিন্তু **এ** भिन्दात मृनम् चानत्स्व महा।

শুধু চোধ কান হাত পা লইয়া মাত্র নয়। তাছার একটা মানসিক কলেবর আছে। নানা প্রকারের বৃত্তি প্রবৃত্তি সেই কলেবরের অকপ্রত্যক। এই সব মনের वृद्धि महेशा ज्ञाननात्र मनिएक स निजास्त्र किवन ज्ञाननात्र कित्रा नकन हेरे ज्याज कित्री वाशिव जाहाद (का नाहे। अहे दुखिलनाहे जाननाद वाहित्व छूपिवाद क्षम मनत्क महेशा क्विमहे होनाहानि क्रिएएह। यन এक्टि यूहर मनामाक्वित मन्द्र यजन्त भारत পূর্ণরূপে মিলিতে চাহিতেছে। নহিলে তাহার ক্ষেহপ্রেম দয়ামায়া, এমন কি ক্রোধ ছেব লোভ হিংসারও কোনো অর্থই ধাকে না। সকল মামুষের মন বলিয়া একটি ধুব বড়ো মনের সঙ্গে সে আপনার ভালো রক্ম মিল করিতে চায়। সেইজক্স কত কাল হইতে সে ষে কত রকমের পরিবারতন্ত্র সমাজতন্ত্র রাষ্ট্রতন্ত্র গড়িয়া তুলিতেছে তাহার ঠিকানা নাই। ষেখানে বাধিয়া যায় সেখানে তাহাকে আবার ভাঙিয়া কেলিতে হয়, গড়িয়া তুলিতে হয়, এইজ্বাই কত বিপ্লব কত ব্ৰজ্ঞপাতের মধ্য দিয়া ভাছাকে পথ চলিভে ছইয়াছে। বৃহৎ মনঃশরীরের সঙ্গে আপনার মনটিকে বেশ ভালোরকম করিয়া মিলাইয়া লইভে না পারিলে মাহ্রষ বাঁচে না। যে পরিমাণে তাহার ভালো রকম করিয়া মিল ঘটে সেই পরিমাণেই তাহার পূর্ণতা। যে ব্যবস্থায় তাহার মিল অসম্পূর্ণ হয় ও কেবলই ভেদ ঘটিতে থাকে সেই ব্যবস্থায় তাহার চুর্গতি। এখানেও প্রয়োজনের প্রেরণা মূল প্রেরণা এবং मर्तिष्ठ প্রেরণা নছে। মামুষ পরিবারের বাছিরে প্রতিবেশী, প্রতিবেশীর বাছিরে দেশ, দেশের বাহিরে বিশ্বমানবসমান্তের দিকে আপন চিন্তবিস্তারের যে চেষ্টা করিতেছে এ তাহার প্রয়োজনের আপিস্ধাত্রা নহে, এ তাহার অভিসার্ধাত্রা। ছোটো স্কুদ্রটের প্রতি বড়ো হদয়ের একটি ডাক আছে। সে ডাক এক মুহূর্ত পামিয়া নাই। সেই ডাক শুনিয়া আমাদের হৃদয় বাহির হইয়াছে সে ধবরও আমরা সকল সময়ে জানিতে পারি না। वार्षि जन्नकाव हहेगा जात्म, अएव त्यह चनाहेगा छेर्छ, वादवाव शव हाबाहेगा यात्र, शा কাটিয়া গিয়া মাটির উপর রক্তচিহ্ন পড়িতে থাকে তবু সে চলে; পথের মাঝে মাঝে সে বসিয়া পড়ে বটে কিন্তু সেখানেই চিরকাল বসিয়া থাকিতে পারে না, আবার উঠিয়া আবার তাহাকে অগ্রসর হইতে হয়।

এই যে মাহুবের নানা অন্ধপ্রতান্ধ, নানা ইন্দ্রিরবোধ, ভাহার নানা বৃদ্ধিপ্রবৃদ্ধি,
এ সমস্তই মাহুবকে কেবলই বিচিত্রের মধ্যে বিস্তারের দিকে লইয়া চলিয়াছে। এই
বিচিত্রের শেষ কোণার ? এই বিস্তারের অস্ত কল্পনা করিব কোন্ধানে ? শুনিয়াছি
সেকেন্দর লা একদিন জয়োৎসাহে উন্মন্ত হইয়া চিন্তা করিয়াছিলেন জিভিয়া লইবার জন্ম
বিতীয় আর একটা পৃথিবী ভিনি পাইবেন কোণায় ? কিন্তু মাহুবের চিন্তকে কোনোদিন
এমন বিষম ফ্লিন্ডায় আসিয়া ঠেকিতে হইবে না যে, ভাহার অধিকার বিস্তারের স্থান

আর নাই। কোনো দিন সে বিমর্থ হইয়া বলিবে না ষে, সে তাহার ব্যাপ্তির শেষ সীমায় আসিয়া বেকার হইয়া পড়িয়াছে।

কিন্তু মান্তবের পক্ষে কেবলই কি এই গণনাহীন বৈচিত্রোর মধ্যে বিরামহীন ব্যাপ্তিই আছে ? কোনোখানেই তাহার পৌছানো নাই ? অন্তহীন বহু কেবলই কি ভাহাকে এক হইতে ছই, ছই হইতে ভিনের সিঁড়ি বাহিয়া লইয়া চলিবে—সে সিঁড়ি কোণাও বাইবার নাম করিবে না ?

ত কখনো হইতেই পাবে না। আমরা জগতে এই একটি কাণ্ড দেখি - গম্যুখানকে আমরা পদে পদেই পাইতেছি। বস্তুত আমরা গমাস্থানেই আসিয়া রহিয়াছি—আমরা গমাস্থানের মধ্যেই চলিতেছি। অর্থাৎ যা আমরা পাইবার তা আমরা পাইয়া বসিয়াছি, এখন সেই পাওয়ারই পরিচর চলিতেছে। যেন আমরা রাজবাড়িতে আসিয়াছি—কিন্তু কেবল আসিলেই তো হইল না—তাহার কত মহল কত ঐশর্থ কে তাহার গণনা করিতে পারে ? এখন তাই দেখিয়া দেখিয়া বেড়াইতেছি। এই জন্তু একটু করিয়া যাহা দেখিতেছি তাহাতেই সমস্ত রাজপ্রাসাদের পরিচর পাইতেছি। ইহাকে তো পথে চলা বলে না। পথে কেবল আলা থাকে, আসাদন থাকে না। আবার যে পথ অনন্ত সেখানে আলাই বা থাকিবে কেমন করিয়া ?

তাই আমি বলিভেছি আমাদের কেহ পথে বাহির করে নাই—আমরা ঘরেই আছি। সে ঘর এমন ঘর যে, তাহার বারাগ্রায় ছাতে দালানে ঘুরিয়া ঘুরিয়া ভাহাকে আর শেষ করিতে পারি না অথচ সর্বত্রই তাহার শেষ; সর্বত্রই তাহা ঘর, কোণাও তাহা পথ নহে।

এ রাজবাড়ির এই তো কাণ্ড, ইহার কোথাও শেষ নাই অথচ ইহার সর্বত্রই শেষ।
ইহার মধ্যে সমাপ্তি এবং ব্যাপ্তি একেবারে গায়ে গায়ে লাগিয়া আছে। এই জল্প এখানে
কোনোখানে আমরা বিসিমা থাকি না অথচ প্রত্যেক পদেই আমরা আশ্রের পাই। মাটি
ফুঁড়িরা বখন অঙ্কুর বাহির হইল তখন সেইখানেই আমাদের চোখ বিশ্রাম করিতে পারে।
অঙ্কুর যথন বড়ো গাছ হইল তখন সেখানেও আমাদের মন দাঁড়াইরা দেখে। গাছে যখন
ফুল ধরে তখন ফুলেও আমাদের তৃপ্তি। ফুল হইতে বখন ফল জায়ে তখন তাহাতেও
আমাদের লাভ। কোনো জিনিস সম্পূর্ণ শেষ হইলে তবেই তাহার সম্বন্ধে আমরা
পূর্ণতাকে পাইব আমাদের এমন ত্রদৃষ্ট নছে—পূর্ণতাকে আমরা পর্বে পর্বে পাইরাই
চলিয়াছি। ভাই বলিতেছিলাম ব্যাপ্তির সঙ্গে সংক্ষেই আমরা পরিসমাপ্তির স্বান্ধ পাইতে
থাকি সেইজন্মই ব্যাপ্তি আনন্দমন্ধ—নছিলে ভাহার স্কুতো ত্বংধকর আর কিছুই হইতে
পারে না।

वाशि वरः ममशि वरे व वृष्टि उच मर्वक वकमर्ष्यः विवास कविरुद्ध प्यामाद्यव

মধ্যেও নিশ্চর ইহার পরিচয় আছে। আমরাও নিশ্চর আপনাকে উপলব্ধি করিবার জন্ত অনম্ভ জীবনের প্রাক্তি পৌছিবার ত্বরাশার অপেক্ষা করিতেছি না। এ কথা বলিতেছি না বে, এখনও যখন আমার সমস্ত নিঃশেষে চুকিয়া বুকিয়া যায় নাই তখন আমি আপনাকে জানিতেছি না। বস্তুত আমার মধ্যে একদিকে চলা, এবং আর একদিকে পৌছানো, একদিকে বহু, আর একদিকে এক, একসঙ্গেই রহিয়াছে, নহিলে অন্তিম্বের মতো বিভীবিকা আর কিছুই থাকিত না। একদিকে আমার বিচিত্র, শক্তি বাহিরের বিচিত্রের দিকে চলিয়াছে, আর একদিকে আমার আনন্দ ভিতরের একের দিকে পূর্ণ ইয়া উঠিতেছে।

এই বেধানে মান্নবের আপনার আনন্দ—এইখানেই মান্নবের পর্যাপ্তি, এইখানেই মান্নব বড়ো। এইখান হইতেই গতি লইয়া মান্নবের সমস্ত শক্তি বাহিরে চলিয়াছে এবং বাহির হইতে পুনরায় তাহারা এইখানেই অর্ঘ্য আহরণ করিয়া ফিরিয়া আসিতেছে।

বাহির হইতে ধখন দেখি তখন বলি মাছ্য নি:খাস লইয়া বাঁচিতেছে, মাছ্য আহার করিয়া বাঁচিতেছে, রক্ত চলাচলে মাছ্য বাঁচিয়া আছে। এমন করিয়া কত আর বলিব ? বলিতে গিয়া তালিকা নেষ হয় না। তখন দেখি শরীরের অণুতে অণুতে রসে রক্তে অন্থিকে লগায়ুপেশীতে ফর্দ কেবল বাড়িয়া চলিতেই থাকে। তাহার পরে যখন প্রাণের হিসাব শেষ পর্যন্ত মিলাইতে গিয়া আলোকে উত্তাপে বাতাসে জলে মাটিতে আসিয়া পৌছাই, যখন প্রাকৃত বৈজ্ঞানিক ও রাসায়নিক শক্তিরহুন্তের মধ্যে গিয়া উপস্থিত হই, তখন একেবারে হাল ছাড়িয়া দেওয়া ছাড়া উপায় নাই।

এমন করিয়া অন্তহীনতার খাতায় কেবলই পাতা উলটাইয়া প্রান্ত হইয়া মরিতে হয়।
কিন্তু বাহির হইতে প্রাণের ভিতর বাড়িতে গিয়া যখন প্রবেশ করি তথন কেবল একটি
কথা বলি, প্রাণের আনন্দে মামুষ বাঁচিয়া আছে আর কিছু বলিবার দরকার হয় না।
এই প্রাণের আনন্দেই আমরা নিশাস লইতেছি, খাইতেছি, দেহ রচনা করিতেছি,
বাড়িতেছি। বাঁচিয়া থাকিব এই প্রবল আনন্দময় ইচ্ছাতেই আমাদের সমস্ত শক্তি
সচেই হইয়া বিশ্বময় ছুটিয়া চলিতেছে। প্রাণের আনন্দেই জীবপ্রবাহ প্রবাহিত হইয়া
চলিয়াছে; প্রাণের নিগৃচ আনন্দে প্রাণীরা জগতের নানা স্পর্শের তানে আপনার স্বায়ুর
তারগুলিকে কেবলই বিচিত্রতের করিয়া বাঁধিয়া তুলিতেছে। বাঁচিয়া থাকিতে চাই এই
ইচ্ছা সস্তানসন্ততিকে জন্ম দিতেছে, ক্লো করিতেছে, চারিদিকের পরিবেইনের সঙ্গে
উক্তরোত্তর আপনার সর্বাদীণ সামঞ্জ্য সাধন করিতেছে।

এমন কি, বাঁচিয়া থাকিব এই আনন্দেই জীব মৃত্যুকেও স্বীকার করিতেছে। সে লড়াই করিয়া প্রাণের আনন্দেই প্রাণ দিতেছে। কর্মী মউমাছিয়া আপনাকে অক্ষ্টীন করিতেছে কেন? সমস্ত মউচাকের প্রজ্ঞাদের প্রাণের সমগ্রভার আনন্দ ভাহামিগকে ভ্যাগ-দ্বীকারে প্রবৃত্ত করিভেছে। দেশের জন্ম মাছ্র্য যে অকাভরে যুদ্ধ করিয়া মরিতেছে ভাহার মূলে এই প্রাণেরই আনন্দ। সমস্ত দেশের প্রাণকে সে বড়ো করিয়া জানিতে চাম— সেই ইচ্ছার জোরেই সেই আনন্দের মন্তিতেই সে আপনাকেও বিসর্জন করিতে পারে।

তাই আমি বলিতেছিলাম মূলে দৃষ্টিপাত করিতে গেলে দেখা যায় প্রাণের আনন্দই বাঁচিয়া থাকিবার নানা শক্তিকে নানা দিকে প্রেরণ করে। শুধু তাই নয়, সেই নানা শক্তি নানা দিক হইতে নানা উপকরণ সংগ্রহ করিয়া এই আনন্দেই কিরিয়া আসিতেছে এবং তাহারই ভাতার পূর্ণ করিয়া তুলিতেছে। প্রাণের এই শক্তি যেমন প্রাণের ব্যাপ্তির দিক, প্রাণের এই আনন্দ তেমনি প্রাণের সমাপ্তির দিক।

ষেমন গানের তান। এ কথা স্বীকার করিতেই হইবে, তান জিনিস্টা একটা নিয়মহীন উচ্চ্ অপতা নহে; তাহার মধ্যে তালমানলয় রহিয়াছে; তাহার মধ্যে স্বর্ব বিদ্যাসের অতি কঠিন নিয়ম আছে; সেই নিয়ম্মের মৃলে স্বর্য তেন্তর গণিতলান্ত্রসম্মত একটা হরুহ বৈজ্ঞানিক তত্ত্ব আছে; তথু তাই নয়, যে কণ্ঠ বা বাদ্যয়ন্ত্রকে আশ্রের করিয়া এই তান চলিতেছে তাহারও নিয়মের শেষ নাই; সেই নিয়মগুলি কার্যকারণের বিশ্বব্যাপী শৃত্যলকে আশ্রের করিয়া কোন্ অসীমের মধ্যে যে চলিয়া গিয়াছে তাহার কেছ কিনায়া পায় না। অতএব বাহিরের দিক হইতে যদি কেছ বলে এই তানগুলি অস্তর্হান নিয়মশ্র্যলকে আশ্রের করিয়াই বিস্তার্গ হইতেছে তবে সে একরকম করিয়া বলা যায় সন্দেহ নাই কিন্তু ভাহাতে আসল কথাটি বাদ পড়িয়া যায়। মৃলের কথাটি এই যে, গায়কের চিত্ত হইতে গানের আনন্দই বিচিত্র ভানের মধ্যে প্রসারিত হইতেছে। যেখানে সেই আনন্দ তুর্বল, শক্তিও সেখানে ক্ষীণ।

গানের এই ভানগুলি গানের আনন্দ ছইতে ষেমন নানা ধারায় উৎসারিত ছইতে গাকে, তেমনি ভাছারা সেই আনন্দের মধ্যেই ফিরিয়া আসে। বস্তুত এই ভানগুলি বাছিরে ছোটে কিন্তু গানের ভিভরকারই আনন্দকে ভাছারা ভরিয়া ভোলে। ভাছারা মূল ছইতে বাছির ছইতে থাকে কিন্তু ভাছাতে মূলের ক্ষর হয় না, মূলের মূল্য বাড়িয়াই উঠে।

কিছ বহি এই আনন্দের সজে ভানের বোগ বিচ্ছিন্ন হইয়া বার ভাহা হইলে উলটাই হয়। ভাহা হইলে ভানের দারা গান কেবল হুর্বল হুইভেই থাকে। সে ভানে নিরম বঙই অটিল ও বিশুদ্ধ বাক না কেন গানকে সে কিছুই রস দের না, ভাহা হুইভে সে কেবল হুর্বণ করিয়াই চলে।

বে গায়ক আপনার মধ্যে এই গানের মৃল আনন্দে নিয়া পৌছিয়াছে গান সম্বন্ধে সে মৃক্তিলাভ করিয়াছে। সে সমাপ্তিতে পৌছিয়াছে। ত্থন তাছার গলার যে তান থেলে তাছার মধ্যে আর চিম্ভা নাই, চেটা নাই, ভয় নাই। বাছা তৃঃসাধ্য তাহা আপনি ঘটিতে থাকে। তাছাকে আর নিয়মের অফুসরণ করিতে হয় না, নিয়ম আপনি তাহার অহুগত হইয়া চলে। তানসেন আপনার মধ্যে সেই গানের আনন্দলোকটিকে পাইয়াছিলেন। ইহাই ঐপর্যলোক; এখানে অভাব প্রণ হইতেছে, ভিক্ষা করিয়া নয়, ছয়ণ করিয়া নয়, আপনারই ভিতর হইতে। তানসেন এই আয়গায় আসিয়া গান সম্বন্ধে মৃক্তিলাভ করিয়াছিলেন। মৃক্তিলাভ করিয়াছিলেন বলিতে এ কথা বুঝায় না যে, তাঁহার গানে তাহার পর হইতে নিয়মের বন্ধন আর ছিল না;—তাহা সম্পূর্ণ ই ছিল, তাহার লেশমাত্র ক্রটি ছিল না — কিন্তু তিনি সমস্ত নিয়মের মৃলে আপনার অধিকার হাপন করিয়াছিলেন বলিয়া নিয়মের প্রত্ হইয়া বসিয়াছিলেন—তিনি এককে পাইয়াছিলেন বলিয়াই অসংখ্য বহু আপনি তাঁহার কাছে ধরা দিয়াছিল। এই আনন্দেলাভটিকে আবিজার করিতে পারিলেই কাব্য সম্বন্ধে কবি, কর্ম সম্বন্ধে কর্মী মৃক্তিলাভ করে। কবির কাব্য কর্মীর কর্ম তথন স্বাভাবিক হইয়া যায়।

যাহা আপনার ভাব হইতে উঠে তাহাই স্বাভাবিক—তাহার মধ্যে অক্সের তাড়না নাই, তাহাতে নিজেরই প্রেরণা। যে কর্ম আমার স্বাভাবিক সেই কর্মেই আমি আপনার সত্য পরিচয় দিই।

কিন্তু এখানে আমরা যথেষ্ট ভূল করিয়া থাকি। এই ঠিক আপনটিকে পাওয়া বে কাহাকে বলে তাহা বুঝা শক্ত। যখন মনে করিতেছি অমুক কাজটা আমি আপনি করিতেছি অন্তর্গামী দেখিতেছেন তাহা অন্তের নকল করিয়া করিতেছি—কিংবা কোনো বাহিরের বিষয়ের প্রবল আকর্ষণে একঝোঁকা প্রবৃত্তির জোরে করিতেছি।

এই যে বাহিরের টানে প্রবৃত্তির জোরে কাজ করা ইছাও মান্থবের সত্যতম স্বভাব নহে। বস্তুত ইহা জড়ের ধর্ম। যেমন নীচের টানে পাধর আপনাকে ধরিয়া রাধিতে পারে না, সে প্রবল বেগে গড়াইয়া পড়ে ইহাও সেইরূপ। এই জড়ধর্মকে খাটাইয়া প্রকৃতি আপনার কাজ চালাইয়া লইতেছে। এই জড়ধর্মের জোরে অগ্নিজলিতেছে, স্বর্ধ তাপ দিতেছে, বায়ু বহিতেছে, কোধাও তাহার আর নিম্নৃতি নাই। ইহা শাসনের কাজ। এই জগ্রেই উপনিষদ বলিয়াছেন—

ভয়াদন্তাগ্নিস্তপতি ভয়ান্তপতি সূৰ্ব:, ভয়াদিশ্ৰণ্ড বাযুক্ত মৃত্যুৰ্বাৰতি পঞ্চয়:।

व्यक्तिक व्यक्तिराज्ये रहेरव, त्यचरक वर्षन कविराज्ये रहेरव, वाश्वस्क विराज्ये रहेरव अवः

মৃত্যুকে পৃথিবীক্ষ লোকে মিলিয়া গালি দিলেও ভাষার কাজ ভাষাকে শেব করিভেই ছইবে।

মাছবের প্রবৃত্তির মধ্যে এইরূপ জড়ধর্ম আছে। মাছ্মকে সে কানে ধরিরা কাজ করাইরা লয়। মাছ্মকে প্রকৃতি এইবানে ভাহার অক্সান্ত জড়বন্তর শামিল করিরা লইরা জোর করিয়া আপন প্রয়োজন আলার করিয়া থাকে।

কিন্তু মাছ্য যদি সম্পূর্ণ ই জড় হইত তাহা হইলে কোথাও তাহার বাধিত না সে পাণরের মত অগত্যা গড়াইত, জলের মত অগত্যা বহিয়া যাইত এ সম্ভে কোনো নালিশটিও করিত না।

মাছ্য কিন্ধ নালিশ করে। প্রবৃত্তি যে তাহাকে কানে ধরিয়া সংসারক্ষেত্রে খাটাইয়া লয় ইহার বিক্লমে তাহার আপত্তি আজও ধামিল না। সে আজও কাদিতেছে—

छात्रा, त्कान् ज्ञलद्वारय मोर्च त्यद्वारय नःमात्र-भावरय पाकि यम् ।

সে ভিতরে ভিতরে এই কথাটা অমুভব করিতেছে যে, আমি যে কার্ল করিতেছি সে গারদের মধ্যে করেদির কাল্ল – প্রবৃত্তিপেরাদার তাড়নার খাটিয়া মরিতেছি।

কিছ সে ভিতরে জানে এমন করিয়া অভাবের তাড়নায় প্রবৃত্তির প্রেরণায় কাজ করাই তাহার চরম ধর্ম নহে। তাহার মধ্যে এমন কিছু একটি আছে যাহা মৃক্ত, যাহা আপনার আনন্দেই আপনাতে পর্যাপ্ত, দেশকালের ঘারা যাহার পরিমাপ হয় না, জ্বামৃত্যুর ঘারা যাহা অভিভূত হয় না। আপনার সেই সত্য পরিচয় সেই নিত্য পরিচয়টি লাভ করিবার জয়ই তাহার চরম বেছনা।

পূর্বেই আমি বলিয়াছি, কবি আপন কবিত্বশক্তির মধ্যে, কর্মী আপন কর্মশক্তির মধ্যে সমস্কের মূলগত আপনাকে লাভ করিতে চেষ্টা করিতেছে। সেই ভিতরকার আপনাকে বড়ই সে লাভ করে তড়ই কবির কাব্য অমর হইয়া উঠে; সে তখন বাহিরের অক্ষরগনা কাব্য হয় না; ভড়ই কর্মীর কর্ম অমর হইয়া উঠে, সে ভখন য়য়চালিভবং কর্ম হয় না। কারণ প্রভাকের এই আপন পদার্থটি আনক্ষমর,—এইখানেই মড়-উৎসারিভ আনন্দের প্রশ্রবণ।

अरेकंग्रंटे माला वल-

मर्थर भव्रसम्बर हृत्यर मर्यमास्ययप स्थम् ।

साहा किछू नक्ष्म खादाहे दृ:य, वाहा किछू चान्नम जाहाहे ख्य ।

অৰ্থাৎ মাঞ্চৰের স্থুখ ভাষার আপনের মধ্যে—আর হংগ ভাষার আপন হইতে ভ্রষ্টভার।

এত বড়ো কথাটাকে ভূল বৃদ্ধিলে চলিবে না। যখন যলিতেছি ত্বথ মান্তবের আপনের মধ্যে, তখন ইহা বলিতেছি না যে, ত্বখ তাহার স্বার্থসাধনের মধ্যে। স্বার্থপরতার দারা মান্তব ইহাই প্রমাণ করে যে, সে যথার্থ আপনার দ্বাদটি পার নাই, তাই সে অর্থকেই এমন চরম করিয়া এমন একান্ত করিয়া দেখে। অর্থকেই যখন সে আপনার চেয়ে বড়ো বলিয়া জানে তখন অর্থই তাহাকে ঘ্রাইয়া মারে, তাহাকে তৃংখ হইতে তৃংখে লইয়া বার—তখনই সে পরবশতার জাজলামান দৃষ্টান্ত হইয়া উঠে।

প্রতিদিনই আমরা ইহার প্রমাণ পাইয়া থাকি। যে ব্যক্তি স্বার্থপর ভাহাকে আপনার व्यर्थ जााग कतिए इस-किस व्यक्षिकाः म स्टमरे नास निष्या व्यर्थतरे क्षम म वर्ष ত্যাগ করে—সেই তাহার প্রয়োজনের ত্যাগ তুংখের ত্যাগ। কেননা, সেই ত্যাগের মূলে একটা তাড়না আছে, অর্থাৎ পরবশতা আছে। অভাবের উৎপীড়ন হইতে বাঁচিবার क्श जुराक वाम कति एक एम। किन्ह अक अको ममम छेन हिए एम यथन म धूमि হইয়া খবচ করিয়া ফেলে। তাহার পুত্র জন্মিয়াছে খবর পাইয়া সে তাহার গায়ের দামি শালধানা তখনই দিয়া ফেলে। ইহা একপ্রকার অকারণ দেওয়া, কেননা কোনো প্রয়োজনই তাহাকে দিতে বাধা করিতেছে না। এই যে দান ইহা কেবল আপনার আনন্দের প্রাচুর্যকে প্রকাশ করিবার দান। আমার আপন আনন্দই আমার আপনার পক্ষে यरबहे এই कथाটाक न्लाहे कविया विनवाद जन अहे भामबाना हिया स्मिनिए इय। এই আনন্দের জোরে মাতুষ একেবারে গভীরতম এমন একটি আপনাকে গিয়া স্পর্ল করে যাহাকে পাওয়া তাহার অত্যন্ত বড়ো পাওয়া। সেই ভাহার আপনটি কাহারও তাঁবেদার নহে, সে জগতের সমস্ত শাল দোশালার চেয়ে অনেক বড়ো এইজন্ম চকিতের মতো মান্ত্র তাহার দেখা ষেই পায় অমনি বাছিরের ওই শালটার দাম একেবারে किया यात्र। यथन मारू एवत जानन ना शांक, यथन मारूव जाननाक ना लिख, ज्थन ওই শালটা একেবারে হাজার টাকা ওজনের বোঝা হইয়া ভাহাকে দ্বিতীয় চর্মের মডো সর্বাক্ষে চাপিয়া ধরে—তাহাকে সরাইয়া দেওয়া শক্ত হইরা উঠে। তথন ওই শালটার কাছে পরবশতা স্বীকার করিতে হয়।

এমনি করিয়া মাত্র্য ক্ষণে ক্ষণে কিছু কিছু করিয়া আপনাকে দেখিতে পায়। মাঝে মাঝে এমন এক একটা আনন্দের হাওয়া দেয় যখন তাহার বাহিরের ভারি ভারি পর্দাগুলাকে অন্তত কিছুক্ষণের জন্ম উড়াইয়া ক্ষেলে। তখন বিপরীত কাও ঘটে,—কুপণ যে সেও ব্যয় করে, বিলাসী যে সেও হুংখ স্বীকার করে, জীয়া যে সেও প্রাণ বিসর্জন করিতে কৃতিত হয় না। তখন যে নিয়মে সংসার চলিতেছে সেই নিয়মকে মাত্র্য এক মৃহুর্তে লঙ্খন করে। সেইরূপ অবস্থায় যাহ্নবের ইতিহাসে হঠাং এমন একটা যুগাস্কর

উপস্থিত হয়—পূর্বেকার সমস্ত থাতা মিলাইরা যাহার কোনো প্রকার হিসাব পাওরা যার না। কেমন করিরা পাইবে? স্বার্থের প্ররোজনের হিসাবের সঙ্গে আআর আনন্দের হিসাব কোনোমতেই মেলানো যার না—কেননা সেই যথার্থ আপনার মধ্যে পিরা পৌছিলে মাহুষ হঠাৎ দেখিতে পার, ধরচই সেধানে জ্বমা, তুঃধই সেধানে স্থব।

এমনি করিয়া মাঝে মাঝে মান্তব এমন একটি আপনাকে দেখিতে পার, বাহিরের সমস্তের চেরে বে বড়ো। কেন বড়ো? কেননা সে আপনার মধ্যেই আপনি সমাপ্ত। তাহাতে গুনিতে হয় না, মাপিতে হয় না—সমস্ত গনা এবং মাপা তাহা হইতেই আরম্ভ এবং তাহাতে আসিয়াই লেম হয়। ক্ষতি তাহার কাছে ক্ষতি নহে, মৃত্যু তাহার কাছে মৃত্যু নহে, তর তাহার বাহিরে এবং হুংবের আঘাত তাহার তারে আনন্দের ত্বর বাজাইয়া তোলে।

এই যাহাকে মাছ্য ক্ষণে ক্ষণে কিছু কিছু করিয়া পায়—যাহাকে কখনো কখনো কোনো একটা দিক দিয়া সে পায়—যাহাকে পাইবামাত্র তাহার শক্তি খাভাবিক হয়, ছাংসাধ্য হুসাধ্য হয়, তাহার কর্ম আনন্দের কর্ম হইয়া উঠে; যাহাকে পাইলে ভাহার উপর হইতে বাহিরের সমস্ত চাপ যেন সরিয়া যায়, সে আপনার মধ্যেই আপনার একটি পর্বাপ্তি দেখিতে পায় তাহার মধ্যেই মাছ্যম আপনার সত্য পরিচর উপলব্ধি করে। সেই উপলব্ধি মাছ্যমের মধ্যে অন্তর্গভাবে আছে বলিয়াই প্রবৃত্তির ধারা চালিভ হইয়া প্রকৃতির প্রেরণায় সে যে সকল কাজ করে সে কাজকে সে গায়দের কাজ বলে। অবচ প্রকৃতি যে নিতান্তই জবরদন্তি করিয়া বেগার বাটাইয়া লয় তাহা নহে—সে আপনায় কাজ উদ্ধারের সঙ্গে সঙ্গে বেডনটিও লোধ করে, প্রত্যেক চরিতার্থতার সঙ্গে সমন্ত ছুটির পরেও বাটিয়া বাফ, পেট ভরিলেও বাইতে ছাড়ি না। কিন্ত হাজার হইলে তবু মাহিনা খাইয়া খাটুনিকেও আমরা দাসত্ব বলি—আমরা এ চাকরি ছাড়িতেও পারি না তবু বলি হাড় মাটি হইল, ছাড়িতে পারিলে বাঁচি। সংসারে এই যে আমরা খাটি—সকল ছুংখ সন্ত্রেও ইহার মাহিনা পাই—ইহাতে স্থব আছে, লোভ আছে। তবু মান্তরের প্রাণ রহিয়া বািদায়া উঠে এবং বলে—

खात्रा, त्कान् खशतात्व गोर्च त्यवात्व मरमात्रशात्रत्व वाकि वण्।

এমন কথা সে যে বলে, বেতন খাইয়াও তাছার যে পুরা পুর নাই তাছার কারণ এই যে, সে জানে তাছার মধে৷ প্রভুজ্বের একটি খাধীন সম্পদ আছে—সে জন্মদাস নছে—সমস্ত প্রলোভনসম্বেও দাসত্ব তাছার পক্ষে স্বাভাবিক নর—প্রস্কৃতির দাসত্বে তাছার জ্ঞভাবটাই প্রকাশ পায় স্বভাবটা নছে। স্বভাবতই সে প্রভু; সে বলে আমি নিজের আনন্দে চলিব, আমার নিজের কাজের বেতন আমার নিজেরই মধ্যে— বাহিরের স্বতি বা লাভ, বা প্রস্তুভি-চরিতার্থতার মধ্যে নছে। বেধানে সে প্রভু, ষেধানে সে আপনার আনন্দে আপনি বিরাজমান, সেইধানেই সে আপনাকে দেখিতে চায়; সেজায় সে মংখ কট্ট ত্যাগ মৃত্যুকেও স্বীকার করিতে পারে। সেজান্য রাজপুত্র রাজ্য ছাড়িয়া বনে বায়— পণ্ডিত আপনার ন্যায়শান্তের বোঝা কেলিয়া দিয়া শিশুর মত সরল হইয়া পথে পথে নৃত্যুক্বিয়া বেড়ায়।

এই জন্মই মাম্য এই একটি আশ্চর্য কথা বলে, আমি মৃক্তি চাই। কা হইতে সে
মৃক্তি চাম ? না, যাহা কিছু সে চাহিতেছে ভাহা হইতেই সে মৃক্তি চাম। সে বলে
আমাকে বাসনা হইতে মৃক্ত করো—আমি দাসপুত্র নই অভএব আমাকে ওই বেতনচাওয়া হইতে নিছতি দাও। যদি সে নিশ্চয় না জানিত যে বেতন না চাহিলেও ভাহার
চলে, নিজের মধ্যেই ভাহার নিজের সম্পদ আছে এ বিশ্বাস যদি ভাহার অন্তর্গতম বিশ্বাস
না হইত তবে সে চাকরির গারদকে গারদ বলিয়াই জানিত না —তবে এ প্রার্থনা ভাহার
মৃষে নিভান্তই পাগলামির মতো ভনাইত যে আমি মৃক্তি চাই। বস্তুত আমাদের বেতন
যখন বাহিরে ভখনই আমরা চাকরি করি কিছু আমাদের বেতন যখন আমাদের
নিজেরই মধ্যে, অর্থাৎ যখন আমরা ধনী তখন আমরা চাকরিতে ইন্তকা দিয়া আসি।

চাকরি করি না বটে কিন্তু কর্ম করি না, এমন কথা বলিতে পারি না। কর্ম বরঞ্চ বাড়িয়া যায়। যে চিত্রকর চিত্ররচনাশক্তির মধ্যে আপনাকে পাইয়াছে—যাহাকে আর নকল করিয়া ছবি আঁকিতে হয় না, পুঁথির নিয়ম মিলাইয়া যাহাকে ভুলি টানিতে হয় না, নিয়ম যাহার স্বাধীন আনন্দের অন্থগত—ছবি আঁকার তঃগ তাহার নাই, তাই বলিয়া ছবি আঁকাই তাহার বন্ধ এমন কথা কেহ বলিতে পারে না। বরঞ্চ উলটা। ছবি আঁকার কালে আপনাকে সে আর বিশ্রাম দিতে চায় না। বেতন দিয়া এত খাটুনি. কাহাকেও খাটানো য়ায় না।

ইহার কারণ এই যে, এখানে চিত্রকর কর্ষের একেবারে মৃলে ভাহার পর্যাপ্তির দিকে পিরা পৌছিরাছে। বেতন কর্মের মৃল নহে, আনন্দই কর্মের মৃল—বেভনের ধারা কৃত্রিম উপারে আমরা সেই আনন্দকেই আকর্ষণ করিতে চেপ্তা করি। গলা ছইভে যেমন আমরা পাইপে করিয়া কলের জল আনি, বেতন ভেমনি করিয়াই আনন্দকেই ঠেলা দিরা ভাহার একাংশ হইভে শক্তির সমল সঞ্চর করিয়া আনে। কিন্তু কলের জলে আমরা বাঁপে দিতে পারি না, ভাহার হাওয়া ধাইভে পারি না, ভাহার ভরজ্গীলা দেখিতে পাই না—ভা ছাড়া কেবল কাজের সমর্যানিতেই সে ধোলা থাকে—অপব্যয়ের

ভবে স্থপণের মতো প্রয়োজনের পরেই ভাছাকে বন্ধ করিয়া দিতে হয়, ভাছার পরে কল বিগড়াইভেও আটক নাই।

কিছ আনন্দের মূল গঞ্চার গিয়া পৌছিলে দেখিতে পাই সেথানে কর্মের অবিরাম প্রোত বিপুল তরতে আপনি বহিয়া যাইতেছে, লোহার কল অগ্নিচক্ট্ রাঙা করিয়া তাহাকে তাড়না করিতেছে না। সেই জলের ধারা পাইপের ধারার চেয়ে অনেক প্রবল, অনেক প্রভাব। তথু তাই নয়—কলের পাইপ-নিঃস্ত কাজে কাজই আছে কিছু সৌন্দর্য নাই, আরাম নাই—আনন্দের গঞ্চার কাজের অক্ট্রান প্রবাহের সঙ্গে নিরম্ভর সৌন্দর্য ও আরাম অনায়াসে বিকীর্ণ হইতেছে।

তাই বলিতেছিলাম চিত্রকর বখন সভ্য আপনার মধ্যে সকল কর্মের মূলে গিরা উত্তীর্ণ হয়, আনন্দে গিয়া পৌছে, তখন তাহার চিত্র আঁকার কর্মের আর অবণি পাকে না। বস্তুত তখন তাহার কর্মের বারাই আনন্দের পরিমাপ হইতে পাকে, ত্বংপের ধারাই তাহার স্থপের গভীরতা ব্রিতে পারি। এই জ্লুই কার্লাইল বলিয়াছেন—অসীম ত্বংধ রীকার করিবার শক্তিকে বলে প্রতিভা। প্রতিভা সেই শক্তিকেই বলে, রে শক্তির মূল আপনারই আনন্দের মধ্যে; বাহিরের নিয়ম বা তাড়না বা প্রলোভনের মধ্যে নহে। প্রতিভার বারা মাছ্ম্য সেই আপনাকেই পায় বলিয়া কর্মের মূল আনন্দ-প্রপ্রবাচিকে পায়; সেই আনন্দকেই পায় বলিয়া কোনো ত্বংধ তাহাকে আর ত্বংধ দিতে পারে না। কারণ প্রাণ যেমন আপনিই ধাছকে প্রাণ করিয়া লয়, আনন্দ তেমনি আপনিই ত্বংকক আনন্দ করিয়া তোলে।

এতক্ষণ বাছা বলিতে চেষ্টা করিতেছি তাছা কথাটা এই ষে, ষেধানে আপনার সমাপ্তি সেই আপনাকে মাছ্ম পাইতে চাহিতেছে, আপনার মধ্যে দাঁড়াইতে চাহিতেছে, কারণ সেইধানেই তাছার দ্বিতি, সেইধানেই তাছার আনন্দ। সেই তাছার স্বাধীন আপনার সঙ্গেই তাছার সংসারকে তাছার সমস্ত কর্মকে যোজনা করিতে চাহিতেছে। সেধান হইতে ষে পরিমাণে সে বিচ্ছিন্ন হর সেই পরিমাণেই কর্ম তাছার বন্ধন, সংসার তাছার কারাগার। সেধানকার সঙ্গে পূর্ণধােগে কর্মই মান্ত্রের মৃক্তি, সংসারই মান্ত্রের অমৃতধাম।

এইবার আর একবার গোড়ার কথার যাইতে হইবে। আমরা বলিরাছিলাম,
মান্থবের সমস্তা এই যে, ছোটোকে বড়োর সন্দে মিলাইবার ভার ভাহার উপর।
আমরা দেখিরাছি ভাহার ছোটো দারীরের সার্থকভা বিশ্বদারীরের মধ্যে, ভাহার
ছোটো মনের সার্থকভা বিশ্বমানব্যনের মধ্যে। 'এই দারীর মনের দিক্ মান্থবের
ব্যাপ্তির দিক্। আমরা ইছাও দেখিরাছি ভন্মাত্র এই আমাদের ব্যাপ্তির দিকে আমরা

व्यक्कित अधीन, आमवा विश्ववाभी अनस निषमभवण्यात वाता ठामिछ,—अथान आमारित पूर्व स्थ नाहे, अथान वाहिरतत छाएनाहे आमारित का कराता। आमारित में स्थान विश्वविद्य छाएनाहे आमारित का कराता। आमारित में स्थान असी में में स्थान असी में स्थान असी में स्थान असी में स्थान कराता में स्थान कराता में स्थान कराता में स्थान स्थान कराता में स्थान स्थान में स्थान स

কিন্ত যেখানে তাহার সমাপ্তির দিক্, যেখানে তাহার সমগ্র একের দিক্ স্থানেও কি তাহার সমস্তাটি নাই ?

আছে বই কী। সেধানেও মাহুষের আপন, আপনার চেয়ে বড়ো আপনার সঙ্গে মিলিতে চাহিতেছে। মাহুষ যধনই আত্মবল হইয়া আপনার আনন্দকে পায় তথনই বড়ো আনন্দকে সর্বত্র দেখিতে পায়। সেই বড়ো আত্মাকে দেখাই আত্মার স্বভাব, সেই বড়ো আনন্দকে জানাই আত্মানন্দের সহজ্ঞ প্রকৃতি। মাহুষের শরীর বড়ো শরীরকে সহজ্ঞে দেখিয়াছে, মাহুষের মন বড়ো মনকে সহজ্ঞে দেখিয়াছে, মাহুষের আত্মা বড়ো আত্মাকে সহজ্ঞে দেখে।

এইবানে পৌছানো, এইবানে প্রতিষ্ঠিত হওয়ার যে চেষ্টা তাহাকেই আমন্ত্রা ধর্ম বিলি। বস্তুত ইহাই মানবের ধর্ম; মাহ্ন্যের ইহাই স্বভাব, ইহাই তাহার সত্যতম চেষ্টা। বীরের ধর্ম বীরত্ব, রাজার ধর্ম রাজত্ব—মাহ্ন্যের ধর্ম ধর্মই—জাহাকে আর কোনো নাম দিবার দরকার করে না। মাহ্ন্যের সকল কর্মের মধ্যে সকল স্পষ্টর মধ্যে এই ধর্ম কাজ করিতেছে। অক্স সকল কাজের উদ্দেশ্ত হাতে হাতে বোঝা বায়—স্থ্যা নিবারণের জন্তু বাই, শীত নিবারণের জন্তু পরি কিন্তু ধর্মের উদ্দেশ্তকে তেমন করিয়া চোকে আঙুল দিয়া ব্যাইয়া দিবার জো নাই। কেননা, তাহা কোনো সাময়িক অভাবের জন্তু নহে, তাহা মাহ্ন্যের বাহা কিছু সমন্তের গভীরতম মূলগত। এইজন্তু কোনো বিলেষ মাহ্ন্য ভাহাকে ক্ষণকালের জন্তু ভূলিতে পারে, কোনো বিলেষ বৃদ্ধিমান তর্কের দিক্ হইতে তাহাকে অন্বীকার করিতে পারে—কিন্তু সমন্ত মাহ্ন্য তাহাকে ত্যাগ করিতে পারে না। মাহ্ন্যের ইতিহাসে মাহ্ন্যের সকল প্রেরাজ্ঞনের মধ্যে, তাহার সমন্ত কাড়াকাড়ি মারামারি তাহার সমন্ত বাল্ভতার মাঝ্লানে এই ধর্ম বহিরাই গিয়াছে;—ভাহা জন্ত্রপন নহে, বসনভূষণ নহৈ, খ্যাতিপ্রতিপত্তি নহে, ভাহা এমন কিছুই নহে মাহ্নকে বাদ দিলে মাহ্ন্যের আবন্তকের হিসাবে একটু কিছু গ্রমিল হয়; তাহাকে বাদ

দিলেও শক্ত ফলে, বৃষ্টি পড়ে, আগুন জলে, নদী বছে; ভাছাকে বাদ দিরা পশুপক্ষীর · कांना चन्द्रविधाहे वर्षे ना ; किन्नु माञ्च ভाष्टांक वांव विष्ठ भाविन ना। कनना, ধৰ্মকে কেমন করিয়া ছাড়িবে ? প্ৰয়োজন থাক জায় নাই থাক জায় ভাহার ভাপধৰ্মকে ছাড়িতে পারে না, কারণ তাছাই তাহার স্বভাব। বাহির হইতে দেখিলে বলা যায় অগ্নি কাৰ্চকে চাহিতেছে কিন্তু ভিতরের সভ্য কণা এই বে, অগ্নি আপন শ্বভাবকে সার্থক করিতে চাহিতেছে – সে জলিতে চায় ইহাই তার স্বভাব – এইজয় ক্রমনা कार्ठ, कथरना थए, कथरना आत्र किहूरक म आधारार कतिएएह ; म किक नित्रा তাহার উপকরণের তালিকার অস্ত পাওয়া বার না কিন্তু মূল কথাট এই বে, সে আপনার স্বভাবকেই পূর্ব করিতে চাহিতেছে। যখন ভাহার উজ্জল শিখাটি দেখা यात्र ना क्वितन क्विवर्ग धूमरे छेठिए बाक, उबन मिरे हाखत्रा छाहात्र मध्या पाहि; ষধন সে ভস্মাচ্ছন্ন হইন্না বিলুপ্তপ্রায় হইন্না থাকে তথনও সেই চাওন্না তাহার মধ্যে নির্বাপিত হয় না। কারণ তাহাই ভাহার ধর্ম। মাহুষেরও সকলের চেয়ে বড়ো চাওরাটি তাহার ধর্ম। ইহাই তাহার আপনাকে পরম আপনের মধ্যে চাওরা। সকল চাওয়ার হিসাব দেওয়া যায়, কারণ, ভাহার হিসাব বাহিরে, কিন্তু এই চাওয়াটির হিসাব দেওয়া যায় না, কারণ ইহার হিসাব তাহার আপনারই মধ্যে। এই জন্ম তর্কে ইহাকে অশ্বীকার করা অত্যন্ত সহজ কিন্তু মূলে ইহাকে অশ্বীকার করা একেবারে অসম্ব। এই জন্মই শাল্পে বলে, ধর্মস্ত তত্ত্বং নিহিতং গুহায়াম্। এ তত্ত্ব বাহিরে নাই, এ তত্ত্ব অস্তরের মধ্যে সকলের মূলে নিছিত। সেইজন্ম আমাদের ভর্কবিভর্কের উপর, श्रीकात-व्यश्रीकारतत्र छेनत्र देशात्र निर्जत्र नरह। देश व्याष्ट्रि । भारूरतत्र এको প্রয়োজন আৰু মিটিভেছে আর একটা প্রয়োজন কাল মিটিভেছে, ষেটা মিটিভেছে সেটা চুকিয়া गारेटिए — किन्नु जाराज चन्छार्यत्र हत्वम हिन्नो इरिज़ाइरे। व्यवक्र এ श्रम मन्न जेनत्र হওয়া অসম্ভব নয় যে, ইহাই যদি মাহুষের স্বভাব হর তবে ইহার বিপরীত আমরা মহাসমাজে দেখি কেন? চলিবার চেষ্টাই শিশুর পক্ষে স্বাভাবিক, তবু তো দেখি শিশু চলিতে পারে না। সে বারংবার পড়িয়া বার। কিন্তু এই অক্ষমতা হইতে এই পড়িয়া या अप्रा इंटेर जो जावा जावा व खान विठाय कवि ना। वसक अंटे कवारे जामया विव যে শিশু যে বারবার করিয়া পড়িভেছে আঘাত পাইতেছে তবু চলিবার চেষ্টা ভ্যাপ ক্রিভেছে না ইছার কারণ চলাই ভাছার স্বভাব – সেই স্বভাবের প্রেরণাভেই সমস্ত প্রতি-क्माजांत्र मरथा, ममन्त्र व्याष्ट्रविरदारभद्र मरथा, जाहांत्र हमात्र रहेश विह्या शिवारह । विश्व यथन गाउँ । अफ़ाइए एह, यथन शृषियोत आकर्षने किन छाहारक निक्त छानिता টানিয়া কেলিভেছে তথনও ভাছার বভাব এই প্রস্কৃতির আকর্ষণকে কাটাইয়া উঠিতে চাহিতেছে—দে আপনার শরীরের সম্পূর্ণ প্রভুত্ব চায়—টলিয়া টলিয়া পড়িতে চায় না;—ইহা তাহার পক্ষে প্রাকৃতিক নহে, ইহা তাহার পক্ষে স্বাভাবিক। এইজন্য প্রকৃতি যথন তাহাকে ধুলায় টানিয়া কেলিতে চায় তথন তাহার স্বভাব তাহাকে উপরে টানিয়া রাধিতে চাহে। সমস্ত টলিয়া পড়ার মধ্যে এই স্বভাব তাহাকে কিছুতেই ছাড়ে না।

আমাদের ধর্ম আমাদের সেইরপে স্বভাব। প্রকৃতির উপরে সকল দিক হইতে আমাদিগকে থাড়া করিয়া তৃলিবার জল্প সে কেবলই চেষ্টা করিতেছে—যবন ধূলার লুটাইরা তাহাকে অস্বীকার করিতেছি তখনও অস্করের মধ্যে সে আছে। সে বলিতেছে আপনার স্থিতিকে পাইতেই হইবে, তাহা হইলেই গতিকে পাইবে – দাঁড়াইতে পারিলেই চলিতে পারিবে। আপনাকে পাইলেই সমস্তকে মূলে গিরা পাইবে। তখন তোমার সমস্ত জীবন প্রাকৃতিক হইবে না, স্বাভাবিক হইবে। স্বভাবে যখন তৃমি প্রতিষ্ঠিত হইবে প্রকৃতি তখন তোমার অমুগত হইবে। তখনই তোমার ধর্ম সার্থক হইবে— তখনই তৃমি তোমার চরিতার্থতাকে পাইবে।

এই চরিতার্থতার সঙ্গে বিচ্ছিন্ন করিয়া মাছ্য বাহির হইতে বাহা কিছু পাইতেছে তাহাতেই তাহার অস্তরতম ইচ্ছা মাথা নাড়িয়া বলিতেছে—যেনাহং নামৃতা স্থাম্ কিমহং তেন ক্র্যাম্। এই চরিতার্থতা হইতে, এই পরিসমাপ্তি হইতে বিচ্ছিন্ন করিয়া সে বাহা কিছু দেবিতেছে তাহার মধ্যে সে মৃত্যুকেই দেবিতেছে— কেবল বিচ্ছেদ, কেবল অবসান; প্রয়োজন আছে তাহার আয়োজন পাই না, আয়োজন আছে তাহার প্রয়োজন চলিয়া যায়। এ যে মৃত্যুকে দেখা, ইহার অর্থ, নিরর্থকতাকে দেখা। মাছ্য ইচ্ছা করিল, কাজ করিল, স্থব হুংব ডোগ করিল, তাহার পর মরিয়া গেল। সেইখানে মৃত্যুকে যখন দেবি তখন মাছ্যের জীবনের সমন্ত ইচ্ছা সমন্ত কাজের অর্থকে আর দেবিতে পাই না। তাহার দীর্ঘকালের জীবন মৃত্তুকালে মৃত্যুর মধ্যে হঠাৎ মিধ্যা হইয়া রেল।

পদে পদে এই মৃত্যুকে দেখা, এই অর্থহীনতাকে দেখা তো কথনোই সত্য দেখা নহে। অর্থাৎ ইহা কেবল বাহিরের দেখা; ভিতরের দেখা নহে; ইহাই যদি সত্য হইত তবে মিথাই সত্য হইত—তাহা কখনোই সম্ভব হইতে পারে না। জীবনের কার্য ও বিশ্বের ব্যাপ্তির মধ্যে একটি পরমার্থকে দেখিতেই হুইবে। মুখে ষতই বলি না কেন, কোনো অর্থ নাই; যভই বলি না কান্ধ কেবল কান্ধকে জন্ম দিয়াই চলিয়াছে তাহার কোনো পরিণাম নাই, ব্যাপ্তি কেবলই দেশে কালে ছড়াইয়া পড়িতেহে, তাহার সঙ্গে দেশকালাতীত স্থগভীর পরিসমাপ্তির কোনোই যোগ নাই মন কোনোমতেই তাহাতে সাম্ব দিতে পারে না।

খারী দরকার কাছে বসিয়া ত্লসীদাসের রামায়ণ স্থর করিয়া পড়িতেছে। আমি ভাছার ভাষা বুঝি না। আমার কেবলই মনে হয়, একটার পর আর একটা শব্দ চলিয়া চলিয়া যাইতেছে; তাছাদের কোনো সম্বন্ধ জানি না। ইহাই মৃত্যুর রূপ; ইহাই অর্থহানতা। ইহাতে কেবল পীড়া দেয়। যথন ভাষা বুঝি, যথন অর্থ পাই, তথন বিক্রিয় লম্বন্তলিকে আর শুনি না—তথন অর্থের অনবচ্ছিয় ঐক্যধারাকে দেখি, তথন অর্থ্য অমৃতকে পাই, তথন তৃঃখ চলিয়া যায়। তৃলসীদাসের রামায়ণে অর্থের অমৃত লাব্দের থওতাকে পূর্ণ করিয়া দেখাইতেছে। সেই পূর্ণ টিকে দেখাই তৃলসীদাসের রামায়ণ পড়িবার চরম উদ্বেশ্য—যতক্ষণ সেই উদ্বেশ্য সিদ্ধ না হইবে ততক্ষণ প্রত্যেক শব্দই কেবল আমাদিগকে তৃঃখ দিবে। ততক্ষণ পাঠকের মন কেবলই বলিতে থাকিবে, অবিশ্রাম লব্দের পর শব্দ লইয়া আমি কী করিব—অমৃত ধদি না পাই তবে ইহাতে আমার কিসের প্রয়োজন।

আমাদেরও সেই কায়। আমরা যখন কেবলই অন্তহীন ব্যাপ্তির গমাহীন পথে চলি তখন প্রত্যেক পদক্ষেপ নিরর্থক হইয়া আমাদিগকে কট্ট দেয়—একটি পরিপূর্ণ পরিসমাপ্তির সঙ্গে যোগ করিয়া যখন তাহাকে দেখি তখনই তাহার সমস্ত ব্যর্শতা দ্র হইয়া যায়। তখন প্রতিপদেই আমাদিগকে আনন্দ দিতে থাকে। তখন মৃত্যুই, আমাদের কাছে মিথ্যা হইয়া যায়। তখন এক অখণ্ড অমৃতে জগৎকে এবং জীবনকে আগত্ত পরিপূর্ণ দেখিয়া আমাদের সমস্ত দারিজ্যের অবসান হয়। তখন সা রি গা মা-য় অরণ্যে ঘ্রিয়া ঘ্রিয়া ক্লান্ত হইয়া মরি না—রাগিণীর পরিপূর্ণ রসের সমগ্রতায় নিয়য় হইয়া আশ্রয় লাভ করি।

পৃথিবী জুড়িয়া নানা দেশে নানা কালে নানা জাতির নানা ইতিহাসে মান্ন্য এই রাগিণী শিধিতেছে। যে এক অথও পরিপূর্ণ আনন্দ হইতে বিশ্বজ্ঞাৎ নব নব তানের মতো কেবলই আকাল হইতে আকালে বিন্তীর্ণ হইতেছে — সেই আনন্দ-রাগিণী মান্ন্য সাধিতেছে। ওস্তাদের ঘরে তাহার জন্ম, পিতার হাছে তাহার শিক্ষা। পিতার আনদি বীণায়ন্তের সন্দে সে পুর মিলাইতেছে। সেই একের পুরে বতই তাহার পুর মিলিতে থাকে, সেই একের আনন্দে বতই তাহার আনন্দ নিরবৃদ্ধির হইয়া উঠিতে থাকে, বছর তানমানের মধ্যে ততই তাহার বিশ্ব কাটিয়া যায়, ছঃখ দূর হয়— বছকে ততই সে আনন্দের লীলা বলিয়া দেখে; বছর মধ্যে তাহার স্লাভি আর থাকে না, সমন্তের সামঞ্জকে সে একের মধ্যে লাভ করিয়া বিক্ষেপের হাত হইতে রক্ষা পায়। ধর্ম সেই সংগীতশালা যেখানে পিতা ভাঁহার পুত্রকে লান শিধাইতেছেন, পরমান্মা হইতে আত্মার পুর সঞ্চারিত হইতেছে। এই সংগীতশালার বে সর্বত্রই সংগীত পরিপূর্ণ হইয়া

উঠিতেছে তাহা নহে। শ্বর মিলিতেছে না, তাল কাটিয়া ষাইতেছে; এই বেশ্বর বেতালকে শ্বরে তালে সংশোধন করিয়া লইবার হংগ অত্যন্ত কঠোর; সেই কঠোর হংগে কতবার তার ছিঁড়িয়া যার, আবার তার সারিয়া লইতে হয়। সকলের এক রক্ষের ভূল নহে, সকলের একজাতীয় বাধা নহে, কাহারও বা শ্বরে দোষ আছে, কাহারও বা তালে, কেহ বা শ্বর তাল উভয়েই কাঁচা; এইজ্ল সাধনা শতর। কিছ লক্ষ্য একই। সকলকেই সেই এক বিশুদ্ধ শ্বরে য়য় বাধিয়া, এক বিশুদ্ধ রাগিণী আলাপ করিয়া, এক বিশুদ্ধ আনন্দের মধ্যে মৃত্তিলাভ করিতে হইবে, যেখানে পিতার সঙ্গে প্তের, শুক্রর সঙ্গে বঙ্গে বঙ্গে বঙ্গে বিশ্বর বিশ্বর স্থার বিশ্বর বিশ্বর স্থার বিশ্বর স্থান শ্বরের, শুক্রর সঙ্গে বিশ্বর বিশ্বর ব্যার বিশ্বর স্থান করিছে।

ンのント

ধর্মশিকা

বালকবালিকাদিগকে গোড়া হইতেই ধর্মশিক্ষা কেমন করিয়া দেওয়া যাইতে পারে এ তর্ক আজ্ঞকাল খ্রীস্টান মহাদেশে ধুবই প্রবল হইয়া উঠিয়াছে এবং বোধ করি কভকটা একই কারণে এ চিম্ভা আমাদের দেশেও জ্ঞাগ্রত হইবার উপক্রম করিতেছে। প্রাশ্বন্দন এই ধর্মশিক্ষার কিরপে আয়োজন হইতে পারে সেই বিষয়ে আলোচনা করিবায় জন্ম বন্ধুগণ আমাকে অন্মরোধ করিয়াছেন।

ধর্মসম্বন্ধে আমাদের অধিকাংশ লোকের একটা সংকট এই দেখিতে পাই ষে, আমাদের একটা মোটাম্টি সংস্থার আছে যে, ধর্ম জিনিসটা প্রার্থনীয় অবচ তাহার প্রার্থনাটা আমাদের জীবনে সত্য হইয়া উঠে নাই। এইজন্ম তাহা আমরা চাহিও বটে কিন্তু যতদূর সম্ভব সন্থায় পাইতে চাই—সকল প্রয়োজনের শেষে উষ্প্রটুকু দিয়া কাজ সারিয়া লইবার চেষ্টা করি।

সন্তা জিনিস পৃথিবীতে জনেক আছে তাহাদিগকে আয় চেষ্টাতেই পাওয়া যায় কিছু
মূল্যবান জিনিস কী করিয়া বিনামূল্যে পাওয়া যাইতে পারে এ কথা যদি কেছ জিজ্ঞাসা
করিতে আসে তবে বৃথিতে হইবে সে ব্যক্তি সিঁধ কাটিবার বা জ্ঞাল করিবার পরামর্শ
চাহে; সে জানে উপার্জনের বড়ো রাস্তাটা প্রশন্ত এবং সেই বড়ো রাস্তাটা ধরিরাই
জগতের মহাজনেরা চিরকাল মহাজ্ঞানি করিয়া আসিয়াছেন, কিছু সেই রাজ্যার চলিবার
মতো সময়-দিতে বালোধ্য ধরচ করিতে সে রাজিলানহে।

ভাই ধর্যশিক্ষাসম্বন্ধে আমরা সভাই কিরুপ পরামর্শ চাহিতেছি সেটা একটু ভালো করিয়া ভাবিয়া দেখা দরকার। কারণ, গীভায় বলিয়াছেন, আমাদের ভাবনাটা বেরুপ ভাষার সিদ্ধিও সেইরূপ হইয়া থাকে। আমাদের ভাবনাটা কী ? যদি এমন কথা আমাদের মনে থাকে যে, যেমন বাহা আছে এমনিই সমস্ত থাকিবে, ভাহাকে বেলি কিছু নাড়াচাড়া করিব না অথচ ভাহাকেই পূর্ণভাবে সক্ষল করিয়া ভূলিব, তবে পিতলকে সোনা করিয়া ভূলিবার আলা দেওয়া যে সকল চতুর লোকের ব্যবসায় ভাহাদেরই লরণাপর হইতে হয়।

কিন্তু এমন অবস্থা আছে যখন ধর্মনিক্ষা নিভান্তই সহজ। একেবারে নিশ্বাসগ্রহণের মতোই সহজ। তবে কিনা যদি কোপাও বাধা ঘটে তবে নিশাসগ্রহণ এমনি কঠিন হইতে পারে যে বড়ো বড়ো ভাজারেরা হাল ছাড়িয়া দেয়। যখনই মাছ্য বলে আমার নিশ্বাস লওয়ার প্রয়োজন ঘটিয়াছে তখনই বুঝিতে হইবে ব্যাপারটা লক্ত বটে।

ধর্মসংক্ষেপ্ত সেইরূপ। সমাজে যখন ধর্মের বোধ যে কারণেই হউক উচ্ছেল হয়, তথন স্বভাবতই সমাজের লোক ধর্মের জন্ম সকলের চেয়ে বড়ো ত্যাগ করিতে থাকে—তখন ধর্মের জন্ম মাসুষের চেটা চারিদিকেই নানা আকারে প্রত্যক্ষ হইয়া উঠিতে থাকে—তখন দেশের ধর্মমন্দির ধনীর ধনের অধিকাংশকে এবং শিল্পার শিল্পের জেন্ন প্রয়াসকে অনায়াসে আকর্ষণ করিয়া আনে—তখন ধর্ম যে কত বড়ো জিনিস তাহা সমাজের ছেলেমেয়েক্ষের ব্যাইবার জন্ম কোনো প্রকার তাড়না করিবার দরকার হয় না। সেই সমাজে আনেকেই আপনিই ধর্মসাধনার কঠোরতাকে আনন্দের সহিত বরণ করিয়া লাইতে পারে। আমাদের দেশের ইতিহাস অনুসরণ করিলে এরূপ সমাজের আদর্শকে নিতান্ত কাল্পনিক বলিয়া উড়াইয়া দেওয়া যায় না।

ধর্ম ষেখানে পরিষ্যাপ্ত ধর্মশিক্ষা সেইখানেই স্বাভাবিক। কিন্তু ষেখানে তাহা জীবন-যাত্রার কেবল একটা জংশমাত্র সেখানে মন্ত্রীরা বসিয়া যতই মন্ত্রণা করুক না কেন ধর্ম-শিক্ষা যে কেমন করিয়া যথার্বরূপে দেওয়া যাইতে পারে ভাবিয়া তাহার কিনারা পাওয়া যার না।

शृथिवीत श्राप्त मकन ममार्क्ष आधुनिकरमत य मना व्याक्रममार्क्ष ठाहार निक्छ रहेरछह। आमारमत वृद्धित এवः हेन्छात्र होन वाहिरतत मिरकरे এछ अछान्छ य अन्धरतत मिरक तिक्छा आमित्राह् । এই अमामक्षण य की निमान्न छाहा छेन्निक कित्वात अवकानरे नारे ना नाहिरतत मिरक हुँहिना हिन्दात मिरक मिनतािक आमापित्र प्रांफ क्राहेरछह । असन कि, आमारमत धर्मममान्त्रप्रदेशि हिहाशिन नित्रन वाह्यछामन छेरछका-नत्रकात्र आकात भावात भावात क्राहर । अन्धरतत मिरक अक्ट्रेस छाकारेरात

বদি অবসর পাই তাম তবে দেখিতাম তাহা গ্রীম্মকালের বালুকাবিস্তীর্ণ নদীর মতো — সেধানে অগভীর ধর্মবাধে আমাদের জীবনযাত্রার নিতাস্ত একপালে আসিয়া ঠেকিয়াছে; তাহাকে আমরা অধিক জায়গা ছাড়িয়া দিতে চাই না। আমরা নব্যুগের মাছ্র্য, আমাদের জীবনযাত্রায় সরলতা নাই; আমাদের ভোগের আয়োজন প্রচুর এবং তাহার অভিমানও অত্যন্ত প্রবল: ধর্ম আমাদের অনেকের পক্ষেই সামাজিকতার একটা অসমাত্র। এমন কি, সমাজে এমন লোক দেখিয়াছি যাহারা যথার্থ ধর্মনিষ্ঠাকে চিত্তের তুর্বলতা বলিয়া অন্তরের সহিত অবজ্ঞা করিয়া থাকেন।

এইরপে ধর্মকে যদি আমাদের জীবনের এককোণে সরাইয়া রাখি, অথচ এই অবস্থায় ছেলেমেয়েদের জন্ম ধর্মশিক্ষা কা করিয়া অল্পমাত্রায় ভদ্রতারক্ষার পরিমাদে বরাদ্দ করা যাইতে পারে সে কথা চিস্তা করিয়া উদ্বিয় ইইয়া উঠি তবে সেই উদ্বেগ অত্যস্ত সহজে কী উপায়ে নিবারণ করা যাইতে পারে তাহা বলা অত্যস্ত কঠিন। তব্, বর্তমান অবস্থাকে স্বীকার করিয়া লইয়াই ব্যবস্থা চিস্তা করিতে হইবে। অতএব এ সম্বন্ধে আমাদের আলোচনা করিয়া দেখা কর্তব্য তাহাতে সন্দেহ নাই।

এক সময়ে পৃথিবীর প্রায় সর্বব্রই শিক্ষাব্যাপারটা ধর্মাচার্বগণের হাতে ছিল। তথন রাষ্ট্রব্যবস্থার মধ্যে এমন একটা অনিশ্চয়তা ছিল যে, দেশের সর্বসাধারণে দীর্ঘকাল শাস্তি ভোগ করিবার অবসর পাইত না। এইজন্ম জাতিগত সমস্ত বিভা ও ধর্মকে অবিচ্ছিন্ন-ভাবে রক্ষা করিবার জন্ম সভাবতই এমন একটি বিশেষ শ্রেণীর স্বাষ্টি হইয়াছিল যাহার প্রতি ধর্মালোচনা ও শাস্তালোচনা ছাড়া আর কোনোপ্রকার সামাজিক দাবি ছিল না; তাহার জীবিকার ভারও সমাজ গ্রহণ করিয়াছিল। স্মৃতরাং এই শ্রেণীর লোকেরাই সমাজের শিক্ষক ছিলেন। তথন শিক্ষার বিষয় ছিল সংকীর্ণ, শিক্ষার্থীও ছিল অয়, এবং শিক্ষকের দলও ছিল একটি সংকীর্ণ সীমায় বন্ধ। এই কারণে শিক্ষাসমস্তা তথন বিশেষ জটিল ছিল না, তাই তথনকার ধর্মশিক্ষা ও অক্টান্ম শিক্ষা অনায়াসে একত্র মিলিত হইয়াছিল।

এখন অবস্থার পরিবর্তন ঘটিয়াছে। রাষ্ট্রব্যবস্থার উন্নতির দলে সলে জনসাধারণের শিক্ষালাভের ইচ্ছা চেষ্টা ও প্রযোগ প্রশস্ত হইয়া উঠিতেছে, সেই সলে বিভার শাখা-প্রশাখাও চারিদিকে অবাধে বাড়িয়া চলিয়াছে। এখন কেবল ধর্মযাজকগণের রেখান্ধিত গণ্ডির ভিতর সমন্ত শিক্ষাব্যাপার বন্ধ হইয়া থাকিতে চাহিতেছে না।

তব্ সময় উত্তীর্ণ হইয়া গেলেও পুরাতন প্রথা সহজে মরিতে চায় না। তাই বিভালয়ের অক্যাক্ত শিক্ষা কোনোমতে এ পর্যন্ত ধর্মশিক্ষার সকে ন্যনাধিক পরিমাণে জড়িত হইয়া চলিয়া আসিয়াছে। কিন্তু সমন্ত মুরোপথণ্ডেই আজ তাহাদের বিচ্ছেদ- সাধনের জন্ম ভূম্ল চেষ্টা চলিভেছে। এই বিচ্ছেদকে কোনোমতেই স্বাজাবিক বলিভে পারি না কিন্তু তবু বিশেষ কারণে ইহা জনিবার্থ ছইয়া উঠিয়াছে।

কেননা, সেধানকার ইভিহাসে ইহা দেখা গিয়াছে যে, একদিন বে ধর্মসম্প্রদায় দেশের বিচ্চাকে পালন করিয়া আসিয়াছে, পরে ভাহারাই সে বিচ্চাকে বাধা দিবার সর্বপ্রধান হেডু হইয়া উঠিল। কারণ বিচ্চা যভই বাড়িয়া উঠিতে থাকে ততই সে প্রচলিত ধর্মশান্ত্রের সনাতন সীমাকে চারিদিকেই অভিক্রম করিতে উন্নত হয়। শুধু যে বিশ্বতম্ব ও ইভিহাসসম্বন্ধেই সে ধর্মশাস্ত্রের বেড়া ভাঙিতে বসে ভাহা নহে, মান্তবের চারিত্রনীতিগত নৃতন উপলব্ধির সক্ষেও প্রাচীন শান্ত্রাহ্মশাসনের আগাগোড়া মিল থাকে না।

এমন অবস্থায় হয় ধর্মশান্ত্রকে নিব্দের প্রান্তি কবুল করিতে হয়, নয় বিজ্ঞোহী বিভা স্থাতন্ত্র্য অবলম্বন করে ;—উভয়ের এক অল্লে থাকা আর সম্ভবপর হয় না।

কিন্তু ধর্মশান্ত যদি স্বীকার করে বে, কোনো অংশে তাছার জ্ঞান অসম্পূর্ণ ও প্রান্ত তবে তাছার প্রতিষ্ঠাই চলিয়া যায়। কারণ, সে বিশুদ্ধ দৈববাণী এবং তাছার সমস্ত দলিল ও পরোয়ানার উপর স্বয়ং সর্বজ্ঞ দেবতার সীলমোহরের স্বাক্ষর আছে এই বলিয়াই সে আপন শাসন পাকা করিয়া আসিয়াছে। বিলা তখন বিশ্বেশ্বরের বিশ্বশান্তকে সাক্ষী যানে আর ধর্মসম্প্রদার তাছাদের সনাতন ধর্মশান্তকে সাক্ষী থাড়া করিয়া তোলে—উভয়ের সাক্ষ্যে এমনি বিপরাত অমিল ঘটতে থাকে বে, ধর্মশান্ত্র ও বিশ্বশান্ত যে একই দেবতার বাণী এ কথা আর টে কে না এবং এ অবস্থায় ধর্মশিক্ষা ও বিলাশিক্ষাকে জোর করিয়া মিলাইয়া রাখিতে গেলে হয় মৃঢ়তাকে নয় কপটতাকে প্রশ্রের দেওয়া হয়।

প্রথম কিছুদিন মারিয়া কাটিয়া বাধিয়া পুড়াইয়া একদরে করিয়া বিভার দলকে চিরকেলে দাঁড়ে বসাইয়া চিরদিন আপনার পুরাতন বুলি বলাইবার জন্ম ধর্মের দল উঠিয়া পড়িয়া লাগিয়াছিল কিন্তু বিভার পক্ষ যতই প্রবল হইয়া উঠিতে লাগিল ধর্মের পক্ষ ততই ক্ষাতিক্ষা ব্যাখ্যার দ্বারা আপনার বুলিকে বৈজ্ঞানিক বুলির সঙ্গে অভিন্ন প্রতিপাদন করিবার চেটা শুক্ত করিয়া দিল। এখন এমন একটা অয়ামঞ্জ্ঞ আসিয়া দাঁড়াইয়াছে যে বর্তমান কালে মুরোপে রাজা বা সমাজ ধর্মবিশাসকে কঠোর শাসনে আটে-ঘাটে বাঁধিয়া রাখিবার আশা একেবারেই ছাড়িয়া দিয়াছে। এইজক্তই পাশ্চাত্যদেশে প্রায়্ম সর্বত্রেই বিভাশিক্ষার সঙ্গে ধর্মশিক্ষার যোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হইবার আয়োজন চলিতেছে। এইজক্ত সেখানে সন্তানদিগকে বিনা ধর্মশিক্ষায় মাছ্য করিয়া তোলা ভালো কি মন্দ্র সে তর্ক কিছুতেই মিটিতে চাহিতেছে না।

আমাদের দেশেও আধুনিক কালে সে সমস্তা ক্রমশই ছব্নছ ছইয়া উঠিভেছে।

क्निना विशासिकात बातार्र्ड आमारमत धर्मविचान निविन इंदेश পড़िएएছ। মধা এক জামগাম বিরোধ ঘটমাছে। কারণ জামাদের দেশেও স্ট্রভন্থ ইভিছাস ভূঙ্গোল প্রভৃতি অধিকাংশ বিভাই পৌরাণিক ধর্মশান্ত্রের অন্তর্গত। দেবদেবীদের কাহিনীর সঙ্গে ভাহারা এমন করিয়া জড়িত যে, কোনোপ্রকার আধ্যাত্মিক ব্যাখ্যার সাহাষ্যেও তাহাদিগকে পৃথক্ করা অসম্ভব বলিলেই হয়। যখনই আমাদের দেলের আধুনিক ধর্মাচার্য বৈজ্ঞানিক ব্যাখ্যাদ্বারা পৌরাণিক কাহিনীর সত্যতা প্রমাণ করিতে বসেন ভখনই তাঁহারা বিপদকে উপস্থিতমভো ঠেকাইতে গিয়া ভাহাকে বন্ধমূল করিয়া দেন। কারণ বিজ্ঞানকে যদি একবার বিচারক বলিয়া মানেন ভবে কেবলমাত্র ওকালতির জোরে চিরদিন মকদ্মায় জিত হইবার আশা নাই। বরাহ অবতার ষে সতাসভাই বরাহবিশেষ নহে তাহা ভূকম্পশক্তির রূপকমাত্র এ কণা বলাও যা আর ধর্মবিশ্বাদের শান্ত্রীয় ভিত্তিকে কোনোপ্রকারে ভন্ততা রক্ষা করিয়া বিদার করাও তা। কেবলমাত্র শান্ত্রলিখিত মত ও কাহিনাগুলি নহে শান্ত্রীয় সামাজিক অঞ্শাসনগুলিকেও আধুনিক কালের বৃদ্ধি অভিজ্ঞতা ও অবস্থাস্তরের সহিত সংগতরূপে মিলাইয়া তোলাও একেবারে অসাধা : অতএব বিজ্ঞান, ইতিহাস ও সামাজিক আচারকে আমরা কোনো মতেই শান্ত্রসীমার মধ্যে খাপ খাওয়াইয়া রাখিতে পারিব না। এমন অবস্থার আমাদের দেশেও প্রচলিত ধর্মশিক্ষার সহিত অন্ত শিক্ষার প্রাণাম্ভিক বিরোধ ঘটিতে বাধ্য এবং আমাদের জ্ঞাত ও অজ্ঞাতসারে সেরুপ বিরোধ ঘটিতেছেই। এই জ্ঞা এ দেশে হিন্দু-विशानममस्भीम न्जन य नकन छिन्यांन हनिष्ठा छाराद अधान हिसा এই य, বিভাশিক্ষার মাঝধানে ধর্মশিক্ষাকে স্থান দেওয়া যায় কী করিয়া।

আধুনিক কালের জ্ঞান বিজ্ঞান ও মত্নস্থাজের সর্বাঙ্গীণ আদর্শের সহিত প্রাচীন ধর্মশান্তের যে বিরোধ ঘটিয়াছে তাহার উল্লেখ করিলাম। কিন্তু সেই বিরোধের কথাটা যদি ছাড়িয়া দিই; যদি শিথিলভাবে চিন্তা ও অন্ধভাবে বিশাস করাটাকে দোষ বলিয়া গণ্য না করি, যদি সত্যকে যথাযথক্তপে গ্রহণ করিবার ইচ্ছা ও অভ্যাসকে আমাদের প্রাকৃতিতে অদৃঢ় করিয়া তোলা মত্মমন্ত্র লাভের পক্ষে নিতাক্তই আবশুক বলিয়া মনে না হয় তবে এ কথা স্বীকার করিতেই হইবে এইরূপ বাঁধা ধর্মশান্তের একটা অবিধা আছে। ধর্মসম্বন্ধে বালকদিগকে কী শিখাইব, কেমন করিয়া শিথাইব ভাহা লইয়া বেশি কিছু ভাবিতে হয় না, তাহাদের বৃদ্ধিবিচারকে উল্লোধিত করিবার প্রেরোজন হয় না, এমন কি, না করারই প্রয়োজন হয়; কতকগুলি নির্দিষ্ট মত কাহিনী ও আচারকে এব সত্য বলিয়া তাহাদের মনে সংস্কার বন্ধ করিয়া দিলেই যথোচিত ধর্মশিক্ষা দেওয়া হইল বলিয়া নিশ্চিক্ত হওয়া য়ায়।

বন্ধত ব্যাশ্বসমান্তে ধ্যশিকাস্থন্ধে যে সমস্তা দাড়াইয়াছে জীহা এইথানেই। আমগ্রা
মাছবের মনকে বাধিব কী দিয়া? তাহাকে ব্যাপৃত করিব কিমপে, তাহাকে আকর্ষণ
করিব কী উপায়ে? যেমন কেবলমাত্র বৃষ্টি বর্ষণ হইলেই তাহাকে সম্পূর্ণ কাজে লাগানো
যায় না, তাহাকে ধরিয়া রাধিবার জন্ম নানাপ্রকার পাকা ব্যবস্থা থাকা চাই তেমনি
কেবলমাত্র ধর্মবক্তায় যদি বা জনকালের জন্য মনকে একটু ভিজায় কিন্তু তাহা
গড়াইয়া চলিয়া যায়, মধ্যাকের পিপাসায়, গৃহদাহের ত্রিপাকে ভাহাকে খুঁজিয়া পাই না।
ভা ছাড়া মন জিনিসটা কডকটা জলের মতো, ভাহাকে কেবল একদিকে চাপিয়া
ধরিলেই ধরা যায় না, ভাহাকে সকল দিক দিয়া বিরিয়া ধরিতে হয়।

কিন্তু ব্রাহ্মস্থাকে মাহ্মষের মনকে নানা দিক দিয়া আষ্টেপৃষ্ঠে বাঁধিয়া ধরিবার বাঁধা পদতি নাই। তাই আমরা কেবলই আক্ষেপ করিয়া থাকি ছেলেদের মন বে আলগা হইয়া বসিয়া ধসিয়া ঘাইতেছে। তথাপি এই প্রকার অনির্দিষ্টতার বে অস্থবিধা আছে তাহা আমাদিগকে স্বীকার করিয়া লইতেই হইবে কিন্তু সাম্প্রদায়িক অতি-নির্দিষ্টতার বে সাংঘাতিক অকল্যাণ তাহা স্বীকার করা ব্রাহ্মস্মাক্ষের পক্ষে প্রকৃতিবিক্ষম।

ব্রাহ্মধর্মের ভিতরকার এই অনিদিষ্টতাকে ধণাসম্ভব দূর করিয়া তাহাকে এক জারগায় চিরস্কনরূপে ছির রাধিবার জন্ম আজকাল ব্রাহ্মসমাজের কেহ কেই ব্রাহ্মধর্মকে একটি ধর্মতত্ম একটি বিশেষ ফিলজফি বলিতে ইচ্ছা করেন। ইহার মধ্যে কতটুকু বৈত, কতটুকু অবৈত, কতটুকু বৈতাবৈত; ইহার মধ্যে শংকরের প্রভাব কতটা, কতটা কান্টের, কতটা হেগেল বা গ্রীনের তাহা একেবারে পাকা করিয়া একটা কোনো বিশেষ তত্তকেই চিরকালের মতো ত্রাহ্মধর্ম নাম দিয়া সমাপ্ত করিয়া দিবার জন্ম তাঁহারা উন্থত ইইয়াছেন। বস্তুত ব্রাহ্মধর্মকে নিন্দা করিয়াছেন বে, উহা ধর্মই নহে উহা একটা ফিলজফি মাত্র; ইহারা সেই কলঙ্ককেই গৌরব বলিয়া বরণ করিয়া লইতে চাহেন।

অবচ ইহা আমরা স্পষ্টই প্রত্যক্ষ করিয়াছি বে, ব্রাহ্মধর্ম অক্সান্থ বিশ্বজ্ঞনীন ধর্মেরই
তায় ডক্তের জীবনকে আশ্রের করিয়াই ইতিহাসে অবতীর্ণ হইরাছে। ইহা কোনো
ধর্মবিদ্যালয়ের টেক্স্টব্ককমিটির সংকলিত সামগ্রী নহে এবং ইহা গ্রন্থের পরিচ্ছেদে
পরিচ্ছেদে পরিচ্ছিন্ন হইয়া কোনো দপ্তবির হাতে মজবুত করিয়া বাঁধাই হইরা বায় নাই।

বাছা জীবনের সামগ্রী তাছা বাড়িবে, তাছা চলিবে। একটা পাধরকে দেখাইয়া বলিতে পার ইছাকে ষেমনটি দেখিতেছ ইছা তেমনই কিন্তু একটা বীজ সম্বন্ধে সে কথা খাটে না। তাছার মধ্যে এই একটি আশ্চর্ম রহুত্ত আছে যে, সে যেমনটি সে ভাছার চেরে অনেক বড়ো। এই রহুত্তকে যদি অনির্দিষ্টতা বলিয়া নিন্দা কর, তবে ইছাকে জাঁতায় কেলিয়া পেয—ইছার জীবধর্মকে নষ্ট করিয়া কেল। কিন্তু যিনি যাহাই বলুন বান্ধর্ম কোনো একটি বিশেষ নির্দিষ্ট পুপ্রণালীবদ্ধ তত্ত্ববিভা নছে। কারণ, আমরাইহাকে ভক্তের জীবনউৎস হইতে উৎসারিত হইতে দেখিয়াছি। তাহা ভোবা নছে, বাঁধানো সরোবর নছে, তাহা কালের কেত্রে ধাবিত নদী - তাহার রূপ প্রবহমান রূপ তাহা বাধাহীন বেগে নব নব যুগকে আপন অমৃতধারা পান করাইয়া চলিবে,—নব নব হেগেল ও গ্রীন তাহার মধ্যে নব নব পাধরের ঘাট বাঁধাইয়া দিতে থাকিবে, কিন্তু সেকল ঘাটকেও তাহা বহুদ্রে ছাড়াইয়া চলিবে—কোনো স্পর্ধিত তত্ত্বজ্ঞানীকে সে এমন কথা কদাচ বলিতে দিবে না যে ইহাই তাহার শেষ তত্ত্ব। কোনো দর্শনতত্ত্ব এই ধর্মকে একেবারে বাঁধিয়া কেলিবার জন্ম যদি ইহার পশ্চাৎ পশ্চাৎ কাঁস লইয়া ছোটে তবে এ কথা তাহাকে মনে রাখিতে হইবে যে, যদি ইহাকে বন্দী করিতে হয় তবে তাহার আগে ইহাকে বধ করিতে হইবে।

তাই যদি হইল তবে ব্রাহ্মধর্মের ভাবাত্মক লক্ষণটি কী ? তাহা একটা মোটা কথা, তাহা অনন্তের ক্ষ্পাবোধ, অনন্তের রসবোধ। এই অনন্তের ক্ষানকে বিশ্লেষণ করিয়া যিনি যেরপ তত্ত্ব ব্যাখ্যা করুন তাহাতে আমাদের আপত্তি নাই, কারণ এরপ ব্যাখ্যা চিরকালই চলিবে, এ রহস্তের অন্ত পাওয়া যাইবে না; কিন্তু আসল কথা এই ষে রামমোহন রায় হইতে কেশবচন্দ্র সেন পর্যন্ত সকলেরই জীবনে আমরা এই অনস্তের ক্ষ্পাবোধের আনন্দ প্রত্যক্ষ করিয়াছি। দেশের প্রচলিত আচার ও ধর্মবিশাস ষে তাহাদের জ্ঞানকে আঘাত দিয়াছে।

কিন্তু প্রাক্ষধর্মকে করেকজন মান্নবের জীবনের মধ্য দিয়া দেখিতে গেলেও তাহাকে ছোটো করিয়া দেখা হইবে। বস্তুত ইহা মানব-ইতিহাসের সামগ্রী। মান্ন্য আপনার গভীরতম অভাব মোচনের জন্য নিয়ত যে গৃঢ় চেষ্টা করিতেছে ব্রাক্ষসমাজের স্বষ্টির মধ্যে আমরা তাহারই পরিচয় পাই। মান্ন্য যতবারই রুদ্রিম আচারপক্ষতির দ্বারা অনস্তকে ছোটো করিয়া আপনার স্প্রিধার মতো করিয়া লইতে চেষ্টা করিয়াছে ততবারই সে সোনা কেলিয়া আচলে গ্রন্থি বাধিয়াছে। আমি একবার অভ্যন্ত অন্ত এই একটা স্বপ্র দেখিয়ছিলাম যে, মা তাহার কোলের ছেলেটিকে সর্বত্র অতি সহজে বহন করিবার স্প্রিধা করিতে গিয়া তাহার মৃগুটা কাটিয়া লইয়াছিল। ইহা স্বপ্র বটে কিন্তু মান্ন্য এমন কাল্প করিয়া থাকে। আইডিয়াকে সহজ্বসাধ্য করিবার জন্ম সে তাহার মাধা কাটিয়া তাহাকে দিব্য সংক্ষিপ্ত করিয়া লয় ইহাতে মৃগুটাকে করতলগ্রন্ত আমলকবং আয়ত্ত করা যায় বটে কিন্তু প্রাণটাকেই ব্লাদ দিতে হয়। এমনি করিয়া মান্ন্য যেটাকে প্র তেরে বেলি চার্ম সেইটে হইতেই আপনাকে সব চেয়ে বেলি ফাঁকি দিতে প্রাক্ষে

এইরপ অবস্থায় মাছষের মধ্যে ছই দল ছইয়া পড়ে। এক দল আপনার সাধনার সামগ্রীকে খেলার সামগ্রী করিয়া সেই খেলাটাকেই সিদ্ধি মনে করে—আর এক দল ইছাদের খেলার বিশ্ব না করিয়া অভিদ্বে নিভ্তে গিয়া আপনার সাধনার বিশুদ্ধতা রক্ষা করিবার চেষ্টা করে।

किन अपन कतियां कथरनारे जित्रमिन ज्ञान ना। यथन जातिमिक व्यक्तिन, ममत्त वात क्रफ, ममर मीन निर्वानिज, ज्यांच यथने এउँ ज्याधिक य ज्यांचरवांध हिनायां निर्वाहरू, বাধা যখন এত নিবিড় যে মামুষ ভাহাকে আপনার আশ্রেয় বলিয়া অবলম্বন করিয়া ধরে, मिर नगर्य अलावनीयक्रम প্রতিকারের দূত কোপা হইতে খারে আদিয়া দাড়ার তাহা व्विजिंदे भावि ना। जाशांक किह প্रजामा कर्त्व ना, किह हित्न ना, मकलाहे जाशांक শক वित्रा উषिग्न इहेग्रा উঠে। এদেশে একদিন ষধন রাশীক্ষত প্রাণহীন সংস্থারের বাধা जनस्वत **रवाश्यक** जाक्वन्न कत्रिया धित्रयाष्ट्रिण ; माक्यूरवत जीवनवाजारक कुष्ट ७ ममाज्यक শতখণ্ড করিয়া তুলিয়াছিল; মহুয়ত্বকে যথন আমরা সংকীর্ণ গ্রাম্যভার মধ্যেই আবদ্ধ করিয়া দেখিতেছিলাম; বিশ্বব্যাপারের কোথাও যখন আমরা একের অমোদ নিয়ম দেখি নাই, কেবল দলের উংপাতই কল্পনা করিতেছিলাম; উন্মন্তের ত্রুম্বপ্রের মতো যথন সমস্ত জগংকে বিচিত্র বিভাষিকায় পরিপূর্ণ দেখিতেছিলাম এবং কেবলই মন্ত্রজ্ঞ ভাগাতাবিজ্ঞ শান্তিস্বস্তায়ন মানত ও বলিদানের দ্বারা ভীষণ শত্রুকল্পিত সংসারে কোনোমতে আত্মরক্ষা कवियां छिनवात अन्य वार्क्न इरेगा हिनाम ; এरेक्स यथन हिन्ना अनेका, कर्म मिर्वना, ব্যবহারে সংকোচ এবং আচারে মৃঢ়ভা সমস্ত দেশের পৌক্ষকে শভদীর্ব করিয়া অপ-गानित त्रमां जल व्यागां मिश्र के व्याकर्षन कित्र एक हिन एमरे मुभर वाहिर त्र विश्व इंटेर के पामालित कोर्न खोहीरदेव छेनरव এकहे। প্রচণ্ড पाचां नानिन, সেই पाचां यांचांवा জাগিয়া উঠিলেন তাঁছারা একম্ছুর্তেই নিদারুণ বেদনার সহিত ব্ঝিতে পারিলেন কিসের অভাব এখানে, কিসের এই অন্ধকার এই জড়তা এই অপমান, কিসের এই জীবিত-মৃত্যুর আনন্দহীন সর্বব্যাপী অবসাদ! এখানে আকাশ খণ্ডিভ, আলোক নিষিদ্ধ, অনন্তের প্রাণসমীরণ প্রতিহত; এখানে নিধিলের সহিত অবাধ যোগ সহস্র কৃত্রিমতার প্রাচীরে প্রতিক্ষম। তাঁহাদের সমন্ত প্রাণ কাঁদিয়া উঠিল, ভূমাকে চাই, ভূমাকে চাই।

এই কারাই সমন্ত মান্তবের কারা। পৃথিবীর সর্বত্রই মান্তব কোণাও বা আপনার বহু প্রাচীন অভ্যাসের আবরণের দারা আপনার মঞ্জকে আড়াল করিয়া রাখিয়াছে, কোণাও বা সে আপনার নানা রচনার দারা সঞ্চরের দারা কেবলই আপনাকে বড়ো করিছে গিয়া আপনার চেয়ে বড়োকে ছারাইয়া ক্ষেলিতেছে। কোণাও বা সে

নিজিয়ভাবে জড়তার দারা কোথাও বা সে সক্রিয়ভাবে প্রায়াসের দারাই মান্ব-জীবনের শ্রেষ্ঠ সার্থকভাকে বিশ্বত ছইয়া বসিয়াছে।

এই বিশ্বতির গভীর তলদেশ হইতে আপুনাকে উদ্ধার করিবার চেন্তা, ইহাই আমরা ব্রাহ্মধর্মের ইতিহাসের আরম্ভেই দেখিতে পাই। মাহ্যবের সমস্ত বোধকেই অনস্কের বোধের মধ্যে উদ্বোধিত করিয়া তুলিবার প্রয়াসই ব্রাহ্মধর্মের সাধনারূপে প্রকাশ পাইরাছে। সেই জন্তুই আমরা দেখিতে পাইলাম, রামমোহন রায়ের জীবনের কর্মক্ষেত্র সমস্ত মন্থ্যত্ব। রাষ্ট্রনীতি, সমাজনীতি, ধর্মনীতি, সকল দিকেই তাঁহার চিত্ত পূর্ণবেগে ধাবিত হইয়াছে। কেবলমাত্র কর্মশক্তির স্বাভাবিক প্রাচ্বই তাহার মূল প্রেরণা নহে—ব্রেহ্মর বোধ তাঁহার সমস্ত শক্তিকে অধিকার করিয়াছিল। সেই বোধের মধ্য দিয়া তিনি মান্থ্যকে দেখিরাছিলেন বলিয়াই মান্থ্যকে, সকল দিকেই এমন বড়ো করিয়া এমন সত্য করিয়া দেখিয়াছিলেন; সেই জন্তুই তাঁহার দৃষ্টি সমস্ত সংস্কারের বেন্তন ছাড়াইয়া গিয়াছিল; সেই জন্ত কেবল যে তিনি স্বদেশের চিত্তশক্তির বন্ধনমোচন কামনা করিয়া-ছিলেন তাহা নহে, মান্থ্য যেখানেই কোনো মহৎ অধিকার লাভ করিয়া আপনার মৃক্তির ক্ষেত্রকে বড়ো করিতে পারিয়াছে সেইখানেই তিনি তৃপ্তিবোধ করিয়াছেন।

ই

ব্রাহ্মসমান্তে, আরম্ভে এবং আজ পর্যন্ত এই সভ্যকেই আমরা সকলের চেয়ে বড়ো করিয়া দেখিতেছি। কোনো বিশেষ শান্ত্র, বিশেষ মন্দির, বিশেষ দুসনভন্ত্র বা পূজা-পদ্ধতি যদি এই মৃক্ত সভ্যের স্থান নিজে অধিকার করিয়া লইতে চেটা করে তবে তাহা ব্রাহ্মধর্মের স্বভাববিক্লন্ধ হইবে। আমরা মান্ত্রের জীবনের মধ্যেই এই সভ্যকে নিশ্চিতরূপে প্রত্যক্ষ করিব থে, অনস্তবোধের আলোকে সমস্তকে দেখা এবং অনস্ত-বোধের প্রেরণায় সমস্ত কাজ করা ইছাই মহায়ত্বের সর্বোচ্চ সিদ্ধি—ইহাই মান্ত্রের সত্যধর্ম।

ধর্যশিক্ষা কেমন করিয়া দেওয়া যাইবে তাহা আলোচনার পূর্বে আমরা কাহাকে ধর্ম বিল তাহা পরিষার করিয়া বৃঝিয়া দেখা আবক্তক বলিয়া এত কথা বলিতে হইল। এ কথা স্থির জানিতে হইবে ষে, বাঁধা বচন মৃথস্থ করা বা বাঁধা আচার অভ্যাস করা আমাদের ধর্মশিক্ষা নহে। অতএব ইহার যে অস্থবিধা আছে তাহা আমাদিগকে শ্বীকার করিয়া লইতে হইবে। অক্যান্য সাম্প্রদায়িক ধর্মে আঁক্ত প্রণালীতে কভকত্বলি সহজ স্থােগ আছে এ কথা চিন্তা করিয়া আমাদিগকে বিচলিত হইলে চলিবে না। কারণ সভাের জায়গার সহজকে বসাইয়া লাভ কী ? সোনার চেবে যে ধুলা সহজ।

যাহা হউক এ কথা নিশ্চিত সণ্ঠা যে, স্বাস্থ্য যেমন সমস্ত শরীরকে জুড়িয়া আছে, ধর্ম তেমনি মান্নযের সমগ্র-প্রকৃতিগত। বাহ্যকে টাকা প্রসার মতো হাতে তুলিয়া দেওয়া যার না কিছ আহস্পোর ধারা ভিতরের দিক হইতে তাহাকে জাগাইয়া তোলা যায়। তেমনি মামুষের প্রকৃতিনিহিত এই জনজ্বের বোধকে তাহার এই ধর্ম-প্রবৃত্তিকে ইতিহাস ভূগোল ক্ষরের মতো ইমুল-কমিটির লাসনাধীনে সমর্পন করা যায় না; ইন্স্পেক্টরের তদক্তজালে তাহার উম্ভির পরিমান ধরা পড়ে না, এবং পরীক্ষকের নীল পেলিলের মার্কা ধারা তাহার কলাকল চিহ্নিত হওয়া অসম্ভব; কেবল সর্বপ্রকার অমুকূল অবস্থার মধ্যে রাবিয়া তাহার সর্বাদীন পরিণতি সাধন করা যাইতে পারে, তাহাকে বাধা নিয়মে বিভালয়ে দেওয়া-নেওয়ার ব্যবসারের ক্রিনিস করা যাইতে পারে না।

সাধকেরা আপনারাই বলিয়াছেন তাঁহাকে পাইবার পথ, "ন মেধরা ন বছনা শ্রুতেন।" অর্থাৎ এটা কোনোমতেই পঠন পাঠনের ব্যাপার নহে। কিন্তু কেমন করিয়া সাধকেরা এই পূর্ণতার উপলব্ধিতে গিয়া উপনীত হইয়াছেন তাহা আজ পর্যন্ত কোনো মহাপুক্র আমাদিগকে বলিয়া দিতে পারেন নাই। তাঁহারা কেবল বলেন, বেদাহমেতম্, আমি জানিয়াছি, আমি পাইয়াছি। তাঁহারা বলেন, য এতবিত্রমৃতান্তে ভবন্ধি যাহারা ইহাকে জানেন, তাঁহারাই অমৃত হন। কেমন করিয়া যে তাঁহারা ইহাকে জানেন সে অভিজ্ঞাতা এতই অল্করতম যে, তাহা তাঁহাদের নিজেদেরই গোচর নহে। সে বহন্ত যদি তাঁহারা প্রকাশ করিয়া দিতে পারিতেন তবে ধর্মশিক্ষা লইয়া আজ কোনোরূপ তর্কই থাকিত না।

অথচ দিশবের বোধ কেমন করিয়া পূর্ণভাবে উঘোধিত করা বাইতে পারে এরূপ প্রশ্ন করিলে কোনো কোনো মহাত্মা অত্যন্ত বাধা প্রণালীর উপদেশ দিয়াছেন তাহাও দেখা গিয়াছে। একদিকে যেমন একদল মহাপুরুষ বলিয়াছেন, চিন্তকে শুক্ষ করো, পাপকে দমন করো, দিশবের বোধ অন্তরের সামগ্রী, অতএব অন্তরকেই আপন আন্তরিক চেষ্টায় উঘোধিত করিয়া ভোলো, অপরদিকে তেমনি আর এক দল বিশেষ বিশেষ বাহ্পপ্রক্রিয়ার কথাও বলিয়াছেন। কেহবা বলেন, যজ্ঞ করো, কেহবা বলেন বিশেষ শক্ষ উচ্চারণ করিয়া বিশেষ মৃতিকে ধ্যান করো, এমন কি, কেহ বা বলেন মাদক পদার্থের দার অথবা অন্ত নানা উপারে লারীরিক উত্তেজনার সাহায্যে মনকে ভাড়না করিয়া ফ্রন্ডবেগে সিছিল্যান্তর দিকে অগ্রসর হইতে থাকো।

এমনি করিয়া যথনই চেষ্টাকে বাহিরের দিকে বিক্ষিপ্ত করিবার উপদেশ দেওয়া হয় তথনই প্রমাদের পথ খুলিয়া দেওয়া হয়। তথনই মিগ্যাকে ঠেকাইয়া রাখা যায় না, কয়নাকে সংযত করা অসাধ্য হয়, তথনই মায়ুবেয় বিশাসমূয়তা সৃদ্ধ হইয়া উঠিয়া কোখাও আপনার সীমা দেখিতে পায় না; মায়্র আপনাকে ভোলায়, অক্তকে ভোলায়;

সম্ভব-অসম্ভবের ভেদ বিলুপ্ত হইয়া ধর্মসাধনার ব্যাপার বিচিত্র মৃঢ়তায় একেবারে উদ্ভান্ত হইয়া উঠে।

অধচ যাহারা এইরপ উপদেশ দেন তাঁহারা অনেকেই সাধু ও সাধক। তাঁহারা যে ইচ্ছা করিয়া লোকের মনকে মোহের পথে লইয়া যান তাহা নহে কিন্ত এ সম্বন্ধে তাঁহাদের ভূল করিবার যথেষ্ট সম্ভাবনা আছে। কারণ, পাওয়া এক জিনিস, আর সেই পাওয়া ব্যাপারটাকে বিশ্লেষণ করিয়া জানা আর এক জিনিস।

মনে করে। আহার পরিপাক করিবার শক্তি আমার অসামান্ত; আমাকে যদি কোনো বেচারা অজীর্ণপীড়িত রোগী আসিয়া প্রশ্ন করে তুমি কেমন করিয়া এতটা পরিমাণ খাত্য ও অথাত্য বিনাত্বংথে হজম করিতে পার তবে আমি হয়তো সরল বিশ্বাসে তাহাকে বিলয়া দিতে পারি যে আহারের পর আমি তই থও কাঁচা ত্মপারি মুখে দিয়া বর্মাদেশজাত একটা করিয়া আন্ত চুক্ট নিংশেষে ছাই করিয়া খাকি ইহাতেই আমার সমন্ত হজম ইয়া যায়। আসলে আমি যে এতৎসন্তেও হজম করিয়া থাকি তাহা আমি নিজেই জানি না; এমন কি, যে অভ্যাসকে আমি আমার পরিপাকের সহায় বিলয়া কয়না করিয়া লাইয়াছি কোনো দিন যদি তাহার অভাব ঘটে তবে আমার নিজেরই মনে হইতে থাকে যে, আজ বুঝি পাক্যম্রটা তেমন বেশ উৎসাহের সহিত কাজ করিতেছে না।

শুনা যায় কবিতা লিখিবার সময় বিখ্যাত জ্বর্মান কবি শিলার পচা আপেল তাঁইার ডেম্বের মধ্যে রাখিতেন। তাঁহার পক্ষে ইহার উগ্র গদ্ধ হয়তো একটা উদ্ভেজনার কাজ করিত। তাঁহার শিশ্ব যদি তাঁহাকে জ্বিজ্ঞাসা করিত আপনি কী করিয়া এমন ভালো কবিতা লেখেন তবে তিনি আর কোনো প্রকাশযোগ্য কারণ ঠাহর ক্ষরিতে না পারিয়া ওই পচা আপেলটাকেই হয়তো উপায় বলিয়া নির্দেশ করিতেও পারিতেন। এ স্থলে, তিনি যত বড়ো কবি হউন না কেন, তাঁহার বাক্যকেই যে কবিজ্ঞচার উপায় সম্বন্ধে বেদবাক্য বলিয়া গণ্য করিতে হইবে এমন কথা নাই। এরপক্ষলে তাঁহাকে যদি মুখের সামনে বলি তুমি কবিতাই লিখিতে পার ভাই বলিয়া ভাহার উপায় সম্বন্ধে কী জান, তবে তাঁহাকে কবি হিসাবে অপ্রদ্ধা করা হয় না। বস্তুত স্বাভাবিক প্রতিভাবশতই যাহারা কোনো একটা জ্বিনিস পায় পাওয়ার প্রণালীটা তাহাদেরই কাছে সব চেয়ে বেশি বিল্পু হইয়া থাকে।

ষেমন ব্যক্তিগত অভ্যাসের কথা বলিলাম তেমনি এমন অনেক অভ্যাস আছে যাহা কৌলিক বা স্বাদেশিক। সেই সকল অভ্যাসমাত্রেই ষে শক্তির সঞ্চার করে ভাষা নছে; এমন কি, ভাষারা শক্তিকে বহিরাশ্রিভ করিয়া চিরত্বল করিয়া রাখে। অনেক মহা-পুরুষ এইরূপ দেশপ্রচলিত অভ্যাসকে অমন্তলের হেতু বলিয়া আঘাত করিয়া থাকেন, আবার কেছ কেছ সংস্থারের প্রভাবে ভাছার অবলম্বন ত্যাগ করেন নাই ভাছাও দেখা যায়। শেষাক্ত সাধকেরা যে নিজের প্রতিভাগুণে এই সকল অভ্যাসের বাধা অভিক্রম করিয়াও আসল জায়গায় গিয়া পৌছিরাছেন ভাছা সকল সময়ে নিজেরাও বুকেন না, এবং কধনো বা মনে করেন এখন আমার পক্ষে এই সকল বাই প্রক্রিয়া বাইল্য ইইলেও গোড়ায় ইহার প্রয়োজন ছিল। ইহার ফল হয় এই, যাহাদের স্বাভাবিক শক্তি নাই ভাছারা কেবলমাত্র এই অভ্যাসগুলিকেই অবলম্বন করিয়া কল্পনা করে বে আমরা সার্থকভালাভ করিয়াছি; ভাছারা অহংকৃত ও অসহিষ্ণু হইরা উঠে এবং বেধানে ভাছাদের অভ্যাসের সামগ্রী না দেখিতে পায় সেধানে যে সভ্য আছে এ কথা মনে করিতেই পারে না, কারণ, ভাহাদের কাছে এই সকল বাহ্ অভ্যাস এবং সভ্য এক হইয়া গেছে।

যে সকল জিনিসের মূল কারণ বাহিরের অভ্যাস নহে, অন্তরের বিকাল, তাহাদের সম্বন্ধে কোনো ক্রিম প্রাণালী থাকিতে পারে না, কিন্তু স্বাভাবিক আন্তর্কুল্য আছে। ধর্মবাধ জিনিসটাকে ধলি আমরা কোনো এক্টা সাম্প্রদায়িক ক্যালান বা ভদ্রভার আসবাব বলিয়া গণ্য না করি, যদি তাহাকে মান্ত্রের সর্বাদীন চরম সার্থকতা বলিয়াই জানি, তবে প্রথম হইতেই বালকবালিকাদের মনকে ধর্মবাধে উদ্বোধিত করিয়া ত্লিবার উপযুক্ত স্থান এবং অবকাল থাকা আবশুক এ কথা আমাদিগকে স্বীকার করিতেই হইবে : অর্থাং চারিদিকে সেই রকমের হাওয়া আলো আকালটা থাকা চাই যাহাতে নিশাস লইতেই প্রাণসকার হয় এবং আপনা হইতেই চিন্ত বড়ো হইয়া উঠিতে থাকে।

নিজের বাড়িতে যদি সৈই অমুকুল অবস্থা পাওয়া যায় তবে তো কথাই নাই। অর্থাৎ সেখানে যদি বৈধরিকতাই নিজের মৃতিকে সকলের চেয়ে প্রবল করিয়া না বসিয়া থাকে, যদি অর্থ ই সেখানে পরমার্থ না হয়, যদি গৃহস্বামী নিজেকেই নিজের সংসারের স্বামী বলিয়া প্রতিষ্ঠিত না করিয়া থাকেন, যদি তিনি বিশের মঙ্গলময় স্বামীকেই বাক্যে ও ব্যবহারে মানিয়া চলেন, যদি সকল প্রকার সাময়িক ঘটনাকে নিজের রাগজেষের নিজিতে তৌল না করিয়া, ভূমার মধ্যে স্থাপিত করিয়া যথাসাধ্য তাহাদিগকে বিচার ও যথোচিতভাবে তাহাদিগকে গ্রহণ করিতে চেষ্টা করেন, তবে সেইখানেই ছেলেমেয়েদের শিক্ষার স্থান বটে।

এরপ সংযোগ সকল ঘরে নাই সে কথা বলাই বাহলা। কিন্তু ঘরে নাই আর বাহিরে আছে এ কথা বলিলেই বা চলিবে কেন । এ সব তুর্লভ জিনিস ভো আবশুক ব্রিয়া করমাল দিয়া ভৈরি করা যায় না। সে কথা সত্য। কিন্তু আবশুকভা যদি থাকে এবং তাছার বোধ যদি জাগে তবে আপনিই যে সে আপনার পথ করিতে থাকিবে। সেই পথ করার কাজ আরম্ভ হইরাছে; আমরা ইচ্ছা করিতেছি, আমরা সন্ধান করিতেছি, আমরা চেষ্টা করিতেছি। আমরা যাহা চাই আমাদের মনের মধ্যে তাহার একটা আদর্শ ঘূরিয়া বেড়াইতেছে। আমরা যখনই বলিতেছি ব্রাক্ষসমাজের ছেলেরা ধর্মশিক্ষার একটা কেন্দ্র একটা যথার্থ আশ্রয় যথার্থভাবে পাইতেছে না তথনই সে জিনিসটা যে কেমনতরো হইতে পারে তাহার একটা আভাস আমাদের মনে জাগিতেছে।

বস্তুত ব্রাহ্মসমাজে আমরা দেবমন্দির চাই না, রাহ্ম আচার অন্থর্চান চাই না আমরা আশ্রম চাই। অর্থাং বেধানে বিশ্বপ্রকৃতির নির্মল সৌন্দর্য এবং মান্নবের চিত্তের পবিত্র সাধনা একরে মিলিত হুইয়া একটি যোগাসন রচনা করিতেছে এমন আশ্রম। বিশ্বপ্রকৃতি এবং মানবের আত্মা যুক্ত হুইয়াই আমাদের দেবমন্দির স্থাপন করে এবং সার্থবন্ধনহীন মন্ধলকর্মই আমাদের প্রভান্থলান। এমন কি কোনো একটি স্থান আমরা পাইব না বেধানে শান্তং শিবমহৈতম্ বিশ্বপ্রকৃতিকে এবং মান্নয়কে, স্থলরকে এবং মগলকে এক করিয়া দিয়া প্রাত্যহিক জীবনের ক্লাজে ও পরিবেষ্টনে মান্নবের হৃদয়ে সহজে অবাধে প্রত্যক্ষ হুইতেছেন ? সেই জায়গাটি যদি পাওয়া যায় তবে সেইখানেই ধর্মশিক্ষা হুইবে। কেননা পুর্বেই বলিয়াছি ধর্মসাধনার হাওয়ার মধ্যে স্বভাবের গ্র্চ নিয়্নমেই ধর্মশিক্ষা হুইতে পারে, সকল প্রকার কৃত্রিম উপায় তাহাকে বিকৃত করে ও বাধা দেয়।

আমি জানি বাঁহার। সকল বিষয়কেই শ্রেণীবিভক্ত ও নামান্ধিত করিয়া সংক্ষেপে সরাসরি বিচার করিতে ভালোবাসেন তাঁহারা বলিবেন, এটা তো এ কালের কথা হইল না। এ যে দেখি মধ্যযুগের Monasticism অর্থাৎ মঠাশ্রয়ী ব্যবস্থা। ইহাতে সংসারের সঙ্গে সাধকজীবনকে বিচ্ছিন্ন করিয়া কেলা হয়, ইহাতে মন্ত্রয়াত্তকে পন্ধু করা হয়, ইহা কোনোমতেই চলিবে না।

অন্ত কোনো এককালে যে জিনিসটা ছিল এবং যাহা তাহার চরমে আসিয়া মরিয়াছে তাহার নকল করিতে বলা যে পাগলামি সে কথা আমি খুবই স্বীকার করি। বর্বরদের ধহুর্বাণ যতই মনোহর হউক তাহাতে এখনকার কালের যোদ্ধার কাল্ল চলে না।

কিন্তু অসভায়্গের যুদ্ধপ্রবৃত্তির উপকরণ সভায়গে যদি বা অনাদৃত হয় কিন্তু সেই

যুদ্ধের- প্রবৃত্তিটা তো আছে। তাহা যতক্ষণ লুপ্ত না হয় ততক্ষণ ভিয় ভিয় যুগের যুদ্ধব্যাপারের মধ্যে একটা প্রণালীগত সাদৃষ্ঠ থাকিবেই। অতএব যুদ্ধ করিতে হইলেই
ব্যাপারটা তথনকার কাল হইতে একেবারে উলটা রক্ষমের কিছু হইতে পারিবে না।
এখনও সেকালেরই মতো দৈন্ত লইয়া দল বাধিতে এবং ত্ইপক্ষে হানাহানি করিতে
হইবে।

মাহ্নবের মনের বে ইচ্ছা পূর্বে একদিন ধর্মসাধন উপলক্ষ্যে একটি বিশেষ আকার ধারণ করিয়াছিল, সেই ইচ্ছা বদি আক্ষও প্রবল হইয়া উঠে তবে তাহারও সাধনোপার, নকল না করিয়াও অনেকটা সেই পূর্ব আকার লইবে। এখনকার কালের উপযোগী বলিয়া ইহার একটা স্বাতন্ত্র্যও থাকিবে এবং চিরকালীন সভ্যের প্রকাশ বলিয়া ভিন্ন ভিন্ন কালের সহিত ইহার মিলও থাকিবে। অতএব মৃত পিতার সঙ্গে সাদৃষ্ঠ আছে বলিয়াই ছেলেকে যেমন শ্বলানে দাহ করাটা কর্তব্য নহে তেমনি সভ্যের নৃতন প্রকাশচেষ্টা তাহার পূরাতন চেষ্টার সঙ্গে কোনো অংশে মেলে বলিয়াই তাহাকে তাড়াভাড়ি বিদার করিতে ব্যক্ত হওয়টাকে সংগত বলিতে পারি না।

অবচ আমরা অন্থকরণছলে অনেক জিনিস গ্রহণ করি যাহার সংগতি বিচার করি না। যদি বলা গেল এটা বর্তমানকালীন তবেই যেন তাহার পক্ষে সব কথা বলা হইল। কিন্তু যাহা তোমার বর্তমান তাহা যে আমার বর্তমান নহে সে কথা চিস্তা করিতে চাই না। এই জক্তই যদি বলা যায় আমরা যথাসম্ভব গির্জার মতো একটা পদার্থ গড়িয়া তুলিব তবে আমাদের মনে মন্ত এই একটা সাম্বনা আসে যে আমরা বর্তমানের সঙ্গে ঠিক তাল রাথিয়া চলিতেছি—অবচ গির্জার হাজার বছরের ইতিহাসের সঙ্গে আমাদের কোনো যোগই নাই। কিন্তু যে সকল ব্যবস্থা আমাদের স্বদেশীর, যাহা আমাদের জাতির প্রকৃতিগত তাহাকে আমরা অন্ত দেশের ইতিহাসের মধ্যে স্থাপন করিবার চেষ্টা করিয়া মাথা নাড়িয়া বলি—"না, ইহা চলিবে না। ইহা মতার্ন্ নহে।" মনের এমন অবস্থা মাছ্যুয়ের যথন জন্মায় তথন সে আধুনিকতা নামক অপরূপ পদার্থকে গুরু করিয়া তাহার নিকট হইতে কডকঞ্জা বাধা মন্ত্রকে কানে লয় এবং সত্যকে পরিত্যাগ করে।

আমি এখানে কেবল একটা কাল্পনিক প্রসঙ্গ লইয়া তর্ক করিতেছি না। আপনারা সকলেই জ্ঞানেন আমার পৃজনীয় পিতৃদেব মহর্ষি দেবেজনাথ বোলপুরের উন্মুক্ত প্রান্তরের মধ্যে যুগল সপ্তপর্ণক্রায়াতলে ষেখানে একদিন তাঁহার নিভ্ত সাধনার বেদী নির্মাণ করিয়াছিলেন সেইখানে তিনি একটি আশ্রম স্থাপন করিয়া গিয়াছেন। এই আশ্রমের প্রতি কেবল যে তাঁহার একটি গভীয় প্রীতি ছিল তাহা নছে, ইহার প্রতি তাঁহার একটি অল্ শুলু শুলা ছিল। যদিও সুলীর্ঘকাল পর্যন্ত এই স্থান প্রায় শুলুই পড়িয়া ছিল তথাপি তাঁহার মনে লেশমাত্র সংশ্য ছিল না যে ইহার মধ্যে একটি গভীর সার্থকতা আছে। সেই সার্থকতা তিনি চক্ষে না দেখিলেও তাহার প্রতি তাঁহার পূর্ণ নির্ভর ছিল। তিনি জ্ঞানিতেন, স্বখরের ইচ্ছার মধ্যে ব্যস্ততা নাই কিন্ত স্থানাখতা আছে।

একদিন এই আশ্রমে বিভাগর স্থাপনের প্রস্তাব ব্বন তাঁহার নিকট উপস্থিত চ্ইল ১৮—৪৯ তুখন পরমোৎসাহে তিনি সন্মতি দিলেন। এতদিন আশ্রম এই বিভালয়ের জন্মই যে অপেক্ষা করিতেছিল তাহা তিনি অভ্যুত্তব করিলেন। ছেলেদের মনকে মাত্র্য করিরা তুলিবার ভারই এই আশ্রমের উপর। কারণ, মা যথন সন্ধানকে অর দেন তখন একদিকে তাহা অয়, আর এক দিকে তাহা তাহার হদয়। এই অয়ের সন্দে তাঁহার হৃদয় সন্মিলিত হইয়াই তাহা অয়ত হইয়া উঠে। আশ্রমণ্ড বালকদিগকে যে বিভা-অয় দিবে তাহা হোটেলের অয় ইস্কলের বিভা নহে—তাহার সঙ্গে সঙ্গে আশ্রমের একটি প্রাণরস একটি অয়তরস অলক্ষ্যে মিলিত হইয়া তাহাদের চিত্তকে আপনি পরিপুট করিয়া তুলিতে থাকিবে।

ইহা কেবল আশামাত্র নহে, বস্তুত ইহাই আমরা ঘটিতে দেখিয়াছি। শিক্ষকদের উপদেশ অন্থলাসন নিতান্ত স্থলভাবে কাজ করে এবং তাহার অধিকাংশই উগ্র শুষধের মতো কেবল যে ব্যর্থ হয় তাহা নহে অনিষ্টই করিতে পাকে। কিন্তু এই আশ্রমের অলক্ষ্য ক্রিয়া অত্যন্ত গভীর এবং স্বাভাবিক। কেহ মনে করিবেন না আমি এখানে কোনো অলৌকিক শক্তির উল্লেখ করিতেছি। এখানে যে একজন সাধক সাধনা করিয়াছেন এবং সেই সাধনার আনন্দই যে এই আশ্রমকে মান্তবের চিরদিনের সামগ্রী করিয়া ত্লিবার ক্ষম্ব এখনও নিযুক্ত আছে তাহা এখানকার সর্বত্রই নানা আকারে প্রকাশমান। বর্তমান আশ্রমবাসী আমরা সেই প্রকাশকে অহরহ নানাবিধ প্রকারে বাধা দিয়াও তাহাকে আছের করিতে পারি নাই। সেই প্রকাশটি কেবল বালকদের নহে, শিক্ষকদের মনেও প্রতিনিয়ত অগোচরে কাজ করিয়া চলিয়াছে। এই স্থানটি বে নিতান্ত একটি বিভালয়মাত্র নহে, ইহা যে আশ্রম, কেবলমাত্র এই ভাবটিরই প্রবলতা বড়ো সামান্ত নহে।

ইহা দেখা গিয়াছে যতদিন পর্যন্ত মনে করিয়াছিলাম, আমরাই বালকদিগকে

শিক্ষা দিব আমরাই তাহাদের উপকার করিব, ততদিন আমরা নিতান্তই সামান্য
কাজ করিয়াছি। ততদিন যত যন্তই গড়িয়া তুলিয়াছি তত যন্তই ভাঙিয়া ক্লেলিতে

ইইয়াছে। এখনও যহু গড়িবার উৎসাহ আমাদের একেবারে যায় নাই, কেননা
এখনও ভিতরের জিনিসটি বেশ করিয়া ভরিয়া উঠে নাই। কিন্তু তবুও যখন হইতে

এই ভাবনাটা আমাদের মনে ধীরে ধীরে জাগিয়া উঠিল যে আপনারই শৃক্তাকে পূর্
করিতে হইবে; আমরাই এখানে পাইতে আসিয়াছি; এখানে বালকদের সাধনার
এবং আমাদের সাধনার একই সমতল আসন; এখানে শুক্তশিক্ত সকলেই একই ইন্থলে
সেই মহাগুরুর ক্লাসে ভরতি হইয়াছি; তখন হইতে ফল যেন আপনি ফলিয়া উঠিল,

কাল্বের শৃন্ধলা আপনি ঘটতে লাগিল। এখনও আমাদের যাহা কিছু নিক্ষলতা সে

এখানেই—যেখানেই আমরা মনে করি আমরা দিব অন্তে নিবে, সাধনা কেবল ছাত্রদের

এবং আমরা তাছার চালক ও নিরস্তা, সেইখানেই আমরা কোনো সত্য পদার্থ দিজে পারি না, সেইখানেই আমরা নিজের অপরাধ অক্তের ক্ষত্কে চাপাই এবং প্রাণের অভাব কলের বারা প্রণ করিতে চেষ্টা করি।

নিজেদের এই অভিজ্ঞতার প্রতি লক্ষ্য করিয়া একথা আমাকে বিশেষভাবে বলিভে ছইবে বে, আমরা অন্তকে ধর্মশিক্ষা দিব এই বাক্যই ষেধানে প্রবল সেধানে ধর্মশিক্ষা কথনোই সহজ্ঞ ছইবে না। যেমন, অন্তকে দৃষ্টিশক্তি দিব বলিয়া দীপশিধা ব্যন্ত ছইয়া বেড়ায় না, নিজে সে যে পরিমাণে উজ্জ্ঞল ছইয়া উঠে সেই পরিমাণে বভাবভই অস্তের দৃষ্টিকে সাহায্য করে। ধর্মও সেই প্রকারের জিনিস, তাহা আলোর মতো; ভাহার পাওয়া এবং দেওরা একই কথা, তাহা একেবারে একসঙ্গেই ঘটে। এইজন্তই ধর্মশিক্ষার ইন্ধুল নাই, তাহার আশ্রম আছে,—যেধানে মাহ্মযের ধর্মসাধনা অহোরাত্র প্রত্যক্ষ ছইয়া উঠিতেছে, যেধানে সকল কর্মই ধর্মকর্মের অন্ধর্মণে অন্ধৃত্তিত হইতেছে সেইবানেই স্বভাবের নিয়মে ধর্মবোধের উল্লোধন হয়। এইজন্ত সকল শাস্ত্রেই সক্ষকেই ধর্মলাভের সর্বপ্রধান উপায় বলা হইয়াছে। এই সক্ষ জিনিসটিকে, এই সাধকদের জীবনের সাধনাকে, যদি আমরা কোনো একটি বিশেষ অন্ধুক্ত স্থানে আকর্ষণ করিয়া আনিতে পারি, তাহা যদি স্থানে হানে বিক্ষিপ্ত হইয়া ছড়াইয়া না থাকে তবে এই পুঞ্জাভূত শক্তিকে আমরা মানব-সমাজের উচ্চতম য্যবহারে লাগাইতে পারি।

এ দেশে একদিন তপোবনের এইরপ ব্যবহারই ছিল, সেখানে সাধনা ও শিক্ষা একত্র মিলিত হইয়াছিল বলিয়া, সেখানে পাওয়া এবং দেওয়ার কাজ অতি সহজে নিয়ত অহাষ্টিত হইতেছিল বলিয়াই তপোবন হৎপিতের মতো সমস্ত সমাজের মর্মস্থান অধিকার করিয়া তাহার প্রাণকে শোধন পরিচালন এবং রক্ষা করিয়াছে। বৌদ্ধ বিহারেরও সেই কাজ ছিল। সেখানে পাওয়া এবং দেওয়া অবিচ্ছিন্ন হইয়া বিরাজ করিতেছিল।

এইখানে স্বভাবতই শ্রোভাদের মনে এই প্রশ্ন উঠিবে যে তবে পূর্বে যে আশ্রমটির কথা বলা হইয়াছে সেথানে কি সাধকদের সমাগমে একটি পরিপূর্ণ ধর্মজীবনের শতদল পদ্ম বিকশিত হইয়া উঠিয়াছে ?

না, তাহা হর নাই। আমরা ধাহারা সেধানে সমবেত হইরাছি আমাদের লক্ষ্য এক নহে এবং তাহা যে নির্বিশেষে উচ্চ এমন কথাও বলিতে পারি না। আমাদের সকলেরই শ্রদ্ধা যে গভীর এবং শ্রুব তাহা নহে এবং তাহা আশাও করি না। আমরা ধাহাকে উচ্চাকাজ্ঞা নাম দিরা থাকি অর্থাৎ সাংসারিক উন্ধৃতি ও ধ্যাভিপ্রতিপত্তির ইচ্ছা, তাহা আমাদের মনে পুবই উচ্চ হইরা আছে, সকলের চেয়ে উচ্চ আকাজ্ঞাকে উচ্চে স্থাপন করিতে পারি নাই। কিছু তৎসত্তেও একথা আমি মৃঢ় করিরা বলিব সেই আশ্রমের যে আহ্বান তাহা দেই শাস্তম্ শিবমবৈতম্ যিনি তাঁহারই আহ্বান। আমরা ধে বাহা মনে করিয়া আদি না কেন, তিনিই তাকিতেছেন এবং দে ডাক এক মুহুর্তের জন্ম থামিরা নাই। আমরা কোনো কলরবে দেই অনবচ্ছিন্ন মজল-শঙ্খধনিকে ঢাকিয়া ফেলিডে পারিতেছি না—তাহা সকলের উচ্চে বাজিতেছে, তাহার স্থগন্তীর স্বর্ভরক্ষ সেধানকার ভক্তশ্রেণীর পল্লবে পল্লবে স্পন্দিত হইতেছে, এবং সেধানকার নির্মল আকাশের রক্ষে রক্ষে প্রবেশ করিয়া তাহার আলোককে পুলকিত ও অন্ধকারকে নিস্তন্ধ পরিপূর্ণ করিয়া তৃলিতেছে।

সাধকদের জন্ম অপেক্ষা করিতে হয়; তাঁহারা যথন আসিবেন তখন আসিবেন; তাঁহারা সকলেই কিছু গেরুয়া পরিয়া মাধায় তিলক কাটিয়া আসিবেন না—তাঁহারা এমন দীনবেশে নিঃশব্দে আসিবেন যে তাঁহাদের আগমন-বার্তা জ্ঞানিতেও পারিব না।—কিছু ইতিমধ্যে ওই যে সাধনার আহ্বানটি ইহাই আমাদের সকলের চেয়ে বড়ো সম্পদ। এই ভূমার আহ্বানের একেবারেই মাঝখানে আশ্রমবাসীদিগকে বাস করিতে হইতেছে। সেই একাগ্র ধ্বনি তাহাদের বিম্থ কর্ণের বধিরতাকে দিনে দিনে ভেদ করিতেছে। সে তাহাদের শুদ্ধ হৃদয়ের কঠিনতম শুরের মধ্যেও শ্রগোচরে প্রবেশ করিয়া ধীরে ধীরে রসসঞ্চার করিতেছে।

এমন কথা আমি একদিন কোনো বন্ধুর কাছে শুনিয়াছিলাম যে, জনতা হইতে দূরে একটা নিভ্ত বেষ্টনের মধ্যে যে জীবনযাত্রা, ভাছার মধ্যে একটা শৌধিনতা আছে, ভাছার মধ্যে পুরাপুরি সভা নাই, স্বভরাং এখানকার যে শিক্ষা ভাছা সম্পূর্ণ কাজের শিক্ষা নহে। কোনো কাল্পনিক আশ্রম সম্বন্ধে একথা খাটিতে পারে কিন্তু আমাদের এই আধুনিক আশ্রমটি সম্বন্ধে একথা আমরা স্বীকার করিতে পারি না।

সত্য বটে শহরে জনতার অভাব নাই কিছু সেই জনতার সঙ্গে সত্যকার যোগ আছে কয়জন মান্থবের ? সে জনতা একহিসাবে ছায়াবাজির ছায়ার মতো। নগরে গৃহস্থ তরঙ্গিত জনতাসমূজের মধ্যে কেষ্টিত হইয়া এক একটি রবিনসন জুসোর মতো আপনার ফ্রাইডেটিকে লইয়া নিরালায় দিন কাটাইতে পাকেন। এতবড়ো জনময় নির্জনতা কোপায় পাওয়া যাইবে ?

কিন্তু এক-শ ত্-শ মাহ্যকে এক আশ্রেরে লইয়া দিনবাপন করাকে কোনোমডেই নির্জন বাস বলা চলে না। এই যে এক-শ ত্-শ মাহ্যুব ইহারা দূরের মাহ্যুব নছে; ইহারা পথের পথিক নহে; ইচ্ছা করিলাম ইহাদের সঙ্গ লইলাম আর ইচ্ছা না হইল ডো আপনার ঘরের কোণে আসিয়া দার রুদ্ধ করিলাম এমনটি হইবার জো নাই; এই এক-শ ত্-শ মাহ্যুবের দিনরাজির সমন্ত প্রয়োজনের প্রত্যেক ভুচ্ছ অংশটির সম্বন্ধেও চিতা করিতে ছইবে; ইহাদের সমস্ত প্রথম্থ প্রবিধা-অপ্রবিধাকে আপনার করিয়া লইতে ছইবে—ইহাকেই কি বলে মান্তবের সন্ধ এড়াইয়া দায়িত্ব কাটাইয়া শৌখিন শান্তির মধ্যে একটা বেড়া-দেওরা পারমার্থিকভার মুর্বল সাধনা ?

আমার সেই বদ্ধু হয়তো বলিবেন, নির্দ্রনভার কথা ছাড়িয়া দাও— কিন্তু সংসারে বেধানে চারিদিকেই ভালো-মন্দর তরজ কেবলই উঠা-পড়া করিভেছে সেইবানেই ঠিক সত্যভাবে ভালোকে চিনাইয়া দিবার প্রযোগ পাওয়া যায়। কাঁটার পরিচর বেধানে নাই সেধানে কাঁটা বাঁচাইয়া চলিবার শিক্ষা ছইবে কেমন করিয়া? কাঁটাবনের গোলাপটাই সত্যকার গোলাপ—আর বারবার অতি ধত্রে চোলাই করিয়া লওয়া সাধুতার গোলাপি আতর একটা নবাবি জিনিস।

হার, সাধুতার এই নিজ্টক আতরটি কোন্ দোকানে মেলে তাহা নিশ্চর জানি না কিন্তু আমাদের আশ্রমে যে তাহার কারবার নাই তাহা নিজের দিকে তাকাইলেই বৃবিতে পারি। কাব্যে পুরাণে সর্বত্রই তপোবনের আদর্শটি অত্যুজ্জল বর্ণনার বিরাজ করে কিন্তু তবু সেই বর্ণনার ফাকে ফাকে বহুতর ম্নীনাঞ্চ মতিশ্রমঃ ঘন ঘন উকি মারিতেছে। মাহ্মষের আদর্শও যেমন সত্যা, সেই আদর্শের ব্যাঘাতও তেমনি সত্য—খাহারা সেই ব্যাঘাতের ভিতর দিয়াই চোখ মেলিয়া আদর্শকে দেখিতে না পারে, চোখ বৃজিয়া স্বপ্ন দেখা ছাড়া ভাহাদের আর গতি নাই।

আমরা যে আশ্রমের কথা বলিতেছি, সেধানে লোকালয়ের অস্ত বিভাগেরই মতো মন্দের জন্ত সিংহ্রার ধোলাই আছে। শরতানকে সেধানে সকল সময়ে সাপের মতো ছদ্মবেশে প্রবেশ করিতে হয় না—সে দিব্য ভদ্রলোকেরই মতো মাধা ভূলিয়া যাতায়াত করে। সেধানে সংসারের নানা হাবি, বৈষয়িকভার নানা আড়ম্বর, প্রবৃত্তির নানা চাঞ্চল্য এবং অহং-পুরুষের নানা উদ্ধৃত মৃতি সর্বদাই দেখিতে পাওয়া যায়। সাধারণ লোকালয়ে বরঞ্চ তাহায়া তেমন করিয়া চোখেই পড়ে না— কারণ ভালোমন্দ সেধানে একপ্রকার আপস করিয়া মিলিয়া-মিলিয়াই থাকে—এখানে তাহাদের মাঝখানে একটা বিচ্ছেদ আছে বলিয়াই মন্দটা এখানে খুব করিয়া দেখা দেয়।

जोई यि इरेन उर्द जात इरेन की ? वस्ता विनयन, यि जियान खनजात हान लाकानरतत रहत कम ना इरेग्न वत्रक विनिर्द इत्र अवर मन्मरकर यि जियान हरेख निः लिय हाँकिया क्लिवात जाना ना कतिए भाग अवर यि जियानकात जान्नेत्रा मः मारतत माथात्रन लाक्त्रर मर्जा मात्रादि तकरम्बर मास्य इन उर्द जिरे क्षेत्रात ज्ञानरे वि वानक-वानिकारम्य धर्मिकात जास्कृत ज्ञान जारा क्यून विद्या विनय ?

এ সম্বন্ধে আমার বাহা বক্তব্য ভাহা এই,—কবিকল্পনার দারা আগাগোড়া মনোরম

করিরা যে একটা আকাশকুত্মধৃতিত আশ্রম গড়া যার না এ কথাটা আমাকে থ্ব স্পষ্ট করিরাই বলিতে হইতেছে—কারণ আমার মতো লোকের মূখে কোনো প্রস্তাব শুনিলেই সেটাকে নিরতিশর ভাবকতা বলিয়া শ্রোতারা সন্দেহ করিতে পারেন। আশ্রম বলিতে আমি যে কোনো একটা অভুত অসম্ভব স্বপ্রত্মলভ পদার্থের করনা করিতেছি ভাহা নহে। সকল স্থুলদেহধারীর সঙ্গেই ভাঁহার স্থুল দেহের ঐক্য আছে একথা আমি বারংবার বীকার করিব। কেবল যেখানে ভাহার স্থুল লারগাটি সেইখানেই ভাহার স্থাতম্য। সে স্থাতম্য সেইখানেই, যেখানে ভাহার মাঝখানে একটি আদর্শ বিরাজ করিতেছে। সে আদর্শ টি সাধারণ সংসারের আদর্শ নহে, সে আদর্শ আশ্রমের আদর্শ—ভাহা বাসনার দিকে নয় সাধনার দিকেই নিয়ত লক্ষ্য নির্দেশ করিতেছে। এই আশ্রম যদি বা পাঁকের মধ্যেও ফুটিরা থাকে তবু ভূমার দিকে ভাহার মূখ ভূলিরাছে, সে আপনাকে যদি বা ছাড়িতে না পারিয়া থাকে তবু আপনাকে কেবলই ছাড়াইতে চাহিতেছে; সে মেখানে দাড়াইয়া আছে সেইখানেই ভাহার পরিচয় নয়, সে যেখানে দৃষ্টি রাখিয়াছে সেইখানেই ভাহার প্রকাশ। ভাহার সকলের উর্ধের যে সাধনার শিখাটি জ্বলিতেছে ভাহাই ভাহার সর্বোচ্চ সত্য।

মন জোগাইবার জন্ম ভিতরকার আসল রসটিকে আড়াল করিয়া রাধিব ? এই প্রবন্ধ শেষ করিবার পূর্বে আমি অসংকোচে বলিব, আশ্রম বলিভেই আমাদের মনের সামনে যে ছবিটি জাগে যে ভাবটি ভরিয়া উঠে তাহা আমাদের সমস্ত হৃদয়কে হরণ করে। কারণ, শুদ্ধমাত্র এ নহে যে, তাহা আমাদের জাতির অনেক যুগের ধ্যানের ধন, সাধনার স্ষ্টি—তাহার গভীর কারণ এই, আমাদের সমস্তের সঙ্গে তাহার ভারি একটি সংগতি দেখিতে পাই, এইজন্মই তাহাকে এমন সভা এমন স্থলর বলিয়া ঠেকে। বিধাভার কাছে আমরা যে দান পাইয়াছি তাহাকে অস্বীকার করিব কেমন করিয়া? আমরা তো ঘন মেঘের কালিমালিপ্ত আকালের নিচে জন্মগ্রহণ করি নাই, শীতের নিষ্ঠুর পীড়ন আমা-দিগকে তো রুদ্ধ ঘরের মধ্যে তাড়না করিয়া বন্ধ করে নাই; আকাশ যে আমাদের কাছে তাহার বিরাট বক্ষপট উন্মুক্ত করিয়া দিয়াছে; আলোক যে কোনোধানে কিছুমাত্র কার্পণ্য রাখিল না ; স্থর্গাদয় যে ভক্তির পূজাঞ্চলির মতো আকালে উঠে এবং স্থান্ত যে ज्यक्त अंगारमत्र मर्जा पिशस्य नीत्रर व्यवनिम् इय ; की जेमात्र ने नेत्र भावा, की निर्धन গম্ভীর ভাহার প্রসারিত ভট ; অবারিত মাঠ ক্রন্তের যোগাসনের মতো স্থির হইয়া পড়িয়া আছে। কিন্তু তবু সে যেন বিষ্ণুর বাহন মহাবিহলমের মতো তাহার দিগন্তজোড়া পাখা মেলিয়া দিয়া কোন্ অনম্ভের অভিমুখে উড়িয়া চলিয়াছে সেধানে তাস্থার গতিকে আর

লক্ষ্য করা যাইতেছে না; এখানে তব্দতল আমাদিগকে আভিধ্য করে, ভূমিশধ্যা আমা-দিগকে আহ্বান করে, আতপ্তবায়ু আমাদিগকে বসন পরাইরা রাথিয়াছে; আমাদের দেশে এ সমস্তই যে সভা, চিরকালের সভা;—পৃথিবীতে নানা জাভির মধ্যে যখন সৌভাগ্য ভাগ করা হইডেছিল তখন এই সমন্ত যে আমাদের ভাগে পড়িরাছিল—তবু आभाषित औरत्वत माधनाम हेहामित कात्ना ग्रवहान्हें किन्नि ना ? এ उपन मण्यम আমাদের চেতনার বহির্বারে অনাদৃত হইয়া পড়িয়া থাকিবে? আমরাই তো জগৎ-প্রকৃতির সঙ্গে মানবপ্রকৃতির মিলন ঘটাইয়া চিত্তের বোধকে সর্বামূভূ, ধর্ষের সাধনাকে বিশ্ব্যাপী করিয়া তুলিব, সেইজ্মুই এই ভারতবর্ষে জ্মুগ্রহণ করিয়াছি। সেইজ্মুই আমাদের ত্ই চক্ষুর মধ্যে এমন একটি স্থগভীর দৃষ্টি যাহা রূপের মধ্যে অরূপকে প্রত্যক্ষ कतियांत क्षम निश्व मास कारक्षम रहेया वरियार्ছ— मिरेक्सेट कारस्व वांमित क्षत अमिन করিয়া আমাদের প্রাণের মধ্যে পৌছে যে সেই অনস্তকে আমাদের সমস্ত হৃদর দিয়া ছूँ हेवांत्र ज्यम, जाहात्क चत्त्र वाहित्त्र िखांत्र कन्ननात्र त्मवांत्र त्मांजात्र ज्ञाहात्त्र কর্মেও বিপ্রামে বিচিত্র প্রকারে ব্যবহার করিবার জ্বন্ত আমরা কত কাল ধরিয়া কত দিক দিয়া কত কত পথে কত কত চেষ্টা করিতেছি তাহার অম্ভ নাই। সেইজন্ম ভারতবর্ষের আশ্রম ভারতবর্ষের জীবনকে এমন করিয়া অধিকার করিয়াছে — আমাদের কাব্যপুরাণকে এমন করিয়া আবিষ্ট করিয়া ধরিয়াছে—সেইজগুই ভারতবর্ষের যে দান আজ পর্যম্ভ পৃথিবীতে অক্ষয় হইয়া আছে এই আশ্রমেই তাহার উদ্ভব। না হয় আজ यकाल आगवा अनिवाहि जाशांक आधुनिक काल वला हय এवः य मजासी हूरिया চলিতেছে তাহা বিংশ শতাব্দী বলিয়া আদর পাইতেছে কিন্তু তাই বলিয়া বিধাতার অতি পুরাতন দান আজ নৃতন কালের ভারতবর্ষে কি একেবারে নিংশেষ হইয়া গেল, তিনি কি আমাদের নির্মণ আকাশের উন্মুক্তভায় একেবারে কুলুপ লাগাইয়া দিলেন ? ना रुप, ष्यामद्रा कप्रवान এर मरदद्रद পোश्रभूख रुरेपा जारांद्र পर्यद्र প্রावनिर्धाद थूव বড়ো মনে করিভেছি কিন্তু যে মাতার আমরা সন্তান সেই প্রকৃতি কি ভারতবর্ষ হইতে তাহার দিগন্তবিন্তীর্ স্থামাঞ্চলটি ভুলিয়া লইয়া বিদায় গ্রহণ করিয়াছেন ? তাহা যদি সত্য नो दम তবে আমাদের দেশের বাছিরের ও অস্তরের প্রকৃতিকে নির্বাসিত করিয়া সকল विषय गर्वछाखार व्यम प्राप्तव देखिहागरक व्यञ्जवं कतिया हमारक मण्या भव विषया मानिया नहेए भाविव ना।

শান্তিনিকেতন আপ্রমের বিভালয়টির সহিত আমার জীবনের একালশবর্ষ জড়িত ইইয়াছে অতএব ডাছার সফলভার কথা প্রকাশ করাতে সেটাকে আপনারা আমার নিব্যচ্ছির অহমিকা বলিয়া মনে করিতে পারেন। সেই আশহা সম্বেও আমি

আপনাদের কাছে শিক্ষা সম্বন্ধে আমার অভিজ্ঞতা বিবৃত করিলাম; কারণ আহমানিক क्षांव क्वांना मृना नाष्ट्रे अवः जकन व्यवना श्रोकांत क्रियां जाताव नाका দিতে ছইবে। অতএব আমি সবিনয়ে অবচ অসংশয় বিশ্বাসের দৃঢ়তার সঙ্গেই বলিভেছি যে, যে ধর্ম কোনো প্রকার রূপকল্পনা বা বাহ্ম প্রক্রিয়াকে সাধনার বাধা ও মান্থ্যের বৃদ্ধি ও চরিত্রের পক্ষে বিপক্ষনক বলিয়াই মনে করে, সাময়িক বস্কৃতা বা উপদেশের দারা সে ধর্ম মাছবের চিত্তকে সম্পূর্ণ অধিকার করিতে পারিবে না। সে ধর্মের পক্ষে এমন সকল আশ্রমের প্রয়োজন, যেখানে বিশ্বপ্রকৃতির সঙ্গে মানবজীবনের যোগ ব্যবধানবিহীন ও ষেধানে ভক্ষলভা পশুপক্ষীর সঙ্গে মাহুষের আত্মীয় সম্প স্বাভাবিক; যেখানে ভোগের আকর্ষণ ও উপকরণবাছল্য নিতাই মামুষের মনকে স্কুর क्रिडिंग्डिंग ; माधना रियान क्रियामां धारिन प्राप्त मर्पारे विनीन ना स्रेग्ना छार्ग छ মঙ্গলকর্মে নিয়তই প্রকাশ পাইতেছে; কোনো সংকীর্ণ দেশকালপাত্রের দারা কর্তব্য-वृक्षित्क थिए ना कविशा यिथान, विश्वसनीन मक्तविव ब्लिष्ठे जम स्मानिक समानिक स গ্রহণ করিবার অমুশাসন গভীরভাবে বিরাজ করিতেছে; যেখানে পরস্পরের প্রতি ব্যবহারে শ্রদ্ধার চর্চা হইডেছে, জ্ঞানের আলোচনায় উদারতার ব্যাপ্তি হইডেছে এবং সকল দেশের মহাপুরুষদের চরিত শ্বরণ করিয়া ভক্তির সাধনায় মন রসাভিষিক্ত হইয়া উঠিতেছে; যথানে সংকীর্ণ বৈরাগ্যের কঠোরতার দ্বারা মান্ত্রের সরল আনন্দকে বাধাগ্রন্ত করা হইতেছে না ও সংযমকে আশ্রন্ন করিয়া স্বাধীনতার উল্লাসই সর্বদা প্রকাশ-মান হইয়া উঠিতেছে; যেখানে স্ধোদয় স্থান্ত ও নৈশ আকাশে জ্যোতিক্ষ্সভার নীরব মহিমা প্রতিদিন বার্ধ হইতেছে না, এবং প্রস্কৃতির ঋতু-উৎসবের সঞ্চে সঞ্চে মামুষের আনন্দসংগীত একস্থরে বাজিয়া উঠিতেছে; ষেধানে বালকগণের অধিকার কেবলমাত্র খেলা ও শিক্ষার মধ্যে বন্ধ নছে,—তাহারা নানা প্রকারে কল্যাণভার লইয়া কর্তৃত্বগৌরবের সহিত প্রতিদিনের জীবনচেষ্টার ঘারা আশ্রমকে স্বাষ্ট করিয়া বিশ্বজননীর প্রসন্ন হস্ত হইডে জীবনের প্রভিদিনের এবং চিরদিনের আরু গ্রহণ করিতেছে।

ধর্মের অধিকার

বে-সকল মহাপুরুষের বাণী জগতে আজও অমর হইয়া আছে উাহারা কেইই
মাহুষের মন জোগাইয়া কথা কহিছে চেটা করেন নাই। তাঁহারা জানিতেন মাহুষ
আপনার মনের চেয়েও অনেক বড়ো—অর্থাৎ মাহুষ আপনাকে যাহা মনে করে সেইখানেই তাহার সমাপ্তি নহে। এই জন্ম তাঁহারা একেবারে মাহুষের রাজদরবারে আপনার
দ্ত প্রেরণ করিয়াছেন, বাহিরের দেউড়িতে ছারীকে মিট্টবাক্যে ভূলাইয়া কাজ উদ্ধারের
সহজ্ঞ উপায় সন্ধান করিয়া কাজ নট করেন নাই।

তাঁহারা এমন সব কথা বলিয়াছেন-খাহা বলিতে কেহ সাহস করে না, এবং সংসারের কাজকর্মের মধ্যে যাহা শুনিবামাত্র মাজ্য বিরক্ত হইয়া উঠে, বলিয়া বসে এসব কথা কোনো কাজের কথাই নহে। কিন্তু কত বড়ো বড়ো কাজের কথা কালের শ্রোতে ব্লব্দের মতো কেনাইয়া উঠিল এবং ভাসিতে ভাসিতে কাটিয়া বিলীন হইয়া গেল, আর যত অসম্ভবই সম্ভব ক্লইল, অভাবনীয়ই সত্য হইল, বৃদ্ধিমানের মন্ত্রণা নহে কিন্তু পাগলের পাগলামিই যুগে যুগে মাছবের অল্পরে বাহিরে, ভাহার চিস্তায় কর্মে, ভাহার দর্শনে সাহিত্যে কত নব নব স্প্রীবিকাল করিয়া চলিল ভাহার আর অন্ত নাই। ভাঁহাদের সেইসকল অন্তত কথা ঠেকাইতে গিয়াও কোনোমতেই ঠেকানো যায় না, ভাহাকে মারিতে চেন্তা করিলেই আরও অমর হইয়া উঠে, ভাহাকে পোড়াইলে সে উচ্চাল হয়, ভাহাকে পুতিয়া ক্লেলিলে সে অন্ত্রিত হইয়া দেখা দেয়, ভাহাকে সবলে বাধা দিতে গিয়াই আরও নিবিত্ব করিয়া গ্রহণ করিতে হয়—এবং যেন মন্ত্রের বলে কেমন করিয়া দেখিতে দেখিতে নিজ্বের অগোচরে, এমন কি, নিজ্বের অনিচ্ছায়, সেই সকল বাণীর বেদনায় ভাব্ক লোকের ভাবের রং বদল হইতে থাকে, কাজের লোকের কাজের স্প্র

মহাপুরুষেরা মাছ্যকে অঙুন্তিত কঠে অসাধ্য সাধনেরই উপদেশ দিরাছেন। মাছ্যব যেখানেই একটা কোনো বাধায় আসিয়া ঠেকিয়াছে এবং মনে করিয়াছে ইহাই ভাহার চরম আত্রয়, এবং সেইধানেই আপনার শান্ত্রকে প্রকাকে একেবারে নিশ্ছিত্রয়পে পাকা করিয়া সনাতন বাসা বাধিবার চেন্তা করিয়াছে—সেইখানেই মহাপুরুষেরা আসিয়া গণ্ডি ম্ছিয়াছেন, বেড়া ভাঙিয়াছেন — বলিয়াছেন, পথ এখনও বাকি, পাণেয় এখনও শেষ হয় নাই, যে অমৃতভবন ভোমার আপন ঘর ভোমার চয়মলোক সে ভোমাদের এই মিন্তির হাতের গড়া পাণরের দেওরাল দিরা প্রস্তুত্ত নছে, তাহা পরিবর্তিত হয় কিছু ভাঙে না, ভাহা আত্রয় দের কিছু আবছ করে না, ভাহা ঝির্মিছ ছয় না বিকশিত হয়, সঞ্চিত

হয় না সঞ্চারিত হয়, তাহা কৌশলের কারুকার্য নহে তাহা অক্ষয় জীবনের অক্লান্ত সৃষ্টি।
মাহ্র্য বলে সেই প্রধান্তা আমার অসাধ্য, কেননা আমি তুর্বল আমি প্রান্ত; তাঁহারা
বলেন এইখানে দ্বির হইয়া থাকাই তোমার অসাধ্য, কেননা তুমি মাহ্র্য, তুমি মহৎ,
তুমি অমৃতের পুত্র, ভূমাকে ছাড়া কোথাও তোমার সন্ধোষ নাই।

যে ব্যক্তি ছোটো সে বিশ্বসংসারকে অসংখ্য বাধার রাজ্য বলিয়াই জানে, বাধানাত্রই তাহার দৃষ্টিকে বিলুপ্ত করে এ তাহার আশাকে প্রতিহত করিয়া দেয় এই জক্ত সে সত্যকৈ জানে না, বাধাকেই সত্য বলিয়া জানে। যে ব্যক্তি বড়ো তিনি সমস্ত বাধাকে ছাড়াইয়া একেবারেই সত্যকে দেখিতে পান। এইজন্ত ছোটোর সঙ্গে বড়োর কণার একেবারে এতই বৈপরীত্য। এইজন্ত সকলেই যখন একবাক্যে বলিতেছে আমরা কেবল অন্ধকার দেখিতেছি তখনও তিনি জোরের সঙ্গে বলিতে পারেন—

विनाहत्मकः भूक्षयः महास्वः व्यापिकावर्गः क्रमाः भवस्याव ।

সমন্ত অञ्चलात्रक ছाড়ाইয় আমি ভাঁহাকেই জানিতেছি বিনি মহান্ পুরুষ, বিনি জ্যোতির্ময়। এইজন্ম यथन म्लेड मिरिए পाইতেছি, व्यथमें व्यामारक वाँ हाईएक लाद्य এই मन कविवा शंकां व शंकां व लाक जानका निया जि मात्रामावि का फाका फित निर्क निर्म দলে ছুটিয়া চলিয়াছে তখনও তাঁহারা অসংকোচে এমন কথা বলেন যে, স্বল্পমপ্যস্ত ধর্মস্ত ত্রায়তে মহতো ভয়াৎ—অতি অল্পমাত্র ধর্মও মহাভয় হইতে ত্রাণ করিতে পারে; যখন দেখা যাইতেছে সংকর্ম পদে পদে বাধাগ্রন্ত, তাহা মৃঢ়তার জড়ত্বপুঞ্জে প্রতিহত, প্রবলের অত্যাচারে প্রপীড়িত, বাছিরে তাহার দারিদ্রা সর্বপ্রকারেই প্রত্যক্ষ তথনও তাঁহারা অসংশ্বমে বলেন, সর্বপপরিমাণ বিশ্বাস পর্বতপরিমাণ বাধাকে জয় করিতে পারে। তাঁহারা কিছুমাত্র হাতে রাবিয়া কথা বলেন না, মাত্র্যকে থাটো মনে করিয়া সত্যকে তাহার কাছে খাটো করিয়া ধরেন না; তাঁহারা অসত্যের আফালনকে একেবারেই অবজ্ঞা করিয়া বলেন, সভামেব জয়তে-এবং সংসারকেই ষে-সকল লোক অহোরাত্র সত্য বলিয়া পাক খাইয়া ফিরিভেছে, তাহাদের সম্মুখে দাঁড়াইয়া ঘোষণা করেন—সত্যং জানমনস্থং ব্রহ্ম—অনস্থয়রপ ব্রহ্মই সত্য। দেখিতেছি, স্পর্শ করিতেছি, যাহাকে জ্ঞানের শেষ বিষয় বলিয়া মনে করিতেছি সভ্যকে ভাহার চেয়েও ভাঁহারাই বড়ো করিয়া দেখাইয়াছেন মাঞ্বের মধ্যে বাঁহারা বড়ো হইয়া জন্মিয়াছেন।

তাঁহাদের যাহা অমুশাসন ভাহাও শুনিতে অত্যম্ভ অসম্ভব। সংসারে যে লোকটি যেমন ভাহাকে ঠিক ভেমনি করিয়া দেখো এ পরামর্শটি নিভান্ত সহজ্ঞ নহে কিন্তু এখানেই ভাঁহারা দাঁড়ি টানেন নাই, ভাঁহারা বলিয়াছেন আপনার মভো করিয়াই সকলকে দেখো। ভাহার কারণ এই আত্মপরের ভেদ যেখানে সেইখানেই ভাঁহাদের দৃষ্টি ঠেকিয়া যার নাই আত্মপরের মিল বেধানে সেইখানেই তাঁহারা বিহার করিতেছেন। শত্রুকে ক্ষমা করিবে একথা বলিলে যথেষ্ট বলা হইল কিন্তু তাঁহারা সে কথাও ছাড়াইরা বলিরাছেন শত্রুকেও প্রীতিদান করিবে যেমন করিয়া চন্দনতক্ষ আঘাতকারীকেও প্রগন্ধ দান করে। ভাহার কারণ এই প্রেমের মধ্যেই তাঁহারা সত্যকে পূর্ণ করিয়া দেখিয়াছেন, এইজক্ত স্বভাবতই সে-পর্যন্ত না গিয়া তাঁহারা থামিতে পারেন না। তুমি বড়ো হও, ভালো হও এই কথাই মাছ্যবের পক্ষে কম কথা নয় কিন্তু তাঁহারা একেবারে বলিয়া বসেন—

भवर अमारा करवर ।

শর বেমন লক্ষ্যের মধ্যে একেবারে নিবিষ্ট হইরা বার তেমনি করিরা তন্মর হইরা ব্রক্ষের মধ্যে প্রবেশ করো।
বন্ধাই পরিপূর্ণ সত্য এবং তাঁহাকেই পূর্ণভাবে পাইতে হইবে এই কথাটিকে খাটো করিয়া
বলা তাঁহাদের কর্ম নহে —তাই তাঁহারা স্পষ্ট করিয়াই বলেন যে, তাঁহাকে না জানিয়া
যে মামুষ কেবল জপ তপ করিয়াই কাটায় অস্তবদেবাস্থ তদ্ভবতি, ভাহার সে সমস্তই
বিনষ্ট হইয়া যায় —তাঁহাকে না জানিয়াই যে ব্যক্তি ইহলোক হইতে অপস্ত হয়,
স ক্রপণঃ —সে ক্রপাপাত্র।

অতএব ইহা দেখা ষাইতেছে, মান্তবের মধ্যে ঘাঁহারা সকলের বড়ো তাঁহারা সেইখানকার কথাই বলিতেছেন যাহা সকলের চরম। কোনো প্রয়োজনের দিকে তাকাইয়া সে সভ্যকে তাঁহারা ছোটো করেন না। সেই চরম লক্ষ্যকেই অসংশরে স্প্র্লেপ্তরেপে সকল সভ্যের পরম সভ্য বলিয়া স্বীকার না করিলে মান্তবকে আত্মঅবিশ্বাসী ও ভীক করিয়া রাখা হয়; বাধার ওপারে যে সভ্য আছে তাহার কথাই তাহাকে বড়ো করিয়া না শুনাইয়া বাধাটার উপরেই যদি ঝোঁক দেওয়া হয় তবে সে অবস্থায় মান্তব সেই বাধার সক্ষেই আপস করিয়াই বাসা বাঁধে এবং সভ্যকেই আম্বন্তের অভীত বলিয়া ব্যবহারের বাহিরে নির্বাসিত করিয়া দেয়।

किस मानवश्वक्रभन तर भवम माछ, तर व्यमाश्रमाश्याद कथा वर्णन छाहार छाहावा माइत्यव धर्म विषय थात्का। व्यर्थार छाहार माइत्यव भित्नभू व्याव , छाहार माइत्यव भाग्न । त्यमिन गाँछ हरेत व्यमिन काष्ट्रिया थारेत माइत्यव मत्या ध्रम अविष व्यव्हि व्याह तम कथा व्यव्हे का किस छव् रेहात्क व्यापता माइत्यव धर्म व्यवीर माइत्यव भर्म व्यवीर माइत्यव भर्म व्यवीर माइत्यव भर्म व्यवीर माइत्यव भर्म व्यवित माइत्यव धर्म व्यवित माइत्यव व्यवित वा त्या हरेत्व वा निक्ष छव् ध्यात्म माइत्यव धर्म वामित्छ भाव साहत्य वा । तम विवाह क्षि हर्म व्या हर्म ना किस छव् ध्यात्म धाइत्यव धर्म, हेहारे माइत्यव भूम, व्यवित वा । व्यवह वा व्यवह वा क्षि वा व्यवह हरेत्व निक्षव व्यव भ्रम विवाह व्यवत व्यवह वा व्यवह वा व्यवह हरेत्व निक्षव व्यव भ्रम भ्रम वा व्यवह वा व्यवह वा व्यवह वा व्यवह हरेत्व निक्षव व्यव भ्रम भ्रम वा व्यवह वा व्यवह

করা মান্নবের ধর্ম নছে; কেননা অনেক-লোকই পরের অন্ন কাড়িবার বাধাহীন স্থযোগ পাইলে নিজেকে সার্থক মনে করে। তবু আজ পর্যন্ত মান্নব একথা বলিতে কুঠিত হর নাই যে দয়াই ধর্ম, দানই পুণ্য।

কিছু মান্ত্ৰের পক্ষে যাহা সত্য মান্ত্ৰের পক্ষে তাহাই যে সহজ্ব তাহা নহে। তবেই দেখা যাইতেছে সহজ্বকেই আপনার ধর্ম বলিয়া মানিয়া লইয়া মান্ত্ৰ্য আরাম পাইতে চার্ম না, এবং যে-কোনো তুর্বল্টিন্ত সহজ্বকেই আপনার ধর্ম বলিয়াছে এবং ধর্মকে আপনার প্রবিধামত সহজ্ব করিয়া লইয়াছে তাহার আর তুর্গতির অন্ত থাকে না। আপন ধর্মের পথকে মান্ত্র্য বলিয়াছে — ক্ষুরশু ধারা নিশিতা ত্রতায়া তুর্গং পথত্তং কবয়ো বদন্তি। তুংখকে মান্ত্র্য মন্ত্র্যুব্রের বাহন বলিয়া গণ্য করিয়া লইয়াছে এবং স্কুখকেই সে স্কুথ বলে নাই, বলিয়াছে — ভূমিব স্কুখম্।

এই জন্মই এই বড়ো একটি আশ্চর্ধ ব্যাপার দেখা যায় যে, যাঁহারা মামুষকে অসাধাসাধনের উপদেশ দিয়াছেন, যাঁহাদের কথা শুনিলেই হঠাং মনে হয় ইহা কোনোমতেই
বিশ্বাস করিবার মতো নহে, মামুষ তাঁহাদিগকেই শ্রদ্ধা করে অর্থাৎ বিশ্বাস করে। তাহার
কারণ মহন্বই মামুষের আত্মার ধর্ম; সে মুখে যাহাই বলুক শেষকালে দেখা যায় সে
বড়োকেই যথার্থ বিশ্বাস করে। সহজ্বের উপরেই তাহার বস্তুত শ্রদ্ধা নাই; অসাধাসাধনকেই সে সত্য সাধনা বলিয়া জানে; সেই পথের পথিককেই সে সর্বোচ্চ সম্মান না
দিয়া কোনোমতেই থাকিতে পারে না।

যাহারা মাত্র্যকে তুর্গম পথে তাকেন, মাত্র্য তাঁহাদিগকে শ্রদ্ধা করে, কেননা মাত্র্যকে তাঁহারা শ্রদ্ধা করেন। তাঁহারা মাত্র্যকে দীনাত্মা বলিয়া অবজ্ঞা করেন না। বাহিরে তাঁহারা মাত্র্যরে যত তুর্বলতা যত মৃচতাই দেখুন না কেন তবুও তাঁহারা নিশ্চয় জ্ঞানেন যথার্থত মাত্র্য হীনশক্তি নহে—তাহার শক্তিহীনতা নিতাস্ত্রই একটা বাহিরের জ্ঞিনিস; সেটাকে মায়া বলিলেই হয়। এই জক্ত তাঁহারা যথন শ্রদ্ধা করিয়া মাত্র্যকে বড়ো পথে তাকেন তথন মাত্র্য আপনার মায়াকে ত্যাগ করিয়া সত্যকে চিনিতে পারে, মাত্র্য নিজের মাহাত্ম্য দেখিতে পায় এবং নিজের সেই সত্যক্ষরণে বিশাস করিবামাত্র সে অসাধ্যসাধন করিতে পারে। তথন সে বিশ্বিত হইয়া দেখে ভন্ন তাহাকে ভন্ন দেখাইতেছে না, হংখ তাহাকে ত্রংখ দিতেছে না, বাধা তাহাকে পরাভূত করিতেছে না, এমন কি, নিক্ষণতাও তাহাকে নিরম্ভ করিতে পারিতেছে না। তথন সে হঠাং দেখিতে পার ত্যাগ তাহার পক্ষে সহজ, ক্লেশ ভাহার পক্ষে আনন্দমন্ম, এবং মৃত্যু তাহার পক্ষে অম্বতের সোপান।

বৃদ্ধদেব তাঁহার শিশুদিগকে উপদেশ দিবার কালে এক সময়ে বলিয়াছিলেন যে, মান্নবের মনে কামনা অত্যস্ত বেশি প্রবেল, কিন্তু সোভাগ্যক্রমে তাহার চেয়েও প্রবল পদার্থ আমাদের আছে; সত্যের পিপাসা যদি আমাদের রিপুর চেয়ে প্রবলতর না ছইত তবে আমাদের মধ্যে কেই বা ধর্ষের পথে চলিতে পারিত।

মাছবের প্রতি এত বড়ো শ্রন্ধার কথা এত বড়ো আশার কথা সকলে বলিতে পারে না। কামনার আঘাতে মাছব বারবার খলিত হইরা পড়িতেছে, কেবল ইছাই বড়ো করিয়া তাহার চোধে পড়ে যে ছোটো; কিছু তৎসত্ত্বেও সত্যের আকর্ষণে মাছব যে পালবতার দিক হইতে মহুছাত্বের দিকে অগ্রসর হইতেছে এইটেই বড়ো করিয়া দেখিতে পান তিনিই দিনি বড়ো। এই জন্ম তিনিই মাছবকে বারংবার নির্ভরে ক্ষমা করিতে পারেন, তিনিই মাছবকে সকলের চেয়ে বড়ো কথাটি শুনাইতে আসেন, তিনিই মাছবকে সকলের চেয়ে বড়ো কথাটি শুনাইতে আসেন, তিনিই মাছবকে সকলের চেয়ে বড়ো কথাটি শুনাইতে আসেন, তিনিই মাছবকে সকলের চেয়ে বড়ো অধিকার দিতে কৃতিত হন না। তিনি কৃপণের স্থায় মাছবকে ওজন করিয়া অন্থগ্রহ দান করেন না, এবং বলেন না তাহাই তাহার বৃদ্ধি ও শক্তির পক্ষে যথেই,—প্রিয়তম বন্ধুর স্থায় তিনি আপন চিরজীবনের সর্বোচ্চ সাধনের ধন তাহার নিকট সম্পূর্ণ শুরার সহিত উৎসর্গ করেন, জানেন সে তাহার যোগ্য। সে বে কত বড়ো যোগ্য তাহা সে নিজে তেমন করিয়া জানে না, তিনি যেমন করিয়া জানেন।

মাকুষ বলে, জানি, আমরা পারি না —মহাপুরুষ বলেন, জানি, তোমরা পার। মাকুষ বলে, যাহা সাধ্য এমন একটা ধর্ম খাড়া করো; মহাপুরুষ বলেন, যাহা ধর্ম তাহা নিশ্চরই তোমাদের সাধা। মাকুষের সমস্ত শক্তির উপরে তাঁহারা দাবি করেন—কেননা সমস্ত অশক্তির পরিচয়কে অতিক্রম করিয়াও তাঁহারা নিশ্চরই জানেন তাহার শক্তি আছে।

অতএব ধর্মেই মান্নবের শ্রেষ্ঠ পরিচর। ধর্ম মান্নবের উপরে বে পরিমাণে দাবি করে সেই অন্নসারে মান্নব আপনাকে চেনে। কোনো লোক রাজার ছেলে হইয়াও হয়তো আপনাকে ভূলিয়া থাকিতে পারে তব্ও দেশের লোকের দিক হইতে একটা তারিদ থাকা চাই। তাহার পৈতৃক গোরব তাহাকে শ্রবণ করাইতেই হইবে, তাহাকে লজা দিতে হইবে, এমন কি, তাহাকে দণ্ড দেওয়া আবশ্রক হইতে পারে। কিন্তু তাহাকে চাষা বলিয়া মিথা। ভূলাইয়া সমস্তাকে দিবা সহজ করিয়া দিলে চলিবে না; সে চাষার মত্যে প্রতাহ ব্যবহার করিলেও সভ্য তাহার সম্মূথে শ্বির রাখিতে হইবে। তেমনি ধর্ম কেবলই মান্নবকে বলিতেছে, ভূমি অন্নতের পূত্র, ইহাই সভ্যা; ব্যবহারত মান্নবের খলন পদে পদে হইতেছে তব্ ধর্ম ভাহার সভ্য পরিচয়কে উচ্চে ধরিয়া রাখিতেছে; মান্নব বলিতে বে কতথানি ব্রায় ধর্ম ভাহা কোনোমতেই মান্নবকে ভূলিতে দিবে না; ইহাই ভাহার সর্বপ্রধান কাজ।

वाधि माष्ट्रस्त भन्नीरत्र प्रकाव नरह उत् वाधि माष्ट्रस्क धरत। किन्न उथन

মাহ্মধের শরীরের প্রকৃতি ভিতরের দিক হইতে ব্যাধিকে তাড়াইবার নানাপ্রকার উপার করিতে থাকে। যতক্ষণ মন্তিক ঠিক থাকে ততক্ষণ এই সংগ্রামে ভয় বেশি নাই কিছ যখন মন্তিককৈই ব্যাধিশক্র পরাভূত করে তখনই ব্যাধি সকলের চেয়ে নিদার্রণ হইয়া উঠে কারণ তখন বাছিরের দিক হইতে চিকিৎসকের চেটা যতই প্রবল হউক ভিতরের দিকের শ্রেষ্ঠ সহায়টি তুর্বল হইয়া পড়ে। মন্তিক ধেমন শরীরে, ধর্ম তেমনি মানবসমাজে। এই ধর্মের আদর্শই নিয়ত ভিতরে ভিতরে মানবপ্রকৃতিকে তাহার সমন্ত বিক্রতির সজে যুদ্ধে প্রবৃত্ত করিয়া রাথে কিছ যে পরম ছর্দিনে এই ধর্মের আদর্শকেই বিক্রতি আক্রমণ করে সেদিন বাহিরের নিয়ম সংযম আচার অন্তর্গ্তান পুলিস ও রাষ্ট্রবিধি যতই প্রবল হউক না কেন সমাজপ্রকৃতিকে তুর্গতি হইতে বাঁচাইয়া রাধিবে কে? এই জন্ম ত্র্বলতার দোহাই দিয়া ইচ্ছাপূর্বক ধর্মকে ত্র্বল করার মতো আত্মহাতকতা আর কিছুই হইতে পারে না, কারণ, ত্র্বলতার দিনেই বাঁচিবার একমাত্র উপায় ধর্মের বল।

আমাদের দেশে সকলের চেয়ে নিদারুণ তুর্ভাগ্য এই যে, মান্থবের তুর্বলতার মাপে ধর্মকে স্থবিধামতো খাটো করিয়া ফেলা যাইতে পারে এই অভুত বিশ্বাস আমাদিগকে পাইয়া বসিয়াছে। আমরা এ কথা অসংকোচে বলিয়া থাকি, যাহার শক্তি কম তাহার জন্ম ধর্মকে ছাঁটিয়া ছোটো করিতে দোষ নাই, এমন কি, তাহাই কর্তব্য।

ধর্মের প্রতি যদি শ্রদ্ধা থাকে তবে এমন কথা কি বলা যায় ? প্রয়োজন অফুসারে আমরা তাহাকে ছোটো বড়ো করিব! ধর্ম তো জীবনহীন জড় পদার্থ নহে; তাহার উপরে করমাশমতো অনায়াসে দরজির কাঁচি বা ছুডারের করাত তো চলে না। এ কথা তো কেহ বলে না যে, শিশুটি ক্ষুদ্র বলিয়া মাকেও চারিদিক হইতে কাটিয়া কম করিয়া কেলো। মা তো শিশুর গায়ের জামার সঙ্গে তুলনীয় নহেন। প্রথমত মাকে কাটিতে গেলেই মারিয়া কেলা হইবে, ছিতীয়ত অখও সমগ্র মাতাই বড়ো সন্তানের পক্ষে যেমন আবশুক ছোটো সন্তানটির পক্ষেও তেমনি আবশুক — তাঁহাকে কম করিলে বড়োও যেমন বঞ্চিত হইবে, ছোটোও তেমনি বঞ্চিত হইবে। ধর্ম কি মান্তবের মাতার মতোই নহে ? আমি জানি আমাকে এই প্রশ্ন করা হইবে সকল মান্তবেরই কি বৃদ্ধি ও প্রকৃতি একই

ব্যাম জ্ঞান আমাকে এই প্রশ্ন করা হহবে সকল মান্থবেরহ কি বৃদ্ধ ও প্রক্লান্ত একই রকমের ? সকলেই কি ধর্মকে একই ভাবে বৈাঝে ? না, সকলের এক নহে ; ছোটো বড়ো উচু নিচু জগতে আছে। অতএব সভ্যকে আমরা সকলেই সমান দূর পর্বন্ত পাইরাছি একথা বলিতে পারি না। আমাদের শক্তি পরিমিত্ত ; কিন্তু বভদূর বড়ো করিয়া সভ্যকে পাইরাছি ভাহার চেয়েও সে ছোটো এ মিথ্যা কথা ভো ক্ষণকালের জন্মও আমরা কাহারও থাতিরে বলিতে পারি না। গ্যালিলিও যে জ্যোভিক্তত্ত্ব আবিক্ষার করিয়াছিলেন তাহা তথনকার কালের প্রচলিত একটানধর্মের সঙ্গে থাপ থার নাই – ভাই

বলিয়া একণা বলা কি শোভা পাইত যে, জ্বীস্টান বেচারার পক্ষে মিণ্যা জ্যোতির্বিস্থাই সতা ? তাহাকে কি এই উপদেশ দেওয়া চলিত যে, তুমি জ্বীস্টান অতএব তোমার উচিত ভোমার উপযোগী একটা বিশেষ জ্যোভিষকেই একাস্ক শ্রহার সহিত বরণ করা ?

কিছ তাই বলিয়া গ্যালিলিওই কি জ্যোতিষের চরমে নিয়াছেন? তাহা নহে। তব্ও তাহা সভাের দিকে যাওয়। সেখান হইতেও অগ্রসর হও কিছু কােনো কারণেই পিছু হটা আর চলিবে না; যদি হঠিতে থাকি তবে সভাের উলটা দিকে চলা হইবে সভাাং ভাহার লান্তি অবশ্রন্তারী। তেমনি ধর্ম সম্বন্ধে একটিমাত্র লােকের বােধও যদি দেশের সকল লােকের বােধকে ছাড়াইয়া নিয়া থাকে তবে তাহাই সমন্ত দেশের লােকের ধর্ম, কারণ তাহাই দেশের সর্বােচ্চ সভা। অল্ল লােকে তাহা গ্রহণ করিতে রাজ্যি হইবে না, তাহা বৃঝিতে বিলম্ব করিবে; কিছু তৃমি যদি বৃঝিয়া থাক তবে ভামাকে সকল লােকের সম্মুখে দাঁড়াইয়া বলিতে হইবে, ইহাই সভা এবং ইহা সকল লােকেরই সভাা, কেবল একলা আমার সভা নহে। কেছ যদি জড়ভাবে বলিতে থাকে ইহা আমি বৃঝিতে পারিব না তবে ভামাকে জাের করিয়াই বলিতে হইবে, তুমি বৃঝিতে পারিবে, কারণ ইহা সতা এবং সভাকে গ্রহণ করাই মাছবের ধর্ম।

रें छिराम व्यामना की पिरिनाम? व्यामना पिरिनाहि, त्रक्रान्य यथन मजारक পাইয়াছি বলিয়া উপলব্ধি করিলেন, তখন তিনি বুঝিলেন আমার ভিতর দিয়া সমস্ত মামুষ এই সত্য পাইবার অধিকারী হইয়াছে। তথন তিনি ভিন্ন ভিন্ন লোকের শক্তির পরিমাপ করিয়া সত্যের মধ্যে ভিন্ন ভিন্ন পরিমাণে মিধ্যার খাদ মিশাইতে লাগিলেন না। তাঁহার মতো অভুত শক্তিমান পুরুষ বছকাল একাগ্রচিম্ভার পর যে সত্য উপলব্ধি করিতে পারিয়াছেন তাহা যে সকল মাম্বরেই নয় এ কথা তিনি এক মুহুর্তের জন্তও কল্পনা করেন নাই। অথচ সকল মাত্র্য তাছাকে শ্রদ্ধা করে নাই, অনেকে তাহা বৃদ্ধির দোষে বিষ্ণুডও করিয়াছে। তৎসত্ত্বেও একবা নিশ্চিত সত্য যে, ধর্মকে হিসাব করিয়া ক্ষুদ্র করা কোনোমতেই চলে না—ধে তাছাকে যে পরিমাণে মাসুক আর না মাসুক, সেই যে একমাত্র মাননীয় এই কথা বলিয়া তাহাকে সকলের সামনে পূর্ণভাবে ধরিয়া রাধিতে হইবে। বাপকে সকল ছেলে সমান শ্রন্ধা করে না এবং অনেক ছেলে তাহার विक्रप्त विद्यां कि विवा शास्त्र कारे विनवा हिला कि स्था विक्रक किवा अपन कथा বলা চলে না যে, ভোমার বাপ বারো জ্ঞানা, ভোমার বাপ সিকি, এবং ভোমার বাপ বাপই নছে, ভূমি একটা গাছের ভালকে বাপ বলিয়া গ্রহণ করো- এবং এইরূপে অধিকার ভেদে তোমরা বাপের সভে ভিন্নরপে ব্যবহার করিতে পাকো; ভাহা হইলেই ভোমাদের সম্ভানধর্ম পালন করা হইবে। বস্তুত পিভান্ন ভারতম্য নাই ; ভাহার সম্বন্ধে

সম্ভানদের হৃদয়ের ও ব্যবহারের যদি তারতম্য, পাকে তবে সেই অহুসারে তাহাদিপকে ভালো বলিব বা মন্দ বলিব, একথা কখনোই বলিব না তুমি যখন এইটুকু মাত্র পার তাব এইটুকুই তোমার পক্ষে ভালো।

সকলেই জানেন যিণ্ড যধন বাহাঅছুষ্ঠানপ্রধান ধর্মকে নিন্দা করিয়া আ্বাাদ্মিক ধর্মেব বার্তা ঘোষণা করিলেন তথন রিছদিরা ভাছা গ্রহণ করে নাই। তবু তিনি নিজের ভটকরেক অহ্বর্তীমাত্রকেই লইয়া সত্যধর্মকে নিখিল মানবের ধর্ম বলিয়াই প্রচার করিয়াছিলেন। তিনি একথা বলেন নাই, এ ধর্ম যাহারা বুঝিতে পারিতেছে তাহাদেরই, যাহারা পারিতেছে না তাহাদের নহে। মহম্মদের আবির্ভাবকালে পৌন্তলিক আরবীয়েরা যে তাঁহার একেশ্বরবাদ সহজে গ্রহণ করিয়াছিল তাহা নহে, তাই বলিয়া তিনি তাহাদিগকে ভাকিয়া বলেন নাই, তোমাদের পক্ষে যাহা সহজ্ব তাহাই ভোমাদের ধর্ম, তোমরা বাপ দাদা ধরিয়া যাহা মানিয়া আসিয়াছ তাহাই তোমাদের সত্য। তিনি এমন অন্তুত অসত্য বলেন নাই যে, যাহাকে দশজনে মিলিয়া বিশ্বাস করা যায় তাহাই সত্যা, যাহাকে দশজনে মিলিয়া পালন করা যায় তাহাই ধর্ম। একথা বলিলে উপন্থিত আপদ মিটিত কিন্তু চিরকালের বিপদ বাড়িয়া চলিত।

একণা বলাই বাহুলা, উপস্থিতমতো মান্থৰ বাহা পাবে সেইখানেই ভাষার সীমানহে। তাহা বদি হইত তবে যুগ্যুগান্তর ধরিয়া মান্থৰ মউমাছির মতো একই রকম মউচাক তৈরি করিয়া চলিত। বস্তুত অবিচলিত সনাতন প্রধার বড়াই বদি কেই করিতে পাবে তবে সে পশুপক্ষী কীটপতক্ষ, মান্থৰ নহে। আরও বেশি বড়াই বদি কেই করিতে পাবে তবে সে ধুলামাটিপাধর। মান্থৰ কোনো একটা জারগায় আসিয়া হাল ছাড়িয়া চোধ বুঝিয়া সীমাকে মানিতে চার না বলিয়াই সে মান্থৰ। মান্থবের এই যে কেবলই আরও-র দিকে গতি, ভূমার দিকে টান এইখানেই তাহার শ্রেয়। এই শ্রেয়কে রক্ষা করিবার ইহাকে কেবলই শ্রবন করাইবার ভার তাহার ধর্মের প্রতি। এইজক্সই মান্থবের চিন্ত ভাহার কল্যাণকে যত স্থাব পর্যন্ত চিন্তা করিতে পারে তত স্থাবেই আপনার ধর্মকে ইশুহরীর মতো বসাইয়া রাধিরাছে—সেই মানবচেতনার একেবারে দিগন্তে দাড়াইয়া ধর্ম মান্থবকে অনন্তের দিকে নিয়ত আক্ষান করিতেছে।

মাহুষের শক্তির মধ্যে চুটা দিক আছে, একটা দিকের নাম "পারে" এবং আর একটা দিকের নাম "পারিবে"। "পারে"র দিকটাই মাহুষের সহজ্ঞ, আর "পারিবে"র দিকটাতেই তাহার তপস্তা। ধর্ম মাহুষের এই "পারিবে"র স্বর্গাচ্চ শিপরে দাঁড়াইয়া ভাহার সমস্ত "পারে"কে নিয়ভ টান দিভেছে তাহাকে বিপ্লাম করিতে দিভেছে না, ভাহাকে কোনো একটা উপস্থিত সামাস্থ লাভের মধ্যে সম্ভাই থাকিতে দিভেছে না।

এইরপে মান্ন্রের সমন্ত "পারে" যখন সেই "পারিবে"র বারা অধিকৃত হইরা সম্ব্রের দিকে চলিতে থাকে তথনই মান্ন্র বার—তথনই লৈ সভাজাবে আত্মাকে লাভ করে। কিন্তু "পারিবে"র দিকে এই আকর্ষন যাহারা সহিতে পারে না, যাহারা নিজেকে মৃচ্ ও অক্ষম বলিরা করনা করে, তাহারা ধর্মকে বলে আমি ষেধানে আছি সেইখানে ভূমিও নামিরা এস। তাহার পরে ধর্মকে একবার সেই সহজ্বসাধ্যের সমতলক্ষেত্রে টানিরা আনিতে পারিলে তথন তাহাকে বড়ো বড়ো পাথর চাপা দিরা অত্যক্ত সনাতনভাবে জীবিত সমাধি দিয়া রাখিতে চায় এবং মনে করে ফাঁকি দিয়া ধর্মকে পাইলাম এবং তাহাকে একেবারে বরের দরজার কাছে চিরকালের মতো বাধিয়া রাখিয়া পুত্রপোত্রাদিক্রমে ভোগ দখল করিতে থাকিলাম। তাহারা ধর্মকে বন্দী করিয়া নিজেরাই অচল হইয়া বলে, ধর্মকে ত্বল করিয়া নিজেরা হানবীর্ষ হইয়া পড়ে, এবং ধর্মকে প্রাণহীন করিয়া নিজেরা পলে পলে মরিতে থাকে; তাহাদের সমাজ্ব কেবলই বাহু জ্বাচারে অন্তর্গানে অন্তর্গারে এবং কায়নিক বিভীষিকার কৃত্ত্ব্রাটকার দলদিকে সমাজ্বর হইয়া পড়ে।

বন্ধত ধর্ম যথন মাস্থাকে অসাধাসাধন করিতে বলে তথনই তাহা মাস্থারে শিরোধার্থ হইয়া উঠে, আর যথনই সে মাস্থারের প্রবৃত্তির সন্দে কোনোমতে বন্ধৃত্ব রাধিবার জক্ত কানে কানে পরামর্শ দেয় যে তৃমি যাহা পার তাহাই তোমার প্রের, অথবা দশজনে যাহা করিয়া আসিতেছে তাহাতেই নির্বিচারে যোগ দেওয়াই তোমার প্রা, ধর্ম তথন আমাদের প্রবৃত্তির চেয়েও নিচে নামিয়া যায়। প্রবৃত্তির সঙ্গে বোঝাপড়া করিতে এবং লোকাচারের সঙ্গে আপস করিয়া গলাগলি করিতে আসিলেই ধর্ম আপনার উপরের জায়গাটি আর রাধিতে পারে না; একেবারেই তাহার জাতি নই হয়।

আমাদের দেশের বর্তমান সমাজে ইহার অনেক প্রমাণ পাওরা যায়। আমাদের সমাজে পুণাকে সন্তা করিবার জন্ধ বলিয়াছে, কোনো নিশেব তিথিনক্ষত্রে কোনো বিশেব জলের ধারায় মান করিলে কেবল, নিজের নহে, বহুসহস্র পূর্বপূক্ষবের সমস্ত পাপ কালিত হইরা যায়। পাপ দূর করিবার এতবড়ো সহজ্ঞ উপায়ের কথাটা বিশাস করিতে অত্যন্ত গোভ হর সন্দেহ নাই, স্মৃতরাং মাহ্মব ভাহার ধর্মপাল্রের এই কথার আপনাকে কিছুপরিমাণে ভ্লায় কিন্তু সম্পূর্ণ ভূলানো ভাহার পক্ষেপ্ত অসাধ্য। একজন বিধবা রমণী একবার মধ্যয়াত্রে চন্দ্রগ্রহণের পরে পীড়িত দরীয় লইরা যথন গলালানে যাইতে উন্নত ইইয়ছিলেন আমি তাঁহাকে প্রশ্ন করিয়াছিলাম, "আপনি কি একথা সভাই বিশাস করিতে পায়েন ধে পাপ জিনিসটাকে ধূলামাটির মতো জল দিয়া ধুইয়া কেলা সম্ভব ৫ অথচ অকারণে আপনার দরীয়-ধর্মের বিশ্বজ্যে এই যে পাপ করিতে যাইতেছেন ইহার ফল কি

আপনাকে পাইতে হইবে না? তিনি বলিলেন, "বাবা, এ তো সছজ কৰা, তুমি ঘাই। বলিতেছ তাহা বেল বৃঝি কিছু তবু ধর্মে যাহা বলে তাহা পালন না করিতে বে ভরসা পাই না।" একথার অর্থ এই যে, সেই রমণীর স্বাভাবিক বৃদ্ধি তাঁহার ধর্মবিশ্বাসের উপরে উঠিয়া আছে।

আর একটা দৃষ্টান্ত দেখো। একাদশীর দিনে বিধবাকে নির্জন উপবাস করিতে হইবে ইহা আমাদের দেশে লোকাচারসমত অথবা শাস্ত্রাহ্ণগত ধর্মাহ্মশাসন। ইহার মধ্যে বে নিদার্রুণ নিষ্ঠ্রতা আছে স্বভাবত আমাদের প্রস্কৃতিতে তাহা বর্তমান নাই। একথা কখনোই সত্য নহে দ্রীলোককে ক্ষ্মাপিপাসায় পীড়িত করিতে আমরা সহজে হংখ পাই না। তবে কেন হতভাগিনীদিগকে আমরা ইচ্ছা করিয়া হংখ দিই এ প্রশ্ন জিক্সাসা করিলে আর কোনো যুক্তিসংগত উত্তর খুঁজিয়া পাই না, কেবল এই কথাই বলিতে হয় আমাদ্রের ধর্মে বলে বিধবাদিগকে একাদশীর দিনে ক্ষার অন্ধ ও পিপাসার জল দিতে পারিবে না, এমন কি, মরিবার মুখে রোগের ঔষধ পর্যন্ত সেবন করানো নিষেধ। এখানে স্পাইই দেখা যাইতেছে আমাদের ধর্ম আমাদের সহজবুদ্ধির চেয়ে অনেক নিচে নামিয়া গেছে।

ইহা আমি অনেকবার দেখিয়ছি, ছেলেয়া স্বভাবতই তাহাদের সহপাঠী বন্ধুদিগকে জাতিবর্ণ লইয়া য়ণা করে না—কখনোই তাহারা আপনাকে হানবর্গ বন্ধু অপেক্ষা কোনো অংশে শ্রেষ্ঠ মনে করিতে পারে না, কারণ অনেক স্থলেই শ্রেষ্ঠতা জাতিবর্ণের অপেক্ষা রাখে না তাহা তাহারা প্রত্যন্তই প্রত্যক্ষ দেখিতে পাইতেছে, তথাপি আহার কালে তাহারা হানবর্গ বন্ধুর লেশমাত্র সংস্পর্শ পরিহার্থ মনে করে। এমন ঘটনা ঘটিতে দেখা গিয়াছে যে রায়াঘরের বাহিরের দাওয়ার উপরে একটা ঘৃড়ি পড়িয়াছিল—সেই ঘৃড়িটা তুলিয়া লইবার জন্ম একজন পতিত জাতির ছেলে ক্ষণকালের জন্ম দাওয়ায় পদক্ষেপ করিয়াছিল বলিয়া রায়াঘরের সমন্ত ভাত ফেলা গিয়াছিল, অবচ সেই দাওয়ায় সর্বদাই কৃকুর যাতায়াত করে ভাহাতে অর অপবিত্র, হয় না। এই আচরণের মধ্যে যে পরিমাণ অতিঅসহ্য মানবদ্ধণা আছে, তত পরিমাণ দ্বণা কি যথার্থ ই আমাদের অস্তরতর প্রকৃতির মধ্যে বর্তমান ? এতটা মানবদ্ধণা আমাদের জাতির মনে ক্ষভাবতই আছে একথা আমি তো স্বীকার করিতে পারি না। বস্তুত এখানে স্পষ্টই আমাদের ধর্ম আমাদের হৃদ্ধের চেয়ে অনেক নিচে পড়িয়া গিয়াছে।

এইরপে মাত্রষ ধর্মকে যথন আপনার চেয়েও নিচে নামাইরা দের তথন সে নিজের সহজ মতুয়াত্রও যে কতদুর পর্যন্ত বিশ্বত হর তাহার একটি নিষ্ঠুর দৃষ্টান্ত আমার মনে খেন আঞ্চন দিয়া চিরকালের মতো দাগিরা রহিরা গিরাছে। আমি জানি একজন বিদেশী রোগী পৰিক পনীগ্রামের পৰের ধারে তিনদিন ধরিয়া অনাশ্রমে পড়িয়া তিল তিল করিয়া মরিয়াছে, ঠিক সেই সময়েই মন্ত একটা প্ণালানের তিথি পড়িয়াছিল—হাজার হায়ার নয়নারী কয়দিন ধরিয়া প্ণাকামনায় সেই পর্ব দিয়া চলিয়া পিয়াছে, তাহাদের মধ্যে একজনও বলে নাই এই মুম্ব্কে ধরে লইয়া পিয়া বাঁচাইয়া তুলিবার চেয়া করি এবং তাহাতেই আমার প্ণা। সকলেই মনে মনে বলিয়াছে, জানি না ও কোণাকার লোক, ওর কী আত—লেষকালে কি ঘরে লইয়া পিয়া প্রায়শ্রিত্তের দায়ে পড়িব? মায়্বের স্বাভাবিক দয়া বদি আপনার কাজ করিতে য়ায় তবে ধর্মের রক্ষকস্বরূপে সমাজ তাহাকে দণ্ড দিবে। এখানে ধর্ম যে মায়্বের হৃদয়প্রকৃতির চেয়েও অনেক নিচে নামিয়া বসিয়াছে।

আমি পলীগ্রামে গিন্না দেখিরা আসিলাম সেধানে নমশ্রদের ক্ষেত্র অস্ত জাতিতে চাম করে না, তাহাদের ধান কাটে না, তাহাদের ধর তৈরি করিয়া দের না— অর্থাৎ পৃথিবীতে বাঁচিয়া থাকিতে হইলে মান্তবের কাছে মান্তব যে সহযোগিতা দাবি করিতে পারে আমাদের সমাজ ইহাদিগকে তাহারও অযোগ্য বলিয়াছে;—বিনা অপরাধে আমরা ইহাদের জীবনধাত্রাকে ত্রহু ও তুঃসহু করিয়া তুলিয়া জ্মকাল হইতে মৃত্যুকাল পর্বন্ধ ইহাদিগকে প্রতিদিনই দণ্ড দিতেছি। অপচ মান্তবকে এরপ নিতান্তই অকারণে নির্বাতন করা কি আমাদের স্বভাবসিদ্ধ ? আমরা নিজে যাহাদের নিকট হইতে ধণ্ডেই পরিমানে সেবা ও সাহায্য লইতে বিধা করি না ভাহাদিগকে সকল প্রকার সহায়তা হইতে বঞ্চিত করাকেই আমাদের জায়বৃদ্ধি কি সভ্যই সংগত বলিতে পারে ? কথনোই না। কিন্ধ মান্তবকে এইরপ অলায় অবজ্ঞা করিতে আমাদের ধর্মই উপদেশ দিতেছে, আমাদের প্রকৃতি নয়। আমাদের হৃদর তুর্বল বলিয়াই বে আমাদের মুর্বন্ধ করিয়া আহা নহে, ইহাই আমাদের কর্তব্য এবং ইহাই না করা আমাদের আমাদিগকে বাঁধিয়া বাাধিয়াছে— গুভবৃদ্ধর নাম লইয়া দেশের নর-নারীকে শত শত বংসর ধরিয়া এমন নির্মন্তাবে এমন আরু মৃত্রের মতো পীড়ন করিয়া চলিয়াছে!

আমাদের দেশের বর্তমান শিক্ষিত সম্প্রদারের এক শ্রেণীর লোক তর্ক করিরা থাকেন যে, জাতিভেদ তো মুরোপেও আছে; সেখানেও তো অভিজ্ঞাতবংশের লোক সহজে নীচবংশের সঙ্গে একত্রে পানাছার করিতে চান না। ইহাদের একথা অস্বীকার করা যার না। মাহুবের মনে অভিমান বলিয়া একটা শ্রের্ডি আছে, সেইটেকে অবলমন করিয়া মাহুবের ভেদবৃদ্ধি উদ্ধত হইয়া ওঠে ইহা সভ্য,—কিন্ত ধর্ম অরং কি সেই অভিমানটার সজেই আপস করিয়া ভাহার সঙ্গে একাসনে আসিয়া বসিবে ? ধর্ম কি আপনার সিংছাসনে বসিয়া এই অভিমানের সঞ্চে যুদ্ধ বোষণা করিবে না ? চোর ভো সকল দেলেই চুরি করিয়া থাকে কিন্তু আমাদের সমাজে যে ম্যাজিস্ট্রেটফুদ্ধ ভাছার সজে বোগ দিয়া চোরকেই আপনার পেয়াদা বলিয়া স্বহন্তে ভাছাকে নিজের সোনার চাপরাস পরাইয়া দিভেছে! কোনোকালে বিচার পাইব কোথায়, কোনোমভে রক্ষা পাইব কাহার কাছে?

এরপ অভুত তর্ক আমাদের মূখেই শোনা যায় যে, যাহারা তামসিক প্রকৃতির লোক, মদমাংস বাহারা খাইবেই এবং পাশবতা যাহাদের স্বভাবসিদ্ধ, ধর্মের সম্মতিবারা যদি তাহাদের পাশবতাকে নির্দিষ্টপরিমাণে স্বীকার করা যায়—যদি বলা যায় এইরপ বিশেষ-ভাবে মদমাংস থাওয়া ও চরিত্রকে কল্মিত করা তোমাদের পক্ষে ধর্ম, তবে তাহাতে দোব নাই, বরং ভালোই। এরপ তর্কের সীমা যে কোন্ধানে তাহা ভাবিয়াই পাওয়া যায় না। মাহ্যুযের মধ্যে এমনতব্যা স্বভাবপাপিষ্ঠ অমাহ্যুয় দেখা যায় নরহত্যায় যাহারা আনন্দ বোধ করে। এই শ্রেণীর লোকের জন্ম ঠিগধর্মকেই ধর্ম বলিয়া বিশেষভাবে নির্দিষ্ট করিয়া দেওয়া উচিত একথাও বোধ হয় আমাদের মূখে যাধিবে না, যতক্ষণ পর্যন্ত ঠিক নিজের গলাটা তাহাদের ফাসের সম্মুখে আসিয়া উপস্থিত না হয়।

ধর্ম সম্বন্ধে সভ্য সম্বন্ধে মামুবের উচ্চাধিকার নিয়াধিকার একবার কোথাও স্থীকার করিতে আরম্ভ করিলেই মামুব যে-মহাতরা লইয়া জাবনসমূদ্রে পাড়ি দিতেছে ভাহাকে টুকরা টুকরা করিয়া ভাঙিরা ছোটো ছোটো ভেলা তৈরি করা হয় তাহাতে মহাসমূদ্রের যাত্রা আর চলে না, তীরের কাছে থাকিয়া হাঁটুজলে থেলা করা চলে মাত্র। কিছ যাহারা কেবল থেলিবেই, কোনোদিন যাত্রা করিবেই না, ভাহারা খড়কুটা যাহা খুলি লইয়া আপনার থেলনা তৈরি কঙ্কক না—তাহাদের জড়ভার থাভিরে জমূল্য ধর্মতরীকে টুকরা করিয়াই কি চিরদিনের মতো সর্বনাল ঘটাইতে হইবে ?

একথা আবার বলিতেছি, ধর্ম মান্তবের পূর্ব শক্তির অকৃষ্টিত বাণী, তাহার মধ্যে কোনো বিধা নাই। সে মান্তবকে মৃঢ় বলিয়া স্বীকার করে না তুর্বল বলিয়া অবজ্ঞা করে না। সেই তো মান্তবকে ডাক দিয়া বলিতেছে, তুমি অজ্ঞা, তুমি অলোক, তুমি অভয়, তুমি অমৃত। সেই ধর্মের বলেই মান্তব ধাহা পারে নাই তাহা পারিতেছে, ধাহা হইয়া উঠিবে বলিয়া কোনোদিন স্থপ্নেও মনে করে নাই একদিন তাহাই হইয়া উঠিতেছে। কিছ এই ধর্মের মৃথ দিয়াই মান্তব ধনি মান্তবকে এমন কথা কেবলই বলাইতে বাকে বে, "তুমি মৃঢ়, তুমি ব্রিবে না," তবে তাহারে মৃঢ়তা ঘূচাইবে কে, ধদি বলায় "তুমি অক্ষম, তুমি পারিবে না," তবে তাহাকে শক্তি দান করে জগতে এমন সাধ্য আর কাহার আছে ?

আমাদের দেশে বছকাল হইতে ভাহাই ঘটরাছে। আমাদের দেশের অধিকাংশ লোককেই আমাদের ধর্মণাসন স্বরং বলিরা আসিরাছে পূর্ব সভ্যে ভোমার অধিকার নাই; অসম্পূর্ণে ই ভূমি সম্ভাই হইরা থাকো। কভন্মভ লোক পিতা পিতামছ ধরিরা এই কথা গুনিরা আসিরাছে মত্রে ভোমাদের দরকার নাই, পূজার ভোমাদের প্রয়োজন নাই, দেবমন্দিরে ভোমাদের প্রবেশ নাই; ভোমাদের কাছে ধর্মের দাবি, ভোমাদের ক্ষুদ্র সাধ্যের পরিমাণে, বংকিঞ্চিং মাত্র। ভোমারা স্থলকে লইরাই থাকো চিন্তকে অধিক উচ্চে ভূলিতে হইবে না, বেধানে আছ গুইধানেই নিচে পড়িরা থাকিরা সহজে ভোমরা ধর্মের ক্ষলভাভ করিতে পারিবে।

অপচ হীনতম মাছবেরও একটিমাত্র সম্বানের স্থান আছে ধর্মের দিকে —তাহার জানা উচিত সেইবানেই তাহার অধিকারের কোনো সংকোচ নাই। রাজা বল, পণ্ডিত বল, অভিজাত বল, সংসারের ক্ষেত্রেই তাহাদের যত কিছু প্রতাপ প্রভূত্ব—ধর্মের ক্ষেত্রে দীনহান মূর্থেরও অধিকার কোনো কৃত্রিম শাসনের ঘারা সংকীর্ণ করিবার ভার কোনো মাছবের উপর নাই। ধর্মই মাছবের সকলের চেরে বড়ো আশা—সেইবানেই তাহার মৃক্তি, কেননা সেই বানেই তাহার পমস্ত ভবিশুং, সেইবানেই তাহার অন্তহীন সম্ভাব্যতা, কৃত্র বর্তমানের সমস্ত সংকোচ সেইবানেই ঘূচিতে পারে। অতএব সংসারের দিকে, জন্ম বা যোগ্যতার প্রতি চাহিয়া মাছবের স্বত্বকে যতই বঙ্জিত কর না, ধর্মের দিকে কোনো মাছবের জন্ম কোনো বাধা সৃষ্টি করিতে পারে এতবড়ো স্পর্ধিত অধিকার কোনো পরমক্ষানী পুরুষের কোনো চক্রবর্তী সম্রাটের নাই।

ধর্মের অধিকার বিচার করিয়া তাহার সীমা নির্দেশ করিয়া দিতে পার তুমি কে, যে, তোমার সেই অলোকিক শক্তি আছে! তুমি কি অন্তর্গামী? মামুষের মুক্তির ভার তুমি গ্রহণ করিবার অহংকার রাব? তুমি লোকসমাজ তুমি লোকিক ব্যবহারেও আপনাকে সামলাইতে পার না, কত তোমার পরাভব, কত তোমার বিকৃতি, কত তোমার প্রলোভন তুমিই তোমার অন্ত্যাচারের লাঠিটাকে ধর্মের নামে গিণ্টি করিয়া ধর্মরাজের ত্মান জুড়িয়া বসিতে চাও! তাই করিয়া আজ্ব শত শত বংসর ধরিয়া এতবড়ো একটি সমগ্র জাতিকে তুমি মর্মে মর্মে শৃত্যালিত করিয়া তাহাকে পরাধীনতার অক্ত্রের মধ্যে পঙ্গু করিয়া ফেলিয়া দিয়াছ তাহার আর উদ্ধারের পথ রাখ নাই। যাহা ক্ষুত্র, বাছা ত্মস্ব, বাছা অসত্যা, বাছা অবিশ্বাক্ত ভাহাকেও দেশকালপারে অস্থ্যারে ধর্ম বিলয়া বীকার করিয়া কী প্রকাণ্ড, কী অসংলগ্ধ জ্বঞ্জালের ভয়ংকর বোঝা মামুরের মাখার উপরে আজ্ব শত শত বংসর ধরিয়া চাপাইয়া রাধিয়াছ! সেই ভয়্যমেক্ষপ্ত নিম্পেবিতপৌক্র নতমন্তর মামুর প্রশ্ন করিতেও জানে না, প্রশ্ন করিলেও

তাহার উত্তর কোণাও নাই—কেবল বিভীবিকার তাড়নার এবং কাল্পনিক প্রলোভনের বার্থ আখাসে তাহাকে চালনা করিয়া যাইতেছে; চারিদিক হইতেই আকালে তর্জনী উঠিতেছে এবং এই আদেশ নানা পক্ষকঠে ধ্বনিত হইতেছে, যাহা বলিতেছি তাহাই মানিয়া যাও, কেননা তুমি মৃচ তুমি বৃদ্ধিবে না; যাহা পাঁচজনে করিতেছে তাহাই করিয়া যাও, কেননা তুমি অক্ষম; সহস্র বংসরের পূর্ববর্তীকালের সহিত তোমাকে আপাদমক্তক শতসহস্র ক্রে একেবারে বাঁধিয়া রাখিয়াছি, কেননা নৃতন করিয়া নিজের কল্যাণচিন্তা করিবার শক্তিমাত্র তোমার নাই। নিষেধজ্ঞজনিত চিরকাপুরুষ নির্মাণ করিবার এত বড়ো সর্বদেশব্যাপী ভয়ংকর লোহ্যন্ত ইতিহাসে আর কোণাও কি কেহ স্পৃষ্ট করিয়াছে—এবং সেই মন্থ্যাত্ব চূর্ণ করিবার যন্ত্রকে আর কোনো দেশে কি ধর্মের পবিত্র উপাধিতে আধ্যাত করা হইয়াছে?

তুর্গতি তো প্রতাক্ষ, আর তো কোনো যুক্তির প্রয়োজন দেখি না, কিছ সেই প্রতাক্ষকে চোখ মেলিয়া দেখিব না, চোখ বৃদ্ধিয়া কি কেবল তর্কই করিব। আমাদের দেশে রক্ষের ধ্যানে পূজার্চনায় যে বছবিচিত্র স্থুলতার প্রচার হইয়াছে তর্ককালে তাহাকে আমরা চরম বলিয়া মানি না। আমরা বলিয়া থাকি, যে মায়্র্য আধ্যাত্মিকতার যে অবস্থায় আছে এ দেশে তাহার জন্ম সেই প্রকার আশ্রম গড়িয়া দেওয়া হইয়াছে; এইয়পে প্রত্যেকে নিজ নিজ আশ্রমে থাকিয়া ক্রমণ স্বতই উচ্চতর অবস্থায় জন্ম প্রস্তুত হইতেছে। কিছ জানিতে চাই অনস্ক কালের অসংখ্য মায়্র্যের প্রত্যেক ভিয় অবস্থার জন্ম উপযুক্ত আশ্রম গড়িতে পারে এমন সাধ্য কাহার! সমস্ক বিচিত্রতাকেই স্থান দিবে, বাধা দিবে না, এতবড়ো বিশ্বকর্মা মানবসমাজে কে আছে?

বন্ধত মান্নবের অসীম বৈচিত্রাকে বাহারা সতাই মানে ভাহারা মান্নবের অন্ত অসীম স্থানকেই ছাড়িরা রাখে। ক্ষেত্র যেথানে মুক্ত, বৈচিত্রা সেধানে আপনি অবাধে আপনাকে প্রকাশ করিতে পারে। এই জন্তই বে-সমাজে জাগ্রত ও নিজিতকালের সমস্ত ব্যাপারই একেবারে পাকা করিয়া বাধা সেধানে মান্ধবের চরিত্র আপন স্বাভয়্যে দৃঢ় হইয়া উঠিতে পারে না, সকলেই একটাচে পড়া নির্জীব ভালোমান্থবটি হইয়া বাকে। আধাজ্মিক ক্ষেত্রেও সে কথা খাটে। মান্ধবের সমস্ত চিন্তাকে কল্পনাকে পর্যন্ত বৃদ্ধি অবিচলিত স্থুল আকারে একেবারে বাধিয়া কেলা বাম, বদি ভাহাকে বলা বাম অসীমকে ভূমি কেবল এই একটিমাত্র বা কন্নটিনাত্র বিশেষ ক্ষপেই চিন্তা করিতে থাকো তবে সেই উপারে সভাই কি মান্ধবের স্বাভাবিক বৈচিত্রাকে আত্রয় দেওয়া হয়, ভাহার চিরধাবমান পরিণতিপ্রবাহকে সাহায্য করা হয় ? ইহাতে ভাহার আধ্যাজ্মিক বিকাশকে কি বন্ধ

करोरे एव नो, व्याशाश्चिक्छाव क्ष्या छाष्टाक कृतिय छेशारव पृह ७ शक् कवित्रारे बाषा एव ना ?

धरे य धक श्विमान विषयमात्य नानामाजित नानालाक मिलकान एरेज वार्यका পর্বন্ধ নানা অবস্থার মধ্য দিয়া চিন্তা করিতেছে, কল্পনা করিতেছে, কর্ম করিতেছে ইহারা यि अक्षे खगर्ड मर्पा नकरन हाड़ा ना भारेड, यि अक्षन व्यवनथ्डाभनानी वृद्धिमान ব্যক্তি মন্ত্রণা করিরা বলিত ইহাদের প্রত্যেকের জন্ত এবং প্রত্যেকের প্রত্যেক ভিন্ন ভিন্ন অবস্থার জন্ম স্বস্তম করিয়া ছোটো ছোটো জগৎ একেবারে পাকা করিয়া বাঁধিয়া দেওয়া ষাইবে তবে কি সেই হভভাগ্যদের উপকার করা হইত ? মানবচিত্তের চিরবিচিত্ত অভিব্যক্তিকে কোনো কৃত্রিম স্ষ্টির মধ্যে চিরদিনের মতো আটক করা যাইতে পারে একথা যিনি কল্পনাও করিতে পারেন ভিনি বিশের অমিত্র। ছোটো হইতে বড়ো, व्याप हरेल स्वाप भर्ष मकलारे धरे धकरे वागेम क्रांक वाग कवित्वह विषयारे প্রত্যেকেই আপন বৃদ্ধি ও প্রকৃতি অমুসারে ইহার মধ্য হইতে আপন শক্তির পরিমাণ পুরা প্রাপ্য আদায় করিয়া লইবার চেষ্টা করিতেছে। সেই জন্মই শিশু যখন কিশোর वयरम (भोहिष्डिष्ट ७४न ভाष्टांक ভाष्टांत्र देननवस्त्र १० विमूर्वक खाडिया किनिया এकটा विभव बढ़ोहेट इहेट इहा । जाहात वृद्धि वाफिल, मिक वाफिल, कान बाफिल उन् তাহাকে নৃতন জগতের সদ্ধানে ছুটাছুটি করিয়া মরিতে হইল না। নিতান্ত অর্বাচীন উপস্থিত প্রয়োজন বা মৃঢ়ভাবশতঃ মাছ্য ষেধানেই মাছ্যের বৈচিত্রাকে শ্রেণীবিভক্ত করিয়া প্রভ্যেকের অধিকারকে সনাতন করিয়া তুলিতে চাহিয়াছে সেইধানেই হয় मञ्जादक विनाम कविवाह, मंत्र, अवः कव विद्याह ও विभवक आगत्र कविवा जूनिवाह । कांना मर्ज्य कांना वृद्धिमानरे माष्ट्रस्य প্রকৃতিকে সঞ্জীব রাধিয়া তাহাকে চির্দিনের মভো সনাভন বন্ধনে বাঁধিভে পারেই না। মাহুষকে না মারিয়া ভাছাকে গোর দেওয়া কিছুতেই সম্ভবপর নছে। মাছুষের বৃদ্ধিকে ধদি থামাইয়া রাখিতে চাও ভবে তাছার वृक्षित्क विनष्ठे करवा, ভाष्टात्र कोवत्नत्र ठाक्षणात्क विष कात्ना अकृषा चुमूत कालोरखत्र স্থাভীর কুলের ভলদেশে নিময় করিয়া রাধিতে চাও তবে তাছাকে নিজীব করিয়া क्ला। निष्मत्र উপन्ति अस्त्राच्यन अवित्नको हरेत्रा छिठिल मास्य एका मास्यद्र এरेक्न निर्मम जारव अब् क विराज्ये होत्र ; मिष्ट ब्यु एक माध्य निर्मेष्य जायात्र अभन कथा या त्य, ज्यानामवः जकनत्वरे यपि जिक्ना एए अवा रव जारव जाया जाव ठाकव नाहेव ना ; जीत्नाकरक यनि विशानान कवा यात्र छरव छात्राक निक्षा आव वांचेना वांचारना छनित्व ना ; श्रामिशस्य विष व्यवाद्य केछ विका दिन्द्रा यात्र कर्व ठाहात्रा निस्कत्र मःकीर्व व्यवहात्र

সম্ভৱ থাকিতে পারিবে না। বস্তুত এ কথা নিশ্চিত সত্যা, মাত্রুবকে ক্রমিশাসনে বাঁধিরা ধর্ব করিতে না পারিলে কোনো মতেই তাহাকে একই স্থানে চিরকালের মতো দ্বির রাখিতে পারিবে না। জ্বতএব বদি কেই মনে করেন ধর্মকেও মাত্রুবের অক্যান্ত শত শত নাগপাশবদ্ধনের মতো অক্যতম বদ্ধন করিয়া তাহার ঘারা মাত্রুবের বৃদ্ধিকে, বিশাসকে, আচরণকে চিরদিনের মতো একই জারগায় বাঁধিয়া কেলিয়া সম্পূর্ণরূপে নিশ্চিত্ত হইরা থাকাই শ্রের, তবে তাঁহার কর্তব্য হইবে আহারে বিহারে নিল্রায় জাগরণে শতসভ্জ নিবেধের ঘারা বিভীবিকা ঘারা প্রলোভনের ঘারা এবং অসংযত কাল্পনিকতার ঘারা মাত্রুবকে মোহাচ্ছের করিয়া রাখা। সে মাত্রুবকে জ্ঞানে কর্মে কোথাও যেন মৃক্তির স্থাদ না দেওরা হয়; ক্ষুত্র বিষয়েও তাহার ক্ষুচি যেন বন্দী থাকে সামান্ত ব্যাপারেও তাহার ইচ্ছা যেন ছাড়া না পায়, কোনো মঙ্গলচিন্তায় সে যেন নিজের বৃদ্ধিবিচারকে থাটাইতে না পারে এবং বাহ্যিক মানসিক ও আধ্যান্মিক কোনো দিকেই সে যেন সমৃত্রপার হইবার কোনো স্থোগ না পায়, প্রাচীনতম শাল্রের নোভরে সে যেন কঠিনতম আচারের শৃদ্ধলে অবিচলিত হইয়া একই পাণরে বাঁধানো ঘাটে বাঁধা পড়িয়া থাকে। ১

কিন্ত তার্কিকের সহিত তর্ক করিতে গিয়া আমি হয়তো নিজের দেশের প্রতি অবিচার করিতেছি। এই যে দেখা যাইতেছে আমাদের ধর্মচিন্তার স্থূপতা এবং আমাদের ধর্মকর্মে মৃঢ়তা নানা রূপ ধরিয়া আজ সমন্ত দেশকে পর্ণার উপর পর্দা কেলিয়া বছন্তরের অন্ধতার আছের করিয়াছে ইহা কোনো একদল বিশেষ বৃদ্ধিমানে মিলিয়া পরামর্শ করিয়া ঘটার নাই। যদিও আমরা অহংকার করিয়া বলি ইহা আমাদের বহুদ্রদর্শী পূর্বপূরুষদের জ্ঞানকৃত কিন্তু তাহা সত্য হইতেই পারে না— বস্তুত ইহা আমাদের অজ্ঞানকৃত। আমাদের দেশের ইতিহাসের বিশেষ অবস্থায় বিশেষ কারণে

১. এ কথার উত্তরে কেহ কেহ বলিয়া থাকেন অধিকারভেদ চিরন্তন নহে, তাহা সাধনার অবহাভেদ মাত্র! কিন্ত আমাদের যে সমাজে বর্ণবিশেষের পক্ষে বর্ণের উচ্চত্তম অধিকার মুক্ত ও অন্তান্ত মর্পের পক্ষে তাহা রুদ্ধ সেথানে কি এমন কথা বলা চলে ? একে তো প্রত্যেক মাসুষ্বের অধিকার কোনো বৃত্তির নিয়নে কেইই বির করিরা দিতেই পারে না তৎসত্তে ঘৃথিবা দেখিতাম সমাজে সেই চেটা সন্ধান হইরা আছে, বলি দেখিতাম কথনো বা ত্রান্ধন শুলু হইরা বাইতেছে ও শুলু ত্রান্ধন হইরা উঠিতেছে তাহা হইলেও অন্তত্ত ইহা বৃক্তিত পারিতাম এখানে মাসুষ্বের অধিকারলান্ত ভাহার ব্যক্তিপত কমতার উপরেই নির্ভর করিতেছে। আমাদের বিশে সমাজের এবং ধর্মের অধিকারভেদ হরতো এককালে সচল ও সন্ধানতাতে ছিল—কিন্ত বর্থনই তাহা সচলতা হারাইরাছে তখনই তাহা আমাদের পথের বাধা হইরাছে, যথনই ভাহা আমাদের নীবনের সঙ্গে বাড়িটা উঠিতেছে না তথনই ভাহা আমাদের প্রবিদ্ধর পতিকে অবকৃদ্ধ করিতিছে। এ কথা এখানে স্পষ্ট করিয়া বলা আবভ্যক পুরাকালে আর্থসমান্ধ কী নিয়মে চলিত তাহা এ প্রবন্ধের আলোচা বিশ্বর মহে।

বিপাকে পড়িক্না এইরূপ ঘটিয়া উঠিয়াছে। এ কথা কখনোই সভ্য নছে যে, আমরা অধিকারভেদ চিন্তা করিয়া মান্তবের বৃদ্ধির ওজনমতো ভিন্ন অবস্থার উপযোগী পূজার্চনা ও আচারপদ্ধতি সৃষ্টি করিয়াছি। আমাদের ঘাড়ে আসিয়া যাহা চাপিয়া পড়িয়াছে তাहारे जामता यहन कतिया मरेयाहि। छात्रजयर्त जार्यता मःशाय जन्न हिल्लन। তাঁছারা আপনার ধর্মকে সভাতাকে চিরদিন অবিমিশ্রভাবে নিজেদের প্রকৃতির পথে অভিব্যক্ত করিয়া ভূলিতে পারেন নাই। পদে পদেই নানা অহুন্নত জাতির সহিত তাঁহাদের সংঘাত বাধিমাছিল, তাহাদিগকে প্রতিরোধ করিতেও করিতেও তাহাদের সঙ্গে তাঁহাদের মিশ্রণ ঘটতেছিল, পুরাণে ইতিহাসে তাহার অনেক প্রমাণ পাওয়া যায়। এমনি করিয়া একদিন ভারতবর্ষীয় আর্যজাতির ঐক্যধারা বিভক্ত ও বিমিশ্রিত হুইয়া পড়িয়াছিল। নানা নিষ্কৃষ্ট জ্বাতির নানা পূজাপদ্ধতি আচারসংস্কার কথাকাহিনী তাঁহাদের সমাব্দের ক্ষেত্রে ব্যোর করিয়াই স্থান গ্রহণ করিয়াছিল। অত্যম্ভ বীভৎস নিষ্ঠুর অনার্য ও কুংসিত সামগ্রীকেও ঠেকাইয়া রাখা সম্ভবপর হয় নাই। এই সমস্ভ বছবিচিত্র অসংলগ্ন স্থূপকে লইয়া আর্যনিল্লী কোনো একটা কিছু খাড়া করিয়া তুলিবার জন্ত প্রাণপণে চেষ্টা করিয়া আসিতেছে। কিন্তু তাহা অসাধ্য। যাহাদের মধ্যে সত্যকার यिन नारे, कौनल जाशास्त्र मिन करा यात्र ना। नमात्क्रत मत्या याश किছू त्याजित বেগে আদিয়া পড়িয়াছে সমাজ যদি তাহাকেই সম্মতি দিতে বাধ্য হয় তবে সমাজের যাহা শ্রেষ্ঠ ভাহার আর স্থান থাকে না। কাঁটাগাছকে পালন করিবার ভার যদি কৃষকের উপর চাপাইয়া দেওয়া হয় তবে শক্তকে রক্ষা করা অসাধ্য হয়। কাঁটাগাছের সঙ্গে শক্তের যে স্বাভাবিক বিরোধ আছে তাহার সমন্বয় সাধন করিতে পারে এমন কৃষক কোপায় ! তাই আজু আমরা ধেবানকার যত আগাছাকেই স্বীকার করিয়াছি ; জন্সলে সমস্ত খেত একেবারে নিবিড় হইয়া উঠিয়াছে;—সেই সমস্ত আগাছার मर्या वह मंजाकी धविया र्छमार्छमि हानाहानि हमिर्छह, जाज याहा श्ववन, काम তাহা তুর্বল হইতেছে, আৰু যাহা স্থান পাইতেছে কাল তাহা স্থান পাইতেছে না, আবার এই ভিড়ের মধ্যে কোণা ছইতে বাতাসে বাহিরের বীজ উড়িয়া আসিয়া কেত্রের কোন্ এক কোনে বাভাবাভি আর একটা অন্তত উদ্ভিদ্কে ভূঁই ফুড়িয়া ভূলিতেছে। এখানে আর সমস্ত জ্ঞালই অবাধে প্রবেশ করিতে পারে, একমাত্র নিষেধ কেবল कृष्टक विज्ञानित रक्तार्ल ; याष्ट्रा किছू इट्रेस्ट्र ममख्टे श्रीकृष्टिक निर्वाहरनत नित्रम হইতেছে;--পিতামছেরা এককালে সত্যের যে বীক্ষ ছড়াইয়াছিলেন তাহার শশু কোণার চাপা পড়িরাছে সে আর দেখা যার না ৭—কেহ যদি সেই শক্তের দিকে তাকাইয়া জন্মলে ছাত্ত-দিতে যায় ভবে ক্ষেত্ৰপাল একেবারে লাঠি ছাতে হাঁ হাঁ করিয়া

চুটিয়া আসে, বলে, এই অর্বাচীনটা আমার সনাতন খেত নষ্ট করিতে আসিয়াছে। এই সমন্ত নানা জাতির বোঝা ও নানা কালের আবর্জনাকে লইয়া নির্বিচারে আমরা কেবলই একটা প্রকাণ্ড মোট বাঁধিভে বাঁধিভেই চলিয়াছি এবং সেই উদ্ভয়োন্তর সঞ্চীয়মান উৎকৃষ্ট নিকৃষ্ট নৃতন পুরাতন আর্ব ও অনার্য অসম্ভতাকে হিন্দৃধর্ম নামক এক নামে অভিহিত করিয়া এই সমস্ভটাকেই আমাদের চিরকালীন জিনিস বলিয়া গৌরব করিতেছি;—ইহার ভয়ংকর ভারে আমাদের জাতি কত যুগযুগান্তর ধরিয়া ধূলি-পুষ্ঠিত, কোনোমতেই সে অগ্রসর হইতে পারিতেছে না; এই বিমিশ্রিত বিপুল বোঝাটাই তাহার জীবনের সর্বোচ্চ সম্পদ বলিয়া ভাহাকে গ্রহণ করিতে হইয়াছে; এই বোঝাকে কোনো দিকে কিছুমাত্র হ্রাস করিতে গেলেই সেটাকে সে অধর্ম বলিয়া প্রাণপণে বাধা দিতে পাকে; এবং চুর্গতির মধ্যে ডুবিতে ডুবিতেও আৰু সেই জাতির শিক্ষাভিমানী ব্যক্তিরা গর্ব করিতে থাকেন যে, ধর্মের এমন অত্তত বৈচিত্র্য জগতের আর কোথাও নাই, অন্ধ্যারের এরপ বাধাহীন একাধিপত্য আর কোনো সমাজে দেখা যায় না, সকল প্রকার মুগ্ধ বিশ্বাসের এরূপ প্রশস্ত ক্ষেত্র মানবের ইতিহাসে আর কোপাও প্রস্তুত হয় নাই, এবং পরম্পারের মুধ্যে এত ভেদ এত পার্থক্যকে আর কোপাও এমন করিয়া চিরদিন বিভক্ত করিয়া রাখা সম্ভবপর নহে—অতএব বিশ্ব-সংসারে একমাত্র হিন্দুসমান্তেই উচ্চ নীচ সমান নির্বিচারে স্থান পাইয়াছে।

কিন্তু বিচারই মান্নবের ধর্ম। উচ্চ ও নীচ, শ্রেম ও প্রেম, ধর্ম ও স্বভাবের মধ্যে তাহাকে বাছাই করিয়া লইতেই হইবে। সবই সে রাখিতে পারিবে না—সেরপ চেষ্টা করিতে গেলে তাহার আত্মরক্ষাই হইবে না। স্থুলতম তামসিকতাই বলে ধাহা ধেমন আছে তাহা তেমনিই থাক, যাহা বিনাশের যোগ্য তাহাকেও এই তামসিকতাই সনাতন 'লিয়া আঁকড়িয়া থাকিতে চায় এবং যাহা তাহাকে একই স্থানে পড়িয়া থাকিতে বলে তাহাকেই সে আপনার ধর্ম বলিয়া সন্মান করে।

মানুষ নিয়ত আপনার সর্বলেষ্ঠকেই প্রকাশ করিবে ইছাই তাহার সাধনার লক্ষ্য।
যাহা আপনি আসিয়া জমিয়াছে তাহাকে নছে, যাহা ছাজার বংসর পূর্বে ঘটয়াছে
তাহাকেও নছে। নিজের এই সর্বলেষ্ঠকেই নিয়ত প্রকাশ করিবার যে শক্তি, সেই
শক্তি তাহার ধর্মই তাহাকে দান করে। এই কারণে মানুষ আপন ধর্মের আদর্শকে
আপন তপস্থার সর্বশেষে, আপন শ্রেষ্ঠতার চরমেই স্থাপন করিয়া থাকে। কিন্তু মানুষ
যদি বিপদে পড়িয়া বা মোহে ভূবিয়া ধর্মকেই নামাইয়া বসে তবে নিজের স্বচেয়ে
সাংঘাতিক বিপদ ঘটায়, তবে ধর্মের মতো সর্বনেশে ভার ভাহার পক্ষে আর কিছুই
ছইতে পারে না। যাহাকে উপরে রাখিলে উপরে টানে, ভাহাকে নিচে রাখিলে সে

নিচেই টানিয়া লয়। অভএব ধর্মকে কোনো জ্বাভি ষদি নীভির দিকে না বসাইয়া वीजिव मिरक यमात्र, वृष्टिव मिरक ना यमारेश मःश्वारवव मिरकरे यमात्र, व्यष्टरवव मिरक व्यान्न ना निशा यनि वाक् व्यक्ष्ष्रीत जाशास्त्र वक करत अवः धर्यत छेनरत्र रामकान-পাত্রের ভার না দিয়া দেশকালপাত্রের হাতেই ধর্মকে হাত পা বাঁধিয়া নির্মমভাবে সমর্পণ করিয়া বলে; ধর্মেরই দোহাই দিয়া কোনো জাতি যদি মান্ত্রকে পূথক করিতে থাকে, এক শ্রেণীর অভিমানকে আর এক শ্রেণীর মাধার উপরে চাপাইয়া দেয় এবং মাহুষের চরমতম আশা ও পরমতম অধিকারকে সংকুচিত ও শতখণ্ড করিরা ফেলে; তবে সে-জাতিকে হীনভার অপমান হইতে রক্ষা করিতে পারে এমন কোনো সভা-সমিতি কন্গ্রেস কন্ফারেস, এমন কোনো বাণিজ্ঞা-বাবসায়ের উন্নতি, এমন কোনো রাষ্ট্রনৈতিক ইন্দ্রজাল বিশ্বজগতে নাই। সে জাতি এক সংকট হইতে উদ্ধার পাইলে আর এক সংকটে আসিয়া পড়িবে এবং এক প্রবলপক্ষ ভাহাকে অমুগ্রহপূর্বক সম্মান-দান করিলে আর এক প্রবলপক্ষ অগ্রসর হইয়া ভাছাকে লাম্থনা করিতে কৃষ্টিত হইবে ना ; य व्याननात्र मर्त्वाफ्रक्ष्ट्रे मर्त्वाफ मचान ना एत्र म कथतारे छेक्रामन नाहरव ना। रेशां काता मत्मरमाज नारे य, धर्मत विकादारे जीम मतिवाह, धर्मत विकादारे রোম বিলুপ্ত হুইয়াছে এবং আমাদের তুর্গতির কারণ আমাদের ধর্মের মধ্যে ছাড়া আর কোপাও নাই। এবং ইহাতেও কোনো সন্দেহমাত্র নাই যে, যদি উদ্ধার ইচ্ছা করি তবে কোনো বাহিরের দিকে তাকাইয়া কোনো ফল নাই, কোনো উপস্থিত বাহ্ স্থবিধার সুযোগ করিয়া কোনো লাভ নাই;—রক্ষার উপায়কে কেবলই বাহিরে খুঁ জিতে যাওয়া তুর্বল আত্মার মৃঢ়ভা ;—ইছাই ধ্রুব সভ্য যে, ধর্মো রক্ষতি রক্ষিত:।

7074

আয়ার জগৎ

পৃথিবীর রাজিটি যেন তার এলোচ্ল, পিঠ-ছাপিরে পারের গোড়ালি পর্যন্ত নেমে পড়েছে। কিছু সৌরজগৎলজীর শুল্রলাটে একটি কৃষ্ণতিলও সে নয়। এই তারাগুলির মধ্যে যে-খুলি সেই আপন লাড়ির একটি খুঁট দিয়ে এই কালিমার কণাটুকু মুছে নিলেও তার আঁচলে যেটুকু দাগ লাগবে তা অভি বড়ো নিলুকের চোবেও পড়বে না।

এ যেন আলোক মান্বের কোলের কালো শিশু, সবে জন্ম নিরেছে। লক্ষ লক্ষ তারা অনিমেবে তার এই ধরণী-লোলার শিশ্বরের কাছে দাড়িয়ে। তারা একটু নড়ে না পাছে এর মুম ভেঙে স্বায়।

আমার বৈজ্ঞানিক বন্ধর আর সইল না। তিনি বললেন, তুমি কোন্ সাবেককালের ওয়েটিং ক্রমের আরাম-কেদারায় পড়ে নিজ্রা দিছে ওদিকে বিংশ শতাব্দীর বিজ্ঞানের রেলগাড়িটা যে বাঁশি বাজিয়ে ছুট দিয়েছে। তারাগুলো নড়ে না এটা তোমার কেমন কথা ? একেবারে নিছক কবিছ!

আমার বলবার ইচ্ছা ছিল, ভারাগুলো যে নড়ে এটা ভোমার নিছক বৈজ্ঞানিকত্ব। কিন্তু সময় এমনি খারাপ ওটা জয়ধ্বনির মভোই শোনাবে।

আমার কবিত্বকলস্কটুকু স্বীকার করেই নেওয়া গেল। এই কবিত্বের কালিমা পৃথিবীর রাত্রিটুকুরই মতো। এর শিয়রের কাছে বিজ্ঞানের জগজ্জন্মী আলো দাড়িয়ে আছে কিন্তু দে এর গায়ে হাত ভোলে না। স্নেহ ক'রে বলে, আহা স্বপ্ন দেপুক।

আমার কথাটা হচ্ছে এই যে, স্পষ্টই দেখতে পাচ্ছি তারাগুলো চুপচাপ দাড়িয়ে আছে। এর উপরে তো তর্ক চলে না।

বিজ্ঞান বলে, তুমি অত্যস্ত বেশি দূরে আছ বলেই দেখছ তারাগুলো স্থির। কিন্তু সেটা সত্য নয়।

আমি বলি, তুমি অত্যস্ত বেশি কাছে উকি মারছ বলেই বলছ ওরা চলছে। কিন্তু সেটা সত্য নয়।

বিজ্ঞান চোধ পাকিয়ে বলে, সে কেমন কথা ?

আমিও চোধ পাকিয়ে জবাব দিই, কাছের পক্ষ নিয়ে তুমি যদি দ্রকে গাল দিতে পার তবে দ্রের পক্ষ নিয়ে আমিই বা কাছকে গাল দেব না কেন ?

বিজ্ঞান বলে, যখন দুই পক্ষ একেবারে উলটো কথা বলে তখন ওলের মধ্যে এক পক্ষকেই মানতে হয়।

আমি বলি, তুমি তা তো মান না। পৃথিবীকে গোলাকার বলবার বেলায় তুমি অনায়াসে দ্রের দোহাই পাড়। তখন বল, কাছে আছি বলেই পৃথিবীটাকে সমতল বলে ভ্রম হয়। তখন তোমার তর্ক এই যে কাছে থেকে কেবল অংশকে দেখা যায়, দূরে না দাঁড়ালে সমগ্রকে দেখা যায় না। তোমার এ কথাটায় সাম্ব দিতে রাজি আছি। এই জন্তই তো আপনার সম্বন্ধে মাছ্মের মিথা। অহংকার। কেননা আপনি অভান্ত কাছে। শান্তে তাই বলে, আপনাকে যে লোক অক্তের মধ্যে দেখে সেই সভা দেখে— অর্থাৎ আপনার থেকে দ্রে না গেলে আপনার গোলাকার বিশক্ষপ দেখা যায় না।

দ্রকে যদি এতটা খাতিরই কর তবে কোন্ মৃখে বলবে, তারাগুলো ছুটোছুটি ক'রে মরছে ? মধ্যাহ্নসূর্যকে চোখে ধেখতে গেলে কালো কাচের মধ্য দিয়ে দেখতে হয়। বিশ্বলোকের জ্যোতির্ময় তুর্দর্শব্ধপকে আমরা সমগ্রভাবে দেখব বলেই পৃথিবী এই কালো রাত্রিটাকে আমাদের চোথের উপর ধরেছেন। তার মধ্যে দিয়ে কী দেখি ? সমস্ত শাস্ত, নীরব। এত শাস্ত, এত নীরব যে আমাদের ছাউই, ত্বড়ি, তারাবাঞ্জিলো তাদের মুখের সামনে উপহাস করে আসতে ভর করে না।

আমরা যখন সমস্ত ভারাকে পরস্পরের সঙ্গে সম্বন্ধযোগে মিলিরে দেখছি তথন দেখছি ভারা অবিচলিত স্থির। তথন ভারা যেন গজমুক্তার সাতনগী হার। জ্যোতির্বিছা যথন এই সম্বন্ধস্ত্রকে বিচ্ছিন্ন ক'রে কোনো ভারাকে দেখে তথন দেখতে পায় সেচলছে—তথন হার-ছেঁড়া মুক্তা টলটল করে গড়িয়ে বেড়ার।

এখন মৃশকিল এই, বিশাস করি কাকে? বিশ্বতারা অন্ধকার সাক্ষ্যমঞ্চের উপর দাঁড়িয়ে যে সাক্ষ্য দিচ্ছে তার ভাষা নিজান্ত সরল—একবার কেবল চোখ মেলে তার দিকে তাকালেই হয়, আর কিছুই করতে হয় না। আবার যখন ছ্-একটা তারা তাদের বিশাসন থেকে নিচে নেমে এসে গণিতশাল্লের গুহার মধ্যে চুকে কানে কানে কী সব বলে যায় তখন দেখি সে আবার আর এক কথা। যারা স্বদলের সম্বন্ধ ছেড়ে এসে পুলিস ম্যাজিস্টোটের প্রাইভেট কামরায় চুকে সমস্ত দলের একজ্ঞোট সাক্ষ্যের বিরুদ্দে গোপন সংবাদ ফাঁস করে দেবার ভান করে সেই সমস্ত আপ্রভারদেরই যে পরম সভাবাদী বলে গণ্য করতেই হবে এমন কথা নেই।

কিন্তু এই সমন্ত আ্যাপ্রভাররা বিস্তারিত ধবর দিয়ে থাকে। বিস্তারিত ধবরের জ্যোর বড়ো বেশি। সমস্ত পৃথিবী বলছে আমি গোলাকার, কিন্তু আমার পায়ের তলার মাটি বলছে আমি সমতল। পায়ের তলার মাটির জ্যোর বেশি, কেননা সে ষেটুক্ বলে সে একেবারে তম্ন তম্ন করে বলে। পায়ের তলার মাটির কাছ থেকে পাই তথা, অর্থাৎ কেবল তথাকার ধবর, বিশ্বপৃথিবীর কাছ থেকে পাই সত্যা, অর্থাৎ সমস্তটার ধবর। ব

আমার ক্থাটা এই যে কোনোটাকে উড়িয়ে দেওয়া চলে না। আমাদের যে তুইই চাই। তথ্য না হলেও আমাদের কাজকর্ম বন্ধ, সভ্য না হলেও আমাদের পরিত্রাণ নেই। নিকট এবং দ্ব, এই ছুই নিয়েই আমাদের যত কিছু কারবার। এমন অবস্থায় এদের কারও প্রতি যদি মিধ্যার কলম্ আয়োপ করি তবে সেটা আমাদের নিজের গায়েই লাগে।

অন্তএব বদি বলা বাহ, আমার দ্রের ক্ষেত্রে তারা স্থির আছে, আর আমার নিকটের ক্ষেত্রে তারা দৌড়োছে তাতে দোব কী ? নিকটকে বাদ দিরে দূর, এবং দূরকে বাদ দিরে নিকট বে একটা ভয়ংকর কবছ। দূর এবং নিকট এরা ছইজনে ছই বিভিন্ন তথ্যের মালিক কিছ এরা ছজনেই কি এক সভাের অধীন নম্ন ?

সেই জ্বােই উপনিষৎ বলেছেন-

, ज्याबिक उरेन्न कि जम्दा क्ये जिएक।

তিনি চলেন এবং তিনি চলেন না, তিনি দ্বে এবং তিনি নিকটে এ চুইই এক সঙ্গে সতা। অংশকেও মানি, সমস্তকেও মানি; কিছ সমগ্রবিহীন অংশ ঘোর অছকার এবং অংশবিহীন সমগ্র আরও ঘোর অছকার।

এখনকার কালের পণ্ডিতেরা বলভে চান, চলা ছাড়া আর কিছুই নেই, গ্রুবন্ধটা আমাদের বিভার সৃষ্টি মায়া। অর্থাৎ জ্বগংটা চলছে কিছু আমাদের জ্ঞানেতে আময়া তাকে একটা স্থিরত্বের কাঠামোর মধ্যে দাড় করিয়ে দেখছি নইলে দেখা ব'লে জানা ব'লে পদার্থ টা থাকতই না—অতএব চলাটাই সত্য এবং স্থিরত্বটা বিভার মায়া। আবার আর-এককালের পণ্ডিত বলেছিলেন, প্রুব ছাড়া আর কিছুই নেই, চঞ্চলতাটা অবিভার সৃষ্টি। পণ্ডিতেরা যতক্ষণ এক পক্ষের ওকালতি করবেন ততক্ষণ তাঁদের মধ্যে লড়াইয়ের অন্ত থাকবে না। কিছু সরলবৃদ্ধি জ্ঞানে, চলাও সত্য, থামাও সত্য। অংশ, ষেটা নিকটবর্তী, সেটা চলছে; সমগ্র, ষেটা দূরবর্তী, সেটা স্থির রয়েছে।

এ সম্বন্ধে একটা উপমা আমি পূর্বেই ব্যবহার করেছি, এখনও ব্যবহার করব। গাইয়ে যখন গান করে তখন তার গাওয়াটা প্রতি মৃহূর্তে চলতে থাকে। কিন্ধু সমগ্র গানটা সক্ল মৃহূর্তকে ছাড়িয়ে স্থির হয়ে আছে। যেটা কোনো গাওয়ার মধ্যেই চলে না সেটা গানই নয়, যেটা কোনো গানের মধ্যে স্থিরপ্রতিষ্ঠ হতে না পারে তাকে গাওয়াই বলা যেতে পারে না। গানে ও গাওয়ায় মিলে যে সভ্য সেই তো—

जरमबाठि जरेबबाठि जम् स्य छपविरक।

त्म हात्म वाढे हात्म नां वाढे, तम वृत्त्र वाढे विकार वाढे।

যদি এই পাতাটিকে অণুবীক্ষণ দিয়ে দেখি তবে একে ব্যাপ্ত আকালে দেখা হয়।
সেই আকালকে যতই ব্যাপ্ত করতে থাকব ততই ওই পাতার আকার আয়তন বাড়তে
বাড়তে ক্রমেই সে স্থন্ন হয়ে ঝাপসা হয়ে মিলিয়ে যাবে। ঘন আকালে যা আমার কাছে
পাতা, ব্যাপ্ত আকালে তা আমার কাছে নেই বললেই হয়।

এই তো গেল দেশ। তার পরে কাল। যুদি এমন হতে পারত যে আমি যে কালটাতে আছি সেটা বেমন আছে তেমনিই থাকত অথচ গাছের ওই পাতাটার সম্বন্ধে এক মাসকে এক মিনিটে ঠেনে দিতে পারত্ম তবে পাতা হওয়ার পূর্ববর্তী অবস্থা থেকে পাতা হওয়ার পরবর্তী অবস্থা পর্যন্ত এমনি হস করে দৌড় দিত যে আমি ওকে প্রায় দেখতে পেতৃম না। অগতের যে সব পদার্থ আমাদের কাল থেকে অতান্ধ ভিন্ন কাল চলছে তারা আমাদের চারদিকে থাকলেও তাদের দেখতেই পাচ্ছিনে এমন হওয়া অসম্বন্ধ নয়।

একটা দৃষ্টান্ত দিলে কথাটা আর একটু স্পষ্ট হবে। গণিত সম্বন্ধে এমন অসামান্ত শক্তিশালী লোকের কথা শোনা গেছে যাঁরা বহুসময়সাথা ছব্বহ অহ এক মুহূর্তে গণনা করে দিতে পারেন। গণনা সম্বন্ধে তাঁদের চিন্তু যে কালকে আশ্রন্থ ক'রে আছে আমাদের চেয়ে সেটা বহু ফ্রন্ত কাল—সেই জন্তে যে পদ্ধতির ভিততর দিয়ে তাঁরা অহকলের মধ্যে গিয়ে উত্তীর্ণ হন সেটা আমরা দেখতেই পাইনে এমন কি তাঁরা নিজেরাই দেখতে পান না।

আমার মনে আছে, একদিন দিনের বেলা আমি অল্পকণের জন্ত ঘূমিরে পড়েছিলেম।
আমি সেই সমরের মধ্যে একটা দীর্ঘকালের স্বপ্ন দেখেছিলেম। আমার শ্রম হল আমি
অনেকক্ষণ ঘূমিয়েছি। আমার পালের লোককে জিজ্ঞাসা ক'রে জানা গেল আমি পাঁচ
মিনিটের বেলি ঘূমোইনি। আমার স্বপ্নের ভিতরকার সমরের সঙ্গে আমার স্বপ্নের
বাহিরের সময়ের পার্থক্য ছিল। আমি বিদ একই সময়ে এই ঘূই কাল সম্বন্ধে সচতন
থাকত্ম তাহলে হর স্বপ্ন এত ক্রতবেগে মনের মধ্যে চলে যেত যে, তাকে চেনা শক্ত
হত, নয় তো দেই স্বপ্নবর্তীকালের রেলগাড়িতে ক'রে চলে যাওয়ার দক্ষন স্বপ্নের
বাইরের জগংটা রেলগাড়ির বাইরের দুজের মতো বেগে পিছিয়ে যেতে থাকত; তার
কোনো একটা জিনিসের উপর চোথ রাখা যেত না। অর্থাৎ স্বভাবত যার গতি নেই
সেও গতি প্রাপ্ত হত।

যে ঘোড়া দৌড়োচ্ছে তার সম্বন্ধে এক মিনিটকে যদি দশদণী করতে, পারি তাহলে দেখব তার পা উঠছেই না। ঘাস প্রতিমূহুর্তে বাড়ছে অথচ আমরা তা দেখতেই পাছিনে। ব্যাপক কালের মধ্যে ঘাসের হিসাব নিয়ে তবে আমরা জানতে পারি ঘাস বাড়ছে। সেই ব্যাপক কাল যদি আমাদের আর্থন্তের চেয়ে বেশি হত তাহলে ঘাস আমাদের পক্ষে পাহাড় পর্বতের মতোই অচল হত।

অতএব আমাদের মন যে কালের তালে চলছে তারই বেগ অস্থসারে আমরা দেখছি বটগাছটা দাড়িয়ে আছে এবং নদীটা চলছে। কালের পরিবর্তন হলে হয়তো দেখতুম বটগাছটা চলছে কিংবা নদীটা নিস্তব।

তাহলেই দেখা বাচ্ছে, আমর। বাকে জগৎ বলছি সেটা আমাদের জ্ঞানের বোগে ছাড়া হতেই পারে না। বখন আমরা পাছাড় পর্বত স্থ চন্দ্র দেখি তখন আমাদের সহজেই মনে হর বাইরে বা আছে আমরা ডাই দেখছি। খেন আমার মন আর্নামাত্র। কিছু আমার মন আর্না নর, তা স্প্রীর প্রধান উপক্ষরণ। আমি যে মুহুর্তে দেখছি সেই মুহুর্তে সেই দেখার বোগে স্প্রী হচ্ছে। যতগুলি মন ততগুলি স্প্রী। অন্ত কোনো অবস্থায় মনের প্রকৃতি বলি অন্ত রক্ষম হয় তবে স্প্রীও আন্ত রক্ষম হবে।

আমার মন ইন্মির্বোগে ঘন দেশের জিনিসকে একরকম দেখে, ব্যাপক দেশের জিনিসকে অন্ন রকম দেখে, ক্রডকালের গতিতে এক রকম দেখে, মন্দকালের গতিতে অন্ন রকম দেখে এই প্রভেদ অন্নসারে স্পষ্টর বিচিত্রতা। আকাশে লক্ষকোটি ক্রোন্দ পরিমাণ দেশকে যথন সে এক হাত আধ হাতের মধ্যে দেখে তথন দেখে তারাগুলি কাছাকাছি এবং হির। আমার মন কেবল যে আকাশের তারাগুলিকে দেখছে তা নয়, লোহার পরমাণ্কেও নিবিড় এবং হির দেখছে—যদি লোহাকে সে ব্যাপ্ত আকাশে দেখত তাহলে দেখত তার পরমাণ্ গুলি স্বতম্ব হয়ে দৌড়াদৌড়ি করছে। এই বিচিত্র দেশকালের ভিতর দিয়ে দেখাই হচ্ছে স্পষ্টর লীলা দেখা। সেই জ্বন্থেই লোহা হচ্ছে লোহা, জল হচ্ছে জল, মেদ হচ্ছে মেদ।

কিন্তু বিজ্ঞান ঘড়ির কাঁটার কাল এবং গঞ্জকাঠির মাপ দিয়ে সমস্তকে দেখতে চায়।
দেশকালের এক আদর্শ দিয়ে সমস্ত স্বষ্টকে সে বিচার করে। কিন্তু এই এক আদর্শ
স্বাহীর আদর্শই নয়। স্কুরাং বিজ্ঞান স্বাইকে বিশ্লিষ্ট ক'রে কেলে। অবশেষে অণু
পরমাণুর ভিতর দিয়ে এমন একটা জায়গায় গিয়ে পৌছোয় ষেখানে স্বাইই নেই।
কারণ স্বাষ্ট তো অণু পরমাণু নয়—দেশকালের বৈচিত্র্যের মধ্য দিয়ে আমাদের
মন যা দেখছে তাই স্বাহী। ঈথর পদার্থের কম্পন্নাত্র স্বাহী নয় আলোকের অমুভূতিই
স্বাহী। আমার বোধকে বাদ দিয়ে যুক্তি ছারা যা দেখছি তাই প্রলম্ব, আর বোধের ছারা
যা দেখছি তাই স্বাহী।

বৈজ্ঞানিক বন্ধু তাড়া করে এলেন ব'লে। তিনি বলবেন, বিজ্ঞান থেকে আমরা বছকটে বোধকে ধেদিয়ে রাখি—কারণ আমার বোধ এক কথা বলে, ভোমার বোধ আর-এক কথা বলে। আমার বোধ এখন এক কথা বলে, ভখন আর এক কথা বলে।

আমি বলি ওই তো হল স্পষ্টিতত্ত। স্পষ্টি তো কলের স্পৃষ্টি নয় দে যে মনের স্পৃষ্টি। মনকে বাদ দিয়ে স্পৃষ্টিতত্ত আলোচনা, আর রামকে বাদ দিয়ে রামায়ণ গান একই কথা।

বৈজ্ঞানিক বলবেন—এক এক মন এক এক রকমের সৃষ্টি ধদি ক'রে বসে ভাছলে সেটা যে অনাস্টি হয়ে দাঁড়ায়।*

আমি বলি,—তা তো হয়নি। হাজার লক্ষ মনের যোগে হাজার লক্ষ সৃষ্টি কিন্তু তব্ও তো দেখি সেই বৈচিত্রাসত্ত্বেও তাদের পরস্পরের যোগ বিচ্ছিন্ন হয়নি। তাই তো তোমার কথা আমি বৃঝি, আমান্ন কথা তুমি বোঝ।

তার কারণ হচ্ছে, আমার এক-টুকরো মন যদি বস্তুত কেবল আমারই হত ভাহলে

মনের সম্বে মনের কোনো বোগই থাকত না। মন পদার্থটা জগবাাপী। আমার মধ্যে সেটা বন্ধ হরেছে বলেই যে সেটা থগুত তা নর। সেই জন্তেই সকল মনের ভিতর দিয়েই একটা ঐক্যতন্ত্ব আছে। তা না হলে মান্ত্রের সমাজ গড়ত না মান্ত্রের ইতি-হাসের কোনো অর্থ থাকত না।

रिकानिक किकामा कराइन, अहे यन शर्मार्थ है। की छनि।

ज्यामि উखन्न कित त्व, त्ञामान केवन-अमार्त्वन हित्त कम ज्यान्ध अवः ज्यानिकिनीम नम। ज्योम त्यथात्न मोमारक श्रष्ट्व करन्नाह्म त्मष्टि एक मत्नन किन। त्मरे किक्से त्यक्षकान; त्मरे कित्करे क्रथनमान्य; त्मरे कित्करे यह। त्मरे कित्करे जांन श्रकान।

বৈজ্ঞানিক বলেন, অসীমের সীমা এসব কথা কবি যখন আলোচনা করেন তথন কি কবিরাজ ভাকা আবক্তক হয় না?

আমার উত্তর এই ষে, এ আলোচনা নতুন নয়। পুরাতন নঞ্জির আছে। খ্যাপার বংশ সনাতনকাল থেকে চলে আসছে। তাই পুরাতন ঝবি বলছেন—

> জ্জং তম: প্রবিপজ্জি বেংবিজামুপাসতে। ভতো ভূম ইব ভে ভমো ব উ বিজারাং রভা:।

বে লোক অনম্ভকে বাদ দিয়ে অস্তের উপাসনা করে সে অন্ধকারে ভোবে। আর যে অস্তকে বাদ দিয়ে অনস্তের উপাসনা করে সে আরও বেশি অন্ধকারে ভোবে।

> বিভাগবিভাগ বস্তবেগোভয়ং সহ। অবিভয়া মৃত্যুং ভীম্ব বিভয়ামৃত্যমূতে।

অন্তক্তে অৰম্ভকে যে একত্ৰ ক'ৰে জানে দেই অন্তের মধ্য দিয়ে মৃত্যুকে উন্তার্গ আর অনন্তের মধ্যে অমৃতকে পার।

তাই বলে সীমা ও অসীমের ডেদ একেবারেই ঘৃচিরে দেখাই যে দেখা তাও নয় সে কথাও আছে। তাঁরা বলছেন অন্ত এবং অনস্তের পার্থক্যও আছে। পার্থক্য বিদ না থাকে তবে স্পষ্ট ছয় কী করে? আবার যদি বিরোধ থাকে তাহলেই বা স্পষ্ট হয় কী করে? কোনার আপনাকে সংকৃচিত করেছেন সেই-খানেই তাঁর স্পষ্ট সেইখানেই তাঁর বহুত্ব—কিন্তু তাতে তাঁর অসীমতাকে তিনি ত্যাগ করেননি।

নিজের অন্তিম্বটার কথা চিন্তা করলে একথা বোঝা সহজ হবে। আমি আমার চলাকেরা কথাবার্তার প্রতি মৃহুর্তে নিজেকে প্রকাশ করছি সেই প্রকাশ আমার আপনাকে আপনার সৃষ্টে। কিন্তু সেই প্রকাশের ধর্মো আমি বেমন আছি তেমনি সেই প্রকাশকে বহুত্বে আমি অভিক্রম ক'রে আছি। আমার এক কোটিতে অন্ত

আর এক কোটিতে অনম্ভ। আমার অব্যক্ত-আমি আমার ব্যক্ত-আমির বোগে সভা। আমার ব্যক্ত-আমি আমার অব্যক্ত-আমির যোগে সভা।

তার পরে কথা এই যে, তবে এই আমিটা কোথা থেকে আসে। সেটাও আমার সম্পূর্ণ নিজস্ব নয়। অসীম যেখানে আপনাকে সীমায় সংহত করেছেন সেখানেই অহংকার। সোহহমিদা। সেখানেই তিনি হচ্ছেন আমি আছি। অসীমের বাণী, অর্থাৎ সীমার মধ্যে অসীমের প্রকাশই হচ্ছে, অহমিদা। আমি আছি। যেখানেই হওয়ার পালা আরম্ভ হল সেখানেই আমির পালা। সমস্ত সীমার মধ্যেই অসীম বগছেন, অহমিদা। আমি আছি, এইটেই হচ্ছে সৃষ্টির ভাষা।

এই এক আমি-আছিই লক্ষ্ণ লক্ষ্ণ আমি-আছিতে ছড়িয়ে পড়েছেন—তব্ তার সীমা নেই। যদিচ আমার আমি-আছি সেই মহা আমি-আছির প্রকাশ কিস্কু তাই বলে একথা বলাও চলে না যে এই প্রকাশেই তাঁর প্রকাশ সমাপ্ত। তিনি আমার আমি আছির মধ্যেও যেমন আছেন তেমনি আমার আমি-আছিকে অতিক্রম করেও আছেন। সেই জ্বন্থেই অগণ্য আমি-আছির মধ্যে যোগের পথ রয়েছে। সেই জ্বন্থেই উপনিবৎ বলেছেন,—সর্বভৃতের মধ্যে যে লোক আত্মাকে এবং আত্মার মধ্যে যে লোক সর্বভৃতকে জানে সে আর গোপন থাকতে পারে না। আপনাকে সেই জ্বানে না যে লোক আপনাকে কেবল আপনি বলেই জ্বানে, অক্সকেও যে আপন বলে জ্বানে না।

অন্তর্জানে আমার কোনো অধিকার নেই—আমি সেদিক থেকে কিছু, বলছিও নে।
আমি সেই মৃঢ় যে মাহ্মর বিচিত্রকে বিশ্বাস করে, বিশ্বকে সন্দেহ করে না। আমি
নিজের প্রকৃতির ভিতর থেকেই জানি দূরও সত্য নিকটও সত্য, হিতিও সত্য গতিও
সত্য। অণু পরমাণু বৃক্তির ঘারা বিশ্লিষ্ট এবং ইন্দ্রির মনের আশ্রয় থেকে একেবারে
লপ্ত হতে হতে ক্রমে আকার আয়তনের অতীত হরে প্রালয় শাগরের তীরে এসে দাঁড়ার
সেটা আমার কাছে বিশ্বরকর বা মনোহর বোধ হয় না। রূপই আমার কাছে আহ্রর,
রসই আমার কাছে মনোহর। সকলের চেরে আশ্রুর্ব এই যে আকারের স্পোর্মারা
নিরাকারের হাদর থেকে নিত্যকাল উৎসারিত হয়ে কিছুতেই ফুরোতে চাচ্ছে না। আমি
এই দেখেছি বেদিন আমার হাদর প্রেমে পূর্ব হয়ে ওঠে সেদিন স্বর্বালোকের উজ্জ্বলতা
বেড়ে ওঠে, সেদিন চক্রালোকের মাধূর্ব দ্রীভূত হয় সেদিন সমন্ত জগতের স্বর এবং
তাল নতুন তানে নতুন লরে বাজতে থাকে—তার থেকেই বুঝতে পারি, জগৎ আমার
মন দিরে আমার হাদর মন। আমি শ্রমন বর্ণার গান গেয়েছি তথন সেই মেন্মন্ধারে
জগতের সমন্ত বর্ণার অঞ্চপাতধননি নবতর ভাষা এবং অপূর্ব বেদনার পূর্ব হয়ে উঠেছে,

विज्ञकरत्रत्र विज्ञ, এवः कवित्र कार्या विश्वत्रष्ट्य नृजन क्रां अवः नृजन त्या धरत राष् দিয়েছে—ভার থেকেই জেনেছি এই জগভের জল স্থল আকাল আমার হৃদরের তন্ধ দিয়ে বোনা, নইলে আমার ভাষার সঙ্গে এর ভাষার কোনো যোগই থাকত না; গান মিখ্যা হড, কবিছ মিখ্যা হড, বিশ্বও ষেমন বোবা হয়ে থাকত আমার হারমকেও তেমনি বোবা করে রাখত। কবি এবং গুণীদের কাজই এই ষে, যারা ভূলে আছে जामित्र मत्न कतिरंग्र मिश्रमा रम, ब्लगरहा व्यामि, ब्लगरहा व्यामात्र, श्रहा द्विष्टिया-हाक्षणा-भाव नग्र। उच्छान या रलह्ह म এक कथा, विकान या रलह्ह म এक कथा, किन्ह কবি বলছে আমার হাদয়মনের ভারে ওন্তাদ বীণা বাঞ্চাচ্ছেন সেই ভো এই বিশ্বসংগীত नरेल किहूरे वाक्छ ना। वौगात जात এकि नय-नक जात नक भूत कि भूत ञ्दा विद्योध मिहै। এই श्रमप्रमानित वीवायबाँ अप्रयु नम्, এ य প्राववान-এই अस এ যে কেবল বাঁধা সুর বাজিয়ে যাচ্ছে তা নয়; এর সুর এগিয়ে চলছে, এর সপ্তক यमन इटम्ह, এর তার বেড়ে যাচ্ছে, একে নিয়ে যে জগৎ সৃষ্টি ছচ্ছে সে কোথাও স্থির হয়ে तिहै; काथा । शिरत म थामर्य ना ; महात्रिक जानन तम पिरत्न हित्रकान এत काह থেকে নব রস আদায় করে নেবেন, এর সমস্ত সুধ সমস্ত দুঃধ সার্থক করে তুলবেন। আমি ধন্য যে, আমি পাছশালায় বাস করছিনে, রাজপ্রাসাদের এক কামরাতেও আমার वाग निर्मिष्ठे हमनि। এमन अगटल आमात्र ज्ञान, आमात्र ज्ञाननाटक मिरम यात्र रुष्ठि; দেই জন্মই এ কেবল পঞ্চত বা চৌষ্টিভূতের আডো নয়, এ আমার হৃদয়ের কুলায়, এ णामात्र প্রাণের नौनाज्यन, আমার প্রেমের মিলনতীর্থ।

পরিচয়

প্রিচয়

ভারতবর্বে ইতিহাদের ধারা

সমস্ত বিশ্বব্যাপারের মধ্যেই একটা নিশাস ও প্রশাস, নিমেষ ও উন্মেষ, নিদ্রা ও জাগরণের পালা আছে; একবার ভিতরের দিকে একবার বহিরের দিকে নামা উঠার ছন্দ নিয়তই চলিতেছে। থামা এবং চলার অবিরত যোগেই বিশ্বের গতিকিয়া সম্পাদিত। বিজ্ঞান বলে, বস্তমাত্রই সছিত্র, অর্থাৎ "আছে" এবং "নাই" এই ছুইয়ের সমষ্টতেই তাহার অভিন্থ। এই আলোক ও অক্ককার, প্রকাশ ও অপ্রকাশ এমনি ছন্দে ছন্দে যতি রাবিয়া চলিতেছে যে, তাহাতে সৃষ্টিকে বিচ্ছিয় করিতেছে না, তাহাকে তালে ভালে অগ্রসর করিতেছে।

ঘড়ির কলকটার উপরে মিনিটের কাঁটা ও ঘণ্টার কাঁটার দিকে তাকাইলে মনে হর তাহা অবাধে একটানা চলিয়াছে কিংবা চলিতেছেই না। কিন্তু সেকেণ্ডের কাঁটা লক্ষ্য করিলেই দেখা যায় তাহা টিকটিক করিয়া লাক্ষ দিয়া দিয়া চলিতেছে। দোলনদণ্ডটা ষে একবার বামে থামিয়া দক্ষিণে যায়, আবার দক্ষিণে থামিয়া বামে আসে তাহা ওই সেকেণ্ডের তালে লয়েই ধরা পড়ে। বিশ্বব্যাপারে আমরা ওই মিনিটের কাঁটা ঘড়ির কাঁটাটাকেই দেখি কিন্তু যদি ভাহার অণুপরিমাণ কালের সেকেণ্ডের কাঁটাটাকে দেখিতে পাইতাম তবে দেখিতাম বিশ্ব নিমেষে নিমেষে থামিতেছে ও চলিতেছে—তাহার একটানা তানের মধ্যে পলকে পলকে লয় পড়িতেছে। স্বাধীর ঘশ্বদালকটির এক প্রান্তে হা অক্ত প্রান্তে না, একপ্রান্তে এক অক্ত প্রান্তে ছুই, একপ্রান্তে আকর্ষণ অক্ত প্রান্তে বিকর্ষণ, একপ্রান্তে কেন্দ্রের অভিমুখী ও অক্ত প্রান্তে কেন্দ্রের প্রতিমুখী শক্তি। তর্কণাল্রে এই বিরোধকে মিলাইবার অক্ত আমরা কত মতবাদের অসাধ্য ব্যায়ামে প্রবৃত্ত, কিন্তু স্টিশাল্রে ইছারা সহজেই মিলিত ছইয়া বিশ্বরহস্তকে অনিব্রনীয় করিয়া তুলিতেছে।

শক্তি জিনিসটা যদি একলা থাকে তবে সে নিজেয় একবোঁকা জোরে কেবল একটা দীর্ঘ লাইন ধরিয়া ভীষণ উদ্ধতবেগে সোজা চলিতে থাকে, ভাইনে বাঁরে ক্রক্ষেপমাত্র করে না ; কিন্তু শক্তিকে জগতে একাধিপতা দেওয়া ইন্ধু নাই বলিয়াই, বরাবর তাহাকে জ্ঞিতে জোড়া ছইয়াছে বলিয়াই, ছুইয়ের উলটাটানে বিশ্বের সকল জিনিসই নম্র ছইয়া গোল হইয়া স্থাপূর্ণ হইতে পারিয়াছে। সোজা লাইনের সমাপ্তিহীনতা, সোজা লাইনের অতি তীব্র তীক্ষ কলতা বিশ্বপ্রকৃতির নহে; গোল আকারের স্থাপর পরিপুষ্ট পরিসমাপ্তিই বিশ্বের শ্বভাবগত। -এই এক শক্তির একাগ্র সোজা বেখার স্থান্ত হয় না—ভাহা কেবল ভেদ করিতে পারে, কিন্তু কোনো কিছুকেই ধরিতে পারে না, বেড়িতে পারে না, তাহা একেবারে রিক্ত, তাহা প্রলব্যেরই রেখা; ক্লন্তের প্রলম্পনাকের মতো তাহাতে কেবল একই স্থান, তাহাতে সংগীত নাই; এই জন্ম শক্তি একক হইয়া উঠিলেই তাহা বিনাশের কারণ হইয়া উঠে। তুই শক্তির যোগেই বিশ্বের যত কিছু ছন্দ। আমাদের এই জগংকাব্য মিত্রাক্ষর—পদে পদে ভাহার জুড়িজুড়ি মিল।

বিশ্বপ্রকৃতির মধ্যে এই ছলটি যত স্পষ্ট এবং বাধাহীন, মানবপ্রকৃতির মধ্যে তেমন নহে। সেধানেও এই সংকোচন ও প্রসারণের তন্ধটি আছে — কিন্তু তাহার সামশ্রস্টাকৈ আমরা সহজে রাখিতে পারি না। বিশ্বের গানে তালটি সহজ, মান্তবের গানে তালটি বহু সাধনার সামগ্রী। আমরা অনেক সময়ে ছন্দের এক প্রাস্তে আসিয়া এমনি খুঁকিয়া পড়ি যে অন্ত প্রাস্তে কিরিতে বিলম্ব হয় তথন তাল কাটিয়া যায়, প্রাণপণে ফ্রাটি সারিয়া লইতে গলদ্বর্ম হইয়া উঠিতে হয়। একদিকে আত্ম একদিকে পর, একদিকে অর্জন একদিকে বর্জন, একদিকে সংযম একদিকে স্বাধীনতা, একদিকে আচার একদিকে বিচার মান্তবকে টানিতেছে; এই ছই টানার তাল বাঁচাইয়া সমে আসিয়া পৌছিতে শেখাই মন্ত্রগ্রের শিক্ষা; এই তাল-অভ্যাসের ইতিহাসই মান্তবের ইতিহাস। ভারতবর্ষে সেই তালের সাধনার ছবিটিকে স্পষ্ট করিয়া দেখিবার স্বযোগ আছে।

গ্রীস রোম ব্যাবিলন প্রভৃতি সমন্ত পুরাতন মহাসভ্যতার গোড়াতেই একটা জ্বাতি-সংঘাত আছে। এই জ্বাতিসংঘাতের বেগেই মান্ত্র্য পরের ভিতর দিয়া জ্বাপনার ভিতরে পুরামাত্রায় জ্বাগিয়া উঠে। এইরূপ সংঘাতেই মান্ত্র্য রুঢ়িক হইতে যৌগিক বিকাশ লাভ করে এবং তাহাকেই বলে সভ্যতা।

পদা উঠিবামাত্র ভারতবর্ষের ইতিহাসের প্রথমান্ধেই আমরা আর্থ-অনার্যের প্রচণ্ড জাতিসংঘাত দেখিতে পাই। এই সংঘাতের প্রথম প্রবলবেগে অনার্যের প্রতি আর্বের যে বিষেষ জাগিয়াছিল তাহারই ধারায় আর্বেরা নিজের মধ্যে নিজে সংহত হইতে পারিল।

এইরপ সংহত হইবার অপেক্ষা ছিল। কারণ, ভারতবর্ধে আর্বেরা কালে কালে ও দলে দলে প্রবেশ করিতেছিলেন। তাঁহাদের সকলেরই গোত্র, দেবতা ও মন্ত্র যে একই ছিল তাহা নছে। বাহির হইতে যদি একটা প্রবল আঘাত তাঁহাদিগকে বাধা না দিও তবে এই আর্থ উপনিবেশ দেখিতে দেখিতে নানা শাখা প্রতিশাখার সম্পূর্ণ বিভক্ত হইরা বিক্ষিপ্ত হই য়া যাইত। তাহারা আপনাদিপকৈ এক বলিয়া জানিতে পারিত না। আপনাদের সামাশ্র বাহ্ ভেদগুলিকেই বড়ো করিয়া দেখিত। পরের সঙ্গে লড়াই করিতে । গিয়াই আর্থেরা আপনাকে আপন বলিয়া উপলব্ধি করিলেন।

বিষের সকল পদার্থের মতো সংঘাত পদার্থেরও তুই প্রান্ত আছে আছে—তাহার একপ্রান্তে বিচ্ছেদ, আর এক প্রান্তে মিলন। তাই এই সংঘাতের প্রথম অবস্থায় স্ববর্ণের ভেদরক্ষার দিকে আর্থদের যে আত্মসংকোচন জন্মিয়াছিল সেইথানেই ইতিহাস চিরকাল থামিয়া থাকিতে পারে না। বিশ্বছন্দ-তত্ত্বের নির্মে আত্মপ্রসারণের পথে মিলনের দিকে , ইতিহাসকে একদিন ফিরিতে হইয়াছিল।

অনার্থদের সহিত বিরোধের দিনে আর্থসমাজে বাঁহারা বীর ছিলেন, জানি না তাঁহারা কে। তাঁহাদের চরিতকাহিনী ভারতবর্ধের মহাকাব্যে কই তেমন করিয়া তো বর্ণিত হয় নাই। হয়তো জনমেজয়ের সর্পদত্তের কথার মধ্যে একটা প্রচণ্ড প্রাচীন যুদ্ধ-ইতিহাস প্রচন্ত আছে। পুরুষামুক্রমিক শক্রতার প্রতিহিংসা সাধনের জন্ত সর্প-উপাসক অনার্থ নাগজাতিকে একেবারে ধ্বংস করিবার জন্ত জনমেজয় নিদারুল উদ্যোগ করিয়াছিলেন এই পুরাণক্থায় তাহা ব্যক্ত হইয়াছে বটে তবু এই রাজা ইতিহাসে তো কোনো বিশেষ গৌরব লাভ করেন নাই।

কিন্তু অনার্যদের সহিত আর্যদের মিলন ঘটাইবার অধ্যবসায়ে যিনি সফলতা লাভ করিয়াছিলেন তিনি আজ পর্যন্ত আমাদের দেশে অবতার বলিয়া প্জা পাইয়া আসিতেছেন।

তার্থ অনার্থের যোগবন্ধন তথনকার কালের যে একটি মহা উদ্যোগের অঞ্ব, রামারণ-কাহিনীতে সেই উদ্যোগের নেতারপে আমরা তিনজন ক্ষত্রিয়ের নাম দেখিতে পাই। জনক, বিশ্বামিত্র ও রামচন্দ্র। এই তিন জনের মধ্যে কেবল মাত্র একটা ব্যক্তিগত যোগ নহে একটা এক অভিপ্রায়ের যোগ দেখা যায়। ব্যক্তি পারি রামচন্দ্রের জীবনের কাজে বিশ্বামিত্র দীক্ষাদাতা—এবং বিশ্বামিত্র রামচন্দ্রের সন্মুখে যে লক্ষ্যস্থাপন করিয়াছিলেন তাহা তিনি জনক রাজার নিকট হইতে লাভ করিয়াছিলেন।

এই জনক, বিশামিত্র ও রামচন্দ্র ষে পরস্পরের সমসাময়িক ছিলেন সে কথা হয়তো বা কালগত ইতিহাসের দিক দিয়া সত্য নহে, কিন্তু ভাবগত ইতিহাসের দিক দিয়া এই তিন ব্যক্তি পরস্পরের নিকটবর্তী। আকাশের য়্য়নক্ষত্রগুলিকে কাছে হইতে দেখিতে গেলে মাঝধানকার ব্যবধানে তাহাদিগকে বিচ্ছির কয়িয়া দেখায়—ভাহারা যে জ্বোড়া ভাহা দ্র হইতে সহজেই দেখা যায়। জাতীয় ইতিহাসের আকাশেও এইয়প অনেক জ্বোড়া নক্ষত্র আছে, কালের ব্যবধানের দিক দিয়া দেখিতে গেলে ভাহাদের ঐক্য হারাইয়া যায়—কিন্ত আভ্যন্তরিক যোগের আকর্ষণে ভাহারা এক হইয়া মিলিয়াছে।
ভালক বিশ্বামিত্র রামচন্দ্রের যোগও যদি সেইরূপ কালের যোগ না হইয়া ভাবের যোগ হয়্
ভবে ভাহা আশ্চর্য নছে।

এইরপ ভাবগত ইতিহাসে ব্যক্তি ক্রমে ভাবের স্থান অধিকার করে। ব্রিটিশ প্রাণ-ক্ষায় ধেমন রাজা আর্ধার। তিনি জাতির মনে ব্যক্তিরপ ত্যাগ করিয়া ভাবরপ ধারণ করিয়াছেন। জনক ও বিশ্বামিত্র সেইরপ আর্ধ ইতিহাসগত একটি বিশেষ ভাবের রূপক্ হইয়া উঠিয়াছেন, রাজা আর্ধার মধ্যযুগের যুরোপীয় ক্ষত্রিয়দের একটি বিশেষ খ্রীস্টীয় আদর্শহারা অহ্পপ্রাণিত হইয়া তাহাকেই জ্য়যুক্ত করিবার জন্য বিরুদ্ধ পক্ষের সহিত লড়াই করিতেছেন এই যেমন দেখি, তেমনি ভারতে একদিন ক্ষত্রিয়দল ধর্মে এবং আচরণে একটি বিশেষ উচ্চ আদর্শকে উদ্ভাবিত করিয়া তুলিয়া বিরোধিদলের সহিত দীর্ঘকাল খোরতর সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিলেন ভারতীয় ইতিহাসে তাহার আভাস পাওয়া যায়। এই সংগ্রামে ব্রাহ্মণেরাই যে তাঁহাদের প্রধান প্রতিপক্ষ ছিলেন ভাহারও প্রমাণ আছে।

তখনকার কালের নবক্ষতিয়দলের এই ভাবটা কী, তাহার পুরা-পুরি সমস্তটা জ্বানা এখন অসম্ভব, কেননা বিপ্লবের জয় পরাজ্যের পরে আবার য়খন সকল পক্ষের মধ্যে একটা রফা হইয়া গেল তখন সমাজ্যের মধ্যে বিরোধের বিষয়গুলি আর পূথক হইয়া য়হিল না এবং ক্ষতচিহন্তলি মত শীঘ্র জ্বোড়া লাগিতে পারে তাহারই চেষ্টা চলিতে লাগিল। তখন নৃতন দলের আদর্শকে ব্রাহ্মণেরা স্বীকার করিয়া লইয়া পুনরায় আপন স্থান গ্রহণ করিলেন।

তথাপি ব্রাহ্মণ ক্ষরিয়ের মধ্যে আদর্শের প্রভেদ কোন্ পথ দিয়া কী আকারে বাটয়াছিল তাহার একটা আভাস পাওয়া য়য়। য়য়বিধিগুলি কৌলিকবিছা। এক এক কুলের আর্থদলের মধ্যে এক একটি কুলপভিকে আশ্রম করিয়া বিশেষ বিশেষ শুবমন্ত্র ও দেবভাদিগকে সম্ভষ্ট করিবার বিধিবিধান রিক্ষিত ছিল। য়াহারা এই সমশ্ত ভালো করিয়া জানিতেন পৌরোহিভ্যে তাঁহাদেরই বিশেষ মল ও ধনলাভের সম্ভাবনা ছিল। স্মৃতরাং এই ধর্মকার্য একটা বৃত্তি হইয়া উঠিয়াছিল এবং রুপণের ধনের মভো ইহা সকলের পক্ষে স্থাম ছিল না। এই সমশ্ত মন্ত্র ও মক্রাম্প্রানের বিচিত্র বিধি বিশেষরূপে আয়ত্ত ও তাহা প্রয়োগ করিবার ভার স্বভাবতই একটি বিশেষ শ্রেণীর উপর ছিল। আত্মরক্ষা মুদ্ধবিগ্রহ ও দেল-অধিকারে বাঁহাদিগকে নিয়ত নিয়্ত লাক্তে হইবে তাঁহারা এই কান্ধের ভার লইভে পারেন না, কারণ ইহা দীর্ঘকাল অধ্যয়ন ও অভ্যাস সাপেক্ষ। কোনো এক শ্রেণী এই সমস্তকে ক্ষ্পা করিবার ভার

যদি না লন তবে কোলিকস্ত্র ছিন্ন হইয়া যায় এবং পিছপিতামহদের সহিত যোগধারা
নই হইয়া সমাজ দৃশ্লনাজই হইয়া পড়ে। এই কারণে যথন সমাজের একশ্রেণী যুদ্ধ
প্রভৃতি উপলক্ষ্যে নব নব অধ্যবসায়ে নিযুক্ত তথন আর-এক শ্রেণী বংশের প্রাচীন ধর্ম
এবং সমন্ত শ্বরণীয় ব্যাপারকে বিশুদ্ধ ও অবিচ্ছিন্ন করিয়া রাধিবার জন্মই বিশেষভাবে
প্রবৃত্ত হইলেন।

কিন্তু যথনই বিশেষ শ্রেণীয় উপয় এইরূপ কাজের ভার পড়ে তথনই সমস্ত জাভির চিত্তবিকাশের সঙ্গে তাহার ধর্মবিকাশের সমতানতার একটা বাধা পড়িয়া যায়। সেই বিশেষ শ্রেণী ধর্মবিধিগুলিকে বাঁধের মতো এক জায়গায় দৃঢ় করিয়া বাঁধিয়া রাখেন স্তরাং সমস্ত জাতির মনের অগ্রসরগতির সঙ্গে তাহার সামঞ্জ থাকে না। क्रा विकास क्रिका क्रिक ব্যতীত সমন্বয়সাধনের উপায় পাওয়া যায় না। এইরপে একদা ব্রাহ্মণেরা যথন আর্ঘদের চিরাগত প্রথা ও পূজাপদ্ধতিকে আগলাইয়া বসিয়াছিলেন, যখন সেই সমস্ত ক্রিয়াকাণ্ডকে ক্রমশই তাঁহারা কেবল জটিল ও বিস্তারিত করিয়া তুলিতেছিলেন তথন ক্ষত্রিয়েরা সর্বপ্রকার প্রাকৃতিক ও মামুষিক বাধার সঙ্গে সংগ্রাম করিতে করিতে জয়োলাসে অগ্রসর হইয়া চলিতেছিলেন। এইজগুই তথন আধদের মধ্যে প্রধান মিলনের ক্ষেত্র ছিল ক্ষত্রিয়দমাজ। শত্রুর সহিত যুদ্ধে ধাহারা এক হইয়া প্রাণ দেয় তাহাদের মতো এমন মিলন আর কাহারও হইতে পারে না। মৃত্যুর সম্প্র ষাহারা একত্র হয় তাহারা পরস্পরের অনৈক্যকে বড়ো করিয়া দেখিতে পারে না। অপর পক্ষে স্কাভিস্কভাবে মন্ত্র দেবতা ও ষজ্ঞকার্বের স্বাতন্ত্র্য রক্ষার ব্যবসায় ক্ষত্রিয়ের নছে, তাঁহারা মানবের বন্ধুরত্র্গম জীবনক্ষেত্রে নব নব দাতপ্রতিঘাতের মধ্যে মাঞ্চ্ব, এই কারণে প্রথামূলক বাহাছ্ঠানগত ভেদের বোধটা ক্ষত্রিয়ের মনে তেমন স্থুড় হইয়া উঠিতে পারে না। অতএব আত্মরক্ষা ও উপনিবেশ বিন্থারের উপলক্ষ্যে সমস্ত সমস্ত অনৈক্যের অভ্যন্তরে একই ষে সত্যপদার্থ ইছা অভ্যন্তব করিয়াছিলেন। এইজন্ত ব্ৰন্দবিতা বিশেষভাবে ক্ষত্ৰিয়ের বিতা হইয়া উঠিয়া ঋক্ যজু: সাম প্ৰভৃতিকে অপরাবিতা বলিয়া ঘোষণা করিয়াছে এবং ব্রাহ্মণ কর্তৃ ক সমত্ত্বে রক্ষিত হোম যাগ যক্ত প্রভৃতি কর্ম-कां अपक निष्मन विनया পविज्ञां । कविष्ण চाहियाद । हेश हहेए न्नेहरे प्रथा यात्र একদিন পুরাভনের সহিত নৃভনের বিরোধ বাধিয়াছিল।

সমাজে যখন একটা বড়ো ভাব সংক্রামকরপে দেখা দেয় তথন তাছা একাস্কভাবে কোনো গণ্ডিকে মানে না। আর্যজাভিয় নিজেদের মধ্যে একটা ঐক্যবোধ যতই পরিকৃট হইয়া উঠিল তভই সমাজের সর্বত্রই এই অক্সভৃতি সঞ্চারিত হইতে লাগিল বে, দেবতারা নামে নানা কিন্তু সভ্যে এক;—অভএব বিশেষ দেবতাকে বিশেষ ন্তব ও বিশেষ বিধিতে সন্তুষ্ট করিয়া বিশেষ ফল পাওয়া যার এই ধারণা সমাজের সর্বত্রই ক্ষর হইয়া দলভেদে উপাসনাভেদ স্বভাবতই ঘূচিবার চেষ্টা করিল। তথাপি ইহা সত্য বে বিশেষভাবে ক্ষত্রিয়ের মধ্যেই ব্রহ্মবিদ্যা অমুকৃল আশ্রেয় লাভ করিয়াছিল এবং সেইজক্সই ব্রহ্মবিদ্যা রাজবিদ্যা নাম গ্রহণ করিয়াছে।

বান্ধণ ও ক্ষত্রিয়ের মধ্যে এই প্রভেদটি সামান্ত নহে। ইহা একেবারে বাহিরের দিক ও অন্তরের দিকের ভেদ। বাহিরের দিকে বখন আমরা দৃষ্টি রাখি তখনই আমরা কেবলই বছকে ও বিচিত্রকে দেখিতে পাই, অন্তরে যখন দেখি তখনই একের দেখা পাওয়া যায়। যখন আমরা বাহুলজিকেই দেবতা বলিয়া জানিয়াছি তখন মন্ত্রতন্ত্র ও নানা বাহু প্রক্রিয়ার দারা তাহাদিগকে বাহির হইতে বিলেষভাবে আপনাদের পক্ষভুক্ত করিবার চেন্টা করিয়াছি। এইজন্ত বাহিরের বহু শক্তিই যখন দেবতা তখন বাহিরের নানা অন্তর্গানই আমাদের ধর্মকার্য এবং এই অন্তর্গানের প্রভেদ ও তাহারই গৃলেজি-অনুসারেই ফলের তারতম্য কল্পনা।

এইরপে সমাজে যে আদর্শের ভেদ হইরা গেল, সেই আদর্শভেদের মৃতিপরিগ্রহস্বরূপে আমরা তুই দেবতাকে দেখিতে পাই। প্রাচীন বৈদিক মন্ত্রন্ত ক্রিয়াকাণ্ডের
দেবতা ব্রহ্মা এবং নব্যদলের দেবতা বিষ্ণৃ। ব্রহ্মার চারি মৃথ চারি বেদ—তাহা চিরকালের মতো ধ্যানরত স্থির;—আর বিষ্ণুর চারি ক্রিয়াশীল হন্ত কেবলই নব নব ক্ষেত্রে
মঙ্গলকে বোধিত করিতেছে, ঐক্যচক্রকে প্রতিষ্ঠিত করিতেছে, শাসনকে প্রচারিত
করিতেছে এবং সৌন্দর্ধকে বিকাশিত করিয়া তুলিতেছে।

দেবতারা যথন বাহিরে থাকেন, যখন মাহুষের আত্মার সঙ্গে তাঁহাদের আত্মীয়ভার সম্বন্ধ অহুভূত না হর তথন তাঁহাদের সঙ্গে আমাদের কেবল কামনার সম্বন্ধ ও ভয়ের সম্বন্ধ। তথন তাঁহাদিগকে শুবে বল করিয়া আমরা হিরণ্য চাই গো চাই, আয়ু চাই, লক্রপরাভব চাই; যাগ্যজ্ঞ-অহুষ্ঠানের ক্রটি ও অসম্পূর্ণতায় তাঁহারা অপ্রসন্ন হইলে আমাদের অনিষ্ট করিবেন এই আলম্বা তথন আমাদিগকে অভিভূত করিয়া রাখে। এই কামনা এবং ভয়ের পূজা বাহু পূজা, ইহা পরের পূজা। দেবতা যথন অস্করের ধন হইয়া উঠেন তথনই অস্করের পূজা আরম্ভ হয়—সেই পূজাই ভক্তির পূজা।

ভারতবর্ষের ব্রশ্ধবিভার মধ্যে আমরা ছুইটি ধারা দেখিতে পাই, নিগুণ ব্রশ্ধ ও সগুণ ব্রহ্ম, অভেদ ও ভেদাভেদ। এই ব্রশ্ধবিভা কখনো একের দিকে সম্পূর্ণ ঝুঁ কিয়াছে, কখনো ছুইকে মানিয়া সেই ছুইয়ের মধ্যেই এককে দেখিয়াছে। ছুইকে না মানিলে পূজা হয় না, আবার তুইয়ের মধ্যে এককে না মানিলে ভক্তি হয় না। বৈতবাধী বিছদিদের দ্রবর্তী দেবতা ভরের দেবতা, লাসনের দেবতা, নির্মের দেবতা। সেই দেবতা নৃতন টেস্টামেন্টে যথন মানবের সদে এক হইরা মিলিরা আত্মীয়তা শীকার করিলেন তথনই তিনি প্রেমের দেবতা ভক্তির দেবতা হইলেন। বৈদিক দেবতা যথন মাহ্ব হইতে পূথক তথন তাঁহার পূজা চলিতে পারে কিন্তু পরমাত্মা ও জীবাত্মা যথন আনন্দের অচিষ্কারহস্পদীলায় এক হইয়াও তুই, তুই হইয়াও এক, তথনই সেই অস্তর্বতম দেবতাকে ভক্তি করা চলে। এই জন্ম বেদ্বাই বিষ্ণু।

বিপ্লবের অবসানে বৈশ্ববর্ধকে ব্রাহ্মণের। আপন করিয়া লইয়াছেন কিন্তু গোড়ার যে তাহা করেন নাই তাহার কিছু কিছু প্রমাণ এখনও অবশিষ্ট আছে। বিশ্বর বক্ষে বাহ্মণ ভৃত্ত পদাঘাত করিয়াছিলেন এই কাহিনীর মধ্যে একটি বিরোধের ইতিহাস সংহত হইয়া আছে। এই ভৃত্ত যক্ত্রকর্তা ও যক্ত্রকভাগীদের আদর্শরূপে বেদে কথিত আছেন। ভারতবর্ধে পূজার আসনে ব্রহ্মার স্থানকে সংকীর্ণ করিয়া বিশ্বই যথন তাহা অধিকার করিলেন—বহুপল্লবিত যাগযক্ত-ক্রিয়াকাণ্ডের যুগকে পশ্চাতে কেলিয়া ভক্তিধর্মের যুগ বখন ভারতবর্ধে আবিভূতি হইল তখন সেই সন্ধিক্ষণে একটা বড়ো ঝড় আসিয়াছিল। আসিবারই কথা। এই বিচিত্র ক্রিয়াকাণ্ডের-অধিকার যাহাদের হাতে, এবং সেই অধিকার লইয়া যাহারা সমাজে একটি বিশেষ আদর পাইয়াছিলেন, তাঁহারা সহজে তাহার বড়া ভাঙিতে দেন নাই।

এই ভক্তির বৈশ্বধর্ম যে বিশেষভাবে ক্ষত্রিয়ের প্রবর্তিত ধর্ম, তাহার একটি প্রমাণ একদা ক্ষত্রিয় শ্রীক্ষকে এই ধর্মের গুরুয়পে দেখিতে পাই—এবং তাঁহার উপদেশের মধ্যে বৈদিক মন্ত্র ও আচারের বিরুদ্ধে আঘাতেরও পরিচয় পাওয়া যায়। তাহার দিতীয় প্রমাণ এই—প্রাচীন ভারতের প্রাণে যে ছইজন মানবকে বিষ্ণুর অবতার বিলয়া স্বীকার করিয়াছে তাঁহারা ছইজনেই ক্ষত্রিয়—একজন শ্রীকৃষ্ণ, আর একজন শ্রীরামচক্ষ। ইহা হইতে পাষ্ট ব্রা যায় ক্ষত্রিয়দলের এই ভক্তিধর্ম, যেমন শ্রীকৃষ্ণের উপদেশ তেমনি রামচক্ষের জীবনের দারাও বিশেষ্ভাবে প্রচারলাভ করিয়াছিল।

বৃত্তিগত ভেদ হইতে আরম্ভ করিয়া প্রাহ্মণ ক্ষব্রিয়ের মধ্যে এই চিন্তগত ভেদ এমন একটা সীমার আসিয়া দাঁড়াইল বখন বিচ্ছেদের বিদারণ-রেখা দিরা সামাজিক বিপ্লবের অমি-উচ্ছাস উদ্গিরিত হইতে আরম্ভ করিল। বশিষ্ঠবিশামিত্রের কাহিনীর মধ্যে এই বিপ্লবের ইতিহাস নিবন্ধ হইরা আছে।

धरे विभावत रेजिएएम बाष्यन क्षेत्र नामित के नामित क प्रावित्र के विश्वामित नामित

আশ্রম করিয়াছে। পূর্বেই বলিয়াছি ব্রাহ্মণ ও ক্ষত্রিয় মাত্রই যে পরস্পরের বিরুদ্ধ দলে যোগ দিয়াছে তাহা নহে। এমন অনেক রাজা ছিলেন যাঁহারা ব্রাহ্মণদের সপক্ষে ছিলেন। কথিত আছে ব্রাহ্মণের বিহা বিশ্বামিত্রের হারা পীড়িত হইয়া রোদন করিতেছিল, হরিশুদ্র তাহাদিগকৈ রক্ষা করিতে উহ্নত হইয়াছিলেন; অবশেষে রাজ্য সম্পদ সমস্ত হারাইয়া বিশ্বামিত্রের কাছে তাঁহাকে সম্পূর্ণ হার মানিতে হইয়াছিল।

এরপ দৃষ্টাস্ত আরও আছে। প্রাচীনকালের এই মহাবিপ্লবের আর যে একজন প্রধান নেতা শ্রীকৃষ্ণ কর্মকাণ্ডের নির্ববিক্তা হইতে সমাজ্ঞকে মৃক্তি দিতে দাঁড়াইয়াছিলেন তিনি একদিন পাণ্ডবদের সাহায্যে জরাসদ্ধকে বধকরেন। সেই জরাসদ্ধ রাজা তখনকার ক্ষত্রিয়দলের শত্রু-পক্ষ ছিলেন। তিনি বিস্তর ক্ষত্রিয় রাজাকে বন্দী ও পীড়িত क्रियाहिलान। जो मार्क्नरक महेया श्रीकृष्ठ यथन डीहांत्र भूत्रमर्था প্রবেশ ক্রিলেন তথন छाँशमिशक बाम्म । वह बाम्म । जह बाम বাজাকে শ্রীকৃষ্ণ পাণ্ডবদের বারা যে বধ করাইয়াছিলেন এটা একটা থাপছাড়া ঘটনামাত্র नरह। श्रीकृष्ठक नरेया ज्यन प्रे पन रहेयाहिन। त्मरे प्रे पनत्क नमात्मय मत्या এক করিবার চেষ্টার যুধিষ্ঠির যথন রাজস্থা যজ্ঞ করিয়াছিলেন তথন শিশুপাল বিরুদ্ধদলের মৃ্থপাত্র হইয়া প্রীকৃষ্ণকে অপমান করেন। এই যজ্ঞে সমস্ত ব্রাহ্মণ ও ক্ষত্রিয়, সমস্ত আচার্য ও রাজার মধ্যে এই ক্ষকেই সর্বপ্রধান বলিয়া অর্ঘ্য দেওয়া হইয়াছিল। এই যজে তিনি ব্রাহ্মণের পদক্ষালনের জন্য নিযুক্ত ছিলেন পরবর্তীকালের সেই অত্যুক্তির প্রয়াসেই পুরাকালীন ব্রাহ্মণ-ক্ষত্রিয় বিরোধের ইতিহাস স্পষ্ট দেখা ধায়। কুকক্ষেত্রযুদ্ধের গোড়ায় এই সামাজিক বিবাদ। তাহার একদিকে জীক্তফের পক্ষ, অন্তদিকে জীক্তফের বিপক্ষ। বিরুদ্ধপক্ষে সেনাপতিদের মধ্যে অগ্রপণ্য ছিলেন ব্রাহ্মণ দ্রোণ—ক্ষপ ও অশ্বণামাও বড়ো সামান্ত ছিলেন না।

অতএব দেখা বাইতেছে, গোড়ায় ভারতবর্ষের ছুই মহাকাব্যেরই মূল বিষয় ছিল সেই প্রাচীন সমাজবিপ্লব। অর্থাং সমাজের ভিতরকার প্রাতন ও নৃতনের বিরোধ। রামায়ণের কালে রামচক্র নৃতন দলের পক্ষ লইয়াছিলেন ভাহা স্পষ্ট দেখা যায়। বলিষ্ঠের সনাতন ধর্মই ছিল রামের কুলধর্ম, বলিষ্ঠবংশই ছিল তাঁহাদের চিরপুরাতন পুরোহিত-বংশ, তথাপি অল্পবয়সেই রামচক্র সেই বলিষ্ঠের বিক্লমক্ষ বিখামিত্রের অঞ্সরণ করিয়াছিলেন। বস্তুত বিখামিত্র রামকে তাঁহার পৈতৃক অধিকার হইতে ছিনাইয়া লইয়াছিলেন। রাম যে পন্থা লইয়াছিলেন ভাহাতে দশরবের সমতি ছিল না, কিছ বিখামিত্রের প্রবল প্রভাবের কাছে তাঁহার আপন্ধি টিকিতে পারে নাই। পরবর্তীকালে এই কাব্য যখন জাতীয়সমাজে বৃহৎ ইভিহাসের শ্বতিকে কোনো এক রাজ্বংশের

পারিবারিক দরের কথা করিয়া আনিয়াছিল তখনই তুর্বলচিত্ত বৃদ্ধ রাজার অভুত জ্রেণতাকেই রামের বনবাদের কারণ বলিয়া রটাইয়াছে।

রামচন্দ্র যে নবাপন্থা গ্রহণ করিয়াছিলেন ইতিহাসে তাহার আর এক প্রমাণ আছে।
একদা যে প্রান্ধণ ভূগু বিষ্ণুর বক্ষে পদাঘাত করিয়াছিলেন তাঁহারই বংশোদ্ভব পরগুরামের
ব্রত ছিল ক্ষত্রিরবিনাল। রামচন্দ্র ক্ষত্রিয়ের এই দুর্ধর্য শক্রুকে নিরন্ত্র করিয়াছিলেন। এই
নিষ্ঠুর ব্রাহ্মণবারকে বধ না করিয়া তিনি তাঁহাকে যে বল করিয়াছিলেন তাহাতে অস্থমান
করা যায়, ঐক্যসাধনত্রত গ্রহণ করিয়া রামচন্দ্র তাহার প্রথম পর্বেই কতক বার্ধবলে
কতক ক্ষমাগুণে ব্রাহ্মণ-ক্ষত্রিয়ের বিরোধভঞ্জন করিয়াছিলেন। রামের জীবনের সকল
কার্যেই এই উদার বার্ধবান সহিষ্ণুতার পরিচয় পাওয়া যায়।

বিশামিত্রই রামচন্দ্রকে জনকের গৃহে লইয়া গিয়াছিলেন এবং এই বিশামিত্রের নেতৃত্বেই রামচন্দ্র জনকের ভূকর্বপঞ্জাভ কন্তাকে ধর্মপত্নীরূপে গ্রহণ করিয়াছিলেন। এই সমস্ত ইতিহাসকে ঘটনামূলক বলিয়া গণা করিবার কোনো প্রয়োজন নাই, আমি ইহাকে ভাবমূলক বলিয়া মনে করি। ইহার মধ্যে হয়তো তথা খুঁজিলে ঠিকিব কিন্তু সভা খুঁজিলে পাওয়া বাইবে।

মৃদ কথা এই, জনক ক্ষত্রিয় রাজার আদর্শ ছিলেন। ব্রহ্মবিছা তাঁহাকে আশ্রয় করিয়া বিকাশদাভ করিয়াছিল। এ বিছা কেবল মাত্র তাঁহার জ্ঞানের বিষয় ছিল না; এ বিছা তাঁহার সমস্ত জাবনে রূপ গ্রহণ করিয়াছিল; তিনি তাঁহার রাজ্যসংসারের বিচিত্র কর্মের কেন্দ্রন্থলে এই ব্রহ্মজ্ঞানকে অবিচলিত করিয়া রক্ষা করিয়াছিলেন ইতিহাসে তাহা কাঁতিত হইয়াছে। চরমতম জ্ঞানের সঙ্গে ভক্তির সঙ্গে প্রাত্যহিক জ্ঞাবনের ছোটো বড়ো সমস্ত কর্মের আশ্রহ যোগসাধন ইহাই ভারতবর্ষের ক্ষত্রিয়দের সর্বোচ্চ কাঁতি। আমাদের দেশে বাঁহারা ক্ষত্রিয়ের অগ্রণী ছিলেন তাঁহারা ত্যাগকেই ভোগের পরিণাম করিয়া কর্মকে মৃক্তিলাভের শ্রেষ্ঠ উপায় বলিয়া প্রচার করিয়াছিলেন।

এই জনক একদিকে ব্রহ্মজানের অফুশীলন, আর এক দিকে সহত্তে হলচালন করিয়াছিলেন। ইহা হইডেই জানিতে পারি কৃষিবিন্তারের দ্বারা আর্থসভাতা বিস্তার করা ক্ষরিয়দের একটি ব্রতের মধ্যে ছিল। একদিন পশুপালন আর্থদের বিশেষ উপজাবিকা ছিল। এই ধেছুই অরণ্যাশ্রমবাসী ব্রাহ্মণদের প্রধান সম্পদ বলিয়া গণা হইত। বনভূমিতে গোচারণ সহজ ; তপোবনে যাহারা শিশুরূপে উপনীত হইত গুরুর গোপালনে নিযুক্ত থাকা তাহাদের প্রধান কাম্ম ছিল।

অবলেষে একদিন রণজনী ক্ষজিনেরা আর্যাবর্ত হুইতে অরণ্যবাধা অপসারিত করিয়া পশুসম্পদের স্থলে স্কৃষিসম্পদকে প্রবল করিয়া ভুলিলেন। "আমেরিকার মুরোপীয় উপনিবেশিকগণ ষখন অরণ্যের উচ্ছেদ করিয়া ফুবিবিস্তারের ক্ষেত্র প্রাশন্ত করিডেছিলেন
তথন যেমন মৃগয়াজীবী আরণ্যকগণ পদে পদে তাঁছাদিগকে বাধা দিতেছিল—
ভারতবর্ষেও সেরপ আরণ্যকদের সহিত ক্ষুষকদের বিরোধে ফুবিব্যাপার কেবলই বিশ্বসংকৃষ্ণ
হইয়া উঠিয়াছিল। বাঁছারা অরণ্যের মধ্যে কৃষিক্ষেত্র উদ্মুক্ত করিতে বাইবেন তাঁহাদের
কাজ সহজ ছিল না। জনক মিণিলার রাজা ছিলেন—ইহা হইতেই জানা, যায়
আর্যাবর্তের পূর্বপ্রান্ত পর্যন্ত পর্যন্ত আর্থ উপনিবেশ আপনার সীমার আসিয়া ঠেকিয়াছিল।
তখন তুর্গম বিদ্ধাচলের দক্ষিণভাগে অরণ্য অক্ষত ছিল এবং দ্রাবিভ্সভাতা সেই দিকেই
প্রবল হইয়া আর্যদের প্রতিক্ষী হইয়া উঠিয়াছিল। রাবণ বীরপরাক্রমে ইন্দ্র প্রভৃতি
বেদের দেবতাকে পরাস্ত করিয়া আর্যদের মজ্জের বিদ্ধ ঘটাইয়া নিজ্ঞের দেবতা শিবকে
জয়ী করিয়াছিলেন। যুক্জমে স্বকীয় দলের দেবতার প্রভাব প্রকাশ পায় পৃথিবীতে
সকল সমাজেরই বিশেষ অবস্থায় এই বিশ্বাস দৃঢ় থাকে—কোনো পক্ষের পরাভবে
সে পক্ষের দেবতারই পরাভব গণ্য হয়। রাবণ আর্যদেবতাদিগকে পরাস্ত করিয়াছিলেন
এই যে লোকক্ষতি আমাদের দেশে প্রচলিত আছে ইহার অর্থ ই এই যে, তাঁহার
রাজত্বকালে তিনি বৈদিক দেবতার উপাসকদিগকে বারংবার পরাভৃত করিয়াছিলেন।

এমন অবস্থায় সেই শিবের হরধয় ভাঙিবে কে একদিন এই এক প্রশ্ন আর্বসমাজে উঠিয়ছিল। শিবোপাসকদের প্রভাবকে নিরন্ত করিয়া যিনি দক্ষিণথণ্ডে আর্বদের ক্ষিবিত্যা ও ব্রহ্মবিত্যাক বহন করিয়া লইয়া যাইতে পারিবেন তিনিই যথার্থ ভাবে করিয়ের আদর্শ জনকরাজার অমায়্বিক মানসকল্যার সহিত পরিণীত হইবেন। বিশ্বামিত্র রামচন্দ্রকে সেই হরধয় ভক্ষ করিবার তৃঃসাধ্য পরীক্ষায় লইয়া গিয়াছিলেন। রাম যথনবনের মধ্যে গিয়া কোনো কোনো প্রবল তুর্ধর্ব শৈববীরকে নিহত করিলেন তথনই তিনি হরধয় ভক্ষের পরীক্ষায় উত্তীর্ণ হইলেন এবং তথনই তিনি সীতাকে অর্থাৎ হলচালনবেখাকে বহন করিয়া লইবার অধিকারী হইতে পারিলেন। তথনকার অনেক বীর রাজাই এই সীতাকে গ্রহণ করিবার জক্ষ উত্যত হইয়াছিলেন কিন্তু তাঁহারা হরধয় ভাঙিতে পারেন নাই, এইজন্ম রাজার্বি জনকের কন্যাকে লাভ করিবার গোরব হইতে তাঁহারা বঞ্চিত হইয়া ফিরিয়া গিয়াছেন। কিন্তু এই তৃঃসাধ্য ব্রতের অধিকারী কে হইবেন, ক্ষত্রিয় তপথিগণ সেই সন্ধান হইতে বিরত হন নাই। একদা বিশ্বামিত্রের সেই সন্ধান রামচজ্রের মধ্যে আসিয়া সার্থক হইল।

বিশ্বামিত্রের সঙ্গে রামচন্দ্র যথন বাহির হইলেন তথন তক্ষণ বর্মসেই তিনি তাঁহার জীবনের তিনটি বড়ো বড়ো পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন। প্রথম, ভিনি শৈব রাক্ষসদিগকে পরাস্ত করিয়া হরধন্ত ভক্ষ করিয়াছিলেন; দ্বিতীয়, যে ভূমি হলচালনের অবোগারূপে অহল্যা হইরা পাষাণ হুইরা পড়িয়া ছিল, ও সেই কারণে দক্ষিণাপবের প্রথম অগ্রগামীদের মধ্যে অল্পতম ঋবি গোতম বে ভূমিকে একলা গ্রহণ করিরাও অবশেষে অভিলপ্ত বলিরা পরিত্যাগ করিয়া ুষাওয়াতে যাহা দীর্ঘকাল বার্থ পড়িয়াছিল, রামচন্দ্র সেই কঠিন পাবরকেও সঞ্জীব করিয়া ভূলিয়া আপন ফুষিনৈপুলার পরিচয় দিয়াছিলেন; তৃতীর, ক্ষত্রিয়দলের বিক্লমে রাম্মণদের যে বিদ্বেষ প্রবল হইয়া উঠিতেছিল তাহাকেও এই ক্ষত্রঋষি বিশামিত্রের শিক্স আপন ভূক্ষবলে পরাস্ত করিয়াছিলেন।

অকসাথ যৌবরাজ্য-অভিবেকে বাধা পড়িয়া রামচন্দ্রের বে নির্বাসন ঘটল ভাহার মধ্যে সম্ভবত তথনকার হুই প্রবল পক্ষের বিরোধ স্থৃতিত ইইয়াছে। রামের বিরুদ্ধে বে একটি দল ছিল ভাহা নিঃসন্দেহ অভান্ত প্রবল—এবং স্বভাবতই অন্তঃপুরের মহিনীদের প্রতি ভাহার বিশেষ প্রভাব ছিল। বৃদ্ধ দশর্থ ইহাকে উপেক্ষা করিতে পারেন নাই এই জন্ত একান্ত অনিচ্ছাসন্থেও ভাহার প্রিয়তম বীর পুত্রকেও তিনি নির্বাসনে পাঠাইতে বাধা হইয়াছিলেন। সেই নির্বাসনে নামের বীরদ্বের সহায় হইলেন লক্ষণ ও ভাহার জীবনের সন্ধিনী হইলেন সীভা অর্থাৎ ভাহার সেই ব্রত। এই সীভাকেই তিনি নানা বাধা ও নানা শক্ষর আক্রমণ হইতে বাচাইয়া বন হইতে বনান্তরে শ্বিদের আক্রম ও রাক্ষসদের আবাসের মধ্য দিয়া অগ্রসর করিয়া লইয়া যাইতে লাগিলেন।

আর্থ জনার্বের বিরোধকে বিছেবের ছারা জাগ্রত রাথিয়া যুদ্ধের ছারা নিধনের ছারা তাহার সমাধানের প্রশ্নাস অস্কহীন ছুন্চেটা। প্রেমের ছারা মিলনের ছারা ভিতরের দিক ইইতে ইহার মীমাংসা হইলেই এত বড়ো বৃহৎ ব্যাপারও সহজ হইয়া যায়। কিন্তু ভিতরের মিলন জিনিসটা তো ইচ্ছা করিলেই হর না। ধর্ম যখন বাহিরের জিনিস হয়, নিজের দেবতা যখন নিজের বিষয়সম্পত্তির মতো অত্যন্ত স্বকীয় হইয়া থাকে তখন মামুবের মনের মধ্যকার ভেদ কিছুতেই ঘূচিতে চার না। জ্যু-দের সঙ্গে জেন্টাইলদের মিলনের কোনো সেতু ছিল না। কেননা জ্যু-রা জিহোভাকে বিশেষভাবে আপ্নাদের জাতীয় সম্পত্তি বলিয়াই জানিত এবং এই জিহোভার সমন্ত জমুনাসন, তাঁহার আদিই সমন্ত বিধিনিবেধ বিশেষভাবে জ্যু-জাতিরই পালনীয় এইয়প তাহাদের ধারণা ছিল। তেমনি আর্ম দেবতা ও আর্ম-বিধিবিধান যখন বিশেষ জাতিগতভাবে সংকীর্ম ছিল তখন আর্ম আনর্মের পরম্পের সংঘাত, এক পজ্মের সম্পূর্ব বিলুপ্তি ছাড়া, কিছুতেই মিটিতে পারিত না। কিছু ক্ষব্রিয়দের মধ্যে দেবতার ধারণা যখন বিশ্বজনীন হইয়া উঠিল—

^{).} जाविय व्हेन "बाज्य-व्रक्त" वावक এकहे वावीयिक्षापूर्ण क्षयब जावि भाक्षिण जाकारत विविद्ध भाष्टे, जावात ब्रद्धाहे "ज्ञवला" जजहित्र এই जारभर्वयभूका जावि व्यक्तिमा । क्रयक जाभवात नोम क्षयांच क्रद्रम वाहे---क्षेत्रांत विकृष्ट जावि कृष्ठकका बोकात्र क्षिरकृष्टि ।

বাছিরের ভেদ বিভেদ একান্ত সভ্য নহে এই জ্ঞানের দারা মান্তবের কল্পনা হইতে দৈব বিভীষিকাসকল যখন চলিয়া গেল তখনই আর্থ অনার্থের মধ্যে সভ্যকার মিলনের সেতৃ স্থাপিত হওয়া সম্ভবপর হইল। তখনই বাঞ্চিক ক্রিয়াকর্মের দেবতা অশুরের ভক্তির দেবতা হইয়া উঠিলেন এবং কোনো বিশেষ শাস্ত্র ও শিক্ষা ও জাতির মধ্যে তিনি আবদ্ধ হইয়া রহিলেন না।

ক্ষত্তিয় রামচক্র একদিন গুহুক চণ্ডালকে আপন মিত্র বলিয়া গ্রহণ করিয়াছিলেন এই জনশ্রুতি আজ পর্যস্ত তাঁহার আশুর্ব উদারতার পরিচয় বলিয়া চলিয়া আসিরাছে। পরবর্তী যুগের সমাজ উত্তরকার্ওে জাঁহার এই চরিতের মাহাত্মা বিলুপ্ত করিতে চাহিয়াছে; শুদ্র তপস্বীকে তিনি বধদণ্ড দিয়াছিলেন এই অপবাদ রামচন্দ্রের উপরে আরোপ করিয়া পরবর্তী সমাজরক্ষকের দল রামচরিতের দৃষ্টান্তকে স্বপক্ষে আনিবার চেষ্টা করিয়াছে। ষে সীতাকে রামচন্দ্র স্থাবে হুংখে রক্ষা করিয়াছেন ও প্রাণপণে শত্রুছন্ত ইইতে উদ্ধার করিয়াছেন সমাজের প্রতি কর্তব্যের অমুরোধে তাছাকেও তিনি বিনা অপরাধে পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন উত্তরকাণ্ডের এই কাহিনীস্টির দ্বারা স্পষ্টই বুঝিতে পারা যায় আর্যজাতির বীরশ্রেষ্ঠ আদর্শচরিত্ররূপে পূজ্য রামচন্দ্রের জীবনীকে একদা সামাজিক আচাররক্ষার অমুকুল করিয়া বর্ণনা করিবার বিশেষ চেষ্টা জরিয়াছিল। রাম-চরিতের মধ্যে যে একটি সমাজ-বিপ্লবের ইতিহাস ছিল পরবর্তীকালে ধ্থাসম্ভব তাহার চিহ্ন মৃছিয়া ফেলিয়া তাহাকে নব্যকালের সামাজিক আদর্শের অন্থগত করা হইয়াছিল। সেই সময়েই বামের চরিতকে গৃহধর্মের ও সমাজধর্মের আশ্রয়রূপে প্রচার করিবার চেষ্টা জাগিয়াছিল এবং রামচক্র যে একদা তাঁহার স্বঞ্জাতিকে বিছেষের সংকোচ হইতে প্রেমের প্রসারণের দিকে লইয়া গিয়াছিলেন ও সেই নীতির স্বারা একটি বিষম সমস্ভার সমাধান করিয়া সমস্ত জাতির নিকট চিরকালের মতো বরণীয় হইয়াছিলেন সে কথাটা সরিয়া গিয়াছে এবং ক্রমে ইহাই দাঁড়াইয়াছে যে তিনি শান্তাছুমোদিত গার্হছোর আশ্রম ও লোকান্নমোদিত আচারের বক্ষক। ইছার মধ্যে অভুত ব্যাপার এই, এককালে যে রামচক্র ধর্মনীতি ও কৃষিবিভাকে নৃতন পৰে চালনা করিয়াছিলেন, পরবর্তীকালে ভাঁহারই চরিতকে সমাজ পুরাতন বিধিবন্ধনের অমুকুল করিয়া ব্যবহার করিয়াছে। একদিন সমাজে যিনি গতির পক্ষে বীর্ষ প্রকাশ করিয়াছিলেন আর একদিন সমাজ তাঁছাকেই স্থিতির পক্ষে বীর বলিয়া প্রচার করিয়াছে। বন্ধত রামচন্দ্রের জীবনের কার্বে এই গতিন্থিতির সামঞ্জন্ম ঘটিরাছিল বলিয়াই এইরূপ হওয়া সম্ভবপর হইয়াছে।

তৎসত্তেও এ কথা ভারতবর্ষ ভূলিতে পারে নাই যে তিনি চণ্ডালের মিতা, বানরের দেবতা, বিভাষণের বন্ধ ছিলেন। তিনি শত্তকে ক্ষম্ন করিয়াছিলেন এ জাঁহার গৌরব নছে তিনি শক্তকে আপন করিয়াছিলেন। তিনি আঁচারের নিষেধকে, সামাজিক বিষেষের বাধাকে অভিক্রম করিয়াছিলেন; তিনি আর্থ অনার্ধের মধ্যে প্রীতির সেতৃ বন্ধন করিয়া দিয়াছিলেন।

নৃত্ত্ব আলোচনা করিলে দেখা যার বর্বর জাতির অনেকেরই মধ্যে এক একটি বিশেষ জন্ত পবিত্র বলিয়া প্রিত হয়। অনেক সমরে তাহারা আপনাদিগকে সেই জন্তব বংশধর বলিয়া গণ্য করে। সেই জন্তব নামেই তাহারা আখ্যাত হইয়া থাকে। ভারতবর্বে এইরপে নাগবংশের পরিচয় পাওয়া যায়। কিছিছাায় রামচন্দ্র যে অনার্ধ-দলকে বল করিয়াছিলেন তাহারাও যে এইরপে কারণেই বানর বলিয়া পরিচিত তাহাতে সন্দেহ নাই। কেবল তো বানর নহে রামচন্দ্রের দলে ভরুকও ছিল। বানর যদি অবজ্ঞাস্বচক আখ্যা হইত তবে ভরুকের কোনো অর্থ পাওয়া যায় না।

রামচন্দ্র এই যে বানরদিগকে বল করিয়াছিলেন তাহা রাজনীতির দ্বারা নহে, ভক্তিধর্মের দ্বারা। এইরূপে তিনি হন্থমানের ভক্তি পাইরা দেবতা হইরা উঠিয়াছিলেন। পৃথিবীর সর্বত্রই দেখা যার, যে-কোনো মহাজ্মাই বাহুধর্মের হলে ভক্তিধর্মকে জাগাইয়াছেন তিনি বয়ং পূজা লাভ করিয়াছেন। শ্রীকৃষ্ণ, প্রীস্ট, মহম্মদ, চৈতক্য প্রভৃতি তাহার অনেক দৃষ্টাম্ব আছে। শিখ, স্থাকি, কবিরপদ্ধী প্রভৃতি সর্বত্রই দেখিতে পাই, ভক্তি বাহাদিগকে আশ্রম করিয়া প্রকাশ পায় অম্বর্তীদের কাছে তাঁহারা দেবত্ব প্রাপ্ত হন। ভগবানের সহিত ভক্তের অম্বর্গতম যোগ উদ্বাটন করিতে গিয়া তাঁহারাও যেন দেবত্বের সহিত মহ্ম্মাত্বের ভেদসীমা অভিক্রম করিয়া থাকেন। এইরূপে হ্ম্মান ও বিভীষণ রামচক্রের উপাসক ও ভক্ত বৈষ্ণবন্ধণে খ্যাত হইয়াছেন।

রামচন্দ্র ধর্মের ধারাই অনার্যদিগকে অয় করিয়া ভাহাদের ভক্তি অধিকার করিয়াছিলেন। তিনি বাহুবলে তাহাদিগকে পরাস্ত করিয়া রাজ্যবিস্তার করেন নাই।
দক্ষিণে তিনি কৃষিস্থিতিম্লক সভ্যতা ও ভক্তিম্লক একেশ্বরণাদ প্রচার করিয়াছিলেন।
তিনি সেই ষে বাজ রোপণ করিয়া আসিয়াছিলেন বছ শতাকা পরেও ভারতবর্ধ তাহার
কল লাভ করিয়াছিল। এই দাক্ষিণাতো ক্রমে দার্যণ শৈবধর্মও ভক্তিধর্মের রূপ গ্রহণ
করিল এবং একদা এই দাক্ষিণাতা হইতেই ব্রন্ধবিভার এক ধারার ভক্তিম্রোত ও আরএক ধারার অবৈভক্তান উল্পুসিত হইয়া সমস্ত ভারতবর্মকে প্লাবিত করিয়া দিল।

আমরা আর্থদের ইতিহাসে সংকোচ ও প্রসারণের এই একটি রূপ দেখিলাম। মান্তবের একদিকে ভাছার বিশেষত্ব আর একদিকে ভাছার বিশত্ত এই ছই দিকের টানই ভারতবর্ষে যেমন করিয়া কাজ করিরাছে ভাছা যদি আমরা আলোচনা করিয়া না দেখি তবে ভারত-বর্গকে আমরা চিনিতেই পারিব না। একদিন আহার এই আত্মরক্ষণ শক্তির দিকে ছিল ব্রাহ্মণ, আত্মপ্রসারণ ইন্ডির দিকে ছিল ক্ষত্রির। ক্ষত্রির ধবন অগ্রসর ইইরাছে তথন ব্রাহ্মণ তাহাকে বাধা দিয়াছে কিন্তু বাধা অতিক্রম করিরাও ক্ষত্রির ববন সমাক্ষকে বিন্তারের দিকে লইয়া গিরাছে তথন ব্রাহ্মণ পুনরায় নৃতনকে আপন পুরাতনের সক্ষে বাধিয়া সমন্তটাকে আপন করিয়া লইয়া আবার একটা সীমা বাধিয়া লইয়াছে। য়ুরোপীয়েরা বধন ভারতবর্ষে চিরদিন ব্রাহ্মণদের এই কাক্ষটির আলোচনা করিয়াছেন তাহারা এমনি ভাবে করিয়াছেন যেন এই ব্যাপারটা ব্রাহ্মণ নামক একটি বিশেষ ব্যবসায়ী ক্লেলের চাতুরী। তাহারা ইহা ভূলিয়া বান যে, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের বণার্থ জাতিগত ভেদ নাই, তাহারা একই জাতির তুই স্বাভাবিক শক্তি। ইংলতে সমন্ত ইংরেজ জাতি লিবারাল ও ক্যারভেটিভ এই তুই শাধার বিভক্ত হইয়া রাষ্ট্রনীতিকে চালনা করিতেছে—ক্ষমতা লাভের জন্ত এই তুই শাধার প্রতিযোগিতার মধ্যে বিবাদও আছে, কৌশলও আছে, এমন কি, যুর এবং অস্তায়ও আছে, তথাপি এই তুই সম্প্রদায়কে যেমন তুই সভ্রে বিক্রম পক্ষের মতো বরিয়া দেখিলে ভূল দেখা হয়—বস্তুত তাহায়া প্রকৃতির আকর্ষণ ও বিকর্ষণ-শক্তির মতো বাহিরে দেখিতে বিক্রম কিন্তু অস্তুরে একই স্ক্রনশক্তির এ-পিঠ ও-পিঠ, তেমনি ভারতবর্ষে সমাজ্যের স্বাভাবিক স্থিতি ও গতি-শক্তি তুই শ্রেণীকে অবলমন করিয়া ইতিহাসকে স্বাষ্টি করিয়াছে—কোনো পক্ষেই তাহা ক্রমিম নহে।

তবে দেখা গিরাছে বটে ভারতবর্ষে এই স্থিতি ও গতি-শক্তির সম্পূর্ণ সামঞ্জন্ত বক্ষিত হয় নাই সমস্ত বিরোধের পর আন্ধণই এখানকার সমাজে প্রাধান্ত লাভ করিয়াছে। আন্ধণের বিশেষ চাতৃর্যই তাহার কারণ এমন অভূত কথা ইতিহাসবিক্ষম কথা। তাহার প্রকৃত কারণ ভারতবর্ষের বিশেষ অবস্থার মধ্যেই রহিয়াছে। ভারতবর্ষে যে জ্বাতি-সংঘাত ঘটিয়াছে তাহা অত্যন্ত বিক্ষম জ্বাতির সংঘাত। তাহাদের মধ্যে বর্ণের ও আদর্শের ভেদ এতই শুক্তর যে এই প্রবল বিক্ষমতার আঘাতে ভারতবর্ষের আত্ম-রক্ষণীশক্তিই বলবান হইয়া উঠিয়াছে। এখানে আত্মপ্রসারণের দিকে চলিতে গেলে আপনাকে হারাইবার সম্ভাবনা ছিল বলিয়া সমাজের সতর্কতার্ত্তি পদে পদে আপনাকে জ্বাত্রত রাধিয়াছে।

তুষারাবৃত আল্ল স্ গিরিমালার শিধরে যে তুঃসাহসিকেরা আরোহণ করিতে চেষ্টা করে, তাহারা আপনাকে দড়ি দিয়া বাঁধিয়া বাঁধিয়া অগ্রসর হয়—ভাহারা চলিতে চলিতে আপনাকে বাঁধে, বাঁধিতে বাঁধিতে চলে—সেবানে চলিবার উপায় স্বভাবতই এই প্রণালী অবলম্বন করে, তাহা চালকদের কৌশল নহে। বন্দিশালায় যে বন্ধনে ছির করিয়া রাখে তুর্গম পথে সেই বন্ধনই গভির সহায়। ভারভবর্ষেও সমান্ধ কেবলই দড়িদড়া লইয়া আপনাকে বাঁধিতে বাঁধিতে চলিয়াছে কেননা নিজের পথে অগ্রসর

হওয়া অপেক্ষা পিছলিয়া অক্সের পথে নই হওয়ায় আশহা তাহার সম্পূর্ণ ছিল। এই জন্মই ভারতবর্ষে স্বভাবের নিয়মে আত্মরক্ষণীশক্তি আত্মপ্রসারণী শক্তির অপেক্ষা বড়ো হইয়া উঠিয়াছে।

রামচন্দ্রের জীবন আলোচনার আমরা ইছাই দেখিলাম যে ক্ষত্রিয়ের। একদিন ধর্মকে এমন একটা ঐক্যের দিকে পাইয়াছিলেন বাহাতে অনার্বদের সহিত বিরুদ্ধতাকে তাঁহারা মিলননীতির দ্বারাই সহজে অতিক্রম করিতে পারিয়াছিলেন। তুই পক্ষের চিরস্তন প্রাণান্তিক সংগ্রাম কথনো কোনো সমাজের পক্ষে হিতকর হইতে পারে না—হয় এক পক্ষকে মারিতে, নয় তুই পক্ষকে মিলিতে হইবে। ভারতবর্ষে একদা ধর্মকে আশ্রম করিয়া সেই মিলনের কাজ আরম্ভ হইয়াছিল। প্রথমে এই ধর্ম ও এই মিলননীতি বাধা পাইয়াছিল কিস্কু অবশেষে আক্ষণেরা ইহাকে স্বীকার করিয়া আত্মসাৎ করিয়া লইলেন।

আর্থে অনার্থে ধর্বন অল্প আল্প করিয়া ঘোগ স্থাপন হইতেছে তথন অনার্থদের ধর্মের সঙ্গেও বোঝাপড়া করার প্রয়োজন ঘটিয়ছিল। এই সময়ে অনার্থদের দেবতা শিবের সঙ্গে আর্যন্তপাসকদের একটা বিরোধ চলিতেছিল, এবং সেই বিরোধে কথনো আর্বেরা কথনো অনার্থেরা জল্পী হইতেছিল। ক্বক্ষের অক্সবর্তী অর্জুন কিরাতদের দেবতা শিবের কাছে একদিন হার মানিয়াছিলেন। শিবভক্ত বাণ-অস্থ্যের কল্পা উষাকে ক্বক্ষের পৌত্র অনিক্বদ্ধ হরণ করিয়াছিলেন—এই সংগ্রামে ক্বক্ষ জন্মী হইয়াছিলেন। বৈদিক মজ্জে অনার্থ শিবকে দেবতা বলিয়া স্থীকার করা হয় নাই, সেই উপলক্ষ্যে শিবের অনার্থ অমুচরগণ মজ্জ নত্ত করিয়াছিল। অবশেষে শিবকে বৈদিক ক্বজের সহিত মিলাইয়া একদিন তাঁহাকে আপন করিয়া লইয়াশ আর্য অনার্থের এই ধর্মবিরোধ মিটাইতে হইয়াছিল। তথাপি দেবতা ধখন অনেক হইয়া পড়েন তথন তাঁহাদের মধ্যে কে বড়ো কে ছোটো সে বিবাদ সহজ্জে মিটিতে চায় না। তাই মহাভারতে ক্বজের সহিত বিক্রুর সংগ্রামের উল্লেখ আছে—সেই সংগ্রামে ক্বজ্র বিক্সকেই শ্রেষ্ঠ বলিয়া স্বাকার করিয়াছিলেন।

মহাভারত আলোচনা কবিলে স্পষ্টই দেখা যায় বিরোধের মধ্য দিয়াও আর্থদের সহিত অনার্থদের রক্তের মিলন ও ধর্মের মিলন ঘটতেছিল। এইরূপে বতই বর্ণসংকর ও ধর্মসংকর উৎপন্ন হইতে লাগিল ততই সনাজ্যের আত্মরক্ষণীনকৈ বারংবার সীমানির্ণর করিয়া আপনাকে বাঁচাইতে চেষ্টা করিয়াছে। যাহাকে ত্যাগ করিতে পারে নাই তাহাকে গ্রহণ করিয়া বাঁধে বাঁধিয়া দিয়াছে। মহুতে বর্ণসংক্রের বিরুদ্ধে বে চেষ্টা আছে এবং ভাহাতে মৃতি-পূঞা-ব্যবসায়ী দেবল আক্ষণদের বিরুদ্ধে বে দ্বণা প্রকাশিত হইয়াছে তাহা হইতে বুঝা যায় রক্তে ও ধর্মে অনার্থদের মিশ্রণকে গ্রহণ করিয়াও ভাহাকে বাধা দিবার

প্রয়াল কোনো দিন নিরম্ভ হয় নাই। এইরূপে প্রসারণের পরমূহুর্ভেই সংকোচন আপনাকে বারংবার অত্যম্ভ কঠিন করিয়া তুলিয়াছে।

একদিন ইছারই একটা প্রবল প্রতিক্রিয়া ভারতবর্ষের তৃই ক্ষরির রাজসয়াসীকে আশ্রয় করিয়া প্রচণ্ডশক্তিতে প্রকাশ পাইয়াছে। ধর্মনীতি যে একটা সত্য পদার্থ, ভাছা যে সামাজিক নিয়মমাত্র নছে—সেই ধর্মনীতিকে আশ্রয় করিয়াই যে মাছ্ম মৃক্তি পায়, সামাজিক বাহ্ প্রথাপালনের ধারা নছে, এই ধর্মনীতি যে মাছ্মবের সহিত মাছ্মবের কোনো ভেদকে চিরস্কন সভ্য বলিয়া গণ্য করিতে পারে না ক্ষরিয় তাপস বৃদ্ধ ও মহাবীর সেই মৃক্তির বার্তাই ভারতবর্ষে প্রচার করিয়াছিলেন। আশ্রর্ষ এই যে ভাছা দেখিতে দেখিতে জাতির চিরস্কন সংস্থার ও বাধা অভিক্রম করিয়া সমস্ত দেশকে অধিকার করিয়া লইল। এইবার অতি দীর্ঘকাল পর্যন্ত ভারতবর্ষে ক্ষরিয়গুক্তর প্রভাব প্রাক্ষণের শক্তিকে একেবারে অভিভূত করিয়া রাধিয়াছিল।

সেটা সম্পূর্ব ভালো হইয়াছিল এমন কথা কোনোমতেই বলিতে পারি না। এইরূপ একপক্ষের ঐকান্তিকতায় জাতি প্রকৃতিস্থ পাকিতে পারে না, তাছার স্বাস্থ্য নষ্ট হইতে বাধা। এই কারণেই বৌদ্ধুগ ভারতবর্ষকে তাহার সমস্ক সংস্থারজাল হইতে মুক্ত করিতে গিয়া যেরপ সংস্থারজালে বন্ধ করিয়া দিয়াছে এমন আর কোনোকালেই করে নাই। এতদিন ভারতবর্ষে আর্থ অনার্ষের যে মিলন ঘটিতেছিল তাহার মধ্যে পদে পদে अकि। नःयम जिल- मात्य मात्य वीथ वैथिया क्षणप्रत्यां जिल कि वाथा व्हेर्जिल । আৰ্মজাতি অনাৰ্যের কাছ হইতে যাহা কিছু গ্ৰহণ করিতেছিল তাহাকে আৰ্য করিয়া লইয়া আপন প্রকৃতির অভুগত করিয়া লইভেছিল--এমনি করিয়া ধীরে ধীরে একটি প্রাণবান জাতীয় কলেবর গড়িয়া আর্ধে অনার্ধে একটি আন্তরিক সংশ্রব ঘটিবার সম্ভাবনা হইয়া উঠিতেছিল। নিশ্চয়ই সেই মিলন-ব্যাপারের মাঝখানে কোনো এক সময়ে বাধা-বাঁধি ও বাহিকতার মাত্রা অত্যম্ভ বেশি হইয়া পড়িয়াছিল, নহিলে এত বড়ো বিপ্লব উৎপন্ন হইতেই পারিত না এবং সে বিপ্লব কোনো সৈম্ভবল আশ্রেম না করিয়া কেবলমাত্র धर्मवल ममन्छ मिनक अमन कविश्रा आष्ट्रज्ञ कविए भाविष्ठ न।। निन्ध्ये छरभूर्व সমাব্দের শ্রেণীতে শ্রেণীতে ও মামুষের অস্করে বাহিরে বুহুৎ একটা বিচ্ছেদ ঘটিয়া স্বাস্থ্যকর সামঞ্জ নষ্ট হইয়াছিল। কিছ ইহার প্রতিক্রিয়াও তেমনি প্রবল ছইয়া একেবারে সমাজের ভিত্তিতে গিয়া আঘাত কবিল। রোগের আক্রমণও ষেমন নিদারুণ, চিকিৎসার আক্রমণও তেমনি সংঘাতিক হইয়া প্রকাশ পাইল।

অবশেষে একদিন এই বৌদ্ধপ্রভাবের বন্ধা যথন সরিয়া গেল তথন দেখা গেল সমাজের সমন্ত বেড়াগুলা ভাঙিয়া গিয়াছে। যে একটি ব্যবস্থার ভিজয় দিয়া ভারতবর্ষের জাভিবৈচিত্র্য ঐক্যলাভের চেষ্টা করিভেছিল সেই ব্যবস্থাটা ভূমিসাং হইয়ছে। বৌদ্ধর্ম ঐক্যের চেষ্টাভেই ঐক্য নষ্ট করিয়ছে। ভারতবর্ষে সমন্ত অনৈক্যগুলি অবাধে মাধা ভূলিয়া উঠিতে লাগিল—যাহা বাগান ছিল ভাহা জ্বল হইয়া উঠিল।

তাহার প্রধান কারণ এই, একদিন ভারতসমান্তে কখনো ব্রাহ্মণ কখনো ক্ষত্রির বধন প্রাধান্ত লাভ করিতেছিলেন তখনও উভরের ভিতরকার একটা জাতিগত ঐক্য ছিল। এইজন্ত তখনকার জাতি-রচনাকার্য আর্বদের হাতেই ছিল। কিন্তু বৌদ্ধপ্রভাবের সময় কেবল ভারতবর্ষের ভিতরকার অনার্যেরা নহে ভারতবর্ষের বাহির হইতেও অনার্যদের সমাগম হইরা তাহারা এমন একটি প্রবলতা লাভ করিল যে আর্বদের সহিত তাহাদের স্বিহিত সামঞ্জন্ত রক্ষা করা কঠিন হইরা উঠিল। যতদিন বৌদ্ধর্যের বল ছিল ততদিন এই অসামঞ্জন্ত অসাখ্য আকারে প্রকাশ পার নাই কিন্তু বৌদ্ধর্য যবন তুর্বল হইরা পড়িল তখন তাহা নানা অনুত অসংগতিরূপে অবাধে সমস্ত দেশকে একেবারে ছাইরা কেলিল।

অনার্বেরা এখন সমন্ত বাধা ভেদ করিয়া একেবারে সমাজের মাঝখানে আসিয়া বসিয়াছে স্থতরাং এখন তাহাদের সহিত ভেদ ও মিলন বাহিরের নহে তাহা একেবারে সমাজের ভিতরের কথা হইয়া পড়িল।

এই বৌদ্ধপাবনে আর্থসমান্তে কেবলমাত্র ব্রাহ্মণসম্প্রদার আপনাকে স্বত্তর রাধিতে পারিয়াছিল কারণ আর্থজাতির স্বাভদ্রা রক্ষার ভার চিরকাল ব্রাহ্মণের হাতে ছিল। যথন ভারতবর্ষে বৌদ্ধর্গের মধ্যাহ্ন তথনও ধর্মসমান্তে ব্রাহ্মণ ও শ্রমণ এ ভেদ বিলুপ্ত হয় নাই। কিন্তু তথন সমান্তে আর সমস্ত ভেদই লুপ্তপ্রায় হইয়াছিল। তথন ক্ষত্রিয়েরা জনসাধারণের সঙ্গে জনেক পরিমাণে মিলাইয়া গিয়াছিল।

অনার্বের সহিত বিবাহ সম্বন্ধে ক্ষব্রিয়ের প্রায় কোনো বাধা ছিল না তাহা পুরাবে পাইই দেখা যায়। এই জন্ম দেখা যায় বৌদ্ধগ্রের পরবর্তী অধিকাংশ রাজবংশ ক্রিয়বংশ নহে।

এদিকে শক হন প্রভৃতি বিদেশীয় অনার্ধণণ দলে দলে ভারতবর্ধে প্রবেশ করিয়া সমাজের মধ্যে অবাধে মিশিয়া বাইতে লাগিল—বৌদ্ধর্মের কাটা থাল দিয়া এই সমন্ত বক্তার জল নানা শাখায় একেবারে সমাজের মর্মন্থলে প্রবেশ করিল। কারণ, বাধা দিবার ব্যবস্থাটা তথন সমাজ-প্রকৃতির মধ্যে তুর্বল। এইয়পে ধর্মেকর্মে অনার্ধসংমিশ্রণ অত্যন্ত প্রবল হওয়াতে সর্বপ্রকার অভুত উচ্ছ খলভার মধ্যে বধন কোনো সংগতির প্রের্বিল না তথনই সমাজের অভ্যন্তিত আর্বপ্রকৃতি অত্যন্ত পীড়িত হইয়া আপনাকে প্রকাশ করিল। আর্বপ্রকৃতি নিজেকে

হারাইয়া কেলিয়াছিল বলিয়াই নিজেকে স্ম্পাইদ্ধপে আবিদ্ধার করিবার জগ্ন তাহার একটা চেষ্টা উন্থত হইয়া উঠিল।

আমরা কী এবং কোন্ জিনিসটা আমাদের—চারিদিকের বিপুল বিশ্লিষ্টভার ভিতর ইতৈ এইটেকে উদ্ধার করিবার একটা মহাযুগ আসিল। সেই যুগেই ভারতবর্ষ আপনাকে ভারতবর্ষ বলিয়া সীমাচিছিত করিল ভৎপূর্বে বৌদ্ধসমাজ্বের যোগে ভারতবর্ষ পৃথিবীতে এত দ্রদ্রান্তরে ছড়াইয়া পড়িয়াছিল যে সে আপনার কলেবরটাকে স্ফুল্লাষ্ট করিয়া দেখিতেই পাইতেছিল না এইজন্ম আর্থ জনক্র্রতিতে প্রচলিত কোনো পুরাতন চক্রবর্তী সম্রাটের রাজ্যসীমার মধ্যে ভারতবর্ষ আপনার ভৌগোলিক সন্তাকে নির্দিষ্ট করিয়া লইল। তাহার পরে, সামাজিক প্রলয়ঝড়ে আপনার ছিন্নবিচ্ছিন্ন বিশ্লিপ্ত স্বেগুলিকে খুঁজিয়া লইল। তাহার পরে, সামাজিক প্রলয়ঝড়ে আপনার ছিন্নবিচ্ছিন্ন বিশ্লিপ্ত স্বেগুলিকে খুঁজিয়া লইয়া জোড়া দিনার চেন্তা চলিতে লাগিল। এই সময়েই সংগ্রহক্রগুলিকে বুঁজিয়া লইক প্রাতন সংগ্রহেই তিনি নিযুক্ত। এই ব্যাস একব্যক্তি না হইতে পারেন কিন্ধ ইনি সমাজের একই শক্তি। কোণায় আর্যসমাজের স্থিরপ্রতিষ্ঠা ইনি তাহাই খুঁজিয়া একক্র করিতে লাগিলেন।

সেই চেষ্টার বশে ব্যাস বেদ সংগ্রহ করিলেন। যথার্থ বৈদিককালে মন্ত্র ও যজামুষ্ঠানের প্রণালীগুলিকে সমাজ যত্ন করিয়া শিধিয়াছে ও রাখিয়াছে, তব্ তখন তাহা শিক্ষণীয় বিভাষাত্র ছিল এবং সে বিভাকেও সকলে পরাবিভা বলিয়া মানিত না।

কিন্তু একদিন বিশ্লিষ্ট সমাজকে বাঁধিয়া তুলিবার জন্য এমন একটি পুরাতন শান্তকে মাঝবানে দাঁড় করাইবার দরকার হইয়াছিল ধাহার সম্বন্ধে নানা লোক নানা প্রকার তর্ক করিতে পারিবে না — যাহা আর্যসমাজের সর্বপুরাতন বাণী; ষাহাকে দৃঢ়ভাবে অবলম্বন করিয়া বিচিত্র বিক্ষসম্প্রদায়ও এক হইয়া দাঁড়াইতে পারিবে। এই জন্ম বেদ যদিচ প্রাতাহিক ব্যবহার হইতে তথন অনেক দ্রবর্তী হইয়া পড়িয়াছিল তথাপি দ্রের জিনিস বলিয়াই তাহাকে দ্র হইডে মান্ত করা সকলের পক্ষে সম্বন্ধ হইয়াছিল। আসল কথা, যে জাতি বিচ্ছিয় হইয়া পিয়াছিল কোনো একটি দৃঢ়নিশ্চন কেন্তকে শ্রীকার না করিলে তাহার পরিধি নির্ণয় কঠিন হয়। তাহার পরে আর্যসমাজে মন্ত কিছু জনশ্রুতি বণ্ড খণ্ড আকারে চারিদিকে ছড়াইয়া পড়িয়াছিল তাহাদিগকেও একত্র ক্রিয়া মহাভারত নামে সংকলিত করা হইল।

ষেমন একটি কেন্দ্রের প্রয়োজন, ভেমনি একটি ধারাবাছিক পরিধিস্ত্রেও তো চাই— সেই পরিধিস্ত্রেই ইতিহাস। তাই ব্যাসের আর এক কাজ হইল ইতিহাস সংগ্রহ করা। আর্থসমাজের যত কিছু জনশ্রুতি ছড়াইরা পড়িয়াছিল ভাছাদিগ্রুত্ব তিনি এক করিবেন। তথ্ জনুশ্রুতি নহে, আর্থসমান্তে প্রচলিত সমন্ত বিশ্বাস, তর্কবিতর্ক ও চারিব্রনীতিকেও তিনি এই সঙ্গে এক করিয়া একটি জ্বাতির সমগ্রতার এক বিরাট মৃতি এক জারণার থাড়া করিলেন। ইহার নাম দিলেন মহাভারত। এই নামের মধ্যেই তথনকার আর্থজাতির একটি ঐক্য উপলব্ধির চেষ্টা বিশেবভাবে প্রকাশ পাইতেছে। আধুনিক পাশ্চান্তা সংজ্ঞা অভুসারে মহাভারত ইতিহাস না হইতে পারে কিন্তু ইহা বঞ্চার্থ ই আর্থদের ইতিহাস। ইহা কোনো ব্যক্তিবিশেষের রচিত ইতিহাস নহে, ইহা একটি জ্বাতির স্বর্রিত স্বাভাবিক ইতিবৃদ্ধান্ত। কোনো বৃদ্ধিমান ব্যক্তি যদি এইসমন্ত জনশ্রতিকে গলাইয়া পোড়াইয়া বিশ্লিষ্ট করিয়া ইহা হইতে তথ্যমূলক ইতিহাস রচনা করিবার চেষ্টা করিত তবে আর্থসমাজের ইতিহাসের সত্য স্বর্ঞপটি আমরা দেখিতে পাইতাম না। মহাভারত সংগ্রহের দিনে আর্থজাতির ইতিহাস আর্থজাতির স্বতিপটে যেরপ রেখার জাঁকা ছিল, তাহার মধ্যে কিছু বা স্পষ্ট কিছু বা লুপ্ত, কিছু বা স্কুসংগত কিছু বা পরস্পরবিক্ষম, মহাভারতে সেই সমন্তেরই প্রতিলিপি একত্র করিয়া রক্ষিত হইয়াছে।

এই মহাভারতে কেবল যে নির্বিচারে জনশ্রুতি সংকলন করা হইয়াছে তাহাও নহে। আত্স-কাচের একপিঠে ষেমন ব্যাপ্ত স্থালোক এবং আর একপিঠে ষেমন তাহারই সংহত দীপ্তিরশ্মি, মহাভারতেও তেমনি একদিকে ব্যাপক জনশ্রতিরাশি আর একদিকে তাহারই সমস্তুটির একটি সংহত জ্যোতি—সেই জ্যোতিটিই ভগবদ্গীতা। জ্ঞান কর্ম ও ভক্তির যে সমন্বয়যোগ ভাহাই সমন্ত ভারতইভিহাসের চরমতত্ব। নি:সন্দেহই পৃথিবীর সকল জাতিই আপন ইতিহাসের ভিতর দিয়া কোনো সমস্তার মীমাংসা কোনো তম্ব-নির্ণয় করিতেছে, ইতিহাসের ভিতর দিয়া মাহুষের চিত্ত কোনো একটি চরম সভ্যকে সদ্ধান ও লাভ করিভেছে—নিজের এই সদ্ধানকে ও সভাকে সকল জাতি স্পষ্ট করিয়া कात्न ना, व्यत्मक मत्न करव भरपत्र देखिशमरे देखिशम, मून व्यक्तिशास ও চরম গমাস্থান विषय किहूरे नारे। किन्न ভाद्म जवर्ष अकिन ज्ञाननात्र ममख रेजिशामय अकि हित्रम-তত্তকে দেখিয়াছিল। মামুষের ইতিহাসের জ্ঞান ভক্তি ও কর্ম অনেক সময়ে স্বতম্ব-ভাবে, এমন कि পরস্পর বিক্লভাবে আপনার পথে চলে; সেই বিরোধের বিপ্লব ভারতবর্ষে খুব কবিয়াই বটিয়াছে বলিয়াই এক জামগায় ভাহার সমন্বয়টিকে স্পষ্ট কবিয়া म (विष्ठ भारेषाद्यः । मान्य्यव मकन (ठडोरे कानशान व्यामिषा व्यविद्यार्थ मिनिएउ পারে মহাভারত সকল পথের চৌমাধার সেই চরম লক্ষ্যের আলোকটি জালাইরা ধরিয়াছে। ভাছাই গীভা। এই গীভার মধ্যে যুরেঞ্জীয় পণ্ডিভেরা লন্ধিকগভ অসংগতি मिथिए जान। हेबाए जारवा, त्यमंख अवर त्यांत्रह त्य अकत्व स्रान त्यवं हरेबाह

>>-40

ভাঁহারা মনে করেন সেটা একটা জ্বোড়াভাড়া ব্যাপার—অর্থাৎ ভাঁহাদের মতে ইয়ার म्मिं माः थ योत्र, त्वासिं छाहात भववर्षी कात्वा मध्यमास्त्रत स्रोता स्थासना कता। হইতেও পারে মূল ভগবদ্গীতা ভারতবর্ষের সাংখ্য ও যোগতত্ত্বকৈ আশ্রম্ন করিরা উপদিষ্ট, কিন্তু মহাভারতসংকলনের যুগে সেই মুলের বিশুদ্ধতা-রক্ষাই প্রধান উদ্দেশ্য ছিল না---সমস্ত জাতির চিত্তকে সমগ্র করিয়া এক করিয়া দেখাই তথনকার সাধনা ছিল। অভএৰ যে গ্ৰন্থে তত্ত্বের সহিত জীবনকে মিলাইয়া মাছুষের কর্তব্যপথ নির্দেশ করা হইয়াছে সে গ্রন্থে বেদান্তভত্তকে তাঁহারা বাদ দিতে পারেন নাই। সাংখ্যই হউক যোগই হণ্ডক বেদাম্বই হউক সকল তত্ত্বেরই কেন্দ্রম্বলে একই বস্ত আছেন, তিনি কেবলমাত্র জ্ঞান বা ভক্তি বা কর্মের আশ্রয় নছেন, তিনি পরিপূর্ণ মানবজীবনের পর্মাগতি, তাঁহাতে আসিয়া না মিলিলে কোনো কথাই সত্যে আসিয়া পৌছিতে পারে না; অতএব ভারতচিত্তের সমস্ত প্রয়াসকেই সেই এক মূল সভ্যের মধ্যে এক করিয়া দেখাই মহাভারতের দেখা। তাই মহাভারতের এই গীতার মধ্যে লব্জিকের ঐক্যতত্ত্ব সম্পূর্ণ না পাকিতেও পারে কিন্তু তাহার মধ্যে বৃহৎ একটি জাতীয় জীবনের অনির্বচনীয় ঐক্যতত্ত্ব আছে। তাহার স্পষ্টতা ও অস্পষ্টতা, সংগতি ও অসংগতির মধ্যে গভীরতম এই একটি উপলব্ধি দেখা যায় যে, সমস্তকে লইয়াই সত্য, অতএব এক জায়গায় মিল আছেই। এমন কি, গীভায় যঞ্জকেও সাধনাক্ষেত্রে স্থান দিয়াছে। কিছ গীভায় যঞ্জ-ব্যাপার এমন একটি বড় ভাব পাইয়াছে যাহাতে ভাহার সংকীর্ণতা ঘূচিয়া সে একটি বিশের সামগ্রী হইয়া উঠিয়াছে। ধে সকল ক্রিয়াকলাপে মাহুষ আত্মশক্তির দ্বারা বিশ্বশক্তিকে উদ্বোধিত করিয়া তোলে তাহাই মান্তবের যক্ত। গীভাকার যদি এখনকার কালের লোক হইতেন তবে সমস্ত আধুনিক বৈজ্ঞানিক অধ্যবসায়ের মধ্যে তিনি মামুষের সেই যক্তকে দেখিতে পাইতেন। ষেমন জ্ঞানের দারা অনস্ক জ্ঞানের সঙ্গে যোগ, কর্মের দ্বারা অনস্ত মঙ্গলের সঙ্গে ধোগ, ভক্তির দ্বারা অনস্ত ইচ্ছার সঙ্গে যোগ, তেমনি যজ্ঞের দ্বারা অনম্ভ শক্তির সঙ্গে আমাদের ধ্যোগ-এইরূপে গীতায় ভূমার সঙ্গে মাসুষের সকল প্রকারের যোগকেই সম্পূর্ণ করিয়া দেখাইয়াছেন-একদা ৰঞ্জকাণ্ডের দ্বারা মামুষের যে চেষ্টা বিশ্বশক্তির সিংহ্লারে আদাত করিভেছিল গীতা তাহাকেও সত্য विषया मिथियाद्या ।

এইরপে ইতিহাসের নানা বিক্ষিপ্ততার মধ্য হইতে তথনকার কালের প্রতিভা যেমন একটি মৃলস্ত্র খুঁজিয়া বাহির করিরাছিল তেমনি বেদের মধ্য হইতেও তাহা একটি স্ত্রে উদ্ধার করিরাছিল ভাহাই ব্রহ্মস্ত্র। তথনকার ব্যাসের এও একটি কীতি। তিনি যেমন একদিকে ব্যক্তিকে রাধিরাছেন আর-একদিকে ত্রেমনি সমষ্ট্রকেও প্রত্যক্ষণোচর করিরাছেন; তাঁহার সংকলন কেবল আরোজনমাত্র নহে তাহা সংযোজন, শুধু সঞ্চয় নহে তাহা পরিচয়। সমস্ত বেদের নানা পথের ভিতর দিরা মান্তবের চিত্তের একটি সন্ধান ও একটি লক্ষ্য দেখিতে পাওরা বায়—তাহাই বেদান্ত। তাহার মধ্যে একটি হৈতেরও দিক আছে একটি অহৈতেরও দিক আছে কারণ এই চুইটি দিক ব্যতীত কোনো একটি দিকও সভ্য হইতে পারে না। লজিক ইহার কোনো সমন্বর পায় না. এইজন্ম বেধানে ইহার সমন্বর সেধানে ইহাকে অনির্বচনীয় বলা হয়। ব্যাসের রক্ষাস্ত্রে এই বৈত অহৈত ছুই দিককেই রক্ষা করা হইরাছে। এই জন্ম পরবর্তীকালে এই একই রক্ষাস্ত্রেকে লজিক নানা বাদ বিবাদে বিভক্ত করিতে পারিয়াছে। ফলত রক্ষাস্ত্রে আর্থমর্মের মূলভন্থটি দারা সমস্ত আর্থমর্মনান্ত্রকে এক আলোকে আলোকিত করিবার চেষ্টা করা হইয়াছে। কেবল আর্থমর্ম কেন সমস্ত মানবের ধর্মের ইহাই এক আলোক।

এইরপে নানা বিরুদ্ধতার বারা পীড়িত আর্যপ্রকৃতি একদিন আপনার সীমা নির্বয় করিয়া আপনার মৃল ঐক্যটি লাভ করিবার জন্ত একান্ত যত্তে প্রবৃত্ত হইয়াছিল তাহার লক্ষণ স্পষ্টই দেখিতে পাওয়া যায়। তাই, আর্য জাতির বিধিনিষেধগুলি যাহা কেবল শ্বতিরপে নানাস্থানে ছড়াইয়া ছিল এই সময়ে তাহাও সংগৃহীত হইয়া লিপিবদ্ধ হইতে লাগিল।

আমরা এই বে মহাভারতের কথা এখানে জালোচনা করিলাম ইহাকে কেহ বেন কালগত যুগ না মনে করেন—ইহা ভাবগত যুগ—অর্থাং আমরা কোনো একটি সংকীর্ব কালে ইহাকে বিশেষভাবে নির্দিষ্ট করিতে পারি না। বেজিযুগের যথার্থ আরম্ভ কবে তাহা স্কুল্পটরূপে বলা অসম্ভব—শাকাসিংহের বহু পূর্বেই যে তাহার আয়োজন চলিতেছিল এবং ওাহার পূর্বেও যে অন্ত বৃদ্ধ ছিলেন তাহাতে সন্দেহ নাই। ইহা একটি ভাবের ধারাপরম্পরা যাহা গোঁতমবৃদ্ধে পূর্ব পরিণতি লাভ করিয়াছিল। মহাভারতের যুগও তেমনি কবে আরম্ভ তাহা দ্বির করিয়া বলিলে ভূল বলা হইবে। পূর্বেই বলিয়াছি সমাজের মধ্যে ছড়ানো ও কুড়ানো এক সন্দেই চলিতেছে। যেমন পূর্ব-মীমাংসা ও উত্তর মীমাংসা। ইহা যে পুরাতন পক্ষ ও নৃতন পক্ষের বোরালড়া তাহাতে সন্দেহ নাই। একপক্ষ বলিতেছেন যেসকল মন্ত ও কর্মকাও চলিয়া আসিয়াছে তাহা অনাদি, তাহার বিশেষ গুণবাণতই তাহার বারাই চরমসিদ্ধি লাভ করা যায়। অপর পক্ষ বলিতেছেন জ্ঞান ব্যতীত আরু কোনো উলারে মুক্তি নাই। যে তুই গ্রন্থ আলার করিয়া এই তুই মত বর্তমানে প্রচলিত আছে তাহার রচনাকাল যখনই ইট্টক এই মতবৈধ যে অতি পুরাতন তাহা নিঃসন্দেহ স্কুল্প আর্বসমান্ধের যে উত্তম আলানার সামগ্রাগুলিকে বিশেষভাবে

সংগৃহীত ও শ্রেণীবদ্ধ করিতে প্রবৃত্ত হইরাছে এবং বাহা স্থানিকাল ধরিরা ভিন্ন ভিন্ন
পুরাণ সংকলন করিয়া স্বজাতির প্রাচীন পণ্টকে চিহ্নিত করিয়া আসিয়াছে ভাহা বিশেষ
কোনো সময়ে সীমাবদ্ধ নছে। আর্থ অনার্থের চিরন্তন সংমিশ্রণের সন্দে সন্দেই
ভারতবর্ধের এই তুই বিশ্বদ্ধ শক্তি চিরকালই কাজ করিয়া আসিয়াছে; ইহাই আমাদের
বক্তব্য।

এकश (कह रंघन ना मतन करतन रव अनार्वता आयामिशरक मिवात ये कारना জিনিস দেয় নাই। বন্ধত প্রাচীন জাবিড়গণ সভ্যতার হীন ছিল না। তাহাদের সহযোগে হিন্সভাতা, রূপে বিচিত্র, ও রুসে গভীর হইয়াছে। দ্রাবিড় তম্বজানী ছিল না কিন্তু কল্পনা করিতে, গান করিতে এবং গড়িতে পারিত। কলাবিভার ভাহারা নিপুণ ছিল এবং ভাহাদের গণেশ দেবভার বধু ছিল কলাবধু। আর্বদের বিশুদ্ধ ভদ্মানের সঙ্গে দ্রাবিড়ের রসপ্রবণতা ও রূপোদ্ভাবনী শক্তির সংমিশ্রণ-চেষ্টার একটি বিচিত্র সামগ্রী গড়িয়া উঠিয়াছে। ভাহা সম্পূর্ণ আর্থও নহে সম্পূর্ণ অনার্থও নহে, ভাহাই হিন্দু। এই ছুই বিরুদ্ধের নিরম্ভর সমন্বয়প্রয়াসে ভারতবর্ষ একটি আশ্চর্য সামগ্রী পাইয়াছে। তাহা অনস্তকে অস্তের মধ্যে উপলব্ধি করিতে শিধিয়াছে এবং ভূমাকে প্রাভাহিক জীবনের সমস্ত তুচ্ছতার মধ্যেও প্রত্যক্ষ করিবার অধিকার লাভ করিয়াছে। এই কারণেই ভারতবর্ষে এই তুই বিশ্বন্ধ ষেধানে না মেলে সেধানে মৃঢ়ভা ও অন্ধ সংস্থারের আর অন্ত থাকে না; যেখানে মেলে সেখানে অনস্তের অন্তহীন রসরূপ আপনাকে অবাধে সর্বত্র উদ্ঘাটিত করিয়া দেয়। এই কারণেই ভারতবর্ষ এমন একটি জিনিস পাইয়াছে যাছাকে ঠিক্মত ব্যবহার করা সকলের সাধ্যায়ত্ত নহে, এবং ঠিক্মত ব্যবহার করিতে না পারিলে যাহা জাতির জীবনকে মৃতৃতার ভারে ধূলিলুম্ভিত করিয়া দেয়। আর্থ ও স্রাবিড়ের এই চিত্তবৃত্তির বিরুদ্ধতার সন্মিলন ধেখানে সিদ্ধ হইয়াছে সেখানে সৌন্দর্য জাগিয়াছে, যেখানে হওয়া সম্ভবপর হয় নাই সেধানে কদর্যতার সীমা দেখি না। একথাও মনে রাখিতে হইবে শুধু দ্রাবিড় নছে, বর্ষর অনার্যদের সামগ্রীও একদিন দার খোলা পাইয়া অসংকোচে আর্থসমাজে প্রবেশলাভ করিয়াছে। এই অন্ধিকার প্রবেশের বেছনাবোধ বছকাল ধরিয়া আমাদের সমাজে স্থতীত্র হইয়া ছিল।

যুদ্ধ এখন বাহিরে নছে যুদ্ধ এখন দেছের মধ্যে—কেননা আন্ত্র এখন আরীরের মধ্যেই প্রবেশ করিরাছে, শত্রু এখন দরের ভিতরে। আর্থ সভ্যভার পক্ষে প্রাহ্মণ এখন একমাত্র। এই অন্ত এই সময়ে বেদ যেমন অল্রান্ত ধর্মশান্ত্ররূপে সমাজভিতির সেতৃ ছইয়া দাঁড়াইল, আহ্মণও সেইরূপ সমীজে সর্বোচ্চ পূজাপদ গ্রহণের চেষ্টা করিভে লাগিল। ভ্রথনকার প্রাণে ইতিহাসে কাব্যে সর্বত্রই এই চেষ্টা এমনি প্রবল আক্রান্তে প্রাণ্থন

প্রকাশ পাইতেছে বে, স্পষ্টই বুঁঝা যায় বে ভাষা একটা প্রতিকৃপতার বিক্লবে প্রয়াস, ভাষা উপ্লানস্রোভে গুণটানা, এই ক্লক্ত গুণবন্ধন অনেকগুলি এবং কঠিন টানের বিরামমাত্র নাই। বান্ধণের এই চেষ্টাকে কোনো একটি সম্প্রদায়বিশেষের স্বার্থসাধন ও ক্ষমতালাভের চেষ্টা মনে করিলে ইভিহাসকে সংকীর্ণ ও মিধ্যা করিয়া দেখা হয়। এ চেষ্টা ভবনকার সংকটগ্রন্থ- আর্থজাভির স্বস্করের চেষ্টা। ইহা আত্মরক্ষার প্রাণপণ প্রয়ন্থ। ভবন সমস্ত সমাজের গোকের মনে ব্যক্ষণের প্রভাবকে সর্বভোভাবে অক্স্প্প করিয়া তুলিতে না পারিলে যাহা চারিদিকে ভাঙিয়া পড়িভেছিল ভাছাকে স্কৃড়িয়া তুলিবার কোনো উপায় ছিল না।

এই অবস্থায় বান্ধণদের তুইটি কাজ হইল। এক, পূর্বধারাকে রক্ষা করা, আর এক, নৃতনকে তাহার সহিত মিলাইয়া লওয়া। জীবনীপ্রক্রিয়ার এই তুইটি কাজই তথন অত্যন্ত বাধাগ্রন্ত হইয়া উঠিয়াছিল বলিয়াই বান্ধণের ক্ষমতা ও অধিকারকে এমন অপরিমিত করিয়া ভূলিতে হইয়াছিল। অনাধ্দেবতাকে বেদের প্রাচীন মঞ্চে তুলিয়া লওয়া হইল, বৈদিক কল্প উপাধি গ্রহণ করিয়া শিব আর্থ-দেবতার দলে স্থান পাইলেন। এইয়পে ভারতবর্বে সামাজিক মিলন ব্রন্ধা বিষ্ণু মহেশবে রূপ গ্রহণ করিল। ব্রন্ধার আর্থকাল, বিষ্ণুতে মধ্যাহ্নকাল, এবং শিবে ভাহার শেষ পরিণ্ডিয় রূপ রহিল।

শিব যদিচ কন্দ্রনামে আর্থসমান্তে প্রবেশ করিলেন তথাপি তাঁহার মধ্যে আর্থ ও আনার্থ এই তুই মৃতিই শুভন্ন হইরা রহিল। আর্থের দিকে তিনি যোগীখর, কামকে ভশ্ম করিয়া নির্বাণের আনন্দে নিমন্ধ, তাঁহার দিপ্রাস সন্মাসীর ত্যাগের লক্ষণ; অনার্থের দিকে তিনি বীভংস, রক্তাক্ত গঞ্চাজিনধারা গঞ্জিকা ও ভাং ধৃত্রায় উন্মন্ত। আর্থের দিকে তিনি বৃদ্ধেরই প্রতিরূপ এবং সেই ব্লপেই তিনি সর্থন্ন সহজেই বৃদ্ধমন্দিরসকল অধিকার করিতেছেন; অক্সদিকে তিনি ভূত প্রেত প্রভৃতি শ্বশানচর সমস্ত বিভাবিকা এবং সর্পপূজা, র্যপূজা, রৃষ্পৃজা, লিম্পৃজা প্রভৃতি আত্মসাৎ করিয়া সমাজের অন্ধর্গত অনার্থদের সমস্ত তামসিক উপাসনাকে আশ্রেম্ব দান করিতেছেন। একদিকে প্রবৃত্তিকে শাস্ত করিয়া নির্দ্ধনে ধ্যানে জপে জাঁহার সাধনা; অক্সদিকে চড়কপৃজা প্রভৃতি ব্যাপারে নিজেকে প্রমন্ত করিয়া ভূলিয়া ও শ্রীরকে নানা প্রকারে ক্লেশে উত্তেজিত করিয়া নিদাক্রণভাবে তাঁহার আরাধনা।

এইরপে আর্থ অনার্ধের ধারা গলাযমুনার মতো একত্র হইল ভবু ভাছার চুই রং পাশাপান্দি রছিরা গেল। এইরপে বৈষ্ণব ধর্মের মধ্যেও রুফের নামকে আঞ্রয় করিয়া বেসমস্ত কাছিনী প্রবেশ করিল ভাছা পাগুবসধা ভাগবভধর্মপ্রবর্তক বীরশ্রেষ্ঠ দারকা-পুরীর প্রীরুক্ষের কথা নছে। বৈষ্ণব ধর্মের একলিকে ভগবদ্দীভার বিশ্বদ্ধ অবিমিশ্র উচ্চ ধর্মতম্ব রহিল, আর-একদিকে অনার্য আভীর গোপজাতির লোকপ্রচলিত দেবলীলার বিচিত্র কথা তাহার সহিত যুক্ত হইল। শৈবধর্মকে আশ্রম করিয়া যে জিনিসগুলি মিলিত হইল তাহা নিরাভরণ এবং নিদারুণ; তাহার লান্তি এবং তাহার মন্ততা তাহার স্থাপুবং অচল স্থিতি এবং তাহার উদ্ধাম তাগুবনৃত্য উভন্নই বিনাশের ভাবস্বাটকে আশ্রম করিয়া গাঁথা পড়িল। বাহিরের দিকে তাহা আসক্তিবন্ধন ছেদন ও মৃত্যু, শক্তরের দিকে তাহা একের মধ্যে বিলয়—ইহাই আর্য-সভ্যতার অবৈভস্তা। ইহাই নেতি নেতির দিক—ত্যাগ ইহার আভরণ, শ্মশানেই ইহার বাস। বৈষ্ণব ধর্মকে আশ্রম করিয়া লোকপ্রচলিত যে পুরাণকাহিনী আর্বসমাজে প্রতিষ্ঠিত হইল, তাহার মধ্যে প্রেমের, সৌন্দর্যের এবং যৌবনের লীলা; প্রলয়পিনাকের স্থলে সেখানে বালির ধ্বনি; ভূতপ্রেভের স্থলে সেখানে গোলিনীদের বিলাস; সেখানে বৃন্দাবনের চিরবসস্ত এবং গোলোকধামের চির-ঐশ্র্য; এইখানে আর্যসভ্যতার বৈতস্ত্র।

একটি কথা মনে রাখা আবক্তক। এই যে আজীরসম্প্রদায়-প্রচলিত ক্লফকথা বৈষ্ণবধর্মের সহিত মিদিরা গিয়াছে তাহার কারণ এই যে, এখানে পরস্পর মিদিবার একটি সত্যপথ ছিল। নারক নারিকার সম্বন্ধকে জীব ও ভগবানের সম্বন্ধের রূপক ভাবে পৃথিবীর নানাস্থানেই মান্ত্র্য স্বীকার করিয়াছে। আর্যবৈষ্ণব ভক্তির এই তত্ত্বটিকে অনার্থদের কাহিনীর সঙ্গে মিলিত করিয়া সেইসমন্ত কাহিনীকে একটি উচ্চতম সত্যের মধ্যে উত্তীর্ণ করিয়া লইল। অনার্থের চিত্তে যাহা কেবল রসমাদকতারূপে ছিল আর্য তাহাকে সত্যের মধ্যে নিত্যপ্রতিষ্ঠ করিয়া দেখিল—তাহা কেবল বিশেষ জ্বাতির বিশেষ একটি প্রাণকথারূপে রহিল না, তাহা সমন্ত মানবের একটি চিরন্তন আধ্যাত্মিক সত্যের রূপকরূপে প্রকাশ পাইল। আর্য এবং ফ্রাবিডের সন্মিলনে এইরূপে হিন্স্সভ্যতার সত্যের সহিত রূপের বিচিত্র সন্মিলন ঘটিয়া আসিয়াছে—এইখানে জ্বানের সহিত রুসের, একের সহিত বিচিত্রের অন্তর্যন্ত সংযোগ ঘটিয়াছে।

আর্থসমাজের মূলে পিতৃশাসনতন্ত্র, জনার্থসমাজের মূলে মাতৃশাসনতন্ত্র। এইজন্তু বেদে দ্রীদেবভার প্রাধান্ত নাই। আর্থসমাজে জনার্থপ্রভাবের সঙ্গে এই দ্রীদেবভাদের প্রাতৃভাব ঘটিতে লাগিল। তাহা লইয়াও যে সমাজে বিস্তর বিরোধ ঘটিয়াছে প্রাকৃত সাহিত্যে তাহার নিদর্শন দেখিতে পাওয়া যায়। এই দেবীভদ্রের মধ্যেও একদিকে হৈমবতী উমার স্থাভনা আর্থমূর্তি অক্তদিকে করালী কালিকার কপালমালিনী বিবসনা জনার্থমূর্তি।

কিছ সমন্ত অনার্থ অনৈক্যকে ভাষার সমস্ত কল্পনাকাছিনী আচার ও পূজাপছতি লইয়া আর্থভাবের ঐক্যস্তে আছোপান্ত মিলিভ করিয়া ভোলা কোনোমভেই সম্ভব্পর हम ना—जाहात সমস্তটাকেই तका कतिए গেলে जाहात মধ্যে में अहम व्यवस्थित वाक्रिया याय। এই সমস্ত অসংগতির কোনোপ্রকার সমধ্য হর না— কেবল কালক্রমে তাছা অভ্যন্ত হইয়া যায় মাত্র। এই অভ্যাসের মধ্যে অসংগতিগুলি একত্র বাকে, তাহাদের মিলিত করিবার প্রয়োজনবোধও চলিরা যায়। তবন ধীরে ধীরে এই নীতিই সমাজে প্রবল হইয়া উঠে যে, যাহার যেরপে শক্তি ও প্রবৃত্তি সে সেইরপ পূজা আচার লইয়াই থাক। ইহা একপ্রকার হাল ছাড়িয়া দেওয়া নীতি। যথন বিক্রম্ভলিকে পাশে রাখিতেই হইবে অবচ কোনো মতেই মিলাইতে পারা যাইবে না, তথন এই কথা ছাড়া অন্ত কথা হইতেই পারে না।

্রইরপে বৌদ্ধগ্রের প্রলয়াবসানে বিপর্যন্ত সমাজ্যের নৃতন পুরাতন সমস্ত বিচ্ছিন্ন
পদার্থ লইয়া আহ্মণ বেমন করিয়া পারে সেগুলিকে সাঞ্জাইয়া শৃঞ্জলাবদ্ধ করিতে বসিল।
এমন অবস্থায় স্বভাবতই শৃঞ্জল অভ্যন্ত কঠিন হইয়া উঠে। যাহারা স্বতই স্বতন্ত, যাহারা
নানা জ্বাভির নানা কালের সামগ্রী, তাহাদিগকে এক করিয়া বাঁধিতে গেলে বাঁধন অভ্যন্ত
আঁট করিয়া রাখিতে হয়—ভাহারা জীবনধর্মের নিয়ম অনুসারে আপনার যোগ আপনিই
সাধন করে না।

ভারতবর্ধে ইভিহাসের আরম্ভবৃগে যথন আর্থ অনার্ধে যুদ্ধ চলিতেছিল তথন তুই পক্ষের মধ্যে একটা প্রবল বিরোধে ছিল। এই প্রকার বিরোধের মধ্যেও এক প্রকারের সমকক্ষতা থাকে। মাহ্মর বাহার সংশ লড়াই করে ভাহাকে তীব্রভাবে বেষ করিতে পারে কিন্তু তাহাকে মনের সঙ্গে অবজ্ঞা করিতে পারে না। এই জ্বল্ল ক্ষান্তেরেরা অনার্ধের সহিত যে্মন লড়াই করিয়াছে তেমনি তাহাদের সহিত মিলিতও হইয়াছে। মহাভারতে ক্ষান্তিয়দের বিবাহের কর্দ ধরিলেই তাহা বুঝা ঘাইবে।

কিন্তু ইতিহাসের পরবর্তী বুগে যখন আর-একদিন অনার্য বিরোধ তীত্র হইরা উঠিয়াছিল অনার্যরা ভখন আর বাহিরে নাই তাহারা একেবারে ঘরে চুকিয়া পড়িয়াছে। স্থতরাং তখন যুদ্ধ করিবার দিন আর নাই। এই জন্তু সেই অবস্থায় বিহের একাস্ত একটা ঘুণার আকার ধরিয়াছিল। এই খুণাই তখন অন্ত্র। ঘুণার ঘারা মাস্থ্যকে কেবল যে দ্রে ঠেকাইয়া রাখা যায় তাহা নছে, যাহাকে সকল প্রকারে খুণা করা যায় তাহারও মন আপনি খাটো হইয়া আসে; সেও আপনার হীনতার সংকোচে সমাজ্যের মধ্যে কৃত্তিত হইয়া থাকে; যেখানে সে থাকে লেখানে সে কোনোক্রপ অধিকার দাবি করে না। এইক্রপ যখন সমাজ্যের একভাগ আপনাকে নিকৃত্ত বলিয়াই স্থাকার করিয়া লয় এবং আর-একভাগ আপনার আধিপত্যে কোনো বাধাই পার না—তখন নিচে সে যতই অবনত হয় উপরে যে থাকে সেও ভতাই নামিয়া পড়িতে থাকে। ভারতবর্ষে

जाजा श्रापात पान किया एक जार्वि दिव किया अवर जाजा नरको हत्य विकास জাগিল উহার মধ্যে অত্যন্ত প্রভেদ। প্রথম বিষেষের সমতলটানে মন্ত্রাত্ব থাড়া থাকে দ্বিতীয় বিশ্বেষের নিচের টানে মহয়ত্ব নামিয়া যায়। যাছাকে মারি সে যথন কিরিয়া মারে তখন মাজুষের মঞ্জ, বাহাকে মারি সে যখন নীরবে সে মার মাধা পাতিয়া লয় তখন বড়ো হুৰ্গতি। বেদে অনাৰ্যদের প্ৰতি যে বিষেষ প্ৰকাশ আছে তাহার মধ্যে পৌক্ষৰ দেখিতে পাই, মহুসংহিতায় শুদ্ৰের প্রতি ষে একান্ত অক্যায় ও নিষ্ঠুর অবজ্ঞা দেখা ষায় তাহার মধ্যে কাপুরুষতারই লক্ষণ ফুটিয়াছে। মান্ত্রের ইতিহাসে সর্বত্রই এইরপ ঘটে। ষেধানেই কোনো একপক্ষ সম্পূর্ণ একেশ্বর হয়, ষেধানেই ভাহার সমকক্ষ ও প্রতিপক্ষ কেহই থাকে না, সেধানেই কেবল বন্ধনের পর বন্ধনের দিন আসে, সেধানেই একেশ্বর প্রভূ নিজের প্রভাপকে সকল দিক হইডেই সম্পূর্ণ বাধাহীনরূপে নিরাপদ করিতে গিয়া নিজের প্রতাপই নত করিয়া ফেলে। বল্পত মাহুষ ষেধানেই মাহুষকে ঘুণা করিবার অপ্রতিহত অধিকার পায় সেখানে যে মাদক বিষ ভাহার প্রকৃতির মধ্যে প্রবেশ করে তেমন নিদারুণ বিষ মাহুষের পক্ষে আর কিছুই হইতে পারে না। আর্থ ও অনার্য, ত্রাহ্মণ ও শুদ্র, যুরোপীয় ও এসিয়াটিক, আমেরিকান ও নিগ্রো, ষেধানেই এই ঘুৰ্ঘটনা ঘটে সেখানেই তুই পক্ষের কাপুক্ষণতা পুঞ্জীভূত হইয়া মামুষের সর্বনাশকে ঘনাইয়া আনে। বরং শক্ততা শ্রেষ, কিন্তু ঘুণা ভয়ংকর।

ব্রাহ্মণ একদিন সমন্ত ভারতবর্ষীয় সমাজের একেশ্বর হইয়া উঠিল এবং সমাজবিধি সকলকে অত্যন্ত কঠিন করিয়া বাঁধিল। ইতিহাসে অত্যন্ত প্রসারণের যুগের পর অত্যন্ত সংকোচনের যুগ স্বভাবতই ঘটল।

বিপদ হইল এই যে, পূর্বে সমাজে ব্রাহ্মণ ও ক্ষজ্রিয় এই তুই লক্তি ছিল। এই তুই লক্তির বিক্ষরতার যোগে সমাজের গতি মধ্যপথে নিয়ন্তিত হইতেছিল; এখন সমাজে সেই ক্ষত্রিয়শক্তি আর কাজ করিল না। সমাজের অনার্থশক্তি ব্রাহ্মণশক্তির প্রতি-যোগীরূপে দাঁড়াইতে পারিল না—ব্রাহ্মণ তাছাকে অবজ্ঞার সহিত স্বীকার করিয়া লইয়া আপন পরাভবের উপরেও জয়তম্ভ স্থাপিত করিল।

এদিকে বাহির হইতে যে বীর জাতি এক সময়ে ভারতবর্ষে প্রবেশ করিয়া রাজপুত
নামে ভারতবর্ষের প্রায় সমস্ত সিংহাসনগুলিই অধিকার করিয়া লইয়াছে, রাজ্মনগণ
অক্যান্ত অনার্যদের ক্রায় ভাহাদিগকেও বীকার করিয়া লইয়া একটি ক্লন্তিম ক্ষত্রিয়
জাতির সৃষ্টি করিল। এই ক্ষত্রিয়গণ বৃদ্ধিপ্রকৃতিতে ব্রাহ্মনদের সমকক্ষ নহে। ইহারা
প্রাচীন আর্থ ক্ষত্রিয়দের ক্রায় সমাজের সৃষ্টিকার্ষে আপন প্রতিভা প্রয়োগ করিতে পারে
নাই, ইহারা সাহস ও বাহবল লইয়া ব্রাহ্মনশক্তির সহায় ও অন্তবর্তী হইয়া বন্ধনকে দৃঢ়
করিবার দিকেই সম্পূর্ণ যোগ দিল।

खक्रण व्यवश्रात्र कथताहे मयात्वत्र अवन ठिक पाकिए भारत ना। व्याख्यमादात भव একেবারে অবশব্দ হইয়া একমাত্র আত্মরক্ষণীশক্তি সংকোচের দিকেই যথন পাকের পর পাক জড়াইয়া চলে তখন জাতির প্রতিভা ক্ষুভি পাইতে পারে না। কারণ সমাব্দের এই বন্ধন একটা ক্লব্ৰিম পদাৰ্থ; এইব্লপ শিকল দিয়া বাধার দারা কখনো কলেবর গঠিত हम ना। देशां एक दनहें वः भाष्ट्रकाम का जित्र माधा का त्नत धर्म का ता अ को वानत ধর্মই হ্রাস পাম; এরপ জাতি চিস্তাম ও কর্মে কর্তৃত্বভাবের আযোগ্য হইয়া পরাধীনতার জন্তই সৰ্বতোভাবে প্ৰস্তুত ছইতে থাকে। আৰ্বইতিহাসের প্ৰথম বুগে যথন সমাজের অভ্যাদ-প্রবণতা বিস্তর বাহিরের জিনিস জমাইয়া তুলিয়া চলিবার পথ বন্ধ করিয়া मिटलिंग ज्यन नगात्मत्र िखवृष्टि लाहात मत्या निमा अत्याद भय नमान कतिया এर वहर वाथा हहेए जाननारक मुक कविद्याहिन। जाज अन्य जमार उपनि जार এकिन व्यांत्रियाह। व्याख्य वाहित्यत्र खिनिम ब्याये व्यानक विश्व व्याये ভাহা আমাদের জাতির চিম্ভকে ভারগ্রন্ত করিয়া দিভেছে। অবচ সমাজে সুদীর্ঘকাল ধরিয়া যে একমাত্র শক্তি আধিপতা করিতেছে তাহা রক্ষণীশক্তি। তাহা যা-কিছু আছে তাহাকেই রাধিয়াছে, যাহা ভাঙিয়া পড়িতেছে তাহাকেও জমাইতেছে, যাহা উড়িয়া আসিয়া পড়িতেছে তাহাকেও কুড়াইতেছে। জ্বাতির জীবনের গতিকে এইসকল অভ্যাসের জড়সঞ্চয় পদে পদে বাধা না দিয়া থাকিতে পারে না; ইহা माष्ट्रदेव हिस्तात्क मःकौर्न ७ कर्मत्क मःक्ष कवित्वरे ;— मिर पूर्गि रहेर् वाहारेवाव सम् এইকালেই সকলের চেয়ে সেই চিন্তশক্তিরই প্রয়োজন হইরাছে যাহা জটিলভার মধ্য হইতে मदनारक, वाधिक जात्र मधा एट्रेंट व्यस्त्वदक अवः विक्रियजात्र मधा एट्रेंट अकरक वाधामुक कविषा वाहित कविरव। ज्यक जामारमत्र क्छांशाक्राम এই চিত्তमं क्रिक्ट অপরাধী করিয়া ভাহাকে সমাজ হাজার শিকলে কারাগারে বন্দী করিয়া রাখিয়াছে।

কিছ তবু এই বছনজর্জন চিত্ত একেবানে চুল করিয়া থাকিতে পারে না। সমাজের একান্ত আত্ম-সংকোচনের অচৈতন্তের মধ্যেও ভাহার আত্মপ্রসারণের উদ্বোধনচেন্তা ক্লেনে ব্রিয়াছে, জারভবর্বের মধ্য যুগে ভাহার দৃষ্টান্ত দেখিয়ছি। নানক করির প্রভৃতি শুক্রগণ সেই চেষ্টাক্কেই আকান দিয়াছেন। করিবের রচনা ও জীবন আলোচনা করিলে স্পষ্টই দেখা যার ভিনি ভারভবর্বের সমস্ত বাহ্ম আবর্জনাকে ভেদ করিয়া ভাহার অভ্যের শ্রেষ্ঠ সামগ্রীকেই ভারভবর্বের সভ্যসাধনা বলিয়া উলল্পি করিয়াছিলেন, এই জন্ম তাঁহার পথীকে বিশেবক্লপে ভারভবর্বের সভ্যসাধনা বলিয়া উলল্পি করিয়াছিলেন, এই জন্ম তাঁহার পথীকে বিশেবক্লপে ভারভবর্বির সভ্যসাধনা হালিয়াছিল বিশেষকলৈ ভারভবর্বির সভ্যসাধনা করিছে। বিপুল বিশিশ্বভা ও অসংলক্ষভার মধ্যে ভারত বে কোন্ নিভৃতে সভ্যে প্রতিষ্ঠিত আছেন তাহা বেন ধ্যানবালে ভিনি স্থুম্পেই দেখিতে গাইয়াছিলেন। সেই মধ্যযুদ্ধে পরে পরে বারবান্ব সেইক্লপ শুক্রই অভ্যান্য

হইয়াছে—তাঁহাদের একমাত্র চেষ্টা এই ছিল যাহা বোঝা হইয়া উঠিয়াছে তাহাকেই সোজা করিয়া তোলা। ইহারাই লোকাচার, শান্তবিধি, ও সমস্ত চিরাভ্যাসের ক্লম ঘারে করাঘাত করিয়া সভ্য ভারতকে তাহার বাহ্ বেষ্টনের অন্তঃপুরে জাগাইয়া তুলিতে চাহিরাছিলেন।

সেই যুগের এখনও অবসান হয় নাই, সেই চেষ্টা এখনও চলিতেছে। এই চেষ্টাকে কেহ রোধ করিতে পারিবে না; কারণ ভারতবর্ধের ইতিহাসে আমরা প্রাচীনকাল হইতেই দেখিয়াছি, জড়জের বিশ্বজে তাহার চিন্ত বরাবরই যুদ্ধ করিয়া আসিয়াছে;— ভারতের সমস্ত শ্রেষ্ঠ সম্পদ, তাহার উপনিষদ, তাহার গীতা, তাহার বিশ্বপ্রেমযুলক বৌদ্ধর্ম সমস্তই এই মহাযুদ্ধে জয়লন সামগ্রী; তাহার শ্রীকৃষ্ণ তাহার শ্রীরামচন্দ্র এই মহাযুদ্ধেরই অধিনায়ক; আমাদের চিরদিনের সেই মৃক্তিপ্রিয় ভারতবর্ধ বহুকালের জড়জের নানা বোঝাকে মাধায় লইয়া একই জায়গায় শতান্দীর পর শতান্দী নিশ্চল পড়িয়া থাকিবে ইহা কখনোই তাহার প্রকৃতিগত নহে। ইহা ভাহার দেহ নহে, ইহা ভাহার জীবনের আনন্দ নহে, ইহা তাহার বাহিরের দায়।

আমরা পূর্বেই বলিয়াছি, বছর মধ্যে আপনাকে বিক্ষিপ্ত করিয়া ফেলা ভারতবর্বের चिंचा नरह, मि अकरक भारेरिक हाम विनिम्ना वाल्नारक अस्कन्न मर्था मध्यक कर्नारे ভারতের সাধনা! ভারতের অম্বরতম সত্যপ্রকৃতিই ভারতকে এই সমস্ত নিরর্থক বাহুল্যের ভাষণ বোঝা হইতে বাঁচাইবেই! ভাহার ইতিহাস তাহার প্রকে যভই অসাধ্যরূপে বাধাসংকৃল করিয়া তুলুক না, ভাছার প্রতিভা নিজের শক্তিতে এই পর্বত-প্রমাণ বিম্নবৃাহ ভেদ করিয়াই বাহির হইয়া ষাইবে—যত বড়ো সমস্তা তত বড়োই তাহার তপস্তা হইবে। যাহা কালে কালে জমিয়া উঠিয়াছে তাহারই মধ্যে হাল ছাড়িয়া ডুবিয়া পড়িয়া ভারতবর্ষের চিরদিনের সাধনা এমন করিয়া চিরকালের মতো श्रव मानित्व ना। এরপ হার মানা যে মৃত্যুর পথ। যাহা যেখানে আসিয়া পড়িয়াছে ভাহা যদি ভদ্মাত্র সেখানে পড়িয়াই থাকিত তবে সে অসুবিধা কোনো মতে সহ্ করা যাইত—কিন্তু তাহাকে যে খোরাক দিতে হয়। জাতিমাত্রেরই শক্তি পরিমিত—সে अमन कथा यिन वरण या, यादा चार्छ अवः वादा चारम ममकारक है चामि निर्विहाद পুষিব তবে এত বক্তশোষণে ভাছার শক্তি ক্ষয় না হইয়া থাকিতে পারে না। যে সমাজ নিক্টকে বহন ও পোষণ করিতেছে উৎকৃষ্টকে সে উপবাসী রাখিতেছে তাছাতে जन्मर नारे। मृद्ध्य जन मृह्छा, दूर्वलंब जन दूर्वलंडा. जनार्यंव जन वीज्यन्छ। जनार्ज রক্ষা করা কর্তব্য এ কথা কানে ভবিতে মন্দ লাগে না কিন্তু জাতির প্রাণভাতার হইতে स्थन जारातः थाक त्यांगारेत्व रम जयन व्यांजित बारा किह्न त्यके खजाररे जाराम जांग

নষ্ট হয় এবং প্রত্যাহই জাতির বৃদ্ধি ত্র্বল ও বীর্ষ মৃতপ্রায় হইয়া জাসে। নীচের প্রতি যাহা প্রশ্রের উচ্চের প্রতি তাহাই বঞ্চনা;—কথনোই তাহাকে শ্রুদার্ঘ বলা যাইতে পারে না; ইহাই তামসিকতা—এবং এই তামসিকতা কখনোই ভারতবর্ষের সত্য সামগ্রী নহে।

বোরতর তুর্বোগের নিশীপ অভকারেও এই ভামসিকভার মধ্যে ভারতবর্ধ সম্পূর্ণ আত্মসমর্পণ করিয়া পড়িয়া থাকে নাই। যে সমস্ত অডুভ ত্বংস্বপ্নভার ভাছার বুক চাপিয়া নিশাস রোধ করিবার উপক্রম করিয়াছে ভাহাকে ঠেলিয়া কেলিয়া সরল সত্যের মধ্যে জাগিয়া উঠিবার জম্ম ভাহার অভিভূত চৈতক্ষও ক্ষণে ক্ষণে একাস্ত চেষ্টা করিয়াছে। আজ আমরা যে-কালের মধ্যে বাস করিতেছি সে কালকে বাহির হইতে সুস্পষ্ট করিয়া দেবিতে পাই না; তবু অভুভব করিডেছি ভারতবর্ষ আপনার সত্যকে, এককে, সামঞ্জতকে ফিরিয়া পাইবার জন্ম উত্যত হুইয়া উঠিয়াছে। নদীতে বাঁধের উপর বাঁধ পড়িয়াছিল, কতকাল হইতে তাহাতে আর স্রোভ ধেলিতেছিল না, আব্দ কোথায় তাহার প্রাচীর ডাঙিয়াছে - ভাই আজ এই স্থির জলে আবার ষেন মহাসমূত্রের সংশ্রব পारेग्राहि, प्यावाव एवन विस्पद स्थावाव छाठाव प्यानाशाना प्यावक रहेग्राहि। এখনই দেখা याष्ट्रेट्ट प्यामारमय नमछ नया छेन्यां मकीवक्रः शिक्षां निष्ठ बक्तव्यार्ट्य मखा একবার বিশের দিকে ছুটিতেছে একবার আপনার দিকে ফিরিতেছে, একবার সাৰ্বস্বাভিকতা ভাহাকে ঘরছাড়া করিতেছে একবার স্বান্ধাতিকতা ভাহাকে ঘরে ফিরাইয়া আনিতেছে। একবার সে সর্বত্বের প্রতি লোভ করিরা নিজত্বকে ছাড়িতে চাহিতেছে, আবার সে দেখিতেছে নিজম্বকে ছাড়িয়া রিক্ত হইলে কেবল নিজম্বই হারানো হয় সর্বম্বকে পাওয়া यात्र ना। कीवत्नत्र काक आत्रक रहेवात्र এই তো मक्कन। এমনি कत्रिया प्रे शंकार मर्था शिष्या मायथात्नव जला श्विष्ठ व्यामात्तव कालीव कीवत्न विक्रिल रहेवा याहेरव এবং এই कथा উপলব্ধি করিব যে স্বজাতির মধ্য দিরাই সর্বজাতিকে ও সর্বজাতির মধ্য দিয়াই স্বজাভিকে সভায়পে পাওয়া যায়,—এই কথা নিশ্চিভয়পেই বুঝিব ষে আপনাকে ত্যাগ করিয়া পরকে চাহিতে যাওয়া যেমন নিম্মল ভিক্কতা, পরকে ত্যাগ করিয়া আপনাকে কুঞ্চিভ করিয়া রাখা ডেমনি দারিজ্যের চরম তুর্গভি।

আত্মপরিচয়

আমাদের পরিচরের একটা ভাগ আছে, বাহা একেবারে পাকা— আমার ইচ্ছা অমুসারে বাহার কোনো নড়চড় হইবার জো নাই। তাহার আর একটা ভাগ আছে বাহা আমার বোপার্জিত— আমার বিছা ব্যবহার ব্যবসার বিশ্বাস অন্ধুসারে বাহা আমি বিশেষ করিয়া লাভ করি এবং বাহার পরিবর্তন ঘটা অসম্ভব নহে। বেমন মান্তবের প্রকৃতি; তাহার একটা দিক আছে বাহা মান্তবের চিরস্কন, সেইটেই তাহার ভিন্তি,— সেইবানে সে উদ্ভিদ ও পশুর সঙ্গে শতর, কিন্তু তাহার প্রকৃতির আর একটা দিক আছে বেবানে সে আপনাকে আপনি বিশেষভাবে গড়িয়া তুলিতে পারে—সেইবানেই একজন মান্তবের শান্তবের শান্তরের বাতয়া।

মানুষের প্রকৃতির মধ্যে সবই বদি চিরস্তন হয়, কিছুই বদি তাহার নিজে পড়িয়া লইবার না থাকে, আপনার মধ্যে কোথাও বদি সে আপনার ইচ্ছা থাটাইবার আয়গা না পায় তবে তো সে মাটির ঢেলা। আবার বদি তাহার অতীতকালের কোনো একটা চিরস্তন ধারা না থাকে তাহার সমস্তই বদি আকস্মিক হয় কিংবা নিজের ইচ্ছা অফুসারেই আগাগোড়া আপনাকে বদি তাহার রচনা করিতে হয় তবে সে একটা পাগলামি, একটা আকালকুসুম।

মান্নবের এই প্রকৃতি অন্নসারেই মান্নবের পরিচয়। তাছার থানিকটা পাকা থানিকটা কাঁচা, তাছার এক জারগার ইচ্ছা থাটে না আর এক জারগার ইচ্ছারই সজনশালা। মান্নবের সমস্ত পরিচয়ই বদি পাকা হয় অথবা ভাহার সমস্তই বদি কাঁচা হয় তবে তুইই তাছার পক্ষে বিপদ।

আমি যে আমারই পরিবারের মান্তব সে আমার ইচ্ছার উপর নির্ভর করে না।
আমার পরিবারের কেহ বা মাতাল, কেহ বা বিশ্বালয়ে পঞ্চর শ্রেণীতে আসিয়া ঠেকিয়া
গেল এবং লোকসমাজেও উচ্চশ্রেণীতে পণ্য হইল না। এই কারণেই আমি আমার
পারিবারিক পরিচয়টাকে একেবারে চাপিয়া যাইতে পারি কিছ ভাহা হইলে সভ্যকে
চাপা দেওয়া হইবে।

কিংবা হয়তো আমাদের পরিবারে পুরুষাস্ক্রমে কেছ কলনো ছাবড়ার পুরু পার হয় নাই কিংবা ছাইদিন অন্তর গরম জলে লান করিয়া আসিয়াছে, ভাই বলিয়া আমিও যে পুরু পার হইব না কিংবা লানসর্বন্ধে আমাকে কার্পণ্য করিভেই ছ্ইবে একথা মানা বায় না।

আবন্ধ, আমার সাত পুরুষে বাহা ঘটে নাই অন্তমপুরুষে আমি বদি ভাহাই করিরা বিসি, বদি হাবড়ার পুল পার হইরা বাই তবে আমার বংশের সমন্ত মাসীপিসী ও খুড়ো-জ্যেঠার বল নিশ্চরই বিক্ষারিত চক্তারকা ললাটের দিকে তুলিয়া বলিবে, "ভূই অমৃক গোন্ধিতে অনিরাও পুল পারাপারি করিতে শুকু করিয়াছিল! ইহাও আমাদিগকে চক্ষে দেখিতে হইল!" চাই কি লক্ষায় ক্ষোভে তাঁহামের এমন ইচ্ছাও হইতে পারে আমি পুলের অপর পারেই বরাষর থাকিয়া বাই কিন্তু তবু আমি যে সেই গোন্ধীরই ছেলে সে পরিচরটা পাকা। মা মাসীয়া রাগ করিয়া ভাহা খাকার না করিলেও পাকা, আমি নিক্ষে অভিমান করিয়া ভাহা অখাকার করিলেও পাকা। বস্তুত পূর্ব-পুরুষগত যোগটা নিতা, কিন্তু চলাক্ষেরাসম্বন্ধে অভাসটা নিতা নহে।

আমাদের দেশে বর্তমানকালে, কী বলিদ্বা আপনার পরিচন্ন দিব তাহা লইন্না অস্কত ব্রাহ্মসমান্দে একটা তর্ক উঠিদ্বাছে। অবচ এ তর্কটা রামমোহন রাম্নের মনের মধ্যে একেবারেই ছিল না দেবিতে পাই। এদিকে তিনি সমাজপ্রচলিত বিশাস ও পূজার্চনা ছাড়িয়াছেন, কোরান পড়িতেছেন, বাইবেল হইতে সতাধর্মের সারসংগ্রহ করিতেছেন, আতাম সাহেবকে দলে টানিয়া ব্রহ্মসভা স্থাপন করিয়াছেন; সমান্দে নিন্দান্ন কান পাতিবার জো নাই, তাঁহাকে সকলেই বিধর্মী বলিয়া গালি দিতেছে, এমন কি বদি কোনো নিরাপদ স্থ্যোগ মিলিত তবে তাঁহাকে মারিন্না কেলিতে পারে এমন লোকের অভাব ছিল না,—কিন্তু কী বলিদ্বা আপনার পরিচন্ন দিব সে বিষয়ে তাঁহার মনে কোনো দিন লেশমাত্র সংশব্ধ প্রতি নাই। কারণ হাজার হাজার লোকে তাঁহাকে অহিন্দু বলিলেও তিনি ছিন্দু এ সত্য যখন লোপ পাইবার নম্ন তখন এ সম্বন্ধে চিন্তা করিয়া সমন্ত্র করিবার কোনো দরকার ছিল না।

বর্তমানকালে আমরা কেছ কেছ এই লইয়া চিন্তা করিতে আরম্ভ করিয়াছি। আমরা বে কী, সে লইয়া আমাদের মনে একটা সন্দেহ জন্মিয়াছে। আমরা বলিতেছি আমরা আর কিছু নই আমরা রাজ। কিছু সেটা তো একটা ন্তন পরিচর হইল। সে পরিচরের শিক্ত ভো বেশি দূর যার না আমি হয়ভো কেবলমাত্র গভকল্য রাজসমাজে দীক্ষা লইয়া প্রবেশ করিয়াছি। ইহার চেরে পুরাতন ও পাকা পরিচরের ভিন্তি আমার কিছুই নাই ? অভীতকাল হইতে প্রবাহিত কোনো একটা নিত্য লক্ষ্ণ কি আমার মধ্যে একেবারেই বর্তায় নাই ?

এরপ কথনো সম্ভবই ছইডে গারে না। অভীতকে লোপ করিয়া দিই এমন সাধ্যই আমার নাই; স্থভরাং সেই অভীতের পরিচয় আমার ইচ্ছার উপর লেশমাত্র নির্ভর করিভেছে না।

কণা এই, সেই আমার অতীতের পরিচয়ে আমি হয়তো গৌরব বোধ করিতে না পারি। সেটা হঃবের বিষয়। কিন্তু এইরপ ষে-সকল গৌরব পৈতৃক তাহার ভাগবাঁটোয়ারা সক্ষে বিধাতা আমাদের সম্মতি লন না, এই সকল স্প্রিকার্যে কোনোরূপ ভোটের প্রথাও নাই। আমরা কেহ বা অর্থনির সম্রাট্যংশে জয়িয়াছি আবার কাহারও বা এমন বংশে জয় —ইতিহাসের পাতায় সোনালি অক্ষরে বা কালো অক্ষরে বাহার কোনো উল্লেখমাত্র নাই। ইহাকে জয়াস্তরের কর্মকল বলিয়াও কথঞিৎ সান্তনালাভ করিতে পারি অথবা এ সক্ষমে কোনো গভীর তত্বালোচনার চেষ্টা না করিয়া ইহাকে সহজে স্বীকার করিয়া গেলেও বিশেষ কোনো কৃতি নাই।

অতএব, আমি হিন্দু এ কথা বলিলে যদি নিতান্তই কোনো লচ্ছার কারণ থাকে তবে সে লচ্ছা আমাকে নিঃশব্দে হজম করিভেই ছইবে। কারণ, বিধাতার বিরুদ্ধে নালিশ করিতে হইলে সেই আপিলজাদালভের জ্বজ্ব পাইব কোধার ?

ব্রাক্ষসমাজ্যের কেছ কেছ এ সম্বন্ধে এইরপ তর্ক করেন যে, ছিন্দু বলিয়া নিজ্ঞের পরিচয় দিলে মুসলমানের সঙ্গে আমার যোগ অস্বীকার করা হয়, তাহাতে ঔদার্থের ব্যাঘাত ঘটিয়া থাকে।

বস্তুত পরিচয়মাত্রেরই এই অস্থবিধা আছে। এমন কি, যদি আমি বলি আমি কিছুই না, তবে যে বলে আমি কিছুই, ভাছার সঙ্গে পার্থক্য ঘটে; হয়তো সেই স্ব্রেই তাহার সঙ্গে আমার মারামারি লাঠালাঠি বাধিয়া যাইতে পারে। আমি যাহা এবং আমি যাহা নই এই তুইয়ের মধ্যে একটা বিচ্ছেদ আছে—পরিচয়মাত্রই সেই বিচ্ছেদেরই পরিচয়।

এই বিচ্ছেদের মধ্যে হয়তো কোনো একপক্ষের অপ্রিয়তার কারণ আছে। আমি রবীন্দ্রনাথ ঠাকুর বলিয়াই হয়তো কোনো একজন বা একদল লোক আমার প্রতি থড়গছন্ত হইতে পারে। এটা যদি আমি বাছনীয় না মনে করি তবে আমার সাধামতো আমার তরক হইতে অপ্রিয়তার কারণ দূর করিতে চেষ্টা করাই আমার কর্তবা—যদি এটা কোনো সংগত ও উচিত কারণের উপর নির্তর না করে, যদি অক্ষসংস্থারমাত্র হয়, তবে আমার নামের সঙ্গে গঙ্গে এই অহেতৃক বিষেবটুক্কেও আমার বহন করিতে হইবে। আমি রবীক্রনাথ নই বলিয়া শান্তিশ্বাপনের প্রয়াসকে কেহই প্রশংসা করিতে পারিবে না।

ইহার উত্তরে তর্ক উঠিবে, ওটা তুমি ব্যক্তিবিশেষের কথা বলিলে। নিজের ব্যক্তিগত দায়িত্ব ও অস্থবিধা স্বতন্ত কথা—কিন্ত একটা বড়ো জাতির বা স্প্রেদারের সমস্ত দার আমারী সম্বত নহে স্থতরাং বদি ভাছা অপ্রিয় হয় তবে ভাছা জামি নিঃসংকোচে বর্জন করিতে পারি। আছা বেশ, মনে করা যাক, ইংরেজ এবং আইরিশ; ই'রেজের বিক্লছে আইরিশের হরতো একটা বিজেষের ভাব আছে এবং তাহার কারণটার জন্ম কোনো একজন বিশেষ ইংরেজ ব্যক্তিগতভাবে বিশেষরূপে দারী নহে; তাহার পূর্বপিতামহেরা আইরিশের প্রতি অন্তায় করিরাছে এবং সম্ভবত এখনও অধিকাংশ ইংরেজ সেই অন্তায়ের সম্পূর্ণ প্রতিকার-করিতে অনিজুক। এমন ছলে যে ইংরেজ আইরিশেন প্রতি সহায়ভূতি প্রকাশ করিতে ইচ্ছা করেন তিনি আইরিশকে ঠাণ্ডা করিয়া দিবার জন্ম বলেন না আমি ইংরেজ নই; তিনি বাক্যে ও ব্যবহারে জানাইতে থাকেন তোমার প্রতি আমার সম্পূর্ণ সহায়ভূতি আছে। বস্তুত এরপ স্থলে স্বজাতির অধিকাংশের বিরুদ্ধে আইরিশের পক্ষ প্রত্যাতে স্বজাতির নিকট হইতে দণ্ডভোগ করিতে হইবে, তাঁহাকে সকলে গালি দিবে, তাঁহাকে Little Englander-এর দলভূক্ত ও স্বজাতির গোরবনাশক বলিয়া সকলে নিন্দা করিবে, কিন্তু তবু এ কথা তাঁহাকে বলা সাজিবে না, আমি ইংরেজ নহি।

তেমনি হিন্দুর সঞ্চে মুসলমানের যদি বিরোধ থাকে, তবে আমি হিন্দু নই বলিয়া সে বিরোধ মিটাইবার ইচ্ছা করাটা অত্যস্ত সহজ্ঞ পরামর্শ বলিয়া শোনার কিন্তু তাহা সত্য পরামর্শ নহে। এই জক্তই মে পরামর্শে সত্য ফল পাওয়া যার না। কারণ, আমি হিন্দু নই বলিলে হিন্দু মুদলমানের বিরোধটা যেমন তেমনই থাকিয়া যার, কেবল আমিই একলা তাহা হইতে পাল কাটাইয়া আসি।

এন্থলে অপর পক্ষে বলিবেন, আমাদের আসল বাধা ধর্ম লইয়া। হিন্দুসমাঞ্চ
যাহাকে আপনার ধর্ম বলে আমরা ভাহাকে আপনার ধর্ম বলিতে পারি না। অভএব
আমরা ব্রাহ্ম বলিয়া নিজের পরিচয় দিলেই সমস্ত গোল চ্কিয়া যায়; ভাহার হারা ছুই
কাঞ্চই হয়। এক, হিন্দুর যে ধর্ম আমার বিশাসবিক্ষম ভাহাকে অন্বীকার করা হয়
এবং যে ধর্মকে আমি জগতে শ্রেষ্ঠধর্ম বলিয়া জানি ভাহাকেও স্বীকার করিতে পারি।

এ সন্ধন্ধ ভাবিবার কথা এই যে, ছিন্দু বলিলে আমি আমার যে পরিচয় দিই, ভাষা বলিলে সম্পূর্ণ ভাছার অন্ধন্ধপ পরিচয় দেওয়া হয় না, স্মৃতরাং একটি আর একটির স্থান গ্রহণ করিভে পারে না। যদি কাহাকে জিজ্ঞাসা করা বায়, "ভূমি কি চৌধুরিবংশীয়" আর সে, যদি ভাছার উত্তর দেয়, "না আমি দপ্তরির কাব্দ করি," তবে প্রশ্নোভরের সম্পূর্ণ সামক্ষত্র হয় না। হইভে পারে চৌধুরিবংশের কেছ আব্দ পর্যন্ত কথা করে নাই, ভাই বলিয়া ভূমি দপ্তরি ইইলেই যে চৌধুরি হইভে পারিবেই না এমন কথা হইতে পারে না।

তেমনি, অন্তকার দিনে হিন্দুসমাজ বাছাকে জাপনার ধর্ম বলিয়া স্থির করিয়াছে

ভাষাই যে ভাষার নিভা লক্ষণ ভাষা কথনোই সভা নছে। এ সম্বন্ধ বৈদিককাল হইতে আছা পর্যন্তের ইভিহাস হইতে নজির সংগ্রহ করিয়া পাণ্ডিভাের অবভারণা করিছে ইচ্ছাই করি না। আমি একটা সাধারণভদ্মস্কপেই বলিতে চাই, কোনো বিশেব ধর্মত ও কোনো বিশেষ আচার কোনো জাভির নিভা লক্ষণ হইভেই পারে না। ইাসের পক্ষে জলে সাঁভার যেমন, মাহুবের পক্ষে বিশেষ ধর্মত কথনোই সেরপ নছে। ধর্মত জড় পদার্থ নহে—মাহুযের বিছাবৃদ্ধি অবস্থার সঙ্গে সঙ্গেই ভাষার বিকাশ আছে—এই জন্ত ধর্ম কোনো জাভির অবিচলিত নিভা পরিচয় হইভেই পারে না। এই জন্ত বিদিচ সাধারণত সমন্ত ইংরেজের ধর্ম প্রীস্টানধর্ম, এবং সেই ধর্মতের উপরেই ভাষার সমাজবিধি প্রধানত প্রতিষ্ঠিত তথাপি একজন ইংরেজ বৈদ্ধি হইয় গেলে ভাষার বত অসুবিধাই হউক তরু সে ইংরেজই থাকে।

তেমনি ব্রাহ্মধর্ম আপাতত আমার ধর্ম হইতে পারে, কিন্তু কাল আমি প্রটেস্টান্ট্ পরশু রোম্যানক্যাথলিক এবং তাহার পর দিনে আমি বৈষণ্টব হইতে পারি, ভাঁহাতে কোনো বাধা নাই, অতএব সে পরিচয় আমার সামরিক পরিচয়,—কিন্তু আতির দিক দিয়া আমি অতীতের ইতিহাসে এক জায়গায় বাঁধা পড়িয়াছি, সেই স্বৃহংকালব্যাপী সত্যকে নড়াইতে পারি এমন সাধ্য আমার নাই।

হিন্দুরা একণা বলে বটে আমার ধর্মটা অটল; এবং অন্ত ধর্ম গ্রহণ করিলে ভাহারা আমাকে অহিন্দু বলিয়া ভ্যাগ করে। কিন্তু পূর্বেই বলিয়াছি ভাহাদের এই আচরণ আমার হিন্দু পরিচয়কে স্পর্নাত্ত করিতে পাবে না। অনেক দিন পর্যন্ত হিন্দুমাত্তই বৈভমতে ও মুসলমান হাকিমিমতে আপনাদের চিকিৎসা করিয়া আসিয়াছে। এমন কি, এমন নিষ্ঠাবতী হিন্দু বিধবা থাকিতে পারেন যিনি ভাক্তারি ঔষধ স্পর্শ করেন না। তথাপি অভিক্ততার বিস্তারের সঙ্গে সঙ্গে হিন্দুজাতির চিকিৎসা-প্রণালী বিস্তার লাভ করিয়াছে। আজও ইহা লইয়া অনেকে আক্ষেপ প্রকাশ করিতেছেন যে বিদেশী চিকিৎসা আমাদের পক্ষে অস্বাভাবিক এবং ইহাতে আমাদের শরীর জীর্ন ছইয়া গেল, দেশ উজাড় হইবার জ্যো হইল কিন্তু তবু কুইনীনমিকলার যে অহিন্দু এমন কর্বা কোনো তত্ত্বব্যাখ্যার হারা আজও প্রমাণের চেটা হয় নাই। ভাক্তারের ভিক্তিটে এবং ঔষণের উগ্র উপস্রবে যদি আমি ধনেপ্রাণ্ডে মরি তবু আমি হিন্দু এ কথা জন্মীকার করা চলিবে না। অথচ হিন্দু আয়ুর্বেদের প্রথম জন্মায় হইতে শেষ পর্যন্ত গুলিলে ঔষধভালিকার মধ্যে কুইনীনের নাম পাওরা বাইবে না।

এই यमन भन्नीरतन कथा विक्रमाम, एउमनि, भन्नीरमन करत बाह्म बिनिस्मन कथा यमा योग। कान्नव, भन्नीन नकार एका माञ्चरका এकमान नरह, छाहान स्व श्रास्त धर्मक আশ্রম করিয়া সুদ্ধ ও বলিঠ থাকে ভাছাকেও বাঁচাইয়া চলিতেই হইবে। সমাজির অধিকাংশ লোকের এমন মত হইতে পারে বে, ভাছাকে বাঁচাইয়া চলিবার উপযোগী ধর্ম আয়ুর্বেদ আমাদের দেশে এমনই সম্পূর্ণ হইয়া নিয়াছে যে, সে সম্বন্ধে কাহারও কোনো কথা চলিতে পারে না। এটা ভো একটা বিশ্বাসমাত্র, এয়ল বিশ্বাস সভ্যও হইতে পারে মিথাও হইতে পারে, অভএব যে লোকের প্রাণ লইয়া কথা মে যদি নিজের বিশ্বাস লইয়া অন্ত কোনো একটা পশ্বা অবলম্বন করে তবে গায়ের জোরে তাহাকে নিরস্ত করিতে পারি কিছু সভ্যের জোরে পারি না। গায়ের জোরের তো য়ুক্তি নাই। পুলিস দারোগা যদি ঘূর লইয়া বলপূর্বক অন্তায় করে তবে তুর্বল বলিয়া আমি সেটাকে হয়তো মানিতে বাধ্য হইতে পারি কিছু সেইটেকেই য়াজ্যশাসনতত্ত্রের চরম সভ্য বলিয়া ক্রমাকের করিবার ভয় দেখাইয়া আমাকে বলে অমুক বিশেষ ধর্মটাকেই তোমার মানিতে হইবে কারণ এইটেই হিন্দুধর্ম—তবে যদি ভয় পাই তবে ব্যবহারে মানিয়া যাইব কিছু সেইটেই যে হিন্দু-সমাজের চরম সভ্য ইহা কোনোক্রমেই বলা চলিবে না। যাহা, কোনো সভ্য সমাজেরই চরম সভ্য নহে ভাহা হিন্দুসমাজেরও নহে, ইহা কোটি কোটি বিশ্বছ্বাদীর মুবের উপরেই বলা যায়—কারণ, ইহাই সভ্য।

হিন্দুসমাজের ইতিহাসেও ধর্মবিশ্বাসের অচলতা আমরা দেখি নাই। এখানে পরে পরে যন্ত ধর্মবিপ্লব ঘটিয়াছে এমন আর কোথাও ঘটে নাই। আশ্চর্ষের বিষয় এই যে, যে-সকল দেবতা ও পূকা আৰ্থসমাক্ষের নছে তাহাও হিন্দুসমাক্ষে চলিয়া গিয়াছে— गः गाहिनात्व जाहाबारे नव फिर् क्षवन। जाद्र जवर्ष जेनानकन व्यमावन स्ट व काता वरे পড़िलारे ष्यायद्वा प्रिविष्ठ भारेव रिन्तून्यात्व धर्माहद्वत्व क्ववन य विहिद्धा पाइ তাহা নহে, তাহারা পাশাপাশি আছে, ইহা ছাড়া ডাহাদের পরস্পরের আর কোনো একাস্ত্র খুঁ জিয়া পাওয়া ধায় না। ধদি কাহাকেও জিজ্ঞাসা করি, কোন্ ধর্ম হিন্দুর धर्म, विहो ना मानित्न कृषि व्यामात्क हिन्दू विनिष्ठा श्रीकात कतित्व ना ? उथन এই উত্তর পাওয়া यात्र, य-काना धर्मरे किह्कान धतिया य-काना मच्छनात्त्र हिन्धर्म वित्रा गण रहेशाहि। धर्मन अमनजरमा अफ्रमः आवा इहेर अहि भारत ना। याहा त्वेत्र, या याहान थांखतिक कांता जोक्द वा भविक्छ। चाह्न छाहाहे धर्म, এमन कांता कवा नाहे;-ज्ला मर्था किছुकान वाहा পড़िया चारह जाहाई धर्म-जाहा विम वीखरम हथ, यि जिल्ला मार्था वर्ष वर्ष में जिल्ला महिल्ला कि कि वर्ष । असन **উखर यज्छान लाटक मिनिन्नाई निक्ना टकन ज्थानि "जाहाटक जामि जामात्र ममाट्यत** পশ্मित गडा छेडम विषय (कारनामण्डे शहन कत्रिय ना। क्वन्ता, लाक भनेना कतिया अव्यन मत्य या शत्यव मात्र मत्लाव म्यानिर्वय व्य ना ।

নানাপ্রকার অনার্য ও বীভংস ধর্ম কেবলমাত্র কালক্রমে আমাদের সমাজে যদি স্থান পাইয়া থাকে তবে যে-ধর্মকে আমার জ্ঞান বৃদ্ধি ও ভক্তির সাধনায় আমি শ্রেষ্ঠ বলিয়া গ্রহণ করিয়াছি, সেই ধর্মদীক্ষার বারা আমি হিন্দুসমাজের মধ্যে আমার সভা অধিকার হইতে বঞ্চিত হইব এতবড়ো অক্সায় আমরা কথনোই মানিতে পারিব না। ইহা অন্যায়, স্মৃতরাং ইহা হিন্দুসমাজের অথবা কোনো সমাজেরই নহে।

প্রশ্ন এই, হিন্দুসমাজ যদি জড়ভাবে ভালোমনা সকলপ্রকার ধর্মকেই পিগুলির করিয়া রাখে এবং যদি কোনো নৃতন উচ্চ আদর্শকে প্রবেশে বাধা দের ভবে এই সমাজকে তোমার সমাজ বলিয়া স্বীকার করিবার দরকার কী? ইহার একটা উত্তর পূর্বেই দিয়াছি—ভাহা এই যে, ঐতিহাসিক দিক দিয়া আমি যে হিন্দু এ সম্বন্ধে আমার ইচ্ছা অনিচ্ছার কোনো ভর্কই নাই। *

এ সম্বন্ধে আরও একটা বলিবার আছে। তোমার পিতা ধেখানে অক্যায় করেন সেখানে তাহার প্রতিকার ও প্রায়ন্দিত্তের ভার ভোমারই উপরে। তোমাকে পিতৃষ্ণণ শোধ করিতেই হইবে—পিতাকে আমার পিতা নয় বলিয়া তোমার ভাইদের উপর সমস্ত বোঝা চাপাইয়া পর হইয়া দাঁড়াইয়া সমস্তাকে সোজা করিয়া তোলা সত্যাচরণ নহে। তুমি বলিবে, প্রতিকারের চেষ্টা বাহির হইতে পরক্রপেই করিব — পুত্ররূপে নয়। কেন? কেন বলিবে না, যে পাপ আমদেরই সে পাপ আমরা শ্রাত্যেকে ক্ষালন করিব?

জিজ্ঞাসা করি, হিন্দুসমান্তকে অস্বীকার করিয়া আমরা যে-কোনো সম্প্রাণারেই তাহার স্থলে বরণ করি না কেন সে সম্প্রাণারের সমষ্টিগত দায় কি সম্প্রাণারের প্রত্যেককেই গ্রহণ করিতে হয় না ? যদি কখনো দেখিতে পাই আক্ষসমান্তে বিলাসিতার প্রচার ও ধনের পূজা অত্যন্ত বেলি চলিতেছে, যদি দেখি সেখানে ধর্মনিষ্ঠা ছাস হইয়া আসিতেছে তবে এ কথা কখনোই বলি না যে যাহারা ধনের উপাসক ও ধর্মে উদাসীন তাহারাই প্রকৃত আহ্ম, কারণ সংখ্যায় তাহারাই অধিক, অত্এব আমাকে অন্ত নাম লইয়া অগ্য আর-একটা সমাজ স্থাপন করিতে হইবে। তখন এই কথাই আমরা বলি এবং ইহা বলাই সাক্ষে যে, যাহারা সভাধর্ম বাক্যে ও ব্যবহারে পালন করিয়া থাকেন তাঁহারাই যথার্থ আমাদের সমাজের লোক;—তাঁহাদের যদি কর্তৃত্ব না-ও থাকে ভোটসংখ্যা গণনায় তাঁহারা যদি নগণ্য হন তথাপি তাঁহাদেরই উপদেশে ও দৃষ্টান্তে এই সমাজের উদ্ধার হইবে।

পূর্বেই বলিয়াছি সভা ওজনদরে বা গজের মাপে বিক্রম ছর না—ভাছা ছোটো ছইলেও তাহা বড়ো। পর্বভগরিমাণ খড়বিচালি ক্লিজপরিমাণ আঞ্চনের চেয়ে দেখিতেই বড়ো কিন্তু আসলে বড়ো নছে। সৃষ্ণ্ত লেজের মধ্যে বেখানে সলিতার স্চারা পরিমাণ মুখটিতে আলো জলিতেছে সেইখানেই সমন্ত লেজটার সার্থকতা। তেলের নিম্নভাগে জনেকথানি জল আছে তাহার পরিমাণ যতই হউক সেইটেকে আসল জিনিস বলিবার কোনো হেতু নাই। সকল সমাজেই সমন্ত সমাজপ্রদাপের আলোটুকু বাহারা জালাইয়া আছেন তাঁহারা সংখ্যাহিসাবে নহে সত্যহিসাবে সে সমাজে অগ্রগণ্য। তাঁহারা দগ্ধ হইতেছেন, আপনাকে তাঁহারা নিমেষে নিমেষে ত্যাগই করিতেছেন তবু তাঁহাদের নিধা সমাজে সকলের চেমে উচ্চে—সমাজে তাঁহারাই সঞ্জীব, তাঁহারাই দীপামান।

অভএব, ধদি এমন কথা সভাই আমার মনে হয় ষে, আমি যে ধর্মকে আশ্রয় कतियाहि जाहारे मकलाव छ्टा ध्वष्ठ, ज्राय अरे कथा व्यामारक निक्तप्र विन्छ इरेटा अरे धर्मेरे आभाव नमात्कव धर्म। नमात्कव मत्था त्व-त्कात्ना वाक्ति त्य-त्कात्ना विषय्यरे मठारक भाग्र छां हारक ज्यवनयन कवियाहे मिहे मभाव मिषिनां करता हे यूरन व नकहे क्रानंत्र मर्था न्यक्रन यि भाग कर्द जर्द राष्ट्र नयक्रानंत्र मर्थाई हेकूल गार्थक। এकिन वन्नमाहित्जा এकमाख माहेरकन मधुरूपत्नव मस्या नमख वांश्ना कावामाहित्जाव माधना সিদ্ধ হইয়াছিল। তখনকার অধিকাংশ বাঙালিপাঠকে উপহাস পরিহাস করুক আর गाहाइ.कक्क छुवानि भिष्मनाम्यवकाना नांश्वा माहित्जावहे त्यष्ठकाना। এই क्रम मकन विषयह । वामरमाइन वाष छांदाव ठाविषिरकव वर्जमान व्यवसा हरेर७ यछ উष्करे উঠিয়াছেন সমন্ত ছিন্দুসমাজকে তিনি ভত উচ্চেই তুলিয়াছেন। একথা কোনো মতেই বলিতে পারিৰ না ধে ভিনি ছিন্দু নছেন, কেননা অক্তান্ত অনেক হিন্দু তাঁহার চেয়ে प्रात्क निष्ठ हिन, এবং निष्ठ शांकिया छांशांक शांनि शांकियाह। किन विनिष्ठ পারিব না? কেননা একধা সভা নছে। কেননা ভিনি যে নিশ্চিতই হিন্দু ছিলেন — मभाष्ट्रिय वहम् छ नक्क लाक यनि अक हहेगा खद्रः अक्टन विधालायं काष्ट्र न्यथास करत् তথাপি পারিবে না। শেকৃস্পীয়র নিউটনের প্রতিভা অসাধারণ হইলেও তাহা যেমন সাধারণ ইংরেঞ্জের সামগ্রী তেমনি নামমোহনের মত ধদি সভ্য হয় তবে ভাহা সাধারণ হিন্-সমাজেরই সভ্য মভ।

অতএব, বদি সমস্ত বিপুল ছিন্দুসমাজের মধ্যে কেবল মাত্র আমার সম্প্রদারই সত্যধর্মকে পালন করিতেছে ইছাই সত্য হয় তবে এই সম্প্রদারকেই আপ্রয় করিয়া সমস্ত হিন্দুসমাজ সত্যকে রক্ষা করিতেছে—তবে অপরিসীম অন্ধ্রকারের মধ্যে একমাত্র এই পূর্বপ্রাস্থে সমস্ত সমাজেরই অক্ষ্ণোদয় হইয়াছে। আমি সেই রাত্রির অন্ধ্রার

হইতে অন্ধণোদয়কে ভিন্ন কোঠার, খতত্র করিয়া রাধিব না। বস্তুত ব্রাহ্মসমাজের আবির্তাব সমস্ত হিন্দুসমাজেরই ইতিহাসের একটি অল। হিন্দুসমাজেরই নানা বাত-প্রতিবাতের মধ্যে তাহারই বিশেষ একটি মর্যান্তিক প্রয়োজনবোধের ভিতর দিয়া তাহারই আশুরিক শক্তির উভ্তমে এই সমাজ উরোধিত হইয়াছে। ব্রাহ্মসমাজ আকমিক অতুত একটা খাপছাড়া কাণ্ড নহে। যেখানে তাহার উত্তব সেখানকার সমগ্রের সহিত তাহার গভীরতম জীবনের যোগ আছে। বীজকে বিদীর্ণ করিয়া গাছ বাহির হন্ন বলিয়াই সেগাছ বীজের পক্ষে একটা বিরুদ্ধ উৎপাত নহে। হিন্দুসমাজের বহন্তরবন্ধ কঠিন আবরণ একদা ভেদ করিয়া সতেকে ব্রাহ্মসমাজ মাধা ভুলিয়াছিল বলিয়া তাহা হিন্দুসমাজের বিরুদ্ধ নহে, ভিতর হইতে যে অন্তর্থামী কাজ করিতেছেন তিনি জানেন তাহা হিন্দুসমাজেরই পরিণাম।

আমি জানি এ কথায় ব্রাহ্মসমাজের কেচ কেচ বিরক্ত হুইয়া বলিবেন,—না, আমরা ব্রাহ্মদমাজকে হিন্দুসমাজের সামগ্রী বলিতে পারিব না, তাহা বিশের সামগ্রী। বিশের সামগ্রী নম্ন তো কী ? কিন্তু বিশের সামগ্রী তো কাল্পনিক আকাশ-কুস্থমের মতো শুল্কে ফুটিয়া থাকে না—ভাহা ভো দেশ কালকে আশ্রয় করে, ভাহার ভো বিশেষ নাম**র**প আছে। গোলাপ ফুল তো বিশেরই ধন, তাহার স্থগদ তাহার সৌন্দর্য তো সমস্ত বিশের আনন্দেরই অন্ধ, কিন্তু তবু গোলাপফুল তো বিশেষভাবে গোলাপগাছেরই ইডিহাসের সামগ্রী, তাহা তো অশ্বর্থগাছের নছে। পৃথিবীতে সকল জাতিরই ইতিহাস আপনার বিশেষত্বের ভিতর দিয়া বিশের ইভিহাসকেই প্রকাশ করিতেছে। নহিলে তাহা নিছক পাগলামি হইয়া উঠিত,—নহিলে একজাতির সিদ্ধি আর একজাতির কোনোপ্রকার वावशादारे नानित्ज भाविज ना। है दबस्य रेजिशाम नज़ारे काठाकां वि यात्रायां की হইয়াছে, তাহার কোন্ রাজা কড বৎসর রাজত্ব করিয়াছে এবং সে রাজাকে কে কবে সিংহাসনচ্যুত করিল এ সমস্ত ভাহারই ইতিহাসের বিশেষ কাঠপড়—কিন্তু এই সমস্ত कार्ठथफ़ निया त्म यनि अमन किहूरे गिष्या ना बादक यादा मानविद्रखन मध्या त्मय-সিংহাসন গ্ৰহণ করিতে পারে তবে ইংরেজের ইতিহাস একেবারেই বার্থ হইয়াছে। বস্তুত বিশের চিত্তশক্তির কোনো একটা দিব্যরূপ ইংরেঞ্চের ইভিছাসের মধ্য দিয়া আপনাকেই অপূর্ব করিয়া ব্যক্ত করিভেছে।

হিন্দুর ইতিহাসেও সে চেষ্টার বিরাম নাই। বিশ্বসভ্যের প্রকাশশন্তি হিন্দুর ইতিহাসেও বার্থ হয় নাই; সমস্ত বাধা-বিরোধও এই শক্তিরই লীলা। সেই হিন্দু-ইতিহাসের অন্তরে যে বিশ্বচিত্ত আপন সম্ভানকার্থে নিযুক্ত আছেন প্রাশ্বসমাজ কি বর্তমানমূলে তাহারীই স্টেবিকাশ নহে ? ইহা কি রামমোহন রায় বা আর ছই একজন মাছৰ আপন ধেরালমতো আপন বরে বসিয়া গড়িয়াছেন? ত্রাক্ষসমাজ এই যে ভারত-বর্বের পূর্বপ্রান্তে হিন্দুসমাজের মাঝখানে মাধা ভূলিয়া বিশ্বের দিকে দৃষ্টি প্রসারিত করিল ইছার কি একেবারে কোনো মানেই নাই—ইছা কি বিশ্ববিধাতার দৃত্তক্রীড়াবরে পাশা-বেলার দান পড়া? মাছবের ইতিছাসকে আমি তো এমন খামবেয়ালির স্পষ্টরূপে স্পষ্টছাড়া করিয়া দেখিতে পারি না। ত্রাক্ষসমাজকে তাই আমি হিন্দুসমাজের ইতিছাসেয়ই একটি স্বাভাবিক বিকাল বলিয়া দেখি। এই বিকাল হিন্দুসমাজের একটি বিশ্বজনীন বিকাল। ছিন্দুসমাজের এই বিকালটিকে আমরা কয়জনে দল বাঁধিয়া বিরিয়া লইয়া ইছাকে আমাদের বিলেব একটি সম্প্রদারের বিশেষ একটা গৌরবের জিনিস বলিয়া চারিদিক ছইতে তাছাকে অত্যন্ত স্বতম্ব করিয়া তুলিব এবং মূবে বলিব এইরুপেই আমরা তাছার প্রতিত পরম উদার্য আরোপ করিতেছি—একথা আমি কোনোমতেই স্বাকার করিতে পারিব না।

অন্তপক্ষে আমাকে বলিবেন ভাবের দিক্ হইতে এ সমস্ত কথা শুনিতে বেশ লাগে কিছু কাঞ্চের বেলা কী করা যার ? প্রাহ্মসমাজ তো কেবলমাত্র একটা ভাবের ক্ষেত্র নহে —তাহাকে জীবনের প্রতিদিনের ব্যবহারে লাগাইতে হইবে, তথন হিন্দুসমাজের সহিত তাহার মিল করিব কেমন করিয়া ?

ইহার উদ্ভবে আমার বক্তব্য এই যে, হিন্দুসমাজ বলিতে যদি এমন একটা পাষাণথণ্ড কল্পনা কর বাহা আজ যে অনুষার আছে তাহাতেই সম্পূর্ণ পরিসমাপ্ত তবে তাহার সঙ্গে কোনো সঞ্জীব মান্থবের কোনোপ্রকার কারবারই চলিতে পারে না—তবে সেই পাণর দিয়া কেবলমাত্র মৃত মানবচিত্তের গোর দেওয়াই চলিতে পারে। আমাদের বর্তমান সমাজ যে কারণে যত নিশ্চল হইয়াই পত্নুক না, তথাপি তাহা সেরপ পাণরের তুপ নহে। আজ, যে বিষয়ে তাহার বাহা কিছু মৃত ও আচরণ নির্দিষ্ট হইয়া আছে তাহাই তাহার চরম সম্পূর্ণতা নহে—অর্থাৎ সে মরে নাই। অতএব বর্তমান হিন্দুসমাজের সমস্ত বাধা মৃত ও আচারের সঙ্গে নিজের সমস্ত মৃত ও আচারকে নিংশেষে মিলাইতে পারিলে তবেই নিজেকে হিন্দু বলিয়া পরিচয় দিতে পারির একথা সত্য নহে। আমাদেরই মৃত ও আচারের পরিণতি ও পরিবর্তনের সঙ্গে সমাজের পরিণতি ও পরিবর্তনের সংল সংক্রই সমাজের পরিণতি ও পরিবর্তনের লাইতে আমরা যদি স্বতঃপ্রস্ত হইয়া তথনই নিজেকে সমাজের বহিজুকি বলিয়া বর্ণনা করি তবে সমাজের বনল হইবে কা করিয়া ?

একথা স্বীকার করি, সমাজ একটা বিরাট কলেবর। ব্যক্তিবিশেষের পরিণতির সমান ভালে কেভখনই-ভখনই অগ্রসর ছইয়া চলে না। ভাষার নড়িতে বিলম্ব হয় এবং সেরূপ বিলম্ব হওঁয়াই কল্যাণকর। অন্তএব সেই সমাজ্বের সঙ্গে বধন ব্যক্তিবিশেষের অমিল কল হয় তথন ব্যক্তিবিশেষের পক্ষে তাহা পুথকর নহে। সেই কারণে তথন তাড়াতাড়ি সমাজ্বকে অস্বীকার করার একটা ঝোঁক আসিতেও পারে। কিছু ধেখানে মাছ্র্য অনেকের সঙ্গে সভ্যসম্বন্ধে যুক্ত সেখানে সেই অনেকের মুক্তিতেই জাহার মুক্তি। একলা হইয়া প্রথমটা একটু আরাম বোধ হয় কিছু তাহার পরেই দেখা ধায় ষে, ষে-অনেককে ছাড়িয়া দূরে আসিয়াছি দূরে আসিয়াছি বলিয়াই তাহার টান ক্রমল প্রবল হইয়া উঠিতে থাকে। যে আমারই, তাহাকে, সঙ্গে থাকিয়া উদ্ধার করিলেই, বর্ধার্থ নিজে উদ্ধার পাওয়া বায়—তাহাকে বদি শুভ্র নিচে ফেলিয়া রাখি তবে একদিন সেও আমাকে সেই নিচেই মিলাইয়া লইবে; কারণ, আমি বতই অস্বীকার করি নাকেন তাহার সঙ্গে আমার নানাদিকে নানা মিলনের যোগস্ত্রে আছে—সেগুলি বছকালের সত্য পদার্থ। অতএব সমস্ত বাধা সমস্ত অস্থবিধা স্বীকার করিয়াই আমার সমস্ত পরিবেষ্টনের মধ্যে আমার সাধনাকে প্রবর্তিত ও সিদ্ধিকে স্থাপিত করিতেই হইবে। নাকরিলে কথনোই তাহার সর্বান্ধানতা হইবে না—সে দিনেদিনে নিঃসন্দেহই ক্লশ ও প্রাণ্ধিন হইয়া পড়িবে, তাহার পরিপোষণের উপযোগী বিচিত্র রস সে কথনোই লাভ করিতে পারিবে না।

অতএব আমি যাহা উচিত মনে করিতেছি তাহাই করিব, কিন্তু একথা কথনোই বলিব না যে, সমাজের মধ্যে থাকিয়া কর্তব্যপালন চলিবে না। একথা জোর করিয়াই বলিব যাহা কর্তব্য তাহা সমস্ত সমাজেরই কর্তব্য। এই কথাই বলিব, হিন্দুসমাজের কর্তব্য আমিই পালন করিতেছি।

হিন্দুমান্তের কর্তব্য কী ? যাহা ধর্ম তাহাই পালন করা। অর্থাং যাহাতে সকলের মঞ্চল তাহারই অফুষ্ঠান করা। কেমন করিয়া জানিব কিসে সকলের মঞ্চল ? বিচার ও পরীক্ষা ছাড়া তাহা জানিবার অন্ত কোনো উপায়ই নাই। বিচারবৃদ্ধিটা মাহুষের আছে এইজন্তই। সমাজ্যের মঞ্চলসাধনে, মাহুষের কর্তব্যনিরপণে সেই বৃদ্ধি একেবারেই খাটাইতে দিব না এমন পণ যদি করি তবে সমাজ্যের সর্বনাশের পথ করা হয়। কেননা সর্বদা হিতসাধনের চিন্তা ও চেষ্টাকে জাগ্রত রাখিলেই তবে সেই বিচারবৃদ্ধি নিজের শক্তিপ্রয়োগ করিয়া সবল হইয়া উঠিতে পারে এবং তবেই, কালে কালে সমাজ্যে বজাবতই যে সমস্ত আবর্জনা জ্পমে, যে সমস্ত অভ্যাস ক্রমণই জড়ধর্ম প্রাপ্ত হইয়া উন্ধতির পণরোধ করিয়া দের, তাহাদিগকে কাটাইয়া তৃলিবার শক্তি সমাজ্যের মধ্যে সর্বদা প্রস্তুত্ত হইয়া থাকে। অত্রব জনত বিপদের আদ্বা করিয়া সমাজকে চিরকাল চিন্তাহীন চেষ্টাহীন শিশু করিয়া রাখিলে কিছুতেই তাহার কল্যাণ হইতে পারে না।

এক্বা যথন নিশ্চিত তথন নিজের দৃষ্টাস্ক ও শক্তিয়ারাই সমাজের মধ্যে এই মজল-চেষ্টাকে সজীব রাখা নিতান্তই আমাদের প্রত্যেকের কর্তব্য। বাহা ভালো মনে করি ভাহা করিবার জন্ম কথনোই সমাজ ভ্যাগ করিব না।

- স্মামি দৃষ্টাস্কর্মপে বলিভেছি, জাভিভেদ। যদি জাভিভেদকে অস্তার মনে করি তবে তাহা নিশ্চয়ই সমস্ত হিন্দুসমাজের পক্ষে অক্তায়—অতএব তাহাই যথার্থ অহিনু। काता ज्याप काता नमाद्यवे शक्य निजा नक्य रहेए शाय न। यारा ज्याप ভাহা ভ্রম, ভাহা খ্রুলন, স্মুভরাং ভাহাকে কোনো সমাজেরই চিরপরিণাম বলিয়া গণ্য कदा এक श्रकांत्र नाल्डिक छ। व्याल्डिनंत्र धर्मरे एयमन मार, व्याग्र कारना नमास्वत्ररे সেরপ ধর্ম হইতেই পারে না। অভএব হিন্দু থাকিতে গেলে আমাকে অক্সার করিতে इंदर अध्य क्रिए इंदर अक्षा आिय मूर्य छेकावन क्रिए हाई ना। जकन जमारकरे বিশেষ কালে কতকগুলি মহুশাত্মের বিশেষ বাধা প্রকাশ পার। যে সকল ইংরেজ মহাত্মারা জাতিনিবিচারে সকল মামুষের প্রতিই ক্যায়াচরণের পক্ষপাতী, যাহারা সকল জাতিরই নিজের বিশেষ শক্তিকে নিজ নিজ পদায় স্বাধীনতার মধ্যে পূর্ণ বিকশিত দেখিতে ইচ্ছা করেন – তাঁহারা অনেকে আক্ষেপ করিতেছেন বর্তমানে ইংরেজজাতির মধ্যে সেই উদার গ্রায়পরভার, সেই স্বাধীনভাপ্রিয়ভার, সেই মানবপ্রেমের ধর্বভা षरियाह - कि उठारे विषयारे এर पूर्विष्ठ जाराया निजा विषया कि पूर्वि सीकाव किंत्रिया महेर्फ পाद्रिन ना । जारे जाराद्री देशदरे भावश्रात्व थाकिया निस्कद छेमाद्र আদর্শকে সমস্ত বিজ্ঞাপ ও বিরোধের মধ্যেই প্রতিষ্ঠিত করিয়াছেন - তাঁহারা স্বজাতির বাহিরে নৃতন একটা জাতির সৃষ্টি করিয়া নিশ্চিম্ব হইয়া বসেন নাই।

তেমনি, জাতিভেদকে যদি হিন্দুসমাজের অনিষ্টকর বলিয়া জানি তবে তাহাকেই আমি অহিন্দু বলিয়া জানিব এবং হিন্দুসমাজের মাঝখানে থাকিয়াই তাহার সঙ্গে লড়াই করিব। ছেলেমেয়ের অসবর্গ বিবাহ দিতে আমি কৃতিত হইব না এবং তাহাকেই আমি নিজে হইতে অহিন্দুবিবাহ বলিব না—কারণ বস্তুত আমার মতাহুসারে তাহাই হিন্দুবিবাহনীতির শ্রেষ্ঠ আদর্শ। যদি এমন হয় যে, হিন্দুসমাজের পক্ষে জাতিভেদ্দ ভালোই, কেবলমাত্র আমাদের কয়েকজনের পক্ষেই তাহার অস্থবিধা বা অনিষ্ঠ আছে তবেই এই ক্ষেত্রে আমার পক্ষে স্বতন্ত্র হওয়া শোজা পায় নতুবা কদাচ নহে।

হিন্দুসমাজে কোনো কালেই অসবর্ণ বিবাহ ছিল না এ কথা সভ্য নৃত্তে, কোনো কালেই অসবর্ণ বিবাহ প্রচলিত হইতে পারে না ইহাও সভ্য নহে—হিন্দুসমাজের সমস্ত অতীত ভবিশ্বংকে বাদ দিয়া যে সমাজ, সেই ন্বর্তমান সমাজকেই একমাত্র সভ্য বলিয়া ভাহার আশা ভাগা করিয়া ভাহার সজে আশ্বীয়ভা অশ্বীকার করিয়া দূরে চলিয়া বাওয়াকে আমি ধর্মসংগত বলিয়া কখনোই মনে করি না।

অপর পক্ষ বলিবেন আচ্ছা বেশ, বর্তমানের কথাই ধরা যাক, আমি যদি জাতিভেদ না মানিতেই চাই তবে এ সমাজে কাজকর্ম করিব কাছার সঙ্গে? উত্তর, এখনও যাহাদের সঙ্গে করিতেছ। অর্থাৎ যাহারা জাতিভেদ মানে না।

তবেই তো সেই স্বত্তে একটা স্বতন্ত্র সমাজ গড়িয়া উঠিল। না, ইহা স্বতন্ত্র সমাজ নহে ইহা সম্প্রদায় মাত্র। পূর্বেই বলিয়াছি সমাজের স্থান সম্প্রদায় জুড়িতে পারে না। আমি ছিন্দুসমাজে জন্মিয়াছি এবং ব্রাহ্ম সম্প্রদায়কে গ্রহণ করিয়াছি—ইচ্ছা করিলে আমি অন্ত সম্প্রদায়ে যাইতে পারি কিন্ধ অন্ত সমাজে যাইব কী করিয়া? সে সমাজের ইতিহাস তো আমার নহে। গাছের ফল এক ঝাঁকা হইতে অন্ত ঝাঁকার ষাইতে পারে কিন্ধ এক শাধা হইতে অন্ত শাধার ফলিবে কী করিয়া?

তবে কি মুসলমান অথবা প্রীস্টান সম্প্রদারে যোগ দিলেও তুমি হিন্দু খাকিতে পার? নিশ্চরই পারি। ইহার মধ্যে পারাপারির তর্কমাত্রই নাই। হিন্দুসমাঞ্জের লোকেরা কা বলে সে কথায় কান দিতে আমরা বাধ্য নই কিন্তু ইহা সত্য যে কালীচরণ বাঁডুজ্যে মশায় হিন্দু প্রীস্টান ছিলেন, তাঁহার পূর্বে জ্ঞানেক্রমোহন ঠাকুর হিন্দু প্রীস্টান ছিলেন, তাঁহারও পূর্বে ক্লমমোহন বন্দ্যোপাধ্যায় হিন্দু প্রীস্টান ছিলেন। অর্থাৎ তাঁহারা জ্ঞাতিতে হিন্দু, ধর্মে প্রীস্টান প্রীস্টান তাঁহাদের রং, হিন্দুই তাঁহাদের বস্তু। বাংলাদেশে হাজার হাজার মুসলমান আছে, হিন্দুরা অহনিশি তাহাদিগকে হিন্দু নও হিন্দু নও বলিয়াছে এবং তাহারাও নিজেদিগকে হিন্দু নই ছিন্দু নই শুনাইয়া আসিয়াছে কিন্তু তৎসন্ত্বেও তাহারা প্রকৃতই হিন্দুমুসলমান। কোনো হিন্দু পরিবারে এক ভাই প্রীস্টান এক ভাই মুসলমান ও এক ভাই বৈষ্ণব এক পিতামাতার ল্লেছে একত্র বাস করিতেছে এই কথা কল্পনান করা কখনোই তুংসাধ্য নহে বরঞ্চ ইহাই কল্পনা করা সহজ্ব কারণ ইহাই বর্থার্থ সত্যা. স্কুতরাং মঙ্গল এবং স্কুন্দর। এখন ধে অবস্থাটা আছে তাহা সত্য নহে ভাহা সত্যের বাধা —তাহাকেই আমি সমাজের তুংস্বপ্প বলিয়া মনে করি এই কারণে তাহাই জাটল, তাহাই অভুত অসংগত, তাহাই মানবধর্মের বিষ্ণত্ব।

হিন্দু শব্দে এবং মুসলমান শব্দে একই পর্যায়ের পরিচয়কে ব্ঝায় না। মুসলমান একটি বিশেষ ধর্ম কিন্তু হিন্দু কোনো বিশেষ ধর্ম নহে। হিন্দু ভারতবর্ষের ইতিহাসের একটি জাতিগত পরিণাম। ইহা মাছ্র্যের শরীর মন হৃদ্রের নানা বিচিত্র ব্যাপায়কে বহু স্পূর শতাব্দী হইতে এক আকাল, এক আলোক, এক ভৌগোলিক নদনদী অরণ্য-পর্যতের মধ্য দিয়া, অন্তর ও বাহিরের বছবিধ ঘাতপ্রতিষাভগরস্পরার একই ইতিহাসের ধারা দিয়া আজ আমাদের মধ্যে আসিয়া উত্তীর্ণ হইয়াছে। কালীচরণ বাঁড়ুব্জা, জানেশ্রমেছন ঠাকুর, কৃক্ষমোহন বন্দ্যোপাধ্যায় শ্রীকান হইয়াছিলেন বিলাই এই

পুগভীর ধারা হইতে বিচ্ছির হইবেন কী করিয়া? জাতি জিনিসটা মতের চেরে ব্দনেক বড়ো এবং ব্যনেক অন্তরত্ব ; মত পরিবর্তন হইলে জাতির পরিবর্তন হর না। ব্রহ্মাণ্ডের উৎপত্তিসম্বন্ধে কোনো একটা পোরাণিক মতকে যখন আমি বিশ্বাস করিতাম তখনও আমি বে জাতি ছিলাম, তৎসম্বন্ধে আধুনিক বৈজ্ঞানিক মত যখন বিশাস করি তখনও আমি সেই জাতি। যদিচ আজ ব্রহ্মাণ্ডকে আমি কোনো অগুবিদের বলিয়া মনে করি না ইহা জানিতে পারিলে এবং প্রযোগ পাইলে আমার প্রপিতামহ এই প্রকার অনুত নব্যতার নিঃসন্দেহ আমার কান মলিয়া দিতেন।

কিন্তু চীনের মুসলমানও মুসলমান, পারক্ষেরও ভাই, আফ্রিকারও ডক্রপ। বিদিচ চীনের মুসলমানসম্বন্ধে আমি কিছুই জানি না তথাপি এ কথা জোর করিয়াই বলিতে পারি যে, বাঙালি মুসলমানের সঙ্গে তাহাদের ধর্মমতের অনেকটা হয়তো মেলে কিন্তু অল্প অসংখ্যা বিষয়েই মেলে না। এমন কি, ধর্মমতেরও মোটামুট বিষয়ে মেলে কিন্তু স্ক্রে বিষয়ে মেলে না। অথচ হাজার হাজার বিষয়ে তাহার বজাতি কন্ফ্রাসীয় অথবা বোদ্ধের সঙ্গে তাহার মিল আছে। পারক্ষে চীনের মতো কোনো প্রাচীনতর ধর্মমত নাই বলিলেই হয়। মুসলমান বিজ্ঞেতার প্রভাবে সমস্ত দেশে এক মুসলমান ধর্মই স্থাপিত হইয়াছে তথাপি পারক্ষে মুসলমান ধর্ম সেথানকার পুরাতন জাতিগত প্রকৃতির মধ্যে পড়িয়া নানা বৈচিত্র্যে লাভ করিতেছে—আজ পর্যন্ত কেহু তাহাকে ঠেকাইয়া রাখিতে পারিতেছে না।

ভারতবর্ষেও এই নিয়মের ব্যতিক্রম হইতে পারে না। এখানেও আমার জাতি-প্রকৃতি আমার মতবিশেষের চেরে অনেক ব্যাপক। হিন্দুসমাজের মধ্যেই তাহার হাজার দৃষ্টান্ত আছে। যে সকল আচার আমাদের শাস্ত্রে এবং প্রধার অহিন্দু বলিয়া গণা ছিল আজ কড হিন্দু তাহা প্রকাশ্রেই লক্ষন করিয়া চলিয়াছে; কড লোককে আমরা জানি বাঁহারা সভায় বক্তা দিবার ও কাগজে প্রবন্ধ লিখিবার বেলায় আচারের খালন লেশমাত্র সহ করিতে পারেন না অথচ বাঁহাদের পানাহারের তালিকা দেখিলে মহ ও পরাশর নিশ্চয়ই উদ্বির হইয়া উঠিবেন এবং রঘুনন্দন আনন্দিত হইবেন না। তাঁহাদের প্রবন্ধের মত অথবা তাঁহাদের ব্যাবহারিক মত, কোনো মতের ভিত্তিতেই তাঁহাদের হিন্দুত্র প্রতিষ্ঠিত নছে, তাহায় ভিত্তি আয়ও গভীর। সেই জয়ই হিন্দুসমাজে আজ বাঁহায়া আচার মানেন না, নিময়ণ রক্ষায় বাঁহায়া ভাটপাড়ায় বিধান রক্ষা করেন না, এবং য়য় বাড়ি আনিলে গুরুতর কাজের ভিড়ে বাঁহালের অনবসর ঘটে, তাঁহায়াও বছনেশ হিন্দু বলিয়া পণ্য হইতেছেন। তাহায় একমাত্ত কারণ এ নয় যে হিন্দুসমাজ ত্র্বল—তাহায় প্রধান কারণ এই যে, সমস্ত বাঁধাবাধির মধ্যেও হিন্দুসমাজ একপ্রকার অর্থচেতন

ভাবে অञ्चल कविष्ण भारत या, वाहिरवत এই সমস্ত পরিবর্তন ছাজার ছইলেও তর্

ষে কথাটা সংকীৰ্ণ বৰ্তমানের উপস্থিত অবস্থাকে অতিক্রম করিয়া বৃহৎভাবে সভ্য, অনেক পাকা লোকেরা তাহার উপরে কোনো আস্থাই রাখেন না। তাঁহারা মনে করেন এ সমস্ত নিছক আইডিয়া। মনে করেন করুন কিন্তু আমাদের সমাজে আজ এই व्यादेषियात প্রয়োজনই সকলের চেয়ে বড়ো প্রয়োজন। এবানে জড়ত্বের আয়োজন যথেষ্ট আছে যাহা পড়িয়া পাকে, বিচার করে না, যাহা অভ্যাসমাত্র, যাহা নড়িতে চায় না তাহা এখানে ষধেষ্ট আছে, - এখানে কেবল সেই তত্ত্বেরই অভাব দেখিতেছি, যাহা স্ষ্টি করে, পরিবর্তন করে, অগ্রসর করে, যাহা বিচিত্রকে অন্তরের দিক হইতে মিলাইয়া এক कतिया (तय । हिन्त्रमाञ्च वाचनमार्व्य मर्था (त्रहे चाहे जिया कहे चन्न पिया हि, যাহা তাহাকে উদ্বোধিত করিবে; যাহা তাহাকে চিম্ভা করাইবে, চেষ্টা করাইবে, সদ্ধান করাইবে; যাহা তাহার নিব্দের ভিতরকার সমস্ত অনৈক্যকে সত্যের বন্ধনে এক করিয়া বাঁধিয়া তুলিবার সাধনা করিবে, যাহা জগতের সমন্ত প্রাণশক্তির সঙ্গে তাহার প্রাণ-ক্রিয়ার যোগসাধন করিয়া দিবে। এই ষে আইডিয়া, এই যে স্ঞ্জনশক্তি, চিত্তশক্তি, সভ্যগ্রহণের সাধনা, এই যে প্রাণচেষ্টার প্রবল বিকাশ, ধীহা ব্রাক্ষসমাজের মধ্যে আকার গ্রহণ করিয়া উঠিয়াছে তাহাকে আমরা হিন্দুসমাঞ্জের বলিয়া অস্বীকার করিব ? যেন আমরাই তাহার মালেক, আমরাই তাহার জন্মদাতা। হিন্দুসমাঞ্জের এই নিজেরই ইতিহাসগত প্রাণগত স্বাষ্টি হইতে আমরা হিন্দুসমাজকেই বঞ্চিত করিতে চাহিব ? আমরা হঠাৎ এত বড়ো অক্সায় কথা বলিয়া বদিব ষে, যাহা নিশ্চল, যাহা বাধা, যাহা প্রাণহীন তাহাই হিন্দুসমান্তের, আর যাহা ভাহার আইডিয়া, তাহার মানসরূপ, তাহার মুক্তির गांधना, जाशाहे हिन्तू-ममात्क्वत्र नत्ह, जाशाहे वित्यत मत्रकाति खिनिम। এमन कतिया हिन्तुमभात्कत मजात्क विक्रित्र कित्रवात्र तिष्टेहि कि बान्तमभात्कत तिष्टे ?

এতদ্র পর্যন্ত আসিয়াও আমার শ্রোতা বা পাঠক যদি একজনও বাকি থাকেন, তবে তিনি নিশ্চয় আমাকে শেষ এই প্রশ্ন জিজ্ঞাসা করিবেন যদি জাতিভেদ না মানিয়াও হিন্দুয় থাকে, যদি মুসলমান গ্রীস্টান হইয়াও হিন্দুয় না য়ায় তবে হিন্দুয়টা কী ? কী দেখিলে হিন্দুকে চিনিতে পারি ?

এই প্রশ্নের উত্তর দিতে যদি আমি বাধ্য হই তবে নিশ্চরই তিনিও বাধ্য। হিন্দুর্ঘ কী—ইহার যে-কোনো উত্তরই তিনি দিন না, বিশাল ছিন্দুসমাজের মধ্যে কোথাও না কোথাও তাহার প্রতিবাদ আছে।. শেষকালে তাহাকে এই কথাই বলিতে হইবে, ষে সম্প্রদার কিছুদিন ধরিয়া যে ধর্ম এবং যে আচারকেই হিন্দু বলিয়া মানিয়া আসিয়াছে

ভাছাই ভাছার পক্ষে হিন্দুর এবং ভাছার ব্যক্তিক্রম ভাছার পক্ষেই হিন্দুরের ব্যক্তিক্রম। এই কারণে যাহাতে বাংলার হিন্দুর দূষিত হয় ভাছাতে পাঞ্চাবের হিন্দুর দূষিত হয় ভাছাতে পাঞ্চাবের হিন্দুর দূষিত হয় না, যাহা দ্রাবিডের হিন্দুর পক্ষে অগৌরবের বিষয় নহে ভাছা, কান্তকুজের হিন্দুর পক্ষে লক্ষাজনক।

বাছিরের দিক হইতে হিন্দুকে বিচার করিতে গেলেই এত বড়ো একটা অন্তুত কথা বিলয়া বসিতে হয়। কিন্ধু বাছিরের দিক হইতেই এইরূপ বিচার করাটাই অবিচার;—সেই অবিচারটা হিন্দুসমাজ স্বয়ং নিজের প্রতি নিজে প্রয়োগ করিয়া থাকে বলিয়াই বে সেটা ডাহার বথার্থ প্রাপ্য একথা আমি স্বীকার করি না। আমি নিজেকে নিজে বাহা বলিয়া জানি ভাহা বে প্রায়ই সভা হয় না একথা কাহারও অগোচর নাই।

মাহ্যবের গভীরতম ঐক্যাট বেখানে, সেখানে কোনো সংজ্ঞা পৌছিতে পারে না—
কারণ সেই ঐক্যাট জড়বন্ধ নহে তাহা জীবনধর্মী। স্মৃতরাং তাহার মধ্যে বেমন একটা
হিতি আছে তেমনি একটা গতিও আছে। কেবল মাত্র হিতির দিকে যখন সংজ্ঞাকে
খাড়া করিতে যাই তখন তাহার গতির ইতিহাস তাহার প্রতিবাদ করে - কেবলমাত্র
গতির উপরে সংজ্ঞাকে স্থাপন করাই যার না, সেখানে সে পা রাধিবার জারগাই
পার না।

এই জন্মই জীবনের দারা আমরা জীবনকে জানিতে পারি কিন্তু সংজ্ঞার দারা তাহাকে বাঁধিতে পারি না। ইংরেজের লক্ষণ কী, যদি সংজ্ঞা নির্দেশের দ্বারা বলিতে হয় তবে বলিতেই পারিব না—এক ইংরেজের সঙ্গে আর এক ইংরেজের বাধিবে—এক র্গের ইংরেজের সঙ্গে আর এক ইংরেজের বাধিবে—এক র্গের ইংরেজের সঙ্গে আর এক ব্রের ইংরেজের মিল পাইব না। তবন কেবলন্যাত্র এই একটা মোটা কথা বলিতে পারিব বে, এক বিশেষ ভূষণ্ড ও বিশেষ ইতিহাসের মধ্যে এই যে জ্বাতি স্থাবিকাল ধরিয়া মাছ্য হইয়াছে এই জ্বাতি আপন ব্যক্তিগড় কালগত সমন্ত বৈচিত্র্য লইয়াও এক ইংরেজ্জাতি। ইহাদের মধ্যে যে প্রীস্টান সেও ইংরেজ, যে কালীকে মানিতে চায় সেও ইংরেজ; যে পরজ্ঞাতির উপরে নিজের আধিপত্যকে প্রবল্গ করিয়া তোলাকেই দেলহিতৈবিতা বলে সেও ইংরেজ এবং যে এইরপে অন্ত জ্বাতির প্রতি প্রভূত্তিটা দ্বারা বজ্ঞাতির চরিত্রনাল হর বলিয়া উৎকটিত হয় সেও ইংরেজ,—যে ইংরেজ নিজেদের মধ্যে কাছাকেও বিধর্মী বলিয়া পুড়াইয়া মারিয়াছে সেও ইংরেজ এবং যে লোক সেই বিধর্মকেই সত্যধর্ম বলিয়া পুড়ার মরিয়াছে সেও ইংরেজ এবং যে লোক সেই বিধর্মকেই সত্যধর্ম বলিয়া মনে করে সেইবানেই ইছালের যোগ; কিন্ত ভর্মু ভাই নয়, মনে ক্রিবার একটা ঐতিহাসিক ভিত্তি আছে; ইহালা যে বোলসম্বন্ধে প্রত্যেকে সচেতন ভাহান্তর একটি যোগের জ্বাল আছে।

সেই জালটিতে সকল বৈচিত্র্য বাঁধা পড়িয়াছে। এই ঐক্যজালের স্ব্রগুলি এত স্থ যে ভাষাদিগকে স্পষ্ট করিয়া নির্দেশ করাই যায় না অবচ ডাহা সুলবন্ধনেয় চেয়ে দৃঢ়।

আমাদের মধ্যেও তেমনি একটি ঐক্যজাল আছে। জানিয়া এবং না জানিয়াও তাহা আমাদের সকলকে বাধিয়াছে। আমার জানা ও স্বীকার করার উপরেই তাহার সভ্যতা নির্ভর করে না। কিন্তু তথাপি আমি ধদি তাহাকে জানি ও স্বীকার করি তবে তাহাতে আমারও জোর বাড়ে তাহারও জোর বাড়ে। এই বৃহৎ ঐক্যজালের মহন্ত নই করিয়া তাহাকে ধদি মৃঢ়তার ফাঁদ, করিয়া ভূলি তবে সভ্যকে ধর্ব করার বে শান্তি তাহাই আমাকে ভোগ করিতে হইবে। ধদি বলি, যে লোক দক্ষিণ শিররে মাধা করিয়া শোর সেই হিন্দু, যে অমুকটা খায় না এবং অমুককে ছৌয় না সেই হিন্দু, যে লোক আট বছরের মেয়েকে বিবাহ দেয় এবং সবর্ণে বিবাহ করে সেই হিন্দু তবে বড়ো সভ্যকে ছোটো করিয়া আমরা তুর্বল হইব, ব্যর্থ হইব, নই হইব।

এই জग्रें , य जामि हिन्नुमभात्क जित्रवाहि मिटे जामाद এ क्षा निक्त्रक्रल जाना कर्তवा, कान्य जारव कर्म याश किছू ज्यायात त्यष्ठ जाश এकना ज्यायात नरह, जाश একলা আমার সম্প্রদায়েরও নহে তাহা আমার সমস্ত সমাজের। আমার মধ্য দিয়া আমার সমস্ত সমাজ তপস্তা করিতেছে—সেই তপস্তার ফলকে আমি সেই সমাজ হইতে বিচ্ছিন্ন করিতে পারি না। মাছ্যকে বাদ দিয়া কোনো সমাজ নাই, এবং যাহার। মামুষের শ্রেষ্ঠ তাহারাই মামুষের প্রতিনিধি, তাহাদের দ্বারাই সমস্ত মামুষের বিচার হয়। আজ আমাদের সম্প্রদায়ই যদি জানে ও আচরণে শ্রেষ্ঠতা লাভ করিয়া থাকে एবে ष्पामात्मत्र मच्चनारम् वातारे रेखिशास्म ममख हिन्नुममात्मत्र विठात रहेरव अवः स বিচার সত্য বিচারই হইবে। অতএব হিন্দুসমাজের দশজন যদি আমাকে হিন্দু না खाश कथतारे मडा हरेत्व ना। भुख्याः **हेशांख भागामय काला शक्यारे का**ता हेहे नारे। आगवा य-धर्यक शर्व कविवाहि जारा विश्वकनीन ज्वानि जारा हिस्तुवरे धर्म। এই বিশ্বধর্মকে আমরা ছিন্দুর চিন্ত দিয়াই চিন্তা করিয়াছি, ছিন্দুর চিন্ত দিয়াই গ্রহণ कतियाष्टि। ७५ व्यक्तत नारमत मर्पा नर्ष, व्यक्तत धात्रगांत भर्पा नर्ष, व्यामारमत व्यक्तत উপাসনার মধ্যেও একটি গভীর বিশেষত্ব আছেই—এই বিশেষত্বের মধ্যে বহুশতবংসরের হিন্দুর দর্শন, হিন্দুর ভক্তিত হ, হিন্দুর যোগসাধনা, হিন্দুর অন্ত্র্ছান প্রতিষ্ঠান, হিন্দুর था। मानिष्ठित वित्यवंच ७७८ প্রাভভাবে মিলিভ हहेत्रा प्याह्य। प्याह्य विनदाहे खाद्या वित्यव ভাবে উপাদের, আছে বলিরাই পৃথিবীতে ভাহার বিশেষ মৃদ্য আছে। আছে বলিরাই मरणात्र अहे क्रभिटिक—अहे वमिटिक बाक्स क्रिक अधान हहेर्छ भाहेरछ भारत ।

সমাজের সাধনাকে আমরা অন্ধ অহংকারে নৃতন বলিতেছি কিন্তু তাহার চেরেও অনেকু বেশি সত্য অহংকারে বলিব ইহা আমাদেরই ভিতরকার চিরন্ধন— নবসুলে নববসন্তে সেই আমাদের চিরপুরাতনেরই নৃতন বিকাশ হইরাছে। মুরোপে ঞ্রীন্টান ধর্ম সেখানকার মান্ধবের কর্মান্তি হইতে একটি বিশ্বসত্যের বিশেষ রূপ লাভ করিরাছে। সেইক্ষপ্ত ঞ্রীন্টানধর্ম নিউটেন্টামেন্টের শান্ত্রনিথিত ধর্ম নহে ইহা যুরোপীর জাতির সমন্ত ইতিহাসের মধ্য দিরা পরিপৃষ্ট জীবনের ধর্ম; একদিকে তাহা যুরোপের অন্তর্মন্তম চিরন্ধন, অন্ত দিকে তাহা সকলের। হিন্দুসমাক্ষের মধ্যেও আব্দ যদি কোনো সত্যের জন্ম ও প্রচার হয় তবে তাহা কোনোক্রমেই হিন্দুসমাক্ষের বাহিরের জিনিস হইতেই পারে না,— যদি তাহা আমাদের চিরদিনের জীবন হহতে জীবন না পাইয়া থাকে, যদি সেইখান হইতেই তাহার অন্তর্মন না ক্রিয়া থাকে, আমাদের বৃহৎ সমাজ্যের চিত্তর্ভি যদি ধাত্রীর মতো তাহার সেবা না করিয়া থাকে তবে কেবল আমাদের হিন্দুসমাজে নহে পৃথিবীর কোনো সমাজেই এই পথের ধারের কুড়াইয়া পাওয়া জিনিস গুলার যোগ্য হয় নাই—তবে ইহা ক্রিমে, ইহা অন্বাভাবিক, তবে সভ্যের চির অধিকারসম্বন্ধে এই দরিক্রের কোনো নিজের বিশেষ দলিল দেখাইবার নাই, তবে ইহা কেবল ক্ষণকালের সম্প্রদারের, ইহা চিরকালের মানবসমাজের নহে।

আমি জানি কোনো কোনো আদ্ধ এমন বলিয়া থাকেন, আমি হিন্দুর কাছে যাহা পাইরাছি, প্রীন্টানের কাছে তাহার চেরে কম পাই নাই—এমন কি, হয়তো তাঁহারা মনে করেন তাহার চেরে বেশি পাইরাছেন। ইহার একমাত্র কারণ, বাহির হইতে যাহা পাই তাহাকেই আমরা পাওরা বলিয়া জানিতে পারি—কেননা, তাহাকে চেষ্টা করিয়া পাইতে হয় এবং তাহার প্রত্যেক অংশকে অন্তত্ত করিয়া করিয়া পাই। এই জন্ম বেভনের চেরে মান্ন্র সামান্ত উপরি পাওনায় বেশি খুশি হইয়া উঠে। আমরা হিন্দু বলিয়া বাহা পাইরাছি তাহা আমাদের রক্তে মাংসে অন্থিমজ্জার, তাহা আমাদের মানসপ্রকৃতির তল্পতে ভল্পতি হইরা আছে বলিয়াই তাহাকে ক্তম্ম করিয়া দেখিতে পাই না তাহাকে লাভ বলিয়া মনেই করি না—এই জন্ম ইংরেজি পাঠলালায় পড়া মৃথম্থ করিয়া বাহা আক্তীরভাবে জন্ধপরিষাণেও ক্ষণন্থাীরপ্রণেও পাই তাহাকেও আমরা বেশি না মনে করিয়া থাকিতে পারি না। মাথার ভারকে আমরা ভারী বলিয়া জানি না, কিন্ধ মাথার উপয়কার পাগড়িটাকে একটা কিছু বলিয়া স্পন্ধ বোক্সা বায়, তাই বলিয়া এ কথা বলা সাজে না বে, মাথা বলিয়া জিনিসটা নাই পাগড়িটা আছে; সে পাগড়ি বছমুলা রত্ত্বমাণিকাজড়িত হইলেও এমন কথা বলা সাজে না। সেই জন্ম আমরা বিহেশ ছইতে যাহা পাইরাছি দিনরাত্তি জাহাকে লইয়া ধানা করিলে এবং প্রচার আম্রা বিহেশ ছইতে যাহা পাইরাছি দিনরাত্তি জাহাকে লইয়া ধানা করিলে এবং প্রচার আম্রা বিহেশ ছইতে যাহা পাইরাছি দিনরাত্তি জাহাকে লইয়া ধানা করিলে এবং প্রচার আম্রা বিহেশ ছবতে এবং প্রচার

ক্রিলেও, ভাহাকে আমরা সকলের উচ্চে চড়াইরা রাথিয়া দিলেও, আমার অগোচরে আমার প্রকৃতির গভীরতার মধ্যে নিঃশব্দে আমার চিরস্কন সামগ্রীগুলি আপন নিডাশ্বান অধিকার করিয়া থাকে। উর্দু ভাষার ষভই পারসি এবং আরবি শব্দ পাক্ না তব্ ভাষাভদ্ববিদ্যাণ জানেন ভাহা ভারতবর্ষীর গোড়ীয় ভাষারই এক শ্রেণী;—ভাষার প্রকৃতিক্ত যে কাঠামোটাই ভাহার নিভাসামগ্রী, যে কাঠামোকে অবলম্বন করিয়া স্টের কার্দ্দ চলে সেটা বিদেশী সামগ্রীতে আন্তোপান্ত সমাচ্ছর হইয়া তব্ও গোড়ীয়। আমাদের দেশের ঘোরতর বিদেশীভাবাপয়ও বদি উপয়্ক ভদ্ববিদের হাতে পড়েন ভবে ভাষার চিরকালের স্বজাতীয় কাঠামোটা নিশ্চয়ই তাঁহার প্রচুর আবরণ আচ্ছাদনের ভিতর হইতে ধরা পড়িয়া যায়।

ষে আপনাকে পর করে দে পরকে আপনার করে না, যে আপন দরকে অস্বীকার করে কথনোই বিশ্ব তাহার দরে আভিথ্য গ্রহণ করিতে আসে না; নিজের পদরক্ষার স্থানটুকুকে পরিত্যাগ করার দ্বারাই যে চরাচরের বিরাট ক্ষেত্রকে অধিকার করা যায় এ কথা কথনোই শ্রদ্ধেয় হইতে পারে না।

2023

হিন্দু-বিশ্ববিত্যালয়

আজকালকার দিনে পৃথিবী জুড়িয়া আনাগোনা মেলামেশা চলিতেছে। মাহুষের নানা জাতি নানা উপলক্ষ্যে পরস্পরের পরিচয় লাভ করিতেছে। অতএব ভিন্ন ভিন্ন জাতির স্বাতম্য ঘূচিয়া গিয়া পরস্পর মিলিয়া যাইবার সময় এখন উপস্থিত হইয়াছে একথা মনে করা যাইতে পারিত।

কিন্ত আশ্চর্য এই, বাহিরের দিকে দরজা ষতই খুলিতেছে, প্রাচীর ষতই ভাঙিতেছে, মাসুষের জাতিগুলির স্বাতস্ত্রাবোধ ততই যেন আরও প্রবল হইয়া উঠিতেছে। এক সময় মনে হইত মিলিবার উপায় ছিল না যলিয়াই মাসুষেরা পৃথক হইয়া আছে কিন্তু এখন মিলিবার বাধা সকল যথাসম্ভব দূর হইয়াও দেখা যাইতেছে পার্থকা দূর হইতেছে না।

যুরোপের যে সকল রাজ্যে খণ্ড খণ্ড জাভিরা একপ্রকার মিলিয়া ছিল এখন ভাছারা প্রত্যেকেই আপন শ্বতম আসন গ্রহণ করিবার জন্ম ব্যগ্র ছইয়া উঠিয়াছে। নরোমে স্ইডেনে ভাগ হইয়া গিয়াছে। আয়র্লণ্ড আপনার শ্বতম অধিকার লাভের জন্ম বছ দিন ছইতে অপ্রান্ত চেষ্টা করিতেছে। এমন কি, আপনার বিশেষ ভাষা, বিশেষ সাহিত্যকে আইরিশরা আগাইরা তুলিবার প্রস্তাব করিতেছে। ওরেল্স্বাসীদের মধ্যেও সে চেটা দেখিতে পাওরা যায়। বেল্জির্মে এতদিন একমাত্র করাসি ভাষার প্রাধান্ত প্রবল ছিল; আজ ক্রেমিলরা নিজের ভাষার স্বাতদ্বাকে জ্বরী করিবার জন্ত উৎসাহিত হইরাছে; অদ্ধিয়া রাজ্যে বছবিধ ছোটো ছোটো জাতি একসজে বাস করিয়া আসিতেছে—ভাহাদিগকে এক করিয়া মিলাইরা কেলিবার সম্ভাবনা আজ স্পষ্টই দ্রপরাহত হইরাছে। ক্রিয়া আজ ফিনদিগকে আত্মসাৎ করিবার জন্ত বিপুল বল প্রয়োগ করিতেছে বটে কিন্তু দেখিতেছে গেলা যত সহজ্ব পরিপাক করা তত সহজ্ব নহে। তুরস্ক সাম্রাজ্যে যে নানা জ্বাতি বাস করিতেছে বছ রক্তপাতেও ভাহাদের ভেদচিক বিলুপ্ত হইতে চাহিতেছে না।

ইংলণ্ডে হঠাৎ একটা ইম্পীরিয়ালিজ্মের তেউ উঠিয়াছিল। সম্প্রপারের সমৃদ্র উপনিবেশগুলিকে এক সাম্রাজ্যতন্ত্রে বাঁধিয়া ক্ষেলিয়া একটা বিরাট কলেবর ধারণ করিবার প্রলোভন ইংলণ্ডের চিত্তে প্রবল হইয়া উঠিতেছিল। এবারে উপনিবেশগুলির কর্তৃপক্ষেরা মিলিয়া ইংলণ্ডে যে এক মহাসমিতি বসিয়াছিল ভাহাতে যতগুলি বন্ধনের প্রস্তাব হইয়াছে তাহার কোনোটাই টি কিতে পারে নাই। সাম্রাজ্যকে এককেন্দ্রগত করিবার থাতিরে বেথানেই উপনিবেশগুলির স্বাতন্ত্র্য হানি হইবার লেশমাত্র আশ্বর্মা দেখা দিয়াছে সেইথানেই প্রবল আপত্তি উঠিয়াছে।

একাস্ক মিলনেই যে সবলতা এবং বৃহৎ হইলেই যে মহৎ হওয়া যায় একথা এবনকার কথা নহে। আসল কথা, পার্থক্য যেখানে সত্য, সেখানে স্থবিধার থাতিরে, বড়ো দল বাঁধিবার প্রলোভনে তাহাকে চোধ বুজিয়া লোপ করিবার চেন্তা করিলে সত্য তাহাতে সমতি দিতে চায় না। চাপা-দেওয়া পার্থক্য ভয়ানক একটা উৎপাতক পদার্থ, তাহা কোনো-না-কোনো সমরে ধাকা পাইলে হঠাং কাটিয়া এবং কাটাইয়া একটা বিপ্লব বাধাইয়া তোলে। যাহারা বস্তুতই পৃথক, তাহাদের পার্থক্যকে সম্মান করাই মিলন-রক্ষার সত্যায় ।

আপনার পার্থকা যখন মাত্র্য যথার্থভাবে উপলব্ধি করে তথনই সে বড়ো হইরা উঠিতে চেষ্টা করে। আপনার পার্থক্যের প্রতি বাহার কোনো মমতা নাই সেই হাল ছাড়িয়া দিয়া দলের সঙ্গে মিলিয়া একাকার ছইয়া যায়। নিজিত মাত্র্যের মধ্যে প্রভেদ থাকে না—জানিয়া উঠিলেই প্রভ্যেকের ভিয়তা নানা প্রকারে আপনাকে ঘোষণা করে। বিকালের অর্থ ই ক্রেকোর মধ্যে পার্থক্যের বিকাল। বীজের মধ্যে বৈচিত্রা নাই। কুঁড়ির মধ্যের সমস্ত পাপড়ি ঘনিষ্ঠ ভাবে মিলিয়া এক ছইয়া থাকে—যখন ভাছাদের ভেম ঘটে তথনই ফুল বিকলিত ছইয়া উঠে। প্রভ্যেক পাপড়ি ভিয় ভিয় মৃধ্যে আপন পর্যে আপনাকে যথন পূর্ণ করিয়া জোলে তথনই ফুল সার্থক ছয়। আজ

পরস্পরের সংঘাতে সমস্ত পৃথিবীতেই একটা জাগরণ সঞ্চারিত হইরাছে বলিয়া বিকাশের আনিবার্য নিয়মে মহায়-সমাজের স্বাভাবিক পার্থকার আত্মরক্ষার জন্ম চতুর্দিকে সচেষ্ট হইয়া উঠিয়াছে। আপনাকে সম্পূর্ণ বিলুপ্ত করিয়া অন্মের সঙ্গে একেবারে মিলিয়া পিয়া যে বড়ো ছওয়া তাছাকে কোনো জাগ্রংসন্তা বড়ো ছওয়া মনে করিতেই পারে না। যে ছোটো সেও ঘখনই আপনার সত্যকার স্বাভন্তা সম্বন্ধে সচেতন হইয়া উঠে তখনই সেটিকে বাঁচাইয়া রাখিবার জন্ম প্রাণপন করে—ইহাই প্রাণের ধর্ম। বস্তুত সে ছোটো হইয়াও বাঁচিতে চায়, বড়ো হইয়া মরিতে চায় না।

ফিনরা যদি কোনো ক্রমে রুশ হইয়া যাইতে পারে তবে অনেক উৎপাত হইতে তাহারা পরিত্রাণ পার—তবে একটি বড়ো জাতির শামিল হইয়া গিয়া ছোটোত্বর সমস্ত হংব একেবারে দ্র হইয়া যায়। কোনো একটা নেশনের মধ্যে কোনো প্রকার দিধা থাকিলেই তাহাতে বলক্ষয় করে এই আশহায় ফিনল্যাওকে রাশিয়ার সঙ্গে বলপ্র্বক অভিন্ন করিয়া দেওয়াই রুশের অভিপ্রায়। কিন্তু ফিনল্যাওর ভিন্নতা যে একটা সত্যপদার্থ; রাশিয়ার স্থবিধার কাছে সে আপনাকে বলি দিতে চায় না। এই ভিন্নতাকে যথোচিত উপায়ে বল করিতে চেষ্টা করা চলে, এক করিতে চেষ্টা করা হত্যা করার মতো অলায়। আয়র্লপ্তকে লইয়াও ইংলপ্তের সেই সংকট। সেখানে স্থবিধার সঙ্গে সন্তোর লড়াই চলিতেছে। আজ পৃথিবীর নানা স্থানেই যে এই সমস্তা দেখা যাইতেছে তাহার একমাত্র কারণ সমস্ত পৃথিবীতেই একটা প্রাণের বেগ সঞ্চারিত হইয়াছে।

আমাদের বাংলা দেশের সমাজ্যের মধ্যে সম্প্রতি বে ছোটোখাটো একটি বিপ্লব দেখা দিয়াছে তাহারও মৃল কথাটি সেই একই। ইতিপূর্বে এ দেশে ওান্ধন ও শূত্র এই ছুই মোটা ভাগ ছিল। ব্রাহ্মন ছিল উপরে, আর সকলেই ছিল ভলায় পড়িয়া।

কিন্ত যথনই নানা কারণে আমাদের দেশের মধ্যে একটা উষোধন উপস্থিত হইল তথনই অপ্রান্ধণ জাতিরা শৃত্র শ্রেণীর এক-সমতল হীনজার মধ্যে একাকার হইরা থাকিতে রাজি হইল না। কারত্ব আপনার যে একটি বিশেষত্ব অস্কুত্ব করিতেছে তাহাতে সে আপনাকে শৃত্রত্বের মধ্যে বিলুপ্ত করিয়া রাধিতে পারে না। তাহার হীনতা সত্য নহে। স্কুতরাং সামাজিক শ্রেণীবন্ধনের অতি প্রাচীন স্থবিধাকে সে চিরকাল মানিবে কেমন করিয়া? ইহাতে দেশাচার যদি বিশ্বত্ব হয় তবে দেশাচারকে পরাভ্ত হইতেই হইবে। আমাদের দেশের সকল জাতির মধ্যেই এই বিপ্লব ব্যাপ্ত হইবে। কেননা, মূর্ছাবত্বা ঘূচিলেই মান্থব সত্যকে অস্কুত্ব করে; সত্যকে অস্কুত্ব করিবামাত্র সে কোনো কৃত্রিম স্থবিধার দাসত্বেক্বন স্থীকার করিতে পারে না, বরঞ্চ সে অস্কৃবিধা ও অঞান্তিকেও বরণ করিয়া লইতে রাজি হয়।

ইছার ফল কী । ইছার ফল এই বে, স্বাভজ্ঞার গোরববোধ জারিলেই মাস্থ দুংখ স্বীকার করিরাও আপনাকে বড়ো করিরা ভূলিতে চাছিবে। বড়ো হইরা উঠিলে তথনই পরস্পারের মিলন সভাকার সামগ্রী হইবে। দীনভার মিলন, অধীনভার মিলন, এবং দারে পড়িরা মিলন গোঁজামিলন মাত্র।

মনে আছে আমারই কোনো ব্যাকরণঘটিত প্রবন্ধ লইরা একবার সাহিত্যপরিষৎ সভার এমন একটি আলোচনা উঠিয়াছিল ষে, বাংলা ভাষাকে ষত্যুর সম্ভব সংস্কৃতের মতো করিয়া তোলা উচিত—কারণ, তাহা হইলে গুলুরাট মারাঠা সকলেরই পক্ষে বাংলা ভাষা স্থগম হইবে।

অবশ্ব একথা শীকার করিতেই হইবে বাংলা ভাষার বে একটি নিজত্ব আছে অক্ত' দেশবাসীর পক্ষে বাংলা ভাষা বৃদ্ধিবার সেইটেই প্রধান বাধা। অথচ বাংলা ভাষার যাহা কিছু শক্তি বাহা কিছু সৌন্দর্য সমন্তই ভাহার স্ক্রসই নিজত্ব লইয়া। আজ ভারতের পশ্চিমতমপ্রাক্তবাসী গুজরাটি বাংলা পড়িরা বাংলা সাহিত্য নিজের ভাষার অম্বাদ করিতেছে। ইহার কারণ এ নয় যে বাংলা ভাষাচা সংস্কৃতের ক্রন্তিম হাঁচেঢালা সর্বপ্রকার বিশেষত্ব-বর্জিত সহজ্ব ভাষা। সাঁওতাল যদি বাঙালি পাঠকের কাছে ভাহার লেখা চলিত হইবে আশা করিয়া নিজের ভাষা হইতে সমস্ত সাঁওতালিত্ব বর্জন করে তবেই কি ভাহার সাহিত্য আমাদের কাছে আদর পাইবে ? কেবল ওই বাধাটুকু দ্র করার পথ চাহিরাই কি আমাদের মিলন প্রতীক্ষা করিয়া বসিয়া আছে ?

অতএব, বাঙালি বাংলা ভাষার বিশেষত্ব অবলখন করিরাই সাহিত্যের যদি উন্নতি করে তবেই হিন্দিভাষীদের সঙ্গে তাহার বড়ো রকমের মিল হইবে। সে বদি হিন্দুখানীদের সঙ্গে সন্তার ভাব করিরা লইবার জন্ত হিন্দির ছাঁদে বাংলা লিখিতে থাকে জবে
বাংলা সাহিত্য অধংপাতে বাইবে এবং কোনো হিন্দুখানী তাহার দিকে দৃহ্পাতও
করিবে না। আমার বেল মনে আছে অনেকদিন পূর্বে একজন বিশেষ বৃদ্ধিমান লিক্ষিত
বাক্তি আমাকে বলিরাছিলেন, "বাংলা সাহিত্য বতই উন্নতিলাভ করিতেছে ততই তাহা
আমাদের জাতীর মিলনের পক্ষে অন্তরায় হইরা উঠিতেছে। কারণ এ সাহিত্য বদি
শোষ্ঠতা লাভ করে তবে ইহা মরিতে চাহিবে না — এবং ইহাকে অবলখন করিরা লেষ
পর্বন্ত বাংলা ভাষা মাট কামড়াইয়া পড়িয়া থাকিবে। এমন অবস্থায় ভারতবর্বে ভাষার
ঐক্যসাধনের পক্ষে সর্বাপেক্ষা বাধা দিবে বাংলা ভাষা। অন্তর্ব বাংলা সাহিত্যের
উন্নতি ভারতবর্বের পক্ষে মজলকর নহে।" সকল প্রকার ভেদকে টেকিতে কুটয়া
একটা পিণ্ডাকার পদার্ঘ গড়িয়া ভোলাই জাতীর উন্নতির চরম পরিণাম, তথনকার দিনে
ইহাই সকল লোকের যনে জাগিতেছিল। কিন্তু আসল কণা বিশেষত্ব বিস্তান করিয়া

বে স্থবিধা ভাহা ছু-ছিনের ফাঁকি—বিশেষত্বকেই মহতে লইয়া গিয়া বে স্থবিধা ভাহাই সতা।

আমাদের দেশে ভারতবর্ষীয়দের মধ্যে রাষ্ট্রীয় ঐক্যালাভের চেন্তা যথনই প্রবল হইল, অর্থাৎ যথনই নিজ্ঞের সন্তা সম্বন্ধে আমাদের বিশেষভাবে চেতনার উত্তেক হইল তথনই আমরা ইচ্ছা করিলাম বটে মুসলমানদিগকেও আমাদের সলে এক করিয়া লই, কিছ তাছাতে কৃতকার্য হইতে পারিলাম না। এক করিয়া লইতে পারিলে আমাদের স্বিধা হইতে পারিত বটে, কিছ স্ববিধা হইলেই য়ে এক করা যায় ভাহা নহে। হিন্দু মুসলমানের মধ্যে যে একটি সভ্য পার্থক্য আছে ভাহা ফাকি দিয়া উড়াইয়া দিবার জোনাই। প্রয়োজনসাধনের আগ্রহবশত সেই পার্থক্যকে যদি আমরা না মানি ভবে সেও আমাদের প্রয়োজনকে মানিবে না।

হিন্দু মৃসলমানের মধ্যে সকল দিক দিয়া একটা সত্যকার ঐক্য জ্বে নাই বলিয়াই রাষ্ট্রনৈতিক ক্ষেত্রে তাহাদিগকে এক করিয়া তুলিবার চেট্রায় সন্দেহ ও অবিশাসের স্ত্রেপাত হইল। এই সন্দেহকে অমূলক বলিয়া উড়াইয়া দিলে চলিবে না। আমরা মৃসলমানকে যখন আহ্বান করিয়াছি তখন তাহাকে কাক্ষ উদ্ধারের সহায় বলিয়া তাকিয়াছি, আপন বলিয়া তাকি নাই। যদি কখনো দেখি তাহাকে কাল্পের জন্ম আর দরকার নাই তবে তাহাকে অনাবশুক বলিয়া পিছনে ঠেলিতে আমাদের বাধিবে না। তাহাকে যথার্থ আমাদের সন্ধী বলিয়া অমূভব করি নাই, আমুষ্থলিক বলিয়া মানিয়া লইয়াছি। যেখানে তৃইপক্ষের মধ্যে অসামক্ষশ্র আছে সেখানে ঘদি তাহারা শরিক হয়, তবে কেবল ততদিন পর্যন্ত তাহাদের বন্ধন থাকে যতদিন বাহিরের কোনো বাধা অতিক্রমের জন্ম তাহাদের একত্র থাকা আবশ্রুক হয়,—সে আবশ্রুকটা জতীত হইলেই ভাগবাটোয়ারার বেলায় উভয় পক্ষেই ফাঁকি চলিতে থাকে।

মুসলমান এই সন্দেহটি মনে শইয়া আমাদের ভাকে সাড়া দের নাই। আমরা তুই পক্ষ একত্র থাকিলে মোটের উপর লাভের আহু বেশি হইবে বটে, কিছু লাভের অংশ তাহার পক্ষে বেশি হইবে কি না, মুসলমানের সেইটেই বিবেচা। অভএব মুসলমানের এ কথা বলা অসংগত নহে যে আমি যদি পৃথক থাকিয়াই বড়ো হইতে পারি ভবেই ভাহাতে আমার লাভ।

কিছুকাল পূর্বে হিন্দু-মুসলমানের মধ্যে এই স্বাতন্ত্রা-অন্তর্ভূতি তীএ ছিল না। আমরা এমন এক রকম করিয়া মিলিয়া ছিলাম যে আমাদের মধ্যেকার ভিন্নতাটা চোবে পড়িত না। কিন্তু স্বাতন্ত্রা-অন্তর্ভূতির অভাবটা একটা অ-ভাবমাত্র, ইছা ভাষাত্মক নহে। অর্থাৎ আমাদের মধ্যে সভাকার অভেন্ন ছিল বলিয়াই যে, ভেন্ন সম্বন্ধে আমরা অচেতন

এখন জগৎ জুড়িয়া সমস্যা এ নছে বে, কী করিয়া ভেদ ঘুচাইয়া এক হইব—কিছ কী করিয়া ভেদ বক্ষা করিয়াই মিলন হইবে। সে কাজটা কঠিন—কার্ন, সেখানে কোনো প্রকার ফাঁকি চলে না, সেখানে পরস্পরকে পরস্পরের জায়গা ছাড়িয়া দিতে হয়। সেটা সহজ নহে, কিছ বেটা সহজ সেটা সাধ্য নহে; পরিণামের দিকে চাহিলে দেখা যায় যেটা কঠিন সেটাই সহজ।

আৰু আমাদের দেশে মুসলমান শুভন্ত থাকির। নিজের উন্নতিসাধনের চেষ্টা করিতেছে। ভাছা আমাদের পক্ষে যতই অপ্রিয় এবং ভাছাতে আপাতত আমাদের যতই অপুবিধা হউক, একদিন পরস্পরের যথার্থ মিলনসাধনের ইহাই প্রকৃত উপার। ধনী না হইলে দান করা কটকর; মাছ্ম্য যথন আপনাকে বড়ো করে তখনই আপনাকে ভাগা করিতে পারে। যত দিন ভাছার অভাব ও ক্ষুত্রতা ততদিনই ভাছার মুর্বা ও বিরোধ। ততদিন যদি সে আর কাছারও সঙ্গে মেলে তবে দায়ে পড়িরা মেলে—সেমিলন করাটাই শ্রেয়।

আধুনিক কালের শিক্ষার প্রতি সময় থাকিতে মনোযোগ না করার ভারতবর্ধের মুসলমান হিন্দুর চেয়ে অনেক বিষয়ে পিছাইয়া পড়িয়াছে। সেখানে তাহাকে সমান হইয়া লইতে হইবে। এই বৈষমাট দূর করিবার জন্ত মুসলমান সকল বিষয়েই হিন্দুর চেয়ে বেশি লাবি করিতে আরম্ভ করিয়াছে। ভাহাদের এই লাবিতে আমাদের আন্তরিক সম্মতি থাকাই উচিত। পদ-মান-শিক্ষার ভাহারা হিন্দুর সমান হইয়া উঠে ইহা হিন্দুরই পক্ষে মঞ্চলকর।

বস্তুত বাহির হইতে ষেটুকু পাওরা ষাইতে পারে, ষাহা অন্তের নিকট প্রার্থনা করিরা পাওরা যার ভাহার একটা সীমা আছেই। সে সীমা হিন্দু ও মুসলমানের কাছে প্রার্থ সমান। সেই সীমার বভদিন পর্যন্ত না পৌছানো যার ভভদিন মনে একটা আশা থাকে বৃঝি সীমা নাই, বৃদ্ধি এই প্রেই পর্মার্থ লাভ করা যার। ভবনই সেই পর্যের পারের

কাম একটু বেশি জুটিয়াছে কাম একটু কম, ভাই সইয়া পরস্পন্ন ঘোষতর **উ**ধা বিরোধ ঘটিতে থাকে।

কিন্ত গানিকটা দ্বে গিয়া স্পষ্টই ব্ঝিতে পারা যায় যে, নিজের গুণে ও শক্তিতেই আমরা নিজের স্থায়ী মকল সাধন করিতে পারি। যোগ্যতা লাভ ছাড়া অধিকার লাভের অন্ত কোনো পথ নাই। এই কথাটা ব্ঝিবার সময় যত অবিলম্পে ঘটে ততই শ্রেয়। অতএব অন্তের আফুকুলালাভের যদি কোনো স্বতম্ব সিধা রান্তা মুসলমান আবিষ্ণার করিয়া থাকে তবে সে পথে তাছাদের গতি অব্যাহত হউক। সেধানে তাছাদের প্রাপ্তার ভাগ আমাদের চেয়ে পরিমাণে বেশি হইতেছে বলিয়া অহরহ কলহ করিবার ক্রতা যেন আমাদের না থাকে। পদ-মানের রান্তা মুসলমানের পক্ষে যথেষ্ট পরিমাণে স্থগম হওয়াই উচিত—সে রান্তার শেষ গমাস্থানে পৌছিতে তাছাদের কোনো বিলম্ব না হয় ইছাই যেন আমরা প্রসন্ধানে কামনা করি।

কিন্ত এই যে বাহু অবস্থার বৈষম্য ইহার পরে আমি বেশি ঝোঁক দিতে চাই না— ইহা ঘূচিয়া যাওয়া কিছুই শক্ত নহে। যে কথা সইয়া এই প্রবন্ধে আলোচনা করিতেছি তাহা সত্যকার স্বাতন্ত্র। সে স্বাতন্ত্রকে বিলুপ্ত করা আত্মহত্যা করারই সমান।

আমার নিশ্চর বিশ্বাস, নিজেদের শ্বতম্ব বিশ্ববিদ্যালর শ্বাপন প্রভৃতি উদ্যোগ লইরা মুসলমানেরা যে উৎসাহিত হইয়া উঠিরাছে ভাহার মধ্যে প্রতিযোগিতার ভাব যদি কিছু থাকে তবে সেটা শ্বারী ও সত্য পদার্থ নহে। ইহার মধ্যে সত্য পদার্থ নিজেদের শ্বাতম্ব্য উপলব্ধি। মুসলমান নিজের প্রকৃতিতেই মহৎ হইরা উঠিবে এই ইচ্ছাই মুসলমানের সত্য ইচ্ছা।

এইরপ বিচিত্র স্বাতন্ত্রাকে প্রবল হইরা উঠিতে দেখিলে আমাদের মনে প্রথমে একটা ভয় হয়। মনে হয় স্বাতন্ত্রোর যে যে অংশে আজ বিরুদ্ধতা দেখিতেছি সেইগুলাই প্রশ্রম পাইয়া অত্যন্ত বাড়িয়া ঘাইবে, এবং তাহা হইলে মাছ্যমের মধ্যে পরস্পরের প্রতিষ্কৃলতা ভয়ংকর উগ্র হইয়া উঠিবে।

একদা সেই আশহার কাল ছিল। তথন এক এক জাতি জাপনার মধ্যেই আবদ্ধ থাকিয়া আপনার বিশেষত্বকে অপরিমিতরূপে বাড়াইয়া চলিত। সমস্ত মান্তবের পক্ষে সে একটা ব্যাধি ও অকল্যাণের রূপ ধারণ করিত।

এখন সেরপ ঘটা সম্পূর্ণ সম্ভবপর নছে। এখন আমরা প্রভাক মান্ত্রেই সকল
মান্ত্রের মাঝখানে আসিয়া পড়িরাছি। এখন এভ বড়ো কোন কেহই খুঁ জিয়া বাহির
করিতে পারিবে না, যেখানে অসংগতরূপে অবাধে একথোঁকা রক্ষম বাড় বাড়িয়া একটা
জন্তুত স্টি ঘটতে পারে।

এখনকার কাঁলের যে দীক্ষা ভাষাতে প্রাচ্য পাশ্চান্তা সকল জাভিরই যোগ আছে কেবল নিজের শান্ত্র পড়িরা পণ্ডিও হইবার আশা কেহ করিতে পারে না। অন্তত এই দিকেই মান্তবের চেষ্টার গতি দেখা বাইতেছে; বিল্লা এখন জ্ঞানের একটি বিশ্ববক্ত হইরা উঠিতেছে—সে সমস্ত মান্তবের চিত্ত-সন্মিলনের ক্ষেত্র প্রস্তুত করিতেছে।

মান্থবের এই বৃহৎ চেষ্টাই আজ মৃসলমানের থারে এবং হিন্দুর থারে আঘাত করিতেছে। আমরা এতদিন প্রাপ্রি পাশ্চান্তা শিক্ষা পাইতেছিলাম। এ শিক্ষা ধধন এদেশে প্রথম আরম্ভ হইরাছিল তখন সকল প্রকার প্রাচ্যবিন্তার প্রতি তাহার অবজ্ঞা ছিল। আজ পর্যন্ত সেই অবজ্ঞার মধ্যে আমরাও বাড়িয়া উঠিয়ছি। তাহাতে মাতা সরস্বতীর বরে গৃহবিচ্ছেদ ঘটয়াছে। তাহার প্রমহলের সন্তানেরা পশ্চিম মহলের দিকে জানালা বন্ধ করিয়াছে এবং পশ্চিম মহলের সন্তানেরা পূবে হাওয়াকে জন্মলের অস্বান্থা কর হাওয়া জ্ঞান করিয়া তাহার একটু আভাবেই কান পর্যন্ত দিয়া বসিয়াছেন।

ইতিমধ্যে ক্রমশই সময়ের পরিবর্তন ঘটিয়াছে। সর্বক্রই প্রাচ্য বিশার অনাদর দূর হইতেছে। মানবের জ্ঞানের বিকাশে তাহারও প্রয়োজন সামাশ্র নহে সে পরিচয় প্রতিদিন পাওরা যাইতেছে।

অধচ, আমাদের বিভাশিক্ষার বরাদ সেই পূর্বের মতোই রহিয়া গিয়াছে। আমাদের বিশ্ববিভাগরে কেবল আমাদেরই বিশ্বার উপযুক্ত স্থান নাই। হিন্দুমূলমানশান্ত্র অধার্থন একজন জর্মান ছাত্রের যে স্মুবিধা আছে আমাদের সে স্মুবিধা নাই। এরপ অসম্পূর্ব শিক্ষালাভে আমাদের ক্ষতি করিভেছে সে বোধ যে আমাদের মনে জাগ্রত হইয়া উঠিয়াছে, তাহা এখনকারই কালের ধর্মবশত; আমরা যদি কেবল পশ্চিমের পড়া পাধি হইয়া শেখা বুলি আওড়াই ভবে ভাহাতে রান্তার লোকের ক্ষণকালীন বিশ্বর ও কোতৃক উৎপাদন করিবে মাত্র, পৃথিবীর ভাহাতে কোনো লাভ নাই। আমরা নিজের বাণীকে লাভ করিব, সমন্ত্র মানব আমাদের কাছে এই প্রভ্যাশা করিভেছে।

সেই প্রত্যাশা বিদি পূর্ব করিতে না পারি তবে মান্নবের কাছে আমাদের কোনো সম্মান নাই। এই সম্মানলাভের জন্ম প্রস্তুত হইবার আহ্বান আসিতেছে। তাহারই আরোজন করিবার উদ্যোগ আমাদিগকে করিতে হইবে।

অন্নদিন ছইতে আমাদের দেশে বিত্যাশিক্ষার উপায় ও প্রণালী পরিবর্তনের বে
চেষ্টা চলিতেছে সেই চেষ্টার মূলে আমাদের এই আকাজ্ঞা রহিয়াছে। চেষ্টা বে ভালো
করিয়া সকলভা লাভ করিতে পারিতেছে না তাহারও মূল কারণ আমাদের এতকালের
অসম্পূর্ণ শিক্ষা। আমরা যাহা ঠিক মতো পাই নাই ভাহা দিভে চেষ্টা করিয়াও দিভে
পারিতেছি না।

আমাদের স্বজান্তির এমন কোনো একটি বিশিষ্টতা আছে বাহাঁ মূল্যবান, একণা সম্পূর্ণ অপ্রস্থা করেন এমন লোকও আছেন, তাঁহাদের কণা আমি একেবারেই ছাড়িয়া দিতেছি।

এই বিশিষ্টতাকে স্বীকার করেন অবচ ব্যবহারের বেলার তাহাকে ন্যাধিক অগ্রাহ্য করিয়া থাকেন এমন লোকের সংখ্যা অল্প নহে। তাঁহাদের মধ্যে অনেকে হয়তো আহিকতর্পণ ও করেন এবং শান্ত্রালাপেও পটু কিন্তু জাতীর আদর্শকে তাঁহারা অত্যন্ত আংশিকভাবে গ্রহণ করেন এবং মুখে যতটা করেন কাজে ততটা করেন না। ইহারা নিজেরা যে বিভালয়ে পড়া মুখন্থ করিয়া আসিয়াছেন তাহাকে বেশিদূর ছাড়াইয়া যাইতে ভরসা করেন না।

আর একদল আছেন তাঁহারা শ্বজাতির বিশিষ্টতা লইয়া গোঁরব করেন কিন্ধ এই বিশিষ্টতাকে তাঁহারা অত্যন্ত সংকীর্ব করিয়া দেখিয়া থাকেন। যাহা প্রচলিত তাহাকেই তাঁহারা বড়ো আসন দেন, যাহা চিরস্কন তাহাকে নহে। আমাদের ঘূর্গতির দিনে বে বিকৃতিগুলি অসংগত হইয়া উঠিয়া সমস্ত মান্থবের সঙ্গে আমাদের বিরোধ ঘটাইয়াছে, খণ্ড খণ্ড করিয়া আমাদিগকে ঘূর্বল করিয়াছে, এবং ইতিহাসে বারবার করিয়া কেবলই আমাদের মাথা হেঁট করিয়া দিতেছে, তাঁহারা তাহাদিগকেই আমাদের বিশেষত্ব বলিয়া তাহাদের প্রতি নানাপ্রকার কাল্পনিক গুণের আরোপ করিবার চেষ্টা করিতেছেন। ইহারা কালের আবর্জনাকেই স্বজাতির প্রকৃত পরিচয় মনে করিয়া তাহাকেই চিরস্থায়ী করিবার চেষ্টা করিবেন এবং দ্বিত বান্দের আলেয়া-আলোককেই চক্রস্থর্বের চেমে সনাতন বলিয়া সম্মান করিবেন তাহাতে সন্দেহ নাই।

অতএব যাহারা স্বতন্তভাবে হিন্দু বা মুসলমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকে ভয় করেন তাঁহাদের ভয়ের কোনো কারণ নাই এমন কথা বলিতে পারি না। কিন্তু তৎসন্ত্বেও একথা জাের করিয়া বলিতে ছইবে ষে, যে শিক্ষার মধ্যে প্রাচ্য পাশ্চান্ত্য সকল বিদ্যারই সমাবেশ হইতেছে সে শিক্ষা কখনাই চিরদিন কোনো একান্ত আজিশয়ের দিক্ষে প্রশ্রম লাভ করিতে পারিবে না। যাহারা স্বতন্ত তাহারা পরস্পর পাশাপাশি আসিয়া দাঁড়াইলে তবেই তাহাদের বাড়াবাড়ি কাটিয়া যায় ও তাহাদের সভ্যাট বথার্যভাবে প্রকাশ পায়। নিজের ঘরে বসিয়া ইচ্ছামতাে যিনি যতবড়াে পুশি নিজের আসন প্রস্তুত করিতে পারেন, কিন্তু পাঁচজনের সভার মধ্যে আসিয়া পড়িলে স্বতই নিজের উপযুক্ত আসনটি দ্বির হইয়া যায়। হিন্দু বা মুসলমান বিশ্ববিভালয়ে যদি বিশ্বকে স্থান দেওয়া হয় ভবে সেই সঙ্গে নিজের স্বাতন্ত্রাকে স্থান দিলে কোনাে বিপদের স্ক্যাবনা থাকিবে না। ইহাতেই বন্ধত স্বাতন্ত্রের যথার্থ মূলা নির্ধারিত হইয়া যাইবে।

এ পর্বন্ধ আমরা পাশ্চাত্য শান্ত্রসকলকে যে প্রকার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও যুক্তিমূলক প্রণালীয় হারা বিচার করিয়া আসিতেছি নিজেদের শান্তগুলিকে সেরপ করিভেছি না। যেন জগতে আর সর্বত্রই অভিব্যক্তির নির্ম কাজ করিয়া আসিরাছে, क्विन छात्रछवर्षरे म প্रविष कविष्ठ शास नारे- ध्वान ममछरे धनामि धवः ইভিহাসের অতীক্ত। এখানে কোনো দেবভা ব্যাকরণ, কোনো দেবভা বুসায়ন, কোনো দেবতা আয়ুর্বেদ আন্ত সৃষ্টি করিয়াছেন কোনো দেবতার মৃ্ব-হন্ত-পদ হইতে একে-वार्त्रहे हाति वर्ग वाहित इंदेश आंत्रिशास्त्र अभक्षहे अपि ও দেবভার মিলিয়া এক মুহুর্ভেই ধাড়া করিয়া দিয়াছেন। ইহার উপরে আর কাহারও কোনো কথা চলিতেই পারে না। সেই জন্মই ভারতবর্ষের ইতিহাস রচনায় অদ্ভুত অনৈস্পিক ঘটনা বর্ণনায় আমাদের लियनीत मध्या ताथ इत्र ना-विक्रिक लाकरमत मर्थाक देशत পतिहत् প্रक्रिकेट পাওয়া যায়। আমাদের সামাজিক আচার ব্যবহারেও বৃদ্ধিবিচারের কোনো অধিকার নাই কেন আমরা একটা কিছু করি বা করি না তাহার কারণ বিক্তাসা করাই অসংগত। কেননা কাৰ্যকারণের নিয়ম বিশ্বক্ষাণ্ডে কেবলমাত্র ভারতবর্ষেই খাটিবে না—সকল কারণ শাস্ত্রবচনের মধ্যে নিহিত। এই জন্তু সমুদ্রযাত্রা ভালো কি মন্দ, শাস্ত্র थूलिया जाहात निर्वय हहेरव, जेवर कान् वाकि घरत एकिला हं कात क्षम क्षमिए हहेरव পণ্ডিভমহাশয় তাহার বিধান দিবেন। কেন যে একজনের ছোঁয়া দুধ বা থেজুর রস বা छড़ थाईल ज्लाभ नाहे, जन भाईलाई ज्लाभ — क्न य यवत्नत्र প্রস্তুত মদ भाईला জাত যায় না, আম খাইলেই জাত যায় এসব প্রশ্ন জিজ্ঞাসা করিলে ধোবা নাপিত বন্ধ कतियां रे मूत्र वह कित्या मिटल स्य।

শিক্ষিত সমাজেও যে এমন অত্ত অসংগত ব্যবহার চলিতেছে তাহার একটা কারণ আমার এই মনে হয়, পাশ্চান্ত্যশান্ত্র আমরা বিভালয়ে শিধিয়া থাকি এবং প্রাচ্য-শান্ত্র আমরা ইন্থলের কাপড় ছাড়িয়া অক্সত্র অক্ত অবস্থার মধ্যে শিক্ষা করি। এই জক্ত উভরের সম্বন্ধে আমাদের মনের ভাবের একটা ভেদ ঘটিয়া যায়—অনায়াসেই মনে করিতে পারি বৃদ্ধির নিয়ম কেবল এক জামগায় থাটে - অক্ত জামগায় বড়ো জোর কেবল ব্যাকরণের নিয়মই থাটিতে পারে। উভয়কেই এক বিভামন্দিরে এক শিক্ষার অক্ষ করিয়া দেখিলে আমাদের এই মোহ কাটিয়া যাইবার উপায় হইবে।

কিছ আধুনিক শিক্ষিত সমাজেই এই ভাষটা বাড়িয়া উঠিতেছে কেন, এ প্রশ্ন স্বতই মনে উদিত হয়। শিক্ষা পাইলে বৃদ্ধিবৃদ্ধির প্রতি লোকের জনাহা জন্মে বলিয়াই যে এমনটা ঘটে ভাহা আমি মনে করি না। আমি প্রেই ইহার কারণ সম্বন্ধে আলোচনা করিয়াছি।

শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে আমাদের স্বাতদ্রা-অভিমানটা প্রবল হইয়া উঠিতেছে।
এই অভিমানের প্রথম জোয়ায়ে বড়ো একটা বিচার থাকে না, কেবল জোরই থাকে।
বিশেষত এতদিন আমরা আমাদের বাহা কিছু সমন্তকেই নির্বিচারে অবজ্ঞা করিয়া
আসিয়াছি—আজ তাহার প্রবল প্রতিক্রিয়ার অবস্থায় আমরা মাঝে মাঝে বৈজ্ঞানিক
বিচারের ভান করি, কিন্তু তাহা নির্বিচারেরও বাড়া।

এই তীব্র অভিমানের আবিলতা কধনোই চিরদিন টি ক্রিতে পারে না—এই প্রতি-ক্রিয়ার ঘাত প্রতিঘাত শাস্ত হইয়া আসিবেই তখন দর হইতে এবং বাহির হইতে সভ্যকে গ্রহণ করা আমাদের পক্ষে সহজ হইবে।

হিন্দুসমাজের পূর্ণ বিকাশের মৃতি আমাদের কাছে প্রত্যক্ষ ব্যাপার নছে। স্মৃতরাং হিন্দু কী করিয়াছে ও কী করিতে পারে সে সম্বন্ধে আমাদের ধারণা তুর্বল ও অম্পাষ্ট। এখন আমরা যেটাকে চোখে দেখিতেছি সেইটেই আমাদের কাছে প্রবল। ভাহা যে নানারপে হিন্দুর যথার্থ প্রকৃতি ও শক্তিকে আচ্চন্ন করিয়া তাহাকে বিনাশ করিতেছে একধা মনে করা আমাদের পক্ষে কঠিন। পাঁজিতে যে সংক্রান্তির ছবি দেখা যায় আমাদের কাছে হিন্দু সভ্যতার মৃতিটা সেই রকম। সে কেবলই যেন স্নান করিতেছে, জ্ঞপ করিতেছে, এবং ব্রন্ত উপবাদে স্কুল হইয়া জগতে সমস্ত কিছুর সংস্পর্ল পরিহার করিয়া অত্যম্ভ সংকোচের সঙ্গে এক পাশে দীড়াইয়া আছে। কিন্তু একদিন এই হিন্দু সভ্যতা সজাব ছিল, তখন সে সমুদ্র পার হইয়াছে, উপনিবেশ বাঁধিয়াছে, দিগ্বিজ্ঞয় कतिशाष्ट्र, मिशाष्ट्र अवः निशाष्ट्र ; उथन डाहात्र मिश्र हिन, वानिका हिन, डाहात কর্মপ্রবাহ ব্যাপক ও বেগবান ছিল; তখন তাহার ইতিছাসে নব নব মতের অভ্যুথান, সমান্তবিপ্লব ও ধর্মবিপ্লবের স্থান ছিল; তখন তাহার দ্রীসমান্তেও বীরত্ব, বিছা ও তপস্থা ছিল; তথন তাহার আচার ব্যবহার যে চিরকালের মতো লোহার ছাচে ঢালাই করা ছিল না মহাভারত পড়িলে পাতায় পাতায় তাহার পরিচয় পাওয়া যায়। সেই বৃহৎ বিচিত্র, জীবনের-বেগে-চঞ্চল, জাগ্রত চিন্তবৃত্তির তাড়নার নব নব অধ্যবসায়ে প্রবৃত্ত হিন্দু সমাজ—যে সমাজ ভূলের ভিতর দিয়া সভ্যে চলিয়াছিল; পরীক্ষার ভিতর দিয়া সিদ্ধান্তে ও সাধনার ভিতর দিয়া সিদ্ধিতে উত্তীর্ণ হইডেছিল; যাহা শ্লোকসংহিতার জটিল রজ্জুতে বাঁধা কলের পুত্তলীর মতো একই নির্জীব নাট্য প্রতিদিন পুনরাবৃত্তি कत्रियां চलिए इंकि ना ;-- योक स नमारक्षत्र क्षक, रेकन स नमारक्षत्र क्षः म ; मूननमान ७ গ্রীস্টানেরা বে সমাব্দের অন্তর্গত হইতে পারিত; যে সমাব্দের এক মহাপুরুষ একদা অনার্ষদিগকে মিত্ররূপে গ্রহণ করিয়াছিলৈন, আর এক মহাপুরুষ কর্মের আদর্শকে বৈদিক যাগযজ্ঞের সংকীর্ণতা হইতে উদ্ধার করিয়া উদার মন্ত্রয়াছের ক্ষেত্রে মুক্তিদান করিয়া

ছিলেন এবং ধর্মকে বাহু অনুষ্ঠানের বিধিনিবেধের মধ্যে আবদ্ধ না করিয়া ভাষাকে ভক্তি ও জ্ঞানের প্রশন্ত পথে সর্বলোকের স্থগম করিয়া দিয়াছিলেন; সেই সমাজকে আজ আমরা ছিলুসমাজ বলিয়া স্বীকার করিভেই চাই না;—ষাহা চলিতেছে না তাহাকে আমরা ছিলুসমাজ বলি;—প্রাণের ধর্মকে আমরা ছিলুসমাজ বলি;—প্রাণের ধর্মকে আমরা ছিলুসমাজের ধর্ম বলিয়া মানিই না, কারণ, প্রাণের ধর্ম বিকাশের ধর্ম, পরিবর্তনের ধর্ম, ভাষা নিয়ত গ্রহণ বর্জনের ধর্ম।

এই चग्रहे मन आमदा इव याहावा हिन्दू विश्वविद्यालव स्थानन कविए छेन्यांत्री, जीहां विकार हिम्मू एवर धारण महेया এই कार्य अयुख? किन्न मिन् आनंदामां खरे নিরন্ত হওয়াকে আমি শ্রেরন্ধর মনে করি না। কারণ, হিন্দুত্বের ধারণাকে তো আমরা नहें कबिए होरे ना, रिन्मू एवं व धावनारक आमत्रा वर्षा कित्रमा कृतिए होरे। छारारक চালনা করিতে দিলে আপনি সে বড়ো হইবার দিকে যাইবেই—তাছাকে গর্ভের মধ্যে বাঁধিয়া রাখিলেই তাহার ক্ষুত্রতা ও বিক্বতি অনিবার্ধ। বিশ্ববিত্যালয় সেই চালনার ক্ষেত্র—কারণ সেধানে বৃদ্ধিরই ক্রিয়া, সেখানে চিন্তকে সচেতন করারই আয়োজন। সেই চেতনার স্রোত প্রবাহিত হইতে পাকিলে আপনিই তাহা ধীরে ধীরে জড় সংস্থারের সংকীর্ণভাকে ক্ষর করিয়া আপনাকে প্রশস্ত করিয়া তুলিবেই। মাহুষের মনের উপর আমি পুরা বিশ্বাস রাখি; ভুল লইয়াও যদি আরম্ভ করিতে হয় সেও ভালো, কিন্তু व्यात्रञ्च कविष्ठिहे इहेर्द, नजूरा जून कांग्रिय ना। हाफ़ा शाहरन म हिन्दि । अहे बन्न ষে-সমাঞ্জে অচলতাকেই পরমার্থ বলিয়া জ্ঞান করে সে-সমাজ অচেতনতাকেই আপনার সহায় জানে এবং সর্বাত্যে মান্তুষের মন জিনিসকেই অহিকেন খাওয়াইয়া বিহল করিয়া রাখে। সে এমন সকল ব্যবস্থা করে যাহাতে মন কোথাও বাহির হইতে পায় না, বাধা-নিয়মে একেবারে বন্ধ ছইয়া থাকে, সন্দেহ করিতে ভয় করে, চিস্তা করিতেই ভূলিয়া যায়। কিন্তু কোনো বিশেষ বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য যেমনই হ'ক মনকে তো সে বাঁধিয়া ক্লেলিতে পারিবে না, কারণ, মনকে চলিতে দেওয়াই তাহার কাজ। অতএব যদি ছিন্দু সভাষ্ট মনে করে শান্ত্রশোকের দার। চিরকালের মতো দৃঢ়বদ্ধ জড়নিশ্চলভাই हिन्द श्रक्ष विष्यय एउट महे विष्यय क्या कविए इहेल विश्वविशालयक সর্বতোভাবে দুরে পরিছার করাই ভাছার পক্ষে কর্তব্য হইবে। বিচারহীন আচারকে মাছ্য করিবার ভার যদি বিশ্ববিচালয়ের উপর দেওয়া হয় তবে ডাইনের হাতে পুত্র সমর্পণ করা ছইবে।

কিন্তু যাঁহারা সভাই বিশ্বাস করেন, হিন্দুত্বের মধ্যে কোনো গতিবিধি নাই—তাহা হাবর পদার্থ—বর্তমানকালের প্রবল আঘাতে পাছে সে লেশমাত্র বিচলিত হয়, পাছে তাহার স্থাবরধর্মের তিলমাত্র বৈলক্ষণ্য হয় এই জন্ম তাহাকে নিবিড় করিয়া বাঁধিয়া

রাখাই হিন্দুসম্ভানের সর্বশ্রেষ্ঠ কর্তব্য -- তাঁহারা মাছুষের চিত্তকে প্রাচীর ঘেরিয়া বন্দি-শালায় পরিণত করিবার প্রস্তাব না করিয়া বিশ্ববিচ্যার হাওয়া বহিবার জন্ম তাহার চারিদিকে বড়ো বড়ো দরজা ফুটাইবার উদ্যোগ ষে করিভেছেন ইছা ভ্রমক্রমে অবিবেচনা-বশজ্ঞ করিতেছেন, ভাহা সভ্য নহে। আসল কথা, মানুষ মুখে যাহা বলে ভাহাই ষে তাহার সভ্য বিশ্বাস তাহা সকল সময়ে ঠিক নছে। তাহার অন্তর্গতম সহজ্ববোধের মধ্যে অনেক সময় এই বাহ্যবিশ্বাসের একটা প্রতিবাদ বাস করে। বিশেষত যে সময়ে **(मृख्य क्रा**होन मः सादिव मृख्य चुल्य छिल्यक्तित स्थ हिमाख्य एम अपूर्णितवर्छन्तित সদ্ধিকালে আমরা মুখে যাহা বলি সেটাকেই আমাদের অস্তরের প্রকৃত পরিচয় বলিয়া গ্রহণ করা চলে না। কান্তন মাসে মাঝে মাঝে বসস্তের চেহারা বদল হইয়া গিয়া হঠাৎ উত্তরে হাওয়া বহিতে থাকে, তথন পৌষ মাস ফিরিয়া আসিল বলিয়া শ্রম হয়, তবু একথা জোর করিয়াই বলা যাইতে পারে উত্তরে হাওয়া ফাল্কনের অন্তরের হাওয়া নহে। আমের যে বোল ধরিয়াছে, নব কিশলয়ে যে চিক্কণ তরুণতা দেখিতেছি, ভাহাতেই ভিতরকার সত্য সংবাদটা প্রকাশ হইয়া পড়ে। আমাদেরও দেশের মধ্যে প্রাণের হাওয়াই বহিয়াছে—এই হাওয়া বহিয়াছে বলিয়াই আমাদের জড়তা ভাঙিয়াছে এবং গলা ছাড়িয়া বলিতেছি যাহা আছে তাহাকে বাধিয়া দিব। একণা ভূলিতেছি যাহা ষেখানে যেমন আছে তাহাকে দেখানে তেমনি করিয়া ফেলিয়া রাখিতে যদি চাই তবে কোনো চেষ্টা না করাই তাহার পশ্বা। থেতের মধ্যে আগাছাকে প্রবল করিয়া जूनियांत्र कन्न क्टर ठाय कित्रया मरे ठामारेयात्र कथा यत्म ना। किष्टा कित्रिक ग्लिस সেই নাড়াচাড়াতেই ক্ষয়ের কার্য পরিবর্তনের কার্য ক্রতবেগে অগ্রসর হইবেই। নিজের মধ্যে যে সঞ্জীবনীশক্তি অমুভব করিতেছি, মনে করিতেছি সেই সঞ্জীবনীশক্তি প্রয়োগ कविषारे मृতকে तका कविव। किन्न क्षोवनी किन्न धर्मरे এरे, जारा मृजक क्षवनत्वरा মারিতে থাকে এবং যেখানে জীবনের কোনে৷ আভাস আছে সেইখানেই আপনাকে প্রয়োগ করে। কোনো জিনিসকে স্থির করিয়া রাখা ভাছার কাজ নছে--যে জিনিস বাড়িতে পারে তাহাকে সে বাড়াইয়া তুলিবে, আর যাহার বাড় ফুরাইয়াছে ভাহাকে সে ধ্বংস করিয়া অপসারিত করিয়া দিবে। কিছুভেই সে শ্বির রাখিবে না। ভাই विनिटि हिनाम व्यामात्मव मत्या क्रीवनी किंव व्याविकांच हहेगा व्यामानिशत्क नाना हिन्नेप প্রবৃত্ত করিতেছে—এই কথাই এখনকার দিনের সকলের চেয়ে বড়ো সভ্য-ভাষা মৃত্যুকে চিরস্থায়ী করিবার পরীক্ষায় প্রবৃত্ত হইয়াছে ইহাই বড়ো কথা নছে—ইহা ভাহার धक्ठी क्विक मौना माछ।

শ্রীযুক্ত গোখেলের প্রাথমিক শিক্ষার অবশ্রপ্রবর্তনের বিল সম্বন্ধে কোনো কোনো

শিক্ষিত লোক এমন কথা বলিতেছেন ষে, আধুনিক শিক্ষার আমাদের তো মাবা বুরাইয়া मिग्राष्ट्र व्यायात्र मिथ्यत्र क्यूनमाधात्रायात्र कि विभन्न बठोहेन ? बीहात्रा এहे कवा বলিতেছেন তাঁছারা নিজের ছেলেকে আধুনিক বিছালরে শিক্ষা দিতে ক্ষান্ত হইতেছেন न। এরপ অভুত আত্মবিরোধ কেন দেখিতেছি? ইহা যে কপটাচার ভাহা নছে। ইহা আর কিছু নয়,—অস্তরে নব বিশ্বাসের বসস্ত আসিয়াছে, মূথে পুরাতন সংস্থারের হাওয়া মরে নাই। সেই অস্ত আমরা যাহা করিবার তাহা করিতে বসিয়াছি অবচ বলিতেছি আর তাহার মঞ্চকে আমরা মনের মধ্যে উপলব্ধি করিয়াছি। তাহাতে যে বিপদ আছে সেই বিপদকেও আমরা স্বীকার করিয়া লইয়াছি। নিরাপদ মৃত্যুকে আর আমরা বরণ করিতে রাজি নই: সেই জন্ম জীবনের সমস্ত দায় সমস্ত পীড়াকেও মাধায় করিয়া লইবার बुग जाब जामदा नीदाद मर्छ। প্রস্তুত হইডেছি। कानि উলটপালট হইবে, कानि বিশুর ভুল করিব, জানি কোনো পুরাতন ব্যবস্থাকে নাড়া দিতে গেলেই প্রথমে দীর্ঘকাল বিশৃত্বলভার নানা ত্বং ভোগ করিতে হইবে—চিরসঞ্চিত ধুলার হাত হইতে ঘরকে মুক্ত করিবার জন্ম ঝাঁট দিতে গেলে প্রথমটা সেই ধূলাই খুব প্রচুর পরিমাণে ভোগ করিতে इरेरव – এर সমস্ত অসুবিধা ও দু: ব বিপদের আশ্বরা নিশ্চয় জানি তথাপি আমাদের অন্তরের ভিতরকার নৃতন প্রাণের আবেগ আমাদিগকে তো স্থির পাকিতে দিতেছে ना। आमदा वैक्ति, आमदा अठम रहेगा পिएया शांकिय ना,— এই ভিতরের কথাটাই আমাদের মুখের সমন্ত কথাকে বারংবার সবেগে ছাপাইয়া উঠিতেছে।

জাগরণের প্রথম মৃহুর্তে আমর। আপনাকে অন্থভব করি, পরক্ষণেই চারিদিকের সমস্তকে অন্থভব করিতে থাকি। আমাদের জাতীয় উদ্বোধনের প্রথম আরম্ভেই আমরা যদি নিজেদের পার্থক্যকেই প্রবলভাবে উপলব্ধি করিতে পারি তবে ভয়ের কারণ নাই—সেই জাগরণই চারিদিকের বৃহৎ উপলব্ধিকেও উন্মেষিত করিয়া তুলিবে। আমরা নিজেকে পাইবার সঙ্গে সমস্তকে পাইবার আকাজ্ঞা করিব।

আজ সমন্ত পৃথিবীতেই একদিকে যেমন দেখিতেছি প্রত্যেক জাতিই নিজের স্বাতম্য রক্ষার জন্ম প্রাণপন করিতেছে, কোনো মতেই অন্ধ জাতির সদে বিলীন হইতে চাহিতেছে না, তেমনি দেখিতেছি প্রত্যেক জাতিই বৃহৎ মানবসমাজের সদে আপনার যোগ অন্থভব করিতেছে। সেই অন্থভূতির বলে সকল জাতিই আজ নিজেদের সেই সকল বিকট বিশেষত্ব বিসর্জন দিতেছে—যাহা অসংগত অন্থভরূপে ভাহার একান্ধ নিজের—যাহা সমন্ত যান্থবের বৃদ্ধিকে কচিকে ধর্মকে আঘাত করে—যাহা কারাগারের প্রাচীরের মতো, বিশের দিকে যাহার বাছির ছইবার বা প্রবেশ করিবার কোনো প্রকার পথই

নাই। আজ প্রত্যেক জাতিই তাহার নিজের সমস্ত সম্পদকে বিশ্বের বাজারে শাচাই করিবার জন্ম আনিতেছে। তাহার নিজত্বকে কেবল তাহার নিজের কাছে চোধ বুজিয়া বড়ো করিয়া তুলিয়া তাছার কোনো তৃপ্তি নাই, তাছার নিজত্বকে কেবল নিজের ঘরে ঢাক পিটাইয়া ঘোষণা করিয়া ভাহার কোনো গৌরব নাই--ভাহার নিজত্বকে সমন্ত জগতের অলংকার করিয়া তুলিবে ভাছার অন্তরের মধ্যে এই প্রেরণা আসিয়াছে। আজ যে দিন আসিয়াছে আজ আমরা কেহই গ্রাম্যতাকেই জাতীয়তা বলিয়া অহংকার করিতে পারিব না। আমাদের ষে-সকল আচার ব্যবহার সংস্কার আমাদিগকে স্কুন্ত করিয়া পৃথক করিয়াছে, যে সকল থাকাতে কেবলই আমাদের সকলদিকে বাধাই বাড়িয়া উঠিয়াছে, ভ্রমণে বাধা, গ্রছণে বাধা, দানে বাধা, চিস্তায় বাধা, কর্মে বাধা – সেই সমস্ত কুত্রিম বিল্ল ব্যাঘাতকে দূর করিতেই হইবে – নহিলে মানবের রাজধানীতে আমাদের লাঞ্ছার সীমা থাকিবে না। একথা আমরা মুখে স্বীকার করি আর না করি, অন্তরের মধ্যে ইহা আমরা বৃঝিয়াছি। আমাদের সেই জিনিসকেই আমরা নানা উপায়ে খুঁজিতেছি যাহা বিশ্বের আদরের ধন যাহা কেবলমাত্র ঘরগড়া আচার অঞ্চান নছে। সেইটেকে লাভ করিলেই আমরা যথার্থভাবে রক্ষা পাইব-কারণ, তথন সমস্ত জগৎ নিজের গরজে আমাদিগকে রক্ষা করিবে। এই ইচ্ছা আমাদের অস্তরের মধ্যে জাগিয়া উঠিয়াছে বলিয়াই আমরা আর কোণে বসিয়া থাকিতে পারিতেছি না। আজ আমরা যে-সকল প্রতিষ্ঠানের পত্তন করিতেছি তাহার মধ্যে একই কালে আমাদের স্থাতম্ভাবোধ এবং বিশ্ববোধ দুই প্রকাশ পাইভেছে। নতুবা আর পঞ্চাল বংসর পূর্বে ছিন্দুবিশ্ব-বিভালয়ের কল্পনাও আমাদের কাছে নিভাস্ত অভুত বোধ ছইত। এখনও একদল লোক আছেন যাহাদের কাছে ইছার অসংগতি পীড়াজনক বলিয়া ঠেকে। ভাঁছারা এই মনে করিয়া গৌরব বোধ করেন যে হিন্দু এবং বিশ্বের মধ্যে বিরোধ আছে—ভাই ছিন্দু नानाश्वकारत आंहेशांह वांशिया व्यरहातां वित्यत मः खव रहेकाहेया त्राशिएहे हायः অতএব হিন্দু টোল হইতে পারে, হিন্দু চতুম্পাঠী হইতে পারে, কিন্তু হিন্দু বিশ্ববিদ্যালয় ्र इटेटिंटे शादा ना—তाश সোনার পাধরবাট। किन्न এই मन यে क्विन क्रिया আসিতেছে তাহা নহে, ইহাদেরও নিজেদের ঘরের আচরণ দেখিলে বোঝা যায় ইহারা যে কথাকে বিশ্বাস করিতেছেন বলিয়া বিশ্বাস করেন, গভীরভাবে, এমন কি, নিজের অগোচরে তাহাকে বিশ্বাস করেন না।

যেমন করিয়াই হউক আমাদের দেশের মর্মাধিষ্ঠাত্তী দেবভাকে আমরা চিরকাল মনিবের অন্ধকার কোণে বসাইয়া রাখিতে পারিব না। আজ রথযাত্তার দিন আসিয়াছে
—-বিশের রাজপথে, মাজ্যের স্থত্থে ও আদান-প্রদানের পণাবীধিকার ভিনি বাহির হইয়াছেন। আৰু আমরা তাঁছার রথ নিজেদের সাধ্য অভুসারে যে যেমন করিয়াই তৈরি করি না—কেছ বা বেশি মৃল্যের উপাদান দিয়া, কেছ বা আর মৃল্যের—চলিতে চলিতে কাছারও বা রথ পথের মধ্যেই ভাঙিয়া পড়ে, কাছারও বা বংসরের পর বংসর টি কিয়া থাকে—কিছু আসল কথাটা এই যে গুভলারে রথের সময় আসিয়াছে। কোন্ রথ কোন্ পর্যন্ত গিয়া পৌছিবে তাছা আগে থাকিতে হিসাব করিয়া বলিতে পারি না—কিছু আমাদের বড়োদিন আসিয়াছে— আমাদের সকলের চেয়ে যাছা মৃল্যাবান পদার্থ তাছা আজ আর কেবলমাত্র প্রোহিতের বিধি-নিষেধের আড়ালে ধৃপ-দীপের ঘনঘার বাম্পের মধ্যে গোপন থাকিবে না আজ বিশ্বের আলোকে আমাদের যিনি বরেণ্য তিনি বিশ্বের বরেণ্যরূপে সকলের কাছে গোচর ছইবেন। তাছারই একটি রথ নির্মাণের কথা আজ আলোচনা করিয়াছি; ইছার পরিণাম কী তাছা নিশ্চয় জানি না, কিছু ইছার মধ্যে সকলের চেয়ে আনন্দের কথা এই ষে, এই রথ বিশ্বের পথে চলিয়াছে, প্রকাশের পথে বাহির ছইয়াছে,— সেই আনন্দের আবেগেই আমরা সকলে মিলিয়া জয়ধনি করিয়া ইছার দড়ি ধরিতে ছুটিয়াছি।

কিন্তু আমি বেশ দেখিতে পাইতেছি যাহারা কাজের লোক তাঁহারা এই সমস্ত ভাবের কথায় বিরক্ত হইয়া উঠিতেছেন। তাঁহারা বলিতেছেন হিন্দুবিশ্ববিদ্যালয় নাম ধরিয়া যে জিনিসটা তৈরি হইয়া উঠিতেছে কাজের দিক দিয়া তাহাকে বিচার করিয়া দেখো। হিন্দু নাম দিলেই হিন্দুত্বের গোরব হয় না, এবং বিশ্ববিদ্যালয় নামেই চারিদিকে বিশ্ববিদ্যার ক্ষোয়ারা খুলিয়া যায় না। বিদ্যার দৌড় এখনও আমাদের যতটা আছে তখনও তাহার চেয়ে যে বেলি দ্র হইবে এ পর্যন্ত তাহার তো কোনো প্রমাণ দেখি না; তাহার পরে কমিটি ও নিয়মাবলীর শান-বাঁধানো মেজের কোন্ ছিন্ত দিয়া যে হিন্দুর হিন্দুর শতদল বিকশিত হইয়া উঠিবে তাহাও অন্থমান করা কঠিন।

এ সম্বন্ধে আমার বক্তব্য এই যে, কুন্তকার মৃতি গড়িবার আরম্ভে কাদা লইয়া যে তালটা পাকায় সেটাকে দেখিয়া মাধায় হাত দিয়া বসিলে চলিবে না। একেবারেই এক মৃহুর্তেই আমাদের মনের মতো কিছুই হইবে না। এ কথা বিশেষরূপে মনে রাখা দরকার যে, মনের মতো কিছু যে হয় না, তাহার প্রধান দোষ মনেরই, উপকরণের নহে। যে অক্ষম সে মনে করে স্থযোগ পায় না বলিয়াই সে অক্ষম। কিছু বাহিরের স্থযোগ যথন জোটে তথন সে দেখিতে পায় পূর্ব শক্তিতে ইচ্ছা করিতে পারে না বলিয়াই সে অক্ষম। যাহার ইচ্ছার জোর আছে সে অয় একটু স্থরে পাইলেই নিজের ইচ্ছাকে সার্থক করিয়া তোলে। আমাদের হত্তাগ্য দেশেই আমরা প্রতিদিন এই কথা শুনিতে পাই, এই জায়গাটাতে আমার মতের সঙ্গে মিলিল না অন্তর্গব আমি

ইহাকে ত্যাগ করিব-এইধানটাতে আমার মনের মতো হয় নাই অতএব আমি ইহার जिल्ला का जिल्ला का विभाजां विभाजां का क्रिया क्रिया का मार्च कि का क्रिया का क्रिया क्रया क्रिया क्रया क्रिया क्र खाला जाना ज्विधा এবং রেখায় রেখায় মনের মিল দাবি কয়িয়া থাকি—ভাহার কিছু वाजाम हरेलारे अखिमात्नत अस बाक ना। रेम्हामकि मारात पूर्वन अ मःकन्न मारात অপরিক্ট তাহারই হর্দশা। যখন যেটুকু ক্ষযোগ পাই তাহাকেই ইচ্ছার জোরে সম্পূর্ণ क्रिवर, निष्क्रत मन पिया मत्नित्र मर्ला क्रिवा क्रुणिय-এक्षितन ना स्य वस्पितन, এक्षा ना इम्र मन वैधिया, खौरान ना इम्र खौरानद्र ष्याख-- এই कथा विनवाद खाद नाई বলিয়াই আমরা সকল উদ্যোগের আরভেই কেবল খুঁতখুঁত করিতে বসিয়া যাই, নিজের অস্তরের তুর্বলতার পাপকে বাহিরের ঘাড়ে চাপাইয়া দূরে দাড়াইয়া ভারি একটা শ্রেষ্ঠতার বড়াই করিয়া পাকি। ষেটুকু পাইয়াছি ভাছাই যথেষ্ট, বাকি সমন্তই আমার নিজের शांख, देशहे भूक्रध्वत कथा। यनि देशहे निक्तत्र क्यांनि य व्यामात मण्डे मणा मण-তবে সেই মত গোড়াতেই গ্রাহ্ম হয় নাই বলিয়া তখনই গোসাঘরে গিয়া ঘার রোধ कतियां विजिय ना-एनरे मेजरक अयी कित्रया जूमिवरे विमया कामत्र वैधिया माणिए হইবে। এ কথা নিশ্চয় সত্যা, কোনো বিশেষ প্রতিষ্ঠানের বারাই আমরা পরমার্থ লাভ कतिय ना-कनना कला मांभूष छित्र इय ना। आमारमत मस्या यमि मस्याप पाक তবেই প্রতিষ্ঠানের সাহায়ে আমাদের মনোরথ সিদ্ধি হইবে। হিন্দুর হিন্দুত্বকে যদি আমরা স্পষ্ট করিয়া না বৃঝি তবে হিন্দুবিশ্ববিদ্যালয় হইলেই বৃঝিব তাহা নহে—यদি তাহা স্পষ্ট করিয়া বৃঝি তবে বাহিরে তাহার প্রতিকুলতা যত প্রবলই থাক সমস্ত ডেদ कतिया जामात्मत्र त्मरे छेभनिक जामात्मत्र काष्ट्रित मत्था जाकात्र धात्रभ कतित्वरे। এर জন্তই হিন্দ্বিশ্ববিদ্যালয় কী ভাবে আরম্ভ হইতেছে, কিরূপে দেহ ধারণ করিতেছে, সে সম্বন্ধে মনে কোনো প্রকার সংশয় রাখিতে চাহি না। সংশয় যদি থাকে তবে সে যেন निष्कत मश्चार पार्क ; मावधान यपि इटेप्ड इम्र ज्य निष्कत व्यक्टरतत पिरकेट इट्टर्ड हरेत। किन्न जामात्र मन कात्ना विधा नारे। किनना जाना हित्य अही न नारे ग्राहि বলিয়া আমি উল্লাস করিতেছি না, রাতারাতি একটা মন্ত ফল লাভ করিব বলিরাও আশা করি না। আমি দেখিতেছি আমাদের চিত্ত জাগ্রত হইরাছে। মামুষের সেই চিত্তকে আমি বিশ্বাস করি—সে ভূল করিলেও নিভূল যন্তের চেয়ে আমি তাহাকে শ্রহা করি। আমাদের সেই জাগ্রৎ চিন্ত ষে-কোনো কাজে প্রবৃত্ত হইতেছে সেই আমাদের यथार्थ काष्म – চিন্তের বিকাশ বতই পূর্ব হইতে থাকিবে কাজের বিকাশও ততই সত্য ष्ट्रिया छिठित्य। त्मरे ममन्त्र काव्यरे कामात्मत्र व्योगत्मत्र मधी-व्यामात्मत्र कीवत्मत्र मध्य मा जारात्रा वाष्ट्रिया हिमारव-जारात्र मः लाधन रहेरत, जारात्र विखान रहेरव ;

বাধার ভিতর দিয়াই তাহারা প্রবল হইবে, সংকোচের ভিতর দিয়াই তাহারা পরিক্ষৃতি হইবে এবং অমের ভিতর দিয়াই সত্যের মধ্যে সার্থক হইরা উঠিবে।

7074

ভগিনী নিবেদিতা

ভগিনী নিবেদিতার সঙ্গে যখন আমার প্রথম দেখা হয় তখন তিনি অল্লদিনমাত্র ভারতবর্ধে আসিয়াছেন। আমি ভাবিয়াছিলাম সাধারণত ইংরেজ মিশনরি মহিলারা যেমন হইয়া থাকেন ইনিও সেই শ্রেণীর লোক, কেবল ইহার ধর্মসম্প্রদায় স্বতম্ত্র।

সেই ধারণা আমার মনে ছিল বলিয়া আমার কন্তাকে শিক্ষা দিবার ভার লইবার জন্ম তাঁহাকে অমুরোধ করিয়াছিলাম। তিনি আমাকে জিঞ্জাসা করিলেন, তুমি কী শিক্ষা দিতে চাও? আমি বলিলাম, ইংরেজি এবং সাধারণত ইংরেজি ভাষা অবলম্বন করিয়া যে শিক্ষা দেওয়া হইয়া থাকে। তিনি বলিলেন, বাহির হইতে কোনো একটা শিক্ষা গিলাইয়া দিয়া লাভ কী? জাতিগত নৈপুণ্য ও ব্যক্তিগত বিশেষ ক্ষমতারূপে মাহুষের ভিতরে যে জিনিসটা আছে তাহাকে জাগাইয়া তোলাই আমি যথার্থ শিক্ষা মনে করি। বাঁধা নিয়মের বিদেশী শিক্ষার দ্বারা সেটাকে চাপা দেওয়া আমার কাছে ভালো বোধ হয় না।

মোটের উপর তাঁহার সেই মতের সঙ্গে আমার মতের অনৈক্য ছিল না। কিন্তু কেমন করিয়া মাছবের ঠিক বকীয় শক্তি ও কোলিক প্রেরণাকে শিশুর চিন্তে একেবারে অন্থরেই আবিদ্ধার করা বায় এবং তাহাকে এমন করিয়া জাগ্রত করা বায় বাহাতে তাহার নিজের গভার বিশেষত্ব সার্বভৌমিক শিক্ষার সঙ্গে ব্যাপকভাবে স্মাণ্ডত হইয়া উঠিতে পারে তাহার উপায় তো জ্ঞানি না। কোনো অসাধারণ প্রতিভাসম্পন্ন গুরু এ কাজ নিজের সহজ্পবোধ হইতে করিতেও পারেন, কিন্তু ইহা তো সাধারণ শিক্ষকের কর্ম নহে। কাজেই আমরা প্রচলিত শিক্ষাপ্রণালী অবলম্বন করিয়া মোটা রক্মে কাজ চালাই। তাহাতে অন্ধ্কারে ঢেলা মারা হয়—ভাহাতে অনেক ঢেলা অপব্যয় হয়, এবং অনেক ঢেলা ভূল জারগায় লাগিয়া ছাত্র বেচারাকে আইত করে। মাছবের মতো চিন্তবিশিষ্ট পদার্থকে লইয়া এমনতরো পাইকারি ভাবে ব্যবহার করিতে গেলে প্রভূত লোকসান হইবেই সজ্যেছ নাই, কিন্তু সমাজে সর্বত্র ভাহা প্রতিদিনই হইতেছে।

ষদিচ আমার মনে সংশয় ছিল, এরপ শিক্ষা দিবার শক্তি ভাঁছার আছে কি না, তর্
আমি ভাঁছাকে বলিলাম, আচ্ছা বেশ আপনার নিজের প্রণালীমতোই কাজ করিবেন,
আমি কোনো প্রকার করমাশ করিতে চাই না। বোধ করি ক্ষণকালের জন্ম ভাঁছার
মন অফুকুল হইয়াছিল, কিন্তু পরক্ষণেই বলিলেন, না, আমার এ কাজ নহে। বাগবাজারের একটি বিশেষ গলির কাছে তিনি আত্মনিবেদন করিয়াছিলেন—সেধানে তিনি
পাড়ার মেয়েদের মাঝখানে থাকিয়া শিক্ষা দিবেন তাহা নহে, শিক্ষা জাগাইয়া তুলিবেন।
মিশনরির মতো মাথা গণনা করিয়া দলবুদ্ধি করিবার সুষোগকে, কোনো একটি
পরিবারের মধ্যে নিজের প্রভাব বিস্তারের উপলক্ষাকে, তিনি অবজ্ঞা করিয়া পরিহার
করিলেন।

তাহার পরে মাঝে মাঝে নানাদিক্ দিয়া তাঁহার পরিচয়-লাভের অবসর আমার ঘটিয়াছিল। তাঁহার প্রবল শক্তি আমি অহভব করিয়াছিলাম কিন্তু সেই সঙ্গে ইহাও ব্ঝিয়াছিলাম তাঁহার পর আমার চলিবার পর নহে। তাঁহার সর্বতোম্বা প্রতিভাছিল, সেই সঙ্গে তাঁহার আর একটি জিনিস ছিল, সেটি তাঁহার ঘোদ্ধত্ব। তাঁহার বলছিল এবং সেই বল তিনি অল্পের জীবনের উপর একান্ত বেগে প্রয়োগ করিতেন—মনকে পরাভূত করিয়া অধিকার করিয়া লইবার একটা বিপুল উৎসাহ তাঁহার মধ্যে কান্ত করিছা অধিকার করিয়া লইবার একটা বিপুল উৎসাহ তাঁহার মধ্যে কান্ত করিছা। যেবানে তাঁহাকে মানিয়া চলা অসম্ভব সেবানে তাঁহার সঙ্গে মিলিয়া চলা কঠিন ছিল। অন্তত আমি নিজের দিক দিয়া বলিতে পারি তাঁহার সঙ্গে আমার মিলনের নানা অবকাশ ঘটিলেও এক জায়গায় অন্তরের মধ্যে আমি গভীর বাধা অহভব করিতাম। সে যে ঠিক মতের অনৈকাের বাধা তাহা নহে, সে যেন একটা বলবান আক্রমণের বাধা।

আজ এই কথা আমি অসংকোচে প্রকাশ করিতেছি তাহার কারণ এই যে, একদিকে তিনি আমার চিন্তকে প্রতিহত করা সন্তেও আর একদিকে তাঁহার কাছ হইতে
যেমন উপকার পাইয়াছি এমন আর কাহারও কাছ হইতে পাইয়াছি বলিয়া মনে হয়
না। তাঁহার সহিত পরিচয়ের পর হইতে এমন বারংবার ঘটিয়াছে ,যথন তাঁহার
চরিত স্বরণ করিয়াও তাঁহার প্রতি গভীর ভক্তি অমুভব করিয়া আমি প্রচুর বল
পাইরাছি।

নিজেকে এমন করিয়া সম্পূর্ণ নিবেদন করিয়া দিবার আশুর্য শক্তি আর কোনো মাছবে প্রত্যক্ষ করি নাই। সে সম্বন্ধে উাহার নিজের মধ্যে যেন কোনো প্রকার বাধাই ছিল না। তাহার শরীর, তাঁহার আবিশব যুরোপীয় অভ্যাস, তাহার আত্মীয় সঞ্জনের স্বেহমমতা, তাঁহার স্বদেশীয় সমাজের উপেক্ষা এবং যাহাদের জন্ম তিনি প্রাণ সম্পূর্ণ

করিয়াছেন ভাহাদের ঔদাসীন্ত, গুর্বলভা ও ভ্যাগন্ধীকারের অভাব কিছুতেই তাঁহাকে ফিরাইয়া দিতে পারে নাই। মাহ্মষের সভারূপ, চিৎরূপ যে কী, তাহা যে তাঁহাকে জানিয়াছে সে দেবিয়াছে। মাহ্মষের আন্তরিক সন্তা সর্বপ্রকার স্থুল আবরণকে একে-বারে মিধ্যা করিয়া দিয়া কিরূপ অপ্রতিহত তেন্তে প্রকাশ পাইতে পারে ভাহা দেবিতে পাওয়া পরম সোভাগ্যের কথা। ভগিনী নিবেদিভার মধ্যে মাহ্মষের সেই অপরাহত মাহান্মাকে সম্মুধে প্রভাক্ষ করিয়া আমরা ধন্ত হইয়াছি।

পৃথিবীতে সকলের চেয়ে বড়ো জিনিস আমরা যাহা কিছু পাই ভাহা বিনামূল্যেই পাইয়া থাকি, ভাহার জন্ম দরদক্ষর ক্রিতে হয় না। মূল্য চুকাইতে হয় না বলিয়াই জিনিসটা যে কত বড়ো ভাহা আমরা সম্পূর্ণ ব্ঝিভেই পারি না। ভিনিনী নিবেদিতা আমাদিগকে যে জীবন দিয়া গিয়াছেন ভাহা অতি মহৎজীবন;—ভাঁহার দিক হইতে তিনি কিছুমাত্র ফাঁকি দেন নাই;—প্রতিদিন প্রতি মূহুর্তেই আপনার যাহা সকলের প্রেষ্ঠ, আপনার যাহা মহত্তম, ভাহাই তিনি দান করিয়াছেন, সে জন্ম মামুষ যত প্রকার রুদ্ধুসাধন করিতে পারে সমন্তই তিনি স্বীকার করিয়াছেন। এই কেবল ভাঁহার পণ ছিল যাহা একেবারে থাটি ভাহাই তিনি দিবেন নিজেকে ভাহার সঙ্গে একটুও মিশাইবেন না—নিজের ক্ষ্ধাতৃষ্ণা, লাভলোকসান, খ্যাতিপ্রতিপত্তি কিছু না—ভয় না, সংকোচ না, আরাম না, বিশ্রাম না।

এই যে এতবড়ো আত্মবিসর্জন আমরা ঘরে বিসিয়া পাইয়াছি ইহাকে আমরা যে অংশে লঘু করিয়া দেখিব সেই অংশেই বঞ্চিত হইব, পাইয়াও আমাদের পাওয়া ঘটিবে না। এই আত্মবিসর্জনকে অত্যম্ভ অসংকোচে নিভান্তই আমাদের প্রাপ্য বলিয়া অচেতনভাবে গ্রহণ করিলে চলিবে না। ইহার পশ্চাতে কত বড়ো একটা শক্তি, ইহার সঙ্গে কী বৃদ্ধি, কী হৃদয়, কী ত্যাগ, প্রতিভাব কী জ্যোভির্ময় অন্তদৃষ্টি আছে তাহা আমাদিগকে উপলব্ধি করিতে হইবে।

যদি তাহা উপলব্ধি করি তবে আমাদের গর্ব দ্ব হইয়া যাইবে। কিন্তু এখনও আমরা গর্ব করিতেছি। তিনি যে আপনার জীবনকে এমন করিয়া দান করিয়াছেন সৈদিক দিয়া তাঁহার মাহাত্মকে আমরা যে পরিমাণে মনের মধ্যে গ্রহণ করিতেছি না, সে পরিমাণে এই ত্যাগরীকারকে আমাদের গর্ব করিবার উপকরণ কয়িয়া লইয়াছি। আমরা বলিতেছি তিনি অস্তরে হিন্দু ছিলেন, অতএব আমরা হিন্দুরা বড়ো কম লোক নই। তাঁহার যে আত্মনিবেদন তাহাতে আমাদেরই ধর্ম ও সমাজের মহন্ব। এমনি করিয়া আমরা নিজের দিকের দাবিকেই যত বড়ো করিয়া লইতেছি তাঁহার দিকের দানকে ভতই ধর্ম করিতেছি।

বন্ধত তিনি কী পরিষাণে হিন্দু ছিলেন তাহা আলোচনা করিয়া দেখিতে পেলে নানা আরগায় বাধা পাইতে হইবে—অর্থাৎ—আমরা হিন্দুয়ানির যে ক্ষেত্রে আছি তিনিও ঠিক সেই ক্ষেত্রেই ছিলেন একথা আমি সত্য বলিয়া মনে করি না। তিনি হিন্দুধর্ম ও হিন্দুসমান্তকে যে ঐতিহাসিক ও বৈজ্ঞানিক দৃষ্টিতে দেখিতেন—ভাহার শাল্লীয় অপৌক্ষয়ের অটল বেড়া ভেদ করিয়া যেরপ সংস্থারমূক্ত চিত্তে ভাহাকে নানা পরিবর্তন ও অভিব্যক্তির মধ্য দিয়া চিন্তা ও কল্পনার বারা অন্পর্যাণ করিতেন, আমরা যদি সে পন্থা অবলম্বন করি তবে বর্তমানকালে যাহাকে সর্বসাধারণে হিন্দুয়ানি বলিয়া থাকে ভাহার ভিত্তিই ভাত্তিয়া যায়। ঐতিহাসিক যুক্তিকে যদি পৌরাণিক উক্তির চেয়ে বড়ো করিয়া তুলি তবে তাহাতে সত্য নির্ণয় হইতে পারে কিন্তু নির্বিচার বিশ্বাসের পক্ষে তাহা অন্ধুকুল নহে।

বেমনই হউক, তিনি হিন্দু ছিলেন বলিয়া নহে, তিনি মহৎ ছিলেন বলিয়াই আমাদের প্রণমা। তিনি আমাদেরই মতন ছিলেন বলিয়া তাঁহাকে ভক্তি করিব তাহা নহে, তিনি আমাদের চেয়ে বড়ো ছিলেন বলিয়াই তিনি আমাদের ভক্তির যোগ্য! সেই দিক দিয়া যদি তাঁহার চরিত আলোচনা করি তবে, হিন্দুজের নহে, মহুস্বজের গোরবে আমরা গোরবান্থিত হইব।

তাঁহার জীবনে সকলের চেয়ে ষেটা চক্ষে পড়ে সেটা এই যে, তিনি ষেমন গভীরভাবে ভাবৃক তেমনি প্রবলভাবে কর্মী ছিলেন। কর্মের মধ্যে একটা অসম্পূর্ণতা আছেই—কেননা তাহাকে বাধার মধ্য দিয়া ক্রমে ক্রমে উদ্ভিন্ন হইয়া উঠিতে হয়—সেই বাধার নানা ক্ষতচিক তাহার স্পষ্টর মধ্যে থাকিয়া যায়। কিছু ভাব জিনিসটা অক্লুল অক্ষত। এই জল্ল যাহারা ভাববিলাসী তাহারা কর্মকে অবজ্ঞা করে অথবা ভন্ন করিয়া থাকে। তেমনি আবার বিশুদ্ধ কেজো লোক আছে তাহারা ভাবের ধার ধারে না, তাহারা কর্মের কাছ হইতে থুব বড়ো জিনিস দাবি করে না বলিয়া কর্মের কোনো অসম্পূর্ণতা তাহাদের স্থান্থকে আঘাত করিতে পারে না।

কিন্তু ভাবৃকতা যেখানে বিশাসমাত্র নছে, সেধানে ভাছা সভ্য, এবং কর্ম যেখানে প্রচুর উন্থানের প্রকাশ বা সাংসারিক প্রয়োজনের সাধনামাত্র নছে, ষেধানে ভাছা ভাবেরই স্কাষ্ট্র, সেধানে ভুচ্ছও কেমন বড়ো হইয়া উঠে এবং অসম্পূর্ণভাও মেবপ্রতিহত স্থাবির বর্ণচ্ছটার মভো কিরূপ সৌন্দর্যে প্রকাশমান হয় ভাছা ভগিনী নিবেদিভার কর্ম খাহারা আলোচনা করিয়া দেধিয়াছেন ভাঁছারা ব্রিয়াছেন।

ভগিনী নিবেদিতা যে-সকল কাজে নিযুক্ত ছিলেন ভাহার কোনোটারই আয়তন বড়ো ছিল না, ভাহার সকলগুলিরই আরম্ভ কুত্র। নিজের মধ্যে বেখানে বিশ্বাস কম, সেখানেই দেখিয়াছি বাহিরের বড়ো আয়তনে সান্ধনা লাভ করিবার একটা কুধা থাকে।
ভলিনী নিবেদিতার পক্ষে ভাহা একেবারে সম্ভবপর ছিল না। তাহার প্রধান কারণ এই
ধ্যে তিনি অত্যন্ত থাটি ছিলেন। যেটুকু সত্য তাহাই জাঁহার পক্ষে একেবারে যথেই ছিল,
তাহাকে আকারে যড়ো করিয়া দেখাইবার জন্ত তিনি লেশমাত্র প্রয়োজন বোধ করিতেন
না, এবং তেমন করিয়া বড়ো করিয়া দেখাইতে হইলে যে-সকল মিধ্যা মিশাল দিতে হর
তাহা তিনি অশ্বরের সহিত স্থা করিতেন।

এই জন্মই এই একটি আশ্চর্য দৃশ্ব দেখা গেল, যাঁহার অসামান্ত শিক্ষা ও প্রতিভা তিনি এক গলির কোণে এমন কর্মক্ষেত্র বাছিয়া লইলেন যাহা পৃথিবীর লোকের চোষে পড়িবার মতো একেবারেই নছে। বিশাল বিশ্বপ্রকৃতি যেমন তাহার সমস্ত বিপুল শক্তি লইয়া মাটির নিচেকার অতি কৃত্র একটি বীজকে পালন করিতে অবজ্ঞা করে না এও সেইরপ। তাঁহার এই কাজটিকে তিনি বাহিরে কোনোদিন ঘোষণা করেন নাই এবং আমাদের কাহারও নিকট হইতে কোনোদিন ইহার জন্ত তিনি অর্থসাহায্য প্রত্যাশাও করেন নাই। তিনি যে ইহার বায় বহন করিয়াছেন তাহা চাঁদার টাকা হইতে নহে, উষ্ত অর্থ ইইতে নহে, একেবারেই উদরায়ের অংশ হইতে।

তাঁহার শক্তি অল্প বলিয়াই যে তাঁহার অহ্নষ্ঠান ক্ষুদ্র ইহা সতা নহে।

একধা মনে রাখিতে হইবে ভগিনী নিবেদিতার যে ক্ষমতা ছিল তাহাতে তিনি নিব্দের দেশে অনায়াসেই প্রতিষ্ঠালাভ করিতে পারিতেন। তাঁহার যে-কোনো স্বদেশীরের নিকটসংস্রবে তিনি আসিয়ছিলেন সকলেই তাঁহার প্রবল চিত্তশক্তিকে স্বীকার করিতে বাধ্য হইয়াছেন। দেশের লোকের নিকট যে খ্যাতি তিনি জ্ম করিয়া লইতে পারিতেন সেদিকে তিনি দৃক্পাতও করেন নাই।

তাহার পয় এদেশের লোকের মনে আপনার ক্ষমতা বিস্তার করিয়া এখানেও তিনি যে একটা প্রধান স্থান অধিকার করিয়া লইবেন সে ইচ্ছাও তাঁহার মনকে পুরু করে নাই। অন্ত মুরোপীয়কেও দেখা গিয়াছে ভারতবর্ষের কাজকে তাঁহারা নিজের জীবনের কাজ বিলয়া বয়ন করিয়া লইয়াছেন কিন্তু তাঁহারা নিজেকে সকলের উপরে রাধিতে চেষ্টা করিয়াছেন—তাঁহারা ভ্রমাপূর্বক আপনাকে দান করিতে পারেন নাই তাঁহাদের দানের মধ্যে এক জায়গায় আমাদের প্রতি অন্তগ্রহ আছে। কিন্তু শ্রহা দেয়ম্, অশ্রহার আদেয়ম্। কায়ন, দক্ষির হত্তের দানের উপকারকে বাম হত্তের অবজ্ঞা অপহরন করিয়া লয়।

কিছ ভগিনী নিবেদিতা একান্ত ভালোবাসিয়া সম্পূর্ণ প্রছার সঙ্গে আপনাকে ভারতবর্ষে দান করিয়াছিলেন, তিনি নিজেকে কিছুমাত্র হাতে রাবেন নাই। অথচ

নিভান্ধ মৃত্যভাবের লোক ছিলেন বলিয়াই যে নিভান্ত তুর্বলভাবে ভিনি আপনাকে বিলুপ্ত করিয়াছিলেন তাহা নছে। পূর্বেই এ কথার আভাস দিয়াছি, তাঁহার মধ্যে একটা তুর্দান্ত জ্যের ছিল, এবং সে জ্যের যে কাহারও প্রতি প্রয়োগ করিতেন না তাহাও নহে। তিনি যাহা চাহিতেন তাহা সমস্ত মন প্রাণ দিয়াই চাহিতেন এবং ভিন্ন মতে বা প্রক্লভিডে যখন তাহা বাধা পাইত তথন তাঁহার অসহিষ্ণুভাও যথেষ্ট উগ্র হইয়া উঠিত। তাঁহার এই পাশ্চান্ত্য-স্বভাবস্থলভ প্রতাপের প্রবলতা কোনো অনিষ্ট করিত না তাহা আমি মনে করি না—কারণ, যাহা মাহ্যবকে অভিভূত করিতে চেষ্টা করে তাহাই মাহ্যবের শক্র—তংসজ্ঞেও বলিতেছি, তাঁহার উদার মহন্ত্ব তাঁহার উদগ্র প্রবলতাকে অনেক দ্বে ছাড়াইয়া গিয়াছিল। তিনি যাহা ভালো মনে করিতেন তাহাকেই জ্বী করিবার জন্ম তাঁহার সমস্ত জ্যের দিয়া লড়াই করিতেন, সেই জ্বগোরব নিজে লইবার লোভ তাঁহার সেশমাত্র ছিল না। দল বাঁধিয়া দলপতি হইয়া উঠা তাঁহার পক্ষে কিছুই কঠিন ছিল না, কিছে বিধাতা তাঁহাকে দলপতির চেয়ে অনেক উচ্চ আসন দিয়াছিলেন, আপনার ভিতরকার সেই সত্যের আসন হইতে নামিয়৷ তিনি হাটের মধ্যে মাচা বাঁধেন নাই। এদেশে তিনি তাঁহার জীবন রাধিয়৷ গিয়াছেন কিছ্ক দল রাধিয়৷ যান নাই।

অপচ তাহার কারণ এ নয় যে, তাঁহার মধ্যে ক্লচিগত বা বৃদ্ধিগত আভিজাত্যের অভিমান ছিল;—তিনি জনসাধারণকে অবজ্ঞা করিতেন বলিয়াই যে তাহাদের নেতার পদের জন্ম উমেদারি করেন নাই ভাহা নছে। জনসাধারণকে হৃদয় দান করা যে কত বড়ো সত্য জিনিস তাহা তাঁহাকে দেবিয়াই আমরা শিবিয়াছি। জনসাধারণের প্রতি কর্তব্য সম্বন্ধে আমাদের যে বোধ তাহা পুঁবিগত—এসম্বন্ধে আমাদের বোধ কর্তব্যবৃদ্ধির চেয়ে গভীরতায় প্রবেশ করে নাই। কিন্তু মা যেমন ছেলেকে স্কুম্পাই করিয়া জ্ঞানেন, ভগিনী নিবেদিতা জনসাধারণকে তেমনি প্রত্যক্ষ সন্তার্মণে উপলব্ধি করিতেন। তিনি এই বৃহৎ ভাবকে একটি বিশেষ ব্যক্তির মতোই ভালোবাসিতেন। তাঁহার হৃদয়ের সমন্ত বেদনার দ্বারা তিনি এই "পীপ্ল"কে এই জনসাধারণকে আবৃত করিয়া ধরিয়াছিলেন। এ যদি একটিমাত্র শিশু হইত ভবে ইহাকে তিনি আপনার কোলের উপর রাবিয়া আপনার জীবন দিয়া মামুষ করিতে পারিতেন।

বস্তুত তিনি ছিলেন লোকমাতা। যে মাতৃভাব পরিবারের বাহিরের একটি সমগ্র দেশের উপরে আপনাকে ব্যাপ্ত করিতে পারে ভাহার মৃতি তো ইতিপূর্বে আমরা দেখি নাই। এসম্বন্ধে পুরুষের যে কর্তব্যবোধ ভাহার কিছু কিছু আভাস পাইয়াছি, কিছ রমণীর যে পরিপূর্ণ মমন্ববোধ ভাহা প্রভাক্ষ করি নাই। ভিনি যখন বলিতেন Our people তখন ভাহার মধ্যে যে একান্ত আত্মীয়ভার স্থরটি লাগিভ আমাদের কাহারও কঠে তেমনটি তো লাগে না। ভাগনী নিবেদিতা দেশের মান্ত্রকে বেমন সত্য করিয়া ভালোবাসিতেন তাহা যে দেখিয়াছে সে নিশ্চয়ই ইহা ব্রিয়াছে যে, দেশের লোককে আমরা হয়তো সময় দিই, অর্থ দিই, এমন কি, জীবনও দিই কিছু তাহাকে স্তম্ম দিতে পারি নাই—তাহাকে তেমন অত্যন্ত সত্য করিয়া নিকটে করিয়া জানিবার শক্তি আমরা লাভ করি নাই।

আমরা যথন দেশ বা বিশ্বমানব বা ওইরপ কোনো একটা সমষ্টিপত সন্তাকে মনের মধ্যে দেখিতে চেষ্টা করি তথন তাহাকে বে অত্যন্ত অস্পষ্ট করিয়া দেখি তাহার কারণ আছে। আমরা এইরপ বৃহৎ ব্যাপক সন্তাকে কেবলমাত্র মন দিয়াই দেখিতে চাই, চোখ দিয়া দেখি না। বে লোক দেশের প্রত্যেক লোকের মধ্যে সমগ্র দেশকে দেখিতে পার না, সে মুখে যাহাই বলুক দেশকে যথার্থভাবে দেখে না। ভগিনী নিবেদিতাকে দেখিয়াছি তিনি লোকসাধারণকে দেখিতেন, স্পর্শ করিতেন, শুদ্ধমাত্র তাহাকে মনে মনে ভাবিতেন না। তিনি পণ্ডগ্রামের কূটীরবাসিনী একজন সামাল্র মূসলমানরমণীকে যেরপ অক্তরিম শ্রমার সহিত সম্ভাবণ করিয়াছেন দেখিয়াছি, সামাল্র লোকের পক্ষে তাহা সম্ভবপর নহে —কারণ ক্ষুদ্র মাল্লবের মধ্যে বৃহৎ মাল্লযকে প্রত্যক্ষ করিবার সেই দৃষ্টি, সে অতি অসাধারণ। সেই দৃষ্টি তাঁহার পক্ষে অত্যন্ত সহজ্ঞ ছিল বলিয়াই এতদিন ভারতবর্ষের এত নিকটে বাস করিয়া তাঁহার শ্রম্বা ক্ষয় হয় নাই।

লোকসাধারণ ভগিনী নিবেদিতার হাদয়ের ধন ছিল বলিয়াই তিনি কেবল দূর হইতে তাহাদের উপকার করিয়া অত্থাহ করিতেন না। তিনি তাহাদের সংশ্রব চাহিতেন, তাহাদিগকে সর্বতোভাবে জানিবার জন্ম তিনি তাঁহার সমস্ত মনকে তাহাদের দিকে প্রসারিত করিয়া দিতেন। তিনি তাহাদের ধর্মকর্ম কথাকাহিনী পূজাপদ্ধতি শিল্পসাহিত্য তাহাদের জীবনয়াত্রার সমস্ত বৃস্তাস্ত কেবল বৃদ্ধি দিয়া নয় আস্তরিক মমতা দিয় গ্রহণ করিবার চেষ্টা করিয়াছেন। তাহার মধ্যে যাহা কিছু ভালো যাহা কিছু ত্বলর, যাহা কিছু নিতা পদার্থ আছে তাহাকেই তিনি একান্ত আগ্রহের সদে খুঁজিয়াছেন। মাহারের প্রতি স্বাভাবিক জন্ম এবং একটি গভীর মাতৃত্বেহবশতই তিনি এই ভালোটিকে বিশ্বাস করিতেন এবং ইহাকে খুঁজিয়া বাহির করিতে পারিতেন। এই আগ্রহের বেগে কথনো তিনি ভূল করেন নাই তাহা নয়, কিন্ত জন্মর গুলে তিনি যে সত্য উদ্ধার করিয়াছেন সমস্ত ভূল তার কাছে ভূক্ছ। যাহারা ভালো শিক্ষক তাঁহারা সকলেই জানেন শিশুর স্বভাবের মধ্যেই প্রকৃতি একটি শিক্ষা করিবার সহজ্ব প্রবৃত্তি নিহিত করিয়া রাখিয়া দিয়াছেন; শিশুদের চঞ্চলতা, অন্থির কৌতৃহল, তাহাদের বেলাগুলা সমস্তই প্রাকৃতিক শিক্ষাপ্রণালী; জনসাধারণের মধ্যে সেই প্রকারের একটি

শিশুত্ব আছে। এই জন্ম জনসাধারণ নিজেকে শিক্ষা দিবার ও সান্ধনা দিবার নানা প্রকার সহজ উপার উদ্ভাবন করিয়াছে। ছেলেদের ছেলেমার্থবি বেমন নির্বর্জক নছে—তেমনি জনসাধারণের নানাপ্রকার সংস্কার ও প্রাণা নিরবচ্ছিন্ন মৃঢ়ত। নছে—তাছা আপনাকে নানা প্রকারে শিক্ষা দিবার জন্ম জনসাধারণের অন্তর্নিহিত চেষ্টা—তাছাই তাহাদের স্বাভাবিক শিক্ষার পথ। মাতৃহদরা নিবেদিতা জনসাধারণের এই সমস্ত আচার-ব্যবহারকে সেই দিক হইতে দেখিতেন। এই জন্ম সেই সকলের প্রতি তাঁহার ভারি একটা স্বেহু ছিল। তাহার সমস্ত বাহ্যরুত্বতা ভেদ করিয়া তাহার মধ্যে মানব-প্রকৃতির চিরস্তন গৃঢ় অভিপ্রার তিনি দেখিতে পাইতেন।

লোকসাধারণের প্রতি তাঁহার এই ষে মাতৃত্বেহ তাহা একদিকে ষেমন সকরুণ ও স্থকোমল আর একদিকে তেমনি শাবকবেষ্টিত বাদিনীর মতো প্রচণ্ড। বাহির হইডে निर्मगভाবে কেহ ইহাদিগকে किছু निन्मा कित्रिय म जिनि महिए भाविएकन ना , अथवा যেখানে রাজার কোনো অস্তায় অবিচার ইহাদিগকে আঘাত করিতে উচ্চত হইত সেখানে তাঁহার তেজ প্রদীপ্ত হইয়া উঠিত। কত লোকের কাছে হইতে তিনি কত নাচতা বিশাস্ঘাতকতা সহ্য করিয়াছেন, কত লোক তাঁহাকে বঞ্চনা করিয়াছে, তাঁহার অতি সামাক্ত সমল হইতে কড নিডাম্ভ অযোগ্যলোকের অসংগত আবদার তিনি রক্ষা করিয়াছেন, সমস্তই তিনি অকাতরে সন্থ করিয়াছেন; কেবল তাঁহার একমাত্র ভয় এই ছিল পাছে তাঁহার নিকটতম বন্ধুরাও এই সকল হীনতার দৃষ্টান্তে তাঁহার "পীপ্ল"দের প্রতি অবিচার করে। ইহাদের যাহা কিছু ভালো তাহা যেমন তিনি দেখিতে চেষ্টা করিতেন তেমনি অনাত্মীয়ের অশ্রহাদৃষ্টিপাত হইতে ইহাদিগকে রক্ষা করিবার জন্ম তিনি যেন তাঁহার সমস্ত ব্যধিত মাতৃহদয় দিয়া ইহাদিগকে আবৃত করিতে চাহিতেন। তাহার কারণ এ নয় যে সভা গোপন করাই তাঁহার অভিপ্রায় ছিল, কিছ তাহার কারণ এই যে, তিনি জানিতেন অপ্রকার ছারা ইহাদিগকে অপমান করা অত্যন্ত সহজ্ঞ এবং সুলদৃষ্টি লোকের পক্ষে ভাহাই সম্ভব কিন্তু ইহাদের অন্তঃপুরের মধ্যে ষেধানে লক্ষ্মী বাস করিভেছেন সেধানে তো এই সকল শ্রন্ধাহীন লোকের প্রবেশের व्यधिकात्र नाष्टे এই व्यक्तरे छिनि এই সকল বিদেশীর দিঙ্নাগদের "सूलहस्रायमেन" हरेए जाराव এर जानन लाकिनिगरक बच्चा कविवाद ज्या এमन वाक्न रहेवा छेठिएजन, এवः आंभारमञ्ज स्मान्य यामकन लाक विस्मिनेत्र कार्ष्ट् धरे मीनला आंभाईएल बात्र त्य, व्यामारमत्र किंदूरे नारे এवः ভোমরাই व्यामारमत्र এकमाळ व्यामाख्त्रमा, ভাহাদিগকে তিনি তাঁহার ভাত্রবোষের অঞ্জশিখার ধারা বিদ্ধ করিতে চাহিতেন।

এমন यूर्वाशीरवत कथा त्यांना वात्र वाहात्रा आचारतत थाञ्च शक्त्रित्रा, त्यताख

আলোচনা করিয়া, আমাদের কোনো সাধুসজ্জনের চরিত্রে বা আলাপে আরুষ্ট ইইয়া ভারতবর্ষের প্রতি ভক্তি লইয়া আমাদের নিকটে আসিয়াছেন; অবশেষে দিনে দিনে সেই ভক্তি বিসর্জন দিয়া রিক্তহন্তে দেশে ফিরিয়াছেন। তাঁহারা লাল্রে যাহা পড়িয়াছেন সাধুচরিতে ধাহা দেখিয়াছেন সমস্ত দেশের দৈয়া ও অসম্পূর্ণতার আবরণ ভেদ করিয়া তাহা দেখিতে পান নাই। তাঁহাদের বে ভক্তি সে মোহমাত্র, সেই মোহ অন্ধকারেই টি কিয়া থাকে, আলোকে আসিলে মরিতে বিলম্ব করে না।

কিন্তু ভগিনী নিবেদিতার যে শ্রদ্ধা তাহা সভ্যপদার্থ, তাহা মোহ নহে তাহা মামুষের মধ্যে দর্শনশাল্রের শ্লোক খুঁ জিত না, ভাছা বাহিরের সমস্ত আবরণ ভেদ করিরা মর্মস্থানে পৌছিয়া একেবারে মহুয়াত্মকে স্পর্শ করিত। এই জন্ত অত্যন্ত দীন অবস্থার মধ্যেও আমাদের দেশকে দেখিতে তিনি কুষ্ঠিত হন নাই। সমস্ত দৈক্তই তাঁহার त्महत्क উদ্বোধিত করিয়াছে, অবজ্ঞাকে নহে। আমাদের আচার-ব্যবহার, কথাবার্তা, বেশভূষা, আমাদের প্রাভ্যহিক ক্রিয়াকলাপ একজন মুরোপীয়কে যে কিরূপ অসহভাবে আবাড করে তাহা আমরা ঠিকমতো পুঝিডেই পারি না, এই জন্ম আমাদের প্রতি তাহাদের রুতৃতাকে আমরা সম্পূর্ণ অহেতুক বলিয়া মনে করি। কিন্তু ছোটো ছোটো ক্লচি, অভ্যাস ও সংস্কারের বাধা যে কন্ত বড়ো বাধা তাহা একটু বিচার করিয়া দেখিলেই বৃঝিতে পারি, কারণ, নিজেদের দেশের ভিন্ন শ্রেণী ও ভিন্ন জাতির সম্বন্ধে আমাদের মনেও সেটা অভ্যস্ত প্রচুর পরিমাণেই আছে। বেড়ার বাধার চেয়ে ছোটো ছোটো কাঁটার বাধা বড়ো কম নছে। অতএব এ কথা আমাদিগকে মনে রাখিতে হইবে ভগিনী নিবেদিতা কলিকাতার বাঙালিপাড়ার এক গলিতে একেবারে আমাদের ঘরের মধ্যে আসিয়া যে বাস করিতেছিলেন তাহার দিনে রাত্রে প্রতি মৃহুর্তে বিচিত্র বেদনার ইতিহাস প্রচ্ছন ছিল। একপ্রকার মূলক্ষচির মামুষ আছে তাशामिशस्य व्यव किছूতिই म्भर्न कर्त ना – जाशामित व्यक्तिजनजारे जाशामिशस्य অনেক আঘাত হইতে বক্ষা করে। ভগিনা নিবেদিভা একেবারেই তেমন মান্ত্র ছिल्न न। जकन मिक्टे छाँदाव ताथन कि स्म धवः श्रवन हिन ; क्रिव त्यमन তাঁহার পক্ষে অল বেদনা নছে; ঘরে বাছিরে আমাদের অসাড়তা, শৈথিল্য. ज्ञान আমাদের ভামসিকভার পরিচয় দেয় ভাছা প্রভাছই ভাঁছাকে ভাঁত্র পীড়া দিয়াছে সন্দেহ নাই কিছু সেইখানেই ভাঁছাকে পরাভূত কম্বিডে পারে নাই। সকলের চেয়ে কঠিন পরोक्षा এই यে প্রতিমৃহুর্তের পরীক্ষা, ইছাতে তিনি করী হইরাছিলেন।

শিবের প্রতি সতীয় সত্যকায় প্রেম ছিল বলিয়াই তিনি অর্ধাশনে অনশনে অগ্নিতাপ

সহ করিয়া আপনার অত্যন্ত সুকুমার দেহ ও চিন্তকে কঠিন তপস্থার সমর্পণ করিয়াছিলেন। এই সতী নিবেদিতাও দিনের পর দিন যে তপস্থা করিয়াছিলেন তাহার
কঠোরতা অসহ্ছ ছিল—তিনিও অনেকদিন অর্ধাদন অনশন স্বীকার করিয়াছেন, তিনি
গলির মধ্যে যে বাড়ির মধ্যে বাস করিতেন সেখানে বাতাসের অভাবে গ্রীমের তাপে
বীতনিত্র হইয়া রাত কাটাইয়াছেন, তব্ ডাক্ডার ও বাছবদের সনির্বন্ধ অমুরোধেও
সে বাড়ি পরিত্যাগ করেন নাই; এবং আশৈশব তাহার সমস্ত সংস্থার ও অভ্যাসকে
মৃহর্তে গৃহুর্তে গীড়িত করিয়া তিনি প্রস্কুছচিত্তে দিন যাপন করিয়াছেন—ইহা যে সম্ভব
হইয়াছে এবং এই সমস্ত স্বীকার করিয়াও শেষ পর্যন্ত তাহার তপস্থা ডক্ষ হয় নাই
তাহার একমাত্র কারণ, ভারতবর্ষের মন্ধলের প্রতি তাহার প্রীতি একান্ত সত্য ছিল, তাহা
মোহ ছিল না; মামুরের মধ্যে যে শিব আছেন সেই শিবকেই এই সতী সম্পূর্ণ
আত্মসমর্পণ করিয়াছিলেন। এই মামুরের অস্তর-কৈলাসের শিবকেই যিনি আপন
স্বামীরূপে লাভ করিতে চান তাঁহার সাধনার মতো এমন কঠিন সাধনা আর কার
আছে?

একদিন স্বয়ং মহেশ্বর ছন্মবেশে তপংপরায়ণা সভীর কাছে আসিয়া বলিয়াছিলেন, হে সাধ্বী, তুমি যাঁহার জন্ম তপস্থা করিতেছ তিনি কি তোমার মতো রপসীর এত কচ্ছুসাধনের যোগা? তিনি যে দরিস্ত, বুদ্ধ, বিদ্ধপ, তাঁহার যে আচার জতুত। তপস্বিনী কুদ্ধ হইয়া বলিয়াছিলেন, তুমি যাহা বলিতেছ সমস্তই সভা হইতে পারে, তথাপি তাঁহারই মধ্যে আমার সমস্ত মন "ভাবৈকরস" হইয়া স্থির রহিয়াছে।

শিবের মধ্যেই যে সতীর মন ভাবের রস পাইয়াছে তিনি কি বাহিরের ধনধোঁবন রপ ও আচারের মধ্যে তৃপ্তি খুঁ জিতে পারেন ? তিনিনী নিবেদিতার মন সেই অনক্তর্প্ত স্থাভীর ভাবের রসে চিরদিন পূর্ব ছিল। এই জক্তই তিনি দরিজের মধ্যে ঈশরকে দেখিতে পাইয়াছিলেন এবং বাহির হইতে যাঁহার রূপের অভাব দেখিয়া ক্লচিবিলাসীরা স্থাণ করিয়া দূরে চলিয়া যায় তিনি তাঁহারই রূপে মৃগ্ধ হইয়া তাঁহারই কঠে নিজের অমর জীবনের ভ্রু বর্মাল্য সমর্পণ করিয়াছিলেন।

আমরা আমাদের চোধের সামনে সভীর এই যে তপস্থা দেখিলাম ভাহাতে আমাদের বিশাসের জড়তা যেন দ্র করিয়া দেয়—যেন এই কথাটকে নি:সংশয় সভারূপে জানিতে পারি যে মামুষের মধ্যে শিব আছেন, দরিদ্রের জীর্ণকূটীরে এবং হীনবর্ণের উপেক্ষিত পলীর মধ্যেও ভাঁহার দেবলোক প্রসারিত এবং যে ব্যক্তি সমল্প দারিশ্রা বিরূপতা ও কদাচারের বাহ্য আবরণ ভেদ করিয়া এই পরমেশ্র্রময় পরমন্ত্র্নয়কে ভাবের দিব্য দৃষ্টিতে একবাব দেখিতে পাইয়াছেন ভিনি মাশ্র্যের এই অক্সরতম আত্মাকে পুত্র ছইতে

প্রিয় বিত্ত হইতে প্রিয় এবং যাহা কিছু আছে সকল হইতেই প্রিয় বলিয়া বরণ করিয়া লন।' তিনি ভরকে অতিক্রম করেন, স্বার্থকে জর করেন, আরামকে ভূচ্ছ করেন, সংস্থারবন্ধনকে ছিন্ন করিয়া কেলেন এবং আপনার দিকে মৃহুর্তকালের জন্ত দৃক্পাভমাত্র করেন না।

7074

শিক্ষার বাহন

প্রয়েজনের দিক হইতে দেখিলে বিক্যায় মামুষের কত প্রয়েজন সে কথা বলা বাছলা। অথচ সেদিক দিয়া আলোচনা করিতে গেলে তর্ক ওঠে। চাষিকে বিস্থা শিখাইলে তার চাষ করিবার শক্তি কমে কি না, স্ত্রীলোককে বিত্যা শিখাইলে তার হরিভক্তি ও পতিভক্তির ব্যাঘাত হয় কি না এ-সব সন্দেহের কথা প্রায়ই শুনিতে পাওয়া যায়।

কিন্তু দিনের আলোকে আমরা কান্তের প্রয়োজনের চেয়ে আরও বড়ো করিয়া দেখিতে পারি, সে হইতেছে জাগার প্রয়োজন। এবং তার চেয়ে আরও বড়ো কথা, এই আলোতে মান্ত্র মেলে, অভ্যকারে মান্ত্র বিচ্ছিন্ন হয়।

জ্ঞান মাসুষের মধ্যে সকলের চেয়ে বড়ো ঐক্য। বাংলা দেশের এক কোণে ষে ছেলে পড়াগুনা করিয়াছে তার সঙ্গে যুরোপের প্রাক্তের শিক্ষিত মাসুষের মিল অনেক বেশি সত্যা, তার ত্য়ারের পাশের মূর্য প্রতিবেশীর চেয়ে।

জ্ঞানে মান্নবের সজে মান্নবের এই যে জগংজোড়া মিল বাহির হইরা পড়ে, যে মিল দেশভেদ ও কালভেদকে ছাড়াইয়ৄ যায়—সেই মিলের পরম প্রয়োজনের কথা ছাড়িয়া দেওয়া যাক কিন্তু সেই মিলের যে পরম আনন্দ তাহা ছইতে কোনো মান্নবকেই কোনো কারণেই বঞ্চিত করিবার কথা মনেই করা যায় না।

সেই জ্ঞানের প্রদীপ এই ভারতবর্ষে কত বছ দূরে দূরে এবং কত মিটমিট করিরা জিলিতেছে সে কথা ভাষিয়া দেখিলেই বৃষিতে পারি ভারতবাসীর পক্ষে সেই পরম যোগের পথ কত সংকীর্ন, যে যোগ জ্ঞানের যোগ, যে যোগে সমস্ত পৃথিবীর লোক আজ্ঞানিত ছইবার সাধনা করিতেছে।

যাহা ছউক, বিশ্বাশিক্ষার উপায় ভারতবর্ষে কিছু কিছু ছইয়াছে। কিন্তু বিশ্বা-

³ छरपष्ठ२ প্রেয়:পুত্রাব প্রেয়েবিস্তাব প্রেয়েবিস্তাব দর্বদাব অস্তর বদরবাস্থা।

विखादित वांधा अधादा मछ विभि। नमी मिटमत अकथात मित्रा हता, तृष्टि प्याकाम कृषित्रा हता। जाने कमामत मत हिद्दा वाद्या वाद्या तृष्टि, नमी जात प्यानक नीहि; अधु जाने नत्र, अने तृष्टिधातात छेनदिन नमोक्टमत शकीत्रजा, विश अवः श्वाधिष्य निर्जत करता।

আমাদের দেশে থারা বক্সহাতে ইন্দ্রপদে বসিয়া আছেন, তাঁদের সহস্রচন্দ্র, কিন্তু বিভার এই বর্ধণের বেলায় অন্ততঃ তার ৯০০টা চন্দ্র নিজা দেয়। গর্জনের বেলায় অন্ততঃ বিদ্যাৎ বিকাশ করিয়া বলেন, বাবুগুলার বিভা একটা অন্তত জিনিস,—তার খোসার কাছে তলতল করে তার আঁঠির কাছে পাক ধরে না। যেন এটা বাবুসম্প্রদায়ের প্রকৃতিগত। কিন্তু বাবুদের বিভাটাকে যে প্রণালীতে জ্ঞাপ দেওয়া হয় সেই প্রণালীতেই আমাদের উপরওয়ালাদের বিভাটাকেও যদি পাকানোর চেন্তা করা যাইত তবে বৈজ্ঞানিক উপায়ে প্রমাণ হইত বে, যে-বিভার উপরে ব্যাপক শিক্ষার স্বর্ধালোকের তা লাগে না তার এমনি দশাই হয়।

জ্বাবে কেছ কেছ বলেন, পশ্চিম যথন পশ্চিমেই ছিল পূর্বদেশের যাড়ে জাসিয়া পড়ে নাই তথন ভোমাদের টোলে চতুপাঠীতে যে তর্কশান্ত্রের পাঁচ করা এবং বাাকরণস্থান্তের জাল বোনা চলিত সেও তো অভ্যস্ত কুনোরকমের বিছা। একথা মানি, কিছ
বিছার যে অংশটা নির্জ্বলা পাণ্ডিভা সে অংশ সকল দেশেই পণ্ড এবং কুণো; পশ্চিমেও
পেডান্ট্রি মরিতে চায় না। তবে কিনা যে দেশ চুর্গতিগ্রস্ত সেখানে বিছার বল কমিয়া
গিয়া বিছার কারদাটাই বড়ো হইয়া ওঠে। তব্ একথা মানিতে হইবে তথনকার দিনের
পাণ্ডিভাটাই তর্কচঞ্ছ ও ক্রায়পঞ্চাননদের মগজের কোণে কোণে বন্ধ ছিল বটে কিছ
তথনকার কালের বিছাটা সমাজের নাড়িতে নাড়িতে সঞ্জীব ও সবল হইয়া বছিত। কি
গ্রামের নিরক্ষর চাষি, কি অস্তঃপুরের দ্রীলোক সকলেরই মন নানা উপান্তে এই বিছার
সেচ পাইত। স্থতরাং এ জিনিসের মধ্যে অস্ত অভাব অসম্পূর্ণতা যাই থাক্ ইছা নিজের
মধ্যে স্ক্রংগত ছিল।

কিন্তু আমাদের বিলাতি বিদ্যাটা কেমন ইম্পুলের জিনিস হইয়া সাইনবোর্ডে টাঙানো থাকে, আমাদের জীবনের ডিভরের সামগ্রী হইয়া যায় না। তাই পশ্চিমের শিক্ষায় য়ে ভালো জিনিস আছে তার অনেকখানি আমাদের নোটবুকেই আছে; সে কি চিস্কায়, কি কাজে ফলিয়া উঠিতে চায় না।

আমাদের দেশে আধুনিক পণ্ডিত বলেন, ইহার একমাত্র কারণ জিনিসটা বিদেশ। একণা মানি না। যা সত্য তার জিয়োগ্রাফি নাই। ভারতবর্ষও একদিন বে সত্যের দীপ জালিয়াছে তা পশ্চিম মহাফেশকেও উজ্জল করিবে, এ যদি না হয় তবে ওটা আলোই নয়। বস্তুত বদি এমন কোনো ভালো থাকে যা একমাত্র ভারভবর্ষেরই ভাগো

তবে ভা ভালোই নর একথা জোর করিয়া বলিব। যদি ভারতের দেবতা ভারতেরই হন তবে ভিনি আমাদের শর্মের পথ বন্ধ করিবেন কারণ শর্ম বিশ্বদেবভার।

আসল কৰা, আধুনিক শিক্ষা তার বাহন পার নাই—তার চলাকেরার পথ খোলসা হইতেছে না। এখনকার দিনে সার্বজনীন শিক্ষা সকল সভ্য দেশেই মানিয়া লওয়া হইয়ছে যে, কারণেই হউক আমাদের দেশে এটা চলিল না। মহাত্মা গোধলে এই লইয়া লড়িয়াছিলেন। শুনিয়াছি দেশের মধ্যে বাংলা দেশের কাছ হইডেই ডিনি সব চেরে বাধা পাইয়াছেন। বাংলা দেশে শুশুবৃদ্ধির ক্ষেত্রে আজকাল হঠাৎ সকল দিক হইডেই একটা অনুত মহামারীর হাওয়া বহিয়াছে। ভূতের পা পিছন দিকে, বাংলা দেশে সামাজিক সকল চেটারই পা পিছনে ফিরিয়াছে। আমরা ঠিক করিয়াছি সংসারে চলিবার পথে আমরা পিছন মুখে চলিব কেবল রায়ীয় সাধনার আকাশে উড়িবার পথে আমরা সামনের দিকে উড়িব, আমাদের পা খেদিকে আমাদের ভানা ঠিক তার উলটো দিকে গঞ্চাইবে।

বে সার্বজনীন শিক্ষা দেশের উচ্চশিক্ষার শিকড়ে রস জ্বোগাইবে কোথাও তার সাড়া পাওয়া গেল না, তার উপরে আবার আর এক উপদর্গ জুটিয়াছে। একদিকে আসবাব বাড়াইয়া অক্তদিকে স্থান কমাইয়া আমাদের সংকীর্ণ উচ্চশিক্ষার আয়তনকে আরও সংকীর্ণ করা হইতেছে। ছাত্রের অভাব ঘটুক কিন্তু সরক্ষামের অভাব না ঘটে সেদিকে কড়া দৃষ্টি।

কাগজে দেখিলাম সেদিন বেহার বিশ্ববিদ্যালয়ের ভিত গাড়িতে গিয়া ছোটোলাট বলিয়াছেন যে, যারা বলে ইমারতের বাছল্যে আমরা শিক্ষার সম্বল থবঁ করি তারা অব্য, কেননা শিক্ষা তো কেবল জ্ঞান লাভ নয়, ভালো ঘরে বসিয়া পড়াগুনা করাও একটা শিক্ষা,—ক্লাসে বড়ো অধ্যাপকের চেয়ে বড়ো দেয়ালটা বেশি বই কম দরকারি নয়।

মাহবের পক্ষে অন্নেরও দরকার থালারও দরকার একথা মানি কিছ গরিবের ভাগ্যে আর বেথানে যথেষ্ট মিলিভেছে না সেথানে থালা সম্বন্ধে একটু ক্যাক্ষি করাই দরকার। যথন দেখিব ভারত জুড়িরা বিজ্ঞার অরসত্র থোলা হইয়াছে তখন অরপ্ণার কাছে সোনার থালা দাবি করিবার দিন আসিবে। আমাদের জীবনযাত্রা গরিবের অথচ আমাদের শিক্ষার বাজ্যাভ্রম্বন্ট। যদি ধনীর চালে হর তবে টাঙ্কা ফুকিয়া দিরা টাকার থলি তৈরি করার মতো হইবে।

আভিনাম মাত্র বিছাইয়া আমরা আসর অমাইতে পারি, কলা পাতার আমাদের ধনীর বজ্ঞের ভোজাও চলে। আমাদের দেশের নমস্ত ধারা তাঁদের অধিকাংশই থ'ড়ো বরে মাত্র,—এদেশে লক্ষীর কাছ হইতে ধার না লইলে সরস্থতীর আসনের দাম কমিবে একথা আমাদের কাছে চলিবে না।

পূর্বদেশে জীবনসমস্তার সমাধান আমাদের নিজের প্রণালীতেই করিতে হইরাছে।
আমরা অশনে বসনে যতদূর পারি বস্কভার কমাইয়াছি। এ বিষয়ে এখানকার জল
হাওয়া হাতে ধরিয়া আমাদের হাতে ধড়ি দিয়াছে। ঘরের দেয়াল আমাদের পূক্ষে তত
আবশ্রক নয় যতটা আবশ্রক দেয়ালের ফাক; আমাদের গায়ের কাপড়ের অনেকটা
অংশই তাঁতির তাঁতের চেয়ে আকাশের স্থিকিরণেই বোনা হইতেছে; আহারের য়ে
অংশটা দেহের উত্তাপ সঞ্চারের জন্ত তার অনেকটার বরাত পাকশালার ও পাক্ষরের
পরে নয়, দেবতার পরে। দেশের প্রাকৃতিক এই স্থ্যোগ জীবন্যাত্রায় খাটাইয়া
আমাদের স্বভাবটা এক রক্ম দাড়াইয়া গেছে—শিক্ষাব্যবস্থায় সেই স্বভাবকে অমান্ত
করিলে বিশেষ লাভ আছে এমন তো আমার মনে হয় না।

গাছতলায় মাঠের মধ্যে আমার এক বিভালয় আছে। সে বিভালয়টি তপোবনের
শক্তলারই মতো—অনাদ্রাতং পূষ্ণং কিসলয়মলুনং করফহৈ:—অবশ্য ইনম্পেক্টরের
করকহ। মৈত্রেয়ী যেমন য়াজ্ঞবঙ্কাকে বলিয়াছিলেন তিনি উপকরণ চান না, অমৃতকে
চান,—এই বিভালরের হইরা আমার সেই কামনা ছিল। এইখানে ছোটোলাটের সঙ্গে
একটা খ্ব গোড়ার কথায় আমাদের হয়তো অমিল আছে—এবং এইখানটায় আমরাও
তাঁকে উপদেশ দিবার অধিকার রাখি। সত্যকে গভীর করিয়া দেখিলে দেখা য়য়
উপকরণের একটা সীমা আছে যেখানে অমৃতের সঙ্গে তার বিরোধ বাধে। মেদ যেখানে
প্রচুর, মজ্জা সেখানে ত্র্বল।

দৈশ্য জিনিসটাকে আমি বড়ো বলি না। সেটা তামসিক। কিন্তু অনাড়ন্থর, বিলাসীর ভোগসামগ্রীর চেরে দামে বেশি, তাহা সান্ত্রিক। আমি সেই অনাড়ন্থরের কথা বলিতেছি যাহা পূর্ণতারই একটি ভাব, যাহা আড়ন্থরের অভাবমাত্র নহে। সেই ভাবের ঘেদিন আবির্ভাব হইবে সেদিন সভ্যতার আকাশ হইতে বন্ধকুয়াশার বিস্তন্তর কপুষ দেবিতে দেবিতে কাটিয়া যাইবে! সেই ভাবের অভাব আছে বলিয়া বে-সব জিনিস প্রত্যেক সাম্ব্যের পক্ষে একান্ত আবক্ষক তাহা তুমূল্য ও তুর্ভর হইতেছে; গান বাজনা, আহার বিহার, আমোদ আহলাদ, শিক্ষা দীক্ষা, রাজ্যশাসন, আইন আদালত সভা দেশে সমন্তই অতি জটিল, সমন্ত্রই মামুবের বাহিবের ও ভিতরের প্রকৃত জারগা জুড়িয়া বসে; এই বোঝার অধিকাংশই অনাবক্ষক—এই বিপুল ভার বহুনে মামুবের জোব প্রকাশ পার বটে ক্ষমতা প্রকাশ পার না। এইজন্ত বর্তমান সভ্যতাকে বে-দেবতা বাহিব হইতে দেখিতেছেন তিনি দেখিতেছেন ইহা অপটু দৈভার সাঁতার দেওরার মতো, তার

হাত-পা হোঁড়ার ক্ষপ ঘ্লাইরা ক্ষেনাইরা উঠিতেছে;—সে জানেও না এত বেশি হাঁসহাঁস ফরার ধর্ণার্থ প্রয়োজন নাই। মূল্কিল এই যে দৈতাটার দৃঢ় বিশাস যে প্রচণ্ড জোরে হাত পা টোড়াটারই একটা বিলেষ মূল্য আছে। যেদিন পূর্ণতার সরল সত্য সভ্যতার অন্তরের মধ্যে আবিভূঁত হুইবে সেদিন পাশ্চান্তা বৈঠকথানার দেয়াল হুইতে জাপানি পাধা, চানবাসন, হরিশের শিং, বাঘের চামড়া,—তার এ কোণ ও কোণ হুইতে বিচিত্র নির্থকতা হুংস্থরের মতো ছুটরা ঘাইবে; মেরেদের মাথার টুপিগুলা হুইতে মরা পাধি, পাবির পালক, নকল ফুল পাতা এবং রাশিরাশি অভূত জ্ঞাল ধসিরা পড়িবে; তাদের সাক্ষার অমিতাচার বর্ষরতার পুরাতত্ত্বে স্থান পাইবে, যে-সব পাঁচতলা দশতলা বাড়ি আকালের আলোর দিকে ঘূরি তুলিয়া দাড়াইরাছে তারা লক্ষার মাথা হোঁট করিবে; শিক্ষা বল, কর্ম বল, ভোগ বল, সহজ্ঞ হুইয়া ওঠাকেই আপনার শক্তির সত্য পরিচয় বলিয়া গণ্য করিবে; এবং মালুষের অন্তর্গ্বকৃতি বাহিরের দাসরাজ্ঞাদের রাজত্ব কাড়িয়া লইয়া তাছাদিগকে পারের তলার বসাইয়া রাধিবে। একদিন পশ্চিমের মৈত্রেরীকেও বলিতে হুইবে, যেনাহং নামুতা স্থাম্ কিমহং তেন কুর্যাম্।

সে কবে ছইবে ঠিক জ্ঞানি না। ততদিন বাড় ইেট করিয়া আমাদিগকে উপদেশ শুনিতে ছইবে যে, প্রভৃত আসবাবের মধ্যে বড়ো বাড়ির উদ্ভতলায় বসিয়া শিক্ষাই উদ্ভশিক্ষা। কারণ মাটির তলাটাই মান্ত্যের প্রাইমারি, ওইটেই প্রাথমিক; ইটের কোটা যত বড়ো হা করিয়া হাই তুলিবে বিশ্বা ততই উপরে উঠিতে থাকিবে।

একদা বদ্ধরা আমার সেই মেঠো বিদ্যালয়ের সন্দে একটা কালেজ জুড়িবার পরামর্শ দিরাছিলেন। কিন্তু একদিন আমাদের দেশের যে উচ্চলিক্ষা তকতলকে অপ্রশ্না করে নাই আজ তাকে তৃণাসন দেখাইলে সে কি সহিতে পারিবে? সে যে ধনী পশ্চিমের পোয়পুত্র, বিলিতি বাপের কার্যায় সে বাপকেও ছাড়াইয়া চলিতে চায়। যতই বলি না কেন, শিক্ষাটাকে যভদ্র পারি উচ্চেই রাখিব, কার্যাটাকে আমাদের মতো করিতে দাও—সে কথার কেন্ত কান দেয় না। বলে কি না, ওই কার্যাটাই তো শিক্ষা, তাই তোমাদের ভালোর অস্তেই ওই কার্যাটাকে যথাসাধ্য ত্লসাধ্য করিয়া তৃলিব। কাক্ষেই আমাকে বলিতে হইল, অস্তঃকর্পকেই আমি বড়ো বলিয়া মানি, উপকরণকে তার চেরেও বড়ো বলিয়া মানিব না।

উপকরণ যে অংশে 'অস্কঃকরণের অন্তচর সে অংশে তাকে অমান্ত করা দীনতা একণা জানি। কিন্তু সেই সামঞ্জতীকে বুরোপ এখনও বাহির করিতে পারে নাই; বাহির করিবার চেষ্টা করিতেছে। আমাদের নিজের মতে আমাদিগকেও সেই চেষ্টা করিতে কেন পাকা নিরম করিয়া বাধা দেওয়া হইবে ? প্রয়োজনকে ধর্ব না করিয়াও: সমন্তটাকেও সাদাসিধা করিয়া তুলিব সে আমাদের নিজের স্বভাব ও নিজের গরজ অত্নসারে। শিক্ষার বিষয়কে আমরা অক্স আয়গা হইতে লইতে পারি কিছ মেজাজটাকে স্বন্ধ লইতে সে বে বিষম জ্পুম।

পূর্বেই বলিয়াছি, পশ্চিমের পোল্পত্র তার বিলিতি বাপকেও ছাড়াইয়া চলে।
আমেরিকায় দেখিলাম, স্টেটের সাহায্যে কত বড়ো বড়ো বিল্ঞালয় চলিতেছে ষেণানে
ছাত্রদের বেতন নাই বলিলেই হয়। য়ুরোপেও দরিদ্র ছাত্রদের অস্ত স্থলভ শিক্ষার
আনেক উপায় আছে। কেবল গরিব বলিয়াই আমাদের দেশের শিক্ষা আমাদের
সামর্থ্যের তুলনায় পশ্চিমের চেয়ে এত বেশি তুম্পা হইল ? অথচ এই ভারতবর্ষেই
একদিন বিল্ঞা টাকা লইয়া বেচা কেনা হইত না।

দেশকে শিক্ষা দেওয়া কেঁটের গরজ ইহা তো অক্সত্র দেখিয়াছি। এই জক্ষ মুরোপে জাপানে আমেরিকায় শিক্ষায় রূপণতা নাই। কেবলমাত্র আমাদের গরিব দেশেই শিক্ষাকে হর্মূল্য ও হর্লত করিয়া তোলাতেই দেশের বিশেষ মজল—এ কথা উচ্চাসনে বিসায় বত উচ্চস্বরে বলা হইবে বেশ্বর ততই উচ্চ সপ্তকে উঠিবে। মাতার অক্সকে হর্মূল্য করিয়া তোলাই উচিত, এমন কথা যদি স্বয়ং লর্ড কার্জনও শপথ করিয়া বলিতেন তর্ আমরা বিশাস করিতাম না যে শিশুর প্রতি কঞ্চণায় রাত্রে তাঁর ঘূম হয় না।

বয়স বাড়িতে বাড়িতে শিশুর ওজ্বন বাড়িবে এই তো স্বাস্থ্যের লক্ষণ। সমান থাকিলেও ভালো নয়, কমিতে থাকিলে ভাবনার কথা। তেমনি, আমাদের দেশে বেখানে শিক্ষার অধিকাংশ জমিই পতিত আছে সেধানে বছরে বছরে ছাত্রসংখ্যা বাড়িবে হিতৈবীরা এই প্রত্যাশা করে। সমান থাকিলে সেটা দোবের, আর সংখ্যা যদি কমে তো বৃথিব, পালাটা মরবের দিকে রু কিয়াছে। বাংলা দেশে ছাত্রসংখ্যা কমিল। সে জন্মে শিক্ষাবিভাগে উদ্বেগ নাই। এই উপলক্ষ্যে একটি ইংরেজি কাগজে লিখিয়াছে,—এই তো দেখি লেখাপড়ায় বাঙালির শধ আপনিই কমিয়াছে—বিদি গোখলের অবশ্রশিক্ষা এখানে চলিত তবে তো অনিজ্বকের পরে জ্লুম করাই হইত।

এ সব কথা নির্মমের কথা। নিজের জাতের সহছে এমন কথা কেহ এমন অনায়াসে বলিতে পারে না। আজ ইংলতে যদি দেখা ঘাইত লোকের মনে শিক্ষার শব্দ আপনিই কমিরা আসিতেছে তবে নিশ্চরই এই সব লোকই উৎক্ষিত হইয়া লিখিত যে কৃত্রিম উপারেও শিক্ষার উত্তেজনা বাড়াইয়া ডোলা উচিত।

নিজের জাতির 'পরে যে দরদ বাঙালির 'পরেও ইংরেজের সেই দরদ ছইবে এমন আশা করিতেও লজা বোধ করি। কিন্তু জাতিপ্রেমের সমস্ত দাবি মিটাইরাও মন্ত্রত্ত-প্রেমের হিসাবে কিছু প্রাপা বাকি থাকে। ধর্মবৃদ্ধির বর্তমান অবস্থার অজাতির জন্ম

প্রভাপ, ঐশর্ষ প্রভৃতি অনেক তুর্লভ জিনিস অক্সকে বঞ্চিত করিয়াও লোকে কামনা করে কিছু এখনও এমন কিছু আছে যা ধুব কম করিয়াও সকল মাহ্যবেরই জক্ত কামনা করা যার। আমরা কোনো দেশের সম্বছেই এমন কথা বলিতে পারি না যে, সেখানকার স্বাস্থ্য বখন আপনিই কমিয়া আসিতেছে তখন সে দেশের জন্ত ভাক্তার খরচটা বাদ দিয়া অস্ত্রেটিসংকারেরই আয়োজনটপ্রশাকা করা উচিত।

তবে কি না, এ কণাও কব্ল করিতে ছইবে. স্বজাতি সম্বন্ধে আমাদের নিজের মনে শুভবৃদ্ধি ধবেষ্ট সজাগ নম্ন বলিয়াই বাহিনৈয় লোক আমাদের অমবস্ত্র বিভাবৃদ্ধির মূল্য খুব কম করিয়া দেখে। দেখের অম, দেখের বিভা, দেখের স্বাস্থ্য আমরা তেমন করিয়া চাই নাই। পরের কাছে চাহিয়াছি, নিজের কাছে নহে। ওজর করিয়া বলি আমাদের সাধ্য কম, কিন্তু আমাদের সাধ্যা তার চেয়েও অনেক কম।

দেশের দাম আমাদের নিজের কাছে যত, অক্তের কাছে তার চেয়ে বেশি দাবি করিলে সে এক রকম ঠকানো হয়। ইহাতে বড়ো কেহ ঠকেও না। কেবল চিনা-বাজারের দোকানদারের মতো করিয়া পরের কাছে দর চড়াইয়া সময় নষ্ট করিয়া থাকি। তাতে যে পরিমাণে সময় যায় সে পরিমাণে লাভ হয় না। এতকাল রাষ্ট্রীয় হাটে সেই দোকানদারি করিয়া আসিয়াছি; যে জিনিসের জন্ম নিজে যত দাম দিয়াছি বা দিতে রাজি তার চেয়ে অনেক বড়ো দাম হাঁকিয়া খ্ব একটা হটুগোল করিয়া কাটাইলাম।

শিক্ষার জন্ত আমরা আবদার করিয়াছি, গরজ করি নাই। শিক্ষাবিন্তারে আমাদের গা নাই। তার মানে শিক্ষার ভোজে নিজেরা বসিয়া যাইব, পাতের প্রসাদটুকু পর্যন্ত আর কোনো কৃষিত পার বা না পার সেদিকে বেয়ালই নাই। এমন কথা ধারা বলে, নিয়সাধারণের জন্ত ধথেষ্ট শিক্ষার দরকার নাই, তাতে তাদের ক্ষতিই করিবে, তারা কর্ত পক্ষদের কাছ হইতে একথা শুনিবার অধিকারী যে, বাঙালির পক্ষে বেশি শিক্ষা অনাবশ্রক, এমন কি, অনিষ্টকর।—জনসাধারণকে লেখাপড়া শিখাইলে আমাদের চাকর জুটিবে না একথা যদি সত্য হয় তবে আমরা লেখাপড়া শিখিলে আমাদেরও দাক্সভাবের ব্যাঘাত ছইবে এ আশহাও মিধ্যা নহে।

 বলিয়া সমন্ত চৈতকা দিয়া আমরা বৃঝি না। এই জকাই দেশের পুরা দাম দেওয়া আমাদের পক্ষে অসম্ভব। যা চাহিতেছি তা পেট ভরিয়া পাই না ভার কারণ এ নর যে, দাতা প্রসন্ধমনে দিতেছে না—ভার কারণ এই যে, আমরা সত্যমনে চাহিতেছি না।

বিভাবিন্তারের কথাটা ষধন ঠিকমতো মন দিয়া শৈথি তখন তার সর্বপ্রধান বাধাটা এই দেখিতে পাই ষে, তার বাহনটা ইংরেজি। বিদেশী মাল জাহাজে করিয়া শহরের ঘাট পর্যন্ত আসিয়া পৌছিতে পারে কিন্তু সেই জাহাজটাতে করিয়াই দেশের হাটে হাটে আমদানি রপ্তানি করাইবার ত্রালা মিধ্যা। যদি বিলিতি জাহাজটাকেই কারমনে আঁকড়াইয়া ধরিতে চাই তবে ব্যবসা শহরেই আটকা পড়িয়া ধাকিবে।

এ পর্বস্ত এ অসুবিধাটাকে আমাদের অসুধ বোধ হয় নাই। কেননা মৃশে যাই বলি মনের মধ্যে এই শহরটাকেই দেশ বলিয়া ধরিয়া লইয়াছিলাম। দাক্ষিণা যখন খুব বেশি হয় তখন এই পর্বস্ত বলি, আচ্ছা বেশ, খুব গোড়ার দিকের মোটা শিক্ষাটা বাংলা ভাষার দেওয়া চলিবে কিন্তু সে যদি উচ্চশিক্ষার দিকে হাত বাড়ায় তবে গমিয়াত্বাপ-হাস্তাম।

আমাদের এই ভীক্লভা কি চিরদিনই থাকিয়া যাইবে ? ভরসা করিয়া এটুক্ কোনোদিন বলিতে পারিব না ষে, উচ্চশিক্ষাকে আমাদের দেশের ভাষায় দেশের জিনিস করিয়া লইতে হইবে ? পশ্চিম হইতে যা কিছু শিধিবার আছে জাপান ভা দেখিতে দেখিতে সমস্ত দেশে ছড়াইয়া দিল, ভার প্রধান কারণ, এই শিক্ষাকে ভারা দেশী ভাষার আধারে বাঁধাই করিতে পারিয়াছে।

অথচ জাপানি ভাষার ধারণাশক্তি আমাদের ভাষার চেয়ে বেশি নয়। ন্তন কথা সৃষ্টি করিবার শক্তি আমাদের ভাষার অপরিসীম। তা ছাড়া যুরোপের বৃদ্ধিবৃত্তির আকার প্রকার যতটা আমাদের সঙ্গে মেলে এমন জাপানির সঙ্গে নয়। কিন্তু উদ্যোগী পুরুষসিংছ কেবলমাত্র লক্ষীকে পায় না সরস্বতীকেও পায়। জাপান জাের করিয়া বলিল যুরোপের বিভাকে নিজের বাণীমন্দিরে প্রতিষ্ঠিত করিব। যেমন বলা তেমনি করা, তেমনি তার ফললাভ। আমরা ভরসা করিয়া এ পর্বস্ক বলিভেই পারিলাম না যে, বাংলাভাষাতেই আমরা উচ্চশিক্ষা দিব এবং দেওয়া যায়, এবং দিলে তবেই বিভার ফসল দেশ ছুড়িয়া ফলিবে।

আমাদের ভরসা এতই কম যে ইমুল কালেজের বাছিরে আমরা ধে-সব লোক-শিক্ষার আরোজন করিয়াছি সেথানেও বাংলা ভাষার প্রবেশ নিষেধ। বিজ্ঞানশিক্ষা-বিস্তাবের জন্ত দেশের লোকের চালার বছকাল হইতে শহরে এক বিজ্ঞান সভা থাড়া দাড়াইরা আছে। প্রাচ্যদেশের কোনো কোনো রাজার মতো প্রেরবনাশের ভরে জনসাধারণের কাছে সে বাছির ছইভেই চার না। বরং অচল ছইরা থাকিবে তব্ কিছুতে সে বাংলা বলিবে না। ও বেন বাঙালির চাঁঢ়া দিরা বাঁধানো পাকা ভিতের উপর বাঙালির অক্ষমতা ও উলাসীল্রের শ্বরণঅজ্যের মতো স্থাপু হইরা আছে। কথাও বলে না, নজেও না। উছাকে ভূলিতেও পারি না, উছাকে মনে রাখাও লক্ত। ওজর এই বে, বাংলা ভাষার বিজ্ঞাননিক্ষা অসম্ভব। ওটা অক্ষমের ভীকর ওজর। কঠিন বই কি, সেই জ্লেই কঠোর সংকল্প চাই। একবার ভাবিয়া দেখুন, একে ইংরেজি ভাতে সারালা, তার উপরে, দেশে বে-সকল বিজ্ঞানবিশারদ আছেন তাঁরা জগদিখ্যাত হইতে পারেন কিছু দেশের কোণে এই বে একটুখানি বিজ্ঞানের নাড় দেশের লোক বাঁধিরা দিরাছে এখানে তাঁদের কলাও জারগা নাই এমন অবস্থার এই পদার্থটা বজসাগরের ভলার যদি ভূব মারিয়া বলে তবে ইছার সাহায্যে সেখানকার মংক্রশাবকের বৈজ্ঞানিক উরতি জামাদের বাঙালির ছেলের চেমে বে কিছুমাত্র কম হইতে পারে এমন অপবাদ দিতে পারিব না।

माञ्चाया वाःमा विमयारे कि वाडामित्क मछ मिर्छि हरेत ? এই व्यक्तानक्ष्य व्यवप्रात्मय व्यक्त त्म विद्यमा व्यक्तान हरेयारे पाक्— ममछ वाडामित প্রতি কয়बन मिक्किछ वाडामित এই वायरे कि वहाम तहिन ? यে বেচারা বাংमা বলে সেই कि व्याधुनिक मस्मारहिजात मृख ? তার কানে উচ্চশিক্ষার মন্ত্র চলিবে না ? মাতৃভাষা হইতে ইংরেজি ভাষার মধ্যে জন্ম দইরা তবেই আমরা বিজ হই ?

বলা বাহলা ইংরেজি আমাদের শেখা চাইই—শুধু পেটের জন্ত নয়। কেবল ইংরেজি কেন? করাসি জার্মান শিধিলে আরও ভালো। সেই সজে এ কথা বলাও বাহলা অধিকাংশ বাঙালি ইংরেজি শিধিবে না। সেই লক্ষ লক্ষ বাংলাভাষীদের জন্ত বিভার অনশন কিংবা অর্ধাশনই ব্যবস্থা, এ কথা কোন্মুখে বলা যায়।

দেশে বিদ্যালিক্ষার যে রড়ো কারধানা আছে ভার কলের চাকার অল্পমাত্র বদল করিতে গেলেই বিশুর ছাড়ুড়ি-পেটাপেটি করিতে হয়—সে ধুব শক্ত হাতের কর্ম। আগু মুখুজ্যে মধায় ওরই মধ্যে এক-জারগায় একটুখানি বাংলা হাতল জুড়িয়া দিয়াছেন।

আমাকে লোকে বলিবে শুধু কবিত্ব করিলে চলিবে না—একটা প্রাকৃতিক্যাল প্রামর্শ দাও, অত্যন্ত বেশি আশা করাটা কিছু নয়। অত্যন্ত বেশি আশা চুলোর যাক, লেশমাত্র আশা না করিয়াই অধিকাংশ পরামর্শ দিতে হয়। কিছু করিবার এবং হইবার আগে ক্ষেত্রটাতে দৃষ্টি তৌ পড়ুক। কোনোমতে মনটা যদি একটু উস্থুস করিয়া ওঠে তাহলেই আপাতত যথেষ্ট। এমন কি, লোকে যদি গালি দেয় এবং মারিতে আসে তাহক্ষেত্র বৃষি, যে, একটা বেশ উত্তম-মধ্যম ফল পাওয়া গেল।

. ज्याज्येव भवामार्भ नामा संक।

আক্রবাল আমাদের বিশ্ববিদ্যালয়ের একটা প্রমণ্ডল তৈরি হইয়া উঠিতেছে। একদিন মোটের উপর ইহা একজামিন পাশের কৃত্তির আথড়া ছিল। এখন আথড়ার বাহিরেও ল্যাঙটটার উপর ভত্রবেশ ঢাকা দিয়া একটু হাঁক ছাড়িবার জায়গা করা হইয়াছে। কিছুদিন হইতে দেখিতেছি বিদেশ হইতে বড়ো বড়ো অধ্যাপকেরা আসিয়া উপদেশ দিতেছেন,—এবং আমাদের দেশের মনীরীদেরও এখানে আসন পড়িতেছে। শুনিয়াছি বিশ্ববিদ্যালয়ের এইটুকু ভত্রতাও আশু মৃধুজ্যো মশায়ের কল্যানে ঘটয়াছে।

আমি এই বলি বিশ্ববিভালয়ের পুরাতন বাড়িটার ভিতরের আভিনার বেমন চলিতেছে চলুক,—কেবল তার এই বাছিরের প্রাক্তনটাতে যেখানে আম্দরবারের নৃতন বৈঠক বিলিল সেবানে বিশ্ববিভালয়ের শিক্ষাটাকে যদি সমন্ত বাঙালির জিনিস করিয়া তোলা যায় তাতে বাধাটা কী? আহুত যারা ভারা ভিতর বাড়িতেই বস্থক—আর রবাহত যারা তারা বাহিরে পাভ পাড়িয়া বসিয়া যাক না। তাদের জ্ঞা বিলিভি টেবিল না হয় না রইল, দিলি কলাপাত মন্দ কী? তাদের একেবারে দরোয়ান দিয়া ধাকা মারিয়া বিদায় করিয়া দিলে কি এ যক্ষে কল্যাণ হইবে ? আভিশাপ লাগিবে না কি ?

এমনি করিয়া বাংলার বিশ্ববিদ্যালয়ে ইংরেজি এবং বাংলা ভাষার ধারা ষ্টি গলাষমূনার মতো মিলিয়া যায় তবে বাঙালি শিক্ষার্থীর পক্ষে এটা একটা ভীর্ষমান হইবে। তুই স্রোতের সাদা এবং কালো রেখার বিভাগ থাকিবে বটে কিন্তু ভারা এক সন্দে বহিয়া চলিবে। ইহাভেই দেশের শিক্ষা ষ্থার্থ বিস্তীর্ণ হইবে, গভীর হইবে, সূত্য হইয়া উঠিবে।

শহরে যদি একটিমাত্র বড়ো রাস্তা থাকে তবে সে পথে বিষম ঠেলাঠেলি পড়ে।
শহর-সংস্থারের প্রস্তাবের সময় রাস্তা বাড়াইয়া ভিড়কে ভাগ করিয়া দিবার চেষ্টা
হয়: আমাদের বিশ্ববিভালরের মাস্তথানে আর একটি সমর রাস্তা খুলিয়া দিলে
ঠেলাঠেলি নিশ্চর কমিবে।

বিশ্বালয়ের কাজে আমার বেটুকু অভিজ্ঞতা তাতে দেবিরাছি একদল ছেলে বভাবতই ভাষাশিক্ষার অপটু। ইংরেজি ভাষা কারদা করিতে না পারিরা যদি বা তারা কোনোমতে এন্ট্রেলের দেউড়িটা তরিরা যার – উপরের সি ড়ি ভাঙিবার বেলাতেই চিত ছইরা পড়ে।

এমনতরো তুর্গতির অনেকগুলা কারণ আছে। এক তো বে-ছেলের মাতৃভাবা বাংলা তার পক্ষে ইংরেজি ভাষার মতো বালাই আর নাই। ও বেন বিলিতি তলোরারের থাপের মধ্যে দিশি থাড়া ভরিবার ব্যায়াম। তার পরে গোড়ার দিকে ভালো শিক্ষকের কাছে ভালো নিয়মে ইংরেজি শিবিবার প্রযোগ অল্প ছেলেরই হয়,—গরিবের ছেলের তো হয়ই না। তাই অনেক স্থলেই বিশলাকরণীর পরিচয় ঘটে না বলিয়া আন্তর্গন্ধমাদন বহিতে হয়;—ভাষা আয়ন্ত হয় না বলিয়া গোটা ইংরেজি বই মৃথস্থ করা ছাড়া উপায় থাকে না। অসামাল্য স্থতিশক্তির জোরে যে ভাগ্যবানরা এমনতরো কিছিল্পান্তাও করিতে পারে তারা শেষ পর্যন্ত উদ্ধার পাইয়া যায় — কিন্তু যাদের মেধা সাধারণ মাল্লবের মাপে প্রমাণসই তাদের কাছে এভটা আলা করাই যায় না। তারা এই ক্রম্ব ভাষার ফাকের মধ্য দিয়া গলিয়া পার হইতেও পারে না, ডিঙাইয়া পার হওয়াও তাহাদের পক্ষে আসাধ্য।

এখন কথাটা এই, এই ষে-সব বাঙালির ছেলে স্বাভাবিক বা আকস্মিক কারণে ইংরেজি ভাষা দখল করিতে পারিল না ভারা কি এমন কিছু মারাত্মক অপরাধ করিয়াছে ষেজ্মন্ত ভারা বিশ্বামন্দির হইতে যাবজ্জীবন আগুমানে চালান হইবার যোগা? ইংলণ্ডে একদিন ছিল যখন সামান্ত কলাটা মূলাটা চুরি করিলেও মানুষের কাঁসি হইতে পারিত—কিন্তু এ যে ভার চেয়েও কড়া আইন। এ যে চুরি করিতে পারে না বলিয়াই ফাঁসি কেননা মূখস্থ করিয়া পাস করাই তো চৌর্বুত্তি। যে ছেলে পরীক্ষালালায় গোপনে বই লইয়া যায় তাকে খেদাইয়া দেওয়া হয়; আর যে ছেলে ভার চেয়েও পুকাইয়া লয়, অর্থাৎ চাদরের মধ্যে না লইয়া মগজের মধ্যে লইয়া যায় সেই বা কম কী করিল গ সন্থাভার নিয়ম অনুসারে মান্থবের স্মরণশক্তির মূহলটা ছাপাখানায় অধিকার করিয়াছে। অভএব বায়া বই মূখস্থ করিয়া পাস করে ভারা অসভ্যরকমে চুরি করে অথচ সন্থাভার মূরে পুরস্বার পাইবে ভারাই ?

যাই হ'ক ভাগ্যক্রমে যারা পার হইল তাদের বিক্রমে নালিশ করিতে চাই না।
কিন্তু যারা পার হইল না ভাদের পক্ষে হাবড়ার পুল্টাই না হয় ছ-ফাক হইল, কিন্তু
কোনোরক্ষের সরকারি ধেরাও কি ভাদের কপালে জুটিবে না ? কীযার না হয় ভো
পানসি ?

ভালোমতো ইংরেজি শিখিতে পারিল না এমন ঢের ঢের ভালো ছেলে বাংলাদেশে আছে। তাদের শিখিবার আকাজ্ঞা ও উত্তমকে একেবারে গোড়ার দিকেই আটক করিয়া দিয়া দেশের শক্তির কি প্রভূত অপব্যয় করা হইডেছে না ?

আমার প্রশ্ন এই, প্রেপারেটরি ক্লাস পর্যন্ত একরকম পড়াইয়া ভার পর বিশ্ববিদ্যালরের মোড়টার কাছে যদি ইংরেজি বাংলা হুটো বড়ো রান্তা খুলিয়া দেওয়া বার ভা হইলে কি নানাপ্রকারে স্থবিধা হর না ? এক ভো ভিড়ের চাপ কিছু কমেই, দ্বিভীয়ত শিক্ষার বিস্তার অনেক বাড়ে।

ইংরেজি রাস্তাটার দিকেই বেশি লোক ঝুঁ কিবে তা জানি; এবং চুটো রাস্তার চলাচল ঠিক সহজ অবস্থার পৌছিতে কিছু সময়ও লাগিবে। রাজভাষার দর বেশি স্তরাং আদরও বেশি। কেবল চাকরির বাজারে নয়, বিবাহের বাজারেও বরের্ম মৃল্যবৃদ্ধি ওই রাস্তাটাতেই। তাই হ'ক—বাংলা ভাষা জ্বনাদর সহিতে রাজি, কিছু জারুতার্থতা সহু করা কঠিন। ভাগ্যমন্তের ছেলে ধাত্রীস্তন্তে মোটাসোটা হইয়া উঠুক না কিছু গরিবের ছেলেকে ভার মাতৃত্তক্ত হইতে বঞ্চিত করা কেন?

অনেকদিন হইতে অনেক মার ধাইয়াছি বলিয়া সাবধানে কথা বলিবার চেষ্টা করিয়া থাকি। তবু অভ্যাসদোবে বেফাস কথা আপনি বাছির হইয়া পড়ে। আমার তো মনে হয়, গোড়ায় কথাটা আমি বেশ কোললেই পাড়িয়াছিলাম। নিজেকে বুয়াইয়াছিলাম গোপাল অভি স্ক্বোধ ছেলে, তাকে কম খাইতে দিলেও সে চেঁচামেচি করে না। তাই মৃত্রবরে শুরু করিয়াছিলাম আজকাল বিশ্ববিদ্যালয়ের বছিয়জনে যে একটা বক্তৃতার বৈঠক বিদয়াছে ভারই এককোণে বাংলার একটা আসন পাতিলে জায়গায় কুলাইয়া যাইবে। এ কথাটা গোপালের মতোই কথা হইয়াছিল; ইয়াতে অভিভাবকেরা যদি বা নারাজ হন তবু বিরক্ত হইবেন না।

কিন্তু গোপালের সুবৃদ্ধির চেরে যখন ভার কুমা বাড়িয়া ওঠে তখন ভার সুর আপনি চড়িতে থাকে; আমার প্রস্তাবটা অনেকখানি বড়ো ছইয়া উঠিয়াছে। ভার কল প্রভাবের পক্ষেও সাংঘাতিক হইতে পারে, প্রস্তাবকের পক্ষেও সেটা নৃতন নয়। শুনিয়াছি আমাদের দেশে শিশুমৃত্যসংখ্যা পুব বেলি। এ দেশে শভকয়া একল পঁচিলটা প্রস্তাব আঁতুড় বরেই মরে। আর সাংঘাতিক মার এ বয়সে এত থাইয়াছি যে, ও জিনিসটাকে সাংঘাতিক বলিয়া একেবারেই বিশ্বাস করি না।

व्यामि व्यानि छर्क धरे छेडित्व कृमि वाश्मा छावाद त्याल छेळि विका मिक्का मिर्छ हा छ किन्छ वाश्मा छोत्र प्रदार विकाश करे ? नारे त्य कथा यानि किन्छ विका ना हिन्छ विकाश का छिन्छ। विकाश एवं को छेलात्व ? विकाश वाशानित शाह नद्य त्य, त्यों विन त्यात्क वथ করিয়া ভার কেরারি করিবে,—কিংবা সে আগাছাও নর যে, মাঠে বাটে নিজের পুলকে নিজেই কণ্টকিত হইয়া উঠিবে! শিক্ষাকে যদি শিক্ষাগ্রহের জন্ম বসিয়া থাকিতে হর তবে পাতার জোগাড় আগে হওয়া চাই ভার পরে গাছের পালা এবং কুলের পথ চাহিয়া নদীকে মাধায় হাত দিয়া পড়িতে হইবে।

বাংলার উচ্চজ্বলের শিক্ষাগ্রন্থ বাহির হুইভেছে না এটা বদি আক্ষেণের বিষয় হয় তবে তার প্রতিকারের একমাত্র উপায় বিশ্ববিদ্যালয়ে বাংলার উচ্চজ্বলের শিক্ষা প্রচলন করা। বন্ধসাহিত্যপরিবং কিছুকাল হুইতে এই কাজের গোড়াপস্তনের চেষ্টা করিতেছেন। পরিজাষা রচনা ও সংকলনের ভার পরিবং লইরাছেন, কিছু কিছু করিরাওছেন। তাঁদের কাল্ল চিমা চালে চলিতেছে বা অচল হুইয়া আছে বলিয়া নালিশ করি। কিছু ত্পাও যে চলিয়াছে এইটেই আশ্চর্য। দেশে এই পরিভাষা তৈরির তালিদ কোথার? ইহার ব্যবহারের প্রয়োজন বা অ্যােগ কই? দেশে টাকা চলিবে না অবার্চ টাকশাল চলিতেই থাকিবে এমন আবদার করি কোন্ লক্ষায়?

যদি বিশ্ববিভালয়ে কোনোদিন বাংলাশিক্ষার রাস্তা খুলিরা যায় তবে তথন এই বন্দসাহিত্যপরিষদের দিন আসিবে। এখন রাস্তা নাই তাই সে হু চট খাইতে খাইতে চলে, তথন চার-বোড়ার গাড়ি বাহির করিবে। আজ আক্ষেপের কথা এই বে, আমাদের উপায় আছে, উপকরণ আছে,—ক্ষেত্র নাই। বাংলার যজ্ঞে আমরা অয়সত্র খুলিতে পারি। এই তো সব আছেন আমাদের জগদীশচন্দ্র, প্রফুল্লচন্দ্র, রজ্জেনাণ, মহামহোপাধ্যায় শাস্ত্রী এবং আরও অনেক এই শ্রেণীর নামজাদা ও প্রচ্ছয়নামা বাঙালি। অথচ বে-সব বাঙালি কেবল বাংলা জানে তাদের উপবাস কোনোদিন ঘুচিবে না? তারা এ দের লইয়া গৌরব করিবে কিন্তু লইয়া ব্যবহার করিতে পারিবে না? বাংলা বিশ্ববিভালরের প্রসাদে বরঞ্চ সাতসমূল পার হইয়া বিদেশী ছেলে এ দের কাছে শিক্ষা লইয়া যাইতে পারে কেবল বাংলা দেশের যে ছাত্র বাংলা জানে এ দের কাছে বিস্বা

জার্মানিতে ক্লান্সে আমেরিকার জাপানে বে সকল আধুনিক বিশ্ববিদ্যালর জাগিরা উঠিরাছে তালের মূল উদ্দেশ্ত সমস্ত দেশের চিন্তকে মান্ত্র করা। দেশকে তারা স্থিকির করিয়া চলিতেছে। বাজ ছইতে অক্রকে, অক্র ছইতে বৃক্তকে তারা মৃক্তিদান করি-তেছে। মান্তবের বৃদ্ধিবৃদ্ধিকে চিন্তগক্তিকে উদ্বাটিত করিতেছে।

দেশের এই মনকে মাছ্য করা কোনোমতেই পরের ভাষার সম্ভবপর নহে। আমরা লাভ করিব কিছ সে লাভ আমাদের ভাষাকে পূর্ব করিবে না, আমরা চিছা করিব কিছ সে চিছার যাহিরে আমাদের ভাষা পড়িয়া থাকিবে, আমাদের মন বাড়িয়া চলিবে সঙ্গে সজে আমাদের ভাষা বাড়িতে পাকিবে না, সমঁত শিক্ষাকে অক্সতার্থ করিবার এমন উপার আর কী হইতে পারে।

তার ফল হইরাছে, উচ্চঅন্দের শিক্ষা যদি বা আমরা পাই, উচ্চ অন্দের চিন্তা আমরা করি না। কারণ চিন্তার স্বাভাবিক বাহন আমাদের ভাষা। বিশ্বালয়ের বাহিরে আসিরা পোশাকি ভাষাটা আমরা ছাড়িরা ফেলি, সেই সজে তার পকেটে যা কিছু সঞ্চর থাকে তা আলনার ঝোলানো থাকে,—তার পরে আমাদের চিরদিনের আটপোরে ভাষার আমরা গল্প করি, গুজ্ব করি, রাজাউজির মারি, তর্জমা করি, চুরি করি এবং থবরের কাগন্দে অপ্রাব্য কাপুক্ষতার বিস্তার করিরা থাকি। এ সক্ষেও আমাদের দেশে বাংলার সাহিত্যের উন্ধতি হইতেছে না এমন কথা বলি না কিন্তু এ সাহিত্যে উপবাসের লক্ষণ যথেষ্ট দেখিতে পাই। যেমন, এমন রোগী দেখা যার, যে থার প্রচুর অথচ তার ছাড় বাহির হইরা পড়িয়াছে, তেমনি দেখি আমরা যতটা শিক্ষা করিতেছি তার সমস্তটা আমাদের সাহিত্যের সর্বাহ্বে পোষণ সঞ্চার করিতেছে না। খাছের সন্দে আমাদের প্রাণের সক্ষে আমাদের প্রাণের সল্পূর্ণ যোগ হইতেছে না। তার প্রধান কারণ আমরা নিজের ভাষার রসনা দিরা খাই না, আমাদের কলে করিয়া খাওয়ানো হয়, তাতে আমাদের পেট ভরতি করে, দেহপূর্তি করে না।

সকলেই জানেন আমাদের বিশ্ববিদ্যালয় লগুন বিশ্ববিদ্যালয়ের ছাঁচে তৈরি। ওই বিদ্যালয়টি পরীক্ষায় পাস করা ডিগ্রীধারীদের নামের উপর মার্কা মারিবার একটা বড়ো-গোছের সীলমোহর। মাহ্বকে তৈরি করা নয়, মাহ্বর চিহ্নিভ করা তার কাল। মাহ্বকে হাটের মাল করিয়া ভার বাজার-দর দাগিয়া দিয়া ব্যবসাদারির সহায়তা সে করিয়াছে।

আমাদের বিশ্ববিদ্যালয় হইভেও আমরা সেই ডিগ্রীর টাকলালার ছাপ লওয়াকেই বিদ্যালাভ বলিয়া গণ্য করিয়াছি। ইহা আমাদের অভ্যাস হইয়া গেছে। আমরা বিদ্যা পাই বা না পাই বিদ্যালয়ের একটা ছাঁচ পাইরাছি। আমাদের মূলকিল এই বে, আমরা চিরদিন ছাঁচের উপাসক। ছাঁচে ঢালাই-কয়া রীভিনীতি চালচলনকেই নানা আকারে প্লার অর্ঘ্য দিয়া এই ছাঁচ-দেবীর প্রত্তি অচলা ভক্তি আমাদের মজ্লাগত। সেইজ্য ছাঁচে-ঢালা বিদ্যাটাকে আমরা দেবীর বরদান বলিয়া মাধার করিয়া লই—ইহার চেয়ে বড়ো কিছু আছে এ কথা মনে করাও আমাদের পক্ষে লক্ত।

তাই বলিতেছি, আমাদের বিশ্ববিদ্যালরের যদি একটা বাংলা আজের স্থানী ছম তার প্রতি বাঙালি অভিভাবকদের প্রসন্ন দৃষ্টি পড়িবে কি না সন্দেহ। তবে কি না, ইংরেজি চাপুনির ফাক দিরা বারা গড়িরা পড়িতেছে এমন ছেলে এখানে পাওয়া বাইবে। কিছ আমার মনে হম তার চেয়ে একটা বড়ো শুর্বিধার কথা আছে। সে স্বিধাটি এই বে, এই জংশেই বিশ্ববিশ্বালয় খাধীনভাবে ও খাভাবিকরপে নিজেকে স্টে করিয়া তৃলিতে পারিবে। তার একটা কারণ, এই জংশের শিক্ষা জনেকটা পরিমাণে বাজার-দরের দাসত্ব হুইতে মৃক্ত হুইবে। আমাদের জনেককেই ব্যবসার থাতিরে জীবিকার দারে ডিগ্রী লইডেই হয়—কিন্তু সে পণ বাদের অগত্যা বন্ধ কিংবা যারা শিক্ষার জন্মই শিবিতে চাহিবে তারাই এই বাংলা বিভাগে আক্রন্ত হুইবে। শুধু তাই নয় বারা দারে পড়িয়া ডিগ্রী লইডেছে তারাও অবকাশমতো বাংলা ভাষার টানে এই বিভাগে আনাগোনা করিতে ছাড়িবে না। কারণ, ছদিন না যাইতেই দেখা যাইবে এই বিভাগেই আমাদের দেশের অধ্যাপকদের প্রতিভার বিকাশ হুইবে। এখন বারা কেবল ইংরেজি শব্দের প্রতিভাব ও নোটের ধূলা উড়াইয়া আমি লালাইয়া দেন তারাই সেদিন ধারাবর্ষণে বাংলার ত্বিত চিত্ত জুড়াইয়া দিবেনু।

এমনি করিয়া বাহা সজীব তাহা ক্রমে কলকে আচ্ছন্ন করিয়া নিজের বাতাবিক সফলতাকে প্রমাণ করিয়া তুলিবে। একদিন ইংরেজিলিক্ষিত বাঙালি নিজের ইংরেজিলেধার অভিমানে বাংলা ভাষাকে অবজ্ঞা করিয়াছিল, কিন্তু কোণা হইতে নব বাংলা- সাহিত্যের ছোটো একটি অভ্ব বাংলার হ্রদয়ের ভিতর হইতে গজাইয়া উঠিল;—তথন তার ক্ষুত্রতাকে তার চুর্বলতাকে পরিহাস করা সহজ্ঞ ছিল; কিন্তু সে যে সজীব, ছোটো হইলেও উপেক্ষার সামগ্রী নর; আজ্ঞ সে মাথা তুলিয়া বাঙালির ইংরেজি রচনাকে অবজ্ঞা করিবার সামর্থা লাভ করিয়াছে। অথচ বাংলা সাহিত্যের কোনো পরিচয় কোনো আদর রাজ্বারে ছিল না—আমাদের মতো অধীন জাতির পক্ষে সেই প্রলোভনের অভাব কম অভাব নম্ব—বাহিরের সেই সমস্ত অনাদরকে গণ্য না করিয়া বিলাতি বাজারের বাচনদারের দৃষ্টির বাহিরে কেবলমাত্র নিজের প্রাণের আনন্দেই সে আজ্ব পৃথিবীতে চিরপ্রতিষ্ঠা লাভের যোগ্য হইতেছে। এভদিন ধরিয়া আমাদের সাহিত্যিকেরা যদি ইংরেজি কপিবৃক নকল করিয়া আসিতেন তাহা হইলে জগতে যে প্রভৃত আবর্জনার সৃষ্টি হইত তাহা কল্পনা করিলেও গারে কাটা দিয়া উঠে।

এতদিন ধরিয়া ইংরেজি বিভার বে কলটা চলিতেছে সেটাকে মিল্লিপানার ধানে বদল করা আমাদের সাধ্যায়ত্ত নছে। তার ছুটো কারণ আছে, এক, কলটা একটা বিশেষ ছাচে গড়া, একেবারে গোড়া ছইডে সে ছাচ বদল করা সোজা কণা নর। বিতীয়ত, এই ছাচের প্রতি ছাচ উপাসকদের জক্তি এত অনৃঢ় যে, আমরা জ্ঞাশনাল কলেজই করি আর হিন্দু যুনিভার্সিটিই করি আমাদের মন কিছুতেই ওই ছাচের মুঠা হইতে যুক্তি পার না। ইছার সংখারের একটিমান্ত উপায় আছে এই ছাচের পাশে একটা সজীব জিনিসকে আল একটু স্থান দেওয়া। ভাছা ছইলে সে তর্ক না করিয়া

বিরোধ না করিয়া কলকে আছের করিয়া একদিন মাধা তুলিয়া উঠিবে এবং কল যথন আকাশে ধৌয়া উড়াইয়া ঘর্ষর শব্দে হাটের জন্ত মালেন্দ্র বস্তা উদ্গার করিতে থাকিবে তথন এই বনস্পতি নিংশদে দেশকে কল দিবে, ছায়া দিবে এবং দেশের সমস্ত কলভাবী বিহল্পদেকে নিজের শাধার শাধার আশ্রেদান করিবে।

কিছ ওই কলটার সঙ্গে রফা করিবার কথাই বা কেন বলা ? ওটা দেশের আপিস আদালত, পুলিসের থানা, জেলখানা, পাগলাগায়দ, আহাজের জেটি, পাটের কল প্রভৃতি আধুনিক সভ্যভার আসবাবের সামিল হইয়া থাক না। আমাদের দেশ বেখানে কল চাহিতেছে ছায়া চাহিতেছে সেখানে কোঠাবাড়িগুলা ছাড়িয়া একবার মাটির দিকেই নামিয়া আসি না কেন ? গুরুর চারিদিকে শিশু আসিয়া বেমন স্বভাবের নিয়মে বিখ-বিভালয় স্বষ্ট করিয়া ভোলে, বৈদিককালে যেমন ছিল ভলোবন, বৌদ্ধকালে যেমন ছিল নালনা, তক্ষশিলা—ভারতের ত্র্গতির দিনেও যেমন করিয়া টোল চতুলাঠা দেশের প্রাণ হইতে প্রাণ লইয়া দেশকে প্রাণ দিয়া রাখিয়াছিল ভেমনি করিয়াই বিশ্ববিভালয়কে জীবনের খারা জীবলোকে স্বষ্ট করিয়া ত্লিবার কথাই সাহস করিয়া বলা থাক্না কেন ?

সৃষ্টির প্রথম মন্ত্র—"আমরা চাই!" এই মন্ত্র কি দেশের চিত্তকুছর হইতে একেবারেই শুনা যাইতেছে না? দেশের যারা আচার্য, ধারা সন্ধান করিতেছেন, সাধনা করিতেছেন, ধ্যান করিতেছেন, তাঁরা কি এই মন্ত্রে শিশুদের কাছে আসিয়া মিলিবের্ন না? বাষ্প্রথমন মেঘে মেলে, মেঘ ষেমন ধারাবর্ষণে ধরণীকে অভিষিক্ত করে তেমনি করিয়া কবে তাঁরা একত্র মিলিবেন, কবে তাঁদের সাধনা মাতৃভাষার গলিরা পড়িয়া মাতৃভ্মিকে তৃষ্ণার জলে ও ক্ষার অন্তে পূর্ব করিয়া ভূলিবে?

আমার এই শেষ কথাটি কেজো কথা নহে, ইহা কল্পনা। কিছু আজ পর্যন্ত কেজো কথায় কেবল জোড়াভাড়া চলিয়াছে, সৃষ্টি হইয়াছে কল্পনায়। ১৩২২

ছবির অঙ্গ

थक विमालन वह रहेव, अमिन कित्रद्या स्थि रहेम — आमारमय स्थि अहे कथा वरम

अत्कर मर्था एक बहिया छर सून जानिया निक्त । जाहा हहेरा स्था प्रहेरि अभिनय बाका नाहे, यह व अविनय, स्थान एक, अवर अस्वय असिनय, स्थान मिन জ্পতে রূপের মধ্যে আমরা কেবল সীমা নর সংযম দেখি। সীমাটা অক্স সকলের সঙ্গে নিজেকে ভকাত করিয়া, আর সংযমটা অক্স সমস্তের সঙ্গে রক্ষা করিয়া। রূপ একদিকে আপনাকে মানিভেছে, আর একদিকে অক্স সমস্তকে মানিভেছে ভবেই সেটি কিভেছে।

তাই উপনিষৎ বলিয়াছেন, সূর্য ও চন্দ্র, দ্যুলোক ও ভূলোক, একের শাসনে বিশ্বত।
সূর্য ও চন্দ্র ত্যুলোক ভূলোক আপন-আপন সীমার থণ্ডিত ও বহু---কিন্তু তবু তার মধ্যে
কোপায় এককে দেবিতেছি ? যেখানে প্রত্যেকে আপন-আপন ওজন রাবিয়া চলিতেছে;
যেখানে প্রত্যেকে সংযমের শাসনে নিয়ন্ত্রিত।

ভেদের বারা বছর জন্ম কিন্তু মিলের বারা বছর রক্ষা। যেখানে অনেককে টি কিতে হইবে সেখানে প্রত্যেককে আপন পরিমাণটি রাখিয়া আপন ওজন বাঁচাইয়া চলিতে হয়। জগং স্টিতে সমস্ত রূপের মধ্যে অর্থাং সীমার মধ্যে পরিমাণের যে সংযম সেই সংযমই মঙ্গল সেই সংযমই স্থলর। শিব যে যতী।

আমরা যথন সৈপ্রদলকে চলিতে দেখি তখন একদিকে দেখি প্রত্যেকে আপন সীমার দ্বারা শতন্ত্র আর একদিকে দেখি প্রত্যেকে একটি নির্দিষ্ট মাপ রাখিয়া ওজন রাখিয়া চলিতেছে। সেইখানেই সেই পরিমাণের সুষমার ভিতর দিয়া জানি ইহাদের ভেদের মধ্যেও একটি এক প্রকাশ পাইতেছে। সেই এক যতই পরিক্ষৃট এই সৈপ্রদল ততই সত্যা। বহু যখন এলোমেলো হইয়া ভিড় করিয়া পরস্পরকে ঠেলাঠেলি ও অবশেষে পরস্পরকে পায়ের ভলায় দলাদলি করিয়া চলে তখন বহুকেই দেখি, এককে দেখিতে পাই না, অর্ধাৎ তখন সীমাকেই দেখি ভূমাকে দেখি, না—অথচ এই ভূমার রূপই কল্যাণক্রপ, আনন্দক্রপ।

নিছক বহু কি জ্ঞানে কি প্রেমে কি কর্মে মাহ্বকে ক্লেল দেয়, ক্লান্ত করে,—এই জন্ত মাহ্যে আপনার সমস্ত জানার চাওয়ার পাওয়ার করার বহুর ভিতরকার এককে গ্রিজেছে নহিলে তার মন মানে না, তার ত্বথ থাকে না, তার প্রাণ বাঁচে না। মাহ্যে তার বিজ্ঞানে বহুর মধ্যে যখন এককে পার তখন নিরমকে পার, দর্শনে বহুর মধ্যে যখন এককে পার তখন করের মধ্যে যখন এককে পার তখন করের মধ্যে যখন এককে পার তখন সোন্দর্শকে পার, সমাজে বহুর মধ্যে যখন এককে পার তখন কল্যাণকে পার। এমনি করিয়া মাহ্যের বহুকে লাইয়া তপক্তা করিভেছে এককে পাইবার জন্ত।

এই গেল আমার ভূমিকা। ভার পরে, আমাদের শিল্প-শান্ত চিত্রকলা সম্বন্ধ কী বলিতেছে বৃবিদ্বা দেখা বাক।

সেই খাল্লে বলে, ছবির ছর অজ। রূপভেদ, প্রমাণ, ভাব, লাবণ্য, সাদৃশ্র ও বর্ণিকাভজ। "রপভেদা:"—ভেদ লইয়া শুরু। গোড়ায় বলিয়াছি ভেদেই রূপের সৃষ্টি। প্রথমেই রূপ আপনার বহু বৈচিত্র্য লইয়াই আমাদের চোধে পড়ে। তাই ছবির আরম্ভ হইল রূপের ভেদে—একের সীমা হুইতে আরের সীমার পার্থক্যে।

কিছ শুধু ভেদে কেবল বৈষমাই দেখা ষায়। তার সঙ্গে যদি স্বমাকে না দেখানো ষায় তবে চিত্রকলা তো ভূতের কীর্তন হইয়া উঠে। জগতের স্বষ্টকার্বে বৈষম্য এবং সৌষম্য রূপে রূপে একেবারে গায়ে গায়ে লাগিয়া আছে; আমাদের স্বষ্টকার্বে যদি তার সেটা অন্তথা ঘটে তবে সেটা স্বষ্টই হয় না, অনাস্কৃষ্টি হয়।

বাতাস যখন শুরু তখন তাহা আগাগোড়া এক হইয়া আছে। সেই এককে বীণার তার দিয়া আঘাত করো তাহা ভাঙিয়া বহু হইয়া যাইবে। এই বছর মধ্যে ধ্বনিগুলি যখন পরস্পর পরস্পরের ওজন মানিয়া চলে তখন তাহা সংগীত, তখনই একের সহিত অস্তের শুনিয়ত যোগ—তখনই সমস্ত বহু তাহার বৈচিত্রাের ভিতর দিয়া একই সংগীত প্রকাশ করে। ধ্বনি এখানে রূপ, এবং ধ্বনির শুষ্মা যাহা শুরু তাহাই প্রমাণ। ধ্বনির মধ্যে ভেদ, শুরের মধ্যে এক।

এইজন্ম শান্তে ছবির ছয় অঙ্গের গোড়াতে যেখানে "রপভেদ" আছে সেইখানেই তার সঙ্গে সঙ্গে "প্রমাণানি" অর্থাৎ পরিমাণ জিনিসটাকে একেবারে ষমক করিয়া সাজাইয়াছে। ইহাতে বৃবিতেছি ভেদ নইলে মিল হয় না এই জল্লই ভেদ, ভেদের জন্ম ভেদ নহে; সীমা নহিলে স্থানর হয় না এই জল্লই সীমা, নহিলে আপনাতেই সীমার সার্থকতা নাই, ছবিতে এই কথাটাই জানাইতে হইবে। রপটাকে তার পরিমাণে দাঁড় করানো চাই। কেননা আপনার সত্য মাপে যে চলিল অর্থাৎ চারিদিকের মাপের সঙ্গে য়ার খাপ খাইল সেই হইল স্থান । প্রমাণ মানে না ষেরপ সেই কুরপ, তাহা সমগ্রের বিরোধী।

রপের রাজ্যে যেমন জ্ঞানের রাজ্যেও তেমনি। প্রমাণ মানে না যে যুক্তি সেই তো
কুযুক্তি। অর্থাৎ সমস্তের মাপকাঠিতে ধার মাপে কমিবেলি ছইল, সমস্তের তুলাদণ্ডে
বার ওজনের গরমিল ছইল সেই তো মিধ্যা বলিয়া ধরা পড়িল। শুধু আপনার মধ্যেই
আপনি তো কেছ সত্য ছইতে পারে না, তাই যুক্তিশাল্পে প্রমাণ করার মানে অক্সকে দিয়া
এককে মাপা। তাই দেখি সত্য এবং স্থলরের একই ধর্ম। একদিকে ভাছা রূপের
বিশিষ্টতার চারিদিক ছইতে পৃথক ও আপনার মধ্যে বিচিত্র, আর-একদিকে ভাছা
প্রমাণের স্থমার চারিদিকের সঙ্গে ও আপনার মধ্যে সামগ্রক্তে মিলিত। তাই বারা
গভীর করিয়া বৃথিয়াছে ভারা বলিয়াছে সভাই স্থলর, স্থলরই সভ্য।

ছবির ছয় অন্দের গোড়ার কথা ইইল রূপভেদা: প্রমাণানি। কিন্তু এটা ভো ইইল বহিরণ-একটা অস্তরণও তো আছে।

ভাই শান্ত্র "রপভেদা: প্রমাণানি"তে ষড়ব্দের বহিরন্ধ সারিয়া অম্বর্রন্দের কথার বলিতেছেন—"ভাবলাবণা বোজনং"—চেহারার সঙ্গে ভাব ও লাবণা বোগ করিতে হইবে—চোবের কাজের উপরে মনের কাজ ফলাইতে হইবে; কেননা শুধু কার্ম্ব কাজেটা সামান্ত, চিত্র করা চাই—চিত্রের প্রধান কাজেই চিংকে দিয়া।

ভাব বলিতে কী ব্ঝায় তাহা আমাদের এক রকম সহজে জানা আছে। এই জয়ই তাহাকে ব্ঝাইবার চেষ্টার বাহা বলা হইবে তাহাই ব্ঝা শক্ত হইবে। ফটিক বেমন অনেকগুলা কোণ লইরা দানা বাঁধিয়া দাঁড়ায় তেমনি "ভাব" কণাটা অনেকগুলা অর্থকে মিলাইয়া দানা বাঁধিয়াছে। এ সকল কথার মুশকিল এই বে, ইহাদের সব অর্থ আমরা সকল সময়ে প্রাভাবে ব্যবহার করি না, দরকার মতো ইহাদের অর্থজ্ঞটাকে ভিন্ন পর্বাবে সাজাইয়া এবং কিছু কিছু বাদসাদ দিয়া নানা কাজে লাগাই। ভাব বলিতে feelings, ভাব বলিতে idea, ভাব বলিতে characteristics, ভাব বলিতে suggestion, এমন আরও কত কী আছে।

এখানে ভাব বলিতে বুঝাইতেছে অস্করের রূপ। আমার একটা ভাব তোমার একটা ভাব; সেইভাবে আমি আমার মতো, ভূমি তোমার মতো। রূপের ভেদ বেমন বাহিরের ভেদ, ভাবের ভেদ তেমনি অস্করের ভেদ।

রূপের ভেদ সম্বন্ধে যে কথা বলা হইরাছে ভাবের ভেদ সম্বন্ধেও সেই কথাই থাটে।
অর্থাং কেবল যদি তাহা এক-রোখা হইরা ভেদকেই প্রকাশ করিতে থাকে তবে তাহা
বীভংস হইরা উঠে। তাহা লইরা স্টি হর না, প্রলব্ধই হয়। ভাব বখন আপন সভ্য
ওজন মানে অর্থাং আপনার চারিদিককে মানে, বিশ্বকে মানে, তখনই তাহা মধ্র।
রূপের ওজন যেমন তাহার প্রমাণ, ভাবের ওজন তেমনি তাহার লাবণ্য।

কেছ যেন না মনে করেন ভাব কথাটা কেবল মাছবের সক্ষেই থাটে। মাছবের
মন অচেতন পদার্থের মধ্যেও একটা অস্করের পদার্থ দেখে। সেই পদার্থ টা সেই
অচেতনের মধ্যে বস্তুতই আছে কিংবা আমাদের মন সেটাকে সেইখানে আরোপ করে সে

ইল ভন্তলাল্লের তর্ব, আমার ভাহাতে প্রয়োজন নাই। এইটুকু মানিলেই হইল
ইঞ্জাবভাই মাছবের মন সকল জিনিসকেই মনের জ্বিনিস করিয়া লইতে চার।

छोष्टे ष्यामद्रा यथन এको इवि मिथि उथन এके श्राम कि कि इविद खायो। की ?

অর্থাৎ ইহাতে তো হাতের কাজের নৈপুণ্য দেখিলাম, চোধে দেখার বৈচিত্র্য দেখিলাম, কিছ ইহার মধ্যে চিত্তের কোন্ রূপ দেখা যাইতেছে—ইহার ভিতর হইতে মন মনের কাছে কোন্ লিপি পাঠাইতেছে ? দেখিলাম একটা গাছ—কিছ গাছ তো ঢের দেখিরাছি, এ গাছের অন্তরের কথাটা কী, অথবা যে আঁকিল গাছের মধ্য দিয়া তার অন্তরের কথাটা কী সেটা যদি না পাইলাম তবে গাছ আঁকিয়া লাভ কিসের ? অবক্ত উদ্ভিদ্তত্ত্বের বইয়ে যদি গাছের নম্না দিতে হয় তবে সে আলাদা কথা। কেননা সেখানে সেটা চিত্র নয় সেটা দৃষ্টাস্ত।

শুধু-রূপ শুধু-ভাব কেবল আমাদের গোচর হয় মাত্র। "আমাকে দেখো" "আমাকে জানো" তাহাদের দাবি এই পর্যন্ত। কিন্তু "আমাকে রাখো" এ দাবি করিতে হইলে আরও কিছু চাই। মনের আম-দরবারে আপন-আপন রূপ লইয়া ভাব লইয়া নানা জিনিস হাজির হয়, মন তাহাদের কাহাকেও বলে, "বসো," কাহাকেও বলে "আজ্ঞা যাও"।

যাহারা আর্টিস্ট তাহাদের লক্ষ্য এই যে, তাহাদের স্বস্ট পদার্থ মনের দরবারে নিত্য আসন পাইবে। যে সব গুণীর স্বষ্টিতে রূপ আপনার প্রমাণে, ভাব আপনার লাবণ্যে, প্রতিষ্ঠিত হইয়া আসিয়াছে তাহারাই ক্লাসিক হইয়াছে, তাহারাই নিত্য হইয়াছে।

অতএব চিত্রকলার ওন্তাদের ওন্তাদি, রূপে ও ভাবে তেমন নয়, যেমন প্রমাণে ও লাবণা। এই সত্য-ওজনের আন্দান্ধটি প্রিগত বিভার পাইবার জ্বো নাই। ইহাতে বাভাবিক প্রতিভার দরকার। দৈহিক ওক্ষনবাধটি স্বাভাবিক হইয়া উঠিলে তবেই চলা সহজ্ব হয়। তবেই নৃতন নৃতন বাধায়, পথের নৃতন নৃতন আঁকেবাঁকে আমরা দেহের গতিটাকে অনায়াসে বাহিরের অবস্থার সঙ্গে ভানে লবে মিলাইয়া চলিতে পারি। এই ওজনবাধ একেবারে ভিতরের জিনিস যদি না হয় তবে রেলগাড়ির মতো একই বাধা রাস্তায় কলের টানে চলিতে হয়, এক ইঞ্চি ভাইনে বায়ের হেলিলেই সর্বনাশ। তেমনি রূপ ও ভাবের সম্বন্ধে যার ওজনবাধ অস্তরের জিনিস সে "নব-নবায়েরকালিনী বৃদ্ধি"র পথে কলাস্প্রতিক চালাইতে পারে। যার সে বোধ নাই সে ভয়ে ভরে একই বাধা রাস্তায় ঠিক এক লাইনে চলিয়া প'টো হইয়া কারিগর হইয়া ওঠে, সে সীমার সজে সীমার নৃতন সম্বন্ধ জ্বমাইতে পারে না। এই জয়া নৃতন সম্বন্ধমান্তকে সে বাবের মতো দেখে।

যাহা হউক এডক্ষণ ছবির বড়ক্ষের আমরা ছটি অঙ্গ দেখিলাম, বহিরন্ধ ও অগুরন্ধ। এইবার পঞ্চম অংশ বাহির ও ভিতর বে-কোঠার এক হইরা মিলিয়াছে ভাহার কথা আলোচনা করা যাক। সেটার নাম "সাদৃশ্যং"। নকল করিয়া যে সাদৃশ্য জেলে এডক্ষণে সেই কথাটা আসিয়া পড়িল এমন যদি কেছ মনে করেন ভবে শাস্ত্রবাক্য ভাঁহার

পক্ষে বৃথা হইল। ষোড়াগোক্ষকে যোড়াগোক্ষ করিয়া আঁকিবার জন্ত রেপা প্রমাণ ভাব লাবণাের এত বড়ো উদ্যোগপর্ব ক্ষেন ? ভাছা হইলে এমন কথাও কেছ মনে করিতে পারেন উত্তর-গােগৃছে গােক্ষ-চুরি কাত্তের জন্তুই উদ্যোগ পর্ব, কুক্ষক্ষেত্রযুদ্ধের জন্ত নহে।

সাদৃশ্যের তৃইটা দিক আছে। একটা, রূপের সঙ্গে রূপের সাদৃশ্য ; আর-একটা ভাবের সঙ্গে রূপের সাদৃশ্য। একটা বাহিরের, একটা ভিতরের। তৃটাই দরকার। কিঁছ সাদৃশ্যকে মুখ্যভাবে বাহিরের বলিয়া ধরিয়া লইলে চলিবে না।

यथनहे दिया ७ श्रमार्गद कथा ছाफ़ारेया जान नानर्गद कथा भाफ़ा रहेयारह जयनरे বোঝা গিয়াছে গুণীর মনে যে ছবিটি আছে সে প্রধানত রেখার ছবি নহে ভাষা রসের ছবি। তাহার মধ্যে এমন একটি অনির্বচনীয়তা আছে বাহা প্রকৃতিতে নাই। অস্তরের সেই অমৃতরসের ভাবচ্ছবিকে বাহিরে দৃশ্বমান করিতে পারিলে তবেই রসের সহিত রূপের সাদৃশ্র পাওয়া যায়, তবেই অম্বরের সহিত বাহিরের মিল হয়। অদৃশ্র তবেই দুশ্রে আপনার প্রতিরূপ দেশ্বে। নানারকম চিত্রবিচিত্র করা গেল, নৈপুণাের অস্ত রহিল না, কিন্ধ ভিতরের রসের ছবির সঙ্গে বাহিরের রূপের ছবির সাদৃশ্য রহিল না ; রেখাভেদ ও প্রমাণের সঙ্গে ভাব ও লাবণ্যের জ্বোড় মিলিল না ;—হয়তো রেখার দিকে ক্রটি রছিল নয়তো ভাবের দিকে—পরম্পর পরম্পরের সদৃশ হইল না। বরও আসিল কনেও আসিল, कि ख च छ जारा मिनात्व मन वार्ष हरेगा तिन। मिहोन्नमिजद खनाः, वाहिद्वद लाक হয়তো পেট ভরিয়া সন্দেশ খাইয়া খুব জয়ধ্বনি করিল কিন্তু অস্তরের খবর যে জানে সে ব্ৰিল সব মাটি হইয়াছে! চোধ-ভোলানো চাতুরীতেই বেশি লোক মজে, কিন্তু, ব্লপের সঙ্গে রসের সাদৃষ্ণবোধ ধার আছে, চোধের আড়ে ভাকাইলেই ষে-লোক বৃঝিতে পারে রসটি রূপের মধ্যে ঠিক আপনার চেছারা পাইয়াছে কিনা, সেই তো রসিক। বাতাস ষেমন স্থাবির কিরণকে চারিদিকে ছড়াইয়া দিবার কাজ করে তেমনি গুণীর সৃষ্ট কলাসেন্দির্থকে লোকালয়ের সর্বত্ত ছড়াইয়া দিবার ভার এই রসিকের উপর। কেন্না यद्र मीग्ररछ। সর্বত্র এবং সকল কালেই মাত্র্য এই মধ্যস্থকে মানে! ইছারা ভাবলোকের वारद्य कर्छ।—এवा नानामिक इहेर्ड नाना डिलक्टिव होका लाव - म होका वह कतियां वाशियात जन्म नरह ;--- नः नादा नाना कात्रयादा नाना लाक होका शाहाहरू हात्र, जाशास्त्र निष्मत्र मृत्रथन यर्षहे नाहे- এই यादात्र निष्म जाशास्त्र काल यह।

धमिन कवित्रा सत्पद्ध एक धमार्थ वीथा পिएन, कार्यव रवन नावर्था मः ये इहेन, जार्यव मान्य मान्य भरोब छेनव प्रमण्ड हहेन किछ व वाहिरव भूवाभूवि मिन हहेना लिन - अहे एक मय हिका। हहात भव पाव बाकि वहिन की १

কিন্ত আমাদের শিল্পশাস্ত্রের বচন এখনও বে ফুরাইল না। স্বরং প্রোপদীকে সে ছাড়াইরা গেল। পাঁচ পার হইরা যে ছয়ে আসিয়া ঠেকিল সেটা বর্ণিকাভজ্থ--রঙের ভজিমা।

এইখানে বিষ্ম খটকা লাগিল। আমার পাশে এক গুণী বসিয়া আছেন তাঁরই কাছ হইতে এই শ্লোকটি পাইয়াছি। তাঁহাকে জিজ্ঞাসা করিলাম, রূপ, অর্ধাৎ রেখার কারবার যেটা বড়লের গোড়াভেই আছে আর এই রঙের ভঙ্গি যেটা তার সকলের শেষে স্থান পাইল চিত্রকলার এ মুটোর প্রাধান্ত তুলনার কার কত ?

তিনি বলিলেন, বলা শক্ত।

তাঁর পক্ষে শক্ত বই কি ? ছটির পরেই ষে তাঁর অন্তরের টান, এমন স্থলে নিরাসক্ত মনে বিচার করিতে বসা তাঁর দ্বারা চলিবে না। আমি অব্যবসায়ী, অতএব বাহির হইতে ঠাহর করিয়া দেখা আমার পক্ষে সহজ।

রং আর রেখা এই তুই লইয়াই পৃথিবীর সকল রূপ আমাদের. চোখে পড়ে। ইছার মধ্যে রেখাটাতেই রূপের সীমা টানিয়া দেয়। এই সীমার নির্দেশই ছবির প্রধান জিনিস। অনির্দিষ্টতা গানে আছে, গজে আছে কিন্তু ছবিতে থাকিতে পারে না।

এই জন্মই কেবল রেখাপাতের দ্বারা ছবি হইতে পারে কিন্তু কেবল বর্ণপাতের দ্বারা ছবি হইতে পারে না। বর্ণ টা রেখার আমুষ্টিক।

সাদার উপরে কালোর দাগ এই হইল ছবির গোড়া। আমরা স্টিতে যাহা চোখে দেখিতেছি তাহা অসীম আলোকের সাদার উপরকার সসীম-দাগ। এই দাগটা আলোর বিক্লম তাই আলোর উপরে ফ্টিয়া উঠে। আলোর উলটা কালো, আলোর বৃক্লের উপরে ইহার বিহার।

কালো আপনাকে আপনি দেখাইতে পারে না। স্বয়ং সে শুরু অক্ষকার, দোরাতের কালির মতো। সাদার উপর যেই সে দাগ কাটে অমনি সেই মিলনে সে দেখা দের। সাদা আলোকের পটটি বৈচিত্রাহীন ও স্থির, তার উপরে কালো রেখাটি বিচিত্রনৃত্যে ছন্দে ছন্দে ছবি হইয়া উঠিতেছে। শুল্র ও নিজক অসীম রক্ষতগিরিনিভ, তারই বুকের উপর কালীর পদক্ষেপ চফল হইয়া সীমার সীমার রেখার রেখার ছবির পরে ছবির ছাপ মারিতেছে। কালীরেখার সেই নৃত্যের ছন্দটি লইয়া চিত্রকলার রূপভেদাঃ প্রমাণানি। নৃত্যের বিচিত্র বিক্ষেপগুলি রূপের ভেদ, আর তার ছন্দের ভালটিই প্রমাণ।

আলো আর কালো অর্থাৎ আলো আর না-আলোর কর ব্রাই একান্ত। রংগুলি ভারই মাঝখানে মধ্যস্থতা করে। ইহারা বেন বীণার আলাপের মীড়—এই মীড়ের দারা সূর যেন স্থরের অভীতকে পর্বারে পর্বারে ইশারার দেখাইরা দের—ভানিতে ভানিতে শুর আপনাকে অভিক্রম করিয়া চলে। তেমনি রঙ্গের ভলি দিয়া রেশা আপনাকে অভিক্রম করে; রেখা বেন অরেখার দিকে আপন ইশারা চালাইতে থাকে। রেখা জিনিসটা শুনিদিই,—আর রং জিনিসটা নির্দিষ্ট অনির্দিষ্টের সেতু, তাহা সাদা কালোর মাঝানকার নানা টানের মাড়। সীমার বাধনে বাধা কালো রেখার তারটাকে সাদা বেন খুব তীত্র করিয়া আপনার দিকে টানিভেছে, কালো ভাই কড়ি হইতে অভিক্রেমলের ভিতর দিয়া রঙে রঙে অসীমকে স্পর্ল করিয়া চলিয়াছে। ভাই বলিভেছি রং জিনিসটা রেখা এবং অরেখার মাঝানের সমস্ত ভলি। রেখা ও অরেখার মিলনে বে ছবির স্থাষ্ট সেই ছবিতে এই মধ্যন্থের প্রয়োজন। অরেখ সাদার বৃক্রের উপর বেখানে রেখা-কালীর নৃত্য সেখানে এই রংগুলি বৈগিনী। শাল্রে ইহাদের নাম সকলের শেবে থাকিলেও ইহাদের কাল্ব নেহাত কম নয়।

পূর্বেই বলিয়াছি সাদার উপর শুধু-রেখার ছবি হয়, কিন্তু সাদার উপর শুধু-রঙে ছবি হয় না। তার কারণ রং জিনিসটা মধ্যস্থ—তুই পক্ষের মাঝধানে ছাড়া কোনো স্বতম্ব আয়গায় তার অর্থ ই থাকে না।

এই গেল বৰ্ণিকাভল।

এই ছবির ছম্ব অব্দের সব্দে কবিতার কিব্রুপ মিল আছে তাহা দেখাইলেই কথাটা বোঝা হয়তো সহজ্ব হইবে।

ছবির সুল উপাদান যেমন রেখা তেমনি কবিতার সুল উপাদান হইল বাণী। সৈক্ষদলের চালের মতো সেই বাণীর চালে একটা ওজন একটা প্রমাণ আছে—তাহাই ছন্দ। এই বাণী ও বাণীর প্রমাণ বাহিরের অঞ্চ, ডিডরের অঞ্চ ভাব ও মাধুর্য।

এই বাহিরের সঙ্গে ভিতরকে মিলাইতে হুইবে। বাহিরের কথাগুলি ভিতরের ভাবের সদৃশ হওয়া চাই; ভাহা হুইলেই সমস্তটার মিলিয়া কবির কাব্য কবির কল্পনার সাদৃশু লাভ করিবে।

বহি:সাদৃশ্র, অর্থাৎ রূপের সন্ধে রূপের সাদৃশ্য, অর্থাৎ বেটাকে দেখা যায় সেইটাকে ঠিকঠাক করিয়া বর্ণনা করা কবিতার প্রধান জিনিস নহে। তাহা কবিতায় লক্ষ্য নহে উপলক্ষ্য মাত্র। এইজন্ম বর্ণনামাত্রই যে-কবিতার পরিণাম, রসিকেরা তাঁহাকে উচ্দরের কবিতা বলিয়া গণ্য করেন না। বাহিরকে ভিতরের করিয়া দেখা ও ভিতরকে বাহিরের রূপে ব্যক্ত করা ইহাই কবিতা এবং সমস্ত আর্টেরই লক্ষ্য।

স্পৃতিত একেবারেই আপন পরিপূর্ণতা ছইতে স্থাষ্ট করিতেছেন তাঁর আর-কোনো উপসর্গ নাই। কিন্তু বাছিরের স্থাষ্ট মান্তবের ভিজরের তারে ঘা দিয়া যথন একটা মানস পদার্থকে জন্ম দেয়, যথন একটা রসের স্থায় বাজার তথনই সে জার থাকিতে পারে না, বাহিরে সৃষ্ট হইবার কামনা করে। ইহাই মামুষের সকল সৃষ্টির গোড়ার কথা। এই জন্মই মামুষের সৃষ্টিতে ভিতর বাহিরের ঘাত প্রতিঘাত। এই জন্ম মামুষের সৃষ্টিতে বাহিরের জগতের আধিপত্য আছে। কিন্তু একাধিপত্য যদি থাকে, যদি প্রকৃতির ধামা-ধরা হওরাই কোনো আর্টিস্টের কাজ হয় তবে তার দ্বারা স্পষ্টিই হয় না। শরীর বাহিরের থাবার থায় বটে কিন্তু তাহাকে অবিকৃত বমন করিবে বলিয়া নয়। কিন্তুের মৃধ্যে তাহার বিকার জন্মাইয়া তাহাকে নিজের করিয়া লইবে বলিয়া। তথন সেই খাত একদিকে রসরক্তরণে বাহ্ আকার, আর-এক দিকে শক্তি স্বাস্থ্য সোন্দর্থরণে আন্তর আকার ধারণ করে। ইহাই শরীরের সৃষ্টিকার্য। মনের স্পষ্টিকার্যও এমনিতরো। তাহা বাহিরের বিশ্বকে বিকারের দ্বারা যথন আপনার করিয়া লয় তথন সেই মানস পদার্থটা একদিকে বাক্য রেখা স্বর প্রভৃতি বাহ্ আকার, অন্তদিকে সোন্দর্থ শক্তি প্রভৃতি আন্তর আকার ধারণ করে। ইহাই মনের সৃষ্টি—ষাহা দেখিলাম অবিকল তাহাই দেখানো সৃষ্টি নহে।

তারপরে, ছবিতে যেমন বর্ণিকাভক্ষং কবিতার তেমনি ব্যক্তনা (suggestive-ness)। এই ব্যক্তনার দ্বারা কথা আপনার অর্থকে পার হইয়া যায়। যাহা বলে তার চেয়ে বেশি বলে। এই ব্যক্তনা ব্যক্ত ও অব্যক্তর মাঝখানকার মীড়। কবির কাব্যে এই ব্যক্তনা বাণীর নির্দিষ্ট অর্থের দ্বারা নহে, বাণীর অনির্দিষ্ট ভক্তির দ্বারা, অর্থাৎ বাণীর রেখার দ্বারা নহে, তাহার রঙের দ্বারা স্পষ্ট হয়।

আসল কথা, সকল প্রকৃত আর্টেই একটা বাহিরের উপকরণ, আর একটা চিত্তের উপকরণ থাকা চাই—অর্থাৎ একটা রূপে আর একটা ভাব। সেই উপকরণকে সংখমের ঘারা বাঁধিয়া গড়িতে হয়; বাহিরের বাঁধন প্রমাণ, ভিতরের বাঁধন লাবণ্য। তার পরে সেই ভিতর বাহিরের উপকরণকে মিলাইতে হইবে কিসের জ্বন্ত ? সাদৃশ্বের জ্বন্ত । কিসের সঙ্গে সাদৃশ্ব ? না, ধাানরপের সঙ্গে কর্মপের সঙ্গে সাদৃশ্ব। বাহিরের ক্রপের সঙ্গে সাদৃশ্বই বিদ মুখ্য লক্ষ্য হয় তবে ভাব ও লাবণ্য কেবল যে অনাবশ্বক হয় তাহা নহে, তাহা বিরুদ্ধ হইয়া দাঁড়ায়। এই সাদৃশ্বটিকে ব্যঞ্জনার রঙে য়ঙ্কাইতে পারিলে সোনায় সোহাগা—কারণ তথন তাহা সাদৃশ্বের চেয়ের বড়ো হইয়া ওঠে,—ভখন তাহা কতটা যে বলিতেছে তাহা স্বয়ং রচয়িতাও জানে না—ভখন স্পষ্টকর্তার স্পৃষ্ট তাহার সংকল্পকেও ছাড়াইয়া যায়।

অতএব, দেখা যাইতেছে ছবির যে ছয় জ্বন্ধ, সমস্ত আর্টের অর্থাৎ আনন্দরূপেরই ভাই।

দোনার কাঠি

রূপকথার আছে, রাক্ষসের জাহুতে রাজকন্তা ঘূমিরে আছেন। যে পুরীতে আছেন সে সোনার পুরী, যে পালছে গুরেছেন সে সোনার পালছ; সোনা মানিকের অলংকারে তার গা ভরা। কিন্তু কড়াক্কড় পাহারা, পাছে কোনো অ্যোগে বাহিরের থেকে কেউ এসে তার ঘুম ভাঙিয়ে দেয়। তাতে দোষ কী? দোষ এই যে, চেতনার অধিকার যে বড়ো। সচেতনকে যদি বলা যায় তুমি কেবল এইটুকুর মধ্যেই চিরকাল থাকবে, তার এক পা বাইরে যাবে না,তাহলে তার চৈতন্তকে অপমান করা হয়। ঘুম পাড়িয়ে রাখার অবিধা এই যে তাতে দেহের প্রাণটা টি কে থাকে কিন্তু মনের বেগটা হয় একেবারে বন্ধ হয়ে যার, নয় সে অভূত স্বপ্লের প্রহীন ও লক্ষ্যহীন অন্ধলোকে বিচরণ করে।

আমাদের দেখের গীতিকলার দশাটা এই রকম। সে মোহ-রাক্ষসের হাতে পড়ে বছকাল থেকে ঘুমিয়ে আছে। যে বরটুকু যে পালস্কটুকুর মধ্যে এই সুন্দরীর স্থিতি তার ঐশর্ষের সীমা নেই; চারিদিকে কাক্ষকার্য, সে কত স্ক্র কত বিচিত্র! সেই চেড়ির দল, যাদের নাম ওস্তাদি, তাদের চোখে ঘুম নেই; তারা শত শত বছর ধরে সমস্ত আসা যাওয়ার পথ আগলে বসে আছে, পাছে বাহির থেকে কোনো আগস্তুক এসে ঘুম ভাঙিয়ে দেয়।

ভাতে ফল হয়েছে এই যে, যে কালটা চলছে রাজকন্যা তার গলায় মালা দিতে পারেনি, প্রতিদিনের নৃতন নৃতন ব্যবহারে তার কোনো যোগ নেই। সে আপনার সৌন্ধের মধ্যে বন্দী, ঐশ্বর্ষের মধ্যে অচল।

কিছ তার যত ঐশর্ষ যত সৌন্দর্যই থাক তার গতিশক্তি যদি না থাকে তাহলে চলতি কাল তার ভার বহন করতে রাজি হয় না। একদিন দীর্ঘনিশাস ফেলে পালছের উপর অচলাকে শুইয়ে রেখে সে আপন পথে চলে যায়—তথন কালের সঙ্গে কলার বিচ্ছেদ ঘটে। তাতে কালেরও দারিন্দ্রা, কলারও বৈকল্য।

আমরা স্পষ্টই দেখতে পাচ্ছি আমাদের দেশে গান জিনিসটা চলছে না। ওন্তাদরা বলছেন, গান জিনিসটা ডো চলবার জন্তে হয় নি, সে বৈঠকে বসে পাকবে তোমরা এসে সমের কাছে পুব জােরে মাথা নেড়ে বাবে; কিন্তু মুশকিল এই বে, আমাদের বৈঠকথানার য়গ চলে গেছে, এখন আমরা ষেখানে একটু বিশ্রাম করতে পাই সে মুসাফিরখানার। যা কিছু ছির হয়ে আছে তার থাতিরে আমরা ছির হয়ে পাকতে পারব না। আমরা যে নদী বেয়ে চলছি সে নদী চলছে, যদি নোকোটা না চলে ভবে পুর দামি নোকো হলেও তাকে ত্যাগ করে যেতে হবে।

সংসারে স্থাবর অস্থাবর দুই জাতের মান্ত্র আছে জতএব বর্তমান জবস্থাটা ভালো কি মন্দ তা নিম্নে মতভেদ থাকবেই। কিন্তু মত নিম্নে করব কী? যেখানে একদিন ভাঙা ছিল সেখানে আজ যদি জল হয়েই থাকে তবে সেখানকার পক্ষে দামি চৌবুড়ির চেম্নে কলার ভেলাটাও যে ভালো।

পঞ্চাল বছর আগে একদিন ছিল যখন বড়ো বড়ো গাইরে বাজিয়ে দ্রদেল থেকে কলকাড়া লহরে আসত। ধনীদের ঘরে মঞ্জলিস বসত, ঠিক সমে মাথা নড়তে পারে এমন মাথা গুনতিতে নেহাত কম ছিল না। এখন আমাদের লহরে বক্তৃতাসভার অভাব নেই, কিন্তু গানের মঞ্জলিস বন্ধ হয়ে গেছে। সমস্ত তানমানলয় সমেত বৈঠকি গান পুরোপুরি বরদান্ত করতে পারে এত বড়ো মজবুত লোক এখনকার যুবকদের মধ্যে প্রায় দেখাই যায় না।

চর্চা নেই বলে জ্বাব দিলে আমি শুনব না। মন নেই বলেই চর্চা নেই। আকবরের রাজত্ব গেছে এ কথা আমাদের মানতেই হবে। খুব ভালো রাজত্ব, কিন্তু কী করা যাবে—সে নেই। অথচ গানেতেই যে সে রাজত্ব বহাল থাকবে একথা বললে অস্থায় হবে। আমি বলছিনে আকবরের আমলের গান লুপ্ত হরে যাবে—কিন্তু এখনকার কালের সঙ্গে যোগ রেখে তাকে টিকতে হবে—সে যে বর্তমান কালের মুখ বন্ধ করে দিয়ে নিজেরই পুনরাবৃত্তিকে অস্তহান করে তুলবে তা হতেই পারবে না।

সাহিত্যের দিক থেকে উদাহরণ দিলে আমার কথাটা স্পষ্ট হবে। আজ পর্যন্ত আমাদের সাহিত্যে যদি কবিকরণ চণ্ডী, ধর্মমঙ্গল, অমদামঙ্গল, মনসার ভাসানের পুনরাবৃত্তি নিয়ত চলতে পাকত তাহলে কী হত? পনেরো আনা লোক সাহিত্য পড়া ছেড়েই দিত। বাংলার সকল গল্পই যদি বাসবদন্তা কাদম্বীর ছাঁচে ঢালা হত তাহলে জাতে ঠেলার ভয় দেখিয়ে সে গল্প পড়াতে হত।

কবিকশ্বণ চণ্ডী কাদ্মরীর আমি নিন্দা করছিনে। সাহিত্যের শোভাষাত্রার মধ্যে চিরকালই তাদের একটা স্থান আছে কিন্তু ষাত্রাপণ্ডের সমস্তটা ভূড়ে তারাই যদি আজা করে বসে, তাহলে সে পথটাই মাটি, আর তাদের আসরে কেবল তাকিয়া পড়ে থাকবে, মাহুষ পাকবে না।

বহিম আনলেন গাতসমূদ্রপারের রাজপুত্রকে আমাদের গাহিত্য রাজকন্তার পালছের শিরবে। তিনি যেমনি ঠেকালেন সোনার কাঠি, অমনি সেই বিজয়-বসস্ত লয়লামজন্ত্র ছাতির দাতে বাধানো পালছের উপর রাজকন্তা নড়ে উঠলেন। চলতিকালের সজে তাঁর মালা বদল হয়ে গেল, তার পর থেকে তাঁকে আজ ঠেকিয়ে রাধে কে ?

वावा मञ्जारक्त रहरत कोमीम्बरक वर्षा करत्र मार्न जाता वमरव अहे त्रांकशूखिं।

य विषयी। जाना এখন वरण, এ সমস্ত है जूरना; वच्छ विष किছू बारक छा रम छहे किवक है है है कि जाना अपासित थाँ है मान। जारम क्यों है मिन में जारम क्यों है मिन में जारम क्यों है मिन में जारम क्यों है कि मिन के विषय क्यों कि वच्छ अरक मास्य निक्ष करन ना, मास्य जारम है होने वो वच्छ हरन वाक रम्फिन करने ना का का क्यों एक मिन करने, या जारम मिन व्याप रमन हरने, या जारम मिन व्याप रमन हरने करने हैं कि व्याप रमन हरने हैं कि व्याप रमन है कि व्याप रमन हरने हैं कि व्याप रमन है कि व्याप रमन है

বিদেশের সোনার কাঠি যে জিনিসকে মৃক্তি দিয়েছে সে তো বিদেশী নর—সে যে আমাদের আপন প্রাণ। তার ফল হয়েছে এই যে, যে বাংলাভাষাকে ও সাহিত্যকে একদিন আধুনিকের দল ছুঁতে চাইত না এখন তাকে নিয়ে সকলেই ব্যবহার করছে ও গৌরব কয়ছে। অবচ যদি ঠাহর কয়ে দেখি তবে দেখতে পাব গজে পজে সকল জায়গাতেই সাহিত্যের চালচলন সাবেক কালের সঙ্গে সম্পূর্ণ বদরে গেছে। যায়া তাকে জাতিচ্যুত বলে নিন্দা করেন ব্যবহার কয়বার বেলা তাকে তাঁরা বর্জন কয়তে পারেন না।

সমুদ্রপারের রাজপুত্র এসে মান্থবের মনকে সোনার কাঠি ছুঁইবে জাগিরে দের এটা তার ইতিছাসে চিরদিন ঘটে আসছে। আপনার পূর্ব শক্তি পাবার জন্তে বৈষ্দ্রের আঘাতের অপেক্ষা তাকে করতেই হয়। কোনো সভ্যতাই একা আপনাকে আপনি সৃষ্টি করেনি। গ্রীসের সভ্যতার গোড়ার অন্ত সভ্যতা ছিল এবং গ্রীস বরাবর ইজিল্ট ও এশিরা থেকে ধারা থেরে এসেছে। ভারতবর্ষে প্রাবিড় মনের সঙ্গে আর্য সংঘাত ও প্রমিলন ভারতসভ্যতা সৃষ্টির মূল উপকরণ, তার উপরে গ্রীস রোম পারশ্র তাকে কেবলই নাড়া দিয়েছে। যুরোপীয় সভ্যতায় যে সব যুগকে পুনর্জন্মের যুগ বলে সে সমস্তই অন্ত দেশ ও অন্ত কালের সংঘাতের যুগ। মান্থবের মন বাহির হতে নাড়া পেলে তবে আপনার অন্তর্রকে সত্যভাবে লাভ করে এবং তার পরিচর পাওয়া যায় যথন দেখি সে আপনার বাহিরের জীর্থ বেড়াগুলোকে ভেঙে আপনার অধিকার বিস্তারক একদল লোক দোষ দেয়, বলে ওতে আমরা নিজেকে হারালুম—ভারা জানে না নিজেকে ছাড়িরে যাওয়া।

সম্প্রতি আমাদের দেখে চিত্রকলার যে নবজীবন লাভের লক্ষণ দেখছি তার মৃলেও সেই সাগরপারের রাজপুত্রের সোনার কাঠি আছে। কাঠি ছোঁওয়ার প্রথম অবস্থায় ঘূমের ঘোরটা যখন সম্পূর্ণ কাটে না, তখন আমরা নিজের দক্তি পুরোপুরি অস্কুতব করিনে, তখন অমুক্রণটাই যড়ো হয়ে ওঠে, কিছু ঘোর কেটে গেলেই আমরা নিজের জোরে চলতে পারি। সেই নিজের জোরে চলার একটা লক্ষণ এই যে তখন আমরা পরের প্রেও নিজের শক্তিতে চলতে পারি। পথ নারা; অভিপ্রারটি আমার, শক্তিটি আমার। যদি পথের বৈচিত্রা ক্লম করি, যদি একই বাঁধা পথ থাকে, ভাতলে অভিপ্রায়ের স্বাধীনতা থাকে না—ভাতলে কলের চাকার মতো চলতে হয়। সেই কলের চাকার পথটাকে চাকার স্বকীয় পথ বলে গোরব করার মতো অভুত প্রহসন আর জগতে নেই।

আমাদের সাহিত্যে চিত্রে সম্ত্রপারের রাজপুত্র এসে পৌছেছে। কিন্তু সংগীতে পৌছোরনি। সেই জন্মেই আজও সংগীত জাগতে দেরি করছে। অবচ আমাদের জীবন জেগে উঠেছে। সেই জন্মে সংগীতের বেড়া টলমল করছে। এ কবা বলতে পারব না, আধুনিকের দল গান একেবারে বর্জন করেছে। কিন্তু তারা বে গান ব্যবহার করেছে, বে গানে আনন্দ পাছেছে সে গান আড-ব্যোয়ানো গান। তার ভবাভন্ধ বিচার নেই। কীর্তনে বাউলে বৈঠকে মিলিয়ে বে জিনিস আজ তৈরি হয়ে উঠছে সে আচার-লেই। তাকে ওল্ডাদের দল নিন্দা করছে। তার মধ্যে নিন্দানীয়তা নিন্দরই অনেক আছে। কিন্তু অনিন্দানীয়তাই যে সব চেয়ে বড়ো গুণ তা নয়। প্রাণশক্তি শিবের মডো অনেক বিষ হজম করে কেলে। লোকের ভালো লাগছে, সবাই ভনতে চাছে, ভনতে গিয়ে ঘুমিয়ে পড়ছে না,—এটা কম কবা নয়। অর্থাৎ গানের পঙ্গুতা ঘুচল, চলতে গুরু করল। প্রথম চালটা সর্বাক্ষম্পের নয়, তার অনেক ভিন্ন হাস্কর এবং কুত্রী—কিন্তু সব চেয়ে আশার কবা যে, চলতে গুরু করেছে— সে বাঁধন মানছে না। প্রাণের সঙ্গে সম্বন্ধই যে তার সব চেয়ে বড়ো সম্বন্ধ, প্রবার সঙ্গে সম্বন্ধটো নয়, এই কবাটা এখন-কার এই গানের গোলমেলে হাওয়ার মধ্যে বেজে উঠেছে। ওন্তাদের কারদানিওে আর তাকে বেধি রাখতে পারবে না।

বিজেঞ্জলালের গানের প্ররের মধ্যে ইংরেজি প্ররের স্পর্ল লেগেছে বলে কেউ কেউ তাকে হিন্দুগংগীত থেকে বহিছত করতে চান। বদি বিজেঞ্জলাল হিন্দুগংগীতে বিদেশী সোনার কাঠি ছুঁইরে থাকেন তবে সরস্বতী নিশ্চয়ই তাঁকে আশীর্বাদ করবেন। হিঁ তুসংগীত বলে বদি কোনো পদার্থ থাকে তবে সে আপনার জাত বাঁচিরে চলুক; কারণ তার প্রাণ নেই, তার জাতই আছে। হিন্দুসংগীতের কোনো ভর নেই—বিদেশের সংশ্রাবে সে আপনাকে বড়ো করেই পাবে। চিন্তের সঙ্গে চিন্তের সংবাত আজ লেগেছে—সেই সংবাতে সত্য উজ্জল হবে না, নইই হবে, এমন আশহা বে ভীক্ল করে, বে মনে করে সত্যকে সে নিজের মাতামহীর জার্ণ কাঁথা আড়াল করে বিরে রাখলে তবেই সভ্য টি কে থাকবে, আজকের দিনে সে যত আক্ষালনই কক্ষক তাকে পথ ছেড়ে দিয়ে চলে যেতে হবে। কারণ, সত্য হিঁত্র সত্য নয়, পল্তেয় করে ফোঁটা ফোঁটা পু বির বিধান থাইয়ে তাকে বাঁচিরে রাখতে হয় না : চারদিক থেকে মাছবের নাড়া থেলেই সে আপনার শক্তিকে প্রকাশ করতে পারে।

কুপণতা

দেশের কাজে যারা টাকা সংগ্রন্থ করিয়া ক্রিডেছেন জাঁদের কেন্থ কেন্ত আছেপ করিতেছিলেন যে, টাকা কেন্ত সহজে দিতে চান্থেন না এমন কি, বাঁদের আছে এবং যারা দেশাসুরাগের আড়ম্বর করিতে ছাড়েন না, তাঁরাও।

ঘটনা তো এই কিন্তু কারণটা কী খুঁ জিয়া বাছির করা চাই। রেলগাড়ির পর্লা দোসরা শ্রেণীর কামরার দরজা বাছিরের দিকে টানিয়া খুলিতে গিয়া বে ব্যক্তি হয়রান হইয়াছে তাকে এটা দেখাইয়া দেওয়া ঘাইতে পারে বে, দরজা হয় বাছিরের দিকে খোলে, নয় ভিতরের দিকে। ছই দিকেই সমান খোলে এমন দরজা বিরল।

আমাদের দেশে ধনের দরজাটা বছকাল হইতে এমন করিয়া বানানো বে, সে ভিতরের দিকের ধাজাতেই খোলে। আজ তাকে বাহিরের দিকে টান দিবার দরকার হইয়াছে কিছু দরকারের থাতিরে কলকজা তো একেবারে একদিনেই বদল করা যায় না। সামাজিক মিগ্রিটা বুড়ো, কানে কম শোনে, ভাকে ভাগিদ দিভে গেলেই গরম হইয়া ওঠে।

মাছবের শক্তির মধ্যে একটা বাড়তির ভাগ আছে। সেই শক্তি মাছবের নিজের প্রয়োজনের চেয়ে বেশি। জন্তুর শক্তি পরিমিত বলিয়াই তারা কিছু সৃষ্টি করে না, মাছযের শক্তি পরিমিতের বেশি বলিয়াই তারা সেই বাড়তির ভাগ লইয়া আপনার সভাতা সৃষ্টি করিতে থাকে।

কোনো একটি দেশের সম্বন্ধ বিচার করিতে হইলে এই কথাটি ভাবিয়া দেখিতে হইবে যে, সেখানে মাহ্ম আপন বাড়তি অংশ দিয়া কী সৃষ্টি করিয়াছে, অর্থাৎ জাতির ঐশ্বর্ম আপন বসতির জন্ম কোন্ ইমারত বানাইয়া তুলিতেছে ?

ইংলতে দেখিতে পাই সেখানকার মান্ত্র নিজের প্রয়োজনটুকু সারিয়া বহু যুগ ছইতে ব্যয় করিয়া আসিতেছে রাষ্ট্রনৈতিক স্বাতম্য গড়িয়া তুলিতে এবং তাকে জ্বাগাইয়া রাখিতে।

আমাদের দেশের শক্তির অভিরিক্ত অংশ আমরা পরচ করিরা আসিতেছি রাষ্ট্রভয়ের জন্ম নম, পরিবারতত্ত্বের জন্ম। আমাদের শিক্ষাদীকা ধর্মকর্ম এই পরিবারতন্তকে আশ্রয় করিয়া নিজেকে প্রকাশ করিতেছে।

आयारमय मिल अपन अपि अहारणांक हे । आहार यात्र अधिकाः न गायकी श्रिकित आने निविधारमय अपन यात्र कविए ना हम। अरमणावित्र क्रांप ७ जनमारन आयारमय ভদ্ধ যুবকদের চোধের গোড়ার কালি পড়িল, মুখ ফ্যাকালে হইরা গেল, কিসের জন্ম ? নিজের প্রয়োজনটুকুর জন্ম ভো নর। বাপ মা রুদ্ধ, ভাইকটিকে পড়াইতে হইবে, ছটি বোনের বিবাহ বাকি, বিধবা বোন তার মেরে সইয়া তাদের বাড়িতেই থাকে, আর আর যুত জনাথ জপোগতের দল আছে জন্ম কোথাও তাদের জাজীর বলিয়া স্বীকার করেই না।

শংকীন, ব্যবসাবৃদ্ধির কোনো চর্চাই হয় নাই। কাঁথের জ্বোর কমিল, বোঝার ভার বাড়িল, এই বোঝা দেশের একপ্রান্ধ হইতে জন্মপ্রান্ধ পর্বস্ক। চাপ এত বেলি যে, নিজের বাড়ের কথাটা ছাড়া জার কোনো কথায় পুরা মন দিতে পারা যায় না। উল্পৃত্তি করি, লাধিঝাটা খাই, কন্সার পিতার গলায় ছুরি দিই, নিজেকে সকল রকমে হীন করিয়া সংসারের দাবি মেটাই।

রেলে ইন্টিমারে যখন দেশের সামগ্রীকে দূরে ছড়াইয়া দিত না, বাহিরের পৃথিবীর সঙ্গে আমদানি রপ্তানি একপ্রকার বন্ধ ছিল আমাদের সমাজের ব্যবস্থা তখনকার দিনের। তখন ছিল বাঁধের ভিতরকার বিধি। এখন বাঁধ ভাঙিয়াছে, বিধি ভাঙে নাই।

সমাজের দাবি তথন ফলাও ছিল। সে দাবি যে কেবল পরিবারের বৃহৎ পরিধির
ঘারা প্রকাশ পাইত তাহা নহে—পরিবারের ক্রিয়াকর্মেও তার দাবি কম ছিল না।
সেই সমস্ত ক্রিয়াকর্ম পালপার্বণ আত্মীয় প্রতিবেশী অনাহূত রবাহূত সকলকে লইয়া।
তথন জিনিসপত্র সন্তা, চালচলন সাদা, এই জন্ম ওজন ঘেখানে কম আয়তন সেখানে
বেশি হইলে অসহ্ হইত না।

এদিকে সময় বদলাইয়াছে কিন্তু সমাজের দাবি আজও থাটো হয় নাই। তাই জন্মযুত্যবিবাহ প্রভৃতি সকল বকম পারিবারিক ঘটনাই সমাজের লোকের পক্ষে বিষম ঘর্ভাবনার কারণ হইল। এর উপর নিত্যনৈমিতিকের নানাপ্রকার বোঝা চাপানোই রহিয়াছে।

এমন উপদেশ দিয়া থাকি পূর্বের মতো সাদাচালে চলিতেই বা দোষ কী? কিছু
মানবচরিত্র শুধু উপদেশে চলে না,—এ তো ব্যোমধান নর ধে উপদেশের গ্যাসে তার
পেট ভরিয়া দিলেই সে উধাও হইরা চলিবে। দেশকালের টান বিষম টান। যথন
দেশে কালে অসন্তোবের উপাদান আর ছিল, তথন সন্তোষ মাহ্যবের সহজ্ঞ ছিল। আজকাল আমাদের আর্থিক অবস্থার চেরে ঐশর্বের দৃষ্টান্ত অনেক বেলি বড়ো হইরাছে।
ঠিক ঘেন এমন একটা জমিতে আসিরা পড়িরাছি বেখানে আমাদের পারের জোরের

চেয়ে জমির ঢাল অনেক বেনি,— দেবানে স্থির দাড়াইয়া বাকা শক্ত, অবচ চলিতে পেলে স্থান্থভাবে চলার চেয়ে পড়িয়া মরার সম্ভাবনাই বেনি।

বিশ্বপৃথিবীর ঐশর্য ছাতা জুতা থেকে আরম্ভ কুরিয়া গাড়ি বাড়ি পর্যন্ত নানা জিনিবে নানা মৃতিতে আমাদের চোথের উপরে আসিয়া পড়িয়াছে, - দেশের ছেলেবুড়ো সকলের মনে আকাজ্ঞাকে প্রতিমৃহুর্তে বাড়াইয়া ভুলিতেছে। সকলেই আপন সাধ্যমতো সেই আকাজ্ঞার অন্থায়ী আয়োজন করিতেছে। ক্রিয়াকর্ম য়া কিছু কয়ি না কেন সেই সর্বজনীন আকাজ্ঞার সঙ্গে তাল রাথিয়া করিতে হইবে। লোক ডাকিয়া খাওয়াইব কিন্তু পঞ্চাল বছর আগেকার রসনাটা এখন নাই একথা ভুলিবার জ্ঞা কী!

বিগাতে প্রত্যেক মাছুবের উপর এই চাপ নাই। যতক্ষণ বিবাহ না করে ততক্ষণ সে বাধীন, বিবাহ করিলেও তার ভার আমাদের চেরে অনেক কম। কাব্দেই তার শক্তির উদ্ভ অংশ অনেকথানি নিজের হাতে থাকে। সেটা অনেকে নিজের ভোগে লাগার সন্দেহ নাই। কিন্ধ মাহ্ম যে-হেতুক মাহ্ম এই জন্তু সে নিজেকে নিজের মধ্যেই নিংশেষ করিতে পারে না। পরের জন্তু ধরচ করা ভার ধর্ম। নিজের বাড়তি শক্তি যে অন্তকে না দেয়, সেই শক্তি দিয়া সে নিজেকে নই করে, সে পেটুকের মতো আহাপের দারাই আপনাকে সংহার করে। এমনতরো আত্মহাতকগুলো পর্মাল হইয়া বাকি যারা থাকে ভাদের লইয়াই সমাজ। বিলাতে সেই সমাজে সাধারণের দায় বহন করে, আমাদের দেশে পরিবারের দায়।

এদিকে নৃত্ন শিক্ষার আমাদের মনের মধ্যে এমন এক া কর্তব্যবৃদ্ধি জাগিরা উঠিতেছে বেটা একালের জিনিস। লোকছিতের ক্ষেত্র আমাদের মনের কাছে আজ্ব দূরব্যাপী—দেশবাধ বলিয়া একটা বড়ো রকমের বোধ আমাদের মনে জাগিরাছে। কাজেই বল্লা কিংবা ছর্ভিক্ষে লোকসাধারণ যখন আমাদের ঘারে আসিয়া দাঁড়ার তখন খালিছাতে তাকে বিদার করা আমাদের পক্ষে কঠিন। কিন্তু কূল রাখাই আমাদের বরাবরের অভ্যাস, শ্রাম রাখিতে গেলে বাধে। নিজের সংসারের জন্তু টাকা আনা, টাকা জমানো, টাকা খরচ করা আমাদের মজ্জাগত; সেটাকে বজায় রাখিয়া বাছিরের বড়ো দাবিকে মানা ছংসাধ্য। মোমবাভির ছই মুখেই শিখা জালানো চলে না। বাছুর বে গাজীর ছ্ব পেট ভরিয়া থাইয়া বসে সে গাজী গোয়ালার ভাঁড় ভরতি করিতে পারে না :—বিশেষত তার চরিয়া থাবার মাঠ বদি প্রায় লোপ পাইয়া থাকে।

পূর্বেই বলিয়াছি, আমাদের আধিক অবস্থার চেরে আমাদের ঐশর্বের দৃষ্টাম্ভ বড়ো হইয়াছে। তার ফল হইয়াছে জীবনবাত্তাটা আমাদের পক্ষে প্রায় মরণবাত্তা হইয়া উঠিয়াছে। নিজের সমলে ভত্রতারক্ষা করিবার শক্তি অল্ললোকের আছে, অনেকে ভিক্ষা করে, অনেকে ধার করে, ছাতে কিছু জমাইতে পারে এমন ছাত তো প্রায় দেখি না। এই জন্ম এখনকার কালের ভোগের আদর্শ আমাদের পক্ষে তৃঃখভোগের আদর্শ।

ঠিক এই কারণেই ন্তনকালের ত্যাগের আদর্শটা আমাদের শক্তিকে বছদ্রে ছাড়াইয়া গেছে। কেননা. আমাদের ব্যবস্থাটা পারিবারিক, আমাদের আদর্শটা সার্বজ্ঞনান। ক্রমাগতই ধার করিয়া ভিক্ষা করিয়া এই আদর্শটাকে ঠেলাঠেলি করিয়া চালাইবার চেষ্টা চলিতেছে। যেটাকে আদর্শ বলিয়া গণ্য করিয়াছি সেটাকে ভালো করিয়া পালন করিতে অক্ষম হওয়াই চারিত্রনৈতিক হিসাবে দেউলে হওয়া। তাই, ভোগের দিক দিয়া যেমন আমাদের দেউলে অবস্থা ত্যাগের দিক দিয়াও তাই। এই জ্ঞাই টালা তুলিতে, বড়োলোকের স্থতি রক্ষা করিতে, বড়ো ব্যবসা খুলিতে, লোক-হিতকর প্রতিষ্ঠান স্থাপন করিতে গিয়া নিজেকে ধিক্কার দিতেছি ও বাহিরের লোকের কাছে নিন্দা সহিতেছি।

আমাদের জন্মভূমি স্কলা স্ফলা, চাষ করিয়া ফসল পাইতে কট নাই। এই জন্মই এমন এক সময় ছিল, ষথন ক্ষমিশূলক সমাজে পরিবারবৃদ্ধিকে লোকবলবৃদ্ধি বলিয়া গণ্য করিত। কিন্তু এমনজরো বৃহৎ পরিবারকে একত্র করিতে হইলে তাহার বিধিবিধানের বাধন পাকা হওয়া চাই, এবং কর্তাকে নির্বিচারে না মানিয়া চলিলে চলে না। এই কারণে এমন সমাজে জন্মিবামাত্র বাধা নিয়মে জড়িত হইতে হয়। দানধ্যান পুণ্যকর্ম প্রভৃতি সমন্তই নিয়মে বন্ধ; যারা ঘনিষ্ঠভাবে একত্র পাকিবে তাদের মধ্যে যাতে কর্তব্যের আদর্শের বিরোধ না ঘটে, অর্থাৎ নিজে চিন্তা না করিয়া যাতে একজন ঠিক অক্যজনের মতোই চোধ বৃজ্যা চলিতে পারে সেই ভাবের যন্ত বিধিবিধান।

প্রকৃতির প্রশ্রের বেধানে কম, বেধানে মাহ্নবের প্রয়োজন বেশি অথন ধরণীর দাক্ষিণ্য বেশি নয় সেবানে বৃহৎ পরিবার মাহ্নবের বলর্জি করে না, ভারবৃদ্ধিই করে। চাবের উপলক্ষ্যে মাহ্নবেক বেধানে এক জায়গায় হির হইয়া বসিতে হয় সেইধানেই মাহ্নবের ঘনিষ্ঠতার সম্বন্ধ চারিদিকে অনেক ভালপালা ছড়াইবার জায়গা এবং সময় পায়। য়ায়া লুঠপাট করে, পশু চরাইয়া বেড়ায়, দ্র-দেশ হইতে অয় সংগ্রহ করে তারা ষভটা পারে ভারম্ক হইয়া থাকে। তারা বাধা-নিয়মের মধ্যে আটকা পড়ে না; তারা নৃত্র নৃত্র হয়োহসিকতার মধ্যে ছটিয়া গিয়া নৃত্র নৃত্র কাজের নিয়ম আপন বৃদ্ধিতে উদ্ভাবিত করে। এই চিরকালের অভ্যাস ইহাদের রক্তমজ্লার মধ্যে আছে বলিয়াই সমাজ-বন্ধনের মধ্যেও ব্যক্তির স্বাধীনতা যভ কম ধর্ব হয় ইহারা কেবলই তার চেষ্টা করিতে থাকে। য়াজা থাক কিছে কিসে রাজার ভার না থাকে এই ইহাদের সাধনা, ধন আছে

- কিন্তু কিসে ভাছা দরিভের বুকের উপর চাপিরা না বসে এই ভপস্তার ভারা আজও নিবৃত্ত হয় নাই।

এমনি করিয়া ব্যক্তি বেখানে মুক্ত সেধানে তার আরও মুক্ত, তার ব্যরও মুক্ত। সেধানে যদি কোনো জাতি দেশছিত বা লোকছিত ব্রত গ্রহণ করে তবে তার বাধা নাই। সেধানে সমস্ত মামুষ আপনাদের ইতিহাসকে আপনাদের শক্তিভেই গড়িয়া তুলিতেছে, বাহিরের ঠেলা বা বিধাতার মারকে তারা শিরোধার্য করিয়া লইভেছে না। পুঁথি তাহাদের বৃদ্ধিকে চাপা দিবার যত চেষ্টা করে তারা ততই তাহা কাটিয়া বাহির হইতে চায়। জ্ঞান ধর্ম ও শক্তিকে কেবলই স্থাধীন অর্থাৎ বিশ্বব্যাপী করিবার প্রশ্নাসই তাদের ইতিহাস।

আর পরিবারতন্ত্র জাতির ইতিহাস বাধনের পর বাধনকে স্বীকার করিয়া লওয়া।

যতবারই মৃক্তির লক্ষণ দেখা দেয় ততবারই নৃতন শৃঞ্জলকে স্বষ্টি করা বা প্রাতন
শৃঞ্জলকে আটিয়া দেওয়াই তার জাতীয় সাধনা। আজ পর্যন্ত ইতিহাসের সেই প্রক্রিয়া
চলিতেছে। নীতিধর্মকর্ম সম্বন্ধে আমরা আমাদের ক্রন্তিম ও সংকীর্ণ বাধন কাটিবার জন্ম

যেই একবার করিয়া সচেতন হইয়া উঠি অমনি আমাদের অভিভাবক আমাদের বাপদাদার আফিমের কোটা হইতে আফিমের বড়ি বাহির করিয়া আমাদের থাওয়াইয়া দেয়,
ভার পরে আবার সনাতন স্বপ্লের পালা।

যাই হ'ক, বরের মধ্যে বাঁধনকে আমরা মানি। সেই পবিত্র বাঁধন-দেবতার পূজা ববাসর্বয় দিয়া জোগাইয়া থাকি এবং তার কাছে কেবলই নরবলি দিয়া আসিতেছি। এমন অবস্থায় দেশছিত সম্বন্ধ আমাদের রূপণতাকে পশ্চিম দেশের আদর্শ অস্থ্যারে বিচার করিবার সময় আসে নাই। সর্বদেশের সঙ্গে অবাধ যোগবশত দেশে একটা আর্থিক পরিবর্তন ঘটতেছে এবং সেই যোগবশতই আমাদের আইভিয়ালেরও পরিবর্তন ঘটতেছে। যতদিন পর্বন্ধ এই পরিবর্তন পরিণতি লাভ করিয়া সমস্ত সমাজকে আপন মাপে গড়িয়া না লয় ততদিন দোটানায় পড়িয়া পদে পদে আমাদিগকে নানা ব্যর্থতা ভোগ করিতে হইবে। ততদিন এমন কথা প্রায়ই শুনিতে হইবে, আমরা মুধে বলি এক, কাজে করি আর, আমাদের যতকিছু ভাগে সে কেবল বক্তৃতার বচনত্যাগ। কিছু আমরা যে স্বভাবতই ভাগে কূপণ এত বড়ো কলছ আমাদের প্রতি আরোপ করিবার বেলায় এই কথাটা ভাবিয়া দেখা উচিত যে, পরিবারের প্রতি দায়িত্ব রক্ষা করিতে গিয়া এই বৃহৎ দেশের প্রায় প্রত্যেক লোক প্রায় প্রভাছ যে ছংসহ ভাগে শীকার করিতেছে জগতে কোথাও তার তুলনা নাই।

নৃতন আদর্শ লইয়া আমরা বে কী পর্যন্ত টানাটানিতে পড়িয়াছি তার একটা প্রমাণ ১৮-৬৭ এই ষে, আমাদের দেশের একদল শিক্ষক আমাদের সর্যাসী ছইতে বলিভেছেন। গৃছের বদ্ধন আমাদের সমস্ত বৃদ্ধিকে ও শক্তিকে এমন করিয়া পরাছত করিয়া রাখে যে, হিতএত সত্যভাবে গ্রহণ করিতে হইলে সে বন্ধন একেবারে ছেদন করিতে হইবে এ কণা না বিলিয়া উপায় নাই। বর্তমান কালের আদর্শ আমাদের যে-সব যুবকদের মনে আগুন জালাইয়া দিয়াছে তারা দেখিতে পাই সেই আগুনে স্বভাবতই আপন পারিবারিক দারিত্বন্ধন জালাইয়া দিয়াছে।

এমন করিয়া যারা মৃক্ত হইল ভারা দেখের ত্ব:খ দাবিদ্রা মোচন করিতে চলিয়াছে কোন্ পথে ? ভারা ত্ব:খের সমৃত্রকে রাটং কাগজ দিয়া শুষিয়া লইবার কাজে লাগিয়াছে বলিয়া মনে হয়। আজকাল "সেবা" কথাটাকে খুব বড়ো অক্ষরে লিখিতেছি ও সেবকের তক্মাটাকে খুব উজ্জল করিয়া গিলটি করিলাম।

কিন্ত ফুটা কলস ক্রমাগতই কত ভরতি করিব ? কেবলমাক্র সেবা করিয়া চাঁদা দিয়া দেশের ছঃখ দ্ব হইবে কেমন করিয়া ? দেশে বর্তমান দারিদ্রোর মূল কোথায়, কোথায় এমন ছিদ্র যেখান দিয়া সমস্ত সঞ্চয় গলিয়া পড়িতেছে, আমাদের রক্তের মধ্যে কোথায় সেই নিরুগ্নমের বিষ যাতে আমরা কোনোমতেই আপনাকে বাঁচাইয়া তুলিতে উৎসাহ পাই না সেটা ভাবিয়া দেখা এবং সেইখানে প্রতিকার-চেষ্টা আমাদের প্রধান কাজ।

অনেকে মনে করেন দারিদ্রা জিনিসটা কোনো একটা ব্যবস্থার দোষে বা অভাবে ঘটে। কেহ বলেন যৌথ কারবার চলিলে দেশে টাকা আপনিই গড়াইয়া আসিবে, কেহ বলেন ব্যবসায়ে সমবায়-প্রণালীই দেশে তৃ:খ-নিবারণের একমাত্র উপায়। যেন এই রক্ষের কোনো-না-কোনো একটা পাঁচা আছে যা লক্ষীকে আপনিই উড়াইয়া আনে।

যুরোপে আমাদের নজির আছে। সেধানে ধনী কেমন করিয়া ধনী হইল, নির্ধন কেমন করিয়া নির্ধনতার সঙ্গে দল বাধিয়া লড়াই করিতেছে সে আমরা জানি। সেই উপায়গুলিই যে আমাদেরও উপায় এই কথাটা সহজেই মনে আসে।

কিন্তু আসল কণাটাই আমরা ভূলি। ঐশর্ষ বা দারিন্ত্রের মূলটা উপায়ের মধ্যে নয়, আমাদের মানসপ্রকৃতির মধ্যে। হাতটা যদি তৈরি হয় তবে হাতিরারটা জোগানো শক্ত হয় না। যারা একটা বিশেষ উদ্দেশ্যকে মনের মধ্যে চিস্তা করিয়া মিলিতে পায়ে তারা বভাবতই বাণিজ্যেও মেলে অন্ত সমন্ত প্রয়োজনের কাজেও মেলে। যায়া কেবল-মাত্র প্রথার বন্ধনে তাল পাকাইয়া মিলিয়া থাকে, যাহাদিগকে মিলনের প্রণালী নিজেকে উদ্ভাবন করিতে হয় না, কতকগুলো নিয়মকে চোথ বৃজিয়া মানিয়া যাইতে হয় ভারা কোনোদিন কোনো অভিপ্রায় মনে লইয়া নিজের সাধনায় মিলিতে পায়ে না। বেখানে

তাদের বাপদাদার শাসন নাই সেধানে তারা কেবলই ভূল করে, অক্সায় করে, বিবাদ করে,—সেধানে তাদের ঈর্ধা, তাদের লোভ, তাদের অবিবেচনা। তাদের নিষ্ঠা পিতামহের প্রতি; উদ্দেশ্যের প্রতি নয়। কেননা চিরদিন ধারা মৃক্ত তারা উদ্দেশ্তকে মানে, ধারা মৃক্ত নর তারা অভ্যাসকে মানে।

এই কারণেই পরিবারের বাছিরে কোনো বড়ো রকমের যোগ আমাদের প্রকৃতির ভিতর দিয়া আজও সম্পূর্ব সভা হইয়া ওঠে নাই। অবচ এই পারিবারিক যোগটুকুর উপর ভর দিয়া আজিকার দিনের পৃথিবীতে আমাদের প্রাণরক্ষা বা মানরক্ষা প্রায় অসম্ভব। আমরা নদীতে গ্রামের ঘাটে ঘাটে যে নোকা বাছিয়া এডদিন আরামে কাটাইরা দিলাম, এখন সেই নোকা সমৃত্যে আসিয়া পড়িল। আজ এই নোকাটাই আমাদের পরম বিপদ।

নৌকাট। ষেধানে তেউষের ঘারে সর্বদাই টলমল করিতেছে সেধানে আমাদের স্বভাবের ভীক্ষতা ঘূচিবে কেমন করিরা? প্রতি কথার প্রতি হাওয়ার যে আমাদের বৃক ত্রত্র করিয়া ওঠে। আমরা নৃতন নৃতন পরে নৃতন পরীক্ষার চলিব কোন্ভরসার?

সকলের চেরে সর্বনাশ এই ষে, এই বছযুগসঞ্চিত ভীক্ষতা আমাদিগকে মুক্তভাবে চিম্ভা করিতে দিতেছে না। এই কথাই বলিতেছে তোমাদের বাপদাদা চিম্ভা করেন নাই, মানিয়া চলিয়াছেন, দোহাই ভোমাদের, ভোমরাও চিম্ভা করিয়ো না, মানিয়া চলো।

তারপরে সেই মানিয়া চলিতে চলিতে ত্বংখে দারিদ্রো অজ্ঞানে অস্বাস্থ্যে যথন ঘর বোঝাই হইয়া উঠিল তখন দেবাধর্মই প্রচার কর আর চাঁদার খাতাই বাহির কর মরণ হইতে কেহ বাঁচাইতে পারিবে না।

2055

আ্যাত

শকৃতে শকৃতে বে ভেদ সে কেবল বর্ণের ভেদ নহে, বৃত্তিরও ভেদ বটে। মাঝে মাঝে বর্ণসংকর দেখা দেয়—লৈড়ার পিছল ছটা প্রাবণের মেবস্থূপে নীল হইরা উঠে, কাস্তুনের ভাষলভার বৃদ্ধ পৌষ আপনার পীত রেখা পুনরায় চালাইবার চেষ্টা করে। কিন্তু প্রকৃতির ধর্মরাজ্যে এ সমন্ত বিপর্বর টে কে না।

গ্রীমতে ব্রাহ্মণ বলা ঘাইতে পারে। সমস্ত রসবাহল্য দমন করিয়া, জ্ঞাল মারিয়া ডলক্ষার আঞ্জন জ্ঞালিয়া সে নিবৃত্তিমার্গের মন্ত্রসাধন করে। সাবিত্রী মন্ত্র জ্ঞাল করিতে করিতে কখনো বা সে নিশাস ধারণ করিয়া রাখে, তথন শুমটে গাছের পাতা নড়েনা; আবার বখন সে রুদ্ধ নিশাস ছাড়িয়া দের তখন পৃথিবী কাঁপিয়া উঠে। ইহার আহারের আয়োজনটা প্রধানত কলাহার।

বর্বাকে ক্ষত্রির বলিলে দোষ হয় না। তাহার নকিব আগে আগে শুরুগুরু শব্দে দামামা বাজাইন্ডে বাজাইতে আসে,—মেদের পাগড়ি পরিয়া পশ্চাতে সে নিজে আসিয়া দেখা দেয়। অল্পে তাহার সজোষ নাই। দিখিজর করাই তাহার কাজ। লড়াই করিয়া সমস্ত আকাশটা দখল করিয়া সে দিক্চক্রবর্তী হইয়া বসে। তমালতালী-বনরাজ্বির নীলতম প্রাস্ত হইতে তাহার রবের ঘর্ষরধনি শোনা যায়, তাহার বাঁকা তলোয়ারখানা ক্ষণে ক্ষণে কোষ হইতে বাহির হইয়া দিগ্রক্ষ বিদীর্ণ করিতে থাকে, আর তাহার তৃণ হইতে বক্ষণ-বাণ আর নিঃশেষ হইতে চায় না। এদিকে তাহার পাদপীঠের উপর সব্জ কিংখাবের আন্তরণ বিছানো, মাধার উপরে ঘনপরবর্তামল চন্তাতপে সোনার কদম্বের ঝালর ঝুলিতেছে, আর বন্দিনী পূর্বদিয়্য পালে দাঁড়াইয়া অক্ষনমনে তাহাকে কেতকীগদ্ধবারিসিক্ত পাখা বীজন করিবার সময় আপন বিদ্যায়ণিজড়িত কম্বণখানি ঝলকিয়া তুলিতেছে।

আর শীতটা বৈশ্ব। তাহার পাকা ধান কাটাই-মাড়াইয়ের আয়োজনে চারিটি প্রহর ব্যস্ত, কলাই ষব ছোলার প্রচুর আশ্বাসে ধরণীর ডালা পরিপূর্ব। প্রাশ্বনে গোলা ভরিয়া উঠিয়ছে, গোঠে গোকর পাল রোমন্ব করিতেছে, ঘাটে ঘাটে নোক। বোঝাই হইল, পথে পথে ভারে মন্বর হইয়া গাড়ি চলিয়াছে; আর ঘরে ঘরে নবার এবং পিঠাপার্বণের উদ্যোগে টেকিশালা ম্থরিত।

এই তিনটেই প্রধান বর্ণ। আর দুর যদি বল সে দরং ও বসস্ক। একজন
শীতের, আর একজন গ্রীমের তলপি বহিয়া আনে। মাসুষের সঙ্গে এইখানে প্রকৃতির
তক্ষাত। প্রকৃতির ব্যবস্থার যেখানে সেবা সেবানেই সোল্মর্থ, যেখানে নম্রতা সেইখানেই
গৌরব। তাহার সভায় দুরু বে, সে ক্রুর নহে, ভার যে বহন করে সমস্ত আভরণ
তাহারই। তাই তো দরতের নীল পাগড়ির উপরে সোনার কলকা বসস্কের স্থান্দ পীত উত্তরীয়খানি কুলকাটা। ইহারা বে-পাত্বকা পরিয়া ধরণী-পথে বিচরণ করে
তাহা রং-বেরঙের স্কেশিয়ে ব্টিদার; ইহাদের অক্সন্দে কুগুলে অল্ম্বীরে জহরতের
সীমা নাই।

এই তো পাঁচটার হিসাব পাওয়া গেল। লোকে কিন্তু ছয়টা ঋতুর কথাই বলিয়া থাকে। ওটা নেহাত জোড় মিলাইবার জন্ম। তাহারা জ্ঞানে না বেজোড় লইয়াই প্রকৃতির যত বাহার। ৩৬৫ দিনকে তুই দিয়া ভাগ করো—৩৯ পর্যন্ত বেল মেলে কিন্তু সব-শেষের ওই ছোট্রো পাঁচ-টি কিছুতেই বাগ মানিতে চার না। তুইরে হুইরে মিল হুইরা গেলে সে মিল থামিরা বার, অলস হুইরা পড়ে। এই জল্প কোণা হুইতে একটা তিন আসিরা সেটাকে নাড়া দিরা ভাহার বত রকম সংগীত সমস্তটা বাজাইরা ভোলে। বিশ্বসভার অমিল-শর্মভানটা এই কাজ করিবার জল্গুই আছে,—সে মিলের স্বর্গপুরীকে কোনোমতেই ঘুমাইয়া পড়িতে দিবে না;—সেই ভো নৃত্যপরা উর্বশীর নৃপুরে ক্ষণে ক্ষণে ভাল কাটাইয়া দের সেই বেভালটি সামলাইবার সময়েই স্বরসভার ভালের রস উৎস উচ্ছেসিত হুইয়া উঠে।

ছয় ঋতু গণনার একটা কারণ আছে। বৈশ্বকে তিন বর্ণের মধ্যে সব নীচে ফেলিলেও উহারই পরিমাণ বেশি। সমাজের নীচের বড়ো ভিত্তি ওই বৈশ্ব। একদিক দিয়া দেবিতে গেলে সংবংসরের প্রধান বিভাগ শরং হইতে শীত। বংসরের পূর্ণ পরিণতি ওইখানে। ফসলের গোপন আরোজন সকল-ঋতুতেই কিন্তু ফসলের প্রকাশ হয় ওই সময়েই। এই জন্ম বংসরের এই ভাগটাকে মাত্র্য বিস্তারিত করিয়া দেখে। এই জাংশেই বাল্য যৌবন বার্ধক্যের তিন মৃতিতে বংসরের সকলতা মাত্র্যের কাছে প্রত্যক্ষ হয়। শরতে তাহা চোধ জুড়াইয়া নবীন বেশে দেখা দের, হেমজে ভাহা মাঠ ভরিয়া প্রবীণ শোভায় পাকে, আর শীতে ভাহা ঘর ভরিয়া পরিণত রূপে সঞ্চিত হয়।

শরং ছেমন্ত-শীতকে মাত্রয় এক বলিয়া ধরিতে পারিত কিন্তু আপনার লাভটাকে সে থাকে-থাকে ভাগ করিয়া দেখিতে ভালোবাসে। তাহার স্পৃহনীয় জিনিস একটি হইলেও সেটাকে অনেকধানি করিয়া নাড়াচাড়া করাতেই স্থব। একখানা নোটে কেবলমাত্র স্থবিধা, কিন্তু সারিবন্দি ভোড়ায় ষথার্থ মনের ভৃপ্তি। এই জন্ম ঋতুর ষে অংশে তাহার লাভ সেই অংশে মাত্র্য ভাগ বাড়াইয়াছে। শরং-হেমন্ত-শীতে মাত্র্যের স্পালের ভাণ্ডার, সেইজন্ম সেধানে তাহার তিন মহল; ওইথানে তাহার গৃহলন্দ্রী। আর বেধানে আছেন বনলন্দ্রী সেধানে তাহার তিন মহল; ওইথানে তাহার ফলের ভাণ্ডার, বনভোজনের বাবন্ধা। ফান্তনে বোল ধরিল, জ্যৈষ্ঠে ভাহা পাকিয়া উঠিল। বসস্তে আন গ্রহণ, আর গ্রীম্মে স্থাদ গ্রহণ।

শত্র মধ্যে বর্ষাই কেবল একা একমাত্র। ভাছার জুড়ি নাই। গ্রীমের সলে ভাছার মিল হর না;—গ্রীম দরিস্র, সে ধনী। শরতের সলেও ভাছার মিল হইবার কোনো সম্ভাবনা নাই। কেননা শর্থ ভাছারই সমস্ত সম্পত্তি নিলাম করাইয়া নিজের নদীনালা মাঠঘাটে বেনামি করিয়া রাখিয়াছে। •বে গুণী সে কুভজ্ঞ নছে।

मासूत्र वर्षात्क थ्र कविद्या त्रत्थ नारे ; त्कनना वर्षा-अकूठी मासूत्यव जःजाववावस्थाव

সঙ্গে কোনোদিক দিয়া জড়াইয়া পড়ে নাই। তাহার দাক্ষিণাের উপর সমন্ত বছরের কল-কসল নির্ভির করে কিন্তু সে ধনী তেমন নয় যে নিজের দানের কথাটা রটনা করিয়া দিবে। শরতের মতাে মাঠে ঘাটে পত্রে পত্রে সে আপনার বদাক্তা ঘাষণা করে না। প্রত্যক্ষতাবে দেনা-পাওনার সম্পর্ক নাই বলিয়া মান্ত্র্য কলাকাজ্জা তাাগ করিয়া বর্ধার সঙ্গে ব্যবহার করিয়া থাকে। বস্তুত বর্ধার যা-কিছু প্রধান কল তাহা গ্রীম্মেরই কলাহার ভাগ্রারের উদ্বৃত্ত।

এই জন্ম বর্ধা-ঋতুটা বিশেষভাবে কবির ঋতু। কেননা কবি গীতার উপদেশকে ছাড়াইয়া গেছে। তাহার কর্মেও অধিকার নাই; কলেও অধিকার নাই। ভাহার কেবলমাত্র অধিকার ছুটিতে; —কর্ম হইতে ছুটি, ফল হইতে ছুটি।

বর্বা ঋতুটাতে ফলের চেষ্টা আল এবং বর্বার সমস্ত ব্যবস্থা কর্মের প্রতিকৃল। এই জন্ম বর্বায় হাদয়টা ছাড়া পায়। ব্যাকরণে হাদয় যে লিম্বই হউক, আমাদের প্রকৃতির মধ্যে সে যে শ্রীজাতীয় তাহাতে সন্দেহ নাই। এই জন্ম কাজ-কর্মের আপিসে বা লাভ লোকসানের বাজারে সে আপনার পালকির বাহির হইতে পারে না। সেখানে সে পর্দা-নশিন।

বাব্রা যখন পূজার ছুটিতে আপনাদের কাজের সংসার হইতে দ্রে পশ্চিমে হাওয়া থাইতে যান, তখন ঘরের বধ্র পর্দ। উঠিয়া যায়। বর্ষায় আমাদের হৃদয়-বধ্র পর্দা থাকে না। বাদলার কর্মহীন বেলায় সে যে কোথায় বাহির হইয়া পড়ে তাহাকে ধরিয়া রাখা দায় হয়। একদিন পয়লা আষাঢ়ে উজ্জ্বিনীর কবি তাহাকে রামগিরি হইতে অলকায়, মর্তা হইতে কৈলাস পর্যন্ত অনুসরণ করিয়াছেন।

বর্ষায় জদয়ের বাধা-বাবধান চলিয়া যায় বলিয়াই সে সময়টা বিয়হী বিয়হিণীয় পক্ষে বড়ো সহজ্ঞ সময় নয়। তথন জদয় আপনায় সমস্ত বেদনায় দাবি লইয়া সমূপে আসে। এদিক ওদিকে আপিসের পেয়াদা থাকিলে সে অনেকটা চুপ করিয়া থাকে কিন্তু এখন ভাহাকে থামাইয়া রাখে কে?

বিশ্বব্যাপারে মন্ত একটা ডিপার্টমেন্ট আছে, সেটা বিনা কাজের। সেটা পাব্লিক ওআর্কস ডিপার্টমেন্টের বিপরীত। সেখানে যে-সমন্ত কাগু ঘটে সে একেবারে বেহিসাবি। সরকারি হিসাবপরিদর্শক হতাশ হইয়া সেধানকার থাতাপত্র পরীক্ষা একেবারে ছাড়িয়া দিয়াছে। মনে করো, খামধা এত বড়ো আকাশটার আগালোড়া নীল ভুলি বৃলাইবার কোনো দরকার ছিল না—এই শব্দহীন খ্রুটাকে বর্ণহীন করিয়া য়াধিলে সে তো কোনো নালিশ চালাইত না। তাহার পরে, অরণো প্রাক্তরে লক্ষ লক্ষ খ্লা একবেলা ফুটিয়া আর-একবেলা ঝরিয়া ষাইডেছে, তাহাদের বোঁটা হইডে পাডার ডগা

পর্যন্ত এত যে কারিগরি সেই অঞ্জন্ত অপব্যয়ের অক্ত কাছারও কাছে কি কোনো অবাবদিছি নাই ? আমাদের শক্তির পক্ষে এ সমস্তই ছেলেখেলা, কোনো ব্যবহারে লাগে না ; আমাদের বৃদ্ধির পক্ষে এ সমস্তই মায়া, ইহার মধ্যে কোনো বাস্তবভা নাই।

আশুর্ব এই বে, এই নিপ্রবোজনের জায়গাটাই হাদরের জায়গা। এই জক্ত কলের চেয়ে ফুলেই তাহার তৃপ্তি। ফল কিছু কম স্থানর নয়, কিছু ফলের প্রয়োজনীয়তাটা এমন একটা জিনিস যাহা লোজীর ভিড় জমায়; বৃদ্ধি-বিবেচনা আসিয়া সেটা দাবি করে; সেই জন্ম ঘোমটা টানিয়া হাদয়কে সেখান হইতে একটু সরিয়া দাড়াইতে হয়। তাই দেখা যায় তামবর্ণ পাকা আমের ভারে গাছের ডালগুলি নত হইয়া পড়িলে বিরহিণীর রসনায় যে রসের উত্তেজনা উপস্থিত হয় সেটা সীতিকাব্যের বিষয় নহে। সেটা অভ্যস্ত বাস্তব, সেটার মধ্যে যে প্রয়োজন আছে তাহা টাকা-আনা-পাইয়ের মধ্যে বাধা যাইতে পারে।

বর্ধা-ঋতু নিশুয়েনর ঋতু। অর্থাৎ তাহার সংগীতে তাহার সমারোহে, তাহার অন্ধকারে তাহার দাপ্তিতে, তাহার চাঞ্চল্যে তাহার গাস্তার্থে তাহার সমস্ত প্রয়োজন কোপায় ঢাকা পড়িয়া গেছে। এই ঋতু ছুটির ঋতু। তাই ভারতবর্ষে বর্ষায় ছিল ছুটি—কেননা ভারতবর্ষে প্রকৃতির সঙ্গে মামুষের একটা বোঝাপড়া ছিল। ঋতুগুলি তাহার দ্বারের বাহিরে দাঁড়াইয়া দর্শন না পাইয়া ফিরিত না। তাহার হানরের মধ্যে ঋতুর অভ্যর্থনা চলিত।

ভারতবর্ধের প্রত্যেক ঋতুরই একটা না একটা উৎসব আছে। কিন্তু কোন ঋতু যে নিভান্ত বিনা-কারণে তাহার হদয় অধিকার করিয়াছে তাহা যদি দেখিতে চাও তবে সংগীতের মধ্যে সন্ধান করো। কেননা সংগীতেই হদরের ভিতরকার কথাটা ফাঁস হইয়া পড়ে।

বলিতে গেলে ঋতুর রাগরাগিণী কেবল বর্ষার আছে আর বসস্কের। সংগীত-শাল্পের মধ্যে সকল ঋতুরই অন্ধ কিছু কিছু স্থরের বরাদ থাকা সম্ভব—কিছু সেটা কেবল শাস্ত্রগত। ব্যবহারে দেখিতে পাই বসস্কের জন্ম আছে বসস্ক আর বাহার—আর বর্ষার অন্ধ মেঘার, দেশ, এবং আরও বিশ্বর। সংগীতের পাড়ায় ভোট লইলে বর্ষারই হয় জিত।

শরতে হেমস্কে ভরা-মাঠ ভরা-নদীভে মন নাচিয়া ওঠে; ভবন উৎসবেরও অস্ত নাই, কিন্তু রালিণীতে ভাহার প্রকাশ রহিল না কেন ? তাহার প্রধান কারণ, ওই ঋতুতে বাস্তব ব্যস্ত হইয়া আসিয়া মাঠঘাট জুড়িয়া বসেন। বাস্তবের সভার সংগীত মুজ্বা দিতে আসে না—বেধানে অধণ্ড অবকাশ সেধানেই সে সেলাম করিয়া বসিয়া যায়। যাহারা বস্তব কারবার করিয়া থাকে তাহারা যেটাকে অবস্ত ও শৃষ্ণ বলিয়া মনে করে সেটা কম জ্বিনিস নয়। লোকালরের হাটে ভূমি বিক্রি হয়, আকাশ বিক্রি হয় না। কিন্তু পৃথিবীর বস্তু-পিগুকে ঘেরিয়া যে বায়্মগুল আছে, জ্যোতিলোক হইতে আলোকের দ্ত সেই পথ দিয়াই আনাগোনা করে। পৃথিবীর সমস্ত লাবণ্য ওই বায়্-মগুলে। ওইখানেই তাহার জীবন। ভূমি প্রব, তাহা ভারি, তাহার একটা হিসাব পাওয়া যায়। কিন্তু বায়্মগুলে যে কত পাগলামি ভাহা বিজ্ঞা লোকের অগোচর নাই। তাহার মেজাজ কে বোঝে? পৃথিবীর সমস্ত প্রয়োজন ধূলির উপরে, কিন্তু পৃথিবীর সমস্ত সংগীত ওই শৃক্তে,—যেখানে তাহার অপরিচ্ছিয় অবকাশ।

মাছ্যের চিত্তের চারিদিকেও একটি বিশাল আকাশের বায়্-মণ্ডল আছে। সেইথানেই তাহার নানারঙের থেয়াল ভাসিতেছে; সেইথানেই অনস্ক তাহার হাতে
আলোকের রাধি বাঁধিতে আসে; সেইথানেই ঝড়র্ট্ট, সেইথানেই উনপঞ্চাশ বায়্র
উন্মন্ততা, সেথানকার কোনো হিসাব পাওয়া যায় না। মাহ্যুযের যে অভিচৈতন্যলোকে
অভাবনীয়ের লালা চলিতেছে সেথানে যে-সব অকেন্সো লোক আনাগোনা রাথিতে
চায় - তাহারা মাটিকে মাল্ল করে বটে কিন্ধ বিপুল অবকাশের মধ্যেই তাহাদের বিহার।
সেধানকার ভাষাই সংথীত। এই সংগীতে বাস্তবলোকে বিশেষ কী কান্ধ হয় জানি না —
কিন্ধ ইহারই কম্পমান পক্ষের আঘাত-বেগে অভিচৈতন্যলোকের সিংহ্রায় খুলিয়া
যায়।

মান্থবের ভাষার দিকে একবার তাকাও। ওই ভাষাতে মান্থবের প্রকাশ; সেই জন্মে উহার মধ্যে এত রহস্ত। শব্দের বস্তুটা হইতেছে তাহার অর্থ। মান্থব যদি কেবলমাত্র হইত বাস্তব, তবে তাহার ভাষার শব্দে নিছক অর্থ ছাড়া আর কিছুই থাকিত না। তবে তাহার শব্দ কেবলমাত্র খবর দিত,—শুর দিত না। কিন্তু বিশুর শব্দ আছে যাহার অর্থপিণ্ডের চারিদিকে আকাশের অবকাশ আছে, একটা বায়্-মন্তল আছে। তাহারা যেটুকু জানায় তাহারা তাহার চেয়ে অনেক বেশি—তাহাদের ইশারা তাহাদের বাণীর চেয়ে বড়ো। ইহাদের পরিচয় ভন্ধিত প্রভাবে নছে, চিন্তপ্রভাৱে। এই সমন্ত অবকাশগুরালা কথা লইয়া অবকাশ-বিহারী কবিদের কারবার। এই অবকাশের বায়্-মন্তলেই নানা রঙিন আলোর রং ফলাইবার শ্বেগ্রা—এই ফারুটাভেই ছন্দগুলি নানা ভঙ্গিতে হিল্পেলিত হয়।

এই সমস্ত অবকাশবহুল রঙিন শব্দ যদি না থাকিত তবে বৃদ্ধির কোনো ক্ষতি হইত না কিন্তু হদয় যে বিনা প্রকাশে বৃষ্ণ ফ্লাটিরা মরিত। অনির্বচনীয়কে লইয়া ভাহার প্রধান কারবার; এই জন্ত অর্থে ভাহার অভি সামান্ত প্রয়োজন। বৃদ্ধির দরকার গতিতে, কিন্তু স্থান্থবাৰ দ্বকাৰ নৃত্যে। গতিৰ লক্ষ্য—একাগ্ৰ হইবা লাভ কৰা, নৃত্যেৰ লক্ষ্য—বিচিত্ৰ হইবা প্ৰকাশ কৰা। ভিড়েৰ মধ্যে ভিড়িয়াও চলা বাৰ কিন্তু ভিড়েৰ মধ্যে নৃত্য কৰা বাৰ না। নৃত্যেৰ চাৰিদিকে অবকাশ চাই। এই অক্স স্থান্থ অবকাশ দাবি কৰে। বৃদ্ধিমান তাহাৰ সেই দাবিটাকে অবান্তৰ এবং তৃক্ত বলিয়া উড়াইয়া দেয়।

আমি বৈজ্ঞানিক নহি কিন্তু অনেকদিন ছন্দ লইয়া ব্যবহার করিয়াছি বলিরা ছন্দের তথ্টা কিছু বুঝি বলিয়া মনে হয়। আমি জানি ছন্দের যে অংশটাকে যতি বলে অর্থাৎ ঘেটা ফাকা, অর্থাৎ ছন্দের বস্তুঅংশ যেখানে নাই সেইখানেই ছন্দের প্রাণ—পৃথিবীর প্রাণটা যেমন মাটিতে নহে, তাহার বাতাসেই। ইংরেজিতে যতিকে বলে pause—কিন্তু pause শন্দে অভাব স্থচনা করে, যতি সেই অভাব নহে। সমস্ত ছন্দের ভাবটাই ওই যতির মধ্যে—কারণ যতি ছন্দকে নিরস্ত করে না নির্মিত করে। ছন্দ যেখানে যেখানে থামে সেইখানেই তাহার ইখারা ফুটিয়া উঠে, সেইখানেই সে নিখাস ছাড়িয়া আপনার পরিচয় দিয়া বাচে।

এই প্রমাণটি হইতে আমি বিশাস করি বিশারচনার কেবলই যে-সমন্ত যতি দেখা যার সেইখানে শৃক্ততা নাই, সেইখানেই বিশের প্রাণ কাজ করিতেছে। শুনিরাছি অণ্ পরমাণ্র মধ্যে কেবলই ছিন্ত,—আমি নিশ্চর জানি সেই ছিন্তগুলির মধ্যেই বিরাটের অবস্থান। ছিন্তগুলিই মৃধা, বস্তগুলিই গোণ। যাহাকে শৃক্ত বলি বস্তগুলি তাহারই অপ্রান্ত লীলা। সেই শৃক্তই তাহাদিগকে আকার দিতেছে, গতি দিতেছে, প্রাণ দিতেছে। আকর্ষণ-বিকর্ষণ তো সেই শৃক্তেরই কুন্তির পাচ। জগতের বস্তব্যাপার সেই শৃক্তের, সেই মহায়তির, পরিচয়। এই বিপুল বিচ্ছেদের ভিতর দিয়াই জগতের সমস্ত যোগ-সাধন হইতেছে—অণ্র সঙ্গে অণ্র, পৃথিবীর সঙ্গে স্থর্বের, নক্ষত্রের সঙ্গে নক্ষত্রের। সেই বিচ্ছেদমহাসমূত্রের মধ্যে মাস্ত্র্য ভাসিতেছে বলিয়াই মাস্ক্রের শক্তি, মাস্ক্রের জ্ঞান, মান্ত্রের প্রেম, মান্ত্রের যতে কিছু লীলাবেলা। এই মহাবিচ্ছেদ যদি বস্ততে নিরেট হইয়া ভরিয়া যায় তবে একেবারে নিবিছ একটানা মৃত্যু।

মৃত্যু। আর কিছু নহে বস্তু যখন আপনার অবকাশকে হারার তখন তাঁহাই মৃত্যু। বস্তু তখন ষেটুকু কেবলমাত্র সেটুকুই, তার বেশি নর। প্রাণ সেই মহাঅবকাশ— যাহাকে অবলঘন করিয়া বস্তু আপনাকে কেবলই আপনি ছাড়াইরা চলিতে
পারে।

বস্তু-বাদীরা মনে করে অবকাশটা নিশ্চল কিন্তু বাছারা অবকাশরসের রসিক তাছারা জ্বানে বস্তুটাই নিশ্চল, অবকাশই ভাছাকে গতি দেয়। রণক্ষেত্রে সৈম্ভের অবকাশ নাই; তাহারা কাঁথে কাঁথ মিলাইয়া বৃাহরচনা করিয়া চলিয়াছে, তাহারা মনে ভাবে ভাষরাই যুদ্ধ করিতেছি। কিছু যে দেনাপতি অবকাশে নিমগ্ন হইয়া দূর হইতে শুক্তভাবে দেখিতেছে, সৈক্তদের সমস্ত চলা তাহারই মধ্যে। নিশ্চলের যে ভরংকর চলা তাহার ক্ষত্রবেগ যদি দেখিতে চাও তবে দেখো ওই নক্ষত্রমগুলীর আবর্তনে, দেখো যুগযুগান্তরের তাগুব নৃত্যে। যে নাচিতেছে না তাহারই নাচ এই সকল চঞ্চলতায়।

এত কথা যে বলিতে হইল তাহার কারণ, কবিশেশর কালিদাস যে আবাদুকে আপনার মন্দাকান্তাছন্দের অমান মালাটি পরাইয়া বরণ করিয়া লইয়াছেন তাহাকে বাল্ত-সোকেরা "আবাঢ়ে" বলিয়া অবজ্ঞা করে। তাহারা মনে করে যে মেঘাবগুটিত বর্ষণ-মঞ্জীর-ম্থর মাসটি সকল কাজের বাহির, ইহার হায়ার্ত প্রহরগুলির পসয়ায় কেবল বাজে কথার পণ্য। অক্সায় মনে করে না। সকল কাজের-বাহিরের যে দলটি যে অহৈতুকী অর্গনভায় আসন লইয়া বাজে-কথার অমৃত পান করিতেছে, কিশোর আবাঢ় যদি আপন আলোল কৃন্তলে নবমালতীর মালা জড়াইয়া সেই সভার নীলকান্তমণির পেয়ালা ভরিবার ভার লইয়া থাকে, তবে স্বাগত, হে নবধনস্থাম, আমরা তোমাকে অভিবাদন করি। এস এস জগতের যত অকর্মণা, এস এস ভাবের ভাবৃক, রসের রসিক,—আবাঢ়ের মূদক ওই বাজিল, এস সমন্ত খ্যাপার দল, তোমাদের নাচের ভাষ পড়িয়াছে। বিশ্বের চির-বিরহবেদনার অশ্রু-উৎস আজ্ব খ্লিয়া গেল, আজ্ব তাহা আয় মানা মানিল না। এস গো অভিসারিকা, কাজের সংসারে কপাট পড়িয়াছে, হাটের পথে লোক নাই, চকিত বিদ্যুতের আলোকে আজ্ব যাত্রায় বাহির হইবে—জাতীপুশ্ল-স্থাদ্ধি বনাস্ক হইতে সজল বাতাসে আহ্বান আসিল—কোন্ ছায়াবিতানে বসিয়া আছে বহুযুগের চিয়জাগ্রত প্রতীক্ষা!

१८६३

अर्

ইংরেজের সাহিত্যে শর্বৎ প্রোচ। ভার ধৌবনের টান স্বটা আলগা হয় নাই, ওদিকে তাকে মরণের টান ধরিয়াছে; এখনও স্ব চ্কিয়া যায় নাই ক্ষেবল স্ব ঝরিয়া যাইতেছে।

একজন আধুনিক ইংরেজ কবি শরংকে সম্ভাষণ করিয়া বলিভেছেন, "ভোমার ওই শীভের আশহাকুল গাছগুলাকে কেমন খৈন আজ ভুভের মতো দেখাইভেছে; ছার রে, ভোমার ওই কুঞ্জবনের ভাঙা ছাট, ভোমার ওই জিজা পাভার বিবালি হইরা বাছির ছওরা! বা অতীত এবং যা আগামী তাদের বিষণ্ণ বাসরশব্যা ভূমি রচিরাছ। বা-কিছ্ মিরমাণ ভূমি তাদেরই বাণী, যত-কিছু গতক্ত শোচনা ভূমি তারই অধিদেবতা।"

কিন্তু এ শরৎ আমাদের শরৎ একেবারেই নয়, আমাদের শরতের নীল চোধের পাতা দেউলে-ছওয়া বৌধনের চোধের জলে ভিজিয়া ওঠে নাই। আমার কাছে আমাদের শরৎ শিশুর মূর্তি ধরিয়া আসে। সে একেবারে নবীন। বর্ধায় গর্ভ হইতে এইমাত্র জয় লইয়া ধরণী-ধাত্রীর কোলে শুইয়া সে হাসিতেছে।

ভার কাঁচা দেহখানি; সকালে শিউলিফ্লের গছটি সেই কচিগারের গছের মভো।
আকাশে আলোকে গাছেপালার বা-কিছু রং দেখিভেছি সে ভো প্রাণেরই রং, একেবারে
ভাজা।

প্রাণের একটি রং আছে। তা ইন্দ্রধন্মর গাঁঠ হইতে চুরি করা লাল নীল সবৃদ্ধ হল্দে প্রভৃতি কোনো বিশেষ রং নয়; তা কোমলতার রং। সেই রং দেখিতে পাই ঘাসে পাডায়, আর দেখি মান্তবের গায়ে। জল্কর কঠিন চর্মের উপরে সেই প্রাণের রং ভালো করিয়া ফুটিয়া ওঠে নাই সেই লক্ষায় প্রকৃতি তাকে রং-বেরঙের লোমের ঢাকা দিয়া ঢাকিয়া রাধিয়াছে। মান্তবের গা-টিকে প্রকৃতি অনাযুত করিয়া চুম্বন করিতেছে।

ষাকে বাড়িতে হইবে তাকে কড়া হইলে চলিবে না, প্রাণ সেইজন্ম কোমল। প্রাণ জিনিসটা অপূর্ণতার মধ্যে পূর্ণতার ব্যঞ্জনা। সেই ব্যঞ্জনা যেই শেষ হইয়া যায় অর্থাৎ যধন যা আছে কেবলমাত্র তাই আছে, তার চেয়ে আরও-কিছুর আভাস নাই তখন মৃত্যুতে সমস্তটা কড়া হইয়া ওঠে, তখন লাল নীল সকল রকম রংই থাকিতে পারে কেবল প্রাণের রং থাকে না।

नवर्षि वर्शि श्रालिव वर। व्यर्थार जाहा काँहा, वर्षा नवम। दोखि काँहा लाना, नव्यक्ति किंह, नीनि जाना। এই व्यक्त नवर्षा नवर्षा वर्षाव कांग्रालिव श्रालिव, यमन वर्षाव नाष्ट्रा त्या व्यापालिव जिल्व प्राणिव कांग्रालिव वर्षाव नाष्ट्रा त्या व्यापालिव वर्षाव वर्याव वर्षाव वर वर्षाव वर्षाव वर्षाव व

বলিভেছিলাম শরতের মধ্যে শিশুর ভাব। ভার, এই-হাসি, এই-কানা। সেই ছাসিকানার মধ্যে কার্যকারণের গভীরতা নাই, তাহা এমনি হালকাভাবে আসে এবং বার যে, কোণাও ভার পারের দাগটুকু পড়ে না, জ্ঞালের তেউরের উপরটাতে আলোছারা ভাইবোনের মডো যেমন কেবলই ছুরস্কপনা করে অবচ কোনো চিহ্ন রাবে না।

ह्मित्र क्षित्र क्षित

ভার হাসিকারা চলিতে চলিতে ঝরাইরা ফেলিবার মতো নয়। যেমন ঝরনা, সে বুটিরা চলিতেছে বলিয়াই ঝলমল করিয়া উঠিতেছে। ভার মধ্যে ছায়া আলোর কোনো বাসা নাই, বিশ্রাম নাই। কিন্তু এই ঝরনাই উপত্যকায় যে সরোবরে গিয়া পড়িয়াছে, সেধানে আলো যেন ভলায় ডুব দিতে চায়, সেধানে ছায়া জলের গভীর অস্কর্ম ইইয়া উঠে। সেধানে শুরুভার ধ্যানের আসন।

কিন্ত প্রাণের কোপাও আসন নাই, তাকে চলিতেই হইবে, তাই শরতের হাসিকারা কেবল আমাদের প্রাণপ্রবাহের উপরে ঝিকিমিকি করিতে থাকে, ষেধানে আমাদের দীর্ঘনিশ্বাসের বাসা সেই গভীরে গিয়া সে আটকা পড়ে না। তাই দেখি শরতের রোজের দিকে তাকাইয়া মনটা কেবল চলি চলি করে, বর্ধার মতো সে অভিসারের চলা নয়, সে অভিমানের চলা।

বর্ষায় ষেমন আকালের দিকে চোখ যায় শরতে তেমনি মাটির দিকে। আকাশ-প্রাঙ্গণ হইতে তথন সভায় আন্তরণখানা গুটাইয়া লওয়া হইতেছে, এখন সভার জায়গা হইয়াছে মাটির উপরে। একেবারে মাঠের এক পার হইতে আর এক পার পর্যন্ত সবুজে ছাইয়া গেল, সেদিক হইতে আর চোখ ফেরানো যায় না।

শিশুটি কোল জুড়িয়া বসিয়াছে সেইজক্সই মায়ের কোলের দিকে এমন করিয়া চোধ পড়ে। নবীন প্রাণের শোভায় ধরণীর কোল আজ্ঞ এমন ভরা। শরং বড়ো বড়ো গাছের ঋতু নয়, শরং কসলথেতের ঋতু। এই কসলের খেড একেবারে মাটির কোলের জ্বিনিস। আজু মাটির যড় আদর সেইখানেই ছিল্লোলিড, বনম্পতি দাদারা একধারে চুপ করিয়া দাঁড়াইয়া ভাই দেখিতেছে।

এই ধান, এই ইক্, এরা যে ছোটো, এরা যে অল্পালের জন্ত আসে, ইহাদের যত লোভা যত আনন্দ সেই ছদিনের মধ্যে ঘনাইয়া তুলিতে হয়। প্র্যের আলো ইহাদের জন্ত যেন পথের ধারের পানসত্রের মতো—ইহারা তাড়াভাড়ি গঙ্ব ভরিয়া স্থকিরণ পান করিয়া লইয়াই চলিয়া যায়—বনম্পতির মতো জল বাতাস মাটিতে ইহাদের জন্ত পানের বাঁধা বরাদ নাই; ইহারা পৃথিবীতে কেবল আতিখাই পাইল, আবাস পাইল না। শরং পৃথিবীর এই সব ছোটোদের এই সব ক্ষণজীবীদের ক্ষণিক উৎসবের অভু। ইহায়া যথন আসে তথন কোল ভরিয়া আসে, যথন চলিয়া যায় তথন শৃত্ত প্রান্তরেটা শৃত্ত আকাশের নিচে হা হা করিতে থাকে। ইহারা পৃথিবীর সব্জ মেদ, হঠাং দেখিতে দেখিতে ঘনাইয়া ওঠে, তার পরে প্রচুর ধায়ায় আপন বর্ষণ সায়িয়া দিয়া চলিয়া য়ায়, কোষাও নিজের কোনো লাবি লাওয়ার পলিল য়াখে না।

আমরা তাই বলিতে পারি, ছে শরং ভূমি শিশিরাশ্রা ফেলিতে ফেলিতে গত এবং

আগতের ক্ষণিক মিলনশ্যা পাতিয়াছ। যে বর্তমানটুকুর জক্ত জতীতের চতুর্দোলা
বারের কাছে অপেক্ষা করিয়া আছে, ভূমি ভারই মৃথচুম্বন করিতেছ, ভোমার হাসিতে
চোখের জল গড়াইয়া পড়িতেছে।

মাটির কল্পার আগমনীর গান এই তো সেদিন বাজিল। মেদের নন্দীভূকী শিঙা বাজাইতে বাজাইতে গৌরী শারদাকে এই কিছু দিন হইল ধরা-জননীর কোলে রাখিয়া গেছে। কিন্তু বিজয়ার গান বাজিতে আর তো দেরি নাই; শাশানবাসী পাগলটা এল বলিয়া,—তাকে তো ফিরাইয়া দিবার জো নাই;—হাসির চক্রকলা তার ললাটে লাগিয়া আছে, কিন্তু তার জটার জটার কান্নার মন্দাকিনী।

শেষকালে দেখি ওই পশ্চিমের শ্বং আর এই পূর্বদেশের শ্বং একই জারগার আসিরা অবসান হয়—সেই দশনী রাত্রির বিজ্ঞরার গানে। পশ্চিমের কবি শরতের দিকে তাকাইরা গাহিতেছেন, "বসস্ত তার উৎসবের সাজ বুপা সাজাইল, তোমার নিঃশ্বস্থ ইন্দিতে পাতার পর পাতা ধসিতে ধসিতে সোনার বংসর আজ মাটতে মিশিরা মাট হইল বে!"—তিনি বলিতেছেন, "ফাস্কনের মধ্যে মিলন-পিপাসিনীর যে রস-ব্যাকৃলতা তাহা শাস্ত হইরাছে, লৈচের মধ্যে তপ্ত-নিশাস-বিক্ষ্ম বে হৎস্পন্দন তাহা গুরু হইরাছে। ঝড়ের মাতনে লগুভগু অরণ্যের গায়ন সভার তোমার ঝ'ড়ো বাতাসের দল তাহাদের প্রেজ্ঞলোকের ক্ষম্বীণার তার চড়াইতেছে তোমারই মৃত্যুলোকের বিলাপগান গাহিবে বলিয়া। তোমার বিনাশের শ্রী তোমার সোন্দর্শের বেদনা ক্রমে স্মৃতীর হইরা উঠিল, হে বিলীয়মান মহিমার প্রতিরূপ!"

किन्छ छन् अभिट्रिय य भवर, वाष्णिव दामहोत्र मृथ छाकियां व्याप्त, व्याव व्यामादिव पर अवर प्राप्त दामहोत्र मृथिवीत हित्क हानि मृथशानि नामाहेबा हिथा हित्र, छाहित छहेद्वत मर्था क्रांत्र अवर छारवत छकाछ व्याह् । (व्यामादिव भवर व्यामाविक में विक्षात शास्त्र मर्थ छेरम्य छान मानिम। व्यामादिव भवर विद्या हित्र वाद्य वाद्य वाद्य व्याप्त में विद्या विद्या व्याप्त विद्या वाद्य वाद्य

কিন্ত পশ্চিমে শরতের গানে দেখি পাইয়া হারানোর কথা। তাই কবি গাহিতেছেন, "তোমার আবিষ্ঠাবই তোমার তিরোভাব। যাত্রা এবং বিদার এই তোমার ধুয়া, তোমার জীবনটাই মরণের আড়ম্বর; আর তোমার সমারোহের পরম পূর্ণভার মধ্যেও ভূমি মায়া, ভূমি স্বপ্ন।"

कर्णात देखारा कर्य

कर्णाव रेक्हाय कर्ग

একটু বাধলার ছাওয়া দিয়াছে কি, অমনি আমাদের গলি ছাপাইয়া সদর রাজা পর্যন্ত বছিয়া যুায়, পৃথিকের জ্ডাজোড়াটা ছাভার মডোই শিরোধার্থ ছইয়া পঠে, এবং অক্ত এই গলি-চন্ত জীবেরা উভচন জীবের চেনে জীবননান্তার বোগাড়ন নম শিশুকাল ছইতে জামাদের বারান্দা হইতে এইটে বছর বছন লক্ষ্য করিতে করিতে আমার চুল পাকিয়া গেল।

ইহার মুখ্যে প্রায় বাট বছর পার হইল। তথন বাপা ছিল কলীয় যুগের প্রধান বাহন, এখন বিদ্বাৎ ভাছাকে কটাক্ষ করিয়া ছাসিতে শুক্ষ করিয়াছে; তথন প্রমাণ্ড্র পৌছিয়াছিল আদৃত্রে, এখন তাহা অভাব্য হইয়া উঠিল; ওদিকে মরিবার কালের পি পড়ার মতো মাছ্ম আকান্দে পাখা মেলিরাছে, একদিন এই আকান্দেরও ভাগবেশরা লুইয়া প্রকিদের মধ্যে মামলা চলিবে আটেনি তার দিন গনিতেছেন; চীনের মাছ্ম একরাক্রে তাদের স্নাতন টিকি কাটিয়া সাক্ষ করিল, এবং আপান কালসাগরে এমন এক বিপর্বিষ লাক্ষ মারিল যে, পঞ্চাশ বছরে পাঁচশ বছর পার হইয়া গেল। কিন্তু বর্ষার জলধারা সম্বন্ধে আমাদের রাজ্যার আভিবেশ্বতা যেমন ছিল তেমনিই আছে। যখন কন্ত্রেসের ক অক্ষরেরও পঞ্জন হয় নাই তথনও এই পথের পথিকবধ্দের বর্ষার গান ছিল—

ক্তকাল পরে পদচারি করে ত্থসাগর সাঁডরি পার হবে ?

भाव भाक यथने हामकरणव भाका कणहे। श्राव भाषापव गाँएकव कार्फ स्निवा भक्ति भाक्ष गाँ अकहे भान—सम्बद्धाव-वाश्यव, विख्डामाखाः।

ছেলেবেলা হইতেই কাণ্ডটা দেখিয়া আসিভেছি স্কুডরাং ব্যাপারটা আমানের কাছে অভাবনীর নর। যা অভাবনীর নর তা লইয়া কেছ ভাবনাই করে না। আমরাও ভাবনা করি নাই, সভ্টই করিয়াছি। কিন্তু চিঠিতে বে-কথাটা অমনিতে চোপ এড়াইরা বার সেটার নিচে লাইন কাটা দেখিলে যেমন বিশেষ করিয়া মনে লাগে, আমানের রান্তার অলাশয়ভার নিচে তেমনি আড়া লাইন কাটা দেখিরা, তথু মনটার মধ্যে নর আমানের গাড়ির চাকাভেও, কবে কবে চমক লাগিল; বর্গাও নামিরাছে ট্রামলাইনের মেরামতও ভক্ষ। বার আরম্ভ আছে ভার শেরও আছে ফ্রাম্লান্তে এই কথা বলে, কিন্তু ট্রামলাইন কাটার

সহযোগে যখন চিৎপুর রোডে জগলোডের সঙ্গে জনশ্রোতের জন্ম দেখিয়া দেহমন আর্ড হইতে লাগিল তখন জনেকদিন পরে গভীরভাবে ভাবিতে লাগ্লিলাম, সহ্ করি কেন ?

সহ্ন না করিলে যে চলে এবং না করিলেই যে ভালো চলে চৌরলি অঞ্চলে একবার পা বাড়াইলেই ভা বোঝা ধার। একই শহর, একই ম্যুনিসিপালিটি, কেবল ভফাভটা এই, আমাদের সয় ওদের সয় না। যদি চৌরলি রাভার পনেরো আনার হিস্সা ট্রামেরই থাকিত, এবং রাভা উৎথাত করিয়া লাইন মেরামত এমন সুমধুর পজগমনে চলিত আজা তবে ট্রাম কোম্পানির দিনে আহার রাজে নিজা থাকিত না।

আমাদের নিরীছ ভালোমাস্থটি বলেন, "সে কী কথা! আমাদের একটু অস্থবিধা হইবে বলিয়াই কি ট্রামের রাস্তা মেরামত হইবে না ?"

"হইবে বই কি ! কিন্তু এমন আশ্চর্য স্থান্ত মেজাজে এবং দীর্ঘ মেয়াদে নয়।" নিরীহ ভালোমাস্থ্যটি বলেন, "সে কি সম্ভব ?"

যা হইতেছে তার চেয়ে আরও ভালো হইতে পারে এই ভরসা ভালোমান্নযদের নাই বলিয়াই অহরহ চক্ষের জলে তাদের বক্ষ ভাসে এবং তাদের পথঘাটেরও প্রায় সেই দশা। এমনি করিয়া হংথকে আমরা সর্বাক্ষে মাধি এবং ভাঙা পিপের আলকাত্রার মতো সেটাকে দেশের চারদিকে গড়াইয়া ছড়াইয়া পড়িতে দিই।

কণাটা শুনিতে ছোটো, কিন্তু আসলে ছোটো নয়। কোণাও আমাদেই কোনো কর্তৃত্ব আছে এটা আমরা কিছুতেই প্রামাত্রায় ব্বিলাম না। বইরে পড়িয়াছি, মাছ ছিল কাঁচের টবের মধ্যে; সে অনেক মাধা খু ড়িয়া অবশেষে ব্বিল যে বাঁচটা জল নয়। তার পরে সে বড়ো জলাশয়ে ছাড়া পাইল, তবু তার এটা ব্বিতে সাহস হইল না যে, জলটা কাচ নয়; তাই সে একটুখানি জারগাতেই ঘুরিতে লাগিল। ওই মাধা ঠুকিবার ভরটা আমাদেরও হাড়েমাসে জড়ানো, তাই বেখানে গাঁডার চলিতে পারে সেধানেও মন চলে না। অভিমন্থা মারের গর্ভেই বৃহহে প্রবেশ করিবার বিভা শিখিল, বাছির হইবার বিভা শিখিল না, তাই সে সর্বাজে সপ্তর্থীর মারটা খাইয়াছে। আমরাও জন্মিবার পূর্ব হইতেই বাঁধা-পড়িবার বিভাটাই শিখিলাম, গাঁঠ-খুলিবার বিভাটা নয়; ভার পয় জয়নমাত্রই বৃদ্ধিটা হইতে শুক করিয়া চলাক্ষেরাটা পর্যন্ত পাকে পাকে পাকে জড়াইলাম, আর সেই হইতেই জগতে যেধানে যত রবী আছে, এমন কি পদাতিক পর্যন্ত স্করে পুরুষে মানিয়া মরিতেছি। মাত্রযুকে, পুঁথিকে, ইখারাকে, গণ্ডিকে বিনাবাক্যে পুরুষে পুরুষে মানিয়া চলাই এমনি আমাদের জড়ান্ত যে, জগতে কোবাও যে আমাদের কর্তৃত্ব আছে ভাছা চোঝের সামনে সপরীরে উপস্থিত ভৃইলেও কোনো যতেই ঠাহর হয় না, এমন কি, বিলাভি চশমা পরিলেও না।

মাছবের পক্ষে সকলের চেরে বড়ো কথাটাই এই বে, কর্ত্ত্বের অধিকারই মহস্কত্বের অধিকার। নানা মন্ত্রে, নানা শ্লোকে, নানা বিধিবিধানে এই কথাটা বে-দেশে চাপা পড়িল, বিচারে পাছে এভটুকু ভূল হর এই জক্ষ যে-দেশে মাহ্রুয় আচারে আপনাকে আইেপিটে বাঁধে, চলিতে গেলে পাছে দ্বে গিয়া পড়ে এইজক্য নিজের পথ নিজেই ভাঙিয়া দের, সেই দেশে ধর্মের দোহাই দিয়া মাহ্রুয়কে নিজের 'পরে অপরিসীম অপ্রভা করিতে শেখানো হয় এবং সেই দেশে দাস তৈরি করিবার জক্ত সকলের চেরে বড়ো কারখানা খোলা হইয়াছে।

আমাদের রাজপুরুষেরাও শাস্ত্রীয় গান্তীর্ষের সঙ্গে এই কথাই বলিরা থাকেন, "ভোমরা ভূল করিবে, ভোমরা পারিবে না, অভএব ভোমাদের হাতে কর্ভৃত্ব দেওরা চলিবে না।"

আর যাই হ'ক, মন্ত্-পরাশরের এই আওরাজটা ইংরেজি গলার ভারি বেসুর বাজে, তাই আমরা তাঁদের যে-উত্তরটা দিই সেটা তাঁদেরই সহজ স্থরের কথা। আমরা বলি, ত্ল করাটা তেমন সর্বনাল নয় স্বাধীনকর্তৃত্ব না পাওয়াটা যেমন। ত্ল করিবার স্বাধীনতা থাকিলে তবেই সভাকে পাইবার স্বাধীনতা থাকে। নিপুঁত নিভূল হইবার আশায় যদি নিরক্ত্প নিজীব হইতে হয় তবে ভার চেয়ে না হয় ভূলই করিলাম।

আমাদের বলিবার আরও কথা আছে। কর্তৃপক্ষদের এ-কথাও শ্বরণ করাইতে পারি যে, আন্ধ তোমরা আত্মকর্তৃত্বের মোটর গাড়ি চালাইতেছ কিন্তু একদিন রাজ-থাকিতে যখন গোল্লর গাড়িতে যাত্রা শুল্ফ হইয়াছিল তখন থালখন্দর মধ্য দিরা চাকা তৃটোর আর্তনাদ ঠিক জ্বয়্পনির মতো শোনাইত না। পার্লামেন্ট বরাবরই ভাইনে বাঁরে প্রবল বাঁকানি থাইয়া এক নজির ছইতে আর এক নজিরের লাইন কাটিতে কাটিতে আসিয়াছে, গোড়াগুড়িই স্টীমরোলার-টানা পাকা রান্তা পায় নাই। কত ঘূর্ষাম, মুয়াখুরি, দলাদলি, অবিচার এবং অব্যবস্থার মধ্য দিয়া সে ছেলিয়া ছেলিয়া চলিয়াছে। কথনো রাজা, কথনো গির্জা, কথনো জমিদার, কথনো বা মদওরালারও স্বার্থ বছিয়াছে। এমন এক সমর ছিল সদক্ষেরা বখন জরিমানা ও লাসনের ভরেই পার্লামেন্টে ছাজ্মির ছইত। আর পলদের কথা যদি বল, কবেকার কালে সেই আরার্লিও আমেরিকার সমন্থ হইতে আরম্ভ করিয়া আত্মকের দিনে বোয়ায় যুক্ত এবং ভার্ডানেলিস মেসোপোটেমিয়া পর্যন্ত গলমের লাই। জামেরিকার রাষ্ট্রভর্মে কুবের দেবতার চরগুলি যে-সকল কুকীর্তি করে সেপ্তলো সামাক্ত নম্ব। ডেকুসের নির্যাভন উপলক্ষের ক্রান্তের সৈনিক-প্রাধান্তের যে জালার প্রকাশ পাইয়াছিল ডাছাতে রিপুর অক্ষাক্তিরই তো ছাত দেখা যার।

এ-সমল সম্বেও আজকের দিনে এ-কথার কারও মনে সম্বেহ লেশমাত্র নাই বে,
আত্মকর্ত্বের চির-সচলতার বেপেই মান্ত্য তুলের মধ্য দিরাই তুলকে কাটার, অক্সামের
গর্তে বাড়মোড় ভাত্তিরা পড়িরাও ঠেলাঠেলি করিরা উপরে ওঠে। এইজন্ম মান্ত্র্যকে
লিছমোড়া কীধিয়া ভার মূখে পারসার তুলিরা দেওরার চেরে ভাকে স্বাধীনভাবে অর
উপার্জনের চেরার উপবাসী হুইতে দেওরাও ভালো।

প্রর চেরেও একটা বড়ো কথা আমাদের বলিবার আছে, — সে এই বে, রাষ্ট্রীর আত্মকর্তৃত্বে কেবল বে স্বাবস্থা বা দারিত্ববোধ জয়ে তা নয়, মাছবের মনের আয়তন বড়ো হয়। কেবল পলীসমাজে বা ছোটোছোটো সামাজিক শ্রেণীবিভালে যাদের মন বছ, রাষ্ট্রীর কর্তৃত্বের অধিকার পাইলে তবেই মাছমকে বড়ো পরিধির মধ্যে দেবিবার তারা স্বাোগ পায়। এই স্বাোগের অভাবে প্রত্যেক মাছ্য মাছ্য-হিসাবে ছোটো হইয়া বাকে। এই অবস্থায় সে যথন মহুয়জের বৃহৎ ভূমিকার উপরে আপন জাবনকে না ছড়াইয়া দেখে তথন তার চিন্ধা তার শক্তি তার আলাভরসা সমস্তই ছোটো হইয়া বায়। মাছবের এই আত্মার ধর্বতা তার প্রাণনালের চেয়ে চের বেশি বড়ো অমজল। "ভূমিব স্বং নায়ে স্বেমন্তি।" অতএব ভূলচুকের সমস্ত আলহা মানিয়া লইয়াও আমরা আত্মকর্তৃত্ব চাই। আমরা পড়িতে পড়িতে চলিব—দোছাই তোমার, আমাদের এই পড়ার দিকেই তাকাইয়া আমাদের চলার দিকে বাধা দিয়ো না।

এই জবাবই সত্য জবাব। যদি নাছোড্বালা ছইয়া কেনো একওঁরে মান্ত্র এই জবাব দিয়া কর্তৃপক্ষকে বেজার করিয়া ভোলে তবে সেদিক ছইতে সে ইন্টার্নড্ ছইতে পারে কিন্তু এদিক ছইতে বাছবা পায়। অবচ ঠিক এই জবাবটাই যদি আমাদের সমাজকর্তাদের কাছে দাবিল করি, যদি বলি "ভোমরা বল, বুগটা কলি, আমাদের বৃদ্ধিটা কম, খাধীন বিচারে আমাদের ভূল হর, খাধীন বাবহারে আমরা অপরাধ করি, অতএব মগজটাকে অগ্রাভ করিয়া পুঁবিটাকে নিরোধার্ম করিবার জক্তই আমাদের নতানিরটা তৈরি, কিন্তু এতবড়ো অপমানের কথা আমরা মানিব না," তবে চত্তী-মগুপের চক্ষ্ রাঙা ছইয়া ওঠে এবং সমাজকর্তা তথনই সামাজিক ইন্টার্নমেন্ট এর জক্ত্ম জারি করেন। বারা পোলিটকাল আকালে উড়িবার জন্ত পাধা রটপট করেন তাঁরাই সামাজিক গাড়ের উপর পা-ছটোকে লক্ত লিকলে জড়াইয়া রাবেন।

আসল কথা নৌকাটাকে ভাইনে চালাইবার জক্ষও যে হাল, বারে চালাইবার জক্ষও সেই হাল। একটা মূলকথা জাছে সেইটেকে আয়ন্ত করিতে পারিলেই সমাজেও মান্তব সভা হয়, রাইবাাপারেও মান্তব সভা হয়। সেই মূলকথাটার ধারণা লইরাই চিত্তপুরের সলে চৌরজির ভক্ষাত। চিত্তপুর একেবারেই ঠিক করিয়া আছে যে, সমস্কুই

উপরওয়ালার ছাতে। তাই সে নিজের ছাত থালি করিয়া চিত হইয়া রছিল। চৌরছি বলে, কিছুতে আমাদের ছাত নাই এ-যদি সতাই হইত তবে আমাদের ছাত ছটোই থাকিত না। উপরওয়ালার হাতের সজে আমাদের হাতের একটা অবিচ্ছিন্ন বোগ আছে চৌরছি এই কথা যানে বলিয়াই অপ্টোকে ছাত করিয়াছে, আর চিতপুর তাছা মানে না বলিয়াই অপ্টোকে হাতছাড়া করিয়া তুই চক্ষুর ভারা উলটাইয়া শিবনেত্র হইয়া রছিল।

আমাদের দরপড়া কুনো নিম্নকেই সব চেয়ে বড়ো মনে করিতে হইলে চোণ বৃজিতে হয়। চোণ চাহিলে দেনি, বিশ্বের আগাপোড়া একটা বৃহৎ নিরম আছে। নিজের চেষ্টার সেই নিরমকে দখল করাই শক্তিলাভ সমৃদ্ধিলাভ হঃগ হইতে পরিত্রাণ লাভ—এই নিশ্চিত বোণটাই বর্তমান মুরোপীর সভ্যতার পাকা ভিত। ব্যক্তিবিশেষের সফলতা কোনো বিশেষ বিধানে নয়, বিশ্ববিধানে—এইটে শক্ত করিয়া জানাতেই শক্তির ক্ষেত্রে মুরোপের এতবড়ো মৃক্তি।

व्यायमा किन्छ पूरे शां छेन्छोरेमा मोधिनः भाग किन्या विनिष्ठि — क्छां में हेन्छ। कर्म। त्रारे क्छां किन्य — पदान वानमामा, वा भूमित्मन मात्रामा, वा भाषा भूत्यारिष्ठ, वा भूजिनम्, वा भैष्ठमा मनमा छेनाविवि मिन्नवाम, भिन मनन न्ना किन्य व्यक्ति राज्य नम्म निम्नवाम, भिन मनन न्ना किन्या विक्य व्यक्ति राज्य निम्नवाम किन्नवाम किन्नवाम

कालिक भार्रक विनिद्यन—आगदा एठा এ-जब मानि ना। आगदा एठा वज्रस्द हिका महे ; अनार्केश हरेल स्टूनद स्वलंद निकिति महेवाद आद्यासन स्वि ; अमन कि, यमावाहिनो मालिदियाक आक्ष्य आगदा एको विनिद्या थाए। केदि नारे, छाटक आगदा की छक्त की विनिद्याह गया कि ; अवर (जरे जर्म प्रत्य प्रस्का छाविक हो एक एक विनिद्याह भारत । अवर (जरे जर्म प्रत्य प्रस्का छाविक हो एक प्रत्य स्वाह्य ।

মৃথে কোন্টাকে যানি বা নাই মানি ভাতে কিছু আসে বার না কিছ ওই মানার বিবে আযাদের যনের ভিভরটা অর্জরিত। এই মানসিক কাপুরুষভার ভিত্তি একটা চরাচরব্যাপী অনিশ্চিত ভরের উপর। অবও বিশ্বনিমমের মধ্যে প্রকাশিত আগেভাগে বরবান্ত করিরা বসি। ভর কেবলই বলে, কী জানি, কাজ কী। ভর জিনিসটাই এই রকম। আযাদের রাজপুরুষদের মধ্যেও দেবি, রাজ্যশাসনের কোনো একটা ছিত্র বিশ্বা ভর চুকিলেই ভারা পাশ্চান্তা শ্বর্থকেই ভূলিয়া যায়—বে এব আইন ভাবের শক্তির প্রশ্ব ভারই উপর চোব বৃদ্ধিয়া ফুড়াল চালাইতে থাকে। তবন স্তায় রক্ষার উপর ভরসা চলিরা যায়, প্রেক্টিজ রক্ষাকে ভার ছেবে বড়ো মনে করে—এবং বিধাভার উপর

टिका मित्रा छार्य अव्यात टार्थित व्यक्तिरक भारतत ब्यारत व्याखायान भार्शिहरू भावित्न हे जात्म मान्य क्यांव सीवाहीत्क मत्नावम कवा यात्र। এইটেই ভো বিশ-বিধানের প্রতি অবিশাস, নিজের বিশেষ বিধানের প্রতি ভরসা। এর মূলে ছোটো ভর, কিংবা ছোটো লোভ, কিংবা কাজকে সোজা করিবার অতি ছোটো চাতুরী। আমরাও অন্ধভরের তাড়ার মত্মধর্মটাকে বিসর্জন দিতে রাজি। ব্যতিব্যস্ত হইয়া, ষেধানে যা-কিছু আছে এবং নাই, সমন্তকেই জোড়হাত করিয়া মানিতে লাগিয়াছি। তাই আমরা জীববিজ্ঞান বা বস্তবিজ্ঞানই পড়ি আর রাষ্ট্রতন্তের ইতিহাসে পরীক্ষাই পাস করি, "কর্তার रेका कर्म" এर वीष्मप्रकोटक मन रहेटल साफिय़ा क्लिटल भावि ना। जारे, यिक আমাদের একালের ভাগ্যে দেশে অনেকগুলি দশের কাজের পন্তন হইয়াছে ভবু व्यायात्मत्र मिकारमञ्ज्ञ जात्मा मिहे मत्मत कोव्य अरकत्र काव्य इहेत्रा छेठियात्र व्यक्त किरमहे र्द्धना मात्रिए । थारक । रकाथा इन्हरू भामका अक्रो-ना-अक्रो कर्छ। क्रिया अर्द्ध । তার একমাত্র কারণ, যে দশের কথা হইতেছে তারা ওঠে বসে, খার দার, বিবাহ ও চিডারোহণ করে এবং পরকালে পিণ্ড লইতে হাত বাড়ায় কর্ডার ইচ্ছায়; কিসে পাপ किम् भूगा, क चर्त्र पुकिल हैं कांत्र जन किलिए हरेरा, क-शां घरत्र क्यांत्र जल সান করা যায়, ভোক্তার ধর্মকার পক্ষে ময়রার হাতের লুচিরই বা কী গুণ ফটিরই বা की, सिष्ट्य रिवि मानवरे वा की जात सिष्ट्य होंगा जलावरे वा की, कर्वात रेप्टांत छेनत বরাত দিয়া সে-বিচার ভারা চিরকালের মতো সারিয়া রাধিয়াছে। যদি বলি পানি-পাঁড়ে নোংরা ঘটি ডুবাইয়া ষে-জ্ঞল বালতিতে লইয়া ক্ষিরিতেছে সেটা পানের অযোগ্য, আর পানি মিঞা ফিলটার হইতে যে-জল আনিল সেটাই শুচি ও স্বাস্থ্যকর, ভবে উত্তর গুনিব, ওটা তো তুচ্ছ যুক্তির কথা, কিন্তু ওটা তো কর্তার ইচ্ছা নয়। যদি বলি, নাই হইল কর্তার ইচ্ছা, তবে নিমন্ত্রণ বন্ধ। শুধু অভিপিসৎকার নয়, অস্ক্যেষ্টিসংকার পর্বস্ক এত নিষ্ঠুর জবরদন্তি দারা যাদের অতি সামাস্ত খাওয়াহোঁওয়ার অধিকার পর্বস্ত পদে পদে ঠেকানো হয়, এবং সেটাকে যারা কল্যাণ বলিয়াই মানে ভাষা রাষ্ট্রব্যাপারে व्यवाध व्यक्षिकात नावि कत्रिवात्र त्वनात्र সংকোচ বোধ कत्त्र ना क्वन ?

যখন আপন শক্তির মৃলধন লইয়া জনসাধারণের কারবার না চলে তখন সকল ব্যাপারেই মাছ্ম দৈবের কাছে, গ্রহের কাছে, পরের কাছে ছাত পাতিয়া ভরে ভরে কাটায়। এই ভাবটার বর্ণনা যদি কোধাও ধুব স্পষ্ট করিয়া ফুটিয়া থাকে ভাছা বাংলার প্রাচীন মজলকাব্যে। চাঁদ সদালরের মনের আদর্শ মহৎ ভাই যে-দেবভাকে নিফুট্ট বলিয়া কিছুতে সে মানিতে চায় নাই বছতুঃখে ভারই শক্তির কাছে ভাকে ছার মানিতে ছইল। এই যে শক্তি, এর সঙ্গে জান বা ক্রায়ধর্মের যোগ নাই। মানিবার পাত্র যভই যথেকাচারী ততই সে ভরংকর, ততই তার কাছে নতিস্ততি। বিশ্বকর্ত্তরে এই ধারণার লক্ষে ভধনকার রাষ্ট্রীয় কর্ত্ত্বের যোগ ছিল। কবিকরণের ভূমিকাতেই ভার ধবর মেলে। আইন নাই, বিচার নাই, জোর যার মূলুক ভার; প্রবলের অভ্যাচারে বাধা দিবার কোনো বৈধ পথ নাই; ছ্র্বলের একমাত্র উপায় ভব্স্ততি, ঘুষ্ঘায এবং অবশেরে পলারন। দেবচরিত্র-কর্মনাভেও যেমন, সমাজেও তেমন, রাষ্ট্রতক্ষেও সেইরূপ।

অধা একদিন উপনিষদে বিধাতার কথা বলা হইয়াছিল, যাথাতথাতোহর্থান ব্যদধাৎ
শাখতীভাঃ সমাভাঃ। অর্থাৎ তাঁর বিধান যথাতথ, তাহা এলোমেলো নয় এবং সেবিধান শাখত কালের। তাহা নিত্যকাল হইতে এবং নিত্যকালের জ্ঞা বিহিত, তাহা
মূহুর্তে মূহুর্তে নৃতন নৃতন বেয়াল নয়। স্থতরাং সেই নিত্যবিধানকে আমরা প্রত্যেকেই
জানের ধারা বুঝিয়া কর্মের ধারা আপন করিয়া লইতে পারি। তাকে ষতই পাইব ভতই
নৃতন নৃতন বাধা কাটাইয়া চলিব। কেননা, ষে-বিধানে নিত্যতা আছে কোণাও সে
একেবারে ঠেকিয়া যাইতে পারে না, বাধা সে অতিক্রম করিবেই। এই নিত্য এবং
মথাতথ বিধানকে যথাতথক্কপে জানাই বিজ্ঞান। সেই বিজ্ঞানের জোরে য়ুরোপের মনে
এতবড়ো একটা ভরসা জন্মিয়াছে যে, সে বলিতেছে, ম্যালেরিয়াকে বিদায় করিবই,
কোনো রোগকেই টি কিতে দিব না, জানের অভাব আয়ের অভাব লোকালয় হইতে মূর
হইবেই, মামুষের ঘরে বে-কেহ জন্মিবে সকলেই দেহে মনে সুস্থ সবল হইবে এবং
রাষ্ট্রতন্তে ব্যক্তিয়াতন্ত্রার সহিত বিশ্বক্যাণের সামঞ্জশ্ঞ সম্পূর্ণ হইরা উঠিবে।

আধ্যাত্মিক অর্থে ভারতবর্ষ একদিন বলিয়াছিল, অবিছাই বন্ধন, মৃক্তি জ্ঞানে; সভ্যকে পাওয়াভেই আমাদের পরিত্রাণ। অসত্য কাকে বলে? নিজেকে একান্ড বিচ্ছিন্ন করিয়া জানাই অসভ্য। সর্বভূতের সঙ্গে আত্মার মিল জানিয়া পরমাত্মার সঙ্গে আধ্যাত্মিক যোগটিকে জানাই সভ্য জানা। এভবড়ো সভ্যকে মনে আনিতে পারা বে কী পরমান্তর্ধ ব্যাপার ভা আজ্ঞ আমরা বৃঝিভেই পারিব না।

এদিকে আধিভৌতিক ক্ষেত্রে যুরোপ বে-মুক্তির সাধনা করিতেছে তারও মৃল কথাটা এই একই। এখানেও দেখা যায় অবিছাই বন্ধন, সত্যকে পাওয়াতেই মুক্তি। সেই বৈজ্ঞানিক সত্য মান্তবের মনকে বিচ্ছিয়তা ছইতে বিশ্ব্যাপিকভার লইরা যাইতেছে এবং সেই পথে মান্তবের বিশেষ শক্তিকে বিশ্বশক্তির সহিত যোগযুক্ত করিতেছে।

ভারতে ক্রমে ঋষিদের যুগ, অর্থাৎ গৃহস্থ তাপসদের যুগ গেল; ক্রমে বৌদ্ধ সন্ন্যাসীর যুগ আসিল। ভারতবর্ধ যে মহাসভ্য পাইরাছিল তাহাকে জীবনের ব্যবহারের পথ ছইতে ভক্ষাত করিয়া দিল। বলিল, সন্ন্যাসী ছইলে তবেই মুক্তির সাধনা সম্ভবপর হর।

ভার কলে একেশে বিদ্বার সঞ্চে অবিদ্বার একটা আপস হইরা সেছে; বিষর্বিজ্ঞাপের বড়ো উভরের মহল-বিভাগ হইরা মারধানে একটা দেরাল উঠিল। সংসারে ভাই পর্সে কর্মে আচারে বিচারে বড় সংকীর্ণভা বড় বুলভা বড় মুচ্ডাই বাক উচ্চভম সভ্যের বিদ্ধাহিত ভার প্রতিবাদ নাই, এমন কি, সমর্থন আছে। গাছজুলার বসিরা আনী বলিভেছে, "বে-মাছর আপনাকে সর্বভূতের মধ্যে ও সর্বভূতকে আপনার মধ্যে এক করিয়া দেবিয়াছে সেই সভ্যকে দেবিয়াছে," অমনি সংসারী ভক্তিতে গলিয়া ভার জিন্দার বুলি ভরিয়া দিল। ওদিকে সংসারী ভার দরদালানে বসিয়া বলিভেছে, "বে-বেটা সর্বভূতকে বভদ্ব সম্ভব তকাতে রাধিরা না চলিয়াছে ভার ধোবানাপিত বন্ধ," আর আনী আসিয়া ভার মাধার পারের ধুলা দিয়া আশীর্বাদ করিয়া গেল, "বাবা বাঁচিরা বাকো।" এইজক্তই এদেশে কর্মসংসারে বিজ্ঞিরতা জড়ভা পদে পদে বাড়িয়া চলিল, কোষাও ভাকে বাধা দিবার কিছু নাই। এইজক্তই শত শত বছর ধরিয়া কর্মসংসারে আমাদের এত অপমান, এত হার।

যুরোপে ঠিক ইছার উলটা। যুরোপের সভাসাধনার ক্ষেত্র কেবল জ্ঞানে নৃছে ব্যবহারে। সেধানে রাজ্যে সমাজে যে কোনো খুঁও দেখা যার এই সভ্যের আলোতে সকলে মিলিয়া তার বিচার, এই সভ্যের সাহায্যে সকলে মিলিয়া তার সংশোধন। এইজন্ম সেই সভ্য যে-শক্তি যে-মুক্তি দিভেছে সমস্ত মাছ্ম্যের ভাছাতে অধিকার, ভাছা সকল মাছ্ম্যকে আলা দের, সাহস দেয় —ভাহার বিকাশ ভ্রমন্ত্রের কুরালায় ঢাকা নয়, মুক্ত আলোকে সকলের সামনে ভাহা বাড়িয়া উঠিতেছে, এবং সকলকেই বাড়াইয়া ত্লিভেছে।

এই বে কর্মসংসারে শত শত, বছর ধরিয়া অপমানটা সহিলাম মেটা আমাদের কাছে দেখা দিয়াছে রাষ্ট্রীয় পরাধীনতার আকারে। বেখানে বাখা সেইখানেই হাত পড়ে। এইজন্মই বে-মুরোপীয় জাতি প্রভুত্ব পাইল তাদের রাষ্ট্রব্যবস্থার দিকেই আমাদের সমস্ত মন গেল। আমরা আরু সব কথা ভূলিয়া কেবলমাত্র এই কথাই বলিতেছি বে, ভারতের লাসনভ্তরের সঙ্গে আমাদের ইচ্ছার ঘোগসাধন হ'ক তিপর হইতে বেমন-খূলি নিরম হানিবে আর আমরা বিনা খূলিতে সে-নিরম মানিব এমনটা না হয়। কর্তৃথকে কাঁধে চালাইলেই বোঝা হইয়া ওঠে, ওটাকে এমন একটা চাকাওরালা ঠেলাগাড়ির উপর নামানো হ'ক বেটাকে আমরাও নিজের হাতে ঠেলিতে পারি।

व्यक्तित वित्य अहे श्रार्थना पृथिवीष गय व्यक्ति वाणिषा छेठियाद व्य, वाशिवयं वर्षाय गण्म् अव्यक्ति वाणिषा व्यक्ति वाणिषा व्यक्ति वाणिषा व्यक्ति वाणिषा व्यक्ति वाणिषा व्यक्ति वाणिषा वाणिषा व्यक्ति वाणिषा वा

ব্যোগ দিয়াছি ভাছা কালের ধর্মে—না যদি দিতাম, যদি বলিতাম রাষ্ট্রব্যাপারে আমরা ভিরকালই কর্ভাভজা, সেটা আমাদের পক্ষে নিভাস্ক লজ্জার কথা হইত। অস্কৃত একটা কাটল দিয়াও লত্য আমাদের কাছে দেখা দিতেছে, এটাও শুভলক্ষণ।

সভা দেখা দিল ব্লিয়াই আজ এভটা জোর করিয়া বলিভেছি বে, দেশের বেআত্মাভিমানে আমাদের শক্তিকে সম্প্রের দিকে ঠেলা দিভেছে ভাকে বলি সাধু, কিছ
বে-আত্মাভিমান পিছনের দিকের অচল-থোটায় আমাদের বলির পাঁঠার মতো বাঁধিতে
চায় ভাকে বলি ধিক। এই আত্মাভিমানে বাহিরের দিকে মুখ করিয়া বলিভেছি,
রাইভিত্তের কর্তৃত্বসভায় আমাদের আসন পাতা চাই, আবার সেই অভিমানেই ঘরের
দিকে মুখ দিরাইয়া হাঁকিয়া বলিভেছি, "খবরদার, ধর্মভত্তে, সমাজভত্তে এমন কি ব্যক্তিগত ব্যবহারে কর্তার হকুম ছাড়া এক পা চলিবে না"—ইহাকেই বলি হিন্দুরানির
প্রক্ষানীবন। দেশাভিমানের ভরক হইতে আমাদের উপর হকুম আসিল, আমাদের এক
চোধ জাগিবে আর এক চোধ ঘুমাইবে। এমন হকুম ভামিল করাই দার।

বিধাতার শান্তিতে আমাদের পিঠের উপর যথন বেত পড়িল তথন দেশাভিমান ধড়কড় করিয়া বলিয়া উঠিল, "ওপড়াও ওই বেতবনটাকে।" ভূলিয়া গেছে বেতবনটা গেলেও বালবনটা আছে। অপরাধ বেতেও নাই বালেও নাই, আছে আপনার ম্ধ্যেই। অপরাধটা এই যে সভ্যের জায়গায় আমরা কর্তাকে মানি, চোথের চেয়ে চোথের ঠুলিকে জন্ম করাই আমাদের চিরাভ্যাস। যতদিন এমনি চলিবে ততদিন কোনো-না-কোনো ঝোপে-ঝাড়ে বেতবন আমাদের জন্ম অমর ইইয়া থাকিবে।

সমাজের সকল বিভাগেই ধর্মতন্ত্রের শাসন এক সময়ে মুরোপেও প্রবল ছিল। তারই বেড়-জালটাকে কাটিয়া যথন বাছির ছইল তথন ছইতেই সেধানকার জনসাধারণ আত্মকর্তৃত্বের পথে যথেষ্ট লখা করিয়া পা ফেলিতে পারিল। ইংরেজের হৈপায়নতা ইংরেজের পক্ষে একটা বড়ো প্রযোগ ছিল। কেননা মুরোপীয় ধর্মতন্ত্রের প্রধান আসনরোমে। সেই রোমের পূর্ণপ্রভাব অস্বীকার করা বিচ্ছিন্ন ইংলণ্ডের পক্ষে কঠিন ছয় নাই। ধর্মতন্ত্র বলিতে যা বোঝায় ইংলণ্ডে আজও তার কোনো চিহ্ন নাই, এমন কথা বলি না। কিছ বড়োগরের গৃহিণী বিধবা ছইলে যেমন হয় তার অবছা তেমনি। একসময়ে বাদের কাছে সে নখ-নাড়া দিয়াছে, লায়ে জ্বলায়ে আজ তাদেরই মন জোগাইয়া চলে; পালের ঘরে তার বাসের জায়গা, খোরপোশের জল্ম সামাল্য কিছু মাসহারা বরাদ। ছালের ছেলেরা পূর্বসন্ত্রমতো বৃড়িকে হপ্তায় হপ্তায় প্রশাম করে বটে কিন্তু মাল্ম করে না। এই গৃহিণীর দাবরাব যদি পূর্বের মতো থাকিত ভবে ছেলেমেয়েদের কায়ও আজ টু শক্ষ করিয়ায় জ্যো থাকিত না।

ইংলও এই বৃড়ির শাসন অনেকদিন হইল কাটাইরাছে কিছ স্পেন এখনও সম্পূর্ণ কাটার নাই। একদিন স্পেনের পালে খ্ব জাের হাওয়া লাগিয়াছিল; সেদিন পৃথিবীয় ঘাটে আঘাটার সে আপনার জয়৸বজা উড়াইল। কিছ তার হালটার দিকে সেই বৃড়ি বিসয়া ছিল, তাই আজ সে একেবারে পিছাইয়া পড়িয়াছে। প্রথম দমেই সে এতটা দেড়ি দিল তবু একটু পরেই সে যে আর দম রাখিতে পারিল না, তার কারণ কন। তার কারণ, বৃড়িটা বরাবর ছিল তার কাঁথে চড়িয়া। অনেকদিন আগেই সেদিন স্পেনের হাঁপের লক্ষণ দেখা যায় যেদিন ইংরেজের সঙ্গে স্পেনের রাজা ফিলিপের নােযুদ্ধ বাধিল। সে-দিন হঠাং ধরা পড়িল স্পেনের ধর্মবিশাসও ধেমন সনাতন প্রথায় বাধা তার নােযুদ্ধ-বিস্থাও তেমনি। ইংরেজের যুদ্ধজাহাজ চঞ্চল জলহাওয়ার নিয়মকে ভালো করিয়া বৃষিয়া লইয়াছিল কিছ স্পেনায়দের যুদ্ধজাহাজ নিজের অচল বাঁথি নিয়মকে ছাড়িতে পারে নাই। যার নৈপুণা বেশি, তার কৌলীয় যেমনি থাক, সে ইংরেজ-যুদ্ধজাহাজের স্পার হইতে পারিত কিছ কুলীন ছাড়া স্পেনীয় রণতরীর পতিপদে কারও অধিকার ছিল না।

আজ যুরোপের ছোটোবড়ো ষে-কোনো দেশেই জনসাধারণ মাথা তুলিতে পারিরাছে, সর্বত্রই ধর্মতন্ত্রের আজ কর্তৃত্ব আলগা হইয়া মাহ্ব নিজেকে শ্রদ্ধা করিতে লিখিয়াছে। গণসমাজে ষেখানে এই শ্রদ্ধা নাই—ষেমন রাশিয়ায়—সেখানকার সমাজ বেওয়ারিস ক্ষেত্রের মতো নানা কর্তার কাঁটাগাছে জঙ্গল হইয়া ওঠে। সেখানে একালের পেয়াদা হইতে সেকালের পূঁপি পর্যন্ত সকলেই মহয়ত্বের কান মলিয়া অক্যায় খাজনা আদায় করে।

মনে রাখা দরকার, ধর্ম আর ধর্মতন্ত্র এক জিনিস নয়। ও যেন আগুন আর ছাই।
ধর্মতন্ত্রের কাছে ধর্ম যখন খাটো ছয় তখন নদীর বালি নদীর জলের উপর মোড়লি
করিতে থাকে। তখন স্রোভ চলে না, মন্ধভূমি ধুধু করে। ভার উপরে, সেই
জ্বাভাটাকে লইরাই মান্ন্য যখন বুক কোলার তখন গগুল্ভোপরি বিক্ষোটকং।

ধর্ম বলে, মাহ্যকে বলি প্রজা না কর তবে অপমানিত ও অপমানকারী কারও কল্যাণ হয় না। কিন্তু ধর্মতন্ত্র বলে, মাহ্যকে নির্মাণতাবৈ অপ্রজা করিবার বিস্তারিত নির্মাণতী বলি নিথুত করিয়া না মান তবে ধর্মত্রই হইবে। ধর্ম বলে, জীবকে নির্ম্বিক কট্ট বে দের সে আত্মাকেই হনন করে। কিন্তু ধর্মতন্ত্র বলে, যত অসন্ত্র কট্টই ছ'ক্, বিধবা মেরের মূখে বে বাপ মা বিশেষ ডিথিতে অন্তল্জ ভূলিয়া দের সে পাপকে লালন করে। ধর্ম বলে, অন্থলোচনা ও কল্যাণকর্মের জারা অস্তবে বাহিরে পাপের লোধন। কিন্তু ধর্মতন্ত্র বলে, গ্রহণের দিনে বিশেষ জলে ভূব দিলে, কেবল নিজের নর, চোক্ষপুরুষের

পাপ উদ্ধার। ধর্ম বলে, সাপরগিরি পার ছইয়া পৃথিবীটাকে দেখিয়া লও, ডাডেই
মনের বিকাশ। ধর্মভন্ন বলে, সমূত্র যদি পারাপার কর ডবে ধুব লখা করিয়া নাকে
খত দিতে ছইবে। ধর্ম বলে, যে মাহ্মর বথার্থ মাহ্মর সে বে-খরেই জন্মাক পৃজনীর।
ধর্মভন্ন বলে, যে মাহ্মর ব্রাহ্মণ সে বতবড়ো অভাজনই হ'ক মাধার পা ত্লিবার
যোগা। অর্থাৎ মৃক্তির মন্ত্র পড়ে ধর্ম আর দাসত্বের মন্ত্র পড়ে ধর্মভন্ত।

আমি জানি একদিন একজন রাজা কলিকাতার আর-এক রাজার সঙ্গে দেখা করিতে গিয়াছিলেন। বাড়ি বার তিনি কালেজে পাস-কর। স্নিক্ষিত। অতিথি বখন দেখা সারিয়া গাড়িতে উঠিবেন এমন সময় বাড়ি বার তিনি রাজার কাপড় ধরিয়া টানিলেন, বলিলেন, "আপনার মূখে পান!" গাড়ি বার তিনি দারে পড়িয়া মুখের পান কেলিলেন, কেননা সারধি মুসলমান। এ-কথা জিজ্ঞাসা করিবার অধিকারই নাই "সারধি যেই হ'ক মুখের পান কেলা বায় কেন ?" ধর্মবৃদ্ধিতে বা কর্মবৃদ্ধিতে কোখাও কিছুমাত্র আটক না বাইলেও গাড়িতে বসিয়া স্বচ্ছনেদ পান বাইবার স্বাধীনতাটুকু যে দেশের মাত্র্য অনায়াসে বর্জন করিতে প্রস্তুত সে-দেশের লোক স্বাধীনতার অস্ক্যেষ্টি সংকার করিয়াছে। অথচ দেখি বারা গোড়ায় কোপ দেয় তারাই আগায় জল ঢালিবার জন্ম বাস্তুত্ব

নিষ্ঠা পদার্থের একটা শোভা আছে। কোনো কোনো বিদেশী এদেশে আসিরা সেই শোভার ব্যাখ্যা করেন। এটাকে বাহির হইতে তাঁরা সেইভাবেই দেখেন একজন আর্টিস্ট পুরানো ভাঙা বাড়ির চিত্রযোগ্যতা বেমন করিয়া দেখে, তার বাসযোগ্যতার খবর লয় না। স্নান্যান্তার পরবে বরিশাল হইতে কলিকাতার আসিতে গঙ্গানানর যাত্রী দেখিরাছি, তার বেশির ভাগ স্ত্রীলোক। কীমারের ঘাটে ঘাটে, রেলওরের স্টেশনে স্টেশনে তাদের কটের অপমানের সীমা ছিল না। বাহিরের দিক হইতে এই ব্যাকুল সহিষ্কৃতার সৌন্দর্য আছে। কিন্তু আমাদের দেশের অন্তর্গামী এই অন্ধ নিষ্ঠার সৌন্দর্যকে গ্রহণ করেন নাই। তিনি পুরস্কার দিলেন না, শান্তিই দিলেন। ছংখ বাড়িতেই চলিল। এই মেরেরা মানত-স্বত্যারনের বেড়ার মধ্যে যে সব ছেলে মাছ্য করিয়াছে ইছকালের সমন্ত বন্ধর কাছেই তারা মাধা হেঁট করিল এবং পরকালের সমন্ত ছায়ার কাছেই তারা মাধা হুঁড়িতে লাগিল। নিজের কাজের বাধাকে রান্তার বাকে বাড়িরা দেওয়াই এদের কাজ, এবং নিজের উন্নতির অন্তরারকে আকাশপরিমাণ উচু করিয়া তোলাকেই এরা বলে উন্নতি। সত্যের জন্ত মান্থ্য কই সহিবে এইটেই স্ক্রের। কানা-বৃদ্ধি কিন্তা খোড়া-শক্তির হাতে হইতে মান্ত্য বেড়া যে-সম্পদ দিয়াছেন—

ज्यांग-श्रीकादात वीवष--- এই कहे जांत्रहे त्विज्ञानि वात्व धवा। प्यांच जांत्रहे निकान प्यामात्मत्र ठिनाएएए - इंशत बार्गत कर्महोडे त्याहै। टार्थिय जायत त्रिशिक्षि शंकांत्र हाकांत्र प्यायम्कर भूगांत्र महात्न य-अथ निया ज्ञात्न छिनवाह छिक छात्रहे थादा माष्टिए পড়িয়া একটি বিদেশী রোগী মরিল, সে কোন্ জাতের মাহুষ জানা ছিল না বলিয়া কেছ जाशांक हूँ रेन ना। এই তো अनमात्र मिछेनियांत्र नक्नन। এই कडेमिस् भूना-कांगीरमत्र निष्ठा रमिराङ चन्मत्र किन्न हेहात्र लाकमान मर्यत्यम्। य-व्यन्ता मास्यरक পুণোর জন্ম জনে সান করিতে ছোটায় সেই অন্তাই তাকে অজানা মৃম্ধ্র সেবায় নিরস্ত করে। একলবা পরম নিষ্ঠুর জোণাচার্ধকে তার বুড়া আঙুল কাটিয়া দিল, কিছ এই অন্ধ নিষ্ঠার দারা সে নিজের চিরজীবনের তপস্থাফল হইতে তার সমস্ত আপন জনকে বঞ্চিত করিয়াছে। এই ষে মৃঢ় নিষ্ঠার নিরতিশর নিক্ষণতা, বিধাতা ইহাকে ममारत करवन ना-रकनना देश छात्र रात्नत व्यवमानना। गत्राछीर्थ एस्था शिष्ठ, ষে-পাণ্ডার না আছে বিহা, না আছে চরিত্র, ধনী জ্রীলোক রালি রালি টাকা ঢালিয়া দিয়া তার পা পূজা করিয়াছে। সেই সময়ে তার ভক্তিবিহ্বলতা ভাবুকের চোধে স্থন্দর किन धरे व्यविष्ठित निष्ठी, धरे व्यविष्ठित वराम्न कि मजा नमात्र भर्प धरे শ্রীলোককে এক-পা অগ্রসর করিয়াছে। ইহার উত্তর এই যে, তবু ভো সে টাকাটা খরচ করিতেছে; সে যদি পাণ্ডাকে পবিত্র বলিয়া না মানিস্ক তবে টাকা খরচ করিতই না, কিমা নিজের জন্ম করিত। সে-কথা ঠিক,—কিন্তু তার একটা মন্ত লাভ হইত এই यে, সেই খরচ-না-করাটাকে কিম্বা নিজের জক্ত খরচ-করাটাকে সে ধর্ম বলিয়া নিজেকে ভোলাইত না,—এই মোছের দাসত্ব হইতে তার মন মুক্ত থাকিত। মনের **धरे मुक्तित ज्ञादि एए मित्र मिक्ति वाहित्त ज्ञानिए भात्रिए हो। किनना गार्क** চোধ বৃজিয়া চালানো অভ্যাস করানো হইয়াছে, চোধ খুলিয়া চলিতে তার পা কাঁপে, অমুগত দাসের মডো যে কেবল মনিবের জন্মই প্রাণ দিভে শিখিয়াছে, আপনি প্রভূ হইয়া স্বেচ্ছায় স্থায়ধর্মের জন্ম প্রাণ দেওয়া তার পক্ষে অসাধ্য।

এই জন্মই আমাদের পাড়াগাঁরে অন্ধ জল স্বাস্থ্য শিক্ষা আনন্দ সমস্ত আজ ভাটার মুখে। আত্মলক্তি না জাগাইতে পারিলে পল্লীবাসীর উদ্ধার নাই—এই কথা মনে করিয়া, নিজের কল্যাণ নিজে করিবার শক্তিকে একটা বিলেব পাড়ার জাগাইবার চেষ্টা করিলাম। একদিন পাড়ার আঞ্চন লাগিল; কাছে কোথাও এক ফোটা জল নাই; পাড়ার লোক দাঁড়াইয়া হার হার' করিতেছে। আমি ভাদের বলিলাম, "নিজের মন্ত্রি দিয়া যদি ভোমরা পাড়ায় একটা কুনো খুঁছিয়া দাও আমি ভার বাধাইবার বয়চা দিব।" ভারা ভাবিল, পুণা হইবে ওই সেয়ানা লোকটার, আর ভার মন্ত্রি জোগাইব

আমরা, এটা ফাকি। সে কুরো থোঁড়া ছইল না, জলের কট রছিয়া গেল, আর আগুনের সেথানে বাধা নিমন্ত্রণ।

এই বে আটল ছ্র্লনা, এর কারণ,—গ্রামের যা-কিছু প্র্তকার্য তা এ-পর্যন্ত প্রবার প্রাত ছয় বিধাতার প্রলাভনে ঘটিয়াছে। তাই মাস্থবের সকল অভাবই প্রণ করিবার বরাত ছয় বিধাতার পরে, নয় কোনো আগন্তকের উপর। প্রোর উমেদার যদি উপস্থিত না থাকে তবে এরা জল না-খাইয়া মরিয়া গেলেও নিজের হাতে এক কোদাল মাটিও কাটিবে না। কেননা এরা এখনও সেই বৃড়ির কোল থেকে নামে নাই বে-বৃড়ি এদের জাতিকুল ধর্মকর্ম ভালোমন্দ শোওয়াবসা সমল্পই বাহির হইতে বাধিয়া দিয়াছে। ইহাদের দোষ দিতে পারি না, কেননা বৃড়ি এদের মনটাকেই আফিম খাওয়াইয়া ঘ্ম পাড়াইয়াছে। কিছু অবাক হইতে হয় ধখন দেখি, এখনকার কালের শিক্ষিত যুবকেরা, এমন কি, কালেজের তরুণ ছাত্রেরাও এই বৃড়িতয়ের গুণ গাহিতেছেন। ভারতবর্ষকে সনাতন ধাত্রীর কাঁথে চড়িতে দেখিয়া ইহাদের ভারি গর্ম; বলেন, ওটা বড়ো উচ্চ জারগা, ওধান হইতে পা মাটিতেই পড়ে না; বলেন, ওই কাঁথে থাকিয়াই আত্মকর্ত্ ছের রাজদণ্ড হাতে ধরিলে বড়ো শোভা হইবে।

অথচ পাই দেখি, তু:বের পর ত্ব:ব, তুভিক্ষের পর তুভিক্ষ; যমলোকের বতগুলি চর আছে সবগুলিই আমাদের ঘরে ঘরে বাসা লইল। বাবে ডাকাতে তাড়া করিলেও যেমন আমাদের অন্ত্র তুলিবার ছকুম নাই তেমনি এই অমকলগুলো লাক দিয়া যবন ঘাড়ের উপর দাঁত বসাইতে আসে তবন দেখি সামাজিক বন্দুকের পাস নাই। ইহাদিগকে বেদাইবার অন্ত্র জ্ঞানের অন্ত্র, বিচারবৃদ্ধির অন্ত্র। বৃড়ির শাসনের প্রতি বীদের ভক্তি অটল তাঁরা বলেন, "ওই অন্ত্রটা কি আমাদের একেবারে নাই? আমরাও সামাজ নিধিব এবং ষতটা পারি ঘাটাইব।" অন্ত্র একেবারে নাই বলিলে অত্যুক্তি হয় কিছু অন্ত্র-পাসের আইনটা বিষম কড়া। অন্ত্র ব্যবহার করিতে দিয়াও ঘতটা না-দিতে পারা যায় তারই উপর যোলো আনা ঝোঁক। ব্যবহারের গতি এতই, তার একটু এদিক-ওদিক হইলেই এত মুর্জন্ন কানমলা, সমন্ত গুরুপুরোহিত তাগাতাবিজ্ঞ সংস্কৃত স্লোক ও মেয়েলি মন্ত্র এত ভরে ভয়ে সাবধানে বাঁচাইয়া চলিতে হয় যে, ডাকাত পড়িলে ডাকাডের চেরে অনজ্যাসের বন্দুক্টা লইয়াই কাঁপরে পড়িতে হয়।

ষাই ছ'ক, পায়ের বেড়িটা অক্ষয় হ'ক বলিয়াই যখন আশীর্বাদ করা হইল তথন
দরালু লোক এ-কথাও বলিতে বাধ্য যে, মাসুষদের কাঁথে করিয়া বেড়াইতে প্রস্তুত হও।
যত রাজ্যের জাতের বেড়া, আচারের বেড়া- মেরামত করিয়া পাকা করাই যদি
প্রক্ষমীয়ন ছয়, যদি এমনি করিয়া জীখনের ক্ষেত্রকে বাধাগ্রন্ত ও বৃদ্ধির ক্ষেত্রকে সংকীর্ণ

করাই আমাদের গৌরবের কথা হয় তবে সেই সঞ্চে এ-কথাও বলিতে হয়, এই অক্ষমদের তুই বেলা লালন করিবার জন্ম দল বাঁধো। কিছু তুই বিপরীত কূলকে এক সঙ্গে বাঁচাইবার সাধ্য কোনো শক্তিমানেরই নাই। ত্যার্তের ঘড়াঘটি সমন্ত চুরমার করিবে, তার পরে চালুনি দিয়া জল আনিতে ঘন ঘন ঘাটে-ঘরে আনাগোনা, এ আবদার বিধাতার সন্থ হয় না।

অনেকে বলেন, এদেশে পদে পদে এত ত্বংখদারিস্ত্যা, তার মৃল কারণ এখানকার সম্পূর্ণ শাসনভার পরজাতির উপর। কথাটাকে বিচার করিয়া দেখা দরকার।

ইংবেজ-রাষ্ট্রনীতির মূলতত্ত্বই রাষ্ট্রতন্ত্রের সলে প্রজ্ঞাদের শক্তির যোগ। এই রাষ্ট্রতন্ত্র চিরদিনই একতর্বদা আধিপত্যের বুকে শেল হানিয়াছে, এ-কণা আমাদের কাছেও কিছুমাত্র ঢাকা নাই। এই কণাই সরকারি বিভালয়ে আমরা সদরে বসিয়া পড়ি, শিবি, এবং পড়িয়া এগজামিন পাস করি। এ-কণাটাকে এখন আমাদের কাছ হইতে ফিরাইয়া লইবার আর উপায় নাই।

কন্ত্রেস বল, লীগ বল, এ-সমন্তর মৃলই এইখানে। ধেমন মুরোপীর সায়াক্ষে
আমাদের সকলেরই অধিকারটা সেই সায়াক্ষেরই প্রকৃতিগত, তেমনি ইংরেজ-রাষ্ট্রতন্তের
ভারতের প্রজার আগন অধিকার সেই রাষ্ট্রনীতিরই জীবনধর্মের মধ্যেই। কোনো
একজন বা দশজন বা পাঁচশজন ইংরেজ বলিতে পারে, ভারতীয় ছাত্রকে সায়াক্ষ
শিবিবার প্রযোগটা না দেওয়াই ভালো, কিন্তু সায়াক্ষ সেই পাঁচল ইংরেজের কণ্ঠকে লক্ষ্য
দিয়া বক্সমরে বলিবে, "এস ভোমরা, ভোমাদের বর্ণ ধেমনি হ'ক, ভোমাদের দেশ
থেখানেই থাক, আমাকে গ্রহণ করিয়া শক্তি লাভ করো।" তেমনি কোনো দশজন বা
দশহাজারজন ইংরেজ রাজসভার মঞ্চে বা থবরের কাগজের গুল্পে চড়িয়া বলিতেও পারে
ধে, ভারতশাসনতত্ত্বে ভারতীয় প্রজার কর্তৃত্বকে নানাপ্রকারে প্রবেশে বাধা দেওয়াই
ভালো, কিন্তু সেই দশহাজার ইংরেজের মন্ত্রণাকে তিরস্কার করিয়া ইংরেজের রাষ্ট্রনীতি
বজ্জম্বরে বলিতেছে, "এস ভোমরা, ভোমাদের বর্ণ ধেমনি হ'ক, ভোমাদের দেশ
ধেখানেই থাক, ভারতশাসনতত্ত্বে ভারতীয় প্রজার আগন অধিকার আছে, ভাহা গ্রহণ
করো।"

কিন্তু ইংরেজের রাষ্ট্রনীতি আমাদের বেলায় থাটে না, এমন একটা কড়া জবাষ শুনিবার আলহা আছে। ভারতবর্ধে ব্রাহ্মন ষেমন বলিয়াছিল উচ্চতর জ্ঞানে ধর্মে কর্মে শুনের অধিকার নাই, এও সেই রকমের কথা। কিন্তু ব্রাহ্মন এই অধিকারভেদের ব্যবস্থাটাকে আগালোড়া পাকা করিল্প গাঁথিয়াছিল— যাহাকে বাহিরে পলু করিবে ভার মনকেও পলু করিয়াছিল। জ্ঞানের দিকে গোড়া কাটা পড়িলেই কর্মের দিকে ভালপালা আপনি শুকাইরা যায়। শৃত্রের সেই জ্ঞানের শিক্ডটা কাটিতেই আর বেশি কিছু করিতে হর নাই; তার পর হইতে তার মাথাটা আপনিই সুইরা পড়িরা ব্রাহ্মণের পদরজে আসিরা ঠেকিরা বহিল। ইংরেজ আমাদের জ্ঞানের বার বন্ধ করে নাই, অথচ সেইটেই মুক্তির সিংহরার। রাজপুরুষেরা সেজস্ত বোধ করি মনে মনে আপসোস করেন এবং আত্তে বিস্থালয়ের তুটো-একটা জ্ঞানলাদরজ্ঞাও বন্ধ করিবার গতিক দেখি.—কিন্ধ তর্ একথা তারা কোনোদিন একেবারে তুলিতে পারিবেন না যে, স্থবিধার বাতিরে নিজের মহায়ত্বকে আবাত করিলে ফলে সেটা আত্মহত্যার মতোই হয়।

ভারতশাসনে আমাদের স্থাষ্য অধিকারটা ইংরেজের মনন্তন্ত্রের মধ্যেই নিহিত—এই আশার কথাটাকে বদি আমাদের শক্তি দিয়া ধরিতে পারি তবে ইহার জন্ত বিশুর ত্থের সহা, ত্যাগ করা. আমাদের পক্ষে সহজ্ঞ হয়। যদি আমাদের ত্র্বল অভ্যাসে বলিয়া বিস, কর্তার ইচ্ছা কর্ম, ওর আর নড়চড় নাই, তবে যে স্থগভীর নৈরাশ্র আসে, তার ছই রকমের প্রকাশ দেখিতে পাই—হয় গোপনে চক্রাস্ত করিয়া, আক্ষিক উপদ্রবের বিশুার করিতে থাকি, নয় ঘরের কোণে বিসমা পরস্পরের কানে-কানে বলি, অমৃক লাটসাহেব ভালো কিম্বা মন্দ, অমৃক ব্যক্তি মন্ত্রিসভার সচিব থাকিতে আমাদের কল্যাণ নাই, মর্লি সাহেব ভারতসচিব হইলে হয়তো আমাদের স্থানি হইবে, নয়তো আমাদের জাগ্যে এই বিড়াল বনে গিয়া বনবিড়াল হইয়া উঠিবে। অর্থাৎ নৈরাক্তে, হয় আমাদের মাটির তলার স্থরকের মধ্যে ঠেলিয়া শক্তির বিকার ঘটায়, নয় গৃহকোণের বৈঠকে বসাইয়া শক্তির ব্যর্থতা স্থষ্ট করে; হয় উন্মাদ করিয়া তোলে, নয় হাবা করিয়া রাধে।

কিছ মহুগ্রহকে অবিশাস করিব না; এমন জোরের সঙ্গে চলিব, যেন ইংরেজ-রাষ্ট্রনীতির মধ্যে কেবল শক্তিই সভা নছে, নীতি তার চেয়ে বড়ো সভা। প্রতিদিন তার বিক্লমতা দেখিব; দেখিব স্বার্থপরতা, ক্লমতাপ্রিয়তা, লোভ, ক্রোধ, ভয় ও অহংকার সমন্তরই লীলা চলিতেছে; কিন্তু মাহুষের এই রিপ্গুলো সেইখানেই আমাদের মারে যেখানে আমাদের অন্তরেও রিপু আছে, যেখানে আমরাও কৃত্র ভরে ভীত, কৃত্র লোভে লুক্ক, যেখানে আমাদের পরস্পরের প্রতি ঈর্ধা রিছের অবিশাস। যেখানে আমরা বড়ো, আমরা তাাগী তপন্থী প্রদ্ধাবান, সেখানে অন্তপক্ষে বাহা মহৎ তার সক্ষে আমাদের সত্য যোগ হয়; সেখানে অন্ত পক্ষের রিপ্র মার থাইয়াও তব আমরা জারী হই, বাহিরে না হইলেও অন্তরে। আমরা যদি ভিত্ হই, ছোটো হই, তবে ইংরেজ্বলর্যেন্টের নীতিকে থাটো করিয়া ভার রিপ্টাকেই প্রবল করিব। যেখানে ত্ই পক্ষ লইয়া কারবার সেখানে ত্ই পক্ষের শক্তির যোগেই শক্তির উৎকর্য, ত্ই পক্ষের হর্বসভার যোগে চর্ম ত্র্বসভা। অন্তান্ধণ যখনই জোড়হাতে অধিকারহীনভা মানিয়া লইল,

ব্রাহ্মণের অধংপতনের গর্তটা তখনই গভীর করিয়া থোঁড়া হইল। সবল তুর্বলের পক্ষে যতবড়ো শত্রু, তুর্বল সবলের পক্ষে তার চেয়ে কম বড়ো শত্রু নয়।

একজন উচ্চপদস্থ ইংরেজ-রাজপুরুষ আমাকে বলিয়াছিলেন, "তোমরা প্রায়ই বল, পুলিস ভোমাদের 'পরে অভ্যাচার করে, আমিও ভা অবিশ্বাস করি না, কিন্ধ ভোমরা তো তার প্রমাণ দাও না।" বলা বাহুলা, পুলিদের সঙ্গে লাঠালাঠি মারামারি করো, একণা ভিনি বলেন না। কিন্তু অক্তায়ের সঙ্গে লড়াই তো গায়ের জোরে নয়, সে ভো তেজের লড়াই, সে ডেব্ৰু কৰ্তবাবৃদ্ধির। দেশকে নিরস্তর পীড়ন হইতে বাঁচাইবার জন্ম একদল লোকের তো বুকের পাটা থাকা চাই, অক্যায়কে তারা প্রাণপণে প্রমাণ করিবে, পুন:পুন: रघाषना कतिरत। ज्ञानि, शूनिरमत्र এकजन छोकिमात्र अकजन मासूरमाज नत्र, रम একটা প্রকাণ্ড শক্তি। একটি পুলিসের পেয়াদাকে বাঁচাইবার জন্ম মকদমায় গবর্মেন্টের शकात्र शकात्र ठोका अत्रुठ रहा। व्यर्थार व्यामानल-महाममूख भात रहेवात विनाम পেয়াদার জন্ম সরকারি স্টীমার, আর গরিব করিয়াদিকে ভূফানে সাঁতার দিয়া পার इरें इरेंदि, এक योगा कनान एडमां अ नारे। এ यम এक तकम स्मेष्ठ कतिया विनिन्ना দেওয়া, "বাপু, মার যদি খাও তবে নিঃশব্দে মরাটাই অতীব স্বাস্থাকর।" এর পরে আর शंख भा हरण ना। अधिक! अहा य व्यामात्मद व्यत्नकित्तद हिना लाक। अहे তো কর্তা, এই তো আমাদের কবিকঙ্কণের চণ্ডী, এই তো বেছলাকাব্যের মনসা, স্থায় ধর্ম সকলের উপরে ওকেই তো পূজা দিতে হইবে, নহিলে হাড় গুড়া হইয়া যাইবে ! অভএব---

> ষা দেবী রাজ্যশাসনে প্রেশ্টিজ-রূপেণ সংস্থিতা নমস্ততে নমস্ততে নমস্ততৈ নমেনমঃ।

কিছ ইহাই তো অবিভা, ইহাই তো মারা। ষেটা সুলচোথে প্রতীর্মান হইভেছে তাই কি সত্য ? আসল সত্য, আমাকে লইয়াই গবর্মেন্ট। এই সত্য সমগ্র রাজপুরুষের চেয়ে বড়ো। এই সত্যের উপরই ইংরেজ বলী—সেই বল আমারও বল। ইংরেজ-গবর্মেন্টও এই সত্যকে হারায়, ষদি এই সত্যের বল আমার মধ্যেও না থাকে। আমি ষদি ভীক্ষ হই, ইংরেজ রাষ্ট্রভন্মের নীতিভন্মে আমার যদি শ্রদ্ধা না থাকে, ভবে পুলিস অত্যাচার করিবেই, ম্যাজিস্কৌটের পক্ষে অবিচার কঠিন হইবেই, প্রেক্টিজ দেবভা নরবলি দাবি করিভেই থাকিবে এবং ইংরেজের শাসন ইংরেজের চিরকালীন ঐতিহাসিক ধর্মের প্রতিবাদ করিবে।

এ-কথার উত্তরে শুনিব "রাইড্জে নীডিই শক্তির চেরে সত্য এই কথাটাকে পারমার্থিক ভাবে মানা চলে কিন্ধ ব্যবহারিকভাবে মানিতে গেলে বিপদ আছে, অভএব হর গোপনে পরম-নিঃশব্দ গরম-পদ্ধা—নয়তো প্রেস অ্যাক্টের মুখ-থাবার নিচে পরম-নিঃশব্দ নরম-পদ্ধ।"

"হা, বিপদ আছে বই কি, তবু জানে যা সত্য ব্যবহারেও ভাকে সভ্য করিব।"

"किश्व ष्यामारमञ्ज रमण्यत्र रमारक हे छद्य किश्या रमारक कारयत्र शरक माका मिर्य ना विकास है मिर्य।"

"এ-কথাও ঠিক। তবু সভাকে মানিয়া চলিতে হইবে।"

"কিন্ধ আমাদের দেশের লোকেই প্রশংসা কিংবা পুরস্বারের লোভে ঝোপের মধ্য ছইভে আমার মাধায় বাড়ি মারিবে।"

"একৰাও ঠিক। তবুও সভ্যকে মানিতে হইবে।"

"এতটা কি আশা করা যায় ?"

হাঁ, এতটাই আশা করিতে হইবে, ইহার একটুকুও কম নয়। গবর্মেন্টের কাছ হইতেও আগরা বড়ো দাবিই করিব কিন্তু নিজেদের কাছ হইতে তার চেয়ে আরও বড়ো দাবি করিতে হইবে, নহিলে অন্ত দাবি টি কিবে না। এ-কথা মানি, সকল মান্ত্রই বলিষ্ঠ হয় না এবং অনেক মান্ত্রই ত্র্বল; কিন্তু সকল বড়ো দেশেই প্রত্যেকদিনই অনেকগুলি করিয়া মান্ত্র্য জনেন যারা সকল মান্ত্রের প্রতিনিধি—যারা সকলের তঃখকে আপনি বছেন, সকলের পথকে আপনি কাটেন, যারা সমস্ত বিরুদ্ধতার মধ্যেও মন্ত্রাত্ত্রকে বিশাস করেন এবং ব্যর্থতার গভীরতম অন্ধ্রনারের পূর্ব প্রান্তে অরুণোদয়ের প্রতীক্ষায় জাগিয়া থাকেন। তাঁরা অবিশাসীর সমস্ত পরিহাসকে উপেক্ষা করিয়া জোরের সঙ্গে বলেন—

"ব্রমপাস্থ ধর্মস্ত ভারতে মহতো ভরাৎ"

অর্থাৎ কেন্দ্রস্থলে যদি সল্পনাত্রও ধর্ম থাকে তবে পরিধির দিকে রাশি রাশি ভয়কেও ভয় করিবার দরকার নাই। রাষ্ট্রতত্ত্বে নীতি যদি কোনোখানেও থাকে তবে তাহাকেই নমন্বার—ভীতিকে নয়। ধর্ম আছে, অতএব মরা পর্বন্ধ মানিরাও তাহাকে মানিতে ছইবে।

ভাক্তার যাই করি না তাই ডাক্তারি।" ভরে যদি বৃদ্ধি দমিয়া না যায় ভবে তাঁকে আমার একথা বলিবার অধিকার আছে "যে ডাক্তারি-ভব্ব লইয়া ভূমি ডাক্তার আমি ভাকে ভোমার চেয়ে বড়ো বলিয়াই জানি, তার ম্লোই ডোমার ম্লা।"

এই যে অধিকার এর সকলের চেয়ে বড়ো জোর ওই ডাক্তার সম্প্রদারেরই ডাক্তারিলাম্রে এবং ধর্মনীতির মধ্যে। ডাক্তার যতই আস্ফালন কক্ষক এই বিক্রান এবং
নীতির দোহাই মানিলে লক্ষা না পাইরা সে থাকিতেই পারে না। এমন কি, রাগের
মুখে সে আমাকে ঘূষিও মারিতে পারে—কিন্তু তবু আল্তে আল্তে আমার সেলাম এবং
সেলামিটি পকেটে করিয়া গাড়িতে বসার চেয়ে এই ঘূষির মূল্য বড়ো। এই ঘূষিতে
সে আমাকে যত মারে নিজেকে তার চেয়ে বেলি মারে। তাই বলিতেছি, যে-কথাটা
ইংরেজের কথা নয় কেবলমাত্র ইংরেজ আমলাদের কথা, সে-কথায় যদি আমরা
সায় না দিই তবে আজ্ব ত্বং ঘটিতে পারে কিন্তু কাল ত্বং কাটিবে।

দেড়-শ বছর ভারতে ইংরেজ-শাসনের পর আজ এমন কথা শোনা গেল, মাদ্রাজ্ব গবর্মেন্ট ভালোমন্দ যাই করুক বাংলা দেশে তা লইয়া দীর্ঘনিষাসটি ফেলিবার অধিকার বাঙালির নাই। এত দিন এই জানিতাম, ইংরেজের অবত শাসনে মাদ্রাজ্ব বাংলা পাঞ্জাব মারাঠা ভিতরে বাহিরে এক হইয়া উঠিতেছে এই গৌরবই ইংরেজ সাম্রাজ্যের মৃক্টের কোহিছের মণি। বেলজিয়ম ও ফ্রাপের তুর্গতিকে আপন কুর্গতি মনে করিয়া ইংরেজ যুদ্ধক্তেরে প্রাণ দিতে ছুটিয়াছে, সমূত্রের পশ্চিম পারে যখন এই বার্তা তখন সমূত্রের পূর্ব পারে এমন নীতি কি একদিনও খাটিবে যে, মাল্রাজের ভালোমন্দ স্থপ-তৃঃধে বার্তালির কোনো মাধাব্যথা নাই ? এমন ছকুম কি আমরা মাধা হেঁট করিয়া মানিব ? এ-কথা কি নিশ্চম জানি না যে, মৃথে এই ছকুম যত জোরেই হাঁকা হউক অল্পরে ইহার পিছনে মল্ড একটা লক্ষা আছে ? ইংরেজের সেই অক্সায়ের গোপন লক্ষা আর আমাদের মন্ত্রগ্রের প্রকাশ্ত সাহল—এই ত্রের মধ্যে মিল করিতে হইবে। ইংরেজ ভারতের কাছে সভ্যোত্রর বাণীই তাহার প্রতিশ্রুতি-বাণী। সেই দলিলকেই আমরা সব চেয়ে বড়ো দলিল করিয়া উনিব,—এ-কথা তাকে কথনোই বলিতে দিব না যে, ভারতবর্ষকে আমরা টুকরা টুকরা করিয়া মাছকাটা করিবার জঞ্চই সমৃত্র পার হইয়া আসিয়াছি।

যে-জাতি কোনো বড় সম্পদ পাইয়াছে সে তাছা দেশে দেশে দিকে দিকে দান করিবার জন্মই পাইয়াছে। যদি সে রূপণভা করে তবে সে নিজেকেই বঞ্চিত করিবে। যুরোপের প্রধান সম্পদ বিজ্ঞান এবং জনসাধারণের ঐক্যবোধ ও আত্মকত্মুত্ম লাভ। এই সম্পদ এই শক্তি ভারতকে দিবার মহৎ দারিম্বই ভারতে ইংরেজ-শাসনের বিধিদক্ত রাজ-পরোয়ানা। এই কথা শাসনকর্তাদের শ্বরণ করাইবার ভার আমাদের উপরেও আছে। কারণ, তুই পক্ষের যোগ না ছইলে বিশ্বতি ও বিকার ঘটে।

है र देख निष्म है जिहारमद माहाहै मिद्रा अभन कथा विनिष्ठ भारत – "क्षनमाधाद्रविद আত্মকভূ ছটি যে একটি মন্ত জিনিস তা আমরা নানা বিপ্লবের মধ্য দিয়া তবে বুঝিয়াছি এবং नाना नाधनात्र मधा विद्या जत्य मिठात्क गिष्या जूनियाहि।" এ-कवा मामि। जनत्उ এক-এক व्यवभागो भन এক-এক বিশেষ সভ্যকে আবিষার করে। সেই আবিষারের গোড়ার অনেক ভূল, অনেক ছঃখ, অনেক ত্যাগ আছে। কিন্তু তার ফল যারা পার जाशामिश्रास्य राष्ट्रे कृत राष्ट्रे कृश्यय ममछ नषा द्वाखाँ। याफारेख रत्र ना। व्यविनाम, वाडाणिव ছেলে আমেরিকার পিয়া হাতে-কলমে এঞ্জিন গড়িল এবং তার ভত্তও শিবিয়া महेम किन्न चाश्वत काश्म ह्हाता हहेल एक कविया कीय अक्षित्व अयन्त अविहानिक পালা যদি ভাকে সান্নিভে হইত ভবে সভাযুগের পরমায়ু নহিলে ভার কুলাইভ না। यूरवार्प बाहा गव्हाहेवा छेठिए वह्रयूर्गव रवीज वृष्टि क्ष वाजाम मानिम कानान जाहा निकफ चूफ भूं जिवाद रवलाव रविन ममय लारा नारे। आमारमत हित्र ७ अजारम यमि कर्ज्भक्तित्र विस्मित्र ष्माखाव पणित्रा शांक छत्व ष्मामास्मत्रहे विस्मित्र मत्रकात कर्ज्द्वत हर्छ। वाकिवित्यत्वत्र मत्या किছू नारे এটা यमि গোড়া रहेए वे धित्रया मन जत्व मत्या किছू य चाहि तम्हे चाविषात्र कात्ना कात्महे हहेत्व ना। जाजाकर्एख्व द्वारांश नित्रां আমাদের ভিতরকার নৃতন নৃতন শক্তি আবিদ্ধারের পথ খুলিয়া দাও—সেটাকে রোধ कविया वारिया यपि आभारम्य व्यवस्था कत्र এবং विस्थत कार्छ वित्रपिन व्यवसाखासन कविद्या वाथ जरत जाव क्रिय भवम भवनजो जाव किছू हहेरजहे भारत ना। जाहरन वाय ध-भा वाफ़ाइटनई बाब माथा ठेक कविषा मित्राल शिषा ঠেकে जात मन कथना कि मिरे বড়ো আলা টি কিভেই পারে যার জোরে মাহুষ সকল বিভাগে আপন মহন্দকে প্রাণ षियां अञ्चयां व.कद् ?

দেখিয়াছি, ইতিহাসে যখন প্রভাত হয় স্থা তখন প্র্দিকে ওঠে বটে কিছ সেই সক্ষেই উদ্ভৱে দক্ষিণে পশ্চিমেও আলো হড়াইয়া পড়ে। এক-এক ইঞ্চি করিয়া ধাপে থাপে যদি জাতির উন্নতি হইত তবে মহাকালকেও হার মানিতে হইত। মাহ্মর আগে সম্পূর্ব যোগ্য হইবে ভার পরে স্থযোগ পাইবে এই কথাটাই যদি সভ্য হয় ভবে পৃথিবীতে কোনো জাতিই আল স্বাধীনভার যোগ্য হয় নাই। ডিমক্রেসির দেমাক করিতেছ! কিছ মুরোপের জনসাধারণের মধ্যে আজও প্রচুর বীভৎসভা আছে—সে-সব কুৎসার কথা ঘাঁটিতে ইচ্ছা করে না। যদি কোনো কর্নধার বলিত এই সমন্ত যভক্ষণ আছে ভঙ্কেণ ডিমক্রেসি তার কোনো অধিকার পাইবে না ভবে বীভৎসভা ভো থাকিতই, আবার সেই পাপে স্বাভাবিক প্রভিক্ষারের উপারও চলিয়া যাইত।

তেমনি আমাদের সমাজে, আমাদের ব্যক্তিস্বাভয়ের ধারণার, ত্র্বলভা ধণেই আছে সে-কথা ঢাকিতে চাহিলেও ঢাকা পড়িবে না। তবু আমরা আত্মকর্তৃত্ব চাই। অন্ধকার ধরে এককোণের বাভিটা মিটমিট করিয়া জলিভেছে বলিয়া যে আর-এককোণের বাভিজালাইবার দাবি নাই এ কাজের কথা নয়। যে-দিকের যে সলতে দিয়াই হ'ক আলো জালাই চাই। আজ মহুগুত্বের দেয়ালি মহোৎসবে কোনো দেশই ভার সব বাভি পুরা জালাইয়া উঠিতে পারে নাই—তবু উৎসব চলিভেছে। আমাদের ধরের বাভিটা কিছুকাল হইতে নিবিয়া গেছে—ভোমাদের শিখা হইতে যদি ওটাকে জালাইয়া লইতে যাই তবে তা লইয়া রাগারাগি করা কল্যাণের নহে। কেননা, ইহাতে ভোমাদের আলো কমিবে না, এবং উৎসবের আলো বাড়িয়া উঠিবে।

উৎসবের দেবতা আজ আমাদিগকে ভিতর হইতে ডাকিতেছেন। পাণ্ডা কি আমাদের নিষেধ করিয়া ঠেকাইয়া রাখিতে পারিবে? সে যে কেবল ধনী যজমানকেই দেখিলে গদগদ হইয়া ওঠে, ক্যানাডা অক্টেলিয়ার নামে যে কেন্দ্রন পর্যন্ত ছুটিয়া যায়—আর গরিবের বেলায় তার ব্যবহার উলটা—এটা তো সহিবে না, দেরতা যে দেখিতেছেন। ইহাতে স্থয়ং অন্তর্ধামী যদি লক্ষারূপে অন্তরে দেখা না দেন, তবে ক্রোধ রূপে বাহির হইতে দেখা দিবেন।

কিন্তু আশার কারণটা উহাদের মধ্যে আছে, আমাদের মধ্যেও আছে। বাঙালিকে আমি প্রদা করি। আমি জানি আমাদের যুবকদের যৌবনধর্ম কথনোই চিরদিন ধারকরা বার্ধকোর মুখোল পরিরা বিজ্ঞ সাজিবে না। আবার আমরা ইংরেজের মধ্যেও এমন মহাত্মা বিত্তর দেখিলাম যারা স্বজাতির কাছে লাগুনা সহিয়াও ইংরেজ ইভিহাসরুক্ষের অমৃত ফলটি ভারতবাসীর অধিকারে আনিবার জন্ত উৎস্কে। আমাদের তরক্ষেও আমরা তেমনি মাহুষের মতো মাহুষ চাই যারা বাহির হইতে ত্বংখ এবং স্বজনদের নিকট হইতে ধিক্কার সহিতে প্রস্তুত্ত। যারা বিশ্বলতার আশহাকে অতিক্রম করিয়াও মহুমুত্ব প্রকাশ করিবার জন্ত বাহা।

ভারতের জরাবিহীন জাগ্রত ভগবান আজু আমাদের আত্মাকে আহ্বান করিতেছেন, বে আত্মা অপরিমের, বে আত্মা অপরাজিত, অমৃতলোকে বাহার অনস্ক অধিকার, অবচ বে আত্মা আজু অন্ধ প্রধা ও প্রভূত্বের অপমানে ধুলার মৃধ লুকাইরা। আবাতের পর আঘাত বেদনার পর বেদনা দিয়া তিনি ডাকিতেছেন, আত্মানং বিদ্ধি। আপনাকে

আজ আমরা সমুধে দেধিলাম বৃহৎ এই মান্তবের পৃথিবী, মহৎ এই মান্তবের ইতিহাস। মান্তবের মধ্যে ভূমাকে আমরা প্রত্যক্ষ করিতেছি; শক্তির রধে চড়িরা

जिनि महाकाला वाक्षभव हिन्दाहिन, बांश जान विभन युष्टा किहु उर्हे जीहा कि वांश দিতে পারিল না, বিশ্বপ্রকৃতি বর্মাল্যে তাঁহাকে বরণ করিয়া লইল, জানের জ্যোতির্ময় তিলকে তাঁর উচ্চললাট মহোজ্জল, অভিদূর ভবিশ্বতের শিপরচূড়া হইতে তাঁর জন্ম ष्णां भागनीत क्षणं वा निषी वां बिएए हा जिसे जूमा ष्यां ष्यां या मार्थ प्राप्त वा प्राप्त আসন খু জিতেছেন। ওরে অকাল-জরা-জর্জরিত, আত্ম অবিশ্বাসী ভীঞ্চ, অসত্যভারাবনত मृष्, ज्यां भरत्र वाकरमत्र नहेत्रा कृष केश्रांत्र कृष विस्तर कनह कत्रिवाद मिन नत्र, ज्यांक তুচ্ছ আশা তুচ্ছ পদমানের জন্ম কাঙালের মতো কাড়াকাড়ি করিবার সময় গেছে, আজ সেই মিধ্যা অহংকার দিয়া নিজেকে ভূলাইয়া রাখিব না, যে অহংকার কেবল আপন গৃহ-কোণের অন্ধকারেই লালিভ হইয়া স্পর্ধা করে, বিরাট বিশ্বসভার সমূধে যাহা উপহসিত निक्छ। अमुद्रक अभवान निम्ना आखं अनाननाष्ड्रित हिष्ठा अम्मरमन हिन्द्रितिसानन, आमादनन ভাহাতে কাজ নাই। যুগে যুগে আমাদের পুঞ্চ পুঞ্চ অপরাধ জমিয়া উঠিল, তাহার ভারে আমাদের পৌক্ষ দলিত, আমাদের বিচারবৃদ্ধি মৃম্ব্,—সেই বহু শতাব্দীর আবর্জনা আৰু সবলে সভেকে ভিরম্বত করিবার দিন। সমুখে চলিবার প্রবলভম বাধা আমাদের পশ্চাতে; আমাদের অতীত ভাছার সম্মোহনবাণ দিয়া আমাদের ভবিষ্যংকে আক্রমণ করিয়াছে; তাহার ধ্লিপুঞ্জে শুদ্পত্তে সে আজিকার নৃতন যুগের প্রভাতসূর্বকৈ মান कतिन, नवनव ष्यभावनाम्नीन ष्यामारमद योवनधर्मत्क ष्यां ज्ञां कतिमा मिन, ष्यां निर्मम वर्ष्ण व्याभारमव मिर्छ पिर्छव पिक्छे। क भूकि पिर्छ इन्दे ज्या कि निज्ञ मुक्ताभी मन् মছুশ্বজের সহিত যোগ দিয়া আমরা অসীম বার্থতার লব্দা হইতে বাঁচিব, সেই মহুশ্বজ ্ষে মৃত্যুজ্বয়ী, যে চিরজাগরক চিরসদ্ধানরত, যে বিশ্বকর্মার দক্ষিণ হন্ত, জ্ঞানজ্যোতিরা-লোকিত সত্যের পথে যে চির্ঘাত্রী, যুগ্যুগের নবনব তোরণছারে যাছার জয়ধ্বনি উচ্চুসিত হইয়া দেশদেশাস্তরে প্রতিধানিত।

বাহিরের হংশ প্রাবণের ধারার মতো আমাদের মাপার উপর নিরম্ভর বর্ষিত হইরাছে, অহরহ এই ত্বংভাগের যে তামসিক অশুচিতা, আজ তাহার প্রায়শ্চিত্ত করিতে হইবে। তাহার প্রায়শ্চিত্ত কোপায়? নিজের মধ্যে নিজের ইচ্ছার ত্বংবকে বরণ করিয়া। সেই ত্বংশই পবিত্র হোমায়ি,—সেই আগুনে পাপ পুড়িবে, মৃচতা বাষ্প হইরা উড়িয়া মাইবে, অড়ভা ছাই হইরা মাটিতে মিশাইবে। এস প্রভু, তুমি দীনের প্রভু নও। আমাদের-মধ্যে যে অদীন, যে অমর, যে প্রভু, যে ঈশর আছে, হে মহেশর তুমি তাহারই প্রভু—ভাকো আজ ভাহাকে ভোমার রাজসিংহাসনের দক্ষিণপার্ষে। দীন লক্ষিত হউক, দাস লাছিত হউক, মৃচ তিরশ্বত হইরা চির-নির্বাসন গ্রহণ কক্ষক।

এম্পরিচয়

্রচনাবলীর বর্তমান খণ্ডে মুদ্রিত গ্রন্থগণির প্রথম প্রকাশের তারিখ ও গ্রন্থ-সংক্রান্ত অক্যান্য জ্ঞাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংকলিত হইল। এই খণ্ডে মুদ্রিত কোনো কোনো রচনা সম্বন্ধে কবির নিজের মন্তব্যও মুদ্রিত হইল। পূর্ণতর তথ্যসংগ্রন্থ সর্বশেষ খণ্ডে একটি পঞ্জীতে সংকলিত হইবে।

শেষ সপ্তক

শেষ সপ্তক ১৩৪২ সালের ২৫ বৈশাখ গ্রন্থাকারে প্রকাশিত হয়।

শেষ সপ্তকের ১৫ সংখ্যক কবিতাবলীর সহিত পথে ও পথের প্রান্তে গ্রন্থে প্রকাশিত শ্রীমতী রানী মহলানবিশকে লিখিত ২৬ ও ২৭ সংখ্যক পত্র ভূলনীয়; এই কবিতাগুলিকে ঐ চিঠি ঘূটিরই কাব্যরূপ বলা যাইতে পারে।

शर्थ ७ शर्थत्र व्यास्त्र, २७ । जूननीत्र त्यव मश्चक ১०।১

ष्णामि ष्णावाद पद वमम करवि । এই छमद्रानद वाफ्रिक्ट । वाफ्रिवेद नाम छेनग्रन, मिक्शे बानिय रिभा डाला। छेखरत्र रिक् पृष्टि ছোটো घत। এই त्रक्ष ছোটো ঘর আমি ভালোবাসি, তার কারণ তোমাকে বলি। ঘরটাই যদি বড়ো হয় তবে वाहित्रो (थरक मृद्र পড़ा यात्र। वश्च उ वड़ा घदत्र मासूयरक विभि जावस करत। ভার মধ্যেই তার মনটা আসন ছড়িয়ে বসে, বাহিরটা বড্ড বেলি বাইরে সরে দাড়ায়। এই ছোটো ঘরে ঠিক আমার বাসের পক্ষে যভটুকু দরকার ভার বেশি কিছুই নেই। সেধানে ধাট আছে টেবিল আছে চৌকি আছে; সেই আসবাবের সঞ্চে একখণ্ড আকাশকে জড়িড ক'রে রেখে আকাশের শথ ঘরেই মেটাতে চাইনে। পেতে চাই তার স্বস্থানে বাইরে; পূর্ণভাবে বিশুদ্ধভাবে। দেয়ালের ভিতরে যে আকাশকে বেঁধে রাখা হয় তাকে আমি ছেড়ে দেবামাত্রই সে আমার ধ্বার্থ কাছে এসে দাড়ায়। একেবারেই আমার বসবার চৌকির অনতিদুরে, আমার জানলার গা ঘেঁষে। जात काक रूफ मनत्क हूरि एए द्या ; त्म यि नित्क यत्यहे हूरि ना भाव, मनत्क हूरि मिए भारत ना। এইবার আমার ঘরে-আকালে यशार्थ मिन स्रायह— दिन नाशरह। চেয়ে দেখি यजन्त - दिन्थ। यात्र, व्यावात भवक्ता व्यामात्र एक एक मध्या कि विदिश व्यान ए एस्त्रि एव ना। व्याननात काष्ट्र राम राम श्रीवरे जारि, मृत न'रम अको। अमार्थ আছে, সে বড়ো স্থলর। বস্তুত স্থলয়ের মধ্যে একটি দূরত্ব আছে, নিকট তার সুল হস্ত

नित्त जाक रवन नागान शांत्र ना। ऋमत आमार ममछ निगस हाफिर यात्र, जांहे तम आमार के श्री क्षित का मार महिल्ल महिल्ल महिल्ल का मार के श्री का हिल्ल का मार के श्री का हिल्ल का मार के श्री का हिल्ल का मार के श्री का मार के श्री का हिल्ल का मार के श्री का मार कि मार का मार का

क्य यथन विषयक्य ना इय, ज्थन म्हे क्य माश्यक मृत्यव चाम प्रय, मृत्यव वैनि বাজায়। কবিতা লিখি, ছবি আঁকি, তার মধ্যে প্রয়োজনের অতীত দূরের আকাশ আছে বলেই এত ভালোবাসি, তাতে এমন মগ্ন ছতে পারি। সেই সঙ্গে আজকাল আমার বিভালয়ের কাঞ্জ যোগ দিয়েছে— এরকম কাঞ্জে মনের মুক্তি। এ কাঞ্জের क्ष्य निकर्षेत्र क्ष्य नम्। रम्नकारम वहम्त्र विखीर्भ ; खवावहिख निस्क्रत कार्ष्ट स्थरक কতদুরে চলে গেছে তার ঠিকানা নেই; ভাই এর জন্ম ত্যাগ করা সহজ, এর জন্ম কাব্দ করতে ক্লান্তি নেই। সেইজান্ত আব্দকাল আমি আমার মধ্যে যেন বছদ্রকে দেখি, णामि এयन प्यामात्र काष्ट्र वाकित्न। जामात्र कार्यत्र माम्यत् स्थमन এই प्याकाम, আমার চিস্তার মধ্যে সেই আকাশ, আমার চেষ্টা উড়ে চলেছে সেই আকাশে। এই রকমের কাব্দে অনেকে জড়িত হয়ে পাকে ব্যক্তিগত ক্ষমতা পাবার জন্মে; এমন উদার কাজও তাদের পক্ষে বন্ধন, মুক্তির ক্ষেত্রেও তারা ইন্টার্নড। আমার কাজে আমি ক্ষমতা চাইনে, আমার নিজের দিকের কিছুই চাইনে, কাজের মধ্যে আমি বিরাট বাহিরকে চাই, দূরকে চাই — "আমি স্থদূরের পিয়াসী।" বস্তুত বাহির থেকে দেখলে আজকাল আমার লেশমাত্র সময় নেই, কিন্ধ ভিতর থেকে দেখলে প্রত্যেক মুমুর্ভই আমার অবকাশ। নিজের দিকে কোনো ফল পাব একথা যথনি ভূলি তথনি দেখতে পাই কর্মের মতো ছুটি আর নেই। কর্মহীন শুধু ছুটিতে মুক্তি পাইনে, কেননা সে ছুটিও . निष्मदक निरम्हे। हेि ७ ष्म श्राह्म १, २००४

शर्ष ७ शर्षत्र व्यार्ष्ड २१ ॥ जूमनोत्र त्मव मश्चक ३६।२।७

প্রমূ কথা পরে হবে, গোড়াতেই বলে রাখি তুমি যে চা পাঠিয়েছিলে সেটা খ্ব ভালো। এতদিন যে লিখিনি সেটা আমার স্কভাবের বিশেষত্ববলত। যেমন আমার

हिव औंका एकानि जामान हिठि लावा। अकरो वा एम किहू मावाम जारा मिरा क्लि, श्रिकित्व भीवनशांबात्र हांही वर्षा य-जव श्वत खरा श्रिक जात जरू कांना र्यांग त्नहे। व्यामाद हविश्व के दक्म। या हय कांत्ना अकीं क्रम मत्नद मर्था हींर দেখতে পাই, চারদিকের কোনো কিছুর সঙ্গে তার সাদৃষ্ঠ বা সংলগ্নতা পাক্ বা না পাক্। আমাদের ভিতরের দিকে সর্বদা একটা ভাঙাগড়া চলাফেরা জোড়াতাড়া চলছেই; কিছু বা ভাব, কিছু বা ছবি নানারকম চেহারা ধরছে— ভারই সঙ্গে আমার কলমের কারবার। এর আগে আমার মন আকাশে কান পেতে ছিল, বাতাস থেকে স্থর আসত, কথা গুনতে পেত, আঞ্চকাল গে আছে চোখ মেলে রূপের রাজ্যে, রেখার ভিড়ের মধ্যে। গাছপালার দিকে তাকাই, তাদের অত্যন্ত দেখতে পাই— স্পষ্ট বুকতে পারি জ্বগৎটা আকারের মহাযাত্রা। আমার কলমেও আসতে চার সেই আকারের मीमा। पार्तिभ नम्, जात नम्, िक्षा नम्, ऋत्मन्न ममार्तिम। पार्क्य এই यে তাতে গভীর আনন্দ। ভারি নেশা। আজকাল রেখায় আমাকে পেয়ে বসেছে। তার ছাত ছাড়াতে পারছিনে। কেবলি তার পরিচয় পাচ্ছি নতুন নতুন ভন্ধীর মধ্যে দিয়ে। তার রহস্তের অন্ত নেই। যে বিধাতা ছবি আঁকেন এতদিন পরে তাঁর মনের কথা জানতে পারছি। অসীম অব্যক্ত, রেখায় রেখায় আপন নতুন নতুন সীমা রচনা করছেন— আয়তনে সেই দীমা কিন্তু বৈচিত্তো সে অন্তহীন। আর কিছু নয়, স্থনিদিষ্টতাতেই যথার্থ সম্পূর্ণতা। অমিতা যখন স্থমিতাকে পায় তখন সে চরিতার্থ रद। ছবিতে যে আনন্দ, সে হচ্ছে স্থপরিমিতির আনন্দ, রেপার সংযমে স্থনিদিষ্টকে সুম্পষ্ট করে দেখি— মন বলে ওঠে, নিশ্চিত দেখতে পেলুম— তা সে যাকেই দেখি না কেন, একটুকরো পাধর, একটা গাধা, একটা কাঁটাগাছ, একজন বৃড়ি, যাই ছোক। নিশ্চিত দেপতে পাই যেখানেই, সেখানেই অসীমকে স্পর্শ করি, আনন্দিত হয়ে উঠি। তাই ব'লে এ কথা ভুললে চলবে না যে ভোমার চা খুব ভালো লেগেছে। ইভি ১० व्यक्तांत्रवं, ১००४

শেষ সপ্তকের অনেকগুলি কবিতার ছন্দোবদ্ধ রূপ, বা রূপাশ্বর বিভিন্ন সামরিক পত্রে বা পাণ্ডুলিপিতে পাওয়া যায়। শ্রীকানাই সামস্ক এই রূপাশ্বরগুলি সংকলন করিয়া দিয়াছেন। সংযোজন অংশে সেগুলি মুদ্রিত ছইল।

এই প্রসঙ্গে শেষ সপ্তকের তেইশ ও চৌজিশ সংখ্যক কবিতার সঙ্গে প্রান্তিক (১৩৪৪) গ্রন্থের পনেয়ো ও যোগো সংখ্যক কবিতা ভূলনীয়। কবিতা তুইটি নিচে মুক্তিত হইল।

> প্রান্তিক ১০ ৪ তুলনার লেব সংক্র ২৩ অবক্রম ছিল বায়ু; লৈভ্যসম পুঞ্জ মেষভার ছায়ার প্রছন্তীবৃহহে বিশ্বে ছিল স্বের হুয়ার;

অভিত্ত আলোকের মূর্ছাত্র মান অসম্বানে
দিগন্ত আছিল বাম্পাকুল। যেন চেরে ভূমিপানে
অবসাদে অবনত ক্ষীণখাস চির প্রাচীনভা
তক্ষ হয়ে আছে বসে দীর্ঘকাল, ভূলে গেছে কথা,
ক্লান্ডিভাবে আঁথিপাভা বদ্ধপ্রায়।

भृत्य रहनकारम জয়শন্থ উঠিল বাজিয়া। চন্দনতিলক ভালে শরৎ উঠিল ছেসে চমকিত গগন-প্রাঙ্গণে; পলবে পলবে কাঁপি বনলন্দ্ৰী কিঙ্কিণী কঙ্কৰে विक्रूत्रिम मिरक मिरक स्माि क्यां । व्यांक्य रहित होर्स কোন্ অনিৰ্বচনীয় নবীনেয়ে ভক্কণ আলোকে ! যেন আমি ভীর্থাত্রী অভিদূর ভাবীকাল হতে মন্ত্রবলে এসেছি ভাসিয়া। উজ্ঞান স্বপ্নের স্রোতে অক্সাৎ উত্তরিম বর্তমান শতাব্দীর ঘাটে यन এই मूहर्ल्ड । टिप्स टिप्स तिना भात कारि। আপনারে দেখি আমি আপন বাহিরে, যেন আমি অপর যুগের কোনো অজানিত, সন্থ গেছে নামি সত্তা হতে প্রত্যহের আচ্ছাদন; অক্লাম্ভ বিশ্বর যার পানে চক্ষু মেলি ভারে ষেন আঁকড়িয়া রয় পুষ্পলগ্ন ভ্রমবের মতো। এই তো ছুটির কাল, দর্ব দেহমন হতে ছিল্ল হল অভ্যাদের জাল, নগ্ন চিত্ত মগ্ন ছল সমস্তের মাঝে। মনে ভাবি, পুরানোর হুর্গবারে মৃত্যু যেন খুলে দিল চাবি, ন্ডন বাহিরি' এল; ভুচ্ছতার জীর্ণ উত্তরীয় ঘুচাল সে; অন্তিত্বের পূর্ব মূল্যে কী অভাবনীয় প্রকাশিল ভার স্পর্দে, রঞ্জনীর মৌন স্থবিপুল প্রভাতের গানে সে মিলায়ে দিল; কালো ভার চুল পশ্চিমদিগন্তপারে নামহীন বন-নীলিমার विखातिन त्रश्य निविष्।

আজি মৃক্তিমন্ত্ৰ গায়

আমার বক্ষের মাঝে দ্রের পথিকটিও মম, সংসার্যাত্রার প্রাক্তে সহমর্পের বধুসম।

প্রাধিক ১৬॥ তুলানীর শেষ সপ্তরুত ও
প্রথিক দেখেছি আমি পুরাবে কীর্ভিড কভ দেশ
কীর্ভি-নিঃম্ব আজি; দেখেছি অবমানিত জন্মশেষ
দর্শোন্ধত প্রভাপের; অস্তর্ভিড বিজয়-নিশান
বক্সাথাতে শুরু যেন অট্টগাসি; বিরাট সম্মান
সাষ্টাক্ষে সে ধূলার প্রণত, যে ধূলার পরে মেলে
সন্ধ্যাবেলা ভিক্ জীর্ণ কাঁথা, যে ধূলার চিহ্ন কেলে
আন্তর্গ পদ পথিকের, পুনঃ সেই চিহ্ন লোপ করে
অসংখ্যের নিত্য পদপাতে। দেখিলাম বালুছরে
প্রচ্ছয় স্মৃত্র যুগান্তর, ধূলর সমুত্রতলে
যেন মর মহাতরী অকম্মাৎ ঝ্লাবর্তবলে
লয়ে তার সব ভাষা, সর্ব দিনরজনীর আশা,
মুখরিত ক্ষ্ণাত্কা, বাসনা-প্রদীপ্ত ভালোবাসা।
তবু করি অমৃত্রব বসি' এই অনিত্যের বৃক্ষে
অসীমের হৎম্পান্দন তর্জিছে মোর দ্বঃবে স্থবে।

শেষ সপ্তকের সাতাশ-সংখ্যক কবিতার অক্স একটি রূপ সংযোজন জংশে (ঘট ভরা, পৃ ১১৫) মুদ্রিত হইয়াছে। পাণ্ড্লিপি হইতে অক্স একটি পাঠ নিচে মৃদ্রিত হইল:

আমার এই ছোটো কলস পেতে রাধি
বরনাধারার নিচে।
সকালবেলার বসে থাকি
শেওলা-ঢাকা পিছল কালো পাধরটাতে
পা খুলিরে।

घडे छदा यात्र धक निरम्पत, क्वित्य छंट्ठे इन्इनित्य, इानित्य भएं चादा चादा, ं ज़िंदे दिना धन स्थायात्र स्वना। **,** }

সৰ্জ দিয়ে মিনে-করা
পাহাড়ভলির নীল আকাশে
ব্যব্ধরানি উছলে ওঠে দিনেরাতে।
ভোরের ঘুমে ডাক শোনে তার
গাঁয়ের মেয়েরা।

জ্ঞলের ধ্বনি যায় পেরিয়ে
বেগ্নি রঙের বনের সীমানা
যেখানে ঐ বুনো পাড়ার হাটের মাহ্য
তরাই গ্রামের রাস্তা ছেড়ে
থারে ধীরে উঠছে চড়াই পথে,
বলদের পিঠে বোঝাই
শুক্নো কাঠের আঁঠি;
রুহুঝুহু ঘণ্টা গলায় বাঁধা।

প্রথম প্রহর গেল কেটে।
রাঙা ছিল সকালবেলার
নজুন রোদের রঙ,
উঠল সাদা হয়ে।
বক উড়ে যায় পেরিয়ে পাহাড়
জ্লার দিকে।

বেলা হল, ডাক পড়েছে ঘরে।

ওরা আমার রাগ করে কর,

"দেরি করলি কেন।"

চূপ ক'রে সব শুনি।

ঘট ভরতে হয় না দেরি,

সবাই জানে,

উপচে-পড়া জলের কথা

ব্রবেঁ না ভো ওরা।

त्थव वर्षव

শেষ বর্ষণ ১০০২ সালে রচিত ছয়। ঐ সালের ভাস্ত মাসে ইহা মঞ্চ হওয়া উপলক্ষ্যে ঐ নামে যে পুন্তিকা প্রকাশিত হয় তাহাতে শুধু নাট্যে ব্যবহৃত গান-গুলিই মুক্তিত হইয়াছিল, কথাবন্ধ প্রকাশিত হয় নাই; পরে শুভু-উৎসব (১০০০) গ্রাছে কথা ও গানসহ শেষ বর্ষণের সম্পূর্ণ নাট্যক্রপটি প্রকাশিত হয়।

নটীর পূজা

নটীর পূঞা ১৩৩৩ সালে প্রথম প্রকাশিত হয়।

একই আধ্যানবন্ত অবলম্বনে কথা ও কাহিনীর পূজারিনী কবিতাও লিখিত হইয়াছিল।

১৩০০ সালে ২৫ বৈশাধ সারংকালে শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের জন্মোৎসব উপলক্ষ্যে নটার পূজার প্রথম অভিনয়ের সময় এই নাটকে উপালি-চরিত্র ছিল না, উপালি-চরিত্র সংবলিত স্কুচনা অংশও গ্রন্থের প্রথম মূদ্রণে ছিল না। ১৩০০ সালের ১৪ মাষ কলিকাতায় জ্যোড়াদাকো ঠাকুরবাড়িতে ঘিতীয় অভিনয়ের সময় ঐ অংশ যোজিত হয়; উপালির ভূমিকায় রবীন্দ্রনাথ অভিনয় করিয়াছিলেন। এই সময়ে মৃদ্রিত অভিনয়পত্রীতে স্কুচনা ও নিয়োদ্ধত ভূমিকা প্রকাশিত হয়, ঐ পত্রীতে নাট্যবিষয়সারও মৃদ্রিত আছে। স্কুচনা অংশ ঘিতীয় সংস্করণ হইতে গ্রন্থে সদিবিষ্ট হইয়া আসিতেছে।

ভূষিকা

অজ্ঞাতশক্ত পিতৃসিংহাসনে লোভ প্রকাশ করিতেছেন জানিয়া মহারাজ বিশ্বিসার শ্বেচ্ছায় রাজ্যভার তাঁহার হত্তে সমর্পন করিয়া নগরী হইতে দূরে বাস করিতেছেন।

একদা রাজ্যেতানে ভগবান বৃদ্ধ অলোকতকছারার আসন গ্রহণ করিয়া উপদেশ দিরাছিলেন সেইখানে বৃদ্ধভক্ত বিশ্বিসার চৈত্য স্থাপন করিয়া রাজকল্যাদিগকে বেদীমূলে প্রতিদিন সন্ধ্যাকালে অর্ঘ্য আহরণ করিতে প্রবৃদ্ধ করিয়াছিলেন।

রাজ্মহিবী লোকেশ্বরী তাঁছার স্থামীর রাজ্যত্যাগে ও তাঁছার পুত্র চিত্রের স্ম্যাসগ্রহণে স্কুর হইয়া বৃদ্ধ-অন্তলাসিত ধর্মের প্রতি বিমৃশ হইয়াছেন।

न हेता क

নটরাজ অভ্যক্তশালা ১৩৩০ সালে রচিড ও শান্তিনিকেতনে প্রথম অভিনীত হয় এবং ১৩৩৪ সালের আঘাচ সংখ্যা বিচিত্রায় প্রকাশিত হয়। ১৩৩৪ সালের অগ্রহায়ণ মাসে কলিকাতার ঋতুরজ নামে ইছা অভিনীত হয়; অভিনয়পত্রী ছইতে দেখা যায়, ইহার কবিতাংশ সম্পূর্ণ নৃত্ন। ১০০৪ সালের পৌষ সংখ্যা মাসিক বস্থমতীতে ঋতুরজ মৃক্রিত হয়।

১০০৮ সালে প্রকাশিত বনবাণী গ্রন্থে, বিচিত্রায় মুদ্রিত নটরাজ ও মাসিক বন্ধমতীতে মৃদ্রিত ঋতুরঙ্গ একত্রীভূত ও পুন:সজ্জিত হইয়া নটরাজ ঋতুরঙ্গালা নামে সংকলিত হয়। বনবাণীর এই অংশটিই বর্তমান খণ্ডে মৃদ্রিত হইয়াছে। বিচিত্রায় প্রকাশিত নটরাজের শেষ কবিতা "শেষ মধু" এই নৃতন পাঠের অন্তর্গত হয় নাই; উক্ত কবিতাটি তংপুর্বেই মহয়ার অন্তর্গত হয়।

"কেন পাছ এ চঞ্চলতা" (পৃ. ২১৫) গানটির নিম্মুদ্রিত পাঠাস্কর বিচিত্রার পাওয়া যায়; গান হিসাবে এই পাঠাস্কর স্থপ্রচলিত নহে (গীতবিতান ২য় সং, ২য় শণ্ড পু. ১৯৩)।

কেন পাস্থ এ চঞ্চলতা।

শ্য গগনে পাও কার বারতা ?

নয়ন অতন্ত্র প্রতীক্ষারত

কেন উদ্ভ্রাম্ভ অশাস্ক-মতো,

কুস্তলপুঞ্জ অযত্ত্রে নত

ক্রান্ড তড়িং-বধ্ তন্ত্রাগতা।

ধৈর্ম ধরো, সধা, ধৈর্ম ধরো,

তঃধে মাধুরী হোক মধুরতর;

হেরো গন্ধ নিবেদন বেদন স্থন্দর

মল্লিকা চরণতলে প্রণতা।

"চরণরেখা তব" (পৃ. ২২২) গানটির বিচিত্রায় মৃদ্রিত পূর্বপাঠ প্রকাশিত নিয়ে মৃদ্রিত হইল:

চরণরেখা তব যে পথে দিলে লেখি

চিহ্ন আজি তারি আপনি ঘ্চালে কি?

অলোকরেণ্ডলি

রাঙাল যার ধৃলি

তারে যে তৃণতলে আজিকে শীন দেখি?

ফ্রায় ফুল কোটা পাখিও গান ভোলে

দখিন বায় সেও উদাসী যার চলে।

ভবুও কি ভৱি তারে অমৃত ছিল না রে ?

त्यवन ভावा कि ला मवल गार र्छकि?

মৃলতঃ গানটি বসস্ত-বিদায়ের "বিলাপ"রূপে ব্যবহৃত হইয়াছিল— অভিনয়োপলক্ষ্যে একবার গানটি শরৎ-বিদায়ের "বিলাপ" রূপে পরিবর্ভিত হয়। উপরে উদ্ধৃত পাঠটিই গান হিসাবে স্মপ্রচলিত (গীতবিভান ২য় সং, ২য় ধণ্ড পৃ. ২৪৭)।

শেষ বর্ষণের অন্তর্গত "শ্রামল শোভন শ্রাবণ-ছায়া" (পৃ ১৩৬) গানটিকে, নটরাব্দের "শ্রাবণ-বিদাদ্ন" (পৃ ২১৪) গানটির পাঠান্তর বলিয়া গণ্য করা ষাইতে পারে।

"দোল" (পৃ ২৪৬) কবিতাটির গীত-রূপ "ওগো কিশোর আজি" গীতবিতানে (২য় সং, ২য় খণ্ড, পৃ ৮৯) দ্রষ্টব্য।

গৱ গুড়

বর্তমান খণ্ডে প্রকাশিত আটটি গল্পের প্রথম সাতটি ১০০০ সালের সাধনায় প্রকাশিত হইয়াছিল; নিমে বিস্তারিত স্থচী মৃদ্রিত হইল।

मण्णाहक देवमार ১०००

মধ্যবর্তিনী জ্যৈষ্ঠ ১৩০০

অসম্ভব কথা আষাট্ ১৩০০

শাব্দি শ্রাবণ ১৩০০

একটি ক্ষুত্র পুরাতন গল্প ভাত্র ১৩০০

সমাপ্তি আখিন কাভিক ১৩১০

সমস্তাপুরণ অগ্রহায়ণ ১৩০০

খাঙা গল্লটি কোনো সামন্নিকপত্ত্বে প্রকাশিত হইরাছিল কি না এখনো জানা যার নাই। শনিবারের চিঠিতে (চৈত্র ১০৪৬) প্রকাশিত "রবীদ্র রচনাপঞ্জী"তে লিখিত হইরাছে, এ গল্লটি সম্ভবত হিতবাদীতে (১২০৮) মৃত্রিত হইরাছিল। হিতবাদী বর্তমানে ছুপ্রাপ্য। এই গল্লটি সামন্নিকে প্রকাশ অনুসারে সাজ্ঞানো যার নাই, গ্রন্থাকারে প্রকাশের তারিধ অবলম্বনে ('ছোট গল্ল', ফাল্কন ১০০০) বর্তমান খণ্ডে উহা মৃত্রিত হইল।

সম্পাদক্র ও সমস্মাপ্রব 'ছোট গল্প' (ফান্তন ১৩০০) প্রেকে; অসম্ভব কথা 'বিচিত্র গল্প' প্রথম ভাগে (১৩০১).; একটি ক্স্তু পুরাতন গল্প বিচিত্র গল্প' বিভীয় ভাগে (১৩০১); এবং মধ্যবর্তিনী, শান্তি ও সমাপ্তি কথা-চজুইয়' (১৩০১) পুত্তকে প্রথম গ্রন্থান্তভূকি হয়।

मक्ष्य

মৃক্ষ ১৩২৩ সালে গ্রছাকারে প্রকাশিত হয়।

এই গ্রন্থে-মৃদ্রিত প্রবন্ধাবলীর সাময়িক পত্তে প্রকাশের স্থচী নিম্নে মৃদ্রিত হইল:

রোগীর নববর্ষ ভদ্ববোধিনী পত্রিকা জ্যেষ্ঠ ১৩১৯

রূপ ও অরূপ . প্রবাসী পৌষ ১৩১৮

নামকরণ তত্তবোধিনী পত্তিকা চৈত্র ১৩১৮

ধর্মের নবযুগ তত্ত্বোধিনী পত্রিকা; ভারতী কান্ধন ১৩১৮

ধর্মের অর্থ তত্তবোধিনী পত্রিকা আশ্বিন কার্ভিক ১৩১৮

ধর্মশিক্ষা তত্তবোধিনী পত্রিকা মাঘ ১৩১৮

ধর্মের অধিকার প্রবাসী ফাল্পন ১৩১৮

আমার জগৎ সাজ পত্র আখিন ১৩২১

ধর্মের নবযুগ মাঘোৎসব উপলক্ষে ১১ মাঘ ১৩১৮ মহর্ষি ওবনে পঠিত হয়। ধর্মের অর্থ ভান্তোৎসব উপলক্ষ্যে ৪ ভান্ত ১৩১৮ সায়ংকালে সাধারণ ব্রাহ্মসমাজে পঠিত হয়।

ধর্মশিক্ষা কলিকাতা সিটি কলেজে অস্কৃষ্টিত একেশ্বরবাদীগণের সম্মিলনে ২৭ ডিসেম্বর ১৯১১ সাম্বংকালে পঠিত হয়।

ধর্মের অধিকার মাঘোৎসব উপলক্ষ্যে সাধারণ ব্রাহ্মসমাজে ১২ মাঘ ১৩১৮ সায়ংকালে পঠিত হয়।

নামকরণ রচনার উপলক্ষ্যাদি প্রবন্ধের পাদটীকায় উল্লিখিত হইয়াছে।

পরিচয়

পরিচয় ১৩২৩ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়। এই গ্রন্থে মুদ্রিত প্রবন্ধাবলীর সাময়িক পত্তে প্রকাশের স্থচী নিমে মুদ্রিত হুইল:

ভারতবর্বে ইতিহাসের ধারা প্রবাসী বৈশাধ ১৩১৯

আত্মপরিচয় তত্তবোধিনী পত্রিকা বৈশাধ ১৩১৯

হিন্দু-বিশ্ববিষ্ঠালয় প্রবাসী অগ্রহায়ণ ১৩১৮

গ্রন্থ-পরিচয়

ভগিনী নিবেদিতা প্রবাসী অগ্রহায়ণ ১৩১৮ শিক্ষার বাহন সবুজ পত্র পৌষ ১৩২২

ছবির অঙ্গ স্বুজ্ব পত্র আবাঢ় ১৩২২

म्बानात काठि मवुष्म পত रेष्माष्टे ১०२२

কুপণতা সবুন্ধ পত্ৰ ভাত্ৰ-আশ্বিন ১৩২২

আষাঢ় সবুজ পত্ৰ আষাচ ১৩২১

শর্ব পত্র ভাত্র-আশ্বিন, ১৩২২

ভারতবর্ষে ইভিহাসের ধারা ৪ চৈত্র ১৩১৮ তারিখে ওভারটুন হলে পঠিত হয়। এই প্রবন্ধ পঠিত ও প্রবাসীতে প্রকাশিত হইলে সাময়িক গত্রে নানারপ আলোচনা হয়; রবীক্রনাথের জ্যেষ্ঠ বিজেক্রনাথ ঠাকুর মহাশয় যে মন্তব্য প্রকাশ করেন তাহা নিমে মৃত্রিত হইল:

"ভারতবর্ষে ইতিহাসের ধারা"

বিগত বৈশাবের প্রবাসীতে শ্রীমান রবীক্রনাথের পর্বালোচিত "ভারতবর্বেই তিহাসের ধারা" পাঠ করিয়া আমার মনে হইল যে, প্রাচীন ভারতের রহস্তপূর্ব ইতিহাসের নানারভের বহিরাবরণের মধ্য হইতে মন্তক উত্তোলন করিয়া ভাহার ভিতরের কথাটি যাহা এতদিন সহস্র চেষ্টা করিয়াও আলোকাভাবে আপনাকে প্রকাশ করিতে পারিয়া উঠিতেছিল না, এইবার তাহার সে চেষ্টা বাস্থান্থরূপ সাক্ষণ্য লাভ করিবে ভাহার অক্ষণোদ্য দেখা দিয়াছে; তবে যে, চতুর্দিকে কর্কশ কা কা ধানি হইতেছে—রক্ষনী-প্রভাতের সমসমকালে ভাহা হইবারই কথা। এতদিনের ধন্তাধন্তির পরে ভারতে প্রকৃত ইতিহাসের এই যে একটা সম্ভবমতো পাকা রক্ষমের গোড়াপত্তন হইল, ইহা বন্ধ-সরস্বতীর ভক্ত সন্তানদিগের কত না আনন্দের বিষয়। গোড়াপত্তন ইইয়াছে যেরূপ স্থান্তর প্রবং যালমশলার জোগাড় করা আবশ্রুক, তা ছাড়া পুরাতন ইতিহাস-ভারতীর নৃতন গোলায়ের নির্যাণকার্যে বাছা-বাছা কারিকর্মিগের সমবেত চেষ্টা কেক্সীভৃত হওরা আবশ্রুক। রবীক্রনাথের নৃতন প্রস্কাটির সম্বন্ধ একটি প্রশ্ন আপাতত যাহা আমার মনে উথিত ছইতেছে ভাছা সংক্ষেপে এই:

महारादित चामिम शैर्रमान एकिन चक्रल कि উखत चक्रल ?

রবীশ্রনাবের লেখার আভাসে আমার এইরপ মনে হয় যে, ভাঁছার মতে মহাদেবের আদিম পীঠস্থান দক্ষিণ অঞ্চলে। ভিনি দাহা আঁচিয়াছেন ভাহা একেবারেই অমূলক

বিলিয়া উড়াইয়া দিবায় কথা নছে, যেছেতু বাস্তবিকই রাক্ষসাদি ফুর জাতিদিগের মধ্যে বিষ্ণুর নিশ্বমূতি উপাশ্ত দেবভার আদর্শ পদবীতে স্থান পাইবার অন্থপযুক্ত। তুর্দান্ত রাক্ষস জাতিদিগের মনোরাজ্যের সিংহাসন শিবের রুদ্রমূতিরই উপযুক্ত অধিষ্ঠান-মঞ্চ। কিন্তু সেই সঙ্গে এটাও আমরা দেখিতে পাই যে, একদিক যেমন রক্ষং আর একদিকে তেমনি ফুল। প্রাচীন ভারতের দক্ষিণ অঞ্চল যেমন রক্ষদিগের দলবলের প্রধান সংগ্রমন্থান (headquarters) ছিল— উত্তর অঞ্চল তেমনি ফুলিগের দলবলের প্রধান সংগ্রমন্থান ছিল। ভারতবর্ষীয় আর্থদিগের চক্ষে দক্ষিণের আবিড়াদি জাতিরা যেমন রাক্ষস-বানরাদি মূর্তি ধারণ করিয়াছিল, উত্তরের মোগলাদি জাতিরা ডেমনি ফুলিগের ক্রিরাছিল—ইছা দেখিতে পাওয়া যাইতেছে। বিকটাকার বিষয়ে দক্ষিণের রক্ষ এবং উত্তরের মক্ষের মধ্যে যেমন মিল আছে, কিন্তুতকিমাকার বিষয়ে ডেমনি দক্ষিণের বানর এবং উত্তরের কিয়রের সঙ্গে মিল আছে।

এখন কথা হইতেছে এই যে, ষক্ষদিগের রাজধানীতে কুবেরপুরীতে মহাদেবের অধিষ্ঠানের কথা কাব্যপুরাণাদি শাস্ত্রে ভূয়োভূয় উল্লিখিত হইয়াছে। তাছাড়া কৈলাস-শিখর মহাদেবের প্রধান পীঠস্থান।

রবীন্দ্রনাথের প্রবন্ধ পাঠে একটি বিষয়ে আমার চক্ষ্ ফুটিয়াছে; সে-বিষয়টি এই যে, জনক রাজা যে কেবল অন্ধজানী ছিলেন তাহা নহে, সেই সঙ্গে তিনি ভারতে কৃষিকার্য প্রবর্তনের প্রধান নেত। ছিলেন; আর তাঁহার গুরু ছিলেন বিশামিত্র। পক্ষান্তরে দেখিতে পাই যে, হিমালয় প্রদেশের কিরাত জাতিরা ব্যাধর্ত্তি অবলম্বন করিয়া জীবিকা-নির্বাহ করিত — তাহারা ক্ববিকার্ষের ধারই ধারিত না। কিরাত জাতি মোগল এবং তাতারদিগের সহোদর জাতি ইহা বলা বাহলা। এটাও দেখিতেছি যে, श्यिमाणायुत्र छेभाजाकात्र महात्मय अर्ध्नात्क कित्राज्यां त्रिया नियाहित्स्य । महात्मय কিরাতদিগের দলে মিশিয়া কিরাত হইয়াছিলেন। মহাদেব পশুহস্তাও বটেন, পশুপতিও वर्षेन। মহাদেব যে অংশে किदां जिल्लांत्र हेष्टेरमवं हिलान, मिहे अःस जिनि পশুহস্তা; আর, যে অংশে তিনি খাস মোগলদিগের ইষ্টদেবতা ছিলেন, সেই অংশে ভিনি পশুপতি। পুরাকালের মোগল এবং তাতার জাতিরা জীবিকালাভের একমাত্র উপায় खानिত পশুপাশন, তা বই, कृषिकार्षित क व्यक्षत्र छाहात्र। खानिज ना—हेंहा मकलबरे काना कथा। जत्रहे हरेखिह य, भागम এवः जाजात काजिया- मः क्लि যক্ষেরা-একপ্রকার পঞ্জতির দল ছিল; স্মুতরাং পশুপতি মহাদেব বিশিষ্ট্রপ जाशामबरे प्रवेषा एक्या छेठिछ ; जाद, श्रुवानामित्क यमि माञ्च विनया माजिए एम, তবে ছিলেনও তিনি তাই। यक्षतांक कूर्यदाय ज्ञान हिन व्यवार्याहित वात्र, जिनि

ধনপতি নামে বিধ্যাত। প্রাচীন ভারতে ধন-শব্দে বিশিষ্টরূপে গোমেষাদি পশুধনই ব্যাইত। ইহাতেই ব্রিতে পারা বাইতেছে যে, পশুলীবী মোগল ভাতার প্রভৃতি লাতিরাই প্রাচীন ভারতের আর্বিগের ইতিহাসে যক্ষনাম প্রাপ্ত হইরাছিল। কি পশুলাক মোগল লাভি, উভরেই কৃষিকার্য বিষয়ে সমান আনভিক্ত ছিল। এখন জিল্লাশু এই যে, ধমুর্ভলের ব্যাপারটিকে কোন্ প্রকার বিম্নভল বলিব? কিরাডদিগের পশুদাতী ধমুর্ভল বলিব? না রাক্ষ্সদিগের বিষদাত ভল বলিব? আমার বােধ হয়, প্রাচীনকালে ভারতের উত্তর-দক্ষিণের মধ্যে একটা ঐতিহাসিক যােগ-সেতু বর্তমান ছিল; কেননা লক্ষাপুরী প্রথমে কুবেরের ছিল, পরে ভাহা রাবণ বলপুর্বক হন্তগত করিয়াছিল। য়াবণ এবং কুবের যে একই পিভার প্রেছর ইহা কাহারে। অবিদিত নাই।

এ সম্বন্ধে আর একটি কথা আমার বলিবার আছে—সেটাও বিবেচা। কথাটি এই:

নেপাল প্রদেশে বৃদ্ধান্দির এবং শিবমন্দির পাশাপাশি অবস্থিতি করে। শুর্থারাও শৈবধর্মাবলন্ধী। খুব সম্ভব যে, বৌদ্ধর্মের প্রাহ্রভাবকালে বৌদ্ধসাধকেরা হিমালয় প্রদেশে নির্দ্ধনে যোগসাধন এবং তপক্ষা করিতেন। উমা যেমন উপনিবদের স্থানির্মলা ব্রহ্মবিহ্যা, পার্বতী তেমনি তন্ধ্রশান্তের বিভীষিকাময়ী দশমহাবিষ্ঠা। ভজের দেবতা যেমন বিষ্ণু, যোগীভপস্বীদিগের দেবতা তেমনি মহাদেব। বৌদ্ধর্মের প্রাহ্রভাবকালে বৌদ্ধ সাধকেরা বিশিষ্টদ্ধনে যোগীভপস্বী ছিলেন। মহাদেব সেই সকল পর্বভবাসী বৌদ্ধ যোগীভপস্বীদিগের আদর্শ-প্রতিমা—এরপ মনে হওয়া কিছুই বিচিত্ত নহে। ক্ষেক বংসর পূর্বে 'বৌদ্ধর্ম্ম এবং আর্ধ্ধর্মের ঘাতপ্রতিঘাত' নামক পুল্তিকায় এই বিষয়টির সম্বন্ধে আমি যাহা সবিস্তারে লিখিয়াছি তাহা সংক্ষেপে এই:

পৌরাণিক শান্ত্রকারেরা আশ্চর্য নৃতন প্রণালীতে বৌদ্ধ বিপ্লবের প্রতিবিধানচেষ্টায়-প্রবৃত্ত হইয়াছিলেন। তাঁহারা বৌদ্ধ যোগীতপস্বীদিগকে আর্য যোগীতপস্বীদিগের দলে টানিয়া লইলেন, আর, মহাদেবকে সেই সকল অবৈদিক যোগীতপস্বীদিগের ইষ্টদেবতার পদবীতে আসন গ্রহণ করাইলেন। পাছে লোকে মনে করে, যোগীশর মহাদেব বৃদ্ধেরই আর এক অবতার—এই আশহায় পৌরাণিক শান্ত্রকারেরা ভাঁহার গলায় পৈতা দিয়া ভাঁহাকে ব্রাহ্মণশ্রেষ্ঠ করিয়া গড়িয়া লইলেন।

রবীজ্ঞনাথের মোট কথাটির সহিত আমার মতের একটুও অনৈকা নাই। যে ত্ব-একটি কথা আমি উপরে ইজিত করিলাম তাহার সহিত ভারতের ইতিহাস-ধারার কথাগুলির সমন্বর্মতে প্রবন্ধটির অঞ্চপুর্ধ করা হইলে ভালো হয় — ইহাই আমার

মনোগত অভিপ্রার। আমার বিশাস এই ষে, এই সমন্বর্গার্ঘটি রবীজ্রনাপ মনে করিলেই ঈশরপ্রসাদে সর্বাক্ত্বন্দররূপে ভুনিপার করিতে পারেন।

আত্মপরিচয় প্রবন্ধ ছাত্রসমাজের অধিবেশনে সাধারণ ব্রাহ্মসমাজ মন্দিরে পঠিত হয়। সাধারণ ব্রাহ্মসমাজের পত্রিকা তত্তকোমুদী এই প্রবন্ধে বিবৃত মতের প্রতিবাদ করেন, রবীজ্ঞনাণ হিন্দু ব্রাহ্ম প্রবন্ধে তাহার প্রত্যুত্তর দেন

হিন্দু ত্রাহ্ন

"আত্মপরিচয়" নামক প্রবন্ধে আমরা এই কথাটি বলিবার চেষ্টা করিয়াছিলাম যে, হিন্দু ব্রাহ্মরা হিন্দুই, অর্থাৎ যে ব্যক্তি হিন্দু সে ব্রাহ্ম হইলেও হিন্দু, ব্রাহ্ম না হইলেও হিন্দু। ইহাতে তত্তকোমূদী পত্রিকার সম্পাদক মহাশয় লিখিতেছেন যে, যেহেতু আদি ব্রাহ্মসমাজ্ঞ সামাজ্ঞিক বিষয়ে "উন্নতিশীল" ব্রাহ্মসমাজ্ঞের অপেক্ষা অনেক পশ্চাতে পড়িয়াছেন "তথন সমগ্র ব্রাহ্মসমাজ্ঞ হিন্দু কি না, এ কথা বিচার করিবার অধিকার আদি ব্রাহ্মসমাজ্ঞের কাহারও নাই। উন্নতিশীল ব্রাহ্মগণ হিন্দুত্বের সংকীর্ণ গত্তী অনেককাল অতিক্রম করিয়াছেন।"

পরম্পরের উন্নতির তারতমাসম্বন্ধে আমরা কোনো কথাই কহিব না, কারণ ইহা আমাদের আলোচ্য বিষয় নহে। কিন্তু সমগ্র হিন্দুসমাজের পক্ষে যাহা অক্সায় তাহা যে ব্রাহ্মসমাজের পক্ষেও অক্সায় অন্তত এ কথাটা আমাদিগকৈ কর্তব্যের অন্তুরোধে বলিতে হইবে।

নিশ্চয়ই আমাদের অনেক কুসংস্থার আছে। যেমন যেমন তাহা বৃঝিতে পারিব তেমনি তাহার বন্ধন কাটাইয়া উঠিব এইরূপ আশা করি— কিন্তু আমাদের এরূপ সংস্থার আদে নাই যে, বিচার করিয়া সত্য নির্ণয় করিবার অধিকার কেবল কোনো বিশেষ উপাধি দ্বারা চিহ্নিত সমাজ্বের লোকেরই আছে অন্ত সমাজ্বের লোকের নাই। যদিচ আমি আদি রাশ্বসমাজের সভ্য তথাপি ঈশ্বর আমার চিন্তা করিবার শক্তি সম্পূর্ণ অপহরণ করেন নাই; এবং কে হিন্দু ও কে হিন্দু নয় ইহা আমার পক্ষে বিচার করিবার অধিকার যদিচ "উন্নতিশীল" সম্পাদক মহাশয় কাড়িয়া লইতে চান তথাপি মন্ত্রয়ুত্বের সকল মহৎ অধিকারই আমরা যাহার কাছ হইতে পাইয়াছি তিনি এ সম্বন্ধে আমাদের কাহাকেও কোনো বাধা দিয়াছেন বলিয়া আমরা আদি রাশ্বসমাজের লোকেরা বিশাস করি না।

> द्यवामी, जाबाह, ३८১२

 [&]quot;बापि ममाम ७ छन्निण वाक्रमभाव", ७५-कोम्पी, > विवास ১७३৯

উপবীতচিক্ষের বারা সমাজে অধিকারতেদ নির্দিষ্ট হয় বলিয়া বাহারা উপবীত-ধারণকে নিন্দা করেন তাঁহারা কি এ কথা চিন্তা করিবেন না বে, অনুস্থ উপবীত দুশ্র উপবীতের চেয়ে অনেকগুণে দৃদ্ ? "উরতিশীল গ্রান্ধ" নামের পৈতাটা উচ্চ করিয়া তুলিয়া ধরিয়া তত্তকোম্দীর সম্পাদক মহাশর বে জাতাভিমান, বে কোলীক্তর্য প্রকাশ করিয়াছেন, জিজ্ঞাসা করি, তাহা কি সর্বপ্রকার কুসংস্থারবর্জিত ?

উন্নতিশীল ব্রাহ্মগণ কেব্লমাত্র উন্নতিশীলতার বেগে হিন্দুছের সংকীর্ণ গণ্ডী অনেক কাল হইল কাটাইরাছেন বলিয়া সম্পাদক মহাশয় গোরব প্রকাশ করিয়াছেন। কিন্তু যে গণ্ডী আমাদের স্বর্নিত ও ক্লত্রিম নহে তাহা আমরা কাটাইতে পারি না। যেমন আমার একটা দেহের গণ্ডী আছে। এই গণ্ডীকে আশ্রর করিয়া আমি একটি বিশেষ স্বাডম্বা লাভ করিয়াছি; এই স্বাডম্বা যদি আমার উন্নতির প্রতিকৃত্য ও আমার অপরাধ বলিয়া গণ্য হয় তবে বিশের সহিত একাকার হইবার চেষ্টায় পঞ্চল্লাভ ছাড়া আমার মন্তু কোনো গভি থাকে না।

গণ্ডীর পরে গণ্ডী, চক্রের পরে চক্র কাটিয়া বিধাতা এই জ্বগৎ স্বাষ্ট করিয়াছেন।
পৃথিবীর গণ্ডী পৃথিবীর, স্থার গণ্ডী স্থার্থর, তুণের গণ্ডী তুণের, মাস্থারের গণ্ডী মাস্থারের।
স্বাভাবিক গণ্ডীর বিরুদ্ধে লড়াই করাই যে উন্নতিশীলতার লক্ষণ এ কথা মনে করি না।

আবার আমাদের শ্বর্রচিত গণ্ডীও আছে। কেননা, বিধাতার স্বাষ্টকার্বেও বেমন
মান্থবের স্বাষ্টকার্বেও তেমনি – গণ্ডী দিয়া দিয়াই গড়িয়া তুলিতে হয়। মান্থবের ঘরবাড়ি
একটা গণ্ডী, তাহার পরিবার একটা গণ্ডী, তাহার ব্যবসায় একটা গণ্ডী। প্রত্যেক
গণ্ডীর মধ্যে বিশিষ্টতা আছে, সেই বিশিষ্টতার দারা মান্থব আপন দরে আপন পরিবারে
আপন ব্যবসায়ে শণ্ডমা। এমন কি সামান্ত ছাতাজ্বতা ঘটবাটিও সরকারী নহে, এবং
কেছ ভাহাকে সরকারী করিবার চেষ্টা করিলেই থানায় ধবর দিতে হয়।

ভাই যদি হইল তবে সর্বজনীনতা বলিয়া একটা পদার্থ কি একেবারেই আকাশকুত্ম ? যদি সকলপ্রকার গভীকে, সকলপ্রকার বিশিষ্টতাকে একেবারে অস্বীকার
করাকেই সর্বজনীনতা বলে তবে সর্বজনীনতা বস্তুতই আকাশকুত্ম সন্দেহ নাই।
ভাইকে মানি না কিন্তু প্রাভূভাবকে মানি, এ কথাটাও যেমন তেমনি সর্বজনকে বিশেষ
বলিয়া মানি না একটা নির্বিশেষ সর্বজনীনতাকে মানি ইহাও সেইরপ মাধা-নেই-তারমাধা-ব্যধা। প্রত্যেকের বিশিষ্টতা আছে বলিয়াই সেই অগণ্য বিশিষ্টতার মধ্যে ঐক্য
উপলব্ধি স্করার সাধনা সর্বজনীনতা—নভূবা ভাহার কোনো প্রয়োজন নাই। বিশিষ্টতাকে
ভীকার করা যে কুসংস্কার এইরপ সৃষ্টিছাড়া কথাই অন্ধ সংস্কার। অতএব হিন্ত্রের

সংকীৰ্ণ গঞী কাটাইয়া যাওয়াকে উন্নতিশীলতা বা কোনো শীলতাই বলে না, ভাহা একটা ব্যৰ্থবাক্য উচ্চাৰণ মাত্ৰ।

ভূতের বিশ্বাস পৃথিবীতে সকল জাতির মধ্যেই ন্যাধিক পরিমাণে আছে;—যখন বলা যায় আমি এই ভূতের বিশ্বাসের কুসংস্থার কাটাইয়াছি তখন এমন কথা বলা হয় না যে আমি মহুদ্বরের সংকীর্ণ গণ্ডী অভিক্রম করিয়াছি।

ভেমনি হিন্দুসমাজে যে কুসংস্থার প্রচলিত আছে যদি কোনো হিন্দু সে সংস্থার काठोरेया थाक्न जरत जांशांक क्राः कावरीन हिन्दू तनित, व्यक्ति तनित ना। कूमः कांत्र हिन्दूत कांग्री পविচय এমন অভুত कथा कांतांमर उहे वना हरन ना । এ कथा আমাদিগকে স্বীকার করিডেই হইবে, অন্ধসংস্কার মান্তবের সকল জাতির মধ্যেই আছে কিন্তু বিধাতার রাজ্যে অন্ধ্যারের স্বভাবই এই যে তাহা নিত্য নহে; বস্তুত এই জ্মাই উন্নতিশীল হওয়া সম্ভব, এবং এই জ্মাই আদি ব্রাহ্মসমাজের অথবা অমা যে कांना मध्यनारम्य मानूम गडरे गृ ७ कूमः साम्राष्ट्रम हरे ना उपमत्व आमना उम्रिजिनान, কারণ, আমরাও মামুষ। তাই যদি না হইবে তবে পৃথিবীতে ধর্মসংস্কারকের মতো উন্মন্ত পাগল আর তো কেছই নাই। সত্যমেব অয়তে, এই বাণী বিশ্বচরাচরে কেবল हिन्गुमभात्करे जमठा, विश्वविधां किवन এर हिन्गुमभात्करे भवां छ रहेवा हान ছাড়িয়াছেন—অসাধারণ উন্নতিলাভ করিলেও এমন কথা বলিতে পারিব না। অতএব हिन्म्मारकात প্রচলিত ভাম ও অন্ধাশকার বর্জন করার বারাই যদি আমরা অহিন্দু হই जर्द मिल द्राम कथा कहिए मिथिलिंह काम हहेगा यांग्र এ कथांने वला हत्न। जहारक वानक बाम वा यूवक बाम वा स्वृद्धि बाम वन छाष्ट्रांट कारना वाथा नारे किन्छ छाशांक রামই বলিব না এমন পণ করিলে মাছুষের নিতাই নৃতন নামকরণ করিয়া চলিতে হয়।

যাহারা আমার প্রবন্ধ ভালো করিয়া না পড়িয়াই বিচলিত হইয়া উঠিয়াছেন তাঁহাদের ভাবখানা এই যে, "তুমি আমাকে হিন্দু বলিতেছ তবেই তো বলা হইতেছে আমি পৌত্তলিক, আমি জাতিভেদ মানি আমি ইত্যাদি ইত্যাদি; তুমি নিজের সম্বন্ধে এমন কথা বলিতে পার, কেননা, তুমি কুসংস্কারাপন্ন, তুমি সাধারণ বা নববিধান আদ্মসমাজের নও, তোমার পিতা এমন কাজ করিয়াছেন, ভিনি এমন কথা বলিয়াছেন ইত্যাদি ইত্যাদি।"

্বস্থত আমার পিডা যদি অত্যন্ত সংকীর্ণ সংস্থারের অমুদার প্রেক্কতির লোক ছিলেন ইছাই প্রক্কত সত্য হয় তরে আমার পিঙাকে আমি তো পিডারূপে ত্যাগ করিতে পারিব না। যদিও বা আমার কোনো একটা অপ্রকৃতিস্থ অবস্থায় তাহা আমার ইচ্ছার মধ্যেও

छेनग्र इम्र उथानि छाहा व्यामात्र नार्धात मरधा नाहे। व्यामात्रहे निजात नहान य व्यामि, এ গতী বিধাতার গতী। স্থবের বিষয় এই যে, এই গতী স্বীকার করিয়াও আমি मर्वसनीन हरेए भाषि, अमन कि, कारना अकिनन हर्राए कायरक्र के प्रतिनीन हरेया উঠাও আমার পক্ষে একেবারেই অসম্ভব নছে। হিন্দুছের গতীর মধ্যেও বিধাতার সেই বিধান আছে বলিয়াই ভাহা নানা পরিণভির মধ্য দিয়া অগ্রসর হইরাছে এবং এখনও हहेत,--हिम्नुमभात्कत्र मधा ७ त्महे मजा कर्म विधाजात्र विधान काळ करत्र विमाहे এहे সমাজেই আজ আমরা রামমোহন রামের অভাগর দেখিলাম। ইহাতেও কি বিধাতার উপরে বিশাস জন্মে না, मত্য বিধানের প্রতি নির্ভর বাড়ে না ? हिन्दुসমাজে ভ্রম আছে, অন্ধ্যংস্থার আছে, সবই আছে মানি কিন্তু তাহার চেয়ে বেশি করিয়া মানি হিন্দুসমাজেও সত্য আছেন, মন্ধল আছেন, ব্রহ্ম আছেন। হিন্দুসমাজের মধ্যে আমি সেই সত্যের দিকে भक्षात्र मिर्क जरमात्र मिर्क माँ एवर देश है यन जामात्र मःकन्न हम । जासक याँ शां তাঁহারা সকল স্মাজেই সত্যের দিকেই নিজের জীবনকে প্রতিষ্ঠিত করিয়া তাহারই অভিমূপে সকলের দৃষ্টিকে আকর্ষণ করেন। যেখানে অসত্যের অজ্ঞানের প্রভাব বেশি সেইখানেই সভ্যকে ভাঁহারা দেখেন ও সভ্যকে ভাঁহারা দেখান, ইহাই ভাঁহাদের ব্রভ। তুর্গতির মধ্যে যে সমাজ উপনীত হইয়াছে তাহাকে তাঁহারা ত্যাগ করেন না, কারণ তাঁছাদের এই বিশ্বাস অটল যে তুর্গতি কখনোই নিত্য হইতে পারে না এবং যিনি পরমাগতি তিনি হুর্গতির মধ্যেই আপনাকে একদা পূর্বতমরূপে প্রকাশ করেন। यथार्थ প্রেমের সাধনা, শক্তির সাধনা, সেইখানেই সেই ত্র্ণোগে সেই ত্র্দিনে। আমাদের আত্মাভিমান দেখান হইতে দুরে যাইতে চায়, আমাদের সাম্প্রদায়িক অসহিষ্ণুতা তাহার প্রতি ঘুণা প্রকাশ করিয়া বিমূপ হইয়া থাকে, কিন্তু সেই ঘুণাই বিশ্বক্রনীনভার লক্ষণ নছে—কিন্তু যে তুৰ্গতিগ্ৰস্ত তাহাকেই আপন বলিয়া স্বীকার করার মধ্যেই যথার্থ সর্ব-জনীনতা আছে। কারণ, সর্বজনীনতা কেবল একটা বস্তবিহীন বাক্য মাত্র নহে, তাহা অহংক্ত আত্মপরিচয়ের একটা স্বরচিত উপাধি মাত্র নহে; তাহা প্রেমের জিনিস, এই জন্মই ডাহা সত্য। সেই প্রেম সকলের চেয়ে নীচের মধ্যে আপনাকে বন্ধ क्रियां अकलात हिर्म छेस्ट व्याननात द्यान लाख क्रिया शांक ; नौमांत मस्या বাস করিয়াও প্রতিমুহুর্তে সেই সীমাকে অভিক্রম করিয়া বিরাজ করে।

ব্রাহ্মধর্ম হিন্দু-ইতিহাসের একটি বিকাশ, এই কথা আমরা বলিয়াছি। অর্থাৎ ব্রাহ্মধর্ম ষতবড়োই সর্বজনীন ধর্ম হউক না, বিধাতার স্কটির নিয়ম ভাহাকেও মানিতে হয়, নজুবা ভাহা সভাই হইতে পারে না। অভএব বিশেষ দেশে ও বিশেষ কালে ভাহার উদয় হইয়াছে ব্রাহ্মধর্মের এই ঐতিহাসিক বন্ধনটুকু শীকার করিতে লক্ষা বা কোভের কোনো কারণ থাকিতে পারে না। ষদি ইভিহাসকে মানি, যদি হিন্দু-ইভিহাসের মধ্যে ব্রাহ্মধর্মের প্রকাশরূপ ঘটনাকেই একেবারে স্বাধীকার করিয়া না বসি ভবে সেই এভিহাসিক ঘটনাটার স্থল্পাষ্ট স্বর্ধই এই যে, হিন্দুর প্রস্কৃতির মধ্যে ও স্বস্থার মধ্যে এমন কভকগুলি সমাবেশ আছে যাহাতে এই ধর্ম এইপ্রকার রূপ লইয়া এইধানেই ব্যক্ত হইতে পারিয়াছে।

हिन्दू-इेजिहारात्र मर्था এই यে बाष्क्रधर्मत क्षकान, हेहात कात्रगक्रल नाना निकत ধেলা পাকিতে পারে। হয়ত বিদেশের আঘাত তাহার মধ্যে একটা কারণ। অর্ধরাত্তে ভূমিকম্পে আমাকে জাগাইয়াছিল, ডাই বলিয়া জাগরণটা ভূমিকম্পের নছে সেটা আমারই জাগরণ। यদি ইছাই প্রকৃত সত্য হয় যে, কোরাণ পুরাণ বাইবেল বৌদ্ধশান্ত্র এবং দেশদেশাস্তরের যত কিছু ধর্মগ্রন্থ ও ধর্মসমাজ আছে সকলে একত্তে মিলিয়া তিলোভ্যার স্বায়র এই আন্ধর্মকে স্বায় করিয়া থাকে তথাপি এইরূপ অভুত স্বায়ী यमि हिन्दूत टेजिशाराटे मञ्चवलत हरेया थाक उरव छारा हिन्दूतरे। पूर्वत पालाक স্থেই সম্ভবপর হইয়াছে,— কেহ কেহ বলেন সূর্য অসংখ্য উদ্বাপিওকে নিরম্বর আত্মসাৎ করিয়া সেই আলোকের সঞ্চয় রক্ষা করিতেছে; তাহা সত্যও হইতে পারে, नाও হইতে পারে, তথাপি এই আলোক সুর্বেরই। আমি শাক ধাইয়া ফল ধাইয়া ঘূধ মাছ ভাত খাইয়া প্রাণধারণ করিতেছি বটে তাই বলিয়া আমার প্রাণকে আমারই প্রাণ বলিয়া স্বীকার না করিয়া ঐ শাকভাতকেই স্বীকার করিলে কি অত্যন্ত ঔদার্থ প্রকাশ করা হয়? প্রত্যেক ধর্মেরই উৎপত্তি সম্বন্ধে তর্ক আছে। কেহ বলেন, প্রীস্টানধর্ম বৌদ্ধধর্ম ইইতে চুরি, কেছ বলেন বৈষ্ণবধর্ম প্রীস্টানধর্ম ছইতে চুরি, এমনতর আরো অনেক বাদবিবাদ আছে—তেমনি হয়তো কালক্রমে কোনো ঐতিহাসিক প্রমাণ করিয়া দেখাইবেন ব্রাহ্মধর্ম জগতের সকল ধর্মের চোরাইমালের ভাণ্ডার। কিন্তু छेथ्পिखिचिं जिमल वामिववाम मर्चा औक्तानधर्म औक्तानधर्मरे, विक्ववधर्म विक्ववधर्मरे। वीन्छानधर्म यपि तोक्षधर्मात्क व्याष्प्रमार कविवा शास्त्र, तिक्षवधर्म यपि बीन्छानधर्मत्क আত্মসাৎ করিয়া পাকে, তবে ভাহাতে ভাহার অন্তিত্ব লোপ হয় নাই, ভাহার গৌরব থর্ব হয় নাই। অনাত্মকে গ্রহণ করিয়া আত্মীয়ে পরিণত করিবার শক্তিই জীবনের শক্তি—অনাত্মের মধ্যে আত্মবিশেষত্ব বিলুপ্ত করিয়া দেওয়াই মৃত্যুর লক্ষণ। व्यञ्जव रयमन कविद्राष्ट्रे विठाव कवि, हिन्दूव देखिहारम खाम्मधर्मव विकास मारमनीय विरम्भीय ये किছू कांवर्णविष्णवा व्यवस्थ कविष्या एक मिक् ना उपाणि जाहा हिन्द्रवे गामशी। এই ইভিহাস আমার ইচ্ছা-অনিচ্ছার উপর নির্ভন্ন করিভেছে না— ইহা আমার প্রির হইলেও, সত্য অপ্রির হুইলেও সভ্য। কিন্তু সকলের চেম্বে

আশ্বর্ধর বিষয় এই বে, তত্তকোমুদী-সম্পাদক মহাশয় আমার উক্তি স্বীকার করিয়াও
আমার প্রবন্ধের প্রতি বিশ্বন্ধভাব ধারণ করিয়াছেন। তিনি একজায়গায় স্পাইই
বিলিয়াছেন বে, "আহ্মধর্ম কেবল বে হিন্দুদের মধ্যেই আবদ্ধ থাকিবে তাহা নহে,
আহ্মগণ কেবল বে হিন্দুবংশোদ্ভব ব্যক্তিগণের মধ্যেই অবন্ধিত থাকিবেন তাহা নহে,
সর্বদেশের লোক এই উদার ধর্ম গ্রহণ করিতে পান্নিবেন।" আমি তো সর্বদেশের
লোককে ঠেকাইরা রাখিবার জন্ম আহ্মধর্মের দরজায় কুলুপ লাগাইতে চেষ্টা করি
নাই। হিন্দুও যে আহ্ম হইতে পারেন এই কথাই আমি বলিয়াছিলাম, কিছ
"আহ্মধর্ম কেবল হিন্দুদের মধ্যে আবদ্ধ থাকিবে" এমন অত্নত কথা আমি কোনোদিন
বলি নাই।

তত্ত্বকৌষ্দী-সম্পাদক মহাশয় প্রশ্ন করিয়াছেন, থ্রাহ্মসমাজে যে সকল রিছদী মুসলমান যুরোপীয় আশ্র লইতেছেন তাঁহারা কি নিজেদের হিন্দু বলিয়া পরিচয় দিবেন ?' পরিচয় নানা প্রকারের আছে—কোনোটা সংকীর্ন কোনোটা ব্যাপক। আমি ব্রাহ্ম বলিয়া আপুনার পরিচয় দিলেই যে আমাকে হিন্দু পরিচয়ও গ্রহণ করিতে হইবে এমন কোনো কথা নাই। একজন ইংরেজ যে-অংশে থ্রাহ্ম কেবল সেই অংশেই হিন্দুর সহিত তাঁহার দেনাপাওনার একটা যোগ থাকিয়া গেল; তাহাতে তাঁহার লক্ষার কারণ কিছুই নাই। আমরা হিন্দু হইয়াও ইংরেজ সাহিত্যে আনন্দ পাই, যুরোপীয় চিকিৎসায় প্রাণ বাঁচাই, রেলগাড়িতে অসংকোচে চড়ি, টেলিগ্রাফে খবর পাঠাইয়া দিই—চিস্কামাত্র করি না তাহা আমাদের পিতৃপুক্ষমের উদ্ধাবিত সামগ্রী কি না। এইরূপে প্রতিদিনই দেখিতেছি বিশেষ মানবজাতির কাতিই সর্বস্থাবারণ মানবজাতির সম্পদ।

বেদান্তদর্শনকে ভারতবর্ষীয় দর্শন বলিয়া সম্পূর্ণ স্বীকার করিয়াও তাহাকে সত্য বলিয়া গ্রহণ করাতে জর্মন পণ্ডিত ভয়সনের ধদি জর্মনত্বে কোনো বাধা না ঘটাইয়া থাকে ভবে গ্রাহ্মধর্মকে হিন্দু ইভিহাসের সামগ্রী বলিয়া স্বীকার করিয়াও তাহাকে সত্য বলিয়া গ্রহণ করিতে মুসলমানের বা ইংরেজের বা রিছদির লেশমাত্র বাধা কেন থাকিবে? সভ্যকে কি মাছ্ম্ম এমনি করিয়াই গ্রহণ করিতেছে না? প্লেটোর রচনা কি গ্রীসের সীমার বাহিরে জম্পুস্ত ? আরিস্টটলের দর্শন কি মুসলমান জ্ঞানী কোনোদিন সভ্য বলিয়া গ্রহণ করেন নাই এবং সেই গ্রহণ করিবার শক্তি ধারাই কি তাহার গৌরবহানি হইয়াছিল? বস্তুত ব্রাহ্মধর্ম বিশেষভাবে হিন্দুর চিজের সমস্য রস লইয়া বিক্লিত হইয়াছে বলিয়াই অহিন্দুর পক্ষে ভাছার উপাদেয়তা বাড়িয়াছে নতুবা

> "जाक्सर्यम मूल मछ ७ व्यवाखन विषय", छय-स्कीमूनी > रेग्नांच ১७३३

व "बिन्सू कि ?" खब-कोम्बी ३५ हिन्द ३६३४

জগৎসংসারে ভাষা নিভাস্থই বাহল্য হইয়া থাকিত, তাহা একটা প্নরাবৃত্তিমাত্র হইত, ভাহার মধ্যে বিধাভার কোনো বিশেষ বিধান প্রকাশ হইতে পারিত না।

সম্পাদক মহাশয় বলিয়াছেন, সব ধর্মই যদি হিন্দুধর্ম হইতে পারে, যদি হিন্দুর বিশেষ ধর্ম কী তাহা আমরা না জানি তবে তো নিজেকে হিন্দু বলাও যা আর সাদা চেকে স্থাক্ষর করাও তা। সকল জাতির মধ্যেই তো সাদা চেকের ফাকা জায়গা আছে। কোনো ইংরেজ যদি এরপ মত প্রকাশ করে যে জাতিভেদ ভালো অথবা জেনেনা প্রথা প্রীপ্রকৃতির পক্ষে যথার্থ অম্বকুল তথাপি যে ইংরেজ ইংরেজ তাহার সকল বিষয়ে সকল মতই একেবারে অবিচলিতরপে পাকা করিয়া স্থির হইয়া বসিয়াছে বলিয়াই প্রত্যেক ইংরেজ আপনাকে ইংরেজ বলিবার অধিকার পাইয়াছে ইহাই কি সত্য ? প্রত্যেক ইংরেজের হাতেই সাদা চেকের বাতা আছে তাহাতে তাহার আপনাকে ইংরেজ বলিবার কোনো বাধা ঘটে নাই। সেইরপ আমরা দেখাইয়াছি হিন্দু কোনো বিশেষ নির্দিষ্ট ধর্মের বা মতের পরিচায়ক নছে কিছ সেইজগুই যদি হিন্দু বলিয়া কিছুই না থাকে তবে মাহুষ বলিয়াও কিছু থাকে না, তবে কেহ বলিয়াও কেহ নাই। আমি ষে একজন বিশেষনামধারী ব্যক্তি, আমার ব্যক্তিত্ব আশ্রম করিয়া অসংখ্য পরিবর্তন প্রবাহিত হইয়া চলিয়াছে,—ছেলেবেলা হইতে আজ পর্যন্ত আমি কত তুল ব্রিয়াছি ও সে তুল ছাড়িয়াছি, কত মত লইয়াছি ও বিসর্জন দিয়াছি, শিক্ষক মহাশয়ের স্বায়া কাটাকুটি-করা আমার বালি রাশি এক্সেপ্রাইজ বহির সঙ্গে আর আমার অস্বকার

১ "ভারতবর্ষে ব্রাহ্মধর্ম", ভত্ত-কৌমুদী : কৈশাৰ ১৩১৯

 [&]quot;माना कानरक वाकत्र", उप-को पूनी > देवनाथ >७>>

শিক্ষার একেবারে আকাশ-পাতাল প্রভেদ, আশৈশ্বকাল হইতে আজ পর্যন্ত নিজের সমস্ত খুটিনাটি যদি বিচার করিয়া দেখি ভো দেখিব, মতে ভাবে কর্মে আত্মবিরোধের আর অন্ত নাই কিন্তু তংসত্ত্বেও সেই সমস্ত বিরোধ ও অনৈকাঞ্জলিও একটি গভীরতম ঐক্যত্ত্বে প্রথিত হইয়াছে; সেই প্রেটি আচ্ছর, তাহাকে প্রত্যক্ষ করিয়া নির্দেশ করা কঠিন;—অনৈক্যের পরন্পরাটাই বাহিরে প্রকাশমান—তবু বে লোক দেখিতেছে সে এই অনৈক্যের মালাকেও মালা বলিয়া দেখিতেছে – সে প্রতিদিনের ভূরি ভূরি বিচ্ছেদের মধ্যেও আমাকে বিচ্ছিন্ন পদার্থ বলিয়া ভ্রম ক্রিভেছে না। অতএব, বেমন সকল আত্মবিরই, বেমন সকল মাম্লবেরই, তেমনি হিন্দুরও ইতিহাসে মতের ধর্মের আচারের পরিবর্তনহীন অবিচলিত ঐক্য নাই, সেরপ ঐক্য থাকিতে পারে না, এবং না থাকাই মঞ্চল। সেইরপ নিশ্চল ঐক্য আছে বলিয়া বাহারা গৌরব বোধ করেন তাঁহাদের সেই গৌরববোধ কান্ধনিক—সেরপ ঐক্য নাই বলিয়া যদি কেহ অবজ্ঞা প্রকাশ করেন তবে তাঁহাদের সেই অবজ্ঞাও একেবারে অযৌক্তিক।

ভারতবর্ষে হিন্দুজাতির সহস্র বিচ্ছিন্নভার মাঝখানে যে এক প্রবল শক্তি গভীর ভাবে কাজ করিতেছে সেই শক্তি আর্ষের সঙ্গে অনার্ষকে রক্তে রক্তে মিলাইয়া দিয়াছে, সেই मंक्ति मंक हून এবং গ্রীক উপনিবেশগুলিকে আত্মসাৎ করিয়া ফেলিয়াছে, সেই मंक्ति শত শত ধর্মমত ও আচারকে আপনার মধ্যে স্থান দিয়াছে এবং সেই শক্তিই সকল ধর্মের অনৈক্যের ভিতর দিয়া অনস্ত সত্যের একটি স্থমহৎ ঐক্যকে উপলব্ধি করিবার সাধনায় প্রবৃত্ত হইয়াছে। তাহার কার্যক্ষেত্র অতি বৃহৎ তাহার উপকরণ অতি বিপুল বলিয়াই তাহার বাধাও পর্বতপ্রমাণ – কিন্তু এই বাধাই তাহার নিত্য নহে; সে মহত্তম সতাকে চায় বলিয়াই গুৰুতর ভ্রাম্ভির সহিত পদে পদে তাহাকে লড়াই করিতে হইতেছে; সে যে সামপ্রস্থাকে ঘটাইয়া তুলিবার দায়িত্ব নিজের ক্ষম্মে লইয়াছে তাহা সংকীর্ণ নছে বলিয়াই তাহার অনৈক্যভারে স্থলীর্ঘ পথ দে এমন পীড়িত হুইয়া চলিয়াছে কিন্তু তৎসত্ত্বেও এই অনৈক্যরাশিই তাহার চরম সঞ্চয় নহে। আজ যদি এই হিন্দুর ইতিহাসের সমস্ত শিক্ষার ভিতর দিয়া আমরা কোনো একটি ঐক্যের উপলব্ধিকে পাইরা থাকি তবে ্অকৃতজ্ঞের মতো কি আমরা এমন কথা বলিতে পারি ষে, সাধনা যাহার সিদ্ধি তাহার নছে; এতদিনের দায়-বহনটা রহিল হিন্দুর, আর সেই দায়-শোধের অন্ধটা কেবলমাত্র আমাদের সাম্প্রদায়িক কুন্ত থাতায় জমা করিয়া লইব এবং তাহাকেই নাম দিব অসাম্প্রদায়িকতা ? ষেধানেই হিন্দু-ইতিহাসের সম্পতা সেইধানেই আমি তাড়াতাড়ি সকলকে ঠেলিয়া ঠুলিয়া সকল হিন্দুর সজে পৃথক হইয়া নিজের আসনটা চৌকা করিয়া পাতিয়া লইয়া চারিদিকে সাম্প্রদায়িকভার বেড়া ভুলিয়া দিব এবং উচ্চৈ:ম্বরে বলিতে পাকিব, এস প্রীন্টান, এস মুসলমান, এস রিছদী, আমরা বন্ধনামের সদাব্রত খুলিরাছি, কিন্তু এই সদাব্রতের আয়োজনটি হিন্দুর নহে, ইছা কেবল আমাদেরই এই করজনের; ইছার মধ্যে অতীতের কোনো সাধনা নাই, চিরস্কনকালের ঐতিহাসিক পরীক্ষাশালার কোনো ছাপ নাই, মানবসমাজে সত্যমাত্রই বিধাতার স্বহুত্তস্বাক্ষরিত যে একটি বিশেষ দেশ-কালের পরিচয় লইয়া আসে ইছার মধ্যে সেই স্বাক্ষর নাই, সেই পরিচয় নাই—এই যে আমাদের ভাবাবেগ, এই যে আমাদের আইডিয়্বাল, কবন্ধের মতো ইছার মুত্ত নাই কেবল দেহ আছে, ইছার বিশেষত্ব নাই কেবল বিশ্বত্ব আছে; ইছা নিজ্মের পায়ের তলার আশ্রয়কে মাটি বলিরা অবক্ষা করে এবং শৃল্যের উপর দাঁড়াইয়া জগৎকে আলিক্ষন করিতে চায়, তাছাও নিজ্মের হাত দিয়া নহে পাছে সেই নিজ্মত্বের দারা বিশ্বজ্মীনতার ধর্বতা ঘটে।

হিন্দু-বিশ্ববিদ্যালয় প্রবন্ধটি চৈত্র লাইব্রেরির অধিবেশন উপলক্ষ্যে রিপন কলেকে ২৯ অক্টোবর ১৯১১ তারিখে পঠিত হয়।

শিক্ষার বাহন ২৪ অগ্রহায়ণ ১৩২২ তারিখে রামমোহন লাইব্রেরিতে পঠিত হয়।

মাতৃভাষাকে শিক্ষার বাহন করিবার প্রস্তাব রবীন্দ্রনাথের এই নৃতন নহে, ১২৯৯ সালে "শিক্ষার হেরকের" বচনার সময় হইতে তিনি এ-বিষয়ে আলোচনা করিয়াছেন; এবং ১৩৪০ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঠিত "বিশ্ববিদ্যালয়ের রূপ" ও "শিক্ষার বিকিরণ" প্রবন্ধে ও ১৩৪০ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক পদবী-সম্মান বিতরণ-সভায় পঠিত "ছাত্র-সম্ভাষণ" গুরুক্কেও, প্রসক্ষক্রমে এ-বিষয়ে মনোবেদনা জ্ঞাপন করেন; ১৩৪০ সালে কলিকাতায় অমুষ্ঠিত শিক্ষা-সপ্তাহে পঠিত "শিক্ষার স্বান্ধীকরণ" প্রবন্ধেও দেশের শিক্ষাব্যবস্থার কর্ত্ পক্ষের নিকট একই আবেদন জ্ঞানাইয়া গিয়াছেন। শিক্ষার বাহন প্রবন্ধে তিনি যে প্রস্তাব করিয়াছিলেন "বিশ্ববিদ্যালয়ের প্রাতন বাড়িটার ভিতরের আঙিনায় ধেমন চলিতেছে চলুক,— কেবল তার এই বাহ্বের প্রান্ধণটাতে •••

[ু] আলোচা বিষয়ট লইরা ১৩১৮ ও ১০১৯ সালের তত্ত্ব-কৌমুনীতে আরও করেকটি সম্পান্ধীর মন্তব্য ও প্রবন্ধ প্রকাশিত হয়। ১৩১৯ লোঠের প্রবাসীতে বিজেপ্রনাথ ঠাকুর "ব্রাক্ষ হিন্দু কি আহিন্দু" প্রবন্ধে, ব্রাক্ষণ হিন্দু, এই মত সমর্গন করেন। ১৩২১ সালের তত্ত্বোধিনী পত্রিকাতে অক্সিডকুমার চক্রবর্তী প্রসক্রমে বিষয়টি পুনরুপাপিত করেন, তাহার আলোচনার রবীক্রনাথের মত সমর্থিত হয়; তাহার অমুবৃত্তিরূপ এ সালের তত্ত্বোধিনী পত্রিকা ও তত্ত্ব-কৌমুনীতে এ-বিষয়ে অনেক বানপ্রতিয়ায় প্রকাশিত হয়; ওরুচরণ মহলানবিশ, স্কুমার রায়চৌধুরী প্রভৃতি অক্সিত্তমারের প্রতিয়ায় ক্ষেত্রন।

त्रवीता-त्रव्यायनी बाम्य वछ ; ते वार्छ 'विष्का'त्र अञ्चलतिहत्र्छ उन्हेगा ।

१ 'भिका,' ১৩१) म्रश्यम सहेवा।

বিশ্ববিক্ষালয়ের শিক্ষাটাকে যদি সমস্ত বাঙালির জিনিস করিয়া ভোলা বায় ভাতে বাধাটা কী ? প্রেপারেটরি ক্লাস পর্যন্ত একরকম পড়াইয়া তার পর বিশ্ববিদ্যালয়ের মোড়টার কাছে যদি ইংরেজি বাংলা ছটো বড়ো রাজ্ঞা খুলিয়া দেওয়া যায় তা হইলে কি নানা প্রকারে স্থবিধা হয় না ?" শিক্ষার স্বাজীকরণ প্রবন্ধেও তদমূরপ প্রভাব করিয়াছিলেন। এই সময়ে ভিনি বঙ্গের ভদানীস্কন শিক্ষাসচিব আজিজ্ল হক মহাশয়কে যে চিঠি লিখিয়াছিলেন নিচে ভাহা অংশত মৃত্রিত হইল।

আমার আর একটি প্রভাব আমাদের শিক্ষা-বিভাগের সন্মূপে আমি উপস্থিত করতে চাই। দেশের যে-সকল পুরুষ ও গ্রীলোকেরা নানাকারনে বিভালরে শিক্ষালাভের স্থানা থেকে বঞ্চিত, ভাদের জ্বন্তে ছোটোবড়ো প্রাদেশিক শহরগুলিতে যদি পরীক্ষা-কেন্দ্র স্থাপন করা যায় তবে অনেকেই অবসরমতো ঘরে বসে নিজেকে শিক্ষিত করতে উৎসাহিত হবে। নিম্নতন থেকে উদ্ধৃতন পর্ব পর্যন্ত ভাদের পাঠ্যবিষয় নির্দিষ্ট ক'রে ভাদের পাঠ্যপুত্তক বেঁধে দিলে স্থবিহিতভাবে ভাদের শিক্ষা নিয়ন্ত্রিত হতে পারবে। এই পরীক্ষার যোগে যে-সকল উপাধির অধিকার পাওয়া যাবে, সমাজ্যের দিক থেকে ভার সন্মান ও জীবিকার দিক থেকে ভার প্রয়েক্ষনীয়তার মূল্য আছে। তাই আশা করা যায়, দেশবাপী পরীক্ষার্থীর দেয় অর্থ থেকে অনায়াসে এর ব্যয় নির্বাহ হবে। এই উপলক্ষ্যে পাঠ্যপুত্তক রচনার ক্ষেত্র প্রসারিত হয়ে জনসাধারণের মধ্যে বিভাবিস্তারের উপাদান বেড়ে যাবে এবং এতে করে বিস্তর লেখকের জীবিকার উপায় নির্ধারিত হবে। একদা বিশ্বভারতী থেকে এই কর্তব্য গ্রহণ করবার সংকল্প মনে উদয় হয়েছিল কিন্ধ দরিজের মনোরথ মনের বাইরে অচল। তা ছাড়া রাজ্যসরকারের উপাধিই জীবনযাত্রায় কর্ণধার।

"বাংলা দেশের বিশ্ববিদ্যালয়ের দ্বারেও" ইতিপূর্বে শিক্ষার বিকিরণ প্রবন্ধে তিনি অন্তর্মণ "আবেদন উপস্থিত" করিয়াছিলেন:

মন্তিকের সঙ্গে সায়্জালের অবিচ্ছির যোগ সমস্ত দেহের অক্পপ্রতাকে। বিখ-বিদ্যালয়কে সেই মন্তিকের স্থান নিয়ে সায়্তর প্রেরণ করতে হবে দেশের সর্বদেহে। প্রের এই কেমন করে করা যেতে পারে। তার উত্তরে আমার প্রস্তাব এই যে একটা পরীক্ষার বেড়াজাল দেশ জুড়ে পাতা হোক। এমন সহজ্ঞ ও ব্যাপকভাবে তার ব্যবস্থা করতে হবে যাতে ইম্প-কলেজের বাইরে থেকেও দেশে পরীক্ষাপাঠ্য বইগুলি স্বেচ্ছায় আরম্ভ করবার উৎসাহ জন্ম। অন্তঃপুরের মেয়েরা কিংবা পুরুষদের যারা নানা বাধায় বিদ্যালয়ে ভর্তি হতে পারে না, তারা ভূবকাশকালে নিজের চেষ্টায় অশিক্ষার লক্ষা নিবারণ করছে এইটি দেখবার উদ্দেশে বিশ্ববিত্যালয় জ্বেলায় পরীক্ষার কেজ

স্থাপন করতে পারে। বছ বিষয় একত্র জড়িত ক'রে বিশ্ববিষ্যালয়ে ডিগ্রি দেওয়া ছয়, এ ক্ষেত্রে উপাধি দেবার উপলক্ষ্যে সে-রকম বছলভার প্রয়োজন নেই।

বিশ্ববিভালয় বা গবর্নমেন্ট হইতে এইরূপ পরীক্ষাকেন্দ্র স্থাপনের ব্যবস্থা হয় নাই বলিয়া, রবীন্দ্রনাথের প্রবর্তনায় বিশ্বভারতী লোকনিক্ষাসংসদ যথাশক্তি দেশের বিভিন্ন স্থানে এইরূপ পরীক্ষাকেন্দ্র স্থাপন করিতে।থাকেন, এই কাব্র এখনো চলিতেছে।

পরিচয় গ্রন্থের বর্তমানে প্রচলিত বিতীয় সংস্করণে অনেক পূর্বতন প্রবন্ধ বর্জিত ও নূতন প্রবন্ধ সন্নিবিষ্ট হইয়াছে; রচনাবলীতে প্রথম সংস্করণের প্রবন্ধসূচী অস্কুস্থত হইল।

কর্তার ইচ্ছায় কর্ম

কর্তার ইচ্ছায় ১৩২৪ সালের ভাস্ত মাসের প্রবাসীতে প্রকাশিত হয় এবং ঐ বংসরেই (২২ জ্মাগস্ট ১৯১৭) পুস্তকাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে উহা কলিকাতা রামমোহন লাইব্রেরিতে (৪ জ্মাগস্ট ১৯১৭) ও ভূপেক্রনাথ বস্তুর সভাপতিত্বে জ্মালক্ষেত্র থিয়েটার গৃহে পঠিত হয়।

এই বংসর আষাত মাসে, ভারতবর্ষে আত্মশাসন-প্রবর্তনচেন্তার ফলে, "নির্বাসিত, অবরুদ্ধ বা নজরবন্দী শত শত বাঙালীর ক্যায় শ্রীমতী অ্যানী বেসান্ট ও তাঁহার হুই জন সহকারীর স্বাধীনতা লুগু" হয়। "কথা হয় যে, টাউন হলে এক সভায় প্রতিবাদ করা হইবে, এবং তথায় বঙ্গের সব জেলার প্রতিনিধি উপস্থিত থাকিবেন। গবর্নমেন্ট পক্ষ হইতে মি: কামিং ও কলিকাভার পুলিশ কমিশনার এই সভার কয়েকজন উল্যোক্তাকে ডাকিয়া এই জানাইয়াছিলেন যে, বাংলা গবর্নমেন্ট টাউন-হলে এই সভা হইতে দিবেন না; কেবল মান্দ্রাজ গবর্নমেন্টের একটি কাজের প্রতিবাদ করিবার জ্বন্ধ গবর্নমেন্ট সভা হইতে দিতে পারেন না; অন্ত প্রদেশে যাহা হইতেছে, তাহার প্রতিবাদানি করিলে বাংলা গবর্নমেন্ট বঙ্গে হইতে দিতে পারেন না'. কেহ সভা করিয়া প্রতিবাদানি করিলে

- ১ প্রবাদী, ভাদ্র ১ ২২৪, বিবিধ প্রদক্ত, "প্রতিবাদের অধিকার"।
- व अडेवा भू. १७२:

"দেড়ৰ বছর ভারতে ইংবেজ-শাসনের পর আজ এমন কথা শোলা পেল মান্রাঞ্চ প্রমেণ্ট ভালোমন্দ যাই করক বাংলাদেশে তা লইয়া দীর্ঘনিখাসটি কেলিবার অধিকার যাঙালির নাই। এছদিন এই জানিতাম ইংরেজের অথও শাসনে মান্রাঞ্চ বাংলা পাঞ্জায় মারাঠা ভিতরে যাহিরে এক হইরা উঠিতেছে এই পৌরবই ইংবেজ সাম্রাজ্যের মূকুটের কোহিমুর মনি। বেলজিরম ও ফ্রান্সের ছুর্গতিকে আপন ছুর্গতি মনে করিয়া ইংরেজ যুদ্ধক্ষেত্রে আপ দিতে ছুটিয়াছে, সমুজের পশ্চিমপারে যথন এই বার্তা ভখন সমুজের পূর্বপারে এমন নীতি কি একদিনও থাটিবে বে, মান্রাঞ্জের ভালোমন্দ স্বজ্বংবে বাঙালির কোনো ম্বাধার্যা নাই? এমন ছকুম কি আমরা মাধা হেঁট করিয়া মানিব ?"

গবর্নদেন্ট ভাছাদের বিশ্বদ্ধে আইন প্রয়োগ করিবেন।" এইরূপ অবস্থায় রবীন্দ্রনাথ 'কর্তার ইচ্ছায় কর্ম' প্রবন্ধ পাঠ করিয়া রাষ্ট্রক ও সামাজিক আত্মকত্ত্ব ও মুক্তির প্রসন্ধ আলোচনা করেন; জনশ্রুতি, এইজন্ত তাঁহার গ্রেপ্তার হইবার সম্ভাবনাও ঘটিয়াছিল।

"যখন বন্ধের গবর্নর টাউনছলে এমতা বেদান্টের স্বাধীনতালোপের প্রতিবাদ করিতে দিবেন না বলিয়া ছতুম জারি করেন, তখন বাক্যাণ্ডি "রাজনীতি-ক্ষেত্রে শিক্ষানবিশ" ("novice in politic,") রবীন্দ্রনাথেরই হইয়াছিল, তখন তিনিই রামমোহন লাইত্রেরিতে কর্তার ইচ্ছায় কর্ম পড়িয়া বন্ধের ভীতিবিহ্নল নীরবতা ভঙ্গ করিয়াছিলেন, বন্ধের রাজনৈতিক মহারথীরা করেন নাই।"

"দেশ দেশ নন্দিত করি মন্ত্রিত তব ভেরী" গানটি এই সময় রচিত ও রামমোহন লাইব্রেরির সভায় সর্বপ্রথম সাধারণ্যে গীত হয়; গানটি প্রবাসীতে "কর্তার ইচ্ছায় কর্ম" প্রবন্ধের অমুবৃত্তিরূপে প্রথম প্রকাশিত হয়।

জ্ঞানচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়, সম্ভবত এই প্রবন্ধে বিবৃত সমাজ-সংক্রাম্ভ মতামত-প্রসঙ্গে, রবীন্দ্রনাথের সঙ্গে পত্রব্যবহার করেন; তত্ত্তরে রবীন্দ্রনাথ যে চিঠি লেখেন নিমে তাহা মুদ্রিত হইল:

আপনার পত্রথানি পড়িয়া আনন্দিত হইলাম। কিছুদিন ইইতে বাংলাদেশের যুবকদের ভাবগতিক দেখিয়া বড়োই হতাশ ইইতেছিলাম। স্বদেশভক্তির নাম লইয়া বিচারবৃদ্ধির অন্ধতা সমস্ত দেশে ব্যাপ্ত ইইয়াছে। এমন কি আমার এই বিভালরে অল্পবয়সের যে সব ছাত্র আসে তারাও এমন একটা বিরুদ্ধ বৃদ্ধি লইয়া আসে যে হার মানিতে হয়। যে মুঢ়তা স্বাভাবিক তার প্রতিকার আছে। কিন্তু যে মুঢ়তা ক্রত্রিম—যাহা জ্বোর কেরিয়া কোমর বাঁধিয়া সর্বত্র তাল ঠুকিয়া বেড়ায়, তার সঙ্গে পারিয়া ওঠা লায়। আমি একরকম হাল ছাড়িবার চেন্তাতেই ছিলাম, এমন সময় এই বক্তৃতার তালিদ আসিল। আর যাই হোক একটা দেখিলাম, রাক্ষ্সটাকে যত প্রকাশু প্রবাল বিলয়া মনে হইত উহার জ্বোর ততটা নয়। উহার আয়তন বড়ো, কিন্তু ভিতরটা ভূয়ো। একটু ধালা মারিলেই দেখি টলমল করিয়া উঠে। স্বতরাং যে পর্যন্ত না কাত হইয়া পড়ে মাঝে মাঝে ধালা মারিবার সংক্ষম রহিল। দূর হইতে আপনাদের উৎসাহবাণী কাজে লাগিবে। ইতি ৬ ভাস্ত:৩০৪

> अवानी, छाज : эरह, विविध अमळ, "अिखराएक व्यक्तिकात"।

२ श्रवामी, कार्डिक, ১०२८, विविध श्रमङ्ग, "व्रवीसनार्थव मञ्च"।

. সংশোধন: अहो नम ४७

পৃষ্ঠা	इ ज	অণ্ডদ	34
44	. २०	भृ जूषित्वव	मृ जू]पिटनब
>00	>•	করো নৰগীত	নশ্বগীত করে
6.9	2.	द्रहेम	রহিল
99	7 . 2 22	ছত্ত্রের মধ্যে '২' সং	था विमाय ।
339	25 8 23	ब्राट्डब खांधांब मिल	ি ছিয়াছে। ছত্র ছুইটি যথাক্রমে ছইবে : বি জ্যোভিতে। ই আবর্জনা করি আমি জুড়ো,

বর্ণা কুক্র মিক সূচী

অন্দের বাধনে বাধাপড়া	***		90
অনেককালের একটিমাত্র দিন	• • •		46
অনেক হাজার বছরের	* * *	٠	30
ष्मग्र कथी शदा हत्व	***		9 0
অশুভরা বেদনা দিকে দিকে	•••		५० ३
অসম্ভব কথা	* * *		290
অসীম আকাশে কালের তরী	***		97
ष्यरेहजूक			२९२
ष्यांकारम रहरत्र रामि	• •		82
আজ শরতের আলোয়	* * *		86
আজ প্রাবণের প্রিমাতে	***		300
আত্মপ রিচয়	• • •		865
আবাহন	* * *	•	২৩৭
আমরা কি সতাই চাই	* 4 *		৩১
ष्पामात्र करमा ८२ करमा	4 4 1		>646
আমার এই ছোটো কলস্থানি	4 7 6		>>6
षागाव এই ছোটো कनमिটा	• • •		€8
আমার কাছে শুনতে চেয়েছ	4 4 4		© 8
ष्यां या व व व व			872
व्यायां व क्लवां शांत्वव	• • •		85
আমার রাভ পোহাল	• • •		>84
ष्यामात्र (अयुर्विणाकात्र चत्रथानि	• •		29
আমি			>>9
আমি কানন হতে	0 4 5		446
व्यामि यहन करवृष्टि	• • •		२४
च्यां इ दुर्श ना चैं। शद	•	· ,	390
जालाकदरम माजान बाटा -	***		480

আলোর অমল কমলখানি	•••	220
আয়াচ	•••	१२०, २०३, ९०३
আসন্ন শীভ	•••	१२३
উৎসব	• • •	২88
उ ट्यां थन	• • •	>29
श्वि किव विलाइन	• • •	97
এই যে সবার সামাক্ত পথ	• • •	>>9
একটি কুত্ৰ পুষাতন গল	***	र्प
একদিন কোন্ ভুচ্ছ আলাপের	•••	3.9
একদিন তুচ্ছ আলাপের	• • •	8
একদিন मास इल	•••	>06
এकमा वरम वाममस्यय		>0e
এ কী পরম ব্যধায়	• • •	269
এবার অবগুঠন খোলো	* * *	>8•
এস, এস, এস, ছে বৈশাধ		2.4
এস নীপৰনে	• • •	- ५२३
এস শরতের অমল মহিমা	•••	303
ঐ আসে ঐ অতি ভৈরব	***	708
ওগো শীত, ওগো শুম্র	•••	२२३
ওগো শেকালিবনের মনের কামনা	***	. 505
खर्गा मद्यामी, की गान	* * *	२ ५ ५ २
ওরা এদে আমাকে বলে	• • •	96
ওরে প্রজাপতি, মারা দিয়ে	4 4 *	288
भटना (अकानि	***	. >ap
কত-না দিনের দেখা -	8 ♦ •	484
কর্তার ইচ্ছার কর্ম	• • •	689
কার বাঁশি নিশিভোরে	* * *	282
कानदेवनांथी		4.8
কালো অন্ধকারের তলার	.	, રહ
ক্লপণ ভা	• • •	444

-	বৰ্ণামুক্তমিক পূচী	asa
ক্ষেউ চেনা নম্ব	•••	28
কেন গো যাবার বেলা	• • •	243
কেন পাৰ এ চঞ্জতা		276
কোধা ৰে উধাও হল		>0.
কোন্ বায়তার করিল প্রচার	• • •	2.2
<u> খাতা</u>	140	939
গগনে গগনে আপনার মনে	•••	255
গান আমার যায়	***	280
य छे छा ।	• • •	>>e
P&all	• • •	₹88
চরণরেখা ভব	• • •	२१२
ছবির অঞ্	* * *	675
জানি ভূমি ফিয়ে আসিবে	•••	487
यादा यात्र यात्र	• •	200
ডাকো বৈশাখ কালবৈশাখী	* • •	२०8
ডেকেছ আজি, এসেছি সাজি	•••	२२ 9
তথন আমার আয়ুর তরণী	•••	44
তখন আমার বয়স ছিল	• • •	>0>
তথন বয়স ছিল কাঁচা	• • •	96
ভপের ভাপের বাঁধন	* • •	₹01
ভুক্ক ভোমার ধবল-শৃক্ষশিরে		३७8
তুমি কি এসেছ মোর	•••	365
ভূমি পদ্ম অমাতে পার	4 • •	54
ভূমি প্রভাতের গুকতারা	• • •	64
ভোষার আসন পাত্তব কোণায়	•••	२७१
ভোমার নাম জানিনে	• • •	\$8\$
बित्व आत्य अलिह	•••	>•
मीशांनि	•••	२२७
कुः व रत्रुन कान ल्लाल्ड हो इति द		250
দেখো গুক্তারা	. ***	309

त्रवीख-त्रहनावनी

८३७

प्राप्त मर्था यन्त्री खोर्पत्र	•••	226
CF कि	• • •	₹8%
ধরণীর গগনের মিলনের ছন্দে	• • •	300
ধৰ্মশিকা		৩৭২
ধর্মের অধিকার	•••	৩৯৩
भर्मित्र व्यर्थ	* 4 *	७०७
ধর্মের নবযুগ	411	८ 8 9
ধ্সরবসন, ছে বৈশাখ	• • •	२००
शान-निमग्न नीवव नग्न	100	203
ধ্বনিল গগনে আকাশ-বাণীর	• • •	२५७
नय यत्रवात्र मिन	• • •	750
नम, नम, नम। जूमि क्षार्ड	* * *	२२२
नम नम नम नम जूमि ज्ञनद्रजम	• • •	२७६
नम, नम, नम। निर्मम षाजि	6 2 3	२७३
नत्यां, नत्यां कक्षणांचन	* * *	₹•₽
नत्मा, नत्मा, त्ह देववांशी	* * *	- २०२
নামকরণ	• • •	989
নিৰ্মল কান্ত নমো হে নম:	* * *	२३४
निनी(थ की करम राम	q * *	>66
নৃতন কল্পে স্প্রির আরম্ভে	***	8 >
নৃত্য	* * *	१३३, २७०
নৃত্যের তালে তালে	* * *	444
পঁচিশে বৈশাখ চলেছে		٩٩
পড়েছি আজ রেধার মায়ায়	* * *	৩২
পথিক আমি		92
পথিক মেষের দল জোটে	,	200
পথে থৈতে ডেকেছিল		596
পরানে কার ধেয়ান আছে	s • •	₹•€
পাগল আজি আগল খোলে	.1.	. * 235
শাচিলের এধারে	• • • • • • • • • • • • • • • • • • • •	¢ 9
	पत्रनेत नगरन विनान हत्न धर्मनिका पर्यत्र व्यक्षिकात पर्यत्र व्यक्षिकात पर्यत्र व्यक्षिकात पर्यत्र व्यक्षिकात पर्यत्र व्यक्षिकात पर्यत्र न्यत्र्ग प्रत्रतम्, रह देवमाथ पान-निमम्न नीयत नम्न पर्यत्र नम्म । व्यक्षिक्ष्म व्यक्षित्र नम्म नम्म नम्म । व्यक्षिक्ष व्यक्षित्र व्यक्षित्य व्यक्षित्र व्यक्षित्र व्यक्षित्र व्यक्षित्र विष्यक्षित्र विष्यक्षित्यक्षित्र विष्यक्षित्र विष्यक्षित्यक्षित्र विष्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्यक्षित्य	ধ্বনীর গগনের মিলনের ছন্দে ধর্মশিক্ষা ধর্মের অধিকার ধর্মের অধিকার ধর্মের নবর্গ ধূসরবসন, ছে বৈশাধ ধ্যান-নিমার নীরব নর ধ্বনিল গগনে আকাশ-বাণীর নব বরষার দিন নম, নম, নম । তুমি ক্ষ্মার্ড নম নম নম নম তুমি ক্ষ্মার্ড নমা, নমা, নহ বৈরাগী নামকরণ নির্মান কান্ড নমা ছে নমঃ নিশীপে কী করে গেল নৃতন করে স্পষ্টর আরক্তে নৃত্য নৃত্যের তালে তালে পাঁচিশে বৈশাধ চলেছে পড়েছি আজ রেধার মায়ায পথিক আমি পথিক মেদের দল জোটে পথে বৈতে ডেকেছিল পরানে কার ধেয়ান আছে পাগল আজি আগল খোলে গাঁগল আলি আগল খোলে গাঁকা আজি আগল আলি আগল আজি আগল আজি আগল আজি আগল খোলে সিক্ষাল আলি আলি আগল আলি আলি সিক্ষাল আলি আলি আলি সিক্ষাল আলি আলি সেক্ষাল আলি আলি সেক্ষাল আলি আলি সেক্ষাল আলি আলি সেক্ষাল আলি স

	বৰ্ণাস্ক্ৰমিক প্চী	699
পাড়ায় আছে ক্লাব	•••	. કર
পিলমুব্দের উপর পিতলের প্রদী	Pf ·•·	. 65
পুব হাওয়াতে দেয় দোলা	***	५७ २
প্রবাসী বলে উমার মা	•••	७२३
পূর্বগনভাগে	***	>8>
প্রত্যাশা	• • •	₹•৮
প্রশ	•••	>>6
প্রার্থনা	•••	285
ফুরিয়ে পেল পৌষের দিন	•••	ŧ
रक्षमानिक मिरत्र गाँथा	***	>0>
বন্ধু, বহো বহো সাথে	••••	308
বর্বা নেমেছে প্রান্তরে	•••	b
বৰ্বা-মঞ্জ		३ ५ २
বসস্থ -		২ ৩৭
বস্স্তের বিদায়	•••	₹8•
বাতাবির চারা	***	. >0+
বাদশাহের হকুম	***	43
বাঁধন কেন ভ্ৰণবেশে	***	>64
বাঁধন-ছেঁড়ার সাধন হবে	•••	>90
বিলাপ	144,	२२२
বিশ্বশন্ধী, তুমি একদিন	•••	96
देवनाथ	***	, २०>
বৈশাধ-আবাহন	•••	२०२
ব্যঞ্জনা	•••	२०१
্ভগিনী নিবেদিতা	•••	861
ভারতবর্ষে ইতিহাসের ধারা	•••	823
ভালোবেদে মন বললে	•••	>1
ভোরের আলো-আধারে	· •••	२১
মধ্যদিনে কবে গান	•••	₹•€
মধ্যবর্তিনী	• •••	289

१३४ द्रवी<u>ख</u>-द्रहनांक्नी

মনে মনে দেপপুম	•••	>8
मत्न ब्राव कि ना ब्राव	•••	. 283
মনের মাহ্ব	***	282
मत्न रुरब्रिय व्याष	•••	२०
মন্দিরার মন্ত্র তব	•••	>21
মৰ্শবাণী	***	, >>>
মৃক্তিতত্ত্ব		254
মৃক্তিতত্ব শুনতে কিরিস		756
মাধ্রীর ধ্যান	•••	₹•¢
মুখখানি কর মলিন বিধুর	***	₹8•
4%	• • •	>4>
यथन रम्या एम	•••	4.
ষায় রে ভাবে কবি	***	£28
ষে ছায়ারে ধরব বলে	• • •	704
যেখা দূর ষৌবনের	•••	>->
ষৌবনের প্রান্তগীমার	•••	•
इंड नांशांल वरन वरन	• • •	₹8•
রাগরক	•••	₹8•
রাঙিয়ে দিয়ে যাও গো	•••	286
রাস্তায় চলতে চলতে	•••	₹€
রূপ ও অরূপ	• • •	900
রোগীর নববর্ষ	•••	
नीमा	***	4>>
লুকানো রহে না বিপুল মহিমা	***	२७६
শরৎ	•••	\$ 24, 60F.
শরৎ ভাকে শর-ছাড়ানো ভাকা	***	523.
শরতের ধ্যান	•••	21.
শরতের বিদার		२२५
শাস্তি	•••	* 425
শান্তি	•••	२ १৮

वर्णा	মুক্রমিক স্চী	629
শিউলি-কোটা সুৱাল বেই	•••	२२ 8
শিক্ষার বাহন	•••	P 4 8
শীত	•••	२६३
শতের উৰোধন	• • •	२ २ १
শীভের বনে কোন্ সে কঠিন	•••	545
শীভের বিদায়	•••	₹.98
শীতের রোদ্দুর	•••	98
শীতের হাওয়ার লাগল নাচন	• • •	200
শিলীর ছবিতে বাহা	•••	225
ভনিতে কি পাস	•••	2 • 9
তক্ত হতেই ও আমার সঙ্গ ধরেছে	•••	88
শেষ পৰ্ব	1	205
শেষ মিনভি	•••	2>4
শেষের রঙ	•••	₹86
শ্রামল শোভন প্রাবণ-ছারা	•••	>0%
ল্লাবণ, ভূমি বাভাগে কার	•••	. २,४
শ্রাবণ-বিদায়	•••	₹>8
প্রাবণ সে যার চলে পাছ	•••	.578
সকল কলুব তামস হয	•••	360
ज्ञानो व कानिन व	•••	₹88
সমস্তাপ্ৰৰ	•••	610
गमा खि	•••	\$25
সম্পাদক	•••	₹€3
সংখ্যেম	•••	. 200
সেদিন আমাদের ছিল খোলা সভা	***	ده.
লোনার কাঠি	* • •	643
ন্তব	•••	. 294
স্থির ক্ষেনেছিলেম	•••	
শুভি-পাথ্যে	•••	>• '

600

त्रवीख-त्रहनावनी

হায় হেমন্তলন্ত্রী, ভোমার	•••	128
	***	240
হার মানালে		৮২
হালকা আমার স্বভাব	•••	
হিন্দু-বিশ্ববিভালয়	•••	89.
হিন্ বাস	•••	€ ∀ •
হিমের রাতে ঐ গগনের	* * *	२२७
হিংসায় উন্মন্ত পৃথী	***	>96
হাদয় আমার, ঐ বুঝি	• • •	2 • 8
হে ক্ষণিকের অতিথি	••• '	\$92
হে বসম্ভ, হে স্থন্দর	•••	২৩৭
হেমস্ত		२२७
হে মহাজীবন		745
হে যক্ষ তোমার প্রেম	•••	, 252
হে যক্ষ, সেদিন	•••	95
হে সন্মাসী, হিমগিরি ফেলে	• • •	२७७
হে হেমস্ক-লন্দ্রী, তব		२२ ०